আমি এখানে যদি একটা হিসাব দিই তাহলে জিনিসটা বুঝতে পারবেন। বর্ধমানে এগ্রিকালচারাল লোন দেওয়া হয়েছিল ১ লক্ষ ৬৫ হাজার টাকা, হুগলিতে ৭ লক্ষ ৩ হাজার টাকা, হাউস বিল্ডিং লোন বর্ধমানে ৭ লক্ষ ১১ হাজার ৫৪০ টাকা, হুগলিতে ২ লক্ষ ৫০ হাজার টাকা, গ্রাটুইটাস রিলিফ বর্ধমানে ১ লক্ষ ৫৮ হাজার ৮শো টাকা, হুগলিতে ১ লক্ষ ৬০ হাজার ৮শো টাকা, গ্রাটুইটাস রিলিফ ইন কাইন্ড বর্ধমানে ২৬ হাজার ১১১ মণ গম, হুগলিতে ১২,৪৮১ মণ গম, টেস্ট রিলিফ ওয়ার্ক বর্ধমানে ৪ লক্ষ ১৫ হাজার, হুগলীতে ৪ লক্ষ ৫ হাজার, টেস্ট রিলিফ ওয়েজেস ইন কাইন্ড বর্ধমানে ৫ হাজার ১০ মণ গম, হুগলিতে ১২ হাজার

২শো ৫৪ মণ চাল, ১০ হাজার ১শো ৬০ মণ গম, লোনস্ টু আর্টিজানস বর্ধমানে ৪৫ হাজার হুগলিতে ৩০ হাজার, গ্রান্টস টু আর্টিজানস ৫ হাজার বর্ধমানে, হুগলি নীল্ প্রভৃতি। মাননীয় সদস্য মহাশয় প্রশ্ন করেছেন জানুয়ারি-ফেব্রুয়ারির, আমি অনেকটা উল্লেখ করলাম।

Sj. Hare Krishna Konar:
উনি, স্যার, অন্যরকম উত্তর দিচ্ছেন।

The Hon'ble Prafulla Chandra Sen:
হিসাব থেকে দেখা যাচ্ছে যে জানুয়ারি, ফেব্রুয়ারিতে হুগলি আরামবাগে বেশী করেছি ক্যাশ ডোল।

Sj. Hare Krishna Konar:
আপনি সব মিলিয়ে ফেলছেন কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
আপনি অত হাত নাড়ছেন কেন,

[Interruptions and noise from Communist bench.]

Mr. Speaker: If you go on like this, I shall stop the question. If you feel there has been partiality you are entitled to ask questions to elicit further information. Figures speak for themselves but conclusions are yours.

Sj. Ganesh Ghosh:
সভাপতি মহাশয়, আপনি আগে প্রশ্নটা শুনুন।

Mr. Speaker: Mr. Ghosh, you are the Secretary of the party. A question has been asked and then some other gentleman without my permission takes up the cue and goes on arguing. This is certainly not proper and it is against the rules. I will not allow it.

Sj. Ganesh Ghosh:
আমার কথাটা আপনি শুনুন, এখানে স্পেসিফিক প্রশ্ন করা হয়েছে সাবডিভিশন সম্বন্ধে, সেখানে যদি প্রশ্নটাকে ঘুরিয়ে তোলা হয় এবং তাতে যদি আপনার এ্যাটেনশন আকর্ষণ করা হয় তবে আপনি নিশ্চয়ই আমাদের প্রোটেকশন দেবেন। ঠিক জবাব যদি না আসে আর যদি এখানে চেঁচামেচি হয় তাহলে হঠাৎ মেজাজ দেখালে কিছু হবে না। আপনি যদি প্রোটেকশন না দেন তাহলে নিশ্চয়ই গোলমাল হবে।

Mr. Speaker: Certain figures are given and if you think the answer is not complete you can say that the question could have been better answered by giving the figures subdivision by subdivision. Thousand voices are not necessary to elicit an answer.

Sj. Benoy Krishna Chowdhury:
আমার সাপ্লিমেন্টারী প্রশ্ন ছিল এই যে, এটা কমন নলেজ যে কাঁথি, নবদ্বীপ এবং কাটোয়া, কালনা সবচেয়ে ওয়ার্স্ট এ্যাফেকেটেড। তাই বলছে যে কি কন্সিডারেশনে কাটোয়ায় ক্যাশ ডোল ২০ হাজার টাকা, কালনায় ১৫ হাজার ৫৭ টাকা, বার্ডয়ানে ৭ হাজার ৫শো ৩০ টাকা এবং আরামবাগে ১ লক্ষ ৯০ হাজার ৪শো ৬ টাকা দেওয়া হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি সেই উত্তর দিতে চেয়েছিলাম—মাননীয় সদস্য জানুয়ারী, ফেব্রুয়ারী দুই মাসের কথা বলেছিলেন, এখানে একটা পিরিয়ড যদি দেখেন তাহলে দেখবেন যে, কালনা কাটোয়ায় আরামবাগের চেয়ে ঢের বেশী দেওয়া হয়েছে।

Sj. Benoy Krishna Chowdhury:
জাস্ট আফটার দি ফ্লাড যেখানে সবচেয়ে বেশী ক্যাশ ডোল দরকার হয় সেখানে প্রশ্ন হচ্ছে দুই মাসে অর্থাৎ জানুয়ারী-ফেব্রুয়ারীতে—ইলেকশনএর ডোল বলব না—আরামবাগে কেন এত দেওয়া প্রয়োজন হল যে জন্য পরের ফিগার এ্যাডপ করে, সাবসিকোয়েন্ট ফিগার এ্যাডপ করে দেখাতে চাইছেন ডিসক্রিপেন্সী কভার আপ করার জন্য?

The Hon'ble Prafulla Chandra Sen:
নভেম্বর-ডিসেম্বরএ কালনা কাটোয়ায় বেশী রয়েছে।

Dr. Narayan Chandra Ray
কি বলছেন? সেখানে পাঠাতে পারেন নি?

Mr. Speaker:
উনি বলেছেন কম, বাট নভেম্বর-ডিসেম্বরএ বেশী পাঠান হয়েছে।

Sj. Saroj Roy:
ইলেকশনএর আগে বেশী আছে বলেই জিজ্ঞাসা করা হচ্ছে।

The Hon'ble Prafulla Chandra Sen:
১৯৫৭ সালে অক্টোবর-নভেম্বর ইলেকশনএর আগে, ডিসেম্বর-জানুয়ারী-ফেব্রুয়ারী ও ইলিকশনএর আগে।

Sj. Canesh Ghosh:
একটু আগে বললেন সমস্ত হুগলী জেলায় দুই লক্ষ টাকা দেওয়া হচ্ছে, এখন আরামবাগ সাবডিভিশনএ বললেন দেওয়া হয়েছে ১ লক্ষ নব্বই হাজার টাকা। তাহলে কি জেলার অন্যান্য সমস্ত জায়গায় দশ হাজার টাকা দেওয়া হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:
যেখান থেকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যে রকম চেয়েছেন সেরকমই দেওয়া হয়েছে।

Sj. Canesh Ghosh:
এটা কি ঠিক যে, আরামবাগ সাবডিভিশনএর এস-ডি-ও বলেছিলেন ১,৯০,০০০ টাকা দিতে হবে, আর অন্যান্য এস-ডি-ওরা বলেছিলেন আমাদের ১০,০০০ টাকা দিলেই হবে?

[No reply.]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Development work in Raina police-station of Burdwan district

***28.** (Admitted question No. *102.) **Sj. Pramatha Nath Dhibar:** Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্ধমান জেলার খণ্ডঘোষ ও রায়না থানা দামোদর নদীর বন্যায় প্রতি বৎসর প্লাবিত হয় অথচ Development Work-এর কাজ এই দুইটি থানায় অদ্যাবধি শুরু হয় নাই;

(খ) এই দুইটি থানায় ঐরূপ কোন scheme সরকারের আছে কিনা;

(গ) ইহা কি সত্য যে, রায়না থানায় National Extension Service Block স্থাপন করা স্থির হইয়াছিল; এবং

(ঘ) সত্য হইলে, কি কারণবশতঃ ইহা কেতুগ্রাম থানায় স্থানান্তরিত করা হইল?

The ....ister of State for Development (the Hon'ble Tarun Kanti Ghosh):

(ক) হ্যাঁ। সেচ ও বন্যানিয়ন্ত্রণের যে পরিকল্পনা দামোদর ভ্যালি কর্পোরেশন গ্রহণ করিয়াছে তাহার দ্বারা বর্ধমান জেলার রায়না ও খণ্ডঘোষ থানার অধিকাংশ স্থানই উপকৃত হইবে।

(খ) খণ্ডঘোষ ও রায়না থানায় বর্তমানে কোন জাতীয় সম্প্রসারণ ব্লক স্থাপিত হয় নাই কিন্তু দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালের মধ্যে সমস্ত গ্রামাঞ্চলকে জাতীয় সম্প্রসারণ ব্লক এলাকাভুক্ত করার প্রস্তাব সরকার গ্রহণ করিয়াছেন।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Sj. Pramatha Nath Dhibar:

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন রায়না ও খণ্ডঘোষ থানার অধিকাংশ স্থানই উপকৃত হইবে। রায়গড় ও খণ্ডঘোষ থানায় যে হানাগুলি রয়েছে সেগুলি বন্ধ করার ব্যবস্থা করবেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ প্রশ্নের উত্তর দেওয়া আমার পক্ষে সম্ভব নয়।

Sj. Pramatha Nath Dhibar:

খণ্ডঘোষ ও রায়না থানা দামোদর নদী থাকায় হানা হয়ে গিয়েছে, নালা হয়ে গিয়েছে, ফলে বহু জমি নষ্ট হয়ে বহু শস্য ক্ষতিগ্রস্ত হয়। সেগুলি বন্ধ করার জন্য কোন ব্যবস্থা করবেন কিনা?

The Hon'ble Tarun Kanti Ghosh:

ইরিগেশন ডিপার্টমেন্টএ নোটিশ দিন, অজয়বাবুর নিকট হানা দিন, আনফর্চুনেটলী হানা-টানা আমার জানা ছিল না।

Implementation of the resolution on D.V.C. passed unanimously in the Assembly

*29. (Admitted question No. *798.) **Sj. Deben Sen:** Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(*a*) whether the recommendations contained in the unanimous resolution on D.V.C. passed in the last session of the Assembly have been implemented and in what way; and

(*b*) if not, the reasons for the same?

The Hon'ble Tarun Kanti Ghosh: (*a*) No.

(*b*) Copies of the resolution have been sent to the Government of India in the month of July last. The implementation of the resolution is now under the consideration of the Government of India.

[3-20—3-30 p.m.]

Sj. Deben Sen:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কেবলমাত্র প্রস্তাবটা পাঠান ছাড়া পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে আর কিছু করা হয়েছে কিনা?

The Hon'ble Tarun Kanti Ghosh:

আমি এটা জানাতে পারি মুখ্যমন্ত্রী মহাশয় নিজে এ সম্বন্ধে মিঃ পাতিলের সঙ্গে কথাবার্তা চালাচ্ছেন, এবং এখনো কথাবার্তা চলছে।

Sj. Deben Sen:

অতিরিক্ত প্রশ্ন, স্যার, এই কর্পোরেশনে বাঙ্গালার তরফ থেকে একজন সদস্য থাকেন এবং সেই পদটি খালি ছিল ; সেই খালি পদটি কি পূর্ণ হয়েছে এবং না হয়ে থাকলে পর কেন পূর্ণ হয় নি তা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

The Hon'ble Tarun Kanti Ghosh:

এই কর্পোরেশনে তিনজন সদস্য থাকেন, একজন পশ্চিমবাংলার। আগে তাদের একটা পার্মানেন্ট লিস্ট ছিল, এখন তিনজন পার্মানেন্টএর জায়গায় একজন পার্মানেন্ট, দুইজন টেম্পোরারী সদস্য। এ পর্যন্ত দুই মাস সময় গিয়েছে। এখন আগের থেকে চেঞ্জ করে সবই পার্মানেন্ট বেসিসএ করা হচ্ছে, আগের থেকে চেঞ্জ করা হয়েছে। সেজন্য আমরা কিছু করি নি।

Sj. Deben Sen:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই আইনের সংশোধন যা হয়েছিল এবং যে পদ খালি হয়েছিল তা পূর্ণ করার ব্যাপারে বাংলা গভর্নমেন্টএর সঙ্গে কোন রকম পরামর্শ করা হয়েছিল কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I may say that I was told by the Central Government that full consideration of all the proposals contained in our resolution would take a little time, but they consider that the time has come when, the Damodar Valley Corporation having practically finished its work, there was no necessary for having three persons wholetime—they will keep one person wholetime and two persons part-time—one representing the Government of West Bengal and the other representing the Government of Bihar.

Sj. Deben Sen:

এটা কবে ঠিক হবে বলে আশা করা যেতে পারে, দয়া করে বলবেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এখন কথাবার্তা চলছে, দু-তিন দিনের মধ্যেই ঠিক হবে।

Sj. Sunil Das:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, একথা কি সত্য যে, পশ্চিমবঙ্গ এসেম্বলীর পক্ষ থেকে যে অনুরোধ করা হয়েছিল তার ভিতর একটা অনুরোধ ছিল ডি-ভি-সিকে যে টাকা ঋণ দেওয়া হয়েছিল সে সম্পর্কে, সেই অনুরোধটা কি কেন্দ্রীয় সরকার প্রত্যাখ্যান করেছেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have seen that in the papers but I have got no communication from them direct on that matter.

Constitution of Sundarban Development Board

***30.** (Admitted question No. *810.) **Sj. Provash Chandra Roy:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state if it is a fact that Government have recently constituted a Sundarban Development Board?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) who are the members of this Board;

(*ii*) the principle followed by Government for selecting the personnel of the Board; and

(*iii*) the functions of the Board?

The Hon'ble Tarun Kanti Ghosh: (*a*) Yes.

(*b*) (*i*) A list of members is laid on the Library Table.

(ii) In selecting the personnel of the Board the local members of the Legislature and the social workers have been given adequate representation.

(iii) A statement showing the functions of the Board is laid on the Library Table.

Sj. Provash Chandra Roy:
মন্ত্রী মহাশয় (বি)এর উত্তরে বলেছেন যে, এ্যাসেম্বলীর মেম্বার এবং সোস্যাল [illegible] সাফিসিয়েন্ট প্রতিনিধি তার মধ্যে নেওয়া হয়েছে, কতজন সোস্যাল ওয়ার্কার নেওয়া হয়েছে এই কমিটির মধ্যে জানাবেন কি?

The Hon'ble Tarun Kanti Ghosh:
নাম তো দেওয়াই আছে, লাইব্রেরী টেবলএ আপনি দেখতে পারেন।

Sj. Provash Chandra Roy:
লাইব্রেরী টেবিলএ যে লিস্ট দেওয়া হয়েছে তাতে দেখছি দুইজনকে নেওয়া হয়েছে, অথচ আপনি বলছেন সাফিসিয়েন্ট মেম্বার অব সোস্যাল ওয়ার্কারস নেওয়া হয়েছে, সেজন্য আমি প্রশ্ন করছি দুইজন নেওয়া হলেই কি সাফিসিয়েন্ট নেওয়া হল?

The Hon'ble Tarun Kanti Ghosh:
সাফিসিয়েন্ট মেম্বার নেওয়া হয়েছে একথা আমি বলি নি। আমি এখানে
the principle followed by the Government in selecting the personnel of the Board
সেই কথাই আমি বলেছি। তার মধ্যে সোস্যাল ওয়ার্কার নেওয়ার কথাও আছে।
That is also one of the principles which has been followed in selecting the personnel.

Sj. Provash Chandra Roy:
আপনি কি মনে করেন
social workers have been given adequate representation?
এটা কি এডিকোয়েট হয়েছে?

The Hon'ble Tarun Kanti Ghosh:
আমি যেটা বলেছি সেটা হচ্ছে
local members of the Legislature and the social workers—
দুইই এই বোর্ডের মধ্যে নেওয়া হয়েছে।

Sj. Provash Chandra Roy:
আপনি বলেছেন এ্যাসেম্বলীর প্রতিনিধি নেওয়া হয়েছে এবং সোস্যাল ওয়ার্কার্স নেওয়া হয়েছে, এখন আমার প্রশ্ন হচ্ছে, দুইজন সোস্যাল ওয়ার্কারস নেওয়া হলেই কি আপনি সাফিসিয়েন্ট মনে করেন?

The Hon'ble Tarun Kanti Ghosh: You can draw your own conclusion, but I have stated it quite clearly here.

Sj. Hemanta Kumar Ghosal:
এই যে এখানে সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ডএর কথা বলা হয়েছে—এখানে বোর্ডের কথা লেখা রয়েছে—এটা এ্যাকচুয়ালি বোর্ড অর কমিটি?

The Hon'ble Tarun Kanti Ghosh:
বোর্ড তো লেখাই আছে।

Sj. Hemanta Kumar Ghosal: Actually a Board or Committee?

The Hon'ble Tarun Kanti Ghosh:
আমি তো বলেছি বোর্ড।

Sj. Hemanta Kumar Ghosal:
তাহলে ওটা সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ড?

The Hon'ble Tarun Kanti Ghosh:
তাই তো বলেছি।

Sj. Provash Chandra Roy:
মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই বোর্ডের আজ পর্যন্ত কতটা মিটিং হয়েছে?

Mr. Speaker: I do not think that question arises out of it.

Sj. Hemanta Kumar Ghosal:
মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই জায়গা থেকে যাঁরা নির্বাচিত হয়েছেন তাঁদের নেওয়া হয়েছে কিনা?

The Hon'ble Tarun Kanti Ghosh:
সেটা তো এখানে বলা হয় নি।

Sj. Hemanta Kumar Ghosal:
একথা সত্য কিনা যে, অনেককে বিশেষ করে সুন্দরবনের সন্দেশখালি থেকে যিনি নির্বাচিত হয়েছেন——সেই হারাণ মণ্ডলকে নেওয়া হয় নি?

The Hon'ble Tarun Kanti Ghosh:
সবকে তো নেওয়া যেতে পারে না.
You cannot have a Board of 150 members.

Sj. Hemanta Kumar Ghosal:
একথা সত্য কি যে, এই এলেকা থেকে যিনি নির্বাচনে হেরে গিয়েছে তাঁকে নেওয়া হয়েছে অথচ যিনি জিতেছেন তাকে নেওয়া হয় নি?

Mr. Speaker: You can draw your own interpretation.

The Hon'ble Tarun Kanti Ghosh:
এটা কোন প্রশ্ন বলে মনে করি না
I do not think it is very fair for Hemanta Babu to ask that question. We consider it quite fair.

Sj. Provash Chandra Roy:
আপনি বলেছেন এই বোর্ড বাঁধের স্লুইস গেট মেরামত করছে, তা ছাড়া সুন্দরবনে অন্য কোন ডেভেলপমেন্ট ওয়ার্ক করেছেন, অথবা করবার জন্য কোন পরিকল্পনা নিয়েছেন কিনা জানবেন কি?

The Hon'ble Tarun Kanti Ghosh:
আপনি কি জানতে চান বুঝতে পারলাম না।

Sj. Provash Chandra Roy:
সুন্দরবনের সামগ্রিক উন্নতির জন্য এমব্যাঙ্কমেন্ট বা স্লুইস করবার যেসব পরিকল্পনা করা হয়েছে তার রূপদানের ব্যাপার সবই কি বোর্ডের হাতে?

The Hon'ble Tarun Kanti Ghosh:
সবই সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ড করতে পারে।

Sj. Provash Chandra Roy:
কিন্তু এখানে যা লেখা রয়েছে.....

The Hon'ble Tarun Kanti Ghosh:
আমি এখানে করেক্ট করে দিচ্ছি, লিস্টে যা আছে
may be, that is wrong.

Electric Supply Scheme in Bijanbari-Pool Bazar C.D.P. Block area

***31.** (Admitted question No. *901.) **Sj. Rama Shankar Prasad and Sj. Bhadra Bahadur Hamal:** Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(*a*) whether there is any scheme for supply of electric power to the Bijanbari-Pool Bazar C.D.P. Block area; and

(*b*) if so, whether the said scheme has been finalised and when it is expected to be put in operation?

The Hon'ble Tarun Kanti Ghosh: (*a*) Yes.

(*b*) The scheme has not yet been finalised. No target date for implementation of the scheme has yet been fixed.

Sj. Bhadra Bahadur Hamal:
এই পরিকল্পনাটা কবে হয়েছে আমি জানতে চাই।

The Hon'ble Tarun Kanti Ghosh:
এক্সজাক্টলি কবে হয়েছে সেটা আমার পক্ষে রাখা সম্ভব নয়, তবে এটুকু বলতে পারি ১৯৫৮-৫৯এর মধ্যে ইমপ্লিমেন্টেড হওয়ার চান্স।

Adjournment Motion

Sj. Jatindra Chandra Chakravorty:
স্যার, আমার একটা এডজোর্নমেন্ট মোশন ছিল, সেটার আপনি পার্মিসন দেন নি। আমি এটা পড়ে দিচ্ছি.....

Mr. Speaker: And you know the reason.

Sj. Jatindra Chandra Chakravorty:
আপনি রিজনস দেন নি। "কনসেন্ট রিফিউজড" করেছেন।

[3-30- 3-40 p.m.]

Mr. Speaker: I have disallowed the adjournment motion. Since you do not know the reason as to why I have disallowed it I am just telling you this. The matter is pending before the Supreme Court. Therefore I disallowed it on that ground. You can only read your motion, nothing more.

Sj. Jatindra Chandra Chakravorty: My motion runs thus—

"The business of the House do stand adjourned to raise a discussion about a matter of urgent public importance, namely, the situation arising out of the sudden lock-out by the management of the Bengal Chemical and Pharmaceutical Works Limited of its factory and main office at Manicktolla on the 1st March, 1958, involving a total of nearly 2,500 workmen as a result of a most arbitrary and unwarranted decision of the management. The main reason behind this act of the management is a planned and deliberate move for victimising the workmen after the management failed to get a stay order from the Hon'ble Supreme Court regarding the implementation of the award of the Industrial Tribunal and to avoid payment of legal dues under the said award."

স্যার, আমি চাইছিলাম যে সাত্তার সাহেব এ সম্পর্কে কিছু বলুন।

Mr. Speaker: Not a word more. I will not allow Mr. Sattar to open his lips. The matter is before the Supreme Court. I took the precaution of telling you before because you may not be aware of the fact. That is one of the grounds on the basis of which I have disallowed the adjournment motion apart from any other.

Dr. Ranendra Nath Sen:
এই লক-আউটএর ব্যাপারটা সুপ্রীম কোর্টএর আওতায় নেই।

Mr. Speaker: He himself is responsible for the wording.

Sj. Jatindra Chandra Chakravorty:
আমি যেটা বলছি সুপ্রীম কোর্টএর স্টে করা, সেটা আপনি বোধহয় ভাল করে পড়ে দেখেন নি, তাই ঠিক বুঝতে পারছেন না। সুপ্রীম কোর্টএর কাছে তারা স্টে অর্ডার চেয়েছিল, সেই স্টে অর্ডার তারা পায় নি। সেইজন্য ভিকটিমাইজ করবার জন্য, ভিন্ডিকটিভ এটিচুড নিয়ে, তারা এই লক-আউট করে দিয়েছেন। এবং মন্ত্রী মহাশয়ের সঙ্গে.....

Mr. Speaker: Mr. Chakravorty, if I have understood the point—if I have fallen into error you should tell me—the management filed an appeal before the Supreme Court against the said award and prayed for a stay order regarding the payment. The Supreme Court has refused to stay the order; in other words, the order already made is to be effective. The Supreme Court declined to interfere but the appeal is there. The refusal of a stay order does not do away with the appeal. The entire appeal is before the Supreme Court. You have said, "All on a sudden, on the 1st March the management on flimsy ground"—that is your opinion—"arbitrarily declared a lock-out of the factory." You can move the tribunal. The award was made directing payment by the management. The management was not satisfied; it goes up by way of appeal. After filing the appeal the management asks for a stay of the operation of the order directing payment. The Supreme Court says, "We will not give you any interm order. The appeal will be heard in due course." Therefore what the management is expected to do, after the stay order is refused, is to implement the order already made directing payment. The management has not done it. I shall assume for the moment that the management is doing something illegal, but if the management refuses to carry out an order directing payment, there is machinery in the Industrial Disputes Act. Why should there be an adjournment motion in the House?

Sj. Jatindra Chandra Chakravorty:
আমার বক্তব্য হচ্ছে—এখানে লক-আউট যেটা করা হয়েছে, সেটা ইলিগ্যাল তাঁরা করেছেন। এরপর হচ্ছে নন-ইমপ্লিমেন্টেশন, এবং এরজন্য আমরা গভর্নমেন্টের কাছে যেভাবে এ্যাপ্রোচ করা দরকার তা আমরা করবো। কিন্তু ইলিগ্যাল লক-আউট যেটা তাঁরা করেছেন সেটা আর একটা জিনিস। এবং তার এগেনস্টএ তারা ইমিডিয়েট রিলিফ কিছুই পাচ্ছে না।

যেদিন শনিবার কাজ বন্ধ হয়েছিল, সেদিন প্রায় আড়াই হাজার ওয়ার্কার শোভাযাত্রা করে এসেছিল এবং মিনিস্টারের সঙ্গে পাঁচজন দেখা করেছিল। আমি জানতে চাই মন্ত্রী মহাশয় এ বিষয়ে কি স্টেপ নিচ্ছেন এই লক-আউট তুলে দেবার জন্য?

Mr. Speaker: Mr. Chakravorty, the proper procedure to my mind is to wait. As regards the adjournment motion in the House, you can certainly see the Minister and ask him directly.

আমিও বোঝাতে চেষ্টা করছি, এতে এডজোর্নমেন্ট মোশন হয় না, এবং আমি কন্সেন্টও দেবো না।

Dr. Ranendra Nath Sen:

তা বুঝলাম, আপনি এডজোর্নমেন্ট মোশনএ কন্সেন্ট দেননি জানি। কিন্তু আমরা জানতে চাই মন্ত্রী মহাশয়ের কাছে। মিনিস্টার কি বলতে পারেন না, হঠাৎ এই লক-আউট হল কেন? এতে ওয়ার্কাররা অত্যন্ত অসুবিধায় পড়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I will ask the Minister to make the proper enquiry and then he will make a statement.

Sj. Jatindra Chandra Chakravorty:

মিঃ স্পীকার, স্যার, আমাদের মুস্কিল হচ্ছে, তাঁরা লেবার মিনিস্টারএর সঙ্গে দেখা করেছেন, আমরা তাঁর কাছ থেকে এ সম্বন্ধে জানতে চাই। সবেতে যদি মুখ্যমন্ত্রী মহাশয় উঠে জবাব দিতে থাকেন, তাহলে মন্ত্রীরা কি কারণে এখানে বসে আছেন?

Mr. Speaker:

চীফ মিনিস্টার সব বিষয়েই জবাব দিতে পারেন।

Sj. Somnath Lahiri:

স্পীকার মহোদয়, উনি জবাব দেবেন না?

Sj. Satkari Mitra:

মিঃ স্পীকার, স্যার, বেঙ্গল কেমিক্যালের পানিহাটিতে একটা ফ্যাক্টরী রয়েছে, সেখানে স্ট্রাইক চলেছে, মিনিস্টার ইন্টারফিয়ার করেছিলেন ভেরি কাইণ্ডলি এবং বলেছিলেন কোম্পানীর সঙ্গে ডিসকাস করে জানিয়ে দেবো। সেটা কতদূর হল জানতে চাই।

Mr. Speaker:

উনি ত বললেন,

the Chief Minister has said, "I have asked the Minister concerned to fully acquaint you with what is happening" and he has also given an assurance to the House that all the information will be made available to the House.

Sj. Somnath Lahiri:

স্পীকার মহোদয়, এই এডজোর্নমেন্ট মোশন নাকচ করবার কারণস্বরূপ আপনি জানালেন যে, এটা সাব-জুডিস বলে বাতিল হয়ে গেল। তাহলে এখন কি সেই যুক্তিটা আপনি প্রত্যাহার করেছেন?

Mr. Speaker: We are off the point. The adjournment motion was disallowed and I stick to the order. But since honourable members are anxious to know about something which appears to them of some importance, an assurance is given from the Treasury Benches that information will be given.

Sj. Somnath Lahiri:

আমি তা জিজ্ঞাসা করি নি। আমি বলতে চাইছি এই কথা, যোতীনবাবুর এডজোর্নমেন্ট মোশানটা ওঠাতে দিচ্ছেন না, এই কারণ দেখিয়ে যে 'দি ম্যাটার ইজ সাব জুডিস'। আপনার ফার্স্ট স্টেটমেন্টএর ভার্ডিক্টএর পরে, এখন মনে হচ্ছে দি ম্যাটার ইজ নট সাব জুডিস।

Mr. Speaker:

আপনার যদি এই মনে হয়, তাহলে ভুল ধারণা হচ্ছে। মন্ত্রী মহাশয় বলেছেন ডিসকাশনএর ফলাফল পরে হাউসে জানাবেন।

With all due respect I think I understand law and I am going to stick to the order.

Sj. Jatindra Chandra Chakravorty:

স্যার, তাহলে তারজন্য একটা কোচিং ক্লাস খুলুন।

Mr. Speaker: Mr. Chakravorty, I know you will create trouble. I was kind enough to point out the correct position which I am not going to alter.

Sj. Jatindra Chandra Chakravorty:
আমার এই অনুরোধ হচ্ছে, আমরা কি করে পয়েন্ট অফ অর্ডার তুলতে হয়, সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন তুলতে হয় কিছুই জানি না, এবং আপনি সেগুলি শিখিয়ে দিচ্ছেন। আপনি আমাদের জন্য একটা কোচিং ক্লাস নিন।

Mr. Speaker: I shall seriously consider it.

Sj. Ganesh Ghosh:
স্পীকার মহাশয়, আমার একটু বলবার আছে।

'ক্যালকাটা শ্লাম ক্লিয়ারেন্স বিল' বা কলিকাতা বস্তি অপসারণ আইন সম্পর্কে আট হাজার লোকের সই করা একটা দরখাস্ত আপনার মারফত স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রী মহাশয়ের কাছে পেশ করা হচ্ছে। আপনার কাছে অনুরোধ এই দরখস্তের একটা কপি এই সভার মাননীয় সদস্যদের কাছে দেওয়ার ব্যবস্থা করবেন এবং পিটিশন কমিটির কাছেও একটা কপি দেবার ব্যবস্থা করবেন।

Mr. Speaker: Mr. Ghosh, I think Mr. Basu, the Leader of the Opposition, has explained the position to you. A large number of persons have sent petition regarding the Slum Clearance Bill which is on the anvil. They will be referred to the Select Committee and the petitions so communicated will come before the House.

COVERNMNET BILL

[3-40—3-50 p.m.]

The West Bengal Sales Tax (Amendment) Bill, 1958

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to introduce the West Bengal Sales Tax (Amendment) Bill, 1958.

[Secretary then read the title of the Bill]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1958, be taken into consideration.

Sir, at the meeting of the National Development Council held in December, 1956, there was an agreement reached between the Government of India and all the State Governments that in future additional duties of excise will be levied on mill-made textile, sugar and tobacco whether manufactured or not in replacement of State sales tax thereon and the proceeds of the additional duties will be distributed among the States on the basis of consumption, subject to the condition that the amount derived by each State from the levy of sales tax on textiles, sugar and tobacco should be guaranteed to it. The reason why the Government of India made this proposal was mainly due to the fact that this imposition of excise duty on textile, sugar and tobacco would prevent evasion of tax, because the excise duty will be at source. The question of the distribution of the proceeds of additional duties of excise, if levied, was subsequently referred by the Government of India to the Finance Commission. The Commission estimated the amount of revenue which was derived by each State and recommended that out of the proceeds of the additional duties of excise each State should get the amount so estimated and the balance, if any, should be distributed among the States on a maximum basis of population and consumption. The language of the

Finance Commission report on this point runs thus: "Additional duties are to replace the sales tax which are taxed on consumption." We explored the possibilities of taking consumption of the particular goods as a basis for distribution. The National Development Council is also reported to have contemplated consumption as the basis. Therefore we made an attempt to estimate the Statewise consumption of these three commodities. The data available to us were the consumption figures of mill-made cotton textile, sugar and certain forms of tobacco contained in the report of the 4th round of the National Sample Survey of 1952. The estimate prepared by the Textile Commissioner was also available to us. The statistics of the Clearance or off-take of sugar and the statistics of consumption of tobacco contained in the report on the marketing of tobacco of the Agricultural Marketing Directorate were prepared on the basis of survey and enquiries undertaken in 1950-51. We have compared the estimates prepared on the basis of these data with those supplied by the State Government. It may be mentioned that sales tax being generally a turn-over tax most of the States were not in a position to supply the carry-over figures either of collection or consumption. The word turn-over here means that when the sales tax is levied on a particular shop, it is not levied on each individual item of article which is sold, but total turn-over of a particular shop. We felt that there was a considerable margin of error in the figures of consumption thus arrived at. We have therefore used population as the corrective in arriving at the basis of the distribution recommended by us. At the last Finance Ministers' Conference held last year in June or July it was agreed to accept the recommendation of the Finance Commission on this point. To implement their part of the agreement the Government of India enacted Additional Duties of Excise (Goods of Special Importance) Act, 1957 to levy additional excise duties on these commodities with effect from the 14th December, 1957,—this duty is being levied from that date—and to distribute the proceeds thereof amongst those States. We do not levy any sales tax on those commodities after the 31st of March, 1958. Now I want to lay particular emphasis on the last portion of the Act which has been part of the Government of India Act, namely, that it is open to any particular State to levy the sales tax on these commodities. In that case the distribution of the proceeds will not be given to that particular State. In this State sales tax on cigarettes and sugar was being levied under the West Bengal Sales Tax Act of 1954. This particular Act levies the tax more or less at the source, and sales tax on textiles and tobacco other than cigarettes was being levied under the old West Bengal Finance Sales Tax Act of 1941. To implement our part of the agreement we had taken two steps. Textiles and tobacco other than cigarettes were exempted from sales tax by framing appropriate rules under the Bengal Finance Sales Tax Act, 1941. For exempting cigarettes and sugar from sales tax it was necessary to amend the West Bengal Sales Tax Act, 1954, and that was done by promulgating an Ordinance—The West Bengal Sales Tax Ordinance, 1958. The purpose of the present Bill is to continue the provisions of the old Ordinance. The Finance Commission has said that while they will try to ensure the quantity, the sum raised by each State by sales tax on these commodities, if there is anything left over, that will be distributed among the States according to a certain proportion. Our portion is about 7.31 of the balance that is left over after giving to each State whatever is due to them according to the arrangement arrived at.

With these words I move that the Bill be taken into consideration.

Sj. Sunil Das: Sir, I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1958, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1958.

[3-50—4 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটাকে আমি ৩০এ এপ্রিল পর্যন্ত সার্কুলেট করবার জন্য বলছি। তার কারণ হ'ল এই যে, যদিও বিলটা খুব সংক্ষিপ্ত এবং এর উদ্দেশ্য খুব সীমাবদ্ধ তা হ'লেও তিনটে আইন এই বিলের সঙ্গে জড়িত আছে। একটা হচ্ছে বেঙ্গল সেলস্ ট্যাক্স অ্যাক্ট অফ ১৯৪১, আর একটা হ'ল ওয়েস্ট বেঙ্গল সেলস্ ট্যাক্স অ্যাক্ট অফ ১৯৫৪, আর একটা হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্ট অ্যাক্ট যেটা গত নবেম্বর মাসে পাশ হয়েছে। সুতরাং এই তিনটে অ্যাক্টএর দিকে খেয়াল রেখে আমি এই বিলটা সার্কুলেট করবার কথা বলেছি এই কারণে যে, একটা সামগ্রিক দৃষ্টি দিয়ে সেলস্ ট্যাক্স সম্পর্কিত যে আইনগুলি রয়েছে সেই আইনগুলির সমন্বয় করবার চেষ্টা করা হোক। গত বছর যখন ওয়েস্ট বেঙ্গল সেলস্ ট্যাক্স অ্যাক্টএর সংশোধনী আনা হয়েছিল তখন আমরা বলেছিলাম—আজকে সিগারেটের জন্য এটা যে আনা হয়েছে, এই সিগারেট কথাটা পালটে ইউনিভার্সালি প্রয়োগ করবার জন্য কেন একটা সংশোধনী বিল অর্থমন্ত্রী আনবেন না? সেদিন অর্থমন্ত্রী আমাদের কথা উপেক্ষা করেছিলেন এবং মনে করেছিলেন, তার মধ্যে কোন যুক্তি নাই। আজকে দেখতে পাচ্ছি সেদিন যে ঘটনার কথা আমরা ভেবেছিলাম সেই ঘটনাই ঘটেছে। এখন প্রশ্ন হল, এই যে
Additional Duties of Excise (Goods of Special Importance) Act, 1957.
যেটা কেন্দ্রীয় সরকার পাশ করেছেন সেই অ্যাক্টএর পরিবর্তে আমরা কি পেলাম এই পরিপ্রেক্ষিতে বিষয়টার আলোচনা করা দরকার। আমাদের মাননীয় অর্থমন্ত্রী বলেছেন—গ্যারান্টিড আয়ের পরিমাণ এক্সাইজ ডিউটিতে আমাদের হবে ২ কোটি ৮০ লক্ষ টাকা। তার উপর যা হবে তা আনুপাতিকভাবে বিলি করে দেওয়া হবে বিভিন্ন রাজ্যের ভিতর। এখন আমাদের কথা হচ্ছে ঐ ২ কোটি ৮০ লক্ষ টাকা নিয়ে অর্থমন্ত্রী সন্তুষ্ট চিত্তে বাড়ি ফিরে এলেন কেন, এটার কি সঙ্গত কারণ ছিল? এই বিল সম্পর্কে এই কথাটাই বার বার আমাদের মনে পড়ে। ফাইন্যান্স কমিশনএর রিপোর্ট যা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আমাদের পড়ে শুনিয়েছেন তাতে লেখা আছে—কোন কোন স্টেট থেকে মিল-মেড টেক্সটাইলস, সুগার ও টোব্যাকো সম্পর্কে তাদের কনজাম্পশনএর পরিমাণগত তথ্য তাঁরা দিতে পেরেছেন আবার কোন কোন স্টেট থেকে সেই পরিমাণগত তথ্য তাঁরা দিতে পারেন নি। এবং আমরা জানি পশ্চিমবঙ্গ রাজ্যসরকার এই শেষোক্তদের মধ্যে একজন। তাঁরা কনজাম্পশনএর কোন পরিমাণগত তথ্য ফাইন্যান্স কমিশনএর সামনে উত্থাপন করতে পারেন নাই। তার কারণ তাঁরা বাজেটে যে হেডএ সেলস্ ট্যাক্স জমা করতেন সেটা একটা 'থোক জমা' করতেন, অর্থাৎ দুটো অ্যাক্টএর মারফত যে পরিমাণ সেলস্ ট্যাক্স পশ্চিমবঙ্গে আদায় হ'ত তা থেকে একটা হেডএ জমা করতেন। বিভিন্ন কমোডিটিওয়াইজ কত সেলস্ ট্যাক্স আদায় হ'ত, তার তথ্য তাঁদের কাছে কিছু ছিল না। অথচ আমরা দেখতে পাই—পশ্চিম বাংলায় টেক্সটাইল যে পরিমাণ আমরা ব্যবহার করি তা বোম্বাই রাজ্যের থেকে কম নয়। কিন্তু বোম্বাই যেখানে ৯ কোটি ৬০ লক্ষ টাকা যেখানে অ্যাডিশনাল এক্সাইজ ডিউটি থেকে গ্যারান্টিড রেভেনিউ পাচ্ছে সেখানে আমরা ২ কোটি ৮০ লক্ষ টাকা পেয়েই সন্তুষ্ট হয়ে আছি! আমি বলব পশ্চিমবঙ্গ সরকারের ফাইন্যান্স ডিপার্টমেন্ট এবং সমগ্রভাবে পশ্চিমবঙ্গ সরকার এখানে ব্যর্থতারই পরিচয় দিয়েছেন। অথচ দেখছি, যেসমস্ত ভোগ্যবস্তুর উপর ট্যাক্স ধার্য না করলেও চলত সেই সমস্ত ভোগ্যবস্তুর উপর ট্যাক্স আজও রয়েছে। এবং আমরা যে বলেছিলাম ফার্স্ট পয়েন্টএ ট্যাক্স করুন সে কথা তাঁরা নেন নি। বার বার বিভিন্ন জায়গার ঠেকে আজ তাঁরা সে শিক্ষা গ্রহণ করছেন। আজকের এই যে অ্যাডিশনাল এক্সাইজ ডিউটি ধার্য করা হয়েছে, এটা ফার্স্ট পয়েন্ট ট্যাক্সএর মতন। অথচ দীর্ঘদিন যাবৎ বাংলাদেশে অ্যাসেমব্লিতে এবং অ্যাসেমব্লির বাইরে আলোচনা ক'রে ফার্স্ট পয়েন্ট ট্যাক্স প্রয়োগ করার আবেদন জানানো হয়েছে—ইভেশন বন্ধ করার জন্য বিশেষ ক'রে সেলস্ ট্যাক্স ডিপার্টমেন্টএ যে দুর্নীতি রয়েছে সেই দুর্নীতির ছিদ্রপথ বন্ধ করার জন্য, কিন্তু সে কথায় পশ্চিমবঙ্গ সরকার কর্ণপাত করেন নাই। আজকে উপর থেকে কেন্দ্রীয় সরকার তাঁদের কানে জল ঢুকিয়ে তাঁদের বুঝতে বাধ্য করেছেন আর অমনি তাঁদের ফার্স্ট পয়েন্ট ট্যাক্সএ রাজি হতে হ'ল। ফলে তাঁরা তথ্যের হিসাব নিয়ে প্রস্তুত ছিলেন না ব'লে আমরা অনেক কিছু রাজস্ব হারিয়েছি যার জন্য এই সরকার দায়ী। আর একটা কথা, ১৯৫৬ সালের মাঝামাঝি এই প্রসঙ্গ প্রথম আলোচিত ও

উত্থাপিত হয়েছিল যে, মিল-মেড টেক্সটাইল ও অন্যান্য দ্রব্যের উপর অ্যাডিশনাল এক্সাইজ ডিউটি বসানো হবে এবং রাজ্যসরকারের আওতার কতকগুলি দ্রব্যের উপর সেলস্ ট্যাক্স তুলে নিয়ে এক্সাইজ ডিউটি বসানো হবে। ১৯৫৬ সালের মাঝামাঝি ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলএ এ প্রসঙ্গ আলোচিত হয়; সুতরাং এক বছরের উপর সময় পাওয়া সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকারের ফাইন্যান্স ডিপার্টমেন্ট এই দ্রব্যগুলির কেন কনজাম্পশন ও সেলস্ ট্যাক্স সম্পর্কিত তথ্য সংগ্রহে তৎপর হলেন না? যদি তৎপর হয়ে এই তথ্য সংগ্রহ করতেন তা হ'লে প্রায় ৫ কোটি টাকার মত ক্ষতি থেকে পশ্চিমবঙ্গ সরকার বেঁচে যেত। সেন্ট্রাল গভর্নমেন্টএর কাছ থেকে ঐ পরিমাণ ট্যাক্স পশ্চিমবঙ্গ সরকার পেতে পারতেন সেলস্ ট্যাক্সএর পরিবর্তে এক্সাইজ ডিউটি হিসাবে। এ বিষয়ে আমরা পশ্চিমবঙ্গ সরকারের কাছে কৈফিয়ৎ চাইছি।

দ্বিতীয় কথা, যেসমস্ত সামগ্রীর উপর সেলস্ ট্যাক্স বসানোর ফলে সাধারণ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে, বিপন্ন হচ্ছে সেই সমস্ত সামগ্রীর উপর সেলস্ ট্যাক্স কেন তাঁরা কমাচ্ছেন না? দুর্নীতির রন্ধ্রগুলি বন্ধ ক'রে রাজস্ববৃদ্ধির কেন ব্যবস্থা করছেন না? এই প্রসঙ্গে আমি উল্লেখ করতে চাই, প্রাথমিক স্কুলের বইয়ের কথা। প্রাথমিক স্কুলের বইয়ের উপর এখনও সেলস্ ট্যাক্স জারী আছে, অথচ সরকারের তরফ থেকে বলা হয় প্রাথমিক স্কুলের পুস্তকের উপর সেলস্ ট্যাক্স আমরা ধরি নি, রেহাই ক'রে দিয়েছি। আমি যতদূর জানি, ডি পি আই-এর অনুমোদিত প্রাথমিক স্কুলের পুস্তক ব্যতীত যেসমস্ত প্রাথমিক স্কুলের পুস্তক বাজারে বিক্রি হয় সে সমস্ত প্রাথমিক স্কুলের পুস্তকের উপর সেলস্ ট্যাক্স আছে; যেমন বিদ্যাসাগর মহাশয়ের বর্ণপরিচয় প্রথম ভাগ, সেটা সেলস্ ট্যাক্স দিয়ে কিনতে হয়, তারপর শিশুদের জন্য ধারাপাত কেউ কিনতে গেলে তাকে সেলস্ ট্যাক্স দিয়ে সেই বই কিনতে হবে। তারপর স্লেট, পেন্সিল যা নাকি শিশুদের জন্য প্রাথমিক শিক্ষার পর্যায়ে অপরিহার্য, সেসব জিনিসের উপরও সেলস্ ট্যাক্স দিয়ে জনসাধারণকে কিনতে হচ্ছে, এই সব জিনিসের উপর থেকে যদি সেলস্ ট্যাক্স মকুব করতে পারেন, তা হ'লে সাধারণ লোকের অনেক কষ্ট লাঘব করতে পারেন, কিন্তু দুঃখের বিষয়, সরকারের সেদিকে দৃষ্টি নাই।

আর একটা কথা আমি এই প্রসঙ্গে বলছি, টেক্সটাইল গুডসএ সেলস্ ট্যাক্স রহিত হয়েছে এবং তার উপর অ্যাডিশনাল এক্সাইজ ডিউটি জারি হয়েছে, তারপর থেকে কিন্তু কোন কোন ধরনের টেক্সটাইল অর্থাৎ কোন কোন সুতার কাপড় দোকর সেলস্ ট্যাক্সএর আওতায় পড়েছে। যদি কেউ একটি ছোট ছেলের পায়জামা কিনতে যান দোকর সেলস্ ট্যাক্স দিয়ে তাঁকে তা কিনতে হবে। তৈরি জিনিস কিনতে গেলে দোকর বিক্রয়কর দিতে হবে। কারণ সরকার রেডি মেড গুডসকে কেবলমাত্র টেক্সটাইলএর আওতায় ফেলছেন না, টেক্সটাইল হিসাবে এক্সাইজ ডিউটি দেবার পরেও পুরানো হারে যে সেলস ট্যাক্স জারী আছে রেডি-মেড জামার ওপরে সেইটেই দিতে হবে। যদি একটা তৈরি পাঞ্জাবী কিনতে যান সে তৈরি পাঞ্জাবীর দাম তিন টাকা থেকে চার টাকা। শুধুমাত্র এক্সাইজ ডিউটি দিতে হ'লে ৪ নয়া পয়সা ট্যাক্স দিতে হ'ত জামার কাপড়ের ওপর। কিন্তু রেডি-মেড গুডস্ হিসাবে পাঞ্জাবীর ওপর ১৯৪১ সালের যে আইন জারী আছে তার দরুন পুরানো হারে আরও ২৮ নয়া পয়সা ট্যাক্স দিতে হবে। তাই বলি আজকে অ্যাডিশনাল এক্সাইজ ডিউটির ফলে এই হবে যে, রেডি-মেড কাপড়ের দোকর ট্যাক্স হচ্ছে, এই যে ডাবল ট্যাক্সেশন করছেন, সেটা কেন রহিত করবেন না? তৈরি যেসব সুতার কাপড়ের জামা তা বেশির ভাগই মধ্যবিত্ত ঘরের লোকেরাই পরেন ব'লে সেগুলিকে দোকর ট্যাক্সের আওতা থেকে সরিয়ে আনবেন না কেন, তার উপর থেকে ডাবল ট্যাক্সেশন রহিত করবেন না কেন, এই কথা পশ্চিমবঙ্গ সরকারের অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করছি।

আর একটা কথা, যারা দর্জি তাদের কারবারের একটা সঙ্কট দেখা দেবে। এই কলকাতায় আমার যতদূর জানা আছে, প্রায় ২০ হাজার দর্জি আছে। যদি আজ রেডি-মেড কাপড়জামার বিক্রয় কমে যায়, তা হ'লে এই ২০ হাজার দর্জির জীবিকার্জনে ব্যাঘাত ঘটবার সম্ভাবনা রয়েছে। তা ছাড়া দোকর সেলস্ ট্যাক্স যদি রহিত না করেন তা হ'লে দুর্নীতির পথ খুলে দেওয়া হবে এবং [illegible] আপনারা বাধ্য করবেন সেই পথে যেতে।

[4—4-10 p.m.]

অন্ধ দোকানদারেরা দুটো পৃথক পৃথক ক্যাশমেমো রেখে দুর্নীতির রাস্তা খুলবেন অথচ যারা সৎ ব্যবসায়ী তারা দোকর সেলস ট্যাক্সএর হাত থেকে রেহাই পাবেন না। সেজন্য আমি বলব এখনও ভেবে দেখুন। যেখানে সুযোগ এসেছে অ্যাডিশনাল এক্সাইজ ডিউটি চালু করবার সেখানে আমি বলব ১৯৪১ সালের আইনকে ঢেলে সেজে একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে একটিমাত্র সেলস্ ট্যাক্স আইন রচনা করবার জন্য। ফার্স্ট পয়েন্টএ ট্যাক্স করুন তা হ'লে ট্যাক্স ফাঁকির সুড়ঙ্গ বন্ধ হবে, আর ফার্স্ট পয়েন্টএ ট্যাক্স করে যারা বড়লোক, বিলাস-সামগ্রী ব্যবহার করেন, সেইসব সামগ্রীর ওপর ডিফারেন্সিয়াল ট্যাক্স করুন। বম্বের কথা বলা হয়েছে, তারা ৯ কোটি ৬০ লক্ষ টাকা পেয়েছে, ওখানে রেভেনিউ বেশি পাওয়ার একটা কারণ হচ্ছে, সেখানে ডিফারেন্সিয়াল ট্যাক্স রয়েছে। পশ্চিমবঙ্গে মোটরগাড়ির উপর—আজ যদি একটা গাড়ি কিনতে যান—তার উপর ট্যাক্স দিতে হয় ৫ নয়া পয়সা। অন্য যা কিছু ট্যাক্সযোগ্য কিনতে যান তার উপরও ৫ নয়া পয়সা। অথচ যে মোটরগাড়ি কেনা হবে তার উপর অনায়াসে তিন আনা ক'রে সেলস ট্যাক্স ধরা যেতে পারে কিম্বা একটা রেডিও সেট যারা কিনবেন তার ওপর অপেক্ষাকৃত বেশি হিসাবে ট্যাক্স ধরলে পড়ে সরকারের আয় বাড়বে। কিন্তু সেদিকে সরকারের দৃষ্টি নাই। এই সম্বন্ধে বার বার বলা হয়েছে ডিফারেন্সিয়াল সেলস্ ট্যাক্স চালু করুন এবং বিলাস-সামগ্রী যা বড়লোকেরা ব্যবহার করে সেই সামগ্রীর উপর অধিকতর কর ধার্য করুন। আর যেসমস্ত ক্ষেত্রে নিম্নমধ্যবিত্ত সাধারণ মানুষ পণ্য ব্যবহার করে সেই ক্ষেত্রে সেলস্ ট্যাক্সএর আওতা থেকে সেই পণ্যগুলিকে মুক্তি দিন। তাতে আয় বাড়বে, দুর্নীতির পথ বন্ধ হবে, সাধারণ লোক বেঁচে যাবে, তারা আশীর্বাদ করবে। কিন্তু সেই পথে সরকার যাচ্ছেন না, সাধারণ মানুষের স্বার্থ দেখবার জন্য আপনারা এখানে আসেন নাই। তাই বলছি এখন সময় থাকতে সেলস্ ট্যাক্সএর সংস্কার করুন এবং একটিমাত্র সেলস্ ট্যাক্স অ্যাক্ট রচনা করুন। এখানে আমি এই বিলের বিরোধিতা করি এবং এটাকে সার্কুলেশন দিবার জন্য হাউসকে বলছি।

Dr. Narayan Chandra Ray:

মাননীয় সভাপাল মহাশয়, এই নূতন সেলস্ ট্যাক্স আইন সম্পর্কে তিন দিক থেকে তিনটি কথা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমি পেশ করতে চাই। আমি প্রথমেই তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই;—এই যে নূতন অ্যাডিশনাল এক্সাইজ ডিউটি এটা অবশ্য তাঁর হাতে নাই—কিন্তু উনি কি সত্যই অনুভব করেছেন টেক্সটাইলস, সুগার অ্যান্ড টোব্যাকোর পরিধি যদি বাড়ান হয়—আগেকার যে আইনটা যেটা উনি হয়ত সমর্থন করেছিলেন সেন্ট্রাল ট্যাক্স আপ-অন সিগারেট—আজকে বদলে নিয়ে টোব্যাকো হোয়েদার ম্যানুফ্যাকচার্ড অর নট যা করা হচ্ছে এর মধ্যে, আজকে জবাব প্রসঙ্গে জানতে চাই, বিড়ি প্রভৃতি এসে গেল কিনা। তামাক, গড়গড়ায় তামাক যাঁরা খান তাঁরাও কি এই অ্যাডিশনাল এক্সাইজ ডিউটির পরিধির মধ্যে পড়ে গেলেন? আঘাত কার উপর পড়ল? তামাক আজকাল বড়লোক খায় না। তাঁর সঙ্গে আলোচনাপ্রসঙ্গে একটা কথা বলতে শুনেছি—আমরা বলেছিলাম সেন্ট্রাল ওয়ান-পয়েন্ট ট্যাক্স করুন, তিনি বলেছিলেন আমাকে, এমনভাবে ট্যাক্স করা যায় না যাতে ক'রে আমাদের দেশের ব্যবসায়ীদের ক্ষতি হয়। (উনি এদিকে একটু ফিরে শুনলে ভাল হয়।)

আমি তাঁর একটা কথা তাঁকে স্মরণ করিয়ে দিতে চাচ্ছি। তিনি বলেছিলেন, আমি এমন কোনরকম ট্যাক্স করতে চাই না বা এমন কোন নীতি গ্রহণ করতে চাই না যাতে বাংলাদেশের ব্যবসা নষ্ট হতে পারে। এই তরফ থেকে একজন মাননীয় সদস্য রেডিমেড গার্মেন্টের কথা বলেছিলেন। আপনার কাছে বার বার সেকথা বলেছিলাম—সেলস্ ট্যাক্স অন আমব্রেলা ইন্ডাস্ট্রি—আপনি কি অবগত আছেন যে, ছাতার কাপড় সেন্ট্রাল এক্সাইজ ট্যাক্সের মধ্যে পড়েছে, আপনি কি অবগত আছেন যে, ছাতার কাপড়ের দাম একটা ছাতার ৫০ পারসেন্ট? এবং সেই হিসাবে ছাতা যখন তৈরি হয় তখন আবার আপনি সেলস্ ট্যাক্স নেন যার জন্য ওদের ইউনিয়ন থেকে আপনার কাছে ৪ মাস আগে দরখাস্ত করেছে। আপনার অবগতির জন্য তারা এটা জানিয়েছে এবং আপনার তরফ থেকে তারা কোন জবাব পায় নি। আমি খানিকটা পড়ে দিচ্ছি—

"Assembling of umbrella comprises of umbrella cloth, umbrella ribs, fittings and labour, and as the value of the umbrella cloth is more than 50 per cent of the total cost of the finished umbrella, the rate of sales tax on the finished umbrella should be reduced to 2 per cent."

আপনার কাছে ৫ পারসেন্ট, তার জায়গায় একটু কমাবার জন্য তারা আবেদন করেছিল এবং জানিয়েছিলাম যে, ছাতাটা ঐ হিসাবে ডবল ট্যাক্সেশনের মধ্যে পড়ে। আমি আপনার অবগতির জন্য আপনাকে স্মরণ করিয়ে দেবার জন্য বলছি এই টেক্সটাইল, যেমন দর্জির কথা বলেছেন আমাদের একজন মাননীয় সদস্য, যে-কোন দোকানে ফিনিসড্ গুডস্ কাপড় হোক, গরমের কাপড় হোক, যে কাপড়ই হোক তার উপর অ্যাডিসনাল ট্যাক্স যখন পড়ে তখন সেই কাপড় বাংলাদেশের ইন্ডাস্ট্রি হিসাবে ডবল ট্যাক্সেশনের আওতায় পড়ে। সুতরাং যদি অ্যাডিশনাল এক্সাইজ ডিউটির মধ্যে তাদের রাখতে চান তা হ'লে বাংলাদেশের সেলস্ ট্যাক্সের আওতা থেকে তাদের খানিকটা আপনি মুক্তি দেবেন কিনা? আমি আপনাকে জানিয়ে দিচ্ছি যে, আজকে বাংলাদেশে অনেক রকম ইন্ডাস্ট্রি আছে যার র মেটিরিয়ালস হচ্ছে সুগার—যেমন পাসট্রিজ, কেক ইত্যাদি যাতে চিনির দরকার হয়। আপনি জানেন সন্দেশে সেলস্ ট্যাক্স পড়ে। কাজেই এগুলো সম্পর্কে যদি সেলস্ ট্যাক্সটা ঢিলে না করে দেন তা হ'লে এদের অনেক ক্ষতি হবে। শুধু সেন্ট্রাল এক্সাইজ ডিউটি এখানে বললে হবে না—সুগার যে কারখানায় অ্যাজ র মেটিরিয়েল ব্যবহার হয় আমরা সেখানে নতুন করে ভাবতে রাজী আছি কিনা? আমরা টেক্সটাইল সম্বন্ধে, ছাতা সম্পর্কে, ফিনিসড্ গার্মেন্ট সম্বন্ধে আপনার কাছে বলেছি। আমি জিজ্ঞাসা করছি টোব্যাকো ম্যানুফ্যাকচার্ড অ্যান্ড আনম্যানুফ্যাকচার্ড, সেই সিগারেটের পরিধি অনেক বাড়িয়ে নিয়েছেন, অনেক মানুষ এর সঙ্গে জড়িত, এর উপর সেলস্ ট্যাক্স চারিদিক থেকে নিয়েছেন। পুরানো পয়সা থেকে নয়া পয়সার নাম করে ৪৷৷৵০ আনা ৫ টাকা করেছেন, কনভার্সান করে ৫ আনা ক'রে বেশি নিয়েছেন। সেন্ট্রাল এক্সাইজ অ্যাডিশনাল ডিউটি ক'রে সমস্ত জিনিসের দাম বাড়ালেন, র মেটিরিয়ালসের দাম বাড়ালেন, ফিনিসড্ গুডসের দাম বেশি করলেন এবং তার ফলে আমি আম্ব্রেলা ইন্ডাস্ট্রির তরফ থেকে আপনাকে জানাচ্ছি তারা আপনার কাছে এই দরখাস্ত দিয়েছে যে, বাজারে আমাদের দাম চড়ে যাওয়ার জন্য অলরেডি একটা ফলিং মার্কেটএ আমাদের বিশেষ ক্ষতি হচ্ছে। আমি আপনাকে খুব রামপন্থী দৃষ্টিভঙ্গি নিতে বলছি না। যেকথা আপনি বলেছিলেন বাংলাদেশে ব্যবসায়ে ক্ষতি হচ্ছে একথা জানলে আমি সে সম্বন্ধে বিবেচনা করব। আমি আমার কথাগুলি কংক্রিটলি বলছি—যে যে জায়গায় আপনি তিনটা নাম করলেন এগুলি ইউজড অ্যাজ র মেটিরিয়াল, আপনার কথা অনুসারে সেই সেই জায়গায় এই সেলস্ ট্যাক্সএর কথা আপনি পুনর্বিচার করতে রাজী আছেন কিনা? এবং এ সম্পর্কে আমার শেষ বক্তব্য হচ্ছে এই যে, আপনি অনেক জায়গায় অনেকবার বলেছেন রাজস্ব সেন্টারএর হাতে দেবার পর বাংলাদেশ সেখানেতে ভাগ করার পর সুবিবেচনা পায় না। আপনি ২৷৷ কোটি বলুন আর যাই বলে থাকুন আপনি কি মনে করেন আপনার হিসাব যা আছে সেটা বাংলাদেশ এই ব্যাপারে যা পাওয়া উচিত ছিল বাস্তবিক তা পেয়েছেন কিনা। এবং যদি পান সে সম্বন্ধে তথ্য নির্ণয় করার কোনরকম বন্দোবস্ত করছেন কিনা এবং ভবিষ্যতে আমাদের এই অ্যাসেমব্লিকে জানাতে প্রস্তুত আছেন কিনা? আমি আমার বক্তব্য সংক্ষিপ্ত রেখেছি অত্যন্ত সিরিয়াস অ্যান্ড কংক্রিট। আমি ইলেশন চাই না, আমি এর জবাব চাই।

[4-10—4-20 p.m.]

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th March, 1958.

Mr. Speaker, Sir, sometime ago, only on the 14th December, 1957, the Central Government passed an Act—Additional Duties of Excise (Good. of Special Importance) Act, 1957. By the provision of that Act, certain new taxes have been imposed upon certain commodities. Sugar has been

taxed at Rs. 3·31 naye paise per cwt. If you convert it into maund, it will be Rs. 2-10 as. per maund; that is the present additional tax. When the first Act was passed, that is, the Central Excise and Sales Tax Act of 1954, this commodity—sugar—which appeared in item No. 8 of the Schedule, was taxed at Rs. 5-10 annas per cwt. By the present amendment it has been enhanced to Rs. 11·25 naye paise. If you convert it into maund, it has come up to Rs. 9 per maund of sugar. In addition to this if at present the duty of Rs. 2-10 annas per maund is added, then the total duty on sugar will come up to 11 rupees and odd. Now, the existing Act imposed duty on sugar only on 3 per cent.; that is going to be replaced by the present Act. We are to see whether we are gaining or losing thereby. If 3 per cent. price is taken into consideration under the existing Act—Sales Tax Act of 1954—tax per maund of sugar will be a little over Re. 1; instead of that we are going to be taxed Rs. 2-10 per maund. Therefore, tax per maund of sugar with the additional tax will be Re. 1·64 nP., or in rupees, it will be Re. 1-10. That is the additional tax on a maund of sugar which we are going to impose.

With regard to cloth, I have seen that when the Central Excise and Sales Tax Act of 1954, was passed, the initial duty on superfine cloth per square yard was 2 as. 6 p.—superfine means above 45 counts, on medium cloth 35 to 17 counts, 1 anna 3 p. per square yard, and on coarse cloth, which is below 17 counts, it was 6 pies per square yard. Now, we all know the middle-class people of Bengal are generally accustomed to wear at least fine or medium cloth; some of them wear superfine cloth because any cloth which goes over 45 counts is regarded as superfine cloth. Now, by the amendment of 1957 Act, the tax has been enhanced up to this extent, that is, tax on superfine cotton fabric is 6 annas per square yard, fine cotton fabric 6 as., medium cotton fabric 4 as. and also coarse cotton fabric 4 as. If a *dhuti* or *sari* which average Bengalee is usually accustomed to wear is measured, it comes to 7 square yards and 45″ to 50″ in breadth. Therefore if you calculate the duty on one piece of cloth, it comes to 7 square yards multiplied by 7 as., the existing Central duty. Over and above this, the present amendment is introduced in order to impose higher amount of taxation, viz., 13 nP. per square yard for superfine cloth, 8 nP. for fine cotton fabric, 4 nP. for medium cotton fabric and for coarse cotton fabric it comes to 3 nP. If you add to this the Central duty, what becomes the result? The result is that for each superfine cloth, *dhuti* or *sari*, the existing Central tax under the Act of 1944, is Rs. 2-10 as. and if you multiply 13 nP. with 7 square yards of cloth, it comes to 91 nP., i.e., 14 as. By the present imposition of the tax for one superfine cloth, one shall have to pay 14 as. and odd and for the fine cloth almost same amount. What is the existing rate of sales tax under the Act of 1942? If you take an average piece of cloth, the existing sales tax under the Act of 1941 is 3 pice. The existing duty comes up to 6 as. and the enhanced duty is 14 as. Therefore the enhanced value of a piece of cloth is much higher today.

Let us come to tobacco. Under the Sales Tax Act of 1941, tobacco for *hookah* was exempt from the sales tax. You can see it in Item No. 18 of the Sales Tax of 1941. Tobacco for *hookah* and other ordinary *Tamak* which is used by the common people was not taxed. You can by a declaration simply add to the list, but you cannot do away with any item from that list. Therefore you cannot tax tobacco for *hookah* under the present Act. If you impose tax on unmanufactured tobacco, then it will be 10 nP. per pound. In our own country, it is 40 nP. per seer and that is the existing tobacco price. Therefore by this amendment all kinds of tobacco are going to be taxed and the new tax will be imposed

upon the peasants. You say that you have come to a compromise, you have come to an agreement with the Central Government for the purpose of imposition of this tax and you will give concession thereof. But you are going to take away those commodities, i.e., mill-made cloth, sugar and tobacco whether manufactured or unmanufactured, from the purview of the Act of 1954. Now you impose duty on that tobacco which is unmanufactured, i.e., duty which does not fall under the Act of 1954 and it is in the exempted list of the Act of 1941. Therefore, you have come to this agreement only to impose the additional duty upon this very commodity which the Bengalee people, specially poor class people and peasants, are used to take.

[4-20—4-30 p.m.]

So I would say that under this disguise a new tax is going to be imposed upon the ommon people of Bengal though the Hon'ble Finance Minister in his opening speech in the Budget Sessions said that he is not going to make any addition to any taxation. He may mean thereby that the Ordinance was promulgated sometime before his budget speech. Therefore he says that this is not an addition but as this Act is in continuation of this Ordinance, I would say that this is an addition and also we have not yet got any figures from the Finance Minister as to what we are getting from this tax under the Act of 1954 and what we would get in our share from the Centre after we do away with this tax.

Now, if you look to Act LIV of 1957, i.e., Union Duty Excise Distribution Act of 1957, whereby certain distributable Union duties of Excise, i.e., on matches, sugar, tobacco, vegetable products, coffee, tea, pepper, etc., these duties were distributed among the States and we in Bengal were allowed only 7·59 per cent. of the total distributable portion from the Centre. Now these three commodities are mostly used in Bengal and I think the people of Bengal use these things in greater quantity in comparison with the other provinces. Therefore, I would say weightage on us will be greater than in any other province and we will incur a great loss by this Act.

Sj. Panchanan Bhattacharjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টিভঙ্গী অত্যন্ত উদার। সেই উদার দৃষ্টিভঙ্গীর আড়াল দিয়ে বিক্রয়করের নানারকম গলতি বেড়ে চলেছে। তার সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই। সম্প্রতি একজন খুব ছোট পুঁজির ব্যবসায়ীর সঙ্গে আমার আলাপ হয়েছিল। তিনি বললেন—একে তো তিন শ' টাকা বছরে সেলস্ ট্যাক্স দেই। তার হিসেব করতে ছয় শ' টাকা মাইনেয় কেরাণী রাখতে হচ্ছে। দ্বিতীয়ত, সরকার মেলা পয়সা দিয়ে যে রাজপ্রাসাদ কিনেছেন বেলেঘাটায়, এখন থেকে আবার সেখানে দৌড়াদৌড়ি করতে হবে টাকা জমা দিতে। এর জন্য গাড়িভাড়াও মেলা লাগবে। এইসব ক্ষুদ্র জিনিসের প্রতি সরকারের নজর পড়ে না। বিক্রয় সামান্যই ছিল। কিন্তু রাষ্ট্রভাষায় বলতে গেলে যাকে বলে ফাউ বা ফালতু এত বেড়ে চলেছে যে, চাপে পড়ে ছোট ছোট শিল্প ব্যবসায় মরতে বসেছে, যেমন একটা জিনিষ উল্লেখ করছি, সেটা হচ্ছে ফুল গাছ ও বীজ। চাষীরা বীজ কেনে। চাষীরা অনেক সময় কলম কিনে নিয়ে যায়। তার উপরও বিক্রয়কর দিতে হয়। যাঁরা ঐসব জিনিসের কারবার করেন, তাদের লাভ ও বিক্রয়কর তারা চাষীর উপর ধরে নেয় এবং পেরিশএব্‌ল কমোডিটির যেটুকু লোকসান হয়, সেটুকু চাষী বা মধ্যবিত্তের কাছ থেকে পুষিয়ে নেয়।

Mr. Speaker: Is that a relevant point?

Sj. Panchanan Bhattacharjee: I am coming to my conclusion. সরকারের আয় এই বাবত ৩০।৪০ লক্ষের বেশি হয় না। তার জরিমানা দিতে হয় চাষীদের ৩ লক্ষ টাকা। [illegible] লোকসানটাও তারা এই থেকে পুষিয়ে নেয়। সুতরাং আমার বক্তব্য বীজ, গাছ এবং ফুল এইসব ধরনের যে জিনিস, তা থেকে বিক্রয়কর তুলে দিন। এর অ্যামেন্ডমেন্ট তো বারংবার করছেন। এই ব্যবস্থাটা একটু দ্রুত করুন।

আর একটা জিনিস, এ সম্বন্ধে আমার বাস্তব জ্ঞান আছে, সেটা হচ্ছে কো-অপারেটিভ সোসাইটির নাম ক'রে, অথবা তাঁত কাপড়ের দোকানের নামে হাওড়া হাটের জামা কিনে বিক্রয় করা হয়। বিলিতি কায়দায় শুধু নাম লেখা হয়, জিনিসের নাম লেখা হয় না। তার ফলে বহু টাকা ফাঁকি দেওয়ার সুযোগ দেওয়া হয়। টাকা বেশি আদায় করুন, ক্ষতি নাই। কিন্তু অতি প্রয়োজনীয়, বিশেষ ক'রে গরিবের পক্ষে অপরিহার্য যা, সেইসব জিনিসের উপর থেকে বিক্রয়কর আপনারা তুলে নিন।

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1958, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1958.

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের যে সংশোধন প্রস্তাব, সেই প্রস্তাব আলোচনা প্রসঙ্গে আমার পূর্ববর্তী বক্তারা আমাদের নিত্য প্রয়োজনীয় যেসমস্ত জিনিসের উপর ট্যাক্স থাকার জন্য জনসাধারণের খুব অসুবিধা হচ্ছে, তা তাঁরা উল্লেখ করেছেন। আমি তাঁদের সঙ্গে একমত। আমি সে সম্বন্ধে বেশি আলোচনা ক'রে সময় নষ্ট করতে চাই না। আমি একটা বিশেষ দিকে গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে, এই যে আইন বর্তমানে সংশোধিত হতে চলেছে গত চার বছরের মধ্যে ১৯৫৪ সন থেকে আজ পর্যন্ত কিভাবে পরিবর্তিত ও পরিবর্ধিত হয়েছে এবং কি রূপ ধারণ করতে চলেছে, সে সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রথম ১৯৫৪ সালের যে মূল আইন, সেই আইনটা দেখলে দেখতে পাব সেই আইনটা মূলত সেলস্ ট্যাক্স সংক্রান্ত ব্যাপারে সিগারেটের ট্যাক্স নির্ধারণের ক্ষেত্রে একটা নূতন ব্যবস্থা গ্রহণের জন্য আনা হয়েছিল। সেই ১৯৫৪ সালের মূল যে আইন, সেই আইনের অর্থাৎ ওয়েস্ট বেঙ্গল সেলস্ ট্যাক্স অ্যাক্ট অফ ১৯৫৪এর সেকশন ১(৩)তে দেখছি—

"It shall come into force immediately on the West Bengal Cigarettes Taxation Ordinance ceasing to operate."

শুধু সিগারেটের উপর ট্যাক্সের জন্য যে অর্ডিন্যান্স জারী করা হয়েছিল, তার জন্য এই আইনটা আনা হ'ল এবং দেখা গেল সেই আইনের প্রিয়েম্বলএ আছে—

"Whereas it is expedient to impose a tax on the sale of Cigarettes and other commodities."

এবং সেই ট্যাক্সের নীতিটা—সিগারেটের সঙ্গে আদার কমোডিটিজএর উপর প্রয়োগ করবার জন্য ১৯৫৪ সালে আইনটা হ'ল। আজ দেখছি সিগারেট অ্যান্ড আদার কমোডিটিজএর ক্ষেত্রে সিগারেট বাদ চলে যাচ্ছে, আইনটা কেবল সারটেন নোটিফায়েড কমোডিটিজএর উপর প্রযোজ্য হ'তে চলেছে। তাতে দাঁড়াচ্ছে এই—সিগারেটের পরিবর্তে—এই আদার কমোডিটিজ বা নিত্য-ব্যবহার্য জিনিসের উপর এই আইন প্রযুক্ত করার চেষ্টা হচ্ছে। আসল কথা—আইন রচনার ক্ষেত্রে এই যে নীতি তা আমরা সমর্থন করতে পারি না। যে বিশেষ জিনিসের উপর ট্যাক্স নির্ধারণের জন্য, (সেই ট্যাক্সের স্কোপ যতদূর এক্সটেন্ড করা হোক না কেন) যে আইন রচনা হ'ল, সেই মূল জিনিসটা বাদ দিয়ে সেই আইন খোলা রাখা হ'ল যে-কোন নোটিফায়েড কমোডিটিজএর ক্ষেত্রে সেই আইন প্রয়োগ করা যাবে ব'লে—এ জিনিসটা আমি খানিকটা বে-আইনী ব'লে মনে করি এবং বিশেষভাবে আমি এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করি। সেইজন্য আমার অনুরোধ এই সেলস ট্যাক্সএর ব্যাপারে যে দুটি আইন আছে, সেই দুটি আইন একত্রিত ক'রে কম্প্রিহেনসিভ একটি আইন করুন এবং সেলস্ ট্যাক্সএর দ্বারা স্টেটের অর্থও বাড়তে পারে। জনসাধারণ যাতে সাধারণ জিনিসের উপর ট্যাক্সের দ্বারা উৎপীড়িত না হয়, এই রকম একটা ব্যবস্থা করুন। এই হচ্ছে আমার বক্তব্য।

Sj. Dhirendra Nath Dhar:

মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য খুব সামান্য। পূর্ববর্তী বক্তারা যা বলেছেন, সে বিষয়ে বলবার কোন প্রয়োজনীয়তা নাই। কিন্তু একটি বিষয়ের উল্লেখ না ক'রে পারছি না —সেটা হচ্ছে সরকার এতদিন পরে বুঝতে পেরেছেন বাংলাদেশে আর নূতন ক'রে কোন ট্যাক্স করা যাবে না। তাই বাজেট স্পীচে ডাঃ রায় বলেছেন, আমি অন্য কোন আইন করছি না যাতে ট্যাক্স বাড়তে পারে। কিন্তু এর সঙ্গে আর একটা কথা সরকারকে স্মরণ করতে হবে। শুধুমাত্র নূতন আইন ক'রে ট্যাক্স করবার যে ঝামেলা সেই ঝামেলা আজ জনসাধারণের উপর, চাষীর উপর চাপান যেতে পারে না। কিন্তু সঙ্গে সঙ্গে ভয় কেন? ভয় হচ্ছে এই জন্য যে, জনসাধারণ নূতন ট্যাক্সের বোঝা ঘাড়ে নিতে পারে কিনা! তাই সঙ্গে সঙ্গে বলা হচ্ছে কেন্দ্রের নামে নূতন ট্যাক্স করা হচ্ছে। সেন্ট্রাল গভর্নমেন্টএর নামে যে ট্যাক্স করা হ'ল, তাতে সকলে বলছেন নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের উপর নূতন ক'রে ট্যাক্স বাড়ছে। জামাকাপড়ের উপর ডবল সেলস্ ট্যাক্স বাড়ছে। আরও সঙ্গে সঙ্গে দেখছি সেই সমস্ত প্রাথমিক পুস্তক ও স্লেট, ফুলের বীজ প্রভৃতির উপর ট্যাক্স বাড়ছে। এই সমস্ত ট্যাক্স থেকে রেহাই দেবার জন্য প্রাদেশিক সরকারের মুভ করা দরকার সেন্ট্রাল গভর্নমেন্টএর কাছে।

আর একটা বিষয় হচ্ছে দিল্লী গিয়ে ডাঃ রায় এগ্রিমেন্ট ক'রে এলেন। তিনি কার স্যাংশন নিয়ে গেলেন? যাঁরা অ্যাসেমব্লির নির্বাচিত সভ্য তাঁদের মত নেন নাই। জনসাধারণের ঘাড়ে এই নূতন ট্যাক্স চাপানোর এই এগ্রিমেন্ট করার জন্য হাউস থেকে তীব্র প্রতিবাদ করা উচিত।

[4-30—4-40 p.m.]

আর একটা আপত্তির কারণ হচ্ছে—এই যে সেন্টারএর সঙ্গে এগ্রিমেন্ট করলেন—প্রাদেশিক সরকার বা ডাঃ রায় এই যে এগ্রিমেন্ট করলেন—কার সঙ্গে পরামর্শ ক'রে করলেন? যখন এটা করা হয়েছিল তখন ত অ্যাসেমব্লি চলছিল এবং অ্যাসেমব্লির নির্বাচিত সদস্যরা এখানে ছিলেন। তাঁদের পরামর্শ কি নিয়েছেন? অতএব তাঁদের মত না নিয়ে সেন্টারএর সঙ্গে একটা এগ্রিমেন্ট করলেন জনসাধারণের ঘাড়ের উপর নূতন ট্যাক্স চাপাবার জন্য। এই যে এগ্রিমেন্ট করলেন পরামর্শ না করে সেটা আমি অন্যায় মনে করি এবং এই হাউসএরও সেটা প্রতিবাদ করা উচিত। এই ব'লে আমি এই বিলের তীব্র প্রতিবাদ করছি।

Sj. Bijoy Singh Nahar:

মাননীয় স্পীকার মহোদয়, এতক্ষণ বিরোধীপক্ষের মাননীয় সদস্যদের বক্তৃতা শুনে আমার মনে হচ্ছিল আমরা বাংলাদেশের অ্যাসেমব্লিতে আছি না দিল্লীর পার্লামেন্টএ ব'সে সেলস্ ট্যাক্স নিয়ে আলোচনা করছি। এই যে সেলস্ ট্যাক্স বিল এসেছে এর উদ্দেশ্য হচ্ছে—একটা কথা বদলাবার জন্য, যাতে নতুন ক'রে দ্বিতীয়বার ট্যাক্সেশন না হয়। মাননীয় সদস্য সুনীল দাস মহাশয় বলেছেন, পাবলিক ওপিনিয়নএর জন্য এটা সার্কুলেট করা হোক। তিনি কি চান যে বাংলাদেশের সেলস্ ট্যাক্স যেটা কমিয়ে দেবার কথা এখানে আছে—সেটা, সেই সেলস্ ট্যাক্স বাংলাদেশে থাকুক অর্থাৎ টু পয়েন্ট ট্যাক্সেশন হোক? একবার সেলস্ ট্যাক্স, আবার এক্সাইজ ট্যাক্স ছিল তার জন্য বাংলাদেশে যে সেলস্ ট্যাক্স ছিল সেটা এখানে তুলে দেবার কথাই বলা হয়েছে—নূতন ক'রে সেলস্ ট্যাক্স লেভি করার কথা নেই। এই বিলটা ভাল ক'রে পড়ে দেখলেই বুঝতে পারবেন যে, অন্য প্রদেশে এটা তুলে দেওয়া হয়েছে—বাংলাদেশে এটা করবে না কেন? সেলস্ ট্যাক্স সম্বন্ধে যেটা রয়েছে অরিজিন্যাল অ্যাক্ট—সেটাই এখানে বিবেচনা করা হয়েছে। স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনসএ রয়েছে—সিগারেট ছাড়া আদার কমোডিটিজএর উপর থেকে এই ট্যাক্স তুলে দেবার কথাই রয়েছে। এর উপর যে এত বক্তৃতা হ'ল ও এত অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, তার কোনই প্রয়োজন আছে ব'লে মনে করি না। তারা তাই এখানে ধান ভানতে শিবের গীত আরম্ভ করেছেন—এখানে সমস্ত ট্যাক্স নিয়েই আলোচনা করতে চেয়েছেন এই বিলের মধ্যে যেটা আছে তাতে সেলস্ ট্যাক্স তুলে দেবার কথাই আছে, সেলস ট্যাক্স নতুন ক'রে বাড়াবার কথা কোথাও নেই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I am afraid my friends have not followed the purpose for which the motion has been moved. As I was trying to explain, it is not a fact, as has been suggested by my friends here, that the Finance Commission had said that West Bengal Government could not give figures.

The second question.....

(Sj. SUNIL DAS:
মাননীয় মন্ত্রী মহাশয় কি জেগে ঘুমান, না, ঘুমিয়ে জাগেন?)

সেটা আপনারাই করছেন, জেগে ঘুমাচ্ছেন।
We have got the report and there is no mention of it in it and if he has private information then that is his lookout. Why we did not take any steps since December ,1956—not middle of 1956—is that we first discussed it in the National Development Council and since then we prepared the figures and in the meantime the Finance Commission came in and wanted figures and facts were placed but we could not take any step because the Government of India or the President decided that this particular matter should also go to the Finance Commission whether any excise duty should be on these three items. Therefore it was not for us to take any step after December, 1956.

Sir, the question that arises is this that according to the Finance Commission Report, as mentioned separately, they have divided the proceeds of these additional taxes on these three commodities in two ways. First of all, they have guaranteed the amount that was shown by every State as the amount that they were realising on those commodities from sales-tax and secondly they said anything that is left over, that is to say, on account of the larger sale than was given to them or on account of the difference in the use of those commodities in different areas, if there is anything left over, then that will be distributed according to a certain formula. As it happened, our estimate is over and above 2 crores 80 lakhs which used to be got from the sales tax on these three commodities. We may get 50 to 60 lakhs a year more on account of the ratio that was given over. The whole position is not understood by my friends here, namely, that if we do not fall in with the views of the Government of India, they will continue to levy the additional excise duty on these three commodities, and if we continue to levy our own sales tax, then the consumer has to pay double, that is twice over. This is the point. Therefore, the best thing is for us to see that we are secure so far as our realisations from the sale of these three commodities, according to rules, are concerned and prevent the consumers from having to pay twice. I do not know whether my friends have understood the implication of it. Therefore, we have to consider this question and agree to this particular finding. The Government of India have, according to the Act that they have passed, levied the additional excise duty on these three commodities and according to a certain rate which they have arrived at after taking the pool of all the States. There are differences as regards the rate of sales-tax. For instance, take Bombay; for the fine textile they tax about three times or four times as much as we do. Therefore, the Central Government had to take the average of the rates of the different provinces and come to some decision. There is some advantage but the main advantage is that we have got to take steps for realisation of the duties or of the sales-tax and we shall be able to get it from the Central Government.

In the course of the discussion several friends have raised other issues. For instance, one friend said about *Dharapat* being taxed. My friend probably does not know that we do not charge any sales tax on books which are used for the primary stages. They said about ready-made *Kapor* and double taxation. There should be avoidance of double taxation on every piece of cloth in future which is used for the purpose of making ready-made cloth.

Sj. Bankim Mukherjee:
প্রাইমারীর চেয়েও প্রাইমারী হচ্ছে স্লেট।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
আমি ধরাপাত বলেছিলাম।

With regard to the unemployment among the *darjees*, this matter is receiving considerable attention from us and we are aware that a large number of *darjees*, particularly in Garden Reach area, who used to live upon their export to Pakistan of ready-made cloth, are practically without any employment and we have got to take some action and we are considering about the question of having a co-operative system amongst them and the help that can be given to them.

[4-40—4-50 p.m.]

The first amendment that has been moved is to the effect that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1958. But, after the 31st March, if any sales tax is collected from this State from these three commodities, our share of the excise duty that has been levied will not be paid to us. Therefore, I oppose the motions for circulation.

The motion of Sj. Sunil Das that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1958, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

[The other motions fell through].

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Sj. Sunil Das: Sir, I beg to move that in clause 2, lines 3 and 4, for the words "certain notified commodities" the words "any notified commodity" be substituted.

এ সম্পর্কে আমি দু-একটি কথা বলব। ১নং ক্লজে যে-কোন ভোগ্যবস্তুকে এই বিলের আওতায় আনতে চান। এখানে তিন নম্বর লাইনে 'সারটেন' কথাটা কেন আসছে তা জানি না। 'সারটেন' অর্থাৎ সীমাবদ্ধ ক্ষেত্রেই তার প্রয়োগ বুঝায়। 'সারটেন' বলতে কিছু কিছু সামগ্রীর কথা এখানে আসে। অথচ ভবিষ্যতে সব সামগ্রীই এর ভিতর আসতে পারে। সেকসন ২৫ অনুযায়ী ১৯৪১ সালের আইন থেকে এই আইনে যে-কোন দ্রব্য যখন তখন নোটিফাই ক'রে আনা যেতে পারে। কাজেই আমি বলছি 'সারটেন' এর জায়গায় 'এনি' কথাটা রাখুন। তা হ'লে বিলের ইন্টেনশনটা খুব স্পষ্ট হবে।

The motion of Sj. Sunil Das that in clause 2, lines 3 and 4, for the words "certain notified commodities" the words "any notified commodity" be substituted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Sj. Sunil Das:

আমার বাকি অ্যামেন্ডমেন্টগুলো কন্সিকোয়েন্সিয়াল অ্যামেন্ডমেন্ট। 'এনি কমোডিটিজ' যখন রিজেক্টেড হ'ল তখন বাকিগুলো মুভ করছি না।

Mr. Speaker: So, your amendment falls through.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 4(1), line 1, for the words "for clause (a)" the words "before clause (a)" be substituted.

I further beg to move that in clause 4(1), the proposed sub-clause "(a)" be renumbered as sub-clause "(a1)".

মাননীয় সভাপতি মহাশয়, আমার যে সংশোধন প্রস্তাব আছে সেইদুটোর দ্বারা মূল আইনে 'সিগারেট'এর যে ডেফিনিশন আছে সেই ডেফিনিশনটাকে রিটেন করতে চেয়েছি। সেকশন ৪তে সিগারেটের ডেফিনিশন বদলে ঐ নোটিফায়েড কমোডিটিজ দেওয়া হচ্ছে। সিগারেটকে যখন বাদ দেওয়া হয়েছে এই ধ'রে নেওয়া হয়েছে যে, সিগারেটের ডেফিনিশন রিটেন করার প্রয়োজন নেই, যদিও নোটিফায়েড কমোডিটিজএর ডেফিনিশনএর প্রয়োজন আছে। কিন্তু পুরাতন আইনে নূতন ধারা একটা যোগ করা হচ্ছে—সেকসন ২৪এ—সেখানে সিগারেটের কথা লেখা আছে। এই নূতন সেকসন ইনসার্ট ক'রে সেখানে সিগারেটের কথা আনা হয়েছে। কাজেই এই আইনের প্রয়োগক্ষেত্রে যদিও সিগারেটের কথা বাদ দেওয়া হয়েছে নূতন ধারায় সিগারেটের কথার উল্লেখ আছে। সুতরাং সেখানে সিগারেটের কথার গুরুত্ব আছে। সুতরাং সিগারেটের ডেফিনিশন রাখা দরকার—সেজন্য এই সংশোধন প্রস্তাব।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, it is very difficult to understand what my friend means. The original Act of 1954, in section 25 stated that "if the State Government is at any time of opinion that it would be in the public interest that any commodity (other than cigarettes) which is liable to tax, etc." it may be taxed according to this—taxed at the source. This particular Bill has been brought for the purpose of removing the word 'cigarette' from the West Bengal Sales Tax Act, 1954, in order to comply with our requirement regarding our arrangements with the Government of India. I have not understood what my friend refers to.

I oppose the amendments.

The motion of Sj. Sasabindu Bera that in clause 4(1), line 1, for the words "for clause (a)" the words "before clause (a)" be substituted, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that in clause 4(1), the proposed sub-clause "(a)", be renumbered as sub-clause "(a1)", was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Sj. Basanta Kumar Panda: I do not move my amendment.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 7 to 13

The question that clauses 7 to 13 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1958, as settled in the Assembly, be passed.

Dr. Narayan Chandra Ray:
এই বিলটা সেন্ট্রাল গভর্নমেন্টএর অ্যাক্টএর অ্যামেন্ডমেন্ট কিনা, বা কন্সিকোয়েন্সিয়াল কিনা, আমি এইসব প্রশ্ন জিজ্ঞাসা করছি না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর জবাবের মধ্যে ফাঁকা জবাবগুলিই দিয়ে গেছেন। এবং গরিবের ঘাড়ে কতটা কামড় পড়ছে, কোনটা ছাঁটাই হবে তা জিজ্ঞাসা করি না। নীতিগতভাবে জিজ্ঞাসা করি, তিনি বলেছিলেন যে, বাংলার ব্যবস্যায়ের যাতে উন্নতি হয়, সেই রকম ট্যাক্স সম্বন্ধে চিন্তা করবেন। আমি জিজ্ঞাসা করি, ছোট ছেলেদের স্লেট পেন্সিলের উপর ট্যাক্স ক'রে লাভ কি? বাংলাদেশের যেসব ব্যবসায়ের মেটিরিয়ালস ব্যবহার করতে হয়, সেই সব ব্যবসায়ে সেলস্ ট্যাক্স নীতির পরিবর্তন হবে কিনা। কারণ এর মধ্যে এই সব কথা জড়িত আছে। এর মধ্যে রাইজিং প্রাইসেসএর জন্য বাংলাদেশের ব্যবসা আঘাত পাবে। শেষ কথা, তিনি কি মনে করেন যে, সেন্ট্রাল ডিস্ট্রীবিউশনএর ঐ যে হিসাব তাতে সরকারের লাভ? তিনি বলেছেন সেন্ট্রাল থেকে যে যা পেত সেই হিসাবে ভাগ করা হয়েছে। আমাদের এখান থেকে যে হিসাব গিয়েছে তা যথেষ্ট ঠিক নয়। সেজন্য তিনি কি মনে করেন যে, ডিস্ট্রীবিউশন যা হয়েছে সেটা প্রপার অ্যান্ড জাস্ট। এ সম্বন্ধে ভবিষ্যতে আমাদের কিছু করণীয় আছে কিনা?

Sj. Sunil Das:
থার্ড রিডিংএ আমি কয়েকটা কথা বলব। আমার প্রথম কথা ছিল যে, উৎসমুখে বা সোর্সএ ট্যাক্স করবেন কিনা, ফার্স্ট পয়েন্টএ ট্যাক্স করবেন কিনা—এই নীতির আলোচনা চেয়েছিলাম। সে সম্পর্কে অর্থমন্ত্রী কোন জবাব দেন নি। বইএর ওপর ট্যাক্স সম্পর্কে বললেন, সব প্রাথমিক স্কুল-পুস্তক ট্যাক্সেশনএর আওতার বাহিরে। সেখানে আমার বক্তব্য, কাগজের উপর যদি ট্যাক্স বসান তা হ'লে পুস্তককে রেহাই দেবেন কিনা, তাতে আয় বাড়ে কিনা, আমার মনে হয় তাতে আয় বাড়ে। যখন বই বিক্রি হয় তখনই মাত্র ট্যাক্স আদায় হয়, কিন্তু কাগজ কেনামাত্রই ট্যাক্স পাওয়া যায়।

আর একটা কথা—আমি কখনও বলি নাই, ফাইন্যান্স কমিশন তাঁদের রিপোর্টের মধ্যে বলেছেন যে, পশ্চিমবাংলা সরকারের কমোডিটিওয়াইজ তথ্য ছিল না। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের এই তথ্য ছিল কিনা, সেকথা অর্থমন্ত্রী যত্নের সহিত এড়িয়ে গিয়েছেন। কোন অসুবিধাজনক প্রশ্নের সম্মুখীন হ'লেই তিনি রুষ্ট হন। জানি না সেটা কপট রোষ, না প্রকৃত রোষ।

[4-50—5-15 p.m.]

অনেক সময় আমরা জানি অফেনসিভ ইজ দি বেস্ট ডিফেন্সিভ, কিছু বলবার নেই সুতরাং প্রতিপক্ষকে আক্রমণ ক'রে বললাম। মাননীয় অর্থমন্ত্রী বাজেট আলোচনার সময় বলেছিলেন যে, আমরা ইন এ ক্যাভিলিয়ার ফ্যাসন আলোচনা করছি, কিন্তু আমরা কোথায় ক্যাভিল,

স্ট্যাটিসটিকস পাচ্ছি? দে কুক ইট অ্যান্ড দে ডিস ইট—প্যালেটেবলগুলি তাঁরা পরিবেশন করেন, আনপ্যালেটেবল করেন না। আমরা পরিবেশন করি আনপ্যালেটেবল তথ্যগুলি। বাজেট আলোচনার সময় ফাইন্যান্স কমিশনের রিপোর্ট থেকে কয়েকটা ফিগার দিয়েছিলাম, অর্থমন্ত্রীর বাজেট স্পীচ থেকে কয়েকটা ফিগার দিয়েছিলাম, রিজার্ভ ব্যাঙ্ক বুলেটিন থেকে ফিগারস দিয়েছিলাম তাতে উনি রুষ্ট হয়েছিলেন এবং বলেছেন আমি শুধু নাকি বলেছি যে, পশ্চিমবঙ্গ সরকার ফাইন্যান্স কমিশনের কাছে কোন ফিগার দেন নাই। আমি বলেছি পশ্চিমবঙ্গ সরকারের কমোডিটিওয়াইজ ফিগার নেই। সেটা স্পষ্টভাবে উনি স্বীকার করেন নি, আমি সেকথা জানতে চেয়েছিলাম, অর্থমন্ত্রী তার জবাব দেন নি এবং একটা সামগ্রিক আইনের পরিকল্পনা ক'রে একটিমাত্র সেলস্ ট্যাক্স আইনের আওতায় সেগুলি আনা যায় কিনা সে সম্পর্কেও জবাব দেন নি। ওদিক থেকে একজন মাননীয় সদস্য বললেন যে, আমরা নাকি দোকড় ট্যাক্স করতে চাই। উনি ভাবছেন আমরা যেন বিলটা পড়ি নি, সেলস্ ট্যাক্স বিল পড়ি নি। আমরা বলেছিলাম যে, একটা সামগ্রিক পরিকল্পনা নিয়ে একটা সেলস্ ট্যাক্সের আইনের আওতায় যেগুলি সেলস্ ট্যাক্সযোগ্য তাদের আনতে পারি কিনা এবং উৎসমুখে সোর্সএ সেলস্ ট্যাক্স প্রয়োগ করতে পারি কিনা, ডিফারেন্সিয়াল সেলস ট্যাক্স প্রয়োগ করতে পারি কিনা, ডেলি নেসেসিটিজগুলি ট্যাক্সের আওতা থেকে বাদ দিতে পারি কিনা—এইরকম সামগ্রিক সেলস্ ট্যাক্সের নীতি সম্বন্ধে প্রশ্ন করেছিলাম, কিন্তু তার একটা সংগত জবাব পাই নি, অসংগত জবাবও পাই নি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I am sorry, if I have upset my friend over there. I did not show any anger as he said. I was only trying to say that they might as well think that we also possess a certain amount of goodness in us or a certain amount of interest to serve our people. It may not be in the same manner as he wants it to be done, but the fact remains that in this particular case that we are discussing at the present moment I feel that it is better for us to agree to this particular way, because, according to him, we should have taxes at the source and this is a method of having taxation at the source with regard to every commodity. We have laid down certain principles or formulae for taxation at the source. If there are too many people doing a particular job, let us say the job of biri-making, it is no use trying at the source because there are too many people. Similarly, there are other commodities about which we cannot tax at the source, but wherever we can we are trying to do it and I can assure my friends that it will be our duty to do so, at any rate, in order to plug the loopholes of evasion.

As regards the various articles that they have mentioned, as I told you before, for instance, the question of cut pieces of cloth or slate or *dharapat* and so on, these are matters which should be considered seriously so that there may not be, at any rate, double taxation in the case of any commodity.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1958, as settled in the Assembly, be passed was then put and agreed to.

[At this stage the House was adjourned for 20 minutes.]

[*After Adjournment*]

[5-15—5-20 p.m.]

Mr. Speaker: The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1957 will be withdrawn. I understand it has been decided that no State should take any decision in the matter of appointment of a Judge with the necessary qualifications and so on, but that it should be on an All India basis. It would not be proper if the State of West Bengal decides in one way and the other States decide the other way.

Sj. Jatindra Chandra Chakravorty:
এইরকম বিল আনতে গেলে সেন্ট্রাল গভর্নমেন্টএর একটা কনসেন্ট দরকার হয়। আমি জানতে চাই সেন্ট্রাল গভর্নমেন্ট সেটা দেন নি ব'লেই কি এই বিলটা উইথড্র ক'রে নেওয়া হয়েছে; নাকি সেন্ট্রাল গভর্নমেন্ট এমন কিছু লিখেছে যে, অল-ইন্ডিয়া বেসিসএ এরকম কিছু করতে চান—এটা জানতে চাই।

Mr. Speaker: Mr.Chakravorty refusal is one thing and explaining the position is another thing. So perhaps in this case the position has been explained.
রিফিউজাল একটা জিনিস এবং পজিসন এক্সপ্লেন করা আলাদা ব্যাপার—

[Sj. Bankim Mukherji rose to speak.]

Sj. Jatindra Chandra Chakravorty:
আমি ভেবেছিলাম আবার একটা সুযোগ হবে আপনার কাছ থেকে কিছু শিখবার।

Mr. Speaker:
শিখতে এত আপত্তি কেন?

Rpeort of Public Accounts Committee on the Appropriation and Finance Accounts for the year 1951-52 and Audit Reports thereon.

Mr. Speaker: I call upon Mr. Mukherjee to make his speech.

Sj. Bankim Mukherji:
সভামুখ্য মহাশয়, ১৯৫১-৫২ সালের অ্যাপ্রোপ্রিয়েশন অ্যাকাউন্ট অ্যান্ড অডিট রিপোর্ট, ১৯৫৩ সালের সই হয়েছে ২৪এ জুলাই ১৯৫৪, বাই অ্যাকাউন্টান্ট-জেনারেল অ্যান্ড অডিটর-জেনারেল এবং পাবলিক অ্যাকাউন্টস কমিটি.

Mr. Speaker: With your agreed consent I may say a few words which I want to stick to. But since some members are anxious to learn and others object to be told that they do not want anything to learn I have decided that the debate on this particular matter should take place today. But I want to say a few words in this connection. In England in the House of Commons they do not debate this matter at all. This is a matter of formality. It is laid before the House. The honourable members who are really anxious go through it, but normally the debate never follows. I do not want to stop you today, but such honourable members who are inclined to look into this matter will kindly consult this Book which I have brought from the Library of this Assembly House—The Control of Public Expenditure by Chubb, 1952 publication, pages 190, 191, 192, 193. I do not want to waste the time of the House today, but if you will kindly read it, you will see that it is not a normal thing. Unless there is something of current interest or very important justifying that a debate should follow, no debate normally takes place in the House.

Mr. Mukherji, you can go on.

[5-20—5-30 p.m.]

Sj. Bankim Mukherji:
ঠিক এই কথাই আমি বলতে যাচ্ছিলাম স্যার, যে, নরম্যালি পাবলিক অ্যাকাউন্টস কমিটি রিপোর্ট ডিসকাসান হয় না, হবারও প্রয়োজন করে না। কিন্তু পশ্চিম বাংলা দুর্ভাগ্যবশত নরম্যাল নয়। এখানকার সমস্ত সরকারী পদ্ধতি একটা অ্যাবনরম্যাল। ইংলেন্ডেও নিয়ম হচ্ছে; পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান নন-অফিসিয়াল। পাবলিক অ্যাকাউন্টস কমিটির

উদ্দেশ্য হচ্ছে গভর্নমেন্টের যাঁরা বাহিরের মেম্বার তাঁরাই সন্তুষ্ট হবেন। এবং তাঁরা সন্তুষ্ট হলেই, যেহেতু তাঁরা ইলেক্টেড বাই দি অ্যাসেমব্লি তাই অ্যাসেমব্লিতে দুইবার ক'রে আলোচনা করবার কোন প্রয়োজন করে না।

Mr. Speaker: Am I right that it is always the members of the Opposition who preside over the Committee?

Sj. Bankim Mukherji: I am not so sure.

Mr. Speaker: I think that is why the Committee which is formed consists of members of the Opposition alone, because they are the people who have to satisfy themselves as to whether the expenditure incurred has been judicious or not. That is the correct legal position. Here again I am afraid I am using the word 'legal' and some honourable members may not like it.

Sj. Bankim Mukherjee:

কিন্তু এখানে ভারতের লোকসভায় এবং অন্যান্য স্টেটে এইটুকু নিয়ম অন্ততঃ হয়েছে যে পাবলিক এ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান হবেন নন-অফিসিয়েল, কিন্তু তারা সবসময় রুলিং পার্টির মেম্বার হবেন, এটা সিদ্ধান্ত হয় নি। কোন কোন স্থানে অপোজিসন মেম্বার চেয়ারম্যান হয়েছেন, না হলে নন-অফিসিয়াল পার্টির সদস্য চেয়ারম্যান হয়েছেন। ভারতের লোকসভায় ও অন্যান্য রাষ্ট্রে এটা হয়েছে, দুর্ভাগ্যক্রমে পশ্চিমবাংলায় সেটা হয় নি। যদিও এখানকার পরলোকগত অর্থমন্ত্রী শ্রীনলিনীরঞ্জন সরকার মহাশয় প্রস্তাব করেছিলেন যে এটা হওয়া উচিত। কিন্তু তা হয় নি। রুলস কমিটির রিপোর্ট শেষ না হওয়ার ফলে এই বিষয়ে আমরা রুলস তৈরী করতে পারি নি। তার ফলে অনেকগুলি অসুবিধা হচ্ছে। অসুবিধা হল এই যে ১৯৫১-৫২ সালের এ্যাকাউন্টস অডিট রিপোর্ট হল ২৪শে জুলাই ১৯৫৪ সালে, তারপর পাবলিক এ্যাকাউন্টস কমিটিতে ডিসকাশন হল ১৯৫৬ সালে নভেম্বর-ডিসেম্বরএ। এবং সমস্ত ১৯৫৫ সাল পেরিয়ে গেল, পি, এ, কমিটির মিটিং হল না। তারপর এ্যাসেম্বলীতে আমরা ডিসকাশন করছি আজকে মার্চ মাসে ১৯৫৮ সালে। পূর্বে বার বার প্রত্যেকবার আমি নোট অব ডিসেন্টএ বলেছি এত বেশী দেরি হলে পর—১৯৫১-৫২ সালের এ্যাকাউন্টস হল গিয়ে ১৯৫৮ সালে, ৬ বৎসর পরে—এটা বাসি মড়ার চেয়েও বেশী হয়ে গেছে। ইট ইজ মোর দেন স্টিনকিং। এবং তাই এই বিষয়ে কারো কোনরকম আগ্রহ থাকে না। এই হচ্ছে গিয়ে অসুবিধার ব্যাপার। গত বৎসর পি, এ, কমিটি ইলেকটেড হয়েছে, কিন্তু এ পর্যন্ত তাদের মিটিং ডাকা হয় নি। গত বৎসর অর্থাৎ লাস্ট সেসনএ আমি এ বিষয়ে আপত্তি করায় ডাক্তার রায় তখন বলেছিলেন যে জানুয়ারি মাসের প্রথমে ডেট দেবো। আমি এখানে কারো প্রতি কোন দোষারোপ করছি না, তার কারণ হচ্ছে চীফ মিনিস্টার যদি কনভিনার অফ দি কমিটি হন তাহলে পর অত্যন্ত অসুবিধা হয়। কারণ তাঁকে হাজার রকম কাজে ব্যস্ত থাকতে হয়। হয়ত এ্যাসেম্বলীর টাইম গভর্নমেন্ট ফিক্স করতে পারেন, কিন্তু একবার ডাকবার পর আপনার হাতে এসে পড়ে। সেই হিসেবে আমার মনে হয় আর কেউ যদি কনভেনার হন—

I will suggest Secretary of the Assembly. He should be the convenor of the first meeting.

কারণ এই কমিটি এ্যাসেম্বলীর কমিটি, গভর্নমেন্টএর নয়। এবং সেখানে কনভেনার হওয়া উচিত এ্যাসেম্বলীর কোন দায়িত্বসম্পন্ন ব্যক্তি। এবং মেম্বারএর ভিতর কে হবেন। সুতরাং আমি প্রস্তাব করেছিলাম—

Secretary of the Assembly should be the convenor of the first meeting.

তাহলে পর তিনি ফাইন্যান্স মিনিস্টারএর সঙ্গে পরামর্শ কোরে ফার্স্ট ডেট ঠিক করতে পারেন। তাহলে স্বাভাবিকভাবে প্রসিডিংস হতে পারে। এর পূর্বে আমি জিজ্ঞাসা করেছিলাম এ্যাকাউন্টেন্ট-জেনারেল অব ওয়েস্ট বেঙ্গলকে নেওয়া হয় না। এর পরে কতগুলি রিপোর্ট তৈরী হয়েছে। তাতে আমি একজন মেম্বার বটে, কিন্তু আমার ব্যক্তিগতভাবে লেখার কোন মূল্য নাই। পি, এ, কমিটি যদি এইরকমভাবে বলে তাহলে পর আমরা এই কথা বলতে পারি,

১৯৫৪, জুলাই মাসে অডিটর-জেনারেল যেটা সাইন করেছেন তার পরেও তিনটা রিপোর্ট হয়ে গিয়েছে। তার ভিতর একটামাত্র আমরা পেয়েছি, আর দুটো এখন পর্যন্ত পাচ্ছি না। তিন বছর হয়ে গেল এখন এটা এক্সপিডাইট করা উচিত। এই সমস্ত কারণে যে রুলসগুলি তা বদলে দেওয়া প্রয়োজন। পেজ ২৬০ যদি দেখেন—এই বিষয়ে আমি আপত্তি করেছিলাম এইবার যখন চীফ মিনিস্টার অর্থাৎ ফাইনেন্স মিনিস্টারকে প্রস্তাব করা হয় চেয়ারম্যান হওয়ার জন্য—আমি সে সময় আপত্তি করেছিলাম, তাতে তিনি বলেছিলেন তিনি থাকলে পর সুবিধা হয়—এ বিষয়ে আমার কোন সন্দেহ নাই। কিন্তু আমি প্রিন্সিপল থেকে বলছিলাম, না থাকা উচিত। সেই সময় আমি বলি—

> "The thing is there are certain good points also in having the Finance Minister as the Chairman. In my Note, there was no occasion for writing about that. For example, you have just mentioned about straightening out some of the arrear accounts which were in large numbers. Therefore, of course your help was essential; being the Minister-in-charge of Finance, you could naturally take certain steps which a non-official member could not and thereby of course a great deal of help has been done to the Public Accounts Committee and the Accountant-General. My only request would be that when the head of the department is examined, you should let him answer.

এটা একটু অনুধাবন করার বিষয়। যখন হেড অফ দি ডিপার্টমেন্টকে প্রশ্ন করা হবে তখন তাঁকে উত্তর দিতে দেবেন।

> Mr. Chairman: I do not answer for them. What I say to them is that if you don't know go and find out. You remember we had to postpone some department's examination. You notice that after my insistence things were smoothed out to a large extent.
>
> Sj. Bankim Mukherji: When the proceedings are printed, after going through the printed proceedings, we find ha in many instances, the members and the Chairman of the Committee are arguing with each other.
>
> Mr. Chairman: I always try to help you. Now, let us take up item (2) of the programme, namely, "Review of the Resume of showing action taken on the recommendation."

[5-30—5-40 p.m.]

রিপোর্টের শেষের দিকে পেজ ২৬০তে দেখুন—চেয়ারম্যান ঐ কথা বললেন, তা করি না। তারপর হল কি? তারপর যেই একটা আইটেম ধরা হল, ১৯৫০-৫১এর একটা আইটেম—মিনস, চেয়ারম্যান সাহেব বলতে আরম্ভ করলেন, অর্থাৎ তাকে এক্সপ্লানেশনটা দিতে হল এবং প্রায় আধ পাতা এক্সপ্লনেশন দিলেন। তারপর দেখতে পাবেন ধীরেন্দ্রনারায়ণ মুখার্জী, চেয়রম্যান, ধীরেন্দ্রনারায়ণ মুখার্জী, চেয়ারম্যান, ধীরেন্দ্রনারায়ণ মুখার্জী, চেয়ারম্যান, ধীরেন্দ্রনারায়ণ মুখার্জী, চেয়ারম্যান, ধীরেন্দ্রন রায়ণ মুখার্জী চেয়ারম্যান, বঙ্কিম মুখার্জী, চেয়ারম্যান, এ্যাকাউন্টেন্ট-জেনারেল, চেয়ারম্যান, এ্যাকাউন্টেন্ট-জেনারেল, চেয়রম্যান, এ্যাকাউন্টেন্ট-জেনারেল চেয়ারম্যান, ইত্যাদি। তাহলে পর পাবলিক একাউন্টস কমিটি যে জন্য বসে, অর্থাৎ ডিপার্টমেন্টস হেডকে প্রশ্ন করবার জন্য যে তাঁরা কি জানেন বা না জানেন। ঠিক আমি এইটা বললাম পেজ ২৬০তে—যেখানে পাবলিক এ্যাকাউন্টস কমিটি বসে এই জিনিসটা হয় কিনা? ডিপার্টমেন্টাল হেডরা কিছু বলবার আগেই, তাঁদের বলা হয়, আপনারা বড় বেশী বলেন, অনুগ্রহ করে আপনারা বলবেন না। উনি বললেন তথাস্তু, আমি আপনাদের হেল্প করবো, বলেই তারা যা আরম্ভ করলো, আমি সেই দুটা পাতা পড়ে আপনাকে শোনালাম, অপনি যদি বাকী সমস্ত রিপোর্টটা পড়ে দেখেন, তাহলে পর দেখতে পাবেন ডিপার্টমেন্টাল হেডরা বড় বেশী বলবার সুযোগ পান না। আমি জানি না তাঁদের বক্তব্য কিছু আছে কিনা, যদি থাকে, তাহলে পর তা বলবার পথ

ছাড়া পান না। আমরা ডাঃ রায়ের সম্বন্ধে জানি, তাঁর বহু গুণ থাকা সত্ত্বেও, তাঁর বাকসংযমটা যে গুণের মধ্যে আছে, সে কথা তাঁর অতি বড় শত্রুতেও বলবে না। তিনি অত্যন্ত বাকসংযম, বেশী কথা বলতে ভালবসেন না, এই অপবাদ তাঁর শত্রুও দেবেন না। অর্থাৎ কথা বলা ছাড়া তিনি থাকতে পারেন না। তারপর কি হচ্ছে? তিনি প্রায় ভগবানের মতন ওমনিপোটেন্ট এবং ওমনিসেন্ট। পশ্চিমবাংলা সরকারের এমন কোন ডিপার্টমেন্ট নেই, এমন কোন বিভাগ নেই, এমন কোন খুঁটিনাটি নেই, যা তিনি জানেন না; এবং জানুন বা না জানুন, তাঁর ধারণা হচ্ছে তিনি সব জানেন। যদি তিনি এইরকম একটা এনসাইক্লোপেডিয়া হতেন যে পশ্চিমবাংলা সরকারের কোথায় কি হচ্ছে, তা সব কিছু জানেন, তাহলে বুঝতাম। কিন্তু তাঁর ধারণা প্রত্যেক ডিপার্টমেন্ট-এই কিছু না কিছু গলদ আছে। যদি তাই হয়, তাহলে পাবলিক এ্যাকাউন্টস কমিটি এখানে কিজন্য বসেছে? তারা কি শেখাতে বসেছে, যে এই ব্যাপারটা কি হয়েছে, তারজন্য এটা এ্যাসেম্বলীতে এসেছে? পাবলিক এ্যাকাউন্টস কমিটি বসেছে এইজন্য যে অডিটর্স অডিট থেকে আপত্তি হয়েছে। তাঁরা অডিট করে বুঝতে পারেন। কিন্তু এই অডিট হবার পর তিন, চার বছর পেরিয়ে যায়। এতদিন পর্যন্ত এ্যাকাউন্ট্যান্ট-জেনারেলকে বোঝান হয় নি কেন? এ্যাকাউন্টেন্ট-জেনারেলকে জানাবার পর, তারা সন্তুষ্ট হন নি বলেই অডিট রিপোর্ট এসেছে, এবং তারপর সেটা পাবলিক এ্যাকাউন্টস কমিটির কাছে এসেছে। কিন্তু সমস্ত কিছু পাবলিক এ্যাকাউন্টস কমিটির কাছে একটা প্রহসন হয়ে যায়, সেখানে যদি চীফ মিনিস্টার বলতে আরম্ভ করেন, তিনি যদি এক্সপ্লেন করতে আরম্ভ করেন। এই পদ্ধতির আমি বরাবরই প্রতিবাদ করেছি, আপত্তি জানিয়েছি, তথাপি এই জিনিস চলছে। কিন্তু আপনি জানেন কোন কোন ব্যক্তির যে ব্যক্তিত্ব আছে, সেই ব্যক্তিত্ব কোন সময় ভাল কাজে লাগতে পারে, আবার কোন সময় তা অপপ্রয়োগ হয়, এবং ডাঃ রায়ের যে অসাধারণ ব্যক্তিত্ব, সেই ব্যক্তিত্ব এখানে হচ্ছে কি? না, পাবলিক এ্যাকাউন্টস কমিটির উদ্দেশ্যকে একেবারে পণ্ড করে দিচ্ছেন। তাঁর যে ব্যক্তিত্ব, তার ফলেতে, তিনি চেয়ারম্যান এবং তাঁর হচ্ছে লাস্ট ওয়ার্ড। তিনি বলবার পর, প্রতি মুহূর্তেই, এমন কি আমার মত কটুবাদী, আমার পক্ষেও লজ্জা বোধ হয় প্রত্যেক পদেই কি আমি এটা রিপিট করবো? আমি যা পেজ ২৬০তে দেখালাম, প্রতি পদেই চেয়ারম্যান সাহেবকে বলতে হবে, আপনি বলবেন না, আপনি চুপ করুন। আমি এবার ঠিক করেছি যে পাবলিক এ্যাকাউন্টস কমিটিতে আমাকে এই পদ্ধতি নিতে হবে যে প্রত্যেকবারই আপত্তি করবো এবং বলবো আপনি চুপ করুন, লেট দি ডিপার্টমেন্ট আন্সার। এ ছাড়া আমি অন্য কোন প্রতিকার দেখতে পাই না।

দ্বিতীয়ত, সরকারের একটা খারাপ অভ্যাস আছে, আমি জানি, অপরের দোষত্রুটি দেখিয়ে নিজেকে নির্দোষ প্রমাণ করা। যেমন কোথাও কিছু ছিল না, গত শুক্রবার দিন এপ্রোপ্রিয়েশন বিলএর উপর যে ডিবেট চলছিল, তার উত্তর দিতে উঠে তিনি আপত্তি করলেন যে আমরা সবাই ইনএ্যাপ্রোপ্রিয়েট বক্তৃতা দিয়েছি। আমরা জানি, উনি ছাড়া আর সবাই ইনএ্যাপ্রোপ্রিয়েট বক্তৃতা দিয়েছেন, তার কারণ, আপনিই বলেছেন বাজেট ডিসকাশনএর সময়, অনেকেই যোগদান করতে পারে নি।

Mr Speaker:
উনি বলেছেন বঙ্কিমবাবু ছাড়া——

Sj. Bankim Mukherji:
আপনি ভুল করেছেন, আমি সেই পয়েন্টেই বলতে চাচ্ছি। তিনিত ঐ কথা বললেন। কিন্তু আমি এ্যাপ্রোপ্রিয়েশন বিলএ মোটেই ঐ কথা বলি নি। সেইটাই হয়েছে কত বড় মিসএ্যাপ্রোপ্রিয়েশন, আমি এ্যাপ্রোপ্রিয়েশন বিলে বলি নি। তিনি অপরের ত্রুটি ধরলেন—তিনি এ্যাপ্রোপ্রিয়েশন বিলের জবাব দিতে গিয়ে আমার যে বাজেট স্পীচ তার ত্রুটি ধরলেন, যেটা আগে হয়ে গিয়েছে, যার জবাব একবার দিয়েছেন। তাঁর বলবার পরে, আমি আর কিছু এ করলাম না। এখানে তিনি কেভেলিয়ার ফ্যাশনএ বহু কথা বলে গিয়েছেন। যে কেভেলিয়ার ফ্যাশনএতে এই সমস্ত কথা তিনি বললেন, অথচ, আমি এ্যাপ্রোপ্রিয়েশন বিলএ পার্টিসিপেট করি নি। তিনি তাঁর নিজের বক্তব্যের ইমপ্লিকেশনস বোঝেন। যখন তিনি বলেছিলেন কেভেলিয়ার ফ্যাশন—তখন তিনি বুঝেছিলেন তার ইমপ্লিকেশনস কত বড়, এটা কত বড় সাংঘাতিক কথা যে আমরা

দায়িত্বজ্ঞানসম্পন্নভাবে বাজেট ডিসকাশন করি না। আপনি কি করে তা বলতে পারেন? আমার বক্তৃতায় ছিল কি? আমি বাজেট ডিসকাশনএ তুলে দেখিয়েছিলাম তাঁরই স্পীচ, তার থেকে ফ্যাক্টস এ্যান্ড ফিগারস নিয়ে দেখিয়েছিলাম। আমি গোড়ায় বলেছি যে আমার এনালাইসিস সীমাবদ্ধ রাখছি, যেহেতু এটা একটা সর্ট বাজেট সেসন। তাঁর যে স্টেটমেন্টএর মধ্যে ফ্যাক্টস এ্যান্ড ফিগারস, সেইগুলি নিয়েই আমি দেখিয়েছি। কিন্তু এখানে যদি তিনি বলতে চান আমি তাঁকে দেখিয়েছিলাম যে, রাজ্যপাল মহোদয়ার এবং অর্থমন্ত্রী মহাশয়ের ভাষণে কিছু কিছু পার্থক্য দেখছি, তাহলে তাঁর কথার অর্থ কি দাঁড়ালো? বাজেটের ব্লু বুক ও রেড বুকএ যে সকল তথ্য দিয়েছেন, আর তিনি যে ভাষণ দিয়েছেন, তার মধ্যে মিল নাই। তিনি তাঁর কথার ইমপ্লিকেশনস পর্যন্ত বোঝেন না। এর অর্থটা কি দাঁড়ালো? আমি ত কল্পনা থেকে ফিগারস তৈরী করি নি। আমি ত কল্পনা থেকে বলি নি যে এই বরাদ্দের কোথাও কম ব্যয় হয়েছে বা এই বরাদ্দের কোথাও বেশী ব্যয় হয়েছে, তাঁর যে বক্তব্য, তার থেকেই নিয়েছি, তা থেকেই এই কনক্লুসনসএ এসেছি। তিনি সেইগুলির উত্তর দিলেন না, যেগুলির আসল বক্তব্য ছিল, সমস্ত অপব্যয় ও এই সমস্ত খরচ ইত্যাদি। এইতো হচ্ছে। এই জিনিসটা হচ্ছে তাঁর লাস্ট সে থাকে, তাঁর শেষ বক্তব্য থাকে, এইটার সুবিধা তিনি পান। এখানেও পাবলিক এ্যাকাউন্টস কমিটিতে তিনি চেয়ারম্যান সাহেব হয়ে থাকেন। চেয়ারম্যান যিনিই হোন না কেন, তাঁর খানিকটা ক্ষমতা আছে। তার উপর তিনি চীফ মিনিস্টার, হেড অফ দি গভর্নমেন্ট, যিনি ডিপার্টমেন্টএর একটা ব্রাস, তিনিই থাকছেন এখানে চেয়ারম্যানএর পদে। তাঁর চেয়ারম্যান হওয়া উচিত নয়, তবুও তিনি সেখানে থাকতে চান। তাঁর পক্ষে, এইরকমভাবে সেখানে থাকা উচিত নয়, এইটাই হচ্ছে আমার অভিমত, আমি খুব স্ট্রংগলি বললাম। তিনি নিউট্রালভাবে থাকলে ভাল হয়, কিন্তু তা সম্ভব নয়, এবং তিনি সেইভাবে থাকবেন না, পাবলিক এ্যাকাউন্টস কমিটিতে। সেইজন্য আমরা যেটা চাচ্ছি—পাবলিক এ্যাকাউন্টস কমিটির রিপোর্ট সাত বছরের পুরান যেন না হয়, অন্ততঃ তিন, চার বছরের মধ্যে যাতে পাওয়া যায় তার জন্য আমি সাজেশনস দিচ্ছি।

Mr. Speaker: In this connection, I may refer to Chubb's "Control of Public Expenditure" at page 182, where he says: "The Committee is appointed annually at the beginning of the parliamentary session generally in November or December. Its fifteen members are nominated by their parties from the many who desire to serve and are chosen in the normal fashion in proportion to voting strength in the House. The Chairman, on whom, as we shall see, falls most of the work, is by convention a senior Opposition member. He may often be an ex-junior minister and destined perhaps for high office, and he may sometimes be an experienced Accounts Committee member. He may or may not be an ex-Financial Secretary to the Treasury, for practice has varied here and the tradition is by no means established. Many Chairmen in the past have, however, been connected with banking or business, and not a few have had distinguished records as financial experts or as advocates of economy." So, I was right when I said that usually a senior Opposition member is, by convention, appointed the Chairman of the Committee. Perhaps some day we shall also follow the same procedure.

[5-40—5-50 p.m.]

Sj. Bankim Mukherji:
এবং সেইটাই আমার বক্তব্য। তাহলে পর দুইটি জিনিস যদি হয় যে পাবলিক একাউন্টস কমিটি এই হবে এবং যেটা এস্টিমেট কমিটি, যেমন হাউস অব কমনস প্রভৃতিতে আছে, তা যদি হয়, যদি আমরা একটা এস্টিমেট কমিটি তৈরী করতে পারি, তাহলে পর অনেক কাজ হয়। যেমন ধরুন, সম্প্রতি একটা কাগজে পড়লাম, স্টেটসম্যান, ১লা মার্চ দেখলাম, শ্যামাপুর, আসানসোল, স্টেশন থেকে একটু দূরে একটা রিফিউজি সেটেলমেন্টএ ২০ লক্ষ টাকা খরচ হয়ে গিয়েছে এবং সমস্ত টাকাটা অপব্যয় হয়েছে। সেখানে গুটিকতক টয়লেট খোড়া হয়েছে, স্কাই ট্যাঙ্ক নামের সঙ্গে সম্পূর্ণ সঙ্গতি তাদের আছে, তারা একেবারে বাংলাদেশে আকাশ যা বলে তাই

হয়ে গিয়েছে, আকাশ পুষ্করিণী—তাতে এক বিন্দু জল নেই। আমিত সমস্তটা পড়ে অবাক হয়ে গেলাম। আমাকে কিছুকাল পূর্বে এক ভদ্রলোক বলেছিলেন যে বীরভূম জেলাতেই ঐরকম একটা হয়েছিল এবং যখন সেটাকে ওপেন করতে যাওয়া হয় সেদিনকার জন্যে ময়ূরাক্ষীর ক্যানাল থেকে জল নিয়ে জল থৈ থৈ করছে দেখান হয়েছিল। সেখানেও চারপাশে বেশ বড় বড় বাড়ী তৈরি হয়েছে, আজ সেখানে একটি মানুষ বাস করে না, পড়ে আছে সেই রাজপ্রাসাদ.....

Mr. Speaker:
কোথায়?

Sj. Bankim Mukherji:
বীরভূম জেলায়।

[এ ভয়েস: কোন জায়গায়?]

জায়গাটা আমি বলতে পারি না, তবে জেনে বলে দিতে পারি। সেই জায়গার এক ভদ্রলোক আমাকে বলেছিলেন যে ময়ূরাক্ষী থেকে জল নিয়ে এসে ভরে দেওয়া হয়েছিল।

Mr. Speaker:
আর ভরা যায় না?

Sj. Bankim Mukherji:
না। তাহলে রোজ রোজ জল ভর্তি করতে হবে। এবং এর আর কোন কাজই থাকবে না কেবল এর শোভাবর্ধন করা ছাড়া। এখন আমার বক্তব্য হচ্ছে, এই যে সমস্ত জিনিসগুলি, এইগুলি এত পরে হয়ত আসছে পাবলিক এ্যাকাউন্টস কমিটির সামনে, তখন তার অনুসন্ধান করে কোন লাভ হবে না। ইতিমধ্যে আরো অন্যান্য জিনিস এসে গিয়েছে। একটু তাড়াতাড়ি হওয়া উচিত। দ্বিতীয়তঃ, অডিটর-জেনারেল, তারা সাধারণত করে থাকেন কি, না এ্যাকাউন্ট রাখবার যে পদ্ধতি প্রভৃতি আছে সে ফরম, সেই রুলস প্রভৃতি ফলো করা হচ্ছে কিনা এইটা চেক-আপ করা হয়। একচুয়েলী জিনিসটার চেক-আপ হয় না। অর্থাৎ কোন খরচটা উচিত কি অনুচিত এটা চেক-আপ হয় না। একেবারে হয় না তা নয়, হয়ত ৩ পারসেন্ট—এইরকম একটা পার্সেন্টেজ অনুসারে এ্যাকাউন্ট্যান্ট-জেনারেলএর অফিস থেকে যাওয়া হয়, তারা গিয়ে ঐরকমভাবে খুটিনাটি চেক-আপ একটা সারটেইন পার্সেন্টেজএর করে, তারই মধ্যে থেকে অনেক জিনিস এসে যায়। এইভাবে এ্যাকাউন্টিংএর পদ্ধতিতে কোন দোষ নেই। এত টাকা ব্যয় হয়েছে, এইভাবে ব্যয় হয়েছে, ঠিক আইনসংগতভাবেই হয়েছে, কিন্তু জিনিসটাই হয়েছে অপব্যয়। সেটা হয়তঃ এ্যাকাউন্টসএর অডিট রিপোর্টএ আসবেই না। এই যে জিনিসগুলি এরই জন্য আমার বক্তব্য ছিল—যদি আমাদের এইরকম একটা এস্টিমেট কমিটি থাকত এবং তারা এইরকম ঘটনাগুলি দেখতেন তবে আসছে বছর এস্টিমেট করার সময় এই সমস্ত জিনিসের ক্রিটিসিজম নিয়ে আসতে পারতেন। এই দুটো জিনিসই হচ্ছে আমার সবচেয়ে বড় বক্তব্য।

আমি খুব বেশী সময় নেব না। কেন না এবারে আমি কোনরকম নোট অব ডিসেন্ট দেই নি। আমি মোটামুটিভাবে এই রিপোর্টএ এগ্রিমেন্ট যেটা দেওয়া হয়েছে তাতে আমি আমার স্বাক্ষর দিয়েছি। অন্যবারে আমার নোট অব ডিসেন্ট থাকে। এইবার কতকগুলি কাজ এইরকমভাবে অগ্রসর হয়েছে—যাতে আমি নোট অব ডিসেন্ট দেওয়ার প্রয়োজন মনে করি নি। সেই কারণে অন্যবারে আমি দীর্ঘ সময় নিয়ে বহু জিনিস বিশ্লেষণ করেছি। এবারে আমি তা করব না। কিন্তু একটা বিষয় আমি নেব এবং সেটা দিয়েই আমি আপনাকে দেখাব যে কেভেলিয়র ফ্যাশনএ কে চলে—সেইটেই আমি আপনাকে দেখাব।

Mr. Speaker: Mr. Mukherji, you have wide experience in these matters. I would ask you, on a point of information, what is the purview of the activities of the Accounts Committee? Audit is one thing. I am an Accountant and I know what accounts are. It is very easy to satisfy the rules of accounting. I know how accounts are kept, but on a

point of information I would like to know, does it lie within the purview of accounts immediately to go into the propriety of the expenditure. Supposing I take for granted that some attempt was made to rehabilitate the people and houses were built and a tank was excavated which proved a total failure resulting in the abandonment of the site for rehabilitation purposes. You cannot go into that.

Sj. Bankim Mukherji:

অর্থাৎ হাউস এস্টিমেট কমিটি যদি আমাদের একটা থাকত তার উপর নজর রাখবার জন্য —আমি সেইটাই বলেছিলাম। শুধু তা নয়, এমন কি পাবলিক এ্যাকাউন্টস কমিটির ফাংশনএ নয়, অর্থাৎ ফার্স্ট যেটা হয়ে গেছে তার প্রোপ্রাইটি সম্বন্ধে নয়—অর্থাৎ অডিট রিপোর্ট যদি থাকে, এ্যাকাউন্ট্যান্ট-জেনারেল'স এ্যাডভার্স নোট যদি থাকে, শুধু সেইটুকুই হচ্ছে পাবলিক এ্যাকাউন্টস কমিটির স্কোপ—দ্যাট ইজ দি ওনলি স্কোপ। এবং এইখান থেকে তারা তারচেয়ে বেশী দূরে যেতে পারেন না—তারা শুধু অডিট অবজেকশনটাকে রেগুলারাইজ করে—আমি একটিমাত্র বিষয় আলোচনা করে আমার বক্তব্য শেষ করব। অডিট রিপোর্টএর যে অবজেকশন, পেজ ১৪—আইটেম নং ১৭, হোম পাবলিসিটি ডিপার্টমেন্ট এবং এটা সম্বন্ধে যে আলোচনা হয়েছে সেটা পাবলিক এ্যাকাউন্টস কমিটি রিপোর্টএ পেজ ২৯১ থেকে পাওয়া যায়। এখানে ব্যাপারটা হচ্ছে এই, কোন একজন স্পেশ্যাল অফিসার, সিভিল সাপ্লাই ডিপার্টমেন্টএর—তার চাকরি থেকে তাকে বরখাস্ত করা হল। সঙ্গে সঙ্গে তার একটা প্রেস-নোট বেরোয় যে তার অসৎ কার্যের জন্য তাকে চাকরি থেকে তাড়ান হয়েছে। এই প্রেস-নোটটা বেরোয় এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট থেকে। তিনি কোর্টএ কেস করতে যান এবং দেখা যায় যে গভর্নমেন্টএর ভুল হয়েছে এবং তিনি লাখ খানিক টাকা দাবী করেন। এবং গভর্নমেন্ট লিগ্যাল অপিনিয়ন নিয়ে ১০ হাজার টাকার একটা সেটেলমেন্ট করে ফেলেন। এটা অডিট থেকে আপত্তি করা হয় যে, ১০ হাজার যে লস গেল তার জন্য দায়ী কে? ডিপার্টমেন্ট সেখানে কে দায়ী বলতে পারছে না।

[5-50—6 p.m.]

সেখানে হোম ডিপার্টমেন্ট থেকে বলা হল—ব্যাপারটা হয়েছে কিনা, যে ভদ্রলোক ছিলেন ফুড ডিপার্টমেন্টে, তিনি ছিলেন আবার এনফোর্সমেন্ট ব্রাঞ্চের সেক্রেটারী। ফলে হল কি এটা এনফোর্সমেন্ট ব্রাঞ্চের কাছে গিয়েছে, তাঁর কাছেই সে লিস্ট আছে। হোম ডিপার্টমেন্টে প্রেসের বিষয় কোন কিছু লেখা ছিল না। তিনি মুখে মুখে বলেছিলেন। সে সময় শ্রী হোম ছিলেন, তিনি ছেপে দিয়েছেন। লিখিত কোন অর্ডার পান নাই, বা কোন ডকুমেন্ট পাওয়া যায় নাই, এইজন্য গভর্নমেন্ট বলছেন—আমরা কাকেও দায়ী করতে পারি না। আমরা যখন চেপে ধরলাম তখন তিনি বললেন সে সময় একজন আই-সি-এস ছিলেন, তিনি গভর্নমেন্ট অব ইন্ডিয়ায় বদলি হয়ে গিয়েছেন। আমরা বললাম যখন তিনি জীবিত আছেন এবং ভারতবর্ষের মধ্যেই আছেন, তখন তিনি দায়ী কি না দায়ী তার একটা তদন্ত হওয়া উচিত। বরং তদন্ত করবার পর বলা যেতে পারে যে তিনি ভুল করেছেন। পানিসমেন্টএর কথা তখন উঠতে পারে। রিপোর্টে আছে—সামবডি সামহোয়ের মেড এ মিস্টেক। তাতে আমাদের আপত্তি ছিল, সেটা পি, এ, কমিটিতে আলোচনা হলে পর তার খানিকটা বিবরণ এসেম্বলী মেম্বাররা পেতেনে। আমি বলছিলাম—

> "My objection is to the departmental examination that no useful purpose could be served by further pursuing the matter. It is for the Public Accounts Committee to decide whether it should be pursued or not. The department has got no right to give such an explanation.

ডিপার্টমেন্ট থেকে পরে বলা হল এ ব্যাপার নিয়ে আর বেশী পীড়িয়ে লাভ হবে না। আমার কথা হচ্ছে ডিপার্টমেন্ট বলার কে? পি, এ, কমিটি বলবে—এ ব্যাপার নিয়ে পারসিউ করা হবে কিনা।

Mr. Chairman: It is Government's decision after the admission that it was a mistake and not done *mala fide*.

Sj. Bankim Mukherji:

আমরা জিজ্ঞাসা করলাম—কার মিসটেক? সে কথা ত আপনারা বলতে পারছেন না। কাজেই মালা ফাইডি কি বোনা ফাইডি কি সামবডি সামহোয়ের মেড এ মিস্টেক—এ কি করে হতে পারে? কার মালা ফাইডি, কার বোনা ফাইডি ঠিক করলেন, অথচ বলেছিলেন—ইট ইজ মালা ফাইডি। তারপর আমি, অর্থাৎ বঙ্কিম মুখার্জী বলছেন—

"It is the departmental reply. The Government does not come in till the Public Accounts Committee finishes its deliberations.

কাজেই গভর্নমেন্ট এরকম স্ট্যান্ড নেন কি করে?

Mr. Chairman: It came up before the Cabinet. We felt that we have made an admission that it was a mistake which was not done with any *mala fide* intention. As far as I can gather, there were several cases against him, but in this particular case an enquiry was made about it.

Mr. Bankim Mukherji: It should have been mentioned here that it was a Cabinet decision.

Mr. Chairman: We call a Cabinet decision, Government decision; we never say it is a Cabinet decision.

Mr. Bankim Mukherji: Even then Government coming to such a decision has also done wrong to the Public Accounts Committee."

মানে গভর্নমেন্টের পি, এ কমিটির পূর্বে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া গভর্নমেন্টের উচিত নয়, এটা গভর্নমেন্টের রং। আপনারা শুনলে আশ্চর্য হবেন, চেয়ারম্যানএর এস্টাউন্ডিং রিমার্ক হচ্ছে—
Put a vote of no confidence against Government.
আমি যখন খুব চেপে ধরলাম, তখন ফাইনেন্স মিনিস্টার বললেন একটা সিদ্ধান্ত যখন করা হয়েছে তখন এটা নিয়ে গভর্নমেন্টের আর কিছু করা উচিত হবে না। তখন আমি বললাম—তাহলে এটা পি, এ, কমিটি থেকে তুলে নিন। কিন্তু আমার আসল আপত্তি হচ্ছে, গভর্নমেন্ট আগে থেকেই এ সিদ্ধান্ত করেন কি করে? কে দায়ী আগে সেটা ঠিক করুন। আমি যখন আপত্তি করেছি তখন ফাইনান্স কমিটির চেয়ারম্যান, তিনি তখন আর ফাইন্যান্স মিনিস্টার নন, তিনি তখন বলছেন—
Put a vote of no confidence against the Government.
এই উক্তিটাই হচ্ছে গভর্নমেন্টএর বিরুদ্ধে সবচেয়ে বড় ভোট অব নো কনফিডেন্স। এতে বোঝা যায়, পি, এ, কমিটির উপর চীফ মিনিস্টারএর শ্রদ্ধা নাই, কিন্তু তাঁর বোঝা উচিত যে, চীফ জাস্টিস আছেন বলে, এ্যাকাউন্টেন্ট-জেনারেল আছেন বলে বেঙ্গল গভর্নমেন্ট টিঁকে আছেন। এসব স্তম্ভ যদি তুলে নেওয়া যায় তাহলে কি আর লোকের বিশ্বাস থাকতে পারে? কাজেই চীফ মিনিস্টারের বোঝা উচিত পি, এ, কমিটির যতই প্রতিপত্তি বাড়ে ততই জনসাধারণের শ্রদ্ধাও গভর্নমেন্টের উপর আসে। সেখানে তিনি এইরকম হাই হ্যান্ডেডনেসএর যে কাজ করেছেন তার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যে কেভেলিয়ার ওয়েতে কাজ করেন সেটা আপনি দেখতে পারেন।

Mr. Speaker:

কাজেই আমি বলি আর্টিকল ২০৬ তুলে দেওয়া হোক।

Sj. Bankim Mukherji:

তাহলে অনেক বিপদ থেকে বাঁচা যায়। হিটলারও তাই বলতেন [হাস্য।]

"We were satisfied that it was a mistake. For that reason when the matter was brought up, we gave a decision that no useful purpose will be served by pursuing the matter further.

Accountant-General: It is because Audit has not accepted the decision that it has come up here.

Mr. Chairman: We have placed all the facts before the Committee and it is up to the Committee to say what they want to say about it. Government admitted that a mistake was made in issuing the press-note and the mistake was not *mala fide* and that it was not for the purpose of lowering the prestige of a particular person."

তখন আমি বলি, যাই হোক এ সম্বন্ধে কার উপর রেস্পন্সিবিলিটি দিতে হবে? তখন গভর্নমেন্ট-এর চীফ সেক্রেটারী এক নোট দেখিয়েছেন যে প্রেস-নোট দেবার আগে যেন ভাল করে দেখা হয় তার ভিতর এমন কিছু না থাকে যাতে ডিফামেশন, লাইবেল এরকম কিছু না আসে। গভর্নমেন্ট এখন স্যাটিসফাইড যে চীফ সেক্রেটারী এইরকম নোট দিয়েছেন। আমি বললাম—

"Sj. Bankim Mukherji: Government's final conclusion in this matter is that in order to prevent recurrence of such things in future they should be more careful about the matter to be published, but that is not the point here. The main point has been missed again. Even with the utmost carefulness, there may be some press-notes which may be of a libellous nature and something of this kind. That is not the main point. The real difficulty in this case was that no signed document was taken at any time. So they have missed the main point.

Mr. Chairman: What is the present practice with regard to the issue of the press-note?"

যাহোক শেষ পর্যন্ত এই সিদ্ধান্ত হল ভবিষ্যতে এরকম প্রেস-নোট যাবার আগে সে বিষয়ে যিনি অফিস নোট দিয়েছেন তাঁর স্বাক্ষর থাকা উচিত, আরো স্বাক্ষর করবেন ডিপার্টমেন্টের সেক্রেটারী এবং তারপর যাবে চীফ সেক্রেটারীর কাছে, এবং চীফ সেক্রেটারী সাইন করলে পর প্রেস-নোট বেরুবে। কিন্তু এই ব্যাপারটা নিষ্পত্তি করতে আধ ঘণ্টারও বেশী সময় নেওয়া হবে ঐ একটা আইটেমএ।

Mr. Speaker:
আজ আর কেউ বলার নেই, আপনি যতক্ষণ খুসী বলুন।

Sj. Bankim Mukherjee:
এর ভিতর একটা জিনিস দেখতে পাবেন, আমি একদিন ঘণ্টা দুয়েক অনুপস্থিত ছিলাম। সেদিন প্রায় ২৫-৩০টা আইটেম বিনা বাধায় পাশ হয়ে গেল। সেদিন অন্য জায়গায় একটা কাজ ছিল বলে আমার আসতে দেরি হয়েছিল। অন্য যে মেম্বাররা পি. এ. কমিটির ব্যাপারে উৎসাহ দেখান, যেমন ধীরেন্দ্রনাথ মুখার্জি এবং মিঃ প্ল্যাটেল, তাঁরা সেদিন ছিলেন কিনা জানি না। কি করে দু ঘণ্টার ভিতর ১৮-২০টা বড় বড় পয়েন্ট চলে গেল আমি দেখে আশ্চর্য হলাম। এ্যাকাউন্টেন্ট-জেনারেল সে বছর নতুন এসেছেন, সেইজন্য হয়ত বিশেষ কিছু জোর দেন নি, কিন্তু আমি অবাক হলাম যে পশ্চিমবাংলার এত বড় বড় ব্যাপার—যা নাকি অডিটএর ব্যাপার—তা ওঁরা জলের মতন বার করে নিলেন।

[6—6-10 p.m.]

এটা আপনারা দেখতে পাবেন—পেজ ২৯১ থেকে চলে গেলে পর হোম ডিপার্টমেন্টএর পর থেকে পাতা ১৫ আপনারা দেখবেন কি রকম ব্যাপার। হোম ট্রান্সপোর্টএর একটা কেসএ দেখা হল—

"In one case delay in sending the acceptance of an offer made by a contractor led to a loss of Rs. 18,580. In a second case, the delay in accepting the quotation sent by a firm for the supply of chassis caused an excess expenditure of Rs. 21,000, etc. In a third case the non-acceptance of the lowest tender for the construction of bodies of 44 Leyland buses resulted in the excess expenditure of Rs. 2 lakhs, etc."

এই সমস্ত ব্যাপারগুলি দেখা গেল। তার পরদিন যখন এটা উঠল—তখন রিড বলে লিখে দেওয়া হয়েছে, অর্থাৎ এই সম্বন্ধে বিশেষ কিছু ডিসকাশন হল না। লেল্যান্ড বাস সম্বন্ধে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট বললেন—বেশী কিছু ছিল না। সামান্য তফাৎ হয়েছে। ৪৪টি বাস ছিল, যারা টেন্ডার দিয়েছে লোয়েস্ট তাদের এক্সপিরিয়েন্স নাই। আমি জানি না কেন এ্যাকাউন্টেন্ট-জেনারেল, ওয়েস্ট বেঙ্গল বুঝতে পারেন না। এমন একটা ছোটখাট ব্যাপার তাঁকে বুঝান গেল না। আরও এইরকম সমস্ত ব্যাপার আছে, সেগুলি যে জিনিসগুলি এ্যাকাউন্টেন্ট-জেনারেলএর কাছে প্রথম থেকে নিয়ে যাওয়া উচিত। তিন কিংবা ছয় মাস পরে নিয়ে গেলে পরেও তিনি যদি এগুলি স্বীকার করতেন তবে অডিট রিপোর্টএ আসত না। যেহেতু স্বীকার করেন নি সেজন্যই আসে, অডিট রিপোর্টএ যাবার সে কথার পুনরাবৃত্তি থাকে। অথরিটি, চেয়ারম্যান অব দি কমিটি সেখানে যদি বলে থাকেন তাহলে পর তা থেকে আমাদের কোন লাভ হয় না, তা থেকে পাবলিক এ্যাকাউন্টস কমিটির কাজ খুব বেশী অগ্রসর হয় না। তবে আমার শেষ বক্তব্য হচ্ছে—এই পাবলিক এ্যাকাউন্টস কমিটির মত একটা কমিটি তিন-চার বছর ফাংশন করার পর এটুকু উন্নতি লক্ষ্য করেছি যে পার্টিশনএর পর হিউজ এরিয়ার্স ছিল, তখন একটিমাত্র বিষয় আমরা দেখছি যে পাবলিক এ্যাকাউন্টস কমিটির সামনে এরিয়ার্সগুলি আসার পর এবং এরিয়ার্স-গুলি সম্বন্ধে নানারকম প্রচেষ্টা হবার পর অন্ততঃ এক একটা এক্সপ্ল্যানেশন প্রত্যেক ম্যাটারএ টেক-আপ করেছে এবং সেই এক্সপ্লানেশন সন্তোষজনক কিনা এখনও আমরা তা জানি না, যেহেতু এ্যাকাউন্টেন্ট-জেনারেল কোন কমেন্ট পাশ করেন নি এবং সেটা হয়েছে তিন বছর আগে, সেটা এখানে পাবেন তিন বছর পরে—দুর্ভাগ্য হচ্ছে সেখানে। এ হলে পর আমরা বুঝতে পারবো পাবলিক এ্যাকাউন্টস কমিটির এই পিরিঅডএ কাজের কি উন্নতি হয়েছে, না হয়েছে এবং সেটা বুঝা যাবে পাবলিক এ্যাকাউন্টস কমিটির রিপোর্ট পেলে পর। যেহেতু চীফ মিনিস্টার এখানে এসেছেন, তাঁর দৃষ্টি পাওয়া যাচ্ছে, তাঁকে আমি স্মরণ করিয়ে দিতে চাই, তাঁর প্রমিসেসএর কথা তিনি রাখেন নি। জানুয়ারী মাসে তিনি গত সেসনএ বলেছিলেন, পি, এ, কমিটির মিটিং ডাকবেন—কিন্তু ডাকা হয় নি কেন? আবার হয়ত আমাদের কতকগুলি বলার থাকবে এবং পরের বছর ১৯৫২-৫৩এর সার্কুলার হ্যাজ বিন লেইড—সেটা ডিসকাশন হতে পারে, এ্যাকাউন্টেন্ট-জেনারেলএর উপর চাপ দিতে পারতেন এই তিন বছরের কেন নেই? কেন পাব না? এবং মিঃ স্পীকার, স্যার, গতবারে আমি রুলিং চেয়েছি, এবারও চাইছি, যে, পি, এ, কমিটি যেখানে একটা বছরের জন্য ইলেকটেড হয় সেখানে একাধিক বছরের অডিট রিপোর্ট তারা আলোচনা করতে পারে কিনা? আমার নিজের ধারনা—কোন বাধা নেই, কিন্তু এইরকম নির্দেশ নেই। পি, এ, কমিটি মাত্র এক বছরের রিপোর্ট আলোচনা করতে পারে। তা যদি হয়, তখন মাঝে মাঝে দু-এক বছরের পি, এ, কমিটির বৈঠক বসে নি, গত বছর বসে নি এবং এই যে বছর আলোচনা করছি, আগেকার বছর বসে নি। এই সমস্ত এরিয়ার্সগুলি এখন থেকে পি, এ, কমিটি যদি অন্তত দুই-তিন বছর প্রত্যেক বছর অডিট রিপোর্ট আলোচনা করে তাহলে এরিয়ার্সগুলি শোধ করতে পারব এবং তাহলেই অন্ততঃ গণতান্ত্রিক সরকার যে দেশে রয়েছে তার কিছুটা মুখ দেখবার মত অবস্থা আমাদের হবে।

Satyagrahis from Purulia

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহোদয়, একটা বিশেষ ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে পুরুলিয়া থেকে প্রায় হাজার খানেক লোক আসছিলেন, তাঁদের মেদিনীপুরে গ্রেপ্তার করা হয় এবং ১২-১৪ জনকে আটকে রাখা হয়। আমি এবং বিভূতি ঘোষ, এম, এল, সি, ডাঃ রায়ের কাছে গিয়ে বলি যে তাঁদের ছেড়ে দিলে তাঁরা ফিরে যাবেন, কিন্তু তাঁদের ছেড়ে দেওয়া হয় নি। তাঁরা বরাবর পায়ে হেঁটে এখানে আসছিলেন শ্রীবিভূতি ঘোষ, এম, এল, সি, এবং চিত্ত বোস, এম, এল, এর নেতৃত্বে এ্যাসেম্বলীর কাছে। তাঁরা বহুদিন ধরে সরকারের কাছে তাঁদের দাবী-দাওয়া সম্বন্ধে জানিয়েছিলেন যে পুরুলিয়ায় বাংলার সেলস ট্যাক্স এ্যাপ্লায়েড হয়েছে কিন্তু বিহারের অন্যান্য যে ট্যাক্স সেগুলিও সেখানে রয়েছে এবং সেগুলি অত্যধিক। তারপরে সেখানে তাঁরা একটা করাইয়াবেড়া নদীর বাঁধ চেয়েছেন, তাতে ছয় হাজার বিঘা জমি সেচ হবে এবং আরো অনেক দাবী ডাঃ রায়ের কাছে গভর্নমেন্টের কাছে পেশ করা হয়েছে, কিন্তু এ পর্যন্ত কোন ব্যবস্থা করা হয় নি। তাঁদের উপর নানারকম অত্যাচার, নির্যাতন চলছে, তাঁদের গ্রেপ্তার

করা হচ্ছে। তাঁরা আসছিলেন এ্যাসেম্বলীর কাছে তাঁদের দাবী জানাবার জন্য কিন্তু তাঁদের রাস্তায় গ্রেপ্তার করা হয়েছে। কাজেই সেদিক থেকে আমি সরকারের দৃষ্টি এ বিষয়ে আকর্ষণ করছি।

Sj. Jyoti Basu:

স্পীকার মহোদয়, তাঁরা আমাদের কাছে আসছিলেন তাঁদের দাবীদাওয়া পেশ করতে। রাস্তায় তাদের গ্রেপ্তার করা হোল। আমি শুনলাম আগে নাকি ডাঃ রায়কে জানানো হয়েছিল যে এঁরা আসছেন এবং এঁরা দেখা করতে চান। আমি এটা বুঝতে পাচ্ছি না যে অন্তত তাঁদের সঙ্গে দেখা করার ব্যবস্থা কেন মুখ্যমন্ত্রী করলেন না? এর আগে সংবাদপত্রে বেরিয়েছিল যে খড়্গপুরে এঁদের এ্যারেস্ট করা হয়েছে এবং ট্রেন থেকে নামানো হয়েছে—এই সমস্ত খবরের কাগজে দেখেছিলাম। সেটা মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে পারলে ভাল হয়। কারণ এতগুলি লোক যখন আসছিলেন প্রায় ৯শো লোক হবে, তখন এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। তাঁরা এতদিন ধরে হেঁটে আসছেন, তাঁদের সঙ্গে দেখা না করে তাঁদের গ্রেপ্তার করা হোল এটা আশ্চর্য মনে হচ্ছে।

[6-10—6-20 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty:

আমি এখানে একটা কথা বলতে চাই, আমরা চাই ডাঃ রায় এব্যাপার আমাদের জানান। হেমন্তবাবু, বিভূতিবাবু এঁরা তাঁর কাছে গিয়েছিলেন, তাঁদের কেন ফিরে আসতে হল এবং সত্যাগ্রহ করতে হল এ সম্বন্ধে আমরা তাঁর কাছে জানতে চাই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, four or five days ago Mr Bose came to me and he said that he will try his level best to take them back to Purulia from that place. Five, seven or ten that had been arrested would be released soon. I have nothing more to say. Just now I got a message from the Police saying that they wanted to see me today. I said—No, I cannot see them today because I am busy with something very much important but that I would see them either on Wednesday or Thursday or any other day later on. I got news that Mr. Chitta Basu and Mr. Bibhuti Ghosh have been arrested and taken to lock-up. I may say also I have not received any demand from any group, particularly regarding the need of this group which is practically led by the Forward Bloc. It is true that there have been general demands from other people about, first of all, the Chotonagpur Bank and then about the introduction of various Bengal laws in Purulia area and also about the irrigation difficulties. We are trying our level best to get them removed. Only about five or six weeks ago, we tried to develop their lac cultivation by giving loan for over a lakh of rupees to the lac cultivators for getting the land. We are trying our level best to remove the difficulties. I have not heard any particular demand or note or memorandum from the gentlemen that have come now. I am at a loss to know why they have come and what is their need and what are their difficulties.

Sj. Hemanta Kumar Basu:

আমার সঙ্গে ডাঃ রায়ের কথা হয়েছিল যে, তাদের ছেড়ে দিলে তারা ফিরে যেতেন।

Discussion on the Public Accounts Committee

Sj. Panchanan Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমরা পাবলিক একাউন্টস কমিটির রিপোর্ট ১৯৫৮ সালের গোড়ার দিকে শবব্যবচ্ছেদ করছি—এর সার্থকতা কিছু নাই এজন্য যে, যা প্রথমে দেওয়া হয়েছে এবং রিপোর্টে যে দোষত্রুটি আগে দেখান হয়েছিল এবং এই দোষত্রুটি নিয়ে পাবলিক একাউন্টস কমিটিতে যা বলা হয়েছিল, পরবর্তী অবস্থায় আমরা তা জানতে পারি নি। নিয়ম অনুযায়ী যাঁরা খরচ করেন তারাই সার্টিফাই করেন এবং অডিটর সেসব মেনে নেন। কোথাও যদি চেপে

ধরা হয় তাহলে এ্যামাউন্ট অব উইথড্রন ফর এই দাঁড়ায় শেষ পর্যন্ত অর্থাৎ সরকার জনসাধারণের টাকা বরবাদ করে দেন। অনেক দোষত্রুটি ধরা হয়েছে, কিন্তু এই দোষত্রুটির মূলগত কারণ সম্বন্ধে কিছু বলবার অধিকার পাবলিক একাউন্টস কমিটির নাই। আমরা লাইফ ইন্সুরেন্স করপোরেশনএর ব্যাপারে দেখছি দোষত্রুটি যদি সময়মত ধরবার ব্যবস্থা থাকত এবং সেই ব্যবস্থা যদি সরকারী আওতার বহির্ভূত হত তাহলে অনেক অপব্যয় থেকে এই শাসন ব্যবস্থা বাঁচত। এই রিপোর্ট থেকে পড়তে গিয়ে আমরা দেখলাম একজন ইঁটের কন্ট্রাক্টরকে ইঁট তৈরী করবার জন্য কন্ট্রাক্ট দেওয়া হয়েছিল। এই কন্ট্রাক্টর ইঁট তৈরী করতে করতে বললেন, বাজারে ইঁটের দাম বেড়েছে, সুতরাং তাঁকে বেশী দাম দিতে হবে—এইভাবে তিনি ডাবলের বেশী টাকা আদায় করলেন। তারপর আবার বললেন, তোমরা কয়লা দিতে পারছ না, অতএব আমি ইঁট দিতে পারব না। কয়লা সরকার দিতে পারলেন না। সুতরাং পাবলিক একাউন্টস কমিটির পক্ষে সম্ভব ছিল না এগুলি ভেরিফাই করা। সে সময় ইঁটের বাজারে একটা র‍্যাকেটিয়ারিং চলছিল এবং বাংলাদেশের ইঁটখোলার মালিকেরা প্রচুর লাভ করেছিলেন। এরজন্য একটা আন্দোলন হওয়ার দরুণ আবার ইঁটের দাম নেবে যায়। কিন্তু বাংলাদেশের সরকার এইসব র‍্যাকেটিয়ারিং বন্ধ করেন না। এসব জিনিস আলোচনা করবার স্কোপ পাবলিক একাউন্টস কমিটির নাই। যেমন আমরা দেখতে পাচ্ছি যে, ফাঁটাপুকুর মোহিতপুরে একটা সর্বার্থসাধক সমবায় সমিতিকে প্রচুর টাকা দেওয়া হয়েছে, কিন্তু পরিবর্তে পাওয়া গিয়েছে শুধু প্রতিশ্রুতিপত্র। দুঃখের বিষয়, সেই টাকা উসুল হবারও সম্ভাবনা আছে কিনা জানবার উপায় নাই এবং এ সম্পর্কে কোনপ্রকার অনুসন্ধান করারও উপায় নাই। বি পি রেলওয়ে এবং বারাসত বসিরহাট রেলের ব্যাপারে একটা মস্ত বড় জবাবদিহি করা হয়েছে যে, ঐসব মালপত্র বেচে টাকা আদায় করা হবে। এবং বেঙ্গল প্রভিন্সিয়েল রেলওয়েএর ব্যাপারেও আরো সুবিধা দেওয়া হয়েছে যে ঐ রেলপথ দিয়ে অন্য রাস্তা করা হবে। ঐ রাস্তার জমি রেলওয়ে কোম্পানি থেকে কিনে সেই টাকা উসুল করা হবে। মজার কথা, লোকে বলে যে বি পি রেলওয়ে যাঁরা পরিচালনা করেন তাদের সুযোগ করে দেবার জন্যই রেলপথটা শুধু বন্ধই করা হয় নি, তাদের বিলি ব্যবস্থাও হয়েছে, এই ধরনের কথা শুনা যায়। এইভাবে জনসাধারণের টাকা মারা গিয়েছে। ভবিষ্যতে সেটা কোনদিন চলবে তা নয়। এইভাবে সেখানে জনসাধারণের দুর্গতি হয়েছে অথচ এসব কথা বলবার অধিকার পাবলিক একাউন্টস কমিটির নাই। বাংলাদেশে এই ধরনের তাজ্জব কথা আমরা দেখতে পাই পাবলিক একাউন্টস কমিটির রিপোর্টে। আমরা এই রিপোর্টে আরো একটা জিনিস দেখতে পেলাম যে, কাঁথিতে একজন ফরাসী বিশেষজ্ঞ আনা হল নুনের কারবার করা যায় কিনা, তাতেও কিছু জরিমানা দেওয়া হয়েছে। কাঁথি অঞ্চলে যাঁরা গিয়েছেন তাঁরাই যে, কুটির শিল্পের পর্যায়ে নুনের উৎপাদন সেখানে বেশ হতে পারে। দুঃখের বিষয়, এই ব্যাপারে কিছু বলার অধিকার অডিটর-এর নাই এবং এই হাউসের পক্ষেও কিছু বলবার অধিকার নাই। এই ধরনের একটা বিশেষ কাণ্ড ঘটেছিল—সেটা হচ্ছে জে স্টোন এ্যান্ড কোঃ-র কাছ থেকে জমি নিয়ে সেই জমি আবার ফেরত দেওয়া হয়, কেননা সেখানে পেনিসিলিন কারখানা তৈরী করার সম্ভাবনা ছিল না। হাজার টাকারও বেশী দাম দিয়ে সেই জমি নিলেন, কিন্তু তা কোন প্রয়োজনে এলো না। তার আগে এবং পরে ক্যালকাটা পোর্ট কমিশনার্সএর প্রচুর জমি নামমাত্র দামে বিলিব্যবস্থা হয়েছে এবং বিদেশী কোম্পানী সেই জমি নিয়েছে। সরকার পোর্ট কমিশনার্স থেকে এটা নিতে পারতেন। কিন্তু তা না করায় জে স্টোন এ্যান্ড কোম্পানিকে অর্ধ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিতে হল এবং তাঁদের চোখরাঙ্গানিও সহ্য করতে হল। অডিটর এসব কথা বলতে পারেন না—তিনি বলতে পারেন না যে, ক্যালকাটা পোর্ট কমিশনার্স থেকে জমি পাওয়া সম্ভব ছিল।

[6-20—6-30 p.m.]

কোন একটি কোম্পানির লিজ-হোল্ড প্রপার্টি পুনরায় নেবার ব্যবস্থা হল।

তারপর আরো জিনিস রিটেন অফ-এর কথা বলতে পারি। জাহাজে চালানো ৪০ হাজার টাকার চাল পাওয়া গেল না। তার জবাব দেওয়া হল কলকাতা বন্দরে চাল মাপবার কোন ব্যবস্থা ছিল না। তাহলে চালটা কি করে গেল বুঝলাম না। যারা মালটা তুললো তাঁরা ইঁদুরে খাওয়ার কথা আর বল্লেন না, ট্রানজিটএ যাওয়ার কথাও বললেন না। ব্রহ্মদেশ থেকে যাঁরা চাল

পাঠাচ্ছেন, তাঁরা যে কম পাঠিয়েছিন তা তাঁরা বললেন না। এই রকমে তাঁরা ন্যায়ের কথা বলেন! কিন্তু এই সরকার কি করলেন? সরকার শুধু এই বিরাট টাকার অঙ্ককে রিটেনঅফ করলেন না, এই ব্যাপারে দায়ী সংলিষ্ট উর্ধতন কর্মচারীকেও রেহাই দিলেন। তবে এই ধরনের কাজকর্ম ঘটবার পেছনে রাজনৈতিক স্বার্থ যে না আছে তা নয়।

পুনরায় আমরা দেখছি সরকার পশ্চিমবঙ্গের নানা জায়গায় যখন রেশন প্রথা চালু করেছিলেন, তখন এত রেশনের দোকান হয়েছিল যে, তার দৈনন্দিন বিক্রীর টাকা আদায় করবার জন্য তাদের সরকারী কর্মচারীর উপর ভার না দিয়ে সরকার করলেন কি? একটা গুজরাটি কোম্পানির উপর সেই টাকা আদায়ের ভা দিলেন। শোনা যায় এই গুজারটি কোম্পানির সঙ্গে বিশেষ আত্মীয়তা সূত্রে ঘনিষ্ঠ কোন এক ভদ্রলোক—যিনি ইন্ডিয়ান ন্যাশন্যাল ট্রেড ইউনিয়ন কংগ্রেসএর নেতা, তারই অনুরোধে বাংলাদেশে ঐ গুজরাটি কোম্পানিকে এই টাকা আদায়ের ভার দেওয়া হয়েছিল। ফলে হলো তাঁরা এই টাকা আদায় করে আর সরকারী তহবিলে জমা দিলেন না। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে আইনের আশ্রয় নিয়ে প্রমাণ করে সেই টাকা আদায় করা কঠিন মনে করে ছেড়ে দিলেন। এই যে টাকাটা লোকসান হয়েছিল এটা বাংলাদেশের জনসাধারণের টাকা। সেটাও সরকার রিটেনঅফ করে দিলেন।

তারপর গুদামে ধানচাল শর্টেজ হয়, সেটাও রিটেনঅফ হয়। যেমন এক বছর হল ২,০৪১ মণ, তারপর হল ২,০৬২ মণ চাল। যেটুকু সাধারণ নিয়ম আছে ট্রানজিট বাবদ ছাড় দেওয়ার, তারও অতিরিক্ত হয়েছিল। চেষ্টা করলে গুদামের ভারপ্রাপ্ত কর্মচারী যাঁরা থাকেন, তাঁদের পাকড়াও করলে একটা কিনারা হতে পারতো। তাদের যোগসাজসে চালের অসাধু ব্যবসাও চলে থাকে। কাজেই তাঁদের উপর চাপ পড়লে অপরাধ নির্ণয়ের ব্যবস্থা করা সম্ভব হতো। কিন্তু সেই অপরাধ নির্ণয়ের কোন ব্যবস্থা নাই। অতএব যা তাই হচ্ছে।

আমরা দেখছি পাবলিক একাউন্টস কমিটির কাজের যে ধারা তার মধ্যে যে সমস্ত অসুবিধা আছে, আমার পূর্ববর্তী বক্তারা সে সম্বন্ধে আলোচনা করেছেন। আমি আর তার অতিরিক্ত কিছু বলতে চাই না। কিন্তু পাবলিক একাউন্টস কমিটি থেকে যে সদিচ্ছা ব্যক্ত করা হয়েছিল, সেখান থেকে যেসমস্ত সুপারিশ করা হয়েছিল, তার একটিও কার্যকরী করা হয় না। বাজেট বরাদ্দ হয়, কিন্তু আসল ব্যয়ের সঙ্গে তার কোন সম্পর্ক নাই। হয় বেশী হয়, না হয় কম ব্যয় হয় এবং এই কমবেশী ব্যয়ের অঙ্ক হাজার হাজার টাকা। লক্ষ লক্ষ টাকা হয়। হয় লাভ হয়, না হয় লোকসান হয়। কাজের জন্য টাকা বরাদ্দ হয়, আবার দেখা যায় সেই টাকা ব্যয় হয় না, ফেরৎ এসেছে। এগুলি দেখা দরকার—পাবলিক একাউন্টস কমিটির বক্তব্যগুলি বিশেষভাবে অনুধাবন করার প্রয়োজনীয়তা আছে। কিন্তু দুঃখের বিষয় বছরের পর বছর ঐ একই রকমভাবে চলে আসছে। এটা গত কয়েক বছরের বাজেট দেখলেই বোঝা যাবে। গত বারের অডিট রিপোর্ট দেখলেও ঐ একই জিনিস দেখা যাবে।

আমার বক্তব্য হচ্ছে যে, পাবলিক এ্যাকাউন্টস কমিটিকে আরো ক্ষমতা দেওয়া হোক। এই একাউন্টিং সম্বন্ধে, মাননীয় স্পীকার মহোদয়, আপনি নিজে বলেছেন আপনি এ্যাকাউন্টস ভাল জানেন। এ্যাকাউন্টসএর যেকোন বই খুললেই দেখা যায় কিভাবে লস এ্যান্ড প্রফিট দেখাবার ব্যবস্থা আছে। লাভও লুকিয়ে দেওয়ার ব্যবস্থা আছে, লোকসানও লুকিয়ে দেবার ব্যবস্থা আছে। যাদের এ্যাকাউন্ট সম্বন্ধে অভিজ্ঞতা আছে, যাঁরা অথরিটি, তাঁরা জানেন সেটা। আমাদের কাছে যা উপস্থিত করা হয়, তার দ্বারা আইন বাঁচানোর ব্যবস্থা হয়ে থাকে। জনসাধারণের সাধ্য নাই সেটা বোঝা।

আমাদের দেশের জনসাধারণের টাকা এইরকমভাবে রাইট অফ করবার কারো অধিকার নাই। বিধানসভার সদস্যদের অধিকার যেটুকু আছে, তাতেও তা নাই। সংখ্যাগরিষ্ঠ দলের সরকার। কাজেই তাঁরা কথায় কথায় বলেন অনাস্থা প্রস্তাব আনুন। কেন না সরকারী তরফ সংখ্যায় বেশী, ভোটে পারা যাবে না। সুতরাং আমাদের বাংলাদেশের জনসাধারণ বিধানসভার সদস্যদের মারফত এই কথাই বারংবার শুনে আসবেন প্রতি বছর যে হাজার হাজার টাকার গলদ হয়েছে।

তারপরে আরো গলদ দেওয়া আছে, তার ব্যাখ্যাও দেওয়া হয়েছে। দশবার ব্যাখ্যা দেওয়া হয়েছে। আসলে যে অপরাধী, যার গাফিলতির জন্য এইসব কাণ্ডকারখানা হয়, তার দিকে নজর দেবার কোন রকম ব্যবস্থা এই সরকারের নাই।

Sj. Basanta Kumar Panda:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে রিপোর্ট আমাদের সামনে আনা হয়েছে, যে রিপোর্ট আনবার একমাত্র উদ্দেশ্য বা সার্থকতা যা হতে পারে, সে বিষয়ে এই এসেম্বলীতে আলোচনা হবে এবং যে সমস্ত বিষয় এই রিপোর্টের মধ্যে উল্লেখ আছে তা থেকে গভর্নমেন্ট শিক্ষা গ্রহণ করেন এবং সেই অনুযায়ী ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ করেন, নিয়ন্ত্রণ করেন। আমাদের সংবিধানের আর্টিকল ১৫১ অনুযায়ী কন্ট্রোলার এ্যান্ড অডিটর-জেনারেল অফ ইন্ডিয়া পাঠিয়ে দিলেন রাজ্যের গভর্নরের কাছে এবং গভর্নর সেই রিপোর্ট তাঁর সরকারের কাছে পাঠান এবং সরকার এই হাউসে প্লেস করবেন। এই লে করবার পর আর যে কি করতে হবে কনস্টিটিউশনএ তার উল্লেখ নাই। সুতরাং লে করবার একমাত্র উদ্দেশ্য এই বুঝি যে দেরী হোক তবু এটা হাউসে আলোচিত হবে এবং আলোচিত হবার পর যে সমস্ত বিষয়ে আলোচিত হবে গভর্নমেন্ট ভবিষ্যতে তাঁদের কর্মপন্থা সেইভাবে নিয়ন্ত্রণ করবেন। কিন্তু বছরের পর বছর এই রকমভাবে রিপোর্ট হাউসে আসার পরেও আমরা দেখতে পাচ্ছি গভর্নমেন্টের চিন্তাধারা ও কার্যধারার কোন পরিবর্তন হয় নাই। কিংবা অডিট ডিপার্টমেন্ট থেকে যেসমস্ত আপত্তি এসেছে, সেই সমস্ত আপত্তি সম্বন্ধে কোন কার্যকরী পন্থা গ্রহণ করা হয় নাই, নিজেদের কর্মপন্থা সংশোধন করা হয় নাই। আমরা আজ যে সমস্ত রিপোর্ট আলোচনা করছি, সেই সমস্ত ঘটনা ঘটেছে ১৯৪৯, ১৯৫০ ও ১৯৫১ সালে। সুতরাং এখন সেই সবের পোস্ট-মর্টেম একজামিনেশন ছাড়া অন্য কোন উদ্দেশ্য এই আলোচনার নাই। যাহোক এর ভেতর যেটুকু গলদ দেখতে পাচ্ছি সেটা ভবিষ্যৎ বছরে আমাদের কাছে এই রকম যে রিপোর্ট আসবে তাতে যদি এই সমস্ত জিনিসের পুনরাবৃত্তি না দেখি তাহলে এই রিপোর্ট এই হাউসে লে করবার সার্থক উদ্দেশ্য রয়েছে। তা না হলে এটা সম্পূর্ণ নিরর্থক। এইজন্য যেসময় নষ্ট করা হয়, তাও সম্পূর্ণ নিরর্থক বলে আমি মনে করি।

আর একটা কথা বলবো। এইরকম ৮-৯ বছর পরে এসে একটা ঘটনা ঘটে যাবার পর কেন এই সমস্ত রিপোর্ট আলোচিত হয়? অবশ্য এর একটা মরাল এফেক্ট রয়েছে। তবে এর কোন বাস্তব সার্থকতা নাই। যে সমস্ত বিষয়ে আপত্তি হয়েছে এবং যে সমস্ত অফিসার এই সমস্ত কাজের জন্য দায়ী হয়েছে তাঁদের অধিকাংশক্ষেত্রে দেখা যাচ্ছে কেবল ওয়ার্নিং দেওয়া হয়েছে এবং খুব কম ক্ষেত্রেই ডিপার্টমেন্টাল এ্যাকশন নেওয়া হয়েছে। ডিপার্টমেন্টএর গলদগুলি যাতে চলে যায়, তারজন্য একটা একশন নেওয়ার কথা হয়েছে। কিন্তু আসলে যে সেই একশন নেওয়া হয়েছে তা পরের বছরের কার্যাবলী থেকে দেখত পাচ্ছি না। অধিকাংশক্ষেত্রে দেখা যাচ্ছে—যে সমস্ত অফিসার দায়ী, সেই সমস্ত জায়গায় এই সমস্ত ঘটনা ঘটে গেছে। কিন্তু সেই সমস্ত ঘটনার স্থান গোপন করা হচ্ছে, অফিসারের নামও গোপন করা হচ্ছে। এবং অনেক জায়গায় যেসব কার্য হয়েছে সেইসব কার্যও গোপন করা হয়েছে।

আর একটা ব্যাপার আমরা দেখতে পাচ্ছি। দুটো রেলওয়ে, একটা বি বি লাইট রেলওয়েকে ১৫ লক্ষ টাকা দাদন দেওয়া হয়েছে। আমাদের এই সরকার যে ১৫ লক্ষ টাকা দাদন দিয়েছেন সে সম্পর্কে অডিট থেকে বলা হয়েছে এর কোন কোলেটারাল সিকিউরিটি ছিল কিনা? তার কোন উত্তর দেওয়া হয় নাই। তারপর দেখতে পাচ্ছি এই লাইট রেলওয়ে লিকুইডিশনে চলে গেছে। এখন লিকুডেটরএর কাছ থেকে লিকুইডিশন প্রসিডিংস শেষ হবার পর এই ১৫ লক্ষ টাকার কত অংশ এ্যাডভান্স আদায় করা হল? ঐ টাকার মধ্যে কি পরিমাণ সুদের টাকা ছিল তাও বলা হয় নাই। বি বি রেলওয়ে সম্বন্ধে টাকা দেওয়া হয়েছে তিন লক্ষ টাকা। এই রেলওয়েও লিকুইডিশনে গিয়েছে। এর টাকা আদায় করবারও কিছুমাত্র উপায় নাই। সেইজন্য বারবার ১৯৫১ সালের অডিট রিপোর্টএ বলা হয়েছে—কেন এদের টাকা দাদন দেওয়া হল? কোলেটারাল সিকিউরিটি কি আছে? সে সম্বন্ধেও কোন উত্তর পাওয়া যায় নি।

[6-30—6-40 p.m.]

এখন রিপোর্ট এ দেখছি লিকুইডেটরএর কাছ থেকে বলা হয়েছে যে, যে রাস্তা দিয়ে রেল লাইনটা ছিল সেই রেল লাইনটা উঠিয়ে দিয়ে সেখানে বাস লাইন তৈরী করা হবে। অবশ্য এটা আইনত সম্ভব হবে কিনা কিম্বা লিকুইডেটরএর হাতে সম্পত্তি রয়েছে, লিকুইডেটর এখন একজন ক্রেডিটর অর্থাৎ বণ্টায় সরকার, এর কোন সিকিউরিটি নেই, এর কোন ফার্স্ট চার্জ নেই, এই রকম একজন ক্রেডিটরকে লিকুইডেটর দিয়ে দিতে পারেন কিনা এ সম্বন্ধে যথেষ্ট আইনের তর্ক রয়েছে এবং এ সম্বন্ধে আমার যথেষ্ট সন্দেহ রয়েছে।

তারপর কলিকাতার পুলিসদের অবস্থানের জন্য বলা হচ্ছে যে পার্টিশনএর পর কলিকাতায় পুলিসের সংখ্যা অনেক বেড়ে গিয়েছে এবং সেইজন্য অনেক বাড়ী রিকুইজিশন করা হয়েছে তাদের থাকবার জন্য, তাতে ১,৫৫,৭১৩ টাকা লস হয়েছে। কারণ হচ্ছে, অতিরিক্ত ভাড়া দেওয়া হচ্ছে। আর অনেক জায়গায় যে সমস্ত ভাড়া [illegible] করা হয়েছে, তার সঙ্গে এই সমস্ত ভাড়ার কোন সম্বন্ধ নেই। ভাড়া অত্যন্ত বেশী। বারবার বলা হচ্ছে যে প্রাইভেট লোকদের বাড়ী থেকে উচ্ছেদ করে সেখানে সরকারী কর্মচারী বসান—এটা অত্যন্ত অন্যায়। সরকার আজকে ৭-৮ বৎসর সময় পেয়েছেন। বিশেষতঃ রিকুইজিশন আইন ১৯৪৭ সাল থেকে ১৯৫৮ সাল—এই ১১ বৎসর চালু আছে। আইনের উদ্দেশ্য যত কম সংখ্যক বাড়ী নেওয়া এবং ইতিমধ্যে গভর্নমেন্ট নিজের খরচায় নতুন নতুন বাড়ী করে সরকারী কর্মচারীদের একমোডেশন-এর ব্যবস্থা করবেন এবং এই সমস্ত বাড়ী ছেড়ে দেবেন। কিন্তু তা সত্ত্বেও পুলিসের সংস্থানের জন্য কলিকাতার বহু বাড়ী রাখা হয়েছে এবং তাতে একই বৎসরে ১৯৫০-৫১ সালে ১,৫৫,৭১৩ টাকা স্বাভাবিক রেন্ট থেকে অনেক বেশী রেন্ট দেওয়া হয়েছে।

আর একটা জিনিস আমি এই রিপোর্ট থেকে দেখতে পাচ্ছি—তাতে বলা হচ্ছে এ্যাডাল্ট এডুকেশন সেন্টারগুলি খুলবার জন্য তাতে ৩০০ রেডিও সেট, ২০০ বাইসকেল, আর ১৬টা প্রজেক্টর দেবার জন্য হেড অব দি ডিপার্টমেন্ট টাকা নিয়েছেন ৩১শে মার্চ, ১৯৪৯ সালে। অথচ গভর্নমেন্ট এইজন্য স্যাংশন দিচ্ছেন ২২শে জুলাই, ১৯৪৯ সালে। তার মানে স্যাংশন দেবার চার মাস আগে এই টাকাটা তুলে নেওয়া হয়েছে। তারপর দেখা যাচ্ছে যে লস হয়েছে—না, টাকা নিয়েছেন ২,১৪,০৮৩ টাকা। এতগুলি টাকা তুলে নেওয়া হল গভর্নমেন্ট স্যাংশনএর আগে। তারপরে এই কাজ করার জন্য কোন টেন্ডার আহ্বান করা হয় নি। তারপর কোন কোটেশন নেওয়া হয় নি। টাকা আগে ব্যবসায়ীকে দিয়ে দেওয়া হয়েছে। কৈ[illegible]রূপ বলা হচ্ছে—গভর্নমেন্টের কোন জায়গা ছিল না রাখবার এইসব জিনিস। সেইজন্য বিনা ভাড়ায় এই যে কন্ট্রাক্টর ম্যানুফ্যাকচারার, তাকে তার গোডাউনএ রাখতে দেওয়া হয়েছে। রিপোর্টটা অত্যন্ত সায়লেন্ট রয়েছে যে ম্যানুফেকচারারটা কে। এবং তাকে টাকা চার মাস আগে দেওয়া হয়েছিল এবং চার মাস পরে যেসমস্ত জিনিস তারা সাপ্লাই করেছিল, আমি জানি—এই সমস্ত জিনিসের অধিকাংশই ছয় মাসের মধ্যে অকেজো হয়ে গিয়েছিল। এবং আমি যতদূর জানি—সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় আমাকে জানাবেন—এই কন্ট্রাক্টরটা কে। আমার ইনফরমেশন হচ্ছে যে কন্ট্রাক্টরটা হচ্ছে রায় ফিলিপ এ্যান্ড কোম্পানী।

তারপর আর একটা কথা যে পেনিসিলিন ফ্যাক্টরী করার জন্য যে এগ্রিমেন্ট করা হয়েছিল জমি কিনবার, সে এগ্রিমেন্ট গভর্নমেন্ট আইনজ্ঞ পরামর্শদাতার কার্যমত করা হয়েছে। এগ্রিমেন্ট করবার পর গভর্নমেন্টের সেই আইনজ্ঞ বললেন যে এর মধ্যে ডিফেক্ট রয়েছে—সুতরাং গভর্নমেন্টকে মীমাংসা করে নিতে হবে এবং গভর্নমেন্ট বাধ্য হয়ে ৪৯৪৬ টাকা ক্ষতি স্বীকার করে সেই কন্ট্রাক্ট থেকে অব্যাহতি পেয়েছেন। আমি জিজ্ঞাসা করি এই যে আইনজ্ঞ যিনি এগ্রিমেন্ট করবার উপদেশ দিয়েছিলেন এবং যার উপদেশমত সেই এগ্রিমেন্ট বাতিল হয়ে গেল এবং পাবলিককে এতগুলি টাকা ক্ষতি স্বীকার করতে হল, সেই আইনজ্ঞ বা পরামর্শদাতার বিরুদ্ধে গভর্নমেন্ট কোন এ্যাকশন নিয়েছেন কিনা। অবশ্য আমরা তাদের নামটা এখানে পাচ্ছি না।

তারপর আর একটা কথা আমাদের তমলুক সাবডিভিসনএর কথা। তমলুক সাবডিভিসনএ দেখা যাচ্ছে যে পেটি ইরিগেশনএ কাজ করবার জন্য ১৯৫১ সালের মার্চ মাসে ১,৫০,০০০ টাকা তুলে নিয়েছেন। এই ১,৫০,০০০ টাকার মধ্যে কাজ হয়েছে মাত্র ৬১ হাজার কয়েক সহস্র টাকা।

গভর্নমেন্টের ঘরে ফেরত দেওয়া হয়েছে ১৬,৭৬২ টাকা, কিন্তু ৭১,৭৭৫ টাকা আনস্পেন্ট আছে। এত বড় কাজ যে করলেন সুপারিনটেন্ডেন্ট অব এগ্রিকালচার ডিপার্টমেন্ট, মেদিনীপুর, তার বিরুদ্ধে শুধু একটা সাবধান বাণী ছাড়া কোন এ্যাকশনই নেওয়া হয় নি। এইটে আমি রিপোর্ট থেকে দেখতে পাচ্ছি। এই রিপোর্টএর ৯৯ পৃষ্ঠায় দেখতে পাচ্ছি যে, খাল খুঁড়বার জন্য এবং পাম্প বসাবার জন্য ২,৩৫,০০০ টাকা খরচ হয়েছে এবং এই খরচের দ্বারা কোন লাভ হয় নি. রিপোর্টএ পাওয়া যাচ্ছে যে এর জন্য কোন প্ল্যানিং ছিল না—বিনা প্ল্যানিংএই ইরিগেশন অফিসার এতগুলি টাকা নিয়েছেন এ যা করেছেন, তা দ্বারা জনসাধারণের কোন উপকারই হয় নি। এখন আমি জিজ্ঞাসা করি—কোথাকার খাল খোঁড়ার জন্য এই টাকা নেওয়া হয়েছিল এবং কোন জায়গায় পাম্পিংএর জন্য টাকা নেওয়া হয়েছিল। সংশ্লিষ্ট অফিসারটা কে এবং তার বিরুদ্ধে কোন এ্যাকশন নেওয়া হয়েছে কিনা। এই সমস্ত জিনিস এই রিপোর্টএ আমরা পাচ্ছি। আট বৎসর পরে এই সমস্ত ঘটনা মৃত হয়ে গেছে। এইসব অফিসারদের অনেকে রিটায়ার করে গেছেন এবং এই সমস্ত টাকার হদিস হয়ত আজকে আর পাওয়া যাবে না। এই শিক্ষা থেকে গভর্নমেন্ট যদি এই কাজ করে থাকেন যে যেসমস্ত অডিট অবজেকশন আসছে, তাতে ভবিষ্যতে কোন কর্মচারী এই দোষে দায়ী হন, তাহলে তার বিরুদ্ধে কোন ডিপার্টমেন্টাল এ্যাকশন নেওয়া হবে কিনা বা হয়েছে কিনা। কেননা আমরা পর পর কয়েক বছরের যে রিপোর্ট দেখেছি তাতে দেখছি যে একই রকমের অবজেকশন আসছে, কিন্তু তারপর তা চেপে দেওয়া হয়েছে। এই রকম সাত-আট বছর পরে আমাদের এই হাউসএর সামনে এই সমস্ত রিপোর্ট লে করে একটা মামুলি এ্যাকাডেমিক ডিসকাশন করার কোন অর্থ হয় না—যদি না আমরা এর থেকে কোন শিক্ষা পাই। আমরা সরকারকে অনুরোধ করব যে এই সমস্ত রিপোর্ট সাত-আট বৎসর পরে না নিয়ে এসে অন্তত তিন-চার বছরের মধ্যে আনলে ভাল হয়, কারণ আজকে আমরা যে রিপোর্ট আলোচনা করছি, সেটা ১৯৫২ সালের মার্চ মাসে শেষ হয়ে গেছে।

Mr. Speaker: Mr. Panda, what you are discussing today is not the Auditor-General's report. You are discussing the Report of the Public Accounts Committee. Therefore, you are wrong when you tell us that you are discussing the Auditor-General's report.

Sj. Basanta Kumar Panda: In dealing with details, I have only referred to certain objections.

Mr. Speaker: The subject-matter of discussion today is the Report of the Public Accounts Committee and not the Auditor-General's report

Sj. Basanta Kumar Panda:

আমি এই কথা বলব যে এই সমস্ত রিপোর্ট এত দেরী করে যদি এখানে আলোচনা করা হয়, তাহলে এই আলোচনার কোন অর্থ থাকে না। এই আলোচনার যদি কোন অর্থ থাকে, তাহলে এটা যতদূর শীঘ্র সম্ভব আলোচনা করা দরকার। ১৯৫২ সালের মার্চ মাস পর্যন্ত যেসমস্ত ঘটনা ঘটে গেছে আজকে সেটা আলোচনা করছি। কিন্তু এর মধ্যে দুইটি মন্ত্রীসভার পরিবর্তন হয়ে গেছে। যদিও একই দলের মন্ত্রীসভা রয়েছে তবুও যেসব মন্ত্রীরা এ কাজের জন্য দায়ী ছিলেন, তাদের অধিকাংশই এখন এখানে নেই। আমি সেজন্য বলব যে এই রিপোর্টগুলি একটি গভর্নমেন্ট যতদিন থাকেন—অর্থাৎ পাঁচ বছরের মধ্যে আলোচিত হলে ভাল হয়। এবং প্রথম দুই বৎসর হাউসএর আলোচনা এই হাউসএর একই মেম্বার দ্বারা করতে পারি।

[6-40—6-45 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There are certain points which I want to mention. I wanted to say the same thing to Sj. Basanta Kumar Panda, when he was discussing the report of the Accountant-General. Unfortunately he did not read the reply which we gave from the Department to the different queries of the Accountant-General nor did he refer to the report of the Public Accounts Committee. Sir all these points have been discussed and I will draw the attention of the members of the House that on the recommendation of this Public

Accounts Committee, this Legislature has already passed the West Bengal Appropriation Act of 1957, to accept the excess expenditure for the year 1951-52 as recommended by the Public Accounts Committee. Therefore, what we are discussing now is simply what has already been discussed by the House agreed upon.

Sir, with regard to the delay in submission of the Public Accounts Committee Report before the House for discussion, you will remember that these accounts are dealt with in three stages, first of all the Accountant-General sends the report to the Government, the Cabinet considers the report, then it is placed before the Legislature and after that it is directed to be placed before the Public Accounts Committee, and the Public Accounts Committee's Report has now come before the Legislature for discussion, and we are discussing it today. Sir, the Report for 1952-53 has been placed before the Assembly on the 2nd of July, 1957. The papers were considered by the Cabinet and shortly we shall discuss this in the Public Accounts Committee. The Reports for 1953-54 and 1954-55 will be placed soon. We have received those reports from the Accountant-General, we have not been able to look into them, but we shall place them before the House sometime this Session, and then after the Government have considered this report, that will be placed before the Public Accounts Committee. Probably the members do not realise the difficulty of the Accountant-General's audit and reconciling the audit findings with the actual state of affairs. Ordinarily the expenditure that has been made in the towns and nearabout the towns is reported very soon. But what happens is this: the money is spent all over Bengal in different Districts and spent out of the treasuries of those districts and although the work might have been completed, the report of the auditor on the reconciliation between the expenditure as reported and the vouchers that are to be found requires a little time. Generally, therefore, the Accountant-General takes some months or sometimes a year to do that. For instance, the Report of 1947-48 was received from the Accountant-General in September, 1950. The Report for 1948-49 was received in June, 1951. The Report for 1949-50 was received in February, 1952. The Report for 1950-51 was received in 1953. I do not think that there is any blame to be attached to the Accountant-General for taking such a long time to reconcile the various items of expenditure with the actual affairs in different districts. We will try and expedite as much as possible. We have nothing very much to do on this report of the Public Accounts Committee. The members, who have spoken have spoken on the basis of the Accountant-General's Report and they have not taken the trouble to see the Public Accounts Committee's evidence. As a matter of fact the Public Accounts Committee is appointed by the House to look into the details of the audit report of the Accountant-General and what the various Government departments have got to say or have said in the matter. Therefore to reopen the whole discussion in a House of 250 members having different ideas is an impossible task. That is all I have to say in this matter. I need not waste much time of the House.

Mr. Speaker: The discussion on the Public Accounts Committee Report is over.

I do not think we have sufficient time at our disposal to start an important Bill like the Slum Clearance Bill now. So I propose to take it up first thing tomorrow.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: If we agree to sit tomorrow at 2-30 p.m., we may not sit on Thursday.

Mr. Speaker: For the information of the House, I may say that at the request of some of the members, I have decided that we shall sit tomorrow at 2-30 p.m. and get a holiday on Thursday. So, the House stands adjourned till 2-30 p.m. tomorrow.

Adjournment

The House was then adjourned at 6-48 p.m. till 2-30 p.m. on Tuesday, the 4th March, 1958, at the Assembly House Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 4th March, 1958, at 2-30 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 16 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 209 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

*11[**Further Supplementaries only**]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The supplementary question was why the non-Christian boys in Bhimpore Orphan Home were being transferred. It has already been stated that attending the church and reading the Bible is a part of the routine of the institution. These cannot be objected to as these are allowed under the provisions of the Constitution—Article 30. As non-Christian boys forming a small part of the total population living in that institution may have to follow the same routine as the majority of the students of the Home do and there is a chance of their being compelled to do so, we have been transferring the non-Christian boys from that Home.

[2-30—2-40 p.m.]

Opening of a National Extension Service Block in Chanditala police-station, district Hooghly

***32.** (Admitted question No. *1032.) **Sj. Monoranjan Hazra:** Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলায় দুইটি থানায় জাতীয় সম্প্রসারণ ব্লক (N.E.S. Block) স্থাপন করিবার পরিকল্পনা অনুযায়ী চণ্ডীতলা থানাকে অগ্রাধিকার দেওয়া হইয়াছিল এবং বর্তমানে ঐ সিদ্ধান্ত বাতিল করা হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তাহা হইলে মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কি কারণে ঐ সিদ্ধান্ত বাতিল করা হইয়াছে, এবং

(২) অদূর ভবিষ্যতে এই থানায় জাতীয় সম্প্রসারণ ব্লক চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Minister of State for Development (The Hon'ble Tarun Kanti Ghosh):

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

In connection with Prime Minister's visit to Calcutta prior to the last General Elections

***33.** (Admitted question No. *427.) **Sj. Amarendra Nath Basu:** Will the Hon'ble Minister in charge of the Home Department be pleased to state—

(*a*) whether the West Bengal Government spent any sum in connection with the tour of Pandit Nehru when he came to Calcutta prior to last General Elections; and

(*b*) if so, what were the sums so spent?

The Chief Minister and Minister for Home (The Hon'ble Dr. Bidhan Chandra Roy): No expenditure was incurred except making the usual arrangements for the Prime Minister's stay at Raj Bhavan during this visit to Calcutta.

Border raids by Pak nationals within Karimpur police-station of Nadia district

***34.** (Admitted question No. *603.) **Sj. Jagannath Majumder and Sj. Bijoylal Chattopadhyay:** Will the Hon'ble Minister in charge of the Home Department be pleased to state—

(*a*) whether he is aware that frequent border raids are taking place recently across the borders of Karimpur police-station in Nadia district by raiders from East Pakistan;

(*b*) whether several citizens of India in the area have been wounded by gun-shots and arrows by the Pakistani raiders and are lying at present in the Sadar Hospital, Krishnagar, in a precarious condition as a result thereof; and

(*c*) what steps the Government propose to take to stop such border raids?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: (*a*) Yes, there have been several incidents of border raids in the area of Pak nationals mainly in the form of cattle lifting.

(*b*) On 29th June, 1957, there was an incident in which three Indian nationals received injuries—two by gun-shots and one by spear. Two of the injured were removed to the Krishnagar Hospital. Their injuries were not serious. One of them was discharged on 3rd July, 1957, and the other on 10th July, 1957.

(*c*) To prevent such incidents the border outposts have been strengthened and extra pickets have been set up in vulnerable points. Further the members of the West Bengal National Volunteer Force have been deputed to work with the police in the border outposts. The villagers in border areas have been trained under the guidance of the police to offer resistance. On the occurrence of a border incident this Government promptly lodge a protest with the Government of East Pakistan urging punishment of the offenders and prevention of such incidents in future. The District Officers also take up such cases with their opposite numbers in Pakistan. Joint enquiries in suitable cases are held by the District Officers on two sides of the border to devise ways and means to check such incidents.

Sj. Jagannath Majumder: By whom the persons injured had been removed to the hospital?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have not got the notes here. I can find that out.

Sj. Jagannath Majumder: Is it a fact that the parties themselves had to arrange for their removal to the hospital and the Police did not take any action in the matter?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: As I told you, I have no information with me here. I can find that out.

Sj. Jagannath Majumder: What is the time of the actual occurrence of the incident?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On the 29th June, 1957, at about 10-30 hours 15 or 16 Pak nationals of Thoterpara and Munshiganj, police-station Daulatpur, District Kushtia crossed the river Mathabhanga and trespassed into Indian territory at Kacharipara, police-station Karimpur, district Nadia and started damaging standing aus paddy there with their cattle. On protest by Indian nationals the trespassers drove away their cattle to Pakistan. Soon thereafter they reappeared on the Pak side of the border with about 300 Pak Muslims armed with deadly weapons near the house of Maulvi Abu Bakkar Siddique of Thoterpara. Many Indian villagers also gathered on the Indian side of the border armed with bows and arrows, lathis, spears and fire-arms. Suddenly there was an attack from the Pak nationals who began to hurl spears and arrows towards Indian nationals and subsequently opened fire. This resulted in injuries on the persons of three Indian nationals, two of whom had to be removed to the hospital. The Indian nationals also hurled spears and arrows and opened fire in self-defence. One of the Pak nationals was reported to be seriously injured by arrow and spear thrust. A protest regarding the incident has been lodged with the Government of East Pakistan.

There has been 10 border incidents in Karimpur police-station elaka in the district of Nadia during the period beginning from 1st January, 1957 to 29th June, 1957 (i.e., the date of the incident referred to in the question), resulting in injury to three Indian nationals and death to one Indian national and lifting of 58 heads of cattle and two harrows. Besides the incident of 29th June, 1957, there has been another incident in the said area up to the end of October, 1957 involving lifting of 25 heads of cattle and 12 goats.

These border incidents mainly involve lifting of cattle. The Pak miscreants living across the border line take the opportunity of lifting cattle when the Indian cowboys are found to be unmindful and when the herd of cattle reach almost the border line. There appears to be no premeditated organised plan of lifting cattle.

The length of the Indo-Pakistan boundary falling in West Bengal is about 1,315 miles without any natural barrier and sporadic border incidents of this nature cannot be effectively checked unless the authorities on the other side are equally anxious to put a stop to them by adopting adequate measures.

Sj. Saroj Roy:

সি এতে যেটা বলেছেন

Joint enquiries in suitable cases are held

কেন, না টু চেক সাচ ইন্‌সিডেন্ট। এখানে লাস্ট সেন্টেন্সে আছে—

Joint enquiries in suitable cases are held by the District Officers on two sides of the border to devise ways and means to check such incidents.

এখানে ইনকয়ারী যেটা হয়—সেটা নিশ্চয়ই কেবলমাত্র এই থেকেই হচ্ছে যে, বিভিন্ন সময়ে এই

ইনকয়ারী হয়। কিন্তু আমরা খবরের কাগজে মাঝে মাঝে দেখতে পাই যে ছোটখাট ঘটনা কলকাতাতে ঘটে যাচ্ছে। আমার প্রশ্ন হ'ল জয়েন্ট ইনকয়ারীজ কমিটি যে অনুসন্ধান করছেন তাতে অবস্থার উন্নতি হচ্ছে না কেন বা হচ্ছে কি না সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Joint enquiry is done now and again. For the time being it puts a stop to it but again the thing crops up.

Sj. Mihirlal Chatterjee:

২৯এ জুনের পর থেকে এ পর্যন্ত কতগুলি ইন্সিডেন্ট হয়েছে এরকম—একটা ইন্সিডেন্ট হয়েছিল বলেছেন সামটাইম ইন নভেম্বর।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এটাতে নোটীশ দিতে হবে, আমি যে ফিগার দিয়েছি ওটা অক্টোবর, ১৯৫৭ সাল পর্যন্ত।

Mr. Speaker: Up to October, 1957 the House has got the figures. If you want to know anything after that date, you have to give notice.

Sj. Mihirlal Chatterjee:

এই প্রশ্নটা নিশ্চয়ই ২৯এ জুনের আগে দেওয়া হয়েছিল, ২৯এ জুনের পর নভেম্বর-ডিসেম্বরে একটা সেসন হয়ে গেল, সেই সময় এর উত্তর পেলাম না কেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It was ready on the 7th December.

Mr. Speaker: That answer was written out on the 7th December.

Sj. Mihirlal Chatterjee:

সেজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি মে-জুন মাসে যদি একটা কোয়েশ্চেন দেওয়া যায় তার য়্যানসার পেতে ডিসেম্বর মাস পর্যন্ত সময় লাগে কেন?

Mr. Speaker: They should be answered as early as possible.

[2-40—2-50 p.m.]

Sj. Jagannath Majumder:

এটা কি সত্য যে এই ঘটনার পর থেকে এই অঞ্চলের বহু বাসিন্দা ভয়ের চোটে এ অঞ্চল পরিত্যাগ করেছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমার এইরকম কোন ইন্‌ফরমেশন নাই।

Anti-Corruption Committee

***35.** (Admitted question No. *723.) **Sjkta. Manikuntala Sen:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Home Department be pleased to state if it is a fact that an Anti-Corruption Committee has been set up in West Bengal by the Government?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) who are the members of this Committee;

(*ii*) how many cases of corruption have been investigated so far by the Committee;

(*iii*) what is the amount of money involved in each of these cases of corruption; and

(*iv*) what steps have been taken against the persons found guilty in these cases?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: (*a*) Yes. A Cabinet Sub-Committee on Anti-Corruption has been set up.

(*b*) (*i*) (1) Shri Prafulla Chandra Sen, Minister in charge of Food, Relief and Supplies and Refugee Rehabilitation Departments, (2) Shri Kalipada Mookherjee, Minister in charge of the Police and Defence Branches of the Home Department, (3) Shri Ajoy Kumar Mukherji, Minister in charge of Irrigation and Waterways Department, (4) Shri Bimal Chandra Sinha, Minister in charge of Land and Land Revenue Department, and (5) Shri Siddhartha Sankar Roy, Minister in charge of Judicial and Legislative and Tribal Welfare Departments.

(*ii*) to (*iv*) At the present moment it is not in the public interest to give any answer.

Sjkta. Manikuntala Sen:
কোয়েশ্চেন (বি) আনসার দুই থেকে চার পর্যন্ত কোন জবাব দেবেন না বলেছেন, আমি শুধু জানতে চাই আদৌ কোন কেস ইন্‌ভেস্টিগেশন করেছেন কিনা—এটাই মাত্র আমার প্রশ্ন—আমি নামধাম জানতে চাই না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
হ্যাঁ, অনেকগুলি হয়েছে।

Sjkta. Manikuntala Sen:
আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে এই কমিটি এখনো কাজ করছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
করছে।

Sjkta. Manikuntala Sen:
আমার তৃতীয় প্রশ্ন হচ্ছে, একথা সত্য কি যে, এই কমিটি কাজ করতে থাকাকালীন সরকার নিজের অসুবিধা হবে বলে কমিটি ডিজল্‌ভ্‌ করে দিয়েছেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
সত্য নয়।

Sj. Ganesh Ghosh:
এই ক্যাবিনেট সাব-কমিটি কি টাইপ করাপশান ইন্‌ভেস্টিগেশন করেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
আমাদের কাছে বিভিন্ন জায়গা থেকে, বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে সার্ভিসএর লোক এবং পার্মিটওয়ালাদের সম্বন্ধে খবর আসে। এসব সম্বন্ধেই ইন্‌ভেস্টিগেশন করা হয়ে থাকে।

Sj. Ganesh Ghosh:
গভর্নমেন্ট এম্‌প্লয়ী ছাড়াও বাইরের ব্যাপারেও কি আপনারা করেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
কোন খবর পেলে এই কমিটিতে পাঠাতে পারেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
কোন করাপশনএর খবর পেলে এই ডিপার্টমেন্টএর কাছেই পাঠাতে হবে কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
হ্যাঁ, যদি কোন খবর আসে, আমাদের অ্যারেঞ্জমেন্ট আছে, আমরা একজন অফিসার পাঠিয়ে দিই ফর এনকয়ারিজ।

Sj. Ganesh Ghosh:
এই এনকয়ারী কি পুলিস দিয়ে করান? পুলিস দিয়ে করালে কিছুই হয় না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
না, না, পুলিস নাই এর মধ্যে।

Sj. Ganesh Ghosh:
তা হ'লে ইনডিপেনডেন্ট এনকয়ারী হয়?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
হ্যাঁ, গভর্নমেন্ট সার্ভিসএর লোক দিয়ে, আদার দ্যান পুলিশ।

Dr. Suresh Chandra Banerjee:
এই কমিটির কাছে চিঠি লিখতে হ'লে কার কাছে লিখতে হবে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
"ছাই ফেলতে ভাঙ্গা কুলো" ডাঃ বিধানচন্দ্র রায় আছেন, তাঁকেই পাঠাবেন।

Dr. Ranendra Nath Sen:
এটা কি ঠিক যে, এই কমিটির মধ্যে মতান্তর হয়েছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
মত ও মতান্তর দুই-ই আছে।

Dr. Ranendra Nath Sen:
এটা কি ঠিক যে এই কমিটির কাজ বিশেষ কিছু অগ্রসর হতে পারে নি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
সেটা আপনার মত হতে পারে।

Number of persons detained under the Preventive Detention Act from 1955 to 1957

***38.** (Admitted question No. *752.) **Dr. Narayan Chandra Roy:** Will the Hon'ble Minister in charge of the Home Department be pleased to state how many persons were detained under the Preventive Detention Act in West Bengal in the years 1955, 1956 and 1957?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Fifty-five in 1955, 86 in 1956 and 31 in 1957 (up to 27th November).

Dr. Narayan Chandra Roy:
এগুলি কি ১৯৫৫-৫৬এর নিউ কেসেস, না, আগেকার?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, the figures given in the answer have been classified year by year. None of the 55 persons arrested in 1955 are in detention now. Of the 86 persons arrested in 1956, two are yet to complete full term of their detention which will expire on the 13th of December, 1957. Thirty-one persons were arrested in 1957. Up to 27th November, 1957, four were ordered to be released so that there are 27 and two of the previous year, or 29. These are the numbers which are available who were in detention on the 27th of November, 1957.

Sj. Saroj Roy:
প্রিভেনটিভ ডিটেনশান অ্যাক্টএ যাঁরা আটক হয়েছিল তাঁরা কি ধরনের ক্রাইম করেছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
গুণ্ডা অ্যাক্টিভিটিজএর জন্য।
All the 29 that are now in detention were arrested for goonda activities.

Sales tax on pencils and slates used by school children

*37. (Admitted question No. *759.) **Dr. Abu Asad Md. Obaidul Ghani:** Will the Hon'ble Minister in charge of the Finance Department be pleased to state—

(*a*) whether under provisions of Bengal Finance Sales Tax Act, sales tax is charged upon slates and pencils generally used by school children; and

(*b*) whether Government consider the desirability to exempt slates and pencils from the imposition of sales tax?

The Chief Minister and Minister for Finance (The Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) Yes.

(*b*) No.

Sjkta. Manikuntala Sen:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানেন কি যে, প্রাইমারী স্কুলের বাচ্চারা লেখাপড়া শেখার জন্য স্লেট পেন্সিল ব্যবহার করে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

জানি।

Sjkta. Manikuntala Sen:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এটা জানেন কি যে বেশী সংখ্যক ছেলেরা অবৈতনিক স্কুলে পড়ে পয়সা না থাকার জন্য?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

শুধু এটাই জানি তা নয়, আরো জানি যে, আজকাল তারা স্লেট পেন্সিল ব্যবহার না করে ফাউন্টেন পেন ব্যবহার করে।

Sjkta. Manikuntala Sen:

আমি জানতে চাই এই স্লেট পেন্সিলএর উপর সেল ট্যাক্স বসিয়ে বাংলাসরকারের ইনকাম কত হয়?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

নোটিশ চাই।

Sj. Nepal Roy:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানেন কি যে, বড়বাজার এলেকা থেকে রিপ্রেজেনটেশন দেওয়া হয়েছিল স্লেট পেন্সিলএর উপর থেকে সেল ট্যাক্স উঠিয়ে দেবার জন্য তাঁরা আজ পর্যন্ত কোন জবাব পান নি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

সেল ট্যাক্স সম্বন্ধে এখনো কিছু ঠিক করা হয় নি, পরে ঠিক করা হবে।

Sj. Nepal Roy:

এর থেকে ২ হাজার টাকা সেল ট্যাক্স আদায় হয় এবং অন্যান্য জায়গা থেকে লোক এসে টাকা নিয়ে যায়, এসম্পর্কে কি করা হচ্ছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি গতবারে বলেছি, নতুন ফাইনান্স কমিশনএর রিপোর্ট পেয়ে আমরা এসম্বন্ধে দেখব।

Sj. Ganesh Ghosh:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন কি বহুবার বলা সত্ত্বেও কি কারণে স্লেট পেন্সিলএর উপর থেকে এটা তুলে নেওয়া হচ্ছে না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

কি কারণে হয় নি জানি না।

of the scheme of retirement from Government services at the age of 58 years

***38.** (Admitted question No. *917.) **Sj. Panchanan Bhattacharjee:** Will the Hon'ble Minister in charge of the Finance Department be pleased to state—

(*a*) whether he is aware that the Government of India have implemented the scheme of retirement from Government services at the age of 58 in some of their departments and the other State Governments like U.P. have also adopted the said scheme; and

(*b*) whether the Government of this State have any such scheme?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No.

Weaver community of Malda district

***39.** (Admitted question No. *467.) **Sj. Mohibur Rahaman Choudhury:** Will the Hon'ble Minister in charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(*a*) whether the Government are aware of the fact that the weaver community in Malda district, especially of Kaliachak police-station, is in great distress due to want of finance and raw materials; and

(*b*) what steps the Government propose to take to help the weavers of the said district?

The Minister for Cottage and Small-Scale Industries (The Hon'ble Bhupati Mazumdar): (a) No. Government have arranged financial and technical assistance for the weavers of this district like those of other districts.

(*b*) The assistance rendered by Government will continue throughout the Second Plan period and the weavers of Malda will benefit as much as the weavers in other parts of the State.

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি কিভাবে তাঁতীদের সাহায্য দেওয়া হয়, ব্যক্তিগতভাবে, না কো-অপারেটিভএর মারফৎ?

The Hon'ble Bhupati Majumdar:

কো-অপারেটিভ ওখানে আছে। যারা কো-অপারেটিভএ যোগদান করেছে সেখানে যদি কো-অপারেটিভএর মাধ্যমে বিলি করা হয় তা হ'লে তারা ৬ পয়সা রিবেট পান। তার বাইরেও অনেক তাঁতী কাপড় নিয়ে আসে। তাদের সেখানে যে পাঁচটা দোকান আছে তাদের দিয়ে কিনে নিয়ে রিবেট দেওয়া হয়।

[2-50—3 p.m.]

Dr. Suresh Chandra Banerjee:

যেখানে কো-অপারেটিভ সম্ভব নয়, সেখানে একজন হলেও কি তাকে সাহায্য দেবার ব্যবস্থা আছে?

The Hon'ble Bhupati Majumdar:

না। এমনি যদি গ্রুপ করেন, কো-অপারেটিভ করেন, তাঁদের ফিট লুম বা অন্য ধরনের লুম দেওয়া হতে পারে। একজন যেখানে আলাদা আছে, অথচ তার কাছে সাহায্য পৌঁছান প্রয়োজন, সেখানে যদি তার পাশের গ্রাম কালিয়াচকে একত্রিত হয়ে আসে, তা হ'লে ভাল হয়।

Dr. Suresh Chandra Banerjee:
এই র মেটিরিয়েলএর কথা বলা হয়েছে, এর মানে কি সুতা?

The Hon'ble Bhupati Majumdar:
হ্যাঁ, র মেটিরিয়েলস মানে সুতা।

Dr. Suresh Chandra Banerjee:
এই সুতার কেন অভাব হয়?

The Hon'ble Bhupati Majumdar:
মাঝে মাঝে অভাব হয়। তার দুটো কারণ আছে। ধরুন যারা মহাজন মারফত নেন। সেখানে মহাজন যদি সুতা আনতে দেরী করে, তা হ'লেই অসুবিধা হয়। আর যেখানে সমবায়ের বন্দোবস্ত আছে, সেখানে হয় না।

Dr. Suresh Chandra Banerjee:
সুতার ডিমান্ডএর চেয়ে সাপ্লাই বেশী, না, কম?

The Hon'ble Bhupati Majumdar:
সারা বাংলার যে রকম অবস্থা, মাঝে মাঝে যদি টানও পড়ে, তা হ'লেও সুতার কোন অসুবিধা হয় না।

Sj. Jagannath Majumder:
এই যে ফাইনান্সিয়াল অ্যান্ড টেকনিক্যাল অ্যাসিসট্যান্সএর কথা বলা হয়েছে, এই ফাইনানসিয়াল অ্যান্ড টেকনিক্যাল অ্যাসিসট্যান্স কি কি ধরনের দেওয়া হয়?

The Hon'ble Bhupati Majumdar:
এই ফাইনানসিয়াল অ্যাসিসট্যান্স হচ্ছে, যারা কো-অপারেটিভ সব করে, সেখানে টাকা দেওয়া হয় এবং যেখানে নতুন ধরনের তাঁত বসান হয়, আমাদের লোক গিয়ে সেখানে শিক্ষা দেয়। সহরের প্রদর্শনী শপে নিয়ে এসেও শিক্ষা দেওয়া হয়।

Sj. Durgapada Das:
মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আপনাদের ঐ সমস্ত তাঁতে যে প্রোডাকশান হয়, সেগুলি বিহার, উড়িষ্যা ও ইউ পির তাঁতের যে প্রোডাকশান এখানে আসে, তার সঙ্গে প্রতিযোগিতায় পেরে উঠছে না?

The Hon'ble Bhupati Majumdar:
সেই রকম বিশ্বাস আমাদের নাই। গত বৎসর বা তার আগে এই রকম ছিল—লোকের রুচির উপর নির্ভর করে। মাদ্রাজ ও বোম্বের, বাইরের কাপড়ের উপর লোকের রুচি ছিল। আর এখন সেটা বদলে গিয়ে আমাদের এখানকার কাপড়ের উপর লোকের রুচি ফিরে এসেছে। এখন আর সেরকম কোন কথা শুনি না।

Sj. Durgapada Das:
এটা কি সত্য নয়, বাজারে যে সমস্ত ভাল শাড়ি কাপড় দেখতে পাওয়া যায়, তার অধিকাংশ ইউ পি ও হায়দ্রাবাদে তৈরী হয়?

The Hon'ble Bhupati Majumdar:
না। এখন এখানকার কাপড় বেশী চলছে। একটা জিনিষ মনে রাখবেন—আমাদের সুতা পুরাপুরি যোগানের বন্দোবস্ত হয় নি। আমাদের স্পিনডলএর সংখ্যা বেড়ে যাচ্ছে। আমাদের এখানে সমস্ত রকম সুতা হবে, রং-এরও বন্দোবস্ত হচ্ছে। মনোমত রংয়ের সুতো বাইরের থেকে আসতে অনেক ফ্রেট পড়ে। যদি তা দিতে না হয়, তাহলে আমাদের এখানকার অসুবিধাটা চলে যাবে। আর আমাদের এখানে দৈনিক [illegible] বা ওয়েজেস বাইরের ঐ সব প্রদেশের চেয়ে অনেক বেশী। কাজেই তাদের সঙ্গে প্রতি[illegible] অসুবিধা হয়।

Sj. Durgapada Das:
আমাদের বাংলা গভর্নমেন্টের তাঁত কাপড়চোপড় বিক্রী করবার যেরকম সেলস এমপোরিয়াম ইত্যাদি আছে, সেই রকম বাংলার বাইরে অন্য স্টেটে আছে কি?

Mr. Speaker:
আপনার এগুলি কি সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন? এখানে তো মালদহের তাঁতের কথা আছে।

Sj. Mihirlal Chatterjee:
উনি তো একটা রোজগারের কথা বলছেন।

Mr. Speaker: The information was not wanted by the questioner. Therefore I have disallowed it.

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Gram Sevikas

19. (Admitted question No. 27.) **Sjkta. Manikuntala Sen:** Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের উন্নয়ন বিভাগ দ্বারা এ-পর্যন্ত কতজন গ্রামসেবিকা নিয়োগ করা হইয়াছে;

(খ) তাঁহাদের বেতন ও ভাতা কত;

(গ) গ্রামে তাঁহারা কি কার্য করিয়া থাকেন; এবং

(ঘ) দ্বিতীয় পরিকল্পনার আমলে আরও কতজন গ্রামসেবিকা নিযুক্ত করার পরিকল্পনা সরকারের আছে?

The Minister of State for Development (The Hon'ble Tarun Kanti Ghosh):

(ক) ১১৪ জন।

(খ) বেতনের হার: ৭৫—৩—১২৬—৪—১৩০ টাকা।

মহার্ঘ ভাতা—৪৫ টাকা।

ক্যাম্প ভাতা—৫ টাকা।

সাইকেল ভাতা—সরকারী কার্যে নিজস্ব সাইকেল ব্যবহার করিলে ৫ টাকা।

(গ) বিবৃতি এতৎসহ উপস্থাপিত করা হইল।

(ঘ) ১২০ জন।

Statement referred to in reply to clause (গ) *of unstarred question No. 19*

কার্যসূচী

১। কৃষি ও পশুপালন (অর্থকরী কাজ)—

(ক) কম্পোস্ট তৈরী।

(খ) সব্জি বাগান।

(গ) জ্বলের ও জ্বালানী কাঠের গাছ লাগানো।

(ঘ) বীজ-সংরক্ষণ ও চারা তৈরী করা।

(ঙ) বাড়ীর আশেপাশের জমিতে তুলোর (কাপাস) চাষ করা।
(চ) হাঁস-মুরগী ও ছাগল পালন।

২। গৃহশিল্প (অর্থকরী কাজ)—
(ক) ঝুড়ি বোনা।
(খ) চিঁড়ে মুড়ি তৈরী।
(গ) ধান ভানা।
(ঘ) বিড়ি বাঁধা।
(ঙ) মাদুর বোনা।

৩। গৃহস্থালী—
(ক) খাদ্য-সংরক্ষণ।
(খ) ধূমহীন চুল্লী।
(গ) গৃহসজ্জা।
(ঘ) লন্ড্রীর কাজ।
(ঙ) পুষ্টিকর খাদ্য তৈরী করা শেখানো।
(চ) শিশু ও প্রসূতির যত্ন নিতে শেখানো।
(ছ) ছাঁটকাট, সেলাই (হাতের কাজ)।
(জ) উল বোনা (হাতের কাজ)।
(ঝ) তাঁতের কাজ (হাতের কাজ)।
(ঞ) সূচীশিল্প (হাতের কাজ)।
(ট) খেলনা, পুতুল-তৈরী (হাতের কাজ)।

৪। স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা—
(ক) কুয়ো পায়খানা।
(খ) শোষক গর্ত।
(গ) সাধারণ পরিষ্কার-পরিচ্ছন্নতা।

৫। শিক্ষামূলক কাজ—
(ক) মেয়েদের ভেতর নিরক্ষরতা দূর করা।
(খ) সাংস্কৃতিক ও আমোদপ্রমোদমূলক অনুষ্ঠান।
(গ) মেলা ও প্রদর্শনী সংগঠন করা।

৬। শিশু ও কিশোরদের মধ্যে কাজ—
(ক) ব্রতীদল সংগঠন করা।
(খ) ক্যাম্প, এক্সকারশন্ (excursion), পিকনিক ইত্যাদি।
(গ) রাস্তা তৈরী, জঙ্গল পরিষ্কার করা ইত্যাদি কাজে ছেলেমেয়েদের উৎসাহিত করা।
(ঘ) প্রত্যেক ছেলেমেয়ের নিজ নিজ আগ্রহ বুঝে নিজের মত কাজ দেওয়া, যেমন—সব্জি বাগান করা, হাঁস, মুরগী, ছাগল পালন, বাছুর পালন, কৃষিসম্বন্ধীয় সহজ, ছোটখাট কাজ হাতেনাতে দেখানো।

Sjkta. Manikuntala Sen:
কিসের ভিত্তিতে কমিউনিটি ডেভেলপমেন্ট এরিয়াতে এই ১১৪ জন গ্রাম সেবিকা নিযুক্ত হয়েছে?

The Hon'ble Tarun Kanti Ghosh:
আমাদের পশ্চিমবাংলায় যে কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট আছে তাতে এই গ্রামসেবিকা নিযুক্ত করার বন্দোবস্ত ছিল। এন ই এস ব্লকে গ্রামসেবিকা নিয়োগের কোন বন্দোবস্ত ছিল না। তা সত্ত্বেও আমরা কিছু কিছু মহিলাদের এ কাজে রাখবার জন্য ঠিক করেছিলাম বলে কিছু কিছু মহিলা নিয়োগ করেছি। আমাদের ইচ্ছা আছে প্রতিটা এন ই এস ব্লকে দু'-জন ক'রে থাকবে, এখনো সব জায়গায় দিতে পারি নি। অথচ এই ফিগার কোন রেসিও হিসেবে বলছি না এদের যে প্রিনসিপলএর উপর নিয়োগ করেছি।

Sjkta. Manikuntala Sen:
১২০ জন যে নতুন নিয়োগ হবে, তারা কি শুধু গ্রামসেবিকা, না, গ্রামসেবক?

The Hon'ble Tarun Kanti Ghosh:
এই ফিগার ভুল—৫১০ জন করুন। ৩৪১টা সবশুদ্ধ ব্লক হবে, তাতে ৬৮২ জন গ্রাম-সেবিকা থাকবে। এর মধ্যে ১১৪ জন আছে, ৬০ জন ট্রেনিংএ আছে। কাজেই এই ১৭৪ জনকে বাদ দিলে আর ৫১০ জন হবে গ্রামসেবিকা।

Sjkta. Manikuntala Sen:
এই সংখ্যার মধ্যে কি গ্রামসেবকও আছে?

The Hon'ble Tarun Kanti Ghosh:
না, সবই গ্রামসেবিকা।

Sjkta. Manikuntala Sen:
এ'রা কি সবাই সাইকেল ব্যবহার করেন?

The Hon'ble Tarun Kanti Ghosh:
হ্যাঁ, যাঁরা জানেন।

Sjkta. Manikuntala Sen:
এই যে স্টেটমেন্ট (২)তে আছে গৃহশিল্প অর্থকরী কাজ, ঝুড়ি বোনা, ধান ভাঙ্গা ইত্যাদি যা শেখান হবে, এগুলি শেখান হয় সরকারী খরচে?

The Hon'ble Tarun Kanti Ghosh:
এগুলি শেখাবার জন্য সরকারী খরচ দিয়ে গ্রামসেবিকা রাখা হয়েছে, এরাই গ্রামের মহিলাদের শিক্ষা দেন। তার সমস্ত খরচ সরকার দিচ্ছেন।

Sj. Dasarathi Tah:
এই সাইকেল আরোহিনী গ্রামসেবিকা কোন্ কোন্ এলাকাতে কয়জন আছেন?

The Hon'ble Tarun Kanti Ghosh:
তা এখন বলতে পারব না।

Sjkta. Manikuntala Sen:
তারা সাইকেল ব্যবহার না করলেও ভাতা পায়?

The Hon'ble Tarun Kanti Ghosh:
হ্যাঁ।

Sj. Dasarathi Tah:
মাননীয় মন্ত্রী মহাশয় কি মনে করেন না যে, যখন এই গ্রামসেবিকারা পল্লীগ্রামে সাইকেলে চড়ে সেবা করতে যাবেন তখন তাদের দ্বারা গ্রামের লোক ভীত হবেন?

Mr. Speaker:
কিছুমাত্র নয়।

Opening of National Extension Service Blocks in Mayna and Pingla police-stations of Midnapore district

20. (Admitted question No. 389.) **Sj. Ananga Mohan Das:** Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলায় ময়না ও পিংলা থানায় এ বৎসর N.E.S. Block খোলা হইবে কিনা; এবং

(খ) হইলে, কবে খোলা হইবে?

The Hon'ble Tarun Kanti Ghosh:
(ক) মেদিনীপুর জেলার পিংলা থানায় এ-বৎসর জাতীয় সম্প্রসারণ ব্লক খোলার প্রস্তাব সরকার অনুমোদন করিয়াছেন।

ময়না থানায় এই বৎসরে কোন জাতীয় সম্প্রসারণ ব্লক প্রতিষ্ঠিত হইবার সম্ভাবনা নাই।

(খ) ব্লক ডেভেলপমেন্ট অফিসার, গ্রামসেবক প্রমুখ কর্মচারিগণ পিংলা ব্লকে যোগদান করিলেই উক্ত ব্লক খোলা হইবে।

Inclusion of Copiballavpur, Nayagram and Sankrail Thanas in National Extension Service Block and Community Development Project

21. (Admitted question No. 1008.) **Sj. Surendra Nath Mahata:** Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর, নয়াগ্রাম ও শাঁকরাইল, এই থানা তিনটিকে N.E.S. Block ও Community Project Scheme-এর অন্তর্ভুক্ত করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, তাহা কবে কার্যে পরিণত হইবে; এবং

(গ) না থাকিলে, সরকার এই তিন থানাকে N.E.S. Block-এর অন্তর্ভুক্ত করিবার প্রয়োজনীয়তা বিবেচনা করেন কিনা?

The Hon'ble Tarun Kanti Ghosh:
(ক) এবং (খ) গোপীবল্লভপুর, নয়াগ্রাম ও শাঁকরাইল থানায় বর্তমানে কোন জাতীয় সম্প্রসারণ ব্লক স্থাপিত হয় নাই, কিন্তু দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালের মধ্যে সমস্ত গ্রামাঞ্চলকে জাতীয় সম্প্রসারণ এলাকাভুক্ত করার প্রস্তাব সরকার গ্রহণ করিয়াছেন।

(গ) প্রশ্ন উঠে না।

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Management of Burdwan Electric Supply undertaking

***19.** (Admitted question No. *975.) **Sj. Pramatha Nath Bakshi:** Will the Hon'ble Minister in charge of the Commerce and Industries Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, Burdwan Electric Supply Co.-এর পরিচালনার ভার সরকার গ্রহণ করিয়াছেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ প্রতিষ্ঠানের কর্মরত কর্মচারীদের service কবে হইতে সরকার গণ্য করিবেন,

(২) ঐ প্রতিষ্ঠানের কর্মচারীদের বেতনের increment দেওয়া হয় কিনা,

(৩) কোন কর্মচারীকে বার্ধক্যহেতু কর্মচ্যুত করা হইয়াছে কিনা,

(৪) হইয়া থাকিলে, তাহাদের Provident Fund অথবা কোন সাহায্য দেওয়া হইয়াছে কিনা, এবং

(৫) না দেওয়া হইলে, তাহাদের কোনরূপ সাহায্য দিবার পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Minister for Commerce and Industries (The Hon'ble Bhupati Mazumdar):

(ক) হ্যাঁ। ১৫-৩-১৯৫৫ তারিখ হইতে এই প্রতিষ্ঠানের পরিচালনার ভার সরকার গ্রহণ করেন। পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিদ্যুৎ সংস্থা গঠনের পর উক্ত সংস্থা ১-৫-১৯৫৫ তারিখ হইতে ঐ প্রতিষ্ঠানের পরিচালনার ভার গ্রহণ করিয়াছেন।

(খ) (১) প্রতিষ্ঠানের অধীন কর্মচারীদের service (চাকুরী) কোম্পানীর অধীনে তাহাদের কার্যে যোগদানের তারিখ হইতে গণ্য করা হইয়াছে।

(২) হ্যাঁ।

(৩) ও (৪) যে কয়জন কর্মচারীকে বার্ধক্যহেতু অবসর দেওয়া হইয়াছে তাহাদের প্রত্যেককে এক মাসের পুরা বেতন ও ভাতা দেওয়া হইয়াছে।

(৫) প্রশ্ন উঠে না।

[3—3-10 p.m.]

Dr. Ranendra Nath Sen:

৩ ও ৪ প্রশ্নের যে জবাব দিয়েছেন তাতে তাদের রিটায়ারমেন্টএর পর প্রভিডেন্ট ফান্ড হিসাবে কিছু দেওয়া হলো না কেন?

The Hon'ble Bhupati Mazumdar:

আমরা সেই সম্বন্ধে অনুসন্ধান করেছিলাম। যখন পুরাতন কোম্পানী চলেছিল তখন তাদের এমন কোন রেকর্ড ছিল না যা থেকে তারা অবসর প্রাপ্ত হয়েছে বার্ধক্যের জন্য তা প্রমাণ করা যায় না। কোন দিক দিয়ে তাদের আমরা বিবেচনা করার অবসর পাই নি।

Dr. Ranendra Nath Sen:

এই কোম্পানির কোন প্রভিডেন্ট ফান্ড স্কীম ছিল কি?

The Hon'ble Bhupati Mazumdar:

আমরা তার এ পর্যন্ত কোন সন্ধান পাই নি। সেইজন্য যাদের নূতন নেওয়া হয়েছে তাতে তাদের নূতন পে স্কেলএর যে স্কীম সেই স্কীমএর ভিতরেই তাদের নেওয়া হয়েছে এবং তাদের সিনিয়রিটিও আগের চাকরী থেকেই ধরা হয়েছে। কিন্তু কোন রকম কাগজ পাওয়া যায় নি যে তাদের প্রভিডেন্ট ফান্ড ছিল।

Election of Union Boards and establishment of Panchayats in Midnapore district

***61.** (Admitted question No. *535.) **Sj. Bhuban Chandra Kar** [illegible]: Will the Hon'ble Minister in charge of the Local Self-Government Department be pleased to state—

মেদিনীপুর জেলায় যে-সকল ইউনিয়ন বোর্ডের মেয়াদ শেষ হইয়াছে তাহার পুনরায় নির্বাচন হইবে, না, সেখানে পঞ্চায়েত চালু করা হইবে?

The Minister for Local Self-Government and [illegible] (The Hon'ble Iswar Das Jalan):
মেদিনীপুর জেলার উন্নয়ন ব্লকগুলিতে পঞ্চায়েৎ ব্যবস্থা বর্তমান বৎসর হইতে চালু করা হইবে। ব্লকগুলির বাহিরের ইউনিয়ন বোর্ডগুলির যথারীতি নির্বাচন হইবে।

Sj. Saroj Roy:
মন্ত্রীমহাশয় গত আইনসভার বৈঠকে জানিয়েছিলেন, যেসব জায়গায় দুই বৎসরের মধ্যে এন ই এস ব্লক হবে, সেই সমস্ত জায়গায় ইউনিয়ন বোর্ডএর কোন রকম নির্বাচন হবে না, এটা জানিয়েছিলেন কি না?

The Hon'ble Iswar Das Jalan:
আমি বলেছিলাম ১৯৫৭-৫৮ ও ১৯৫৮-৫৯এ যেসমস্ত এন ই এস ব্লকএ পঞ্চায়েৎ হবে সেই সমস্ত ব্লকএর ইউনিয়ন বোর্ডএ ইলেক্‌শন হবে না তা ছাড়া আর অন্য সব ইউনিয়ন বোর্ডএ ইলেক্‌শন হবে।

Sj. Saroj Roy:
আগামী এপ্রিল মাসে মেদিনীপুর ডিস্ট্রীক্টএ কতকগুলি ইউনিয়ন বোর্ডএ ইলেক্‌শন হবে বলে আমরা জানতে পেরেছি। এই সমস্ত অঞ্চলে আগামী দুই বৎসরের মধ্যে কোন ব্লক হবে কি না?

The Hon'ble Iswar Das Jalan:
আমি একটা লিস্ট দিয়েছি কোন্ কোন্ জায়গায় ব্লক পঞ্চায়েৎ হবে। লাইব্রেরী টেবলএ আছে সেখান থেকে ইন্‌ফরমেশন নিতে পারবেন।

Sj. Shyama Prasanna Bhattacharjee:
এই যে ব্লক পঞ্চায়েৎ হবে সেইগুলিতে নির্বাচন হবে, না, মনোনয়ন হবে?

The Hon'ble Iswar Das Jalan:
কিছু কিছু এ্যাপয়েন্ট হবে, কিছু কিছু নির্বাচন হবে।

Sj. Shyama Prasanna Bhattacharjee:
এই যে য়্যাপয়েন্টেড হবে, এর কোন নীতি আছে কি না?

The Hon'ble Iswar Das Jalan:
তার লিস্ট দেওয়া আছে।

Sj. Mihirlal Chatterjee:
সেখানে যে নির্বাচন হবে সেটি গোপন ভোটে হবে, না, প্রকাশ্য ভোটে হবে?

The Hon'ble Iswar Das Jalan:
এটা সিক্রেট ব্যালট এ হবে।

Sj. Saroj Roy:
এই যে কিছু কিছু নির্বাচন হবে, কিছু কিছু মনোনয়ন হবে, এই ডিফারেন্স কেন করা হবে?

The Hon'ble Iswar Das Jalan: That is not covered by this question.

Dr. Hirendra Kumar Chattopadhyay:
এখানে যে কিছু কিছু নির্বাচন ও কিছু কিছু মনোনয়ন করা হবে, এটা কি নীতি অনুযায়ী করা হবে?

Sj. Saroj Roy:

এখানে একটা সাপ্লিমেন্টারী কোয়েশ্চেনএর উত্তরে মাননীয় [illegible] বলেছেন যে ন্যাশানাল এক্সটেনশন ব্লকএর পঞ্চায়েৎগুলিতে কিছু কিছু মনোনয়ন করা হয়ে কিছু কিছু ইলেক্শন করা হবে। আমার সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন ছিল যে, কিছু কিছু মনোনয়ন করা হবে, কিছু কিছু নির্বাচন করা হবে—এই ডিফারেন্সিয়েট করার কারণ কি?

Mr. Speaker: Mr. Roy, you should put question under what provision you are dealing with these elections.

Sj. Saroj Roy:

আইনে প্রভিশন থাকা সত্ত্বেও সেখানে ডিফারেন্সিয়েট করা হচ্ছে এর কারণ কি?

The Hon'ble Iswar Das Jalan:

যে এক্সপেরিমেন্টাল পঞ্চায়েৎ হয়েছিল তাতে ১৯৫৫-৫৬এ যে ইলেক্শন হয়েছিল সেই ইলেক্শনএ যারা মনোনীত হয়েছিল তাদেরই আমরা স্ট্যাটিউটোরী রাইট দিয়ে নমিনেট করেছি।

Sj. Saroj Roy:

পঞ্চায়েৎগুলির মধ্যে মনে করুন কোথাও ১০টা পঞ্চায়েৎ হবে এর মধ্যে কয়েকটিতে নমিনেশন দেওয়া হলো এবং কয়েকটিতে ইলেক্শন করা হলো, এই পার্থক্য কিসের ভিত্তিতে করা হলো?

The Hon'ble Iswar Das Jalan:

যে এক্সপেরিমেন্ট পঞ্চায়েৎ ১৯৫৫-৫৬এ হয়েছিল, সেই পঞ্চায়েৎএর সভ্যদের স্টাটুটরি রাইট দিয়ে স্টাটুটরী পঞ্চায়েৎ করা হয়েছে। আর যেখানে হয় নি সেখানে ইলেক্শন হবে।

Sj. Hare Krishna Konar:

পঞ্চায়েৎ আইনে আছে যে প্রথম গ্রাম পঞ্চায়েৎ যখন হবে তখন সরকার ইচ্ছা করলে মনোনয়ন করতে পারেন, কিন্তু তাতে এমন কোন প্রভিশন নেই যে কোন পঞ্চায়েতে করবেন কোন পঞ্চায়েতে করবেন না। তবে এই সিদ্ধান্ত করলেন কেন?

The Hon'ble Iswar Das Jalan:

লতে প্রভিশন আছে আমরা করতে পারি। এবং লতে এমন কোন কথা নেই যে এক স্থানে করলে অন্য স্থানে করতে হবে।

Sj. Hare Krishna Konar:

আমার প্রশ্ন হচ্ছে কতকগুলি জায়গাতে নির্বাচন হবে এবং কতকগুলি জায়গাতে করা হবে না কেন?

The Hon'ble Iswar Das Jalan:

আমি বলেছি যে, যেখানে এক্সপেরিমেন্টাল পঞ্চায়েৎ হয় নি সেখানে ইলেক্শন হবে। যেখানে এক্সপেরিমেন্টাল পঞ্চায়েৎ হয়েছে সেখানে আমরা তাদের এক বৎসর স্টাটুটরি রাইট দিয়েছি।

Sj. Hare Krishna Konar:

যেখানে এক্সপেরিমেন্টাল পঞ্চায়েৎ হয়েছিল সেগুলি গ্রাম পঞ্চায়েৎ হয়েছিল অঞ্চল পঞ্চায়েৎ হয় নি। সেগুলিতে কি নির্বাচন হবে?

The Hon'ble Iswar Das Jalan:

কতকগুলি গ্রাম পঞ্চায়েৎ মিলে অঞ্চল পঞ্চায়েৎ হবে।

Sj. Hare Krishna Konar:

অনেক জায়গায় এক্সপেরিমেন্টাল গ্রাম পঞ্চায়েৎএ নির্বাচন হয় নি, মনোনয়ন হয়েছে, জানেন কি?

The Hon'ble Iswar Das Jalan:

সেটা বলতে পারি না

Sj. Hare Krishna Konar:
এক্সপেরিমেন্টাল পঞ্চায়েৎএ নির্বাচন না হয়ে মনোনয়ন হয়েছে যদি এই রকম কেস হয়ে থাকে.....

Mr. Speaker: I cannot allow hypothetical questions.

Sj. Hare Krishna Konar:
বর্ধমানে হাটগবিন্দপুরে যে সময় এক্সপেরিমেন্টাল গ্রাম পঞ্চায়েৎ করা হয়েছিল সেই সময় ১৯৫৬ সালে, তখন নির্বাচন না করে সেখানে মনোনয়ন করা হয়েছিল জানেন কি?

The Hon'ble Iswar Das Jalan:
এটা মেদিনীপুরের কোয়েশ্চেন, আপনি বর্ধমানের কোয়েশ্চেন করছেন কেন?

Railway bridge over Russa Road at Tollygunge.

***42.** (Admitted question No. *244.) **Sj. Somnath Lahiri:** Will the Hon'ble Minister in charge of the Local Self-Government Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, দক্ষিণ কলিকাতার রসারোড ও শ্যামাপ্রসাদ মুখার্জি রোডের সংযোগস্থলে (লেকের পশ্চিম দিকে) ইস্টার্ন রেলওয়ের বজবজগামী লাইনের যে অতি সংকীর্ণ ও নিচু ওভারব্রীজ আছে, তাহাতে ঐ জনাকীর্ণ রাস্তাগুলিতে যান-বাহন ও পথচারীদের বিশেষ অসুবিধা হয়, এবং সামান্য বৃষ্টি হইলেই পুলের নিচে জল দাঁড়াইয়া যান-বাহন অচল হইয়া পড়ে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এ-বিষয়ে সরকার কোন তদন্ত করিয়াছেন কিনা এবং ইহার প্রতিকারের জন্য পশ্চিমবঙ্গ সরকার কোন চেষ্টা করিয়াছেন কিনা, এবং

(২) পশ্চিমবঙ্গ সরকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত এ-বিষয়ে আলোচনা চালাইবার কথা বিবেচনা করেন কিনা?

The Hon'ble Iswar Das Jalan:
(ক) হ্যাঁ।

(খ)(১) হ্যাঁ; রেলওয়ে বোর্ডকে এ-বিষয়ে অনুরোধ করা হইয়াছিল, কিন্তু তাঁহারা কিছু করিতে রাজী হন নাই।

(২) হ্যাঁ; বিষয়টি বর্তমানে পূর্ব রেল কর্তৃপক্ষের বিবেচনাধীন আছে।

[3-10—3-20 p.m.]

Sj. Somnath Lahiri:
এটা কত দিন ধরে বিবেচনাধীন আছে?

The Hon'ble Iswar Das Jalan:
অনেকদিন ধরে আছে।

Sj. Somnath Lahiri:
যাঁরা বিবেচনা করছেন তাঁদের রিমাইন্ডার দিয়েছেন?

The Hon'ble Iswar Das Jalan:
এখনও মিটিং হচ্ছে, সে প্রশ্ন ওঠে না।

Dr. Hirendra Kumar Chattopadhyay:
এ মিটিং কাদের মধ্যে হচ্ছে?

The Hon'ble Iswar Das Jalan:

এটা হচ্ছে—

between the Calcutta Improvement Trust, Calcutta Corporation,

এবং গভর্নমেন্টের ট্রাফিক পুলিশ। টাকা দেবে কে সেইটাই প্রশ্ন। কলিকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট জবাব দিয়েছিলেন এধারে সিউয়ার তৈরী না হলে কিছু হবে না।

Sj. Somnath Lahiri:

কলিকাতা কর্পোরেশনএর কি কিছু করবার নেই?

The Hon'ble Iswar Das Jalan:

সে তারাই জানে, আমাদের ব্যাপার নয়।

Sj. Somnath Lahiri:

সেখানকার 'ওভারব্রীজ' রেলওয়ের সম্পত্তি, কিন্তু রাস্তাটা কার?

The Hon'ble Iswar Das Jalan:

রাস্তা কলিকাতা কর্পোরেশনের, কিন্তু রাস্তা চওড়া করতে হলে কলিকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট কলিকাতা কর্পোরেশন এবং ইস্টার্ন রেলওয়ে—সবাইকে এক সঙ্গে করতে হয়।

Sj. Somnath Lahiri:

ব্রিজ যেমন আছে সেই রকম রেখে যাতে রেল কর্তৃপক্ষ আপত্তি না করে, তার জন্য অন্য কোন উপায়ে সেটার ব্যবস্থা কি করা যায় না।

The Hon'ble Iswar Das Jalan:

না। সে সব বিবেচনা করছি। কত চওড়া হবে, কত টাকা খরচ হবে, তারপরে ব্রিজ কতটুকু করতে হবে এইসব দেখা হচ্ছে। তারপরে রেলওয়ে এাক্টএর সংশোধন করতে হবে; অনেক জিনিস আছে।

Sj. Somnath Lahiri:

রেল কর্তৃপক্ষ যেখানে সংশ্লিষ্ট সেখানে রেলওয়ে কর্তৃপক্ষের উপর চাপ দেবার অন্য কোন উপায় আছে কি না যাতে জল দাঁড়ান বন্ধ করা যায়?

The Hon'ble Iswar Das Jalan:

যদি সমস্যা সমাধান করতে হয়, তবে ইস্টার্ন রেলওয়ের সঙ্গে যোগাযোগ না করলে হতে পারে না।

Sj. Somnath Lahiri:

তাঁরা যদি রাজী না হন তা হ'লে কি চিরকাল যাতায়াত করার অসুবিধা চলবে?

The Hon'ble Iswar Das Jalan:

এটা একটা হাইপথেটিক্যাল কোয়েশ্চেন।

Sj. Somnath Lahiri:

তা হ'লে সেখানে একটা উঁচু 'ওভারব্রীজ' করবার ব্যবস্থা করতে গেলে কত খরচ হবে?

The Hon'ble Iswar Das Jalan:

৫০ লাখ টাকার উপর।

Sj. Somnath Lahiri:

সেরকম আপনাদের কোন প্রস্তাব আছে কি?

The Hon'ble Iswar Das Jalan:

ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট ১০ লক্ষ টাকা খরচ করতে রাজী ছিল, ক্যালকাটা কর্পোরেশনও ছিল কিন্তু রেলওয়ে রাজী নয়; এখন বিবেচনা করা হচ্ছে কম খরচে করতে পারা যায় কি না; এখন বিবেচনা করছি ১৬ লক্ষ টাকা খরচ কোরে করা যায় কি না।

Sj. Harendra Nath Sen:
সেখানে জল দাঁড়ানর ফলে যখন ট্রাফিক বন্ধ হয় তখন এটা ড্রেন আউট কোরে দেবার বন্দোবস্ত করা যায় কি না, কর্পোরেশনের আইনে?

The Hon'ble Iswar Das Jalan:
কর্পোরেশন বলছে টালিগঞ্জে সিউয়ার সিসটেম না হলে হবে না।

Sj. Somnath Lahiri:
সেখানে অন্তত সিঁড়ি করে দিয়ে লোক পারাপারের কথা গভর্নমেণ্ট বিবেচনা করছেন কি না।

The Hon'ble Iswar Das Jalan:
সিঁড়ি করার কথা বিবেচনা করা হচ্ছে না, এখন বিবেচনা করা হচ্ছে বড় জিনিস কি কোরে করা যায়।

Sj. Somnath Lahiri:
আমার জিজ্ঞাসা তা নয়। আমি জানতে চাই যতদিন এই বড় স্কীম না হচ্ছে ততদিন অন্তত ব্রিজের পাশ থেকে সিঁড়ি কোরে দেওয়ার পরিকল্পনা আছে কি?

The Hon'ble Iswar Das Jalan:
আমি বলতে পারছি না, সিঁড়ি কে করবে? রেলওয়ে করবে, কি কলিকাতা কর্পোরেশন করবে, কি গভর্নমেণ্ট করবে। আপনি একটা চিঠি লিখুন কলিকাতা কর্পোরেশনকে।

Sj. Canesh Ghosh:
যতদিন ফাইনাল ডিসিশান না হয় ততদিন বর্ষার জল বার করার জন্য পাম্প কোরে করা যেতে পারে কি না?

The Hon'ble Iswar Das Jalan:
এ একটা টেকনিকাল জিনিস, এ প্রশ্নের উত্তর দিতে পারব না, ইঞ্জিনিয়ারেরা দিতে পারে।

Sj. Canesh Ghosh:
এ সম্বন্ধে কি গভর্নমেণ্টের কাছে সাজেসশান এসেছিল যে একটা পাম্প বসান হয়?

The Hon'ble Iswar Das Jalan:
আমরা সেসব কিছু পাই নি। আমাদের কাছে যা আছে তা
Proceedings of the meeting of the Railway, Calcutta Improvement Trust and Calcutta Corporation. They are considering these things.

Sj. Canesh Ghosh:
ব্যাপারটা গুরুতর। আমি ডাঃ রায়ের দৃষ্টি আকর্ষণ করছি, এ সম্বন্ধে তাঁর কিছু জানা আছে কি না। টালিগঞ্জ ব্রিজের তলায় সামান্য বর্ষাতেই জল জমে, এবং সমস্ত রকম ভেহিকিউলার ট্রাফিক অ্যান্ড পেডেসট্রিয়ান ট্রাফিক বন্ধ হয়ে যায়। ১২ বৎসর ধরে রোজ মিটিং হচ্ছে, তা সত্ত্বেও অধিকাংশ স্থানীয় লোকের যতদিন না শেষ সিদ্ধান্ত হচ্ছে কিছু টাকা দিয়ে একটা পাম্প বসাবার সিদ্ধান্ত গভর্নমেণ্টের কাছে করেছিল টালিগঞ্জ রেলওয়ে ব্রিজের তলায়; এ সম্বন্ধে যদি জানেন বললে ভাল হয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
পাম্প বসাতে গেলে পাম্পের জল বার করবার ড্রেন ত করা চাই। সেই জল ফেলবার জায়গা তো চাই। আমি তো জানি না যে কি আছে।

Sj. Somnath Lahiri:
ওর পাশে প্রকাণ্ড পুকুর আছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
সেই প্রকাণ্ড পুকুরেও জল জমে ভরে যাবে। আমি জানি না, এরকম কোন স্কীম আমার কাছে নাই। যেটা আছে সেটা ভিন্ন জিনিস। তাতে এ জায়গার পরে উপকার হওয়ার সম্ভাবনা আছে। সেটা হচ্ছে যে পঞ্চাননতলা পর্যন্ত এরিয়া যাতে পাম্প করা যায়, তার জন্য একটা পরিকল্পনা আছে। সেটা বিচার করা হচ্ছে, এখনও ফাইনালাইজড হয় নি।

Sj. Somnath Lahiri:
ডাঃ রায় বোধ হয় আশুতোষ মুখার্জী রোড, রসা রোড—ওখানে যেমন করা আছে এ জায়গাতেও কি তেমনি চান?

The Hon'ble Iswar Das Jalan: I may read out from the proceedings of the meeting held with the railways: The problem of drainage under this bridge was discussed and the Chief Engineer, Calcutta Corporation, was of the opinion that the problem would not be solved even if the road was raised by a foot or two under the bridge. He also stated that pumping of the storm-water and discharging into Tolly's Nullah was also not possible as discharge of drainage into Tolly's Nullah was prohibited. He was of the opinion that there was no easy solution at the moment and it has to wait till the Tollygunge area was sewered.

Sj. Ganesh Ghosh:
মিঃ স্পীকার, ব্যাপারটা সত্যই গুরুতর। ডাঃ রায়ের যদি কিছু পরিকল্পনা থাকে।

Mr. Speaker:
উনি তো বললেন, উনি আর কিছুই জানেন না।

Setting up of experimental Panchayats in Burdwan district

***43.** (Admitted question No. *431.) **Sj. Dasarathi Tah:** Will the Hon'ble Minister in charge of the Local Self-Government Department be pleased to state—

(ক) বর্ধমান জেলার কোন্ কোন্ স্থানে পরীক্ষামূলকভাবে পঞ্চায়েৎ গঠিত হইয়াছে;

(খ) এই-সব পঞ্চায়েৎ কি কি কাজ করিতেছে;

(গ) সরকার ইহাদের কোন অর্থসাহায্য করিয়াছেন কিনা;

(ঘ) আসানসোল মহকুমার কুলটি ইউনিয়নে কতদিন পূর্বে পরীক্ষামূলকভাবে পঞ্চায়েৎ গঠিত হইয়াছে; এবং

(ঙ) এই পঞ্চায়েৎকে কি দেওয়ানী ও ফৌজদারী মামলার বিচারের ভার দেওয়া হইয়াছে?

The Hon'ble Iswar Das Jalan:
(ক) একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) এইসকল পঞ্চায়েৎ পল্লী-উন্নয়নমূলক কার্য করিতেছে।

(গ) সরকার প্রত্যেক পঞ্চায়েৎকে এককালীন পল্লী-উন্নয়নকার্য বাবত ১০০ টাকা, অফিস সরঞ্জামাদি বাবত ২০ টাকা এবং ইহা ব্যতীত নির্বাচন-ব্যয় বাবত ২০ টাকা অর্থসাহায্য মঞ্জুর করিয়াছেন।

(ঘ) ১৯৫৫-৫৬ সালে।

(ঙ) না।

[3-20—3-30 p.m.]

Sj. Dasarathi Tah:
এই যে পরীক্ষামূলকভাবে পঞ্চায়েৎ গঠিত হয়েছে তাতে বলেছেন এরা পল্লীউন্নয়নমূলক কাজ করছে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন পল্লীউন্নয়ন কার্য বাবত ১০০ টাকা, অফিস

সরঞ্জামাদি বাবত ২০ টাকা। ইহা ব্যতীত নির্বাচন ব্যয় বাবত ২০ টাকা অর্থ সাহায্য মঞ্জুর করিয়াছেন। এই যে ১০০ টাকা দান করেছেন এ ছাড়া পঞ্চায়েতের আর কোন আয় আছে কি না।

The Hon'ble Iswar Das Jalan:

এটা হচ্ছে এক্সপেরিমেন্টাল পঞ্চায়েৎ

they were formed in expectation of the statutory panchyet.

Sj. Dasarathi Tah:

আপনি দেখিয়েছেন ৩টি ইউনিয়নএ পরীক্ষামূলকভাবে পঞ্চায়েৎ গঠিত হয়েছে—সেখানে কি এখনও ইউনিয়ন বোর্ড চালু আছে?

The Hon'ble Iswar Das Jalan:

হ্যাঁ।

Sj. Dasarathi Tah:

এই রকম "দৈত্য" শাসনের কবে অবসান হবে?

[হাস্য]

The Hon'ble Iswar Das Jalan:

খুব শীঘ্রই হবে।

Tuberculosis in Malda district

***44.** (Admitted question No. *884.) **Sj. Monoranjan Misra:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, মালদহ জেলায় ব্যাপক আকারে যক্ষ্মারোগের প্রাদুর্ভাব হইয়াছে;

(খ) প্রতি ইউনিয়নে যক্ষ্মারোগীর বিস্তারিত বিবরণ গ্রহণ করিয়া প্রতি ইউনিয়নে যক্ষ্মা-রোগীর সুচিকিৎসার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র মারফত Streptomycin-এর সহিত পথ্য-সরবরাহের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Ray):

(ক) না।

(খ) প্রতি ইউনিয়নে যক্ষ্মারোগীর বিবরণ সংগ্রহের কোন ব্যবস্থা নাই; কিন্তু প্রতি সরকারী হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে যক্ষ্মারোগীর চিকিৎসার ব্যবস্থা আছে।

(গ) প্রয়োজনীয় ঔষধ সরবরাহের ব্যবস্থা আছে; কিন্তু বহির্বিভাগের রোগীর জন্য পথ্যের ব্যবস্থা নাই।

Sj. Monoranjan Misra:

(খ)এ প্রশ্ন ছিল—প্রতি ইউনিয়নে যক্ষ্মারোগীর বিস্তারিত বিবরণ গ্রহণ করিয়া প্রতি ইউনিয়নে যক্ষ্মারোগীর সুচিকিৎসার কোন পরিকল্পনা সরকারের আছে কি না; তার উত্তরে বলেছেন প্রতি ইউনিয়নে যক্ষ্মারোগের বিবরণ সংগ্রহের কোন ব্যবস্থা নাই; কিন্তু প্রতি সরকারী হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে যক্ষ্মারোগীর চিকিৎসার ব্যবস্থা আছে। মন্ত্রীমহাশয়কে আমি জিজ্ঞাসা করতে চাই কি প্রকারের চিকিৎসার ব্যবস্থা স্বাস্থ্যকেন্দ্রে আছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:

যক্ষ্মারোগের যে সমস্ত দরকার হয়। প্রথম হচ্ছে রোগীকে পরীক্ষা করা। পরীক্ষা করে রোগ নির্ণয় করা। রোগ নির্ণয় হলে পর যে রকম চিকিৎসা দরকার ঔষধ খাওয়া, ইন্‌জেকশন

ইত্যাদি। যারা হাসপাতালে থাকে তাদের পথ্য দেওয়া হয়, বাইরে থেকে যারা আসে তাদের পথ্য দেওয়া হয় না, আর অন্যান্য যে সমস্ত রোগী বাইরে থেকে আসে তাদের বিনামূল্যে ঔষধ দেওয়া হয়।

Sj. Monoranjan Misra:
স্বাস্থ্যকেন্দ্রে যক্ষ্মারোগীর, ইনডোর পেসেন্টএর চিকিৎসার ব্যবস্থা আছে কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
না।

Sj. Nepal Ray:
মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এই যে স্ট্রেপটোমাইসিন বাইরের রোগীকে দেওয়া হয় তার কোন হিসাব আছে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
রীতিমত হিসাব আছে।।

Sj. Nepal Ray:
মাননীয় মন্ত্রীমহাশয়ের অবগতির জন্য জানাচ্ছি এই স্ট্রেপটোমাইসিন বাজারে বিক্রী হয় রোগীদের দেওয়া হয় না। এই গুরুতর ব্যাপারে আমার কাছে বহু রিপোর্ট এসেছে। মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে খোঁজ খবর নেবেন কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
স্পেসিফিক কেস দেবেন দেখব।

Sj. Hare Krishna Konar:
ইউনিয়ন বা থানা স্বাস্থ্যকেন্দ্রে চেষ্টে ক্লিনিক বা এক্স-রে অ্যাপারেটাস আছে কি না যক্ষ্মা-রোগী পরীক্ষা করার জন্য?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
কোন কোন জায়গায় আছে। কোন ইউনিয়নে কিছু নাই।

Sj. Hare Krishna Konar:
থানা বা মহকুমাগুলিতে কোন যক্ষ্মারোগীর চিকিৎসার জন্য বিশেষজ্ঞ ডাক্তার আছে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
না। নেই।

Sj. Hare Krishna Konar:
এটা কি ঠিক যখন গ্রাম থেকে বা দূর থেকে কোন লোককে ঔষধ পেতে হয় তাকে জেলা হাসপাতালে গিয়ে সেখানে পরীক্ষা করিয়ে বহুদিন অপেক্ষা করে বারে বারে ঔষধ পেতে হয়?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
শুধু জেলা হাসপাতালে নয় যে কোন স্বাস্থ্যকেন্দ্রে যাদের নিকটে বাসে যেতে হয়। এবং যারা যেতে পারে না যদি কাছে হয় তা হলে হাসপাতালের ডাক্তার ইনজেকশন দিয়ে আসতে পারে। আর সেখানে কোন স্থানীয় চিকিৎসক যদি ভার নিতে পারে তা হলে তার ব্যবস্থা হয়।

Sj. Hare Krishna Konar:
আমার কোয়েশ্চেনের উত্তর হোল না, ঘটনাটা বল্লে বুঝতে পারবেন। আমি বর্ধমানের সিভিল সার্জেনের সঙ্গে দেখা করেছিলাম, তিনি বল্লেন আমাদের আইন আছে রোগীদের পার্সোনালী হাসপাতালে আসতে হবে, চেস্ট ক্লিনিকে আসতে হবে, এসে এক্স-রে প্লেট নিতে হবে—স্থানীয় কোন এম বি ডাক্তার যদি লিখে দেন যে হেল্থ সেন্টারে রোগী যেতে পারছে না তাহলে হেল্থ সেন্টার থেকে ঔষধ দেবার কোন ব্যবস্থা আছে কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
না, নেই।

Sj. Hare Krishna Konar:
এরকম কোন ব্যবস্থার কথা সরকার চিন্তা করবেন কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
সেটা চিন্তা করে দেখা যাবে।

Sj. Saroj Roy:
মালদা সম্পর্কে প্রশ্ন করছি, মালদার কোন থানা হেল্থ সেন্টারে একসাথে এ্যাপারেটাস ও চেস্ট ক্লিনিক আছে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
না. কোনটাতে নেই।

Sj. Saroj Roy:
যদি সেখানে চেস্ট ক্লিনিক এবং এক্স-রে য়্যাপারাটাস না থাকে তাহলে রোগীদের পরীক্ষা কি ভাবে করা হয়?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
ঐসব জায়গায় লক্ষণ অনুসারে পরীক্ষা করা হয়, থুথু, কফ্ এইসমস্ত পরীক্ষা করা হয়।

Sj. Saroj Roy:
কোন থানা হেল্থ সেন্টারে টি বি স্পেশালিস্ট আছে কি না মন্ত্রীমহাশয় জানাবেন কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
ঐরকম কোন জায়গায় টি বি স্পেশালিস্ট নেই।

Sj. Nepal Ray:
স্ট্রেপটোমাইসিন ঔষধগুলি রোগীদের ঠিকমত যে দেওয়া হয় এর কোন হিসাব আছে কি না—এরকম কোন ইনকোয়ারী হয় কি না যে কোন্ কোন্ রোগীদের ঔষধ দেওয়া হয়? যদি না হয়ে থাকে তাহলে ইনকোয়ারী করে সেই খবর এখানে পরিবেশন করবেন কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
তার রীতিমত রেকর্ড রাখা হয়, হিসাব রাখা হয়।

Sj. Nepal Ray:
আপনাদের যেসমস্ত অফিসার সারপ্রাইজ চেক করে—যেমন নেপাল রায়কে ১০ গ্রেন দেওয়া হোল, সেটা য়্যাকচুয়ালী নেপাল রায় পেয়েছে; কি অন্য লোকে পেয়েছে, কি বাজারে গেছে সেটা ইনকয়ারী করার জন্য আমি বলছি। যদি সেটা না করে থাকেন তাহলে কবে করবেন জানাবেন কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
এরকম কিছু করা হয় নি আজ পর্যন্ত।

Sj. Jatindra Chandra Chakravorty:
মন্ত্রীমহাশয় জানাবেন কি.....

Mr. Speaker: Mr. Chakravorty knows that the question time is over.

Dr. Hirendra Kumar Chattopadhya: We have more supplementaries to put. Let this be held over.

Mr. Speaker: All right, this is held over.

Adjournment Motion

Sj. Suhrid Mullick Chowdhury: Mr. Speaker, Sir, I have an adjournment motion which runs thus:—

The business of the Assembly do now adjourn to discuss an urgent matter of public importance and of recent occurrence, namely riot situation prevailing in Beliaghata Coal Depot area due to the

tension between the dwellers of Guripara and Shibtola Bustee areas *and passengers of* the State bus plying in the neighbourhood and *failure of* the Calcutta police to control the spread of disturbances forthwith in view of the Doljatra ceremony.

আমি আশাকরি মুখ্যমন্ত্রী মহাশয় এ সম্পর্কে একটু আলোকপাত করবেন।

[3-30—3-40 p.m.]

Incident in the border area

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহাশয়, একটা গুরুতর বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রী এবং বিশেষ করে পুলিসমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং তার কাছ থেকে জবাব পেতে চাই। দয়ারামপুর ইউনিয়নের অন্তর্গত পিরোজপুরে কতগুলি চরে পাকিস্তানের পক্ষ থেকে হামলা করা হচ্ছে। এই অঞ্চল ভারতীয় ইউনিয়নের অন্তর্ভুক্ত এবং এই চরগুলি থেকে পশ্চিমবঙ্গের রাজস্ব বিভাগ যথোপযুক্ত জরিপ করিয়ে খাজনা আদায় করেন এবং ঐ এলেকায় একটি পুলিস ক্যাম্পও আছে। ৫ই জানুয়ারি তারিখে পাকিস্তানী পুলিস ওখানে হানা দেয় এবং ভারতীয় পুলিস ঐ ক্যাম্প পরিত্যাগ করে চলে আসে। ৮ই জানুয়ারি তারিখে মুর্শিদাবাদের জেলা ম্যাজিস্ট্রেট এবং রাজসাহীর জেলা ম্যাজিস্ট্রেটের এক বৈঠকে স্থির হয় যে, সেখানে যাদের জমি আছে তারা বিনাবাধায় চাষ আবাদ করতে পারবে এবং ফসল কেটে নিয়ে যেতে পারবে। ১৭ই ফেব্রুয়ারী তারিখে বেলা ১২টার সময় প্রায় ৫ জন পাকিস্তানী নাগরিক বন্দুক, বল্লম নিয়ে ভারতীয় নাগরিকদের আক্রমণ করে ফসল কেটে নিয়ে যায় এবং সেখান থেকে চাষীদের তাড়িয়ে দেয়। এবং চালাঘরে আগুনও লাগিয়ে দেয়। দয়ারামপুরে যে পুলিস ক্যাম্প আছে সেখানে খবর দেওয়া সত্ত্বেও কোন সাহায্য যায় নি। আমি জানতে চাই যেখান থেকে পশ্চিমবঙ্গ-সরকার খাজনা আদায় করেন সেই নিজেদের জমি রক্ষা করার কোন দায়িত্ব আছে কি না। আমি আরো জানতে চাই সেখানে উপযুক্ত পুলিস ক্যাম্প বসাবার কোন পরিকল্পনা পুলিসমন্ত্রীর আছে কি না এবং সেখানকার ভারতীয় নাগরিক যাদের উপর পাকিস্তানীরা হামলা করেছে তাদের কোন প্রোটেক্‌শন দেবেন কি না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have no information. I have sought for information and when it comes I will let you know.

Sj. Jatindra Chandra Chakravorty:

সেদিন এই নিয়ে রাজ্যসভায় একটি প্রশ্ন উত্থাপিত হয়েছিল—কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারের কাছে কোন কিছু জানতে চেয়েছেন কি না। এসম্পর্কে তদন্ত করে কেন্দ্রীয় সরকারের কাছে সে খবর পাঠাবার বন্দোবস্ত করছেন কি না এটা আমাদের জানাবেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

তদন্ত হচ্ছে, এখনো পাঠান হয় নি।

Power loom and tramway workers

Sj. Nepal Ray:

মাননীয় স্পীকার মহাশয়, ভারত সরকারের বাজেটে দেখছি যে পাওয়ার লুমএর উপর ট্যাক্স বসিয়েছেন এবং তার দরুন বাংলাদেশে টোটাল পাওয়ার লুম হচ্ছে ৮টি, এই ৮টির মধ্যে ১,৪০৭টি লুম আছে এবং তাতে কাজ করে ৪ হাজার ২ শত শ্রমিক এবং এই ৮টি লুমএ ১০০এর উপর লুম থাকতে পারে না—এভাবে প্রায় ২ হাজার শ্রমিক কাজ থেকে বেকার হয়ে যাচ্ছে। এরা বেশীর ভাগ আমার এলেকার শ্রমিক। এটা অত্যন্ত গুরুতর ব্যাপার তাই আমি বলছি মুখ্যমন্ত্রী এদিকে দৃষ্টি দিন যাতে করে এই লুমগুলি চালু হয় কারণ যারা ব্যবসা করে তারা দেখছে ট্যাক্স বসলে বাজারে মাল চলবে না। আজকে ট্যাক্স বসার সঙ্গে সঙ্গে ১০০টির মধ্যে ৯৯টি রেখে লুমগুলি বন্ধ করে দিচ্ছে। প্রতি লুমে ৩ জন লোক বেকার হচ্ছে। একেই তো আমাদের বাংলাদেশে বেকার সমস্যার অন্ত নেই, তাই এই লুমগুলি যাতে চালু হয় সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

আরেকটা কথা আমি বলতে চাই ট্রাম কোম্পানীর ব্যাপার নিয়ে। কলকাতা সহরে দুই-একদিনের মধ্যেই ট্রাম বন্ধ হয়ে যাবে নয়া পয়সার ব্যাপার নিয়ে, এব্যাপার নিয়ে ট্রামের কর্মীদের মধ্যে প্রবল বিক্ষোভের সৃষ্টি হয়েছে। আমি তাই শ্রমমন্ত্রী ও মুখ্যমন্ত্রীকে বলছি যে, যদি দুই-একদিনের মধ্যে এব্যাপারে হস্তক্ষেপ না করা হয় তাহলে ট্রামের চাকা বন্ধ হবে এবং জন-সাধারণ ক্ষতিগ্রস্ত হবে। দুই-একদিনের মধ্যেই একটা বন্দোবস্ত করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

Point of Personal Explanation

Janab Syed Badrudduja: Mr. Speaker, Sir, I have gone through the extract of the speech of Mr. Kazem Ali Meerza and the comments of the Hon'ble Judicial Minister, Shri Siddhartha Roy. Mr. Kazem Ali Meerza has hinted at me in veiled threats and baseless insinuations and has even gone to the length of attacking my honour and questioning my loyalty to the State. Evidently he has tried to paint me in colours taken from his own paint box. Hon'ble the Judicial Minister..... ...

Mr. Speaker: Do not make a speech. Make it a personal explanation.

Janab Syed Badrudduja: Please allow me to go on.

Mr. Speaker: I would request you to speak only on personal explanation.

Janab Syed Badrudduja: Sir, you allowed him to indulge in filthy abuses against me. Please allow me to reply to the charges.

Mr. Speaker: I would not stop you for one moment, but please remember that you are on personal explanation.

Janab Syed Badrudduja: Sir, you are supposed to be the custodian of the rights of all the members of the House. I would request you to rise to the occasion and allow me to go on uninterrupted.

Janab Syed Kazem Ali Meerza: On a point of order, Sir. You allowed the honourable member to speak on a personal explanation.....

Mr. Speaker: Leave it to me.

Janab Syed Badrudduja: Sir, I expected that the Honourable the Judicial Minister, a scion of one of the noblest families of India, a descedant of one of the most illustrious personalities in India, would, at any rate, not line up with his colleague over there and hint at me in that way, insinuate against my loyalty and discover nothing but communalism in my speech.....

[3-40—3-50 p.m.]

The aspersions are so malicious and the insinuations are so baseless and unfounded that they carry their own refutation. I would not have taken any serious notice of these baseless insinuations and malicious aspersions and would have treated them with the contempt they deserved, but for the fact that, if these aspersions were allowed to go unchallenged, they might create a misleading impression on the public mind. It is a misfortune and a cruel tragedy of public life in India that whenever any attempt at the solution of the unfortunate Muslim communitys' problems has been made, the communal bubble has always burst, revealing to the world the most combustible substance of hatred and antagonism that lies beneath the apparently calm political surface of India.

Mr. Speaker: I do not understand.....

Janab Syed Badrudduja: Sir, you are an eminent lawyer, please let me *develop my argument.*

Mr. Speaker: There is no scope for argument in a personal explanation. If anything has been said which you have not said, you may only say that is wrong.

Sj. Jyoti Basu:

স্পীকার মহোদয়, সেদিন আপনার মনে আছে, আমি অবশ্য তাঁর বক্তৃতা শুনিনি, পড়েও দেখিনি, ঐদিক থেকে সৈয়দ কাজেম আলি মির্জা যা সৈয়দ বদরুদ্দজাকে উল্লেখ করে বলেছেন, তাতে ও'র লয়ালটিকে চ্যালেঞ্জ করা হয়েছে। বললেন আপনি ও'র বক্তৃতা শুনেছেন, এবং উনি সাম্প্রদায়িক বক্তৃতা দিয়েছেন, একথা বলেছেন। বদরুদ্দজাকে লক্ষ্য করে বলা হয়েছে যে, উনি সাম্প্রদায়িক। উনি তার বিরোধীতা করে বলছেন আমি এই রকম বক্তৃতা দিই নি। উনি যা বলেছেন তার উত্তরে এক্সপ্লানেশান দিচ্ছেন। আমার মনে আছে স্পীকার মহাশয়, এখানে অনেকবার পার্সোন্যাল এক্সপ্লানেশান অনেকে দিয়েছেন, আপনি তো কাউকে বন্ধ করেন নি। তাঁদের বক্তৃতা যদি দেখেন, তা হলে দেখতে পাবেন বক্তৃতা যা দিয়েছেন তার অনেক কথা পারশোনাল এক্সপ্লানেশানএর মধ্যে আসে না, তবুও তাদের তা বলতে দেওয়া হয়েছে। উনি দু'-চার মিনিট বলবেন, তাতে যদি এইভাবে ডিস্টার্ব করা হয় তা হ'লে উনি বলবেন কি করে?

স্পীকার মহাশয়, এটা একটা সিরিয়াস ম্যাটার বিফোর ইউ, আমার একজন কলিগ, যিনি পাশে বসে আছেন, তাঁকে লক্ষ্য করে নানা কথা বলা হচ্ছে কাশ্মীর সম্পর্কে একটা সই-এর অজুহাত নিয়ে যে তাঁর ভারতবর্ষের প্রতি লয়ালটি নেই। ইভন, যদি তাই হয় তাহলে উনি এখানে থাকতেন না, হয় জেলে থাকতেন, না হয় পাকিস্তানে থাকতেন। তা হয় নি। উনিও যেমন নির্বাচিত হয়ে এখানে এসেছেন, ঠিক তেমনি কাজেম আলি মির্জাও সেইরকমভাবে এখানে এসেছেন। কাজেম আলি মির্জাকে যেমন বলবার অধিকার বা সুযোগ দিয়েছেন তেমনি ও'কেও বলতে দিন। পরে বলবেন অবান্তর হয়েছে। কিন্তু বার বার যদি এইরকমভাবে তাঁকে বাধা দেন তা হ'লে উনি বলবেন কি করে?

Mr. Speaker: That is not in my mind. I have helped him by giving a copy of the speech to enable him to answer. If there is any portion which he did not say, he may only say—I never said so.

Janab Syed Badrudduja: Sir, human memories are very short and the memories of my friends opposite seem to be still shorter, otherwise they would have hesitated casting reflection on me and charging me with rank communalism. I want to refresh the memory of my friends opposite. Sir, from December, 1941 to 1946 under the leadership of Mr A. K. Fazlul Huq and Shri Sarat Chandra Bose, who formed a Coalition Ministry composed of the leading lights of both the communities, when myself as Secretary of the Progressive Coalition Party and also as Mayor of Calcutta Corporation from 1943-44, in collaboration and combination with these great leaders of public opinion in the country, was making desperate efforts to stem the fast rising tempo of communal passions and frenzies which ultimately burst into flames on both sides of the border; my friend Mr. Kazem Ali Meerza over there lined up with the forces of reaction under the Muslim League which resulted in the Direct Action of 1946, culminating in the partition of India—partition of Bengal—with all the attendant horrors and horrible implications.

[Noise and interruptions...]

(A voice: What about Aligarh?)

I am coming to Aligarh very soon. I will presently give you something to regale you—certain observations.....

[Noise and interruptions...]

Sir, will you stop these?

Mr. Speaker: I would ask honourable members to keep quiet. A statement has been made that he does not owe allegiance to India Government. Well, it is a grave charge. I am just going through the speech once again to follow his argument. So what is the good of shouting like this? I do not think any member in the House is entitled to say that some member of this House does not owe allegiance to the India Government, because that immediately disqualifies the member from continuing as a member of this House.

Janab Syed Badrudduja: That divisionist, that partitionist, that disintegrationist, that advocate of the two-nation theory, that stalwart of communalism was busy fanning flames of communal passions and prejudices, while we in this House were protesting most emphatically against partition. Further, when after the ill-fated partition, I raised a pitieous cry "Bengal lies prostrate to-day, bleeding from the wounds inflicted on her soul. A disastrous policy has pursued Bengal since after the removal of Capital from Calcutta to Delhi and to-day Indian leadership, both Muslim and Hindu, has succeeded in partitioning, dividing and fragmenting Bengal which has a disastrous effect on its cultural hegemony, political integrity, socio-economic entity with still more disastrous consequences likely to follow. This unnatural division of the province is bound to breed germs of perpetual clash and conflict between the two neighbouring States." When I was raising this cry of lamentation, my friend Mr. Kazem Ali Meerza, immediately after partition, flew to Karachi to contact Md. Ali Jinnah to get back Murshidabad into Pakistan. He was, however, unceremoniously dismissed and turned out from Karachi as it was an accomplished fact. Immortal poet Hafiz has rightly obsereved "Bold must be that theif that carries a lamp in his hand". Sir, the lady protests too much. I shall not go any further.

Sir, if after partition, I have taken up the cause of the Muslim community in right earnest, I have done so just to voice their grievances, to voice their demand for a square deal from the Administration. If I have referred to the sufferings and miseries of Muslims, who constitute an integral part of the Indian nation, I have done so in exercise of my indefeasible fundamental right, Sir, and I am not all alone in this. Great leaders of public opinion, belonging to different schools of political thought, like Sj. Jyoti Basu, Dr Prafulla Ghosh, Sj. Charu Chandra Bhandari, Shri Hari Pada Chatterjee and Sj. Sitaram Sakseria, have also taken up the cause of minority community and are valiantly fighting for their rights. Sir, if love of the community is a crime I am a criminal and I plead guilty to that charge. If a man has no love for his own religion, no respect for his own parents, no regard for his own community but pretends to love others he is either a hypocrite, a scoundrel or a liar. Emersion has very rightly observed "thy love afar shall not be spite at home".

References to the sufferings and miseries of Muslims, to systematic non-implementation of their fundamental rights in various spheres of life, to their non-representation in various services, to the tortures and tyrannies perpetrated upon them, do not certainly amount to communalism or disloyalty. They are only an attempt to point out the failures of the Administration. For my bold advocacy of the Muslim cause, I plead no extenuating circumstances and would submit to the highest penalty under the Law.

Mr. Speaker: You have said enough in vindication of your rights.

Janab Syed Badrudduja: Yes, Sir, I shall now speak about loyalty.

[3-50—4 p.m.]

Mr. Speaker: Mr. Badrudduja, I have marked the portion of Mr. Meerza's speech where the Kashmir question has been brought in. I think that it cannot be maintained that you are not loyal to the Government. You have repudiated in the fullest possible way. No further speech is necessary.

Janab Syed Badrudduja: No, Sir, disloyalty is a grave charge—one of the gravest that can be thought of. I have not yet answered that charge.

Mr. Speaker: I will not allow you to proceed further in that matter.

[Noise and interruptions]

Dr. Prafulla Chandra Ghose: That charge has been made by a member of the Government. He is a Deputy Minister—he is a part of the Government. Therefore, if a part of the Government says that so and so is disloyal to the State, I think he must withdraw that charge or substantiate that charge and prosecute him.

Mr. Speaker: I am interested to know who will prosecute him.

Dr. Prafulla Chandra Ghose: He is a part of the Government. If the Government think that Janab Badrudduja is disloyal to the State, then they should prosecute him or he must withdraw this charge. This is a serious charge. No responsible person will make this charge light-heartedly.

[Noise and interruptions]

Mr. Speaker: Dr. Ghose, Mr. Badrudduja said certain things. I am not taking any side at all. Mr. Meerza repudiated the charge that Government is not looking after the minorities and made a certain remark which lent it a colour which, I can say, is not desirable However, in answer to that, Mr. Badrudduja went much beyond that. I have allowed Mr. Badrudduja to make it perfectly plain to the House—he has answered that point—that he is a very loyal citizen, that he has been associated with political parties and serving the interests of the country and that it is a very very wrong thing to accuse him of allegiance elsewhere. I have marked the relevant portion of Mr. Meerza's speech. Therefore, this repudiation is quite enough. But one thing I may say that it was not said by the Government.

Dr. Prafulla Chandra Ghose: How? He is not an ordinary member of the Congress benches. He is a Deputy Minister. I think he must be able to substantiate that charge or he must withdraw that charge.

Mr. Speaker: Have you read this speech?

Dr. Prafulla Chandra Ghose: No. I have not.

Mr. Speaker: That is why I am endeavouring to explain the thing. What he said was this—I am reading out his speech. Kindly allow me to read. Do not interrupt. It makes my task more difficult. I am reading out the last paragraph of his speech:

"Sir, the honourable member who is not here today criticized the Government the other day and showed his love for the minorities. Had he been here today, I would have asked him to say what he did with regard to Kashmir....."

"When the minorities belonging to the State made a statement in the Press that Kashmir belonged to India and that the minorities have full confidence in their State, in their country and in their Government, when it was on a non-party basis and when the minorities from every State and every party came forward to put their signature to that statement—my friend, when he was approached, refused to sign the statement. Why did he refuse? This shows where his allegiance lies. I will not say anything further."

Janab Syed Badrudduja: Sir, If a man calls me a thief, a scounderl, a liar, what should be my answer to that silly nonsense. Should I attempt to explain my conduct? No. I would simply hurl back that despicable lie, that dishonest concoction, that monstrous fabrication into the face of the slanderer to blacken his face,

[Noise and interruption]

A few stooges of the Congress, a few hire-lings of the Congress High Command, a few miscreations of Shri Atulya Ghosh may be required to sign a document to prove their allegiance.

[Noise and interruption]

Mr. Speaker: I cannot allow it. Will you sit down, Mr. Badrudduja? I have allowed you to have your fullest say against Mr. Kazem Ali Meerza. You have no right to bring in Sj. Atulya Chandra Ghosh.

Sj. Jyoti Basu:
শ্রদ্ধেয় অতুল্যবাবুর কথায় আপনার এত প্রাণে লাগছে কেন?

[Noise]

যখন এই হাউসেতেই শ্রীঅম্বিকা চক্রবর্তীর নাম করা হয়েছিল তখন তো আপনার প্রাণে লাগে নি। যখন তাঁকে চোর বলা হয়েছিল তখন তো আপত্তি করেন নি? আর উনি কি বলেছেন, অতুল্য ঘোষের কথা কি বলেছেন? বলেছেন, এসব কংগ্রেসী সদস্য ক্লিচার্স অব অতুল্য ঘোষ। উনি সই করেন নি ব'লেই উনি ডিসলয়াল হয়ে গেলেন।

Mr. Speaker: In this matter between Mr. Kazem Ali Meerza and Mr. Badrudduja I did not support at all the suggestion that his allegiance was lacking and it was a remark which should not have been made.

Sj. Jyoti Basu:
আমি পয়েন্ট অব প্রিভিলেজএ বলছি, আমার জিজ্ঞাস্য শ্রীঅতুল্য ঘোষের নামোল্লেখে আপনার প্রাণে কি কারণে এত লাগছে?

Mr. Speaker: Unless you sit down, I cannot proceed.

Sj. Jyoti Basu:
আমি পয়েন্ট অব প্রিভিলেজএ বলছি, আমাকে বলতে দিতে হবে। স্পীকার মহাশয়, উনি নিজেই যথেষ্ট উত্তর দিতে পারবেন, আমার কিছু বলবার দরকার নেই। কিন্তু আমি প্রশ্ন করেছিলাম—এই প্রসঙ্গে উনি যখন বললেন যে ওঁদের মধ্যে কেহ কেহ আছেন যাঁরা ক্লিচার্স অব শ্রীঅতুল্য ঘোষ; শ্রীঅতুল্য ঘোষ অবশ্য কংগ্রেস প্রেসিডেন্ট, তিনি বাইরের লোক, কিন্তু এতে আপত্তির কি থাকতে পারে? শুধু তাঁর নাম করা হয়েছিল, কিন্তু তাঁর বিরুদ্ধে কোন অভিযোগ করা হয় নি। কিন্তু তাতেই আপনার প্রাণে ব্যথা লাগল! কিন্তু এই হাউসএই যখন কোন

বিশিষ্ট ব্যক্তি কলেজের প্রিন্সিপ্যালএর মত রেসপেকটেড লোকের উপর কিংবা শ্রীঅম্বিকা চক্রবর্তী মহাশয়—এই অ্যাসেম্বলির ভূতপূর্ব সদস্য—তাঁদের অনুপস্থিতিতে যখন তাঁদের উপর আক্রমণ করা হ'ল তখন যদি আপনার প্রাণে ব্যথা লাগত তা হ'লে বুঝতাম যে সত্যিকার জাস্টিস আপনি করতে চান। কিন্তু কোথায় সেই জাস্টিস?

[Noise and interruption]

Sj. Jatindra Chandra Chakravorty:

মুশকিল হচ্ছে আপনি এত বেশি কথা বলছেন যার জন্য এই রকম বেশি গোলমাল হচ্ছে। আপনি যদি একটু কম কথা বলেন তা হ'লে ভাল হয়।

Mr. Speaker: There must be order in the House, otherwise I cannot listen to anybody.

[4—4-35 p.m.]

Sj. Subodh Banerjee: Mr. Speaker Sir,

আমার কোন ক্ষমতা নাই হাউসকে চুপ করাবার ব্যাপারে। স্পীকারএর কর্তব্য হচ্ছে হাউসকে চুপ করানো, হাউসকে অর্ডারএ নিয়ে আসা।

It is the duty of the Speaker to establish order —

Mr. Speaker:

আপনারা যদি আমার কথা না শোনেন তা হ'লে আমি হেল্পলেস।

Sj. Subodh Banerjee:

আপনি বিবেচনা ক'রে দেখুন এটা আপনার নিজের উপরই রিফ্লেকশন কিনা। আমি মনে করি

Sankar Das Banerjee is casting reflection on the Chair of the Speaker.

এখানে আমরা সকলেই হেল্পলেস হাউসকে অর্ডারএ আনার ব্যাপারে। একমাত্র স্পীকারই পারেন হাউসকে চুপ করাতে। কিন্তু আপনি তা করছেন না।

It is the incompetence of Sankar Das Banerjee, not of the Chair.

আমি চেয়ারের কাছে অনুরোধ করছি

and not to Sankar Das Banerjee.

[Noise and uproar]

আমার বক্তব্য আপনি জানেন,

it has been your ruling

কোন লোক যিনি অ্যাডমিনিস্টেশনএর সঙ্গে সংশ্লিষ্ট বা জড়িত নন তাঁর বিরুদ্ধে যদি কোন চার্জ নিয়ে আসা হয় তা হ'লে সেটা ঠিক নয়। কিন্তু বদরুদ্দোজা সাহেব যে কথা বলেছেন it is no charge against Atulya Babu or anybody; it is a charge against some members whom he has described as miscreations of Atulya Babu—there are certain members.....

[Noise and uproar]

Sj. Bijoy Singh Nahar:

স্যার, আপনার কাছে আমাদের নিবেদন হচ্ছে

he must withdraw that charge.

[Noise and uproar]

Mr. Speaker: The best thing is to adjourn the House because there is no use carrying on in this temper.

The House is adjourned for 15 minutes.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

[4-35—4-40 p.m.]

Intimation regarding arrest and detention of Sj. Chitto Basu, M.L.A.

Mr. Speaker: I have a report to give to the House. The Chief Presidency Magistrate, Calcutta, has written to me a letter which I received today after the House sat.

"Sir,

I have the honour to state that Shri Chitto Basu, a member of the West Bengal Legislative Assembly, was arrested along with others on the 3rd March, 1958, under sections 143, 145 and 186 of the Indian Penal Code and section 117 of the West Bengal Security Act for the offence of being a member of the unlawful assembly, of obstructing public servants in the discharge of their duties with the object of violating orders under section 144 of the Criminal Procedure Code, 1898, and produced before the court of the Presidency Magistrate on that day for committing the alleged offences referred to here. He was granted bail of Rs. 100 but as he was not prepared to execute the bail bond he was ordered to be detained in jail custody till the 17th March, 1958. He has accordingly been taken into jail custody in the Presidency Jail, Calcutta."

That is the position.

Personal Explanation

Mr. Speaker: Mr. Badrudduja, I have only one thing to tell you and that is this. You have made a fairly long statement in your personal explanation. One point remains unanswered. If you do want an opportunity to answer that particular point, I will allow you to do so. If you do not want to do it, you need not do it. It is, matter entirely up to your liking. The point is, in the statement made by Prince Kazem Ali Meerza I find that he had mentioned the fact that somebody wanted to sign a manifesto on the Kashmir question and you refused to do it. If you want to say something about this particular point, I will allow you to do so. It is entirely up to you. Let me remind you that you have covered all the points. The only point that you have not covered is the Kashmir point. So far as Dr. Profulla Chandra Ghosh's statement is concerned, I will allow him to speak after Mr. Badrudduja finishes his speech.

The Hon'ble Siddartha Sankar Roy: Before Mr. Badrudduja rises to make further statement, may I make an explanatory statement, because in the course of his speech my honourable friend was pleased to refer to my maternal grand-father. It is known to each and every member of the House that it is not within the compentence of any member to level charge of disloyalty against any member. I have not levelled such a charge. If my friend, Mr. Meerza has levelled such a charge, I have his authority to withdraw and not only to withdraw, but to express regret for the charge is there on record. But I would like to hear from Mr. Badrudduja—because the matter is not a party question—as to whether or not the charge of refusing to sign a statement regarding Kashmir is true or not. In giving a personal explanation under the rules he can deny it and I should think that since every honourable member in this House is supposed to be a gentleman, what he says is true. For our purpose speaking about the charge, we say that the right of any Muslim should not be infringed and

we shall try our best to see to it that his right is not infringed and also to see that he enjoys every privilege, every right, every guarantee. It is also our duty to see that no Muslim citizen in India will suffer.

Janab Syed Kazim Ali Meerza: It was never my intention to cast any reflection on any honourable member of the House. It was far from my mind. He and I are known to each other for a long time. What I meant was this: that the things uttered in this House should be more soberly worded without giving any communal background.

He did not subscribe his signature to the statement issued by us with regard to Kashmir. That was the charge. I may tell my friend, which he must also remember, that he and I were both members of the Coalition Party which was then formed between Dr. Syamaprasad Mookerjee and Mr. A. K. Fazlul Huq. I was the Whip of the Party, and this can be ascertained from the Assembly records. During that time, I along with Mr. A. K. Fazlul Huq was in the house of late Mr. Sarat Chandra Bose when he was arrested and the Coalition was formed with Mr. A. K. Fazlul Huq and Dr. Syamaprasad Mookerjee. I have nothing to hide, I was with the then Muslim League Party. So was Mr. Badrudduja. During the Partition period, according to notional division, Murshidabad went to Pakistan with all its records having gone to Karachi. I did go to Karachi during the notional division period, and for what purpose it is known to my friend who is sitting here, a member of the House, Mr. Durgapada Sinha, who also was a witness at that time to what actually happened in Murshidabad. I dare say you do not know all the facts. According to the notional division, Murshidabad was at that time in Pakistan. We did not have any Indian armed forces there at that time during the division period. Punjabi forces had arrived there, and also the Behari Muslim refugees. If I had not intervened, the position would have been otherwise. The S.D.O. who was there at that time, Shri M. N. Chowdhury, and who is now a Probate Dy. Collector, Calcutta Collectorate, would bear me out that I stood alone facing the public and the mad crowd marching. There would have been massacre if I had not stopped it risking my own life. The Hindu families were leaving Murshidabad. Of course I do not desire to take any credit for all this. All these things are there and must be on record. After that I came to Calcutta. Then Dr. Prafulla Chandra Ghosh was the Chief Minister and my friend late Kiran Sankar Roy was the Home Minister. They knew what actually brought quiet at that time, but that is not the point. What I wanted to say is that if I have hurt my friend I am quite prepared to withdraw every word which may have offended him. But I say this, let us move in a fashion, let us move in a manner so that we can achieve unity. Let us move and work jointly. I have already said in my last speech that we have seen the evil effects of communalism. We have seen the evil effects of the division of India We have realised our mistakes. Those of us who have decided to remain here in this part of India, belong to India, and India is our mother land. That is all that I want to say.

[4-40—4-50 p.m.]

Janab Syed Badrudduja: Sir, I am extremely grateful to the Hon'ble Judicial Minister for withdrawing the baseless insinuation against my loyalty. It is worthy, as I said, of the descendant of a great man. I expected this much from him. Even then, Sir, he has not changed his spots. Somehow or other I find that he has made that insinuation again. Sir, I have got to prove my allegiance. Three hundred and eighty millions of Indians have not proved their allegiance by a written document...

Mr. Speaker: Mr. Badrudduja, all that the Hon'ble Minister said was that it was unconditional withdrawal and no meaning should be given to other than the meaning of unconditional withdrawal.

Janab Syed Badrudduja: *I reciprocate your views but let me go on.*

Mr. Speaker: "Let me go on" is not the point.

Janab Syed Badrudduja: Sir, I accept the withdrawal. As I was saying 380 millions of Indians' allegiance has not ben questioned by any honourable member of this House. Four thousand members of various Legislatures of India have not gone out of their way to sign a document to show their allegiance. Sir, I consider it to be a supreme contempt of my honour, my dignity, my education, my culture, my tradition and the blood that flows through my veins. My unimpeachable integrity of character is rather against perfidy, dishonesty, corruption, bribery, treachery in any shape or form. I cannot dream of that. Therefore, I hurled back my contempt to those despicable stooges and hirelings who have got the temerity to cast reflection on me.

Mr. Speaker: Mr. Badrudduja, I have accepted your personal explanation. What I understood Mr. Badrudduja to say was that he was very loyal and that it was beneath his dignity to sign.....

Janab Syed Badrudduja: I am loyal to this State. I am loyal to the Constitution and to the fundamental rights of the Constitution and not to this Congress Government, not to this Congress administration. Do not confuse the two things.

Mr. Speaker: I have one word to add and there I will ask for the support of the whole House not merely the members to my right but also members to my left because it is a matter which concerns the whole House. A reflection was made by using the two words "stooges" and "hirelings". It was a reflection made against an unnamed member but it was against a member sitting in the House. I record my disapproval and I direct those words to be expunged from the proceedings.

Sj. Jyoti Basu:
স্পীকার মহাশয়, আমার ধারণা হয়েছিল, তিনি কারুর নাম করেছেন, তিনি বলছেন, তিনি কারুর নাম করেন নি, যদি নাম করে থাকেন তা হলে সেটা—

Mr. Speaker: All right. I record my disapproval.

Sj. Bijoy Singh Nahar: Sir, let him withdraw the words.

[Cries of 'withdraw' 'withdraw' from Congress Benches]

Mr. Speaker: Order, order. I am now taking up the business of the House.

Sj. Subodh Banerjee: On a point of privilege, Sir.
এ ছাড়াও আরো বক্তব্য আছে—

Mr. Speaker: I won't hear you.

Sj. Subodh Banerjee: I am on a point of privilege and the Speaker has no power to curtail the privilege of the House.

Mr. Speaker: I have disallowed it.

[Sj. Jatindra Chandra Chakraborty and Sj. Subodh Banerjee both rose in their seats]

Sj. Subodh Banerjee: The Speaker has no right to curtail our privilege. The Speaker is bound by the rules and cannot go beyond the rules. An explanation was given by Janab Syed Badrudduja and you said that you would expunge the words from the proceedings. You cannot do that.

Sj. Jyoti Basu: On a point of privilege, Sir.
উনি কি বলবেন তাতো আপনি জানেন না, তিনি একটা কিছু বলবেন, তা শুনুন না।

Sj. Subodh Banerjee:
আমার বক্তব্য হচ্ছে,
Insinuation against any particular member is a breach of parliamentary etiquette
কিন্তু কোন পার্টিকুলার মেম্বারএর বিরুদ্ধে যদি না করে অত্যন্ত জঘন্যভাবেও
insinuation করে in general terms and against abstract thing.....

Mr. Speaker: Against a member unnamed.

Sj. Subodh Banerjee:
যদি কোন এবস্ট্রাক্ট থিংএর উপরে এবং কোন ডেফিনাইট মেম্বারএর নাম না করে বলেন
it is not a breach of parliamentary practice according to May's Parliamentary Practice.
সুতরাং এটা অ্যাকর্ডিং টু ল এক্সপাঞ্জ হতে পারে না
because it is in general terms and it is not unparliamentary, you have no right to expunge it.

[4-50—5 p.m.]

Mr. Speaker: Mr. Banerjee's remarks are wholly unnecessary. I have already told Mr. Jyoti Basu that if the rules do not permit, I am not going to expunge.

Sj. Jatindra Chandra Chakravorty:
মাননীয় স্পীকার মহাশয়, আমি এখানে এই কথা বলতে চাই এর আগে মাননীয় বঙ্কিমবাবু যখন আপনাকে বলেছিলেন যে মুখ্যমন্ত্রী "লাই" কথাটা ব্যবহার করেছেন তখন আপনি সেটা আনপার্লামেন্টারি হওয়া সত্ত্বেও এক্সপাঞ্জ করেন নি এবং নিরপেক্ষতা দেখিয়েছেন। সেদিন যদি এক্সপাঞ্জ না ক'রে থাকেন, আজকে কেন সেটা এক্সপাঞ্জ করতে বলছেন?

Dr. Radhakrishna Pal:
তুমি আবার কি বলছ, বস।

Laying of papers relating to the West Bengal Financial Corporation.

The Hon'ble Bhupati Majumdar: Sir, I beg to lay before the Assembly the Statements of the Assets and Liabilities of the West Bengal Financial Corporation, together with a Profit and Loss Account, the Auditor's report and a report of the working of the Financial Corporation as at the close of the financial years ending 31st March, 1955 and 31st March, 1956.

Message

Secretary: (Sj. A. R. Mukherjea): Sir, the following Message has been received from the West Bengal Legislative Council, namely:—

"Message

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958, was considered by the West Bengal Legislative Council at its meeting held on 3rd March, 1958, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council".

GOVERNMENT BILL

The Calcutta Slum Clearance Bill, 1957, as reported by the Joint Committee

The Hon'ble Iswar Das Jalan: Sir, I beg to move that the Calcutta Slum Clearance and Rehabilitation of Slum Dwellers' Bill, 1958, as reported by the Joint Committee, be taken into consideration.

Sir, the House knows that this Bill was referred to a Select Committee consisting of members of both Houses as well as representatives of all the parties concerned. The report of the Select Committee is before us. The Select Committee has gone fully into the matter as will appear from the alterations made by the Joint Select Committee. Unfortunately, I find that there are a large number of minutes of dissent. I do not desire to deal with them at this stage.

Procession of bustee dwellers

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, please give me one minute.....

স্পীকার মহোদয়, এইমাত্র আমাকে শ্রীযুক্ত অমর বোস খবর পাঠিয়েছেন যে, এই বস্তি বিল সংক্রান্ত ব্যাপারে প্রতিবাদ ক'রে, বিলকে নানাভাবে উল্লেখ ক'রে প্রায় দশ হাজার লোক বস্তি ও বিভিন্ন জায়গা থেকে এসেছে এবং এখন যখন এই বিলের আলোচনা শুরু হচ্ছে তখন তারা চাচ্ছে মাননীয় মন্ত্রী জালান সাহেব এই বস্তি বিলের আলোচনা কিছুক্ষণের জন্য বন্ধ রেখে যদি একবার বাইরে গিয়ে তাদের সঙ্গে দেখা করেন। কারণ ওদের ভীষণ বিক্ষোভ যে এই বিলের মধ্যে বহু কুজ আছে যা তাদের স্বার্থবিরোধী এবং ওদের দুঃখকষ্টের কথা শোনাবার জন্য ওরা এই অ্যাসেম্বলি হাউসএর সামনে এসে অপেক্ষা করছেন। দলে দলে নারী-পুরুষ—তারা এসেছে। আমি আশা করি একটু শ্রদ্ধার সঙ্গে তাদের দেখবেন। মুখ্যমন্ত্রী মহাশয় ব'লে থাকেন ও'রঅনেক কাজ, কিন্তু এখন তো তাঁর বিশেষ কিছু কাজ নেই। উনি যদি এখন একটু গিয়ে দেখা করেন তাদের সঙ্গে তা হ'লে আরও ভাল হয়।

Sj. Sudhir Chandra Ray Chowdhury:

উনি চলুন, ও'নাকে আমি নিয়ে যাচ্ছি। তবে জালান সাহেব গিয়ে বিশেষ কাজ হবে না। ডাঃ রায় গেলে ভাল হ'ত।

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, আমিও মনে করি মন্ত্রিমহাশয়ের তাদের সঙ্গে দেখা করা উচিত। প্রায় ১৫-২০ হাজার বস্তির লোক এসেছে অ্যাসেম্বলির ভিতর সরকারের কাছে তাদের আবেদন-নিবেদন জানাবার জন্য। যে স্লাম ক্লিয়ারেন্স বিল এখানে আনা হয়েছে তা যে পাস হয়ে যাবে সে বিষয় কোন সন্দেহ নাই। কিন্তু আমরা বলি আমরা গণতান্ত্রিক সরকার, কাজেই গণতন্ত্রের উপর যখন আমাদের শ্রদ্ধা আছে তখন বাইরে জনগণ যারা এসেছে তাদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা উচিত। তাদের যে কথা শোনাবার জন্য এখানে উপস্থিত হয়েছে সে সকল কথা আমাদের শোনা উচিত এবং সেইমত যেন আমরা এই বিলকে সংশোধন করি।

আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তিনি বাইরে গিয়ে বস্তিবাসীদের তরফ থেকে যেসকল রিপ্রেজেন্টেটিভ এসেছেন তাদের সঙ্গে দেখা করুন।

Mr. Speaker:

আপনি এই হাউসের পুরান মেম্বার, আপনারত সব জানা উচিত এ'রা মাঝে, মাঝে রিপ্রেজেন্টেটিভদের সঙ্গে দেখা করেন, ডিসকাস করেন। তবে এক্ষেত্রে ও'রা যদি কিছু করতে না চান, আমার ক্ষমতা নেই যে আমি জোর করে গভর্নমেন্টকে কিছু বলাই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, according to your direction, there are a large number of persons who sent a petition to the Petition Committee and the content of that petition is before us. There is nothing more to be added to that.

Mr. Speaker: I do not know whether Mr. Hemanta Kumar Basu knows that the matter was referred to the Petition Committee. This is exactly the position. The Committee of Petition have examined the petition relating to the Calcutta Slum Clearance Bill which was referred to them. The petition has been signed by ten thousand persons and it conforms to the rules of the committee. They directed the circulation of this petition as a paper to the above-mentioned Bill. The contents of the petition were presented to the West Bengal Legislative Assembly by Sj. Ganesh Ghosh, M.L.A., on 3rd March, 1958. I take it that every honourable member has got a copy of the petition before him. When this petition came before me, Mr. Jyoti Basu, Leader of the Opposition, brought it to my notice as to what was the next thing to be done. I found that the proper procedure was to refer it to the Petition Committee and it was referred to the Petition Committee. The members of the Petition Committee were Sj. Ashutosh Mallick, Chairman, Sj. Ganesh Ghosh, Sj. Basanta Kumar Panda, Sjta. Tusar Tudu.

Sj. Sudhir Chandra Ray Choudhuri:

ও তো আমাদের জানা আছে। কথাটা হচ্ছে এখানের [illegible] এটা মনে করছে যে সেই ডিসিশনই শেষ কথা নয়। এবং তারা মনে করছে এর পরও তাদের বলার অধিকার আছে। তারা আশা করে যে ডাঃ রায় ও জালান সাহেব তাদের সামনে দাঁড়িয়ে তাদের কথা শুনবেন এবং শুনে তাঁদের করণীয় যা করবেন। তাই পিটিশন কমিটিতে তাদের দরখাস্ত পেশ করাতেই শেষ কথা হয়ে গেল—এটা তারা বিশ্বাস করে না।

Dr. Jnanendra Nath Majumdar:

স্যার, আমার সামান্য কিছু বক্তব্য আছে। সেদিন মুখ্যমন্ত্রী মহাশয় ডেমোক্রেটিক বলতে কি বুঝায় সেই সম্পর্কে বলেছিলেন

It is for the people, by the people and of the people. Not only that, it is with the people.

গণতন্ত্র থাকতে পারে না যদি না সেটা উইথ দি পিপল হয়। কিন্তু সেই উইথ দি পিপল তো দূরের কথা, সেই পিপলরা যখন তাঁদের কাছে আসে তখন তাঁরা পিছিয়ে যান। সেখানে আমার কথা হচ্ছে আপনি আচরি ধর্ম পরকে শেখানো।

We ask him to be with the people.

আগে তাঁরা উইথ দি পিপল দেখা করুন, তাঁরা নিজেরা ডেমোক্রেটিক সেটা দেখান এবং তারপরে অপরকে ডেমোক্রেসি শেখাবেন।

Sj. Bankim Mukherji:

স্পীকার, স্যার, অবশ্য বারবার অ্যাসেম্বলিতে ডিমনস্ট্রেশনএর কথা বললে ডিমনস্ট্রেশনএর গুরুত্ব কমে যায়। অবশ্য ডিমনস্ট্রেশনএর গুরুত্ব কমে কিনা সেটা নির্ভর করে কি পরিস্থিতি নিয়ে সেটা করা হয়। সেই দিক থেকে দেখলে এবারের ডিমনস্ট্রেশনএর গুরুত্ব খুব বেশি। বিভিন্ন বস্তির মধ্য থেকে বহু নরনারী এসেছে। তাদের সম্বন্ধেই এই বিলের মধ্যে আলোচনা হচ্ছে, সুতরাং এই বিলের মধ্যে তারা নতুন আলোকপাত করতে পারে। সুতরাং তাদের সঙ্গে দেখা করবার জন্য অনুরোধ করব। আমি মনে করি এমন কোন সিদ্ধান্ত করা উচিত নয় যে কোন সময়ই তাঁরা এই রকম জনতার সামনে যেতে পারেন না। তারা এসেছে—অন্তত যে পিটিশনটা তাদের পক্ষ থেকে এখানে এসেছে সেটা বিবেচনা করবেন কিনা এবং তাদের সঙ্গে দেখা করে তাদের বক্তব্য গভর্নমেন্ট শুনবেন কিনা তা জানবার জন্য তারা এসেছে। এখান থেকে কিছু জানতে পারলে পর তার উপর নির্ভর করে যাতে তারা ফিরে যায় সেটা দেখা আমাদের সকলেরই—আমাদের পক্ষ ও গভর্নমেন্ট পক্ষের—কর্তব্য। সেই দিক থেকে মুখ্যমন্ত্রী বা অন্য কোন মন্ত্রী যদি জানিয়ে দেন যে তাদেরই ব্যাপারে কিছু করা হচ্ছে, সেটা এই হাউসএর সামনে জানিয়ে দিলে ভাল হয়। তা যদি সম্ভব না হয় তবে হাফ য়্যান্ আওয়ার বা কয়েক মিনিটের জন্য এই হাউস অ্যাডজোর্ন করা যেতে পারে এবং সেখানে গিয়ে তাদের বুঝিয়ে-সুজিয়ে কিছুটা আশ্বস্ত করা যায়, তা করা উচিত।

[5—5-10 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I have already said many times in this House that we are here to do certain things and we are now engaged in doing them. So far as this particular proposition is concerned, it was placed before the House during the last session, discussed threadbare by the members and then a Select Committee was formed of 32 members and practically every representative of the Calcutta constituencies was represented on that Select Committee. So far as this Bill is concerned, we discussed this threadbare—sentence by sentence—in the Select Committee. So far as this petition is concerned, it has raised certain points which are, to my mind, more or less covered by the present Bill, as it stands today. But I do not think it is right, proper or appropriate that we should stop our work for the purpose of meeting these people because they have been asked to come here at the instigation of certain group or groups of people. My friend was talking about democracy. I do not know what he thinks about democracy. All I can say is that this is not a spontaneous movement. So far as we are concerned, at any rate, we have got to feel and know what they want to say and we will act upon it. Sir, we are here engaged in a serious matter and I do not propose either to go out or ask you to stop discussion on this matter.

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহাশয়, কালকে মুখ্যমন্ত্রী মহাশয় যে কথা বলেছেন—আমরা বরাবরই মুখ্যমন্ত্রীকে বলেছি তিনি এই বিল বৈঠকে আনবার পর এবং বৈঠকের আগে সিলেক্ট কমিটিতে বিভিন্ন ধারা আলোচনার সময় তাঁকে বলেছি যে বস্তিতে যারা থাকে তাদের মনে আপনাদের এই বিল সম্বন্ধে কিছু সন্দেহ আছে এবং আমরা যতই তাদের উস্কানি দেবার চেষ্টা করি না কেন, এটা সবচেয়ে বড়া কথা নয়। তাদের মনে যে সন্দেহ জেগেছে সেটা অন্যায় কথা নয় এবং সেটা দূর করা উচিত। ত্রিশ হাজার লোক শোভাযাত্রা ক'রে এসেছে। [নয়েজ।] তারা যেভাবেই আসুক না কেন মুখ্যমন্ত্রী মহাশয়ের উচিত তাদের পক্ষ থেকে যদি কোন ডেপুটেশন নিয়ে তাঁর সঙ্গে দেখা করতে চায় তা হ'লে তাঁর দেখা করা উচিত, যদি তিনি নিজেকে গণতান্ত্রিক ব'লে মনে করেন। যদি দেখা করেন তবে একটা দিন নির্ধারণ ক'রে ব'লে দিন কবে তিনি দেখা করবেন। চারটা প্রতিষ্ঠানের পক্ষ থেকে আজকে [illegible] এসেছে। সেই প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সঙ্গে কবে তিনি দেখা করবেন সেই সময়টা যেন তিনি দেন।

Mr. Speaker:

প্রত্যেক মেম্বারই একই কথা অদল বদল ক'রে ব'লে গেলেন, কিন্তু তাতে কোন লাভই নেই। শ্রীবঙ্কিম মুখার্জি ঠিক কথাই বলেছেন, আমিও তাই বুঝি। প্রধানমন্ত্রী মহাশয় যদি জবাব না দেন, দেবেন না। এটা আমার কনসার্ন নয় এবং আমার কোন ইন্টারেস্টও নেই।

Sj. Bankim Mukherjee:

আমি আর একবার মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, অন্ততঃ তাদের প্রতিনিধিদের সঙ্গে দেখা করার জন্য একটা কথা বলুন, কারণ প্ররোচনা দিয়ে ২৫-৩০ হাজার লোক আনা যায় না।

মিঃ স্পীকার, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি প্রতিনিধিদের সঙ্গে গিয়ে দেখা করুন। বিশ-পঁচিশ হাজার লোককে শুধু প্ররোচনা দিয়ে আনা যায় না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I will find out the time—not here but in my office. Four or six of them may come.

Mr. Speaker: The Chief Minister has said that he will receive a deputation of either four or six persons not here but in the Writers' Buildings and due intimation will be given of the date and time.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I would suggest that four or six persons amongst those who have sent this petition may see me.

Sj. Bankim Mukherjee: Four or six persons would be too small.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
ফোর অর সিক্স হ'লেই ডিসকাশন ভাল হবে, নইলে কেবল তর্ক আর গোলমাল হবে। So, let us have four or six people'.

Sj. Bankim Mukherji:
ফোর অর সিক্স খুবই অল্প হয়, একটু বেশি লোক যদি আসে তা হ'লে ভাল হয়।

Sj. Bijoy Singh Nahar: This petition is almost a copy of a resolution which was passed in the Muslim Institute Hall.

Sj. Suhrid Mullick Chowdhury:
আমি, স্যার, নতুন কথা বলছি।
almost all Calcutta M.L.As.....

Mr. Speaker:
এ তো কলকাতার এম-এল-এদের কোন প্রশ্ন নয়।

Sj. Bankim Mukherji:
আমি জানাতে চাই রোটুন্ডা হলে যদি মুখ্যমন্ত্রী মীট করেন তা হ'লে বেশি লোকের সঙ্গে ডিসকাশন করতে পারেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
আমি ডিসকাশন করব ব'লেই তো বলেছি, কিন্তু বেশি লোকের সঙ্গে ক'রে কোন লাভ হবে না।

COVERNMENT BILL

The Calcutta Slum Clearance Bill, 1957, as reported by the Joint Committee

The Hon'ble Iswar Das Jalan: You will find from the title of this Bill that the title has been changed from Slum Clearance Bill to the Calcutta Slum Clearance and Rehabilitation of Slum-Dwellers Bill, 1958. This is to lay stress on the fact and to remove the misapprehensions from the minds of the people that there is no desire on the part of the Government to remove these bustee people without providing for their rehabilitation. A good deal of propaganda is being carried on in order to create a cloud over the issues which are before the House. This Bill was before the House; it was before the Select Committee; and it is now the property of the entire House which represents not only the city of Calcutta but also the entire people of West Bengal. I think this House is competent enough to decide as to what the fate of the Bill should be and what should be its provisions. I do desire that the members of the House will be serious enough to consider this problem not from the party point of view but from the point of view of what is desirable to be done in the circumstances of the case. The members of the House know quite well that so far as slum problem is concerned, it is the worst in the city of Calcutta inasmuch as there are 4,000 bustees with about 5 lakhs of people living there. We have got to find out a way as to how we can remove these slums and restore them into a position in which human beings can live. It is a scandal for any civilised country in the world or for any civilised Government that slums should exist in the heart of the city of Calcutta and exist for such a long time. What has necessitated this Bill? It has been necessitated by the fact that mere tinkering with the problem of slum improvement or slum clearance will not do. Something

very drastic has got to be done to remove the slums. Now, what is a slum? Slum is not the land on which these huts are built; slum is the nature of the structure which has been built on these lands. On all sides you will find very high buildings—three-storeyed or four-storeyed pucca structures—and in the heart of those structures there is an area full of huts. Those huts had been built in such a fashion that there is no light, there is no air, there is no passage between one set of huts and another; there is no arrangement for latrine or water-supply; there is no sanitary arrangement whatsoever. People have to live day in and day out in this squalor in which the slums are at present. How to tackle this problem?

[5-10—5-20 p.m.]

So far it was only tinkering with the problem. There were certain provisions in the Calcutta Municipal Act of 1923. There was another set of provisions in the Calcutta Municipal Amendment Act, 1951. Have they been able to solve the problem? Not yet. Now, we have got to find out what should be done. There is no desire on the part of the Government that those bustees which are capable of being improved upon should be demolished or that a new structure must be built, but one must realise the fact that in the city of Calcutta where land value is so high, in order to provide reasonable accommodation for these slum dwellers it is necesary to build very tall buildings. Statistics have also shown that the population who live in these slums is so vast that even if three-storeyed or four-storeyed buildings are erected on the spot, even then there will not be sufficient accommodation to provide to those people. That shows the density of population in those slums. How to improve them? If you want the huts to be reconstructed, how suitably to do so? Unless and until you deal with the situation in a drastic way you cannot do so. If you only want water-supply, that is another question. But that cannot solve the problem of slums; it may be an amenity. Even the water-supply is very insufficient in many quarters of Calcutta where people do not live in slums. Therefore water-supply is not the problem. The problem of slums is that all the huts which have been erected by the people have been so built without due regard to the principles of sanitation and without due regard to hygiene. Unless and until we deal with it drastically it will not be possible to deal with the question of slums. An improvement here and an improvement there will never solve the problem.

Now, our desire has been to provide limited accommodation. We have provided in this Bill that a limited accommodation should be provided within one mile of the area in which they have been living. So far as hut dwellers are concerned we have made provisions for compensation which we have not provided in other cases of land acquisition. So far as the Land Acquisition Act is concerned, it proceeds upon a certain basis. That basis is that we will have to pay the market price; over and above that we have to pay 15 per cent. There was another Act which was called the Planning and Development Act under which we have to pay the price on the basis of 1946 in order to acquire these slums. We want a special provision for compensation for slums, otherwise this Bill would not have been necessary. This Bill is necessary because we wish to deal with slums on a new basis. The provisions which have been made for compensation are different from the provisions which are comprised in the Land Acquisition Act and other Acts which acquire property for certain purposes. Even under the Calcutta Improvement Act, bustees may be acquired at the market price. Therefore, there are different methods of acquisition of property for different purposes. So far as the slum is concerned, we wish

to provide a basis which is altogether different from the other modes of acquisitnon. Therefore, it has become necessary to find out in those cases in which land has to be acquired, a bustee has to be acquired, what should be paid to the landlord, what should be paid to the lessee, what should be paid to the hut owners, what will be the resasonable compensation to be paid to them, what are the provisions which we shall have to make. Certainly it does not envisage that wherever an improvement is possible that improvement will not be done, but it does envisage that in order to remove the slums from our midst it is necessary that we should give them better accommodation, better light, better air and more space between one house and another house. How can it be done in the hut as it is constituted today? I understand as there are vested interests everywhere, there are vested interests in these huts also. So far as landlords are concerned, they have settled the bustee area mostly to people who have taken leases. They have built huts for which they get return. They have borne the total cost of construction of these huts. The total return is many times more than the cost of the capital. It is these people who have built the huts and who oppress the bustee-dwellers for the sake of extracting the last ounce of flesh for the unhappy possession of these huts. These are the people who are creating trouble in the city of Calcutta. As a matter of fact, it has become a political issue. These people have got to depend upon the votes of these people. In our view, there are many provisions in the Bill for the rehabilitation of the people who reside in these huts. It will give them a sanitary existence, a human existence, and it is our desire and, I believe, the desire of all concerned who have got the good of the people at heart that this should be done without any further delay. Of course, the task would be very heavy. The task is so heavy that it will take some years before we can accomplish the desired objective. But the task has to be done. It may take 10 years or 15 years. But we have got to start this work at some time or other. The work has not been started so far in spite of the provisions in the Municipal Act. It is the question of finance. We waited for the Central Government to make a scheme for supplementing this project and it was only last year when the India Government came to a decision that so far as these slum areas are concerned, they will bear 25 per cent. as subsidy, 25 per cent. are to be given by the State Government and the rest of 50 per cent. to be given as loan. If a building and land cost 10 lakhs of rupees, 5 lakhs of rupees will be given as subsidy and the remaining 5 lakhs in the shape of loan. You must have to remember that unless and until we repaid the loan which is our obligation, it will not be possible to build the houses on a very vast scale which is necessary to solve this problem. Therefore, whatever provision has to be made, we have got to make it from this point of view that it is a work which is capable of being put into execution. We are not going to do things which are impracticable and I would request all the members of the House to remember it from the point of view of practicability. It will then be that we shall be able to solve this problem. I doubt very much whether the Central Government is going to pay its share for improvement or for provision of water-supply or other things.

So far as the clauses are concerned, I would not detain you long. The clauses are before you. The main clause is with regard to compensation and rehabilitation. Now you find that so far as compensation is concerned, it is provided in section 7 which provides one kind of compensation for land owners, one kind of compensation for lessees and one kind of compensation for huts and you have got to examine how far these compensations are reasonable. If any modification is required it will be for the House to consider. But you should consider from this point of view that in case a slum is to be acquired what should be the payment of compensation. This

Bill is primarily to fix this compensation and to enable the Government to have slum clearance or slum removal and conversion thereof into proper kind of buildings at a reasonable cost.

[5-20—5-30 p.m.]

Now it is said that people will be turned out from a place where they have been living, where they have been carrying on their avocation. I shall tell the House that it is not the desire of the Government that they should be turned away from their economic field. As a matter of fact one of the two principles which have been accepted by the Government of India is that those people who have been residing in the slums should not be cut away from their sphere of economic life. Therefore, in any scheme which may be framed in order to put into execution any slum clearance work, we have to take this into account that we are not going to acquire a bustee to erect another house in its place without making ample provisions for those people who have got to be up-rooted from their houses. When we go on with the scheme it will be quite possible that those very people can be accommodated in the very places in which they have been living so far. Instead of a hut they will have a good building in which there will be air, there will be light, there will be open space, there will be latrine, there will be drainage and everything that a house possesses. That is the scheme which we have brought before the House. So far as I have been able to appreciate, the feelings of those people who have been carrying on agitation are that those people who are hut owners do not desire that they should be up-rooted from their huts, because hut is a source of their income and therefore in whatever filthy condition the people may live, so far as the source of their rent is concerned, their income is concerned, that should be left intact. Now Sir, there are vested interests. We have not cared when we took away Zemindary as to how far the smaller landlords were being up-rooted. We have gone on for nationalisation of industries and of many other things and we have not taken into account how far people have been up-rooted. There are people of low income group who are being de-housed every day and there is so much shortage of house accommodation and still we have gone on with improvement schemes in order to make Calcutta a better living place. Now, a certain amount of inconvenience is unavoidable. If you want to remove those people from their present position to a better surrounding there will be a certain amount of dislocation no doubt. But the people who have got the good of the people at heart should gird up their loans and make up their minds to suffer some inconvenience and we should reduce their inconvenience to the utmost possible extent. It is just like the prisoners in cell saying "No, we will better live in these cells than be removed to a better place. We are very happy to live in these huts." In a hut where there is accommodation only for four persons twenty people are huddling together and living a life which is not worth living for any human being. Sir, I do not desire to take any more time of the House. The citicisms that may be made in this matter will be replied after hearing the honourable members.

There are people who say that those people who are shop-owners or shop-keepers will not be provided with any shop, or any arrangement for their livelihood will be made. I can say this that all efforts will be made in order to see that those people who have got their shops, etc., will not be disturbed as far as possible.

With these words, Sir, I commend my motion to the acceptance of the House.

[5-30—5-40 p.m.]

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

স্পীকার মহাশয়, আজকে জালান সাহেবের বক্তৃতা শুনে চমৎকৃত হলাম। তিনি এই বিলের গুণপনা সম্বন্ধে অনেক কথাই বলেছেন এবং তিনি বিরোধী পক্ষদের অনেক নিন্দা করেছেন, যাঁরা নাকি [illegible] জন্য কিছু বলেছেন বা বলতে চান এবং আরও বলেছেন অনেক কথা—তাঁরা নাকি ভেস্টেড ইন্টারেস্ট বা চোরাকারবারীদের সমর্থক; অর্থাৎ যাঁরা এইসমস্ত কুঁড়েঘরের মালিক তাঁদের ভেস্টেড ইন্টারেস্ট রয়েছে আর বিরোধী পক্ষ তাঁদের সমর্থন করেন। তিনি এইসমস্ত কথা অত্যন্ত সুন্দর ও সুচারুভাবেই বলেছেন। আজকের দিনে এইটে কাউকে বুঝিয়ে বলতে হয় না কেন বস্তি হ'ল। বস্তি দেশের একটা দারিদ্র্যের রূপ। এইসব অপরিচ্ছন্ন ও অপরিষ্কৃত বস্তিতে যে মানুষ বাস করে তার মূল কারণ হচ্ছে দারিদ্র্য। যতক্ষণ পর্যন্ত না দেশের এই দারিদ্র্য মোচন করতে পারছেন এবং পাকা বাড়ির ভাড়া না কমাতে পারছেন ততক্ষণ পর্যন্ত এই সমস্যার সমাধান হবে না এবং হ'তেও পারে না। চাই কি? চাই ইকনমিক রিহ্যাবিলিটেশন। আমাদের ভারতবর্ষে, বিশেষ ক'রে আমাদের এই বাংলাদেশে গাঁয়ে গাঁয়ে পল্লীতে পল্লীতে আমরা এতদিন কি দেখে এসেছি? খোড়ো ঘর, টিনের ঘর, খোলার ঘর। কিন্তু এগুলি এত পরিষ্কার-পরিচ্ছন্ন যেন মনে হয় মা লক্ষ্মী সেখানে বিচরণ করছেন। যেখানে মা লক্ষ্মী নেই সেখানেই আবর্জনার স্তূপ। আপনারা দেশের লোককে খেতে দিচ্ছেন না, পরতে দিচ্ছেন না, বেকারীর কোন ব্যবস্থা করছেন না, রোগে ঔষধ দিচ্ছেন না, খালি বড় বড় কথা, খালি আপনাদের বড়াই—আপনাদের মুরোদ তো দেখছি। এই কলকাতা শহরে একটা স্টেডিয়াম করতে পারলেন না, আবার এখানে নির্লজ্জের মত বক্তৃতা দিচ্ছেন। এই আইনটা একটা সর্বনাশা আইন, একটা গভীর ষড়যন্ত্র এর মধ্যে নিহিত আছে। এই বস্তির লোকদের অধিকাংশকেই কলকাতায় থেকে কাজকর্ম করতে হবে, অথচ কলকাতা শহরে তারা থাকবার জায়গা পান না, এই হচ্ছে আমাদের সভ্যতার ব্যাধি। জালান সাহেব বাঙ্গালীর প্রাণ নিয়ে একবার ভাবুন, তবে বুঝবেন বাঙ্গালীর বুকে কত ব্যথা। সবই রাজনীতি নয়। যাই হোক, এটার প্রথমে নাম ছিল—এখানে একটা কথা ব'লে নিই—আপনারা বড় বড় কথা বলেন—এই সেদিন তো একটা আইন করলেন, ভুলে গেলেন নাকি? ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ম্যানেজমেন্ট অ্যাক্ট, তার তো একটা কথাও উচ্চারণ করলেন না। তখন কি করেছিলেন?

What was the preamble? Clearing the *bustees*, executing housing schemes and schemes for the housing of persons displaced by the execution of improvement schemes.

সেই জিনিসই তো করতে যাচ্ছেন, তবে নতুন বিল কেন? ঐ যে ঐ বিল ১৯৫৫ সালের অক্টোবর মাসের। আচ্ছা, পাবলিক অথরিটি ইমপ্রুভমেন্ট ট্রাস্ট থেকে আর কি হ'তে পারে? রিলায়েবল অথরিটি? সেম সেট অব ওয়ার্কএর জন্য ইমপ্রুভমেন্ট ট্রাস্টএর চেয়ে আর কি রিলায়েবল অথরিটি হ'তে পারে? কেন? আপনারা নিজেরা আরেকটা পাবলিক অথরিটি করছেন নাকি? কে কে সেই সৌভাগ্যবান ব্যক্তি পশ্চিমবঙ্গে? এই লোকাল অথরিটির যাঁরা কর্তা হবেন তাঁরা কোন্ কোন্ এম-এল-এ? তাঁদের বসাতে হবে কর্তা ক'রে এই তো? তাই ইমপ্রুভমেন্ট ট্রাস্টএর আওতার বাহিরে এই জঘন্য আইন করতে যাচ্ছেন?

The Hon'ble Iswar Das Jalan: You did not want the Calcutta Improvement Trust to improve the *bustees*.

Sj. Sudhir Chandra Ray Choudhuri:

সেই আইনটা থাকতে আর অন্য কোন আইন আনার সার্থকতা থাকতে পারে না। এই আইনের প্রথমে নাম ছিল—

Sir, they are disturbing me. I want your protection.—

এই আইনের প্রথমে নাম ছিল ক্যালকাটা স্লাম ক্লিয়ারেন্স, তারপরে একটা উপহাস জুড়ে দিলেন তার মধ্যে। সেটা হচ্ছে

and Rehabilitation of Slum Dwellers

অর্থাৎ স্লাম ডোয়েলারদের রিহ্যাবিলিটেট করা হবে। জালান সাহেব অনেক তো বড় বড় কথা বলেন, বলেন বস্তি ভেঙ্গে দেবেন, বস্তির মালিক হচ্ছে পাঁচ হাজার, কিন্তু বস্তিতে থাকে কত

লোক, জানেন? পনের লক্ষ লোক থাকে। তারা ৫ টাকা ভাড়া দেয়, ৭ টাকা ভাড়া দেয়। আপনি বড় বড় কথা বলেন, আগেও বলেছিলেন—বস্তি উন্নয়নের জন্য ৫ লক্ষ টাকা গভর্নমেন্ট দেবে আর বাকি তিন ভাগ তোমরা দেবে। আবার ৫ লক্ষ সাবসিডি আনবেন, লোন নেবেন, তার উপর সুদ দেবেন ইত্যাদি। দেখালেন তো অনেক খেলা। সেসব খেলা কোথায় গেল? কল্যাণী? ডীপ সী ফিশিং? সমস্ত দেশের যা সম্পদ ছিল সব জলাঞ্জলি দিয়ে বড় বড় কথা বলেন। আপনারা তো ঋণ করেন, শুধবে কে? সেই টাকা উশুল হবে কোথা থেকে? দেনা শোধ করবে কে? কারা? কেউ তো বাবার সম্পত্তি থেকে টাকা দেবে না। সে ভাড়া দেবে কোথা থেকে? তার মানে রিহ্যাবিলিটেশন? মিথ্যা কথা, বাজে কথা। আপনারা এখান থেকে, কলকাতা থেকে তাদের বাইরে বার ক'রে দেবেন। তাদের মফঃস্বলেই থাকতে হবে। এখানে কেউ কিছু ক'রে খেতে পারবে না। একেবারে ক্লিন অ্যান্ড কমপ্লিট উচ্ছেদ। এখন তো সব আপনারই দেশবাসী। বৌবাজার মোড়ে দাঁড়িয়ে দেখি যত ভাল ভাল মোটরগাড়ি আপনাদের, হান্ড্রেড পার্সেন্ট ক্যাপিটাল, সমস্ত ব্যবসা আপনাদের হাতে। সুতরাং কলকাতা শহরে গরিব বাঙ্গালীর পৈত্রিক বাসস্থানে কি কোন অধিকার আছে? তারা নিশ্চয়ই বেরিয়ে যাবে। প্রথমে যখন করলেন তখন একটা
reasonable rent, Government aid and Government subsidy
দেবেন বলেছিলেন।

The Hon'ble Iswar Das Jalan: I rise on a point of order. Is my friend entitled to allude to a particular community? This is a Bill of the Government of West Bengal and not of Mr. Jalan at all, and, therefore, please do not cast these reflections unnecessarily.

Mr. Speaker: It is a very important Bill and too much lightheartedness is not desirable.

Sj. Sudhir Chandra Ray Choudhury: I will establish my dignity and also the dignity of the House. The country will realise who was dignified and who was not.

[5-40—5-50 p.m.]

যাক। আমার কিছু অভিজ্ঞতা আছে। এখানে কথাটা ব্যবহার করা হয়েছে, দেখুন লক্ষ্য ক'রে মেম্বাররা, যাঁরা যাঁরা বাকি আছেন তাঁদের রিহ্যাবিলিটেট করবেন। অর্থাৎ তাদের তাঁরা ভাতা দেবেন। রিহ্যাবিলিটেশনএর কথা বাজে কথা। বস্তিবাসীদের রিহ্যাবিলিটেশন হচ্ছে না, তাদের বহিষ্কার করা হচ্ছে, বিতাড়িত করা হচ্ছে। আগে যেখানে ৫ টাকা ভাড়া দিয়ে থাকত তার জায়গায় আজ যদি ২৫ টাকা দিতে হয়, পারবে থাকতে? পারবে না। তা হ'লে থাকবে কোথায়? কলকাতা শহর ছেড়ে তাদের চ'লে যেতে হবে। তা হ'লে যাঁরা এই বিল তৈরি করেছেন তাঁদের উদ্দেশ্য সাধিত হবে। এখন কথা হচ্ছে, বস্তিবাসীরা কি হারে ভাড়া দেবে? which the State Government is satisfied is comparable to what was being paid by the occupier.

ঠকানো হচ্ছে দেশকে। এই 'কমপেয়ারেবল মানে তুলনামূলক। অর্থাৎ ১০ টাকা তোমরা ভাড়া দাও একটা ঘরের। কোন্ ঘরের? মাটির খোলার ঘরের ভাড়া। তার সঙ্গে কমপেয়ারেবল হবে, তার সঙ্গে কম্পেয়ার কর ভাল পাকা বাড়ির, আলোবাতাস যুক্ত, ভাল পায়খানা যুক্ত পাকা বাড়ির
as compared with the rent of that hut.
এর রেন্ট কত হবে? সেই রেন্ট তাকে দিতে হবে। অর্থাৎ ১০ টাকার জায়গায় ৩৫ টাকা দিতে হবে, অর্থাৎ যেটা সে দিতে পারবে না। কাজেই তাকে তাড়িয়ে দেওয়া হবে।

এখন আসল যে কথাটা—রিহ্যাবিলিটেশন—যা জোর ক'রে বলা হচ্ছে, এই রিহ্যাবিলিটেশনএর ব্যবস্থা এই বিলে কিছু করা হয় নাই। তারপর আসছি কম্পেনসেশন। জমিদারকে তো তাঁরা কম্পেনসেশন দেবেন। সেই সম্পর্কে উচ্চবাচ্য করবার কিছু নাই। এ কথা বুঝিয়ে বলবেন জালান সাহেব পরে।

এটা কি,
lease, sub-lease with the ownership of the structure.
আই মিন (বি)তে তাঁরা কম্পেনসেশন পাবেন। যাঁর জমি তাঁকে কম্পেনসেশন দিচ্ছেন। তারপর আপনারা দু'টো ক্লাসিফিকেশন করছেন। একটা হচ্ছে যে জমি লীজ নিয়েছে, কি সাব-লীজ নিয়েছে তার উপরেতে হাট করেছে, ঘর করেছে এবং সেখানে আপনারা বলছেন যে দশ বছর বা তার উপর যে লীজ শেষ হ'তে বাকি, সেক্ষেত্রে তাকে একটা কম্পেনসেশন দেওয়া হবে। আমার সেখানে একটা কথা রয়েছে—
when the period of lease is not specified.
যারা ঠিকা টেনান্ট—বাস্তির যারা মালিক, তারা সব ঠিকা টেনান্ট, এ কথা নিশ্চয়ই জালান সাহেব জানেন। তাদের জন্য কি ব্যবস্থা করেছেন? কোন কোন বন্ধুর মুখ থেকে শুনলাম—লাহিড়ী মহাশয় বললেন, দেখ তো ভাই, এটা ঠিক আছে কিনা। এই ঠিকা টেনান্ট কথাটা ব্যবহার করতে কি দোষ ছিল? কোন অপরাধ হ'ত না, পরিষ্কার ক'রে ব'লে দিতে পারতেন। তা তাঁরা দেন নাই। এর মধ্যে ঠিকা টেনান্ট যদি আসে তা হ'লে সাব-ক্লজ (সি)র তো কোন মানে হয় না। এটা ভেবে দেখেছেন? তাতে বলেছেন—
For the interest of the owner of any hut or structure.

জমিতে কোন স্বত্ব নাই, ঠিকা প্রজার স্বত্ব পর্যন্ত নাই এমন কোন লোক স্ট্রাকচার বেঁধে ব'সে থাকতে পারেন কি?
I cannot conceive of the owner of a hut or structure bereft of his hand.
আপনি ভাবতে পারেন কি কোন ঘরের কথা যার জমির সঙ্গে কোন সম্পর্ক নাই? এই সাব-ক্লজ (সি)তে কি মিন করেছেন? এখানে দেখবেন ঠিকা টেনান্ট জমির জন্য কোন কিছু কম্পেনসেশন পাবে না। তবে হাটএর একটা ওনার, একটা স্ট্রাকচারএর ওনার, সে কম্পেনসেশন কি পাবে? হাট বা ঘরের দাম লেস ডিপ্রিসিয়েশন, অর্থাৎ কিছুই নয়। কিন্তু জমির জন্য সে কিছুই পাচ্ছে না। সে যদি আগেকার (বি)তে ঠিকা টেনান্ট হয়ে থাকে তা হ'লে প্রভিশন (সি)র কোন অর্থ হয় না। সেখানে কি বলব? এখানে একটা ডিসেপশন প্র্যাকটিস হচ্ছে [illegible] উপর। সেটা পরিষ্কার ক'রে বলা দরকার।

If the *thika* tenants are included in sub-clause (b), there is no sense in sub-clause (c) and if sub-clause (c) refers to *thika* tenants, they are not going to get any compensation for their lands. This is the outcome of these provisions.

তারপরেতে আমি দেখতে পাচ্ছি এই বিলের মধ্যে বড় সুন্দর একটা নিজস্ব ব্যবস্থা হয়েছে। বিলটা হ'ল, আইনটা হ'ল, কিন্তু কাজে সেটা অ্যাপ্লাই করবেন না। অ্যাপ্লাই করবেন ও'দের খুশিমত—জায়গায় জায়গায়। আপনি কলকাতা শহরের উন্নতি করছেন। কিন্তু অত টাকা আপনার নাই। একদিক থেকে আরম্ভ করুন। শ্যামবাজার থেকে আরম্ভ করুন, বালিগঞ্জকে বাদ দিন। তা হ'লে এখন বালিগঞ্জের বস্তিবাসীরা ভাবতে পারবে, ওদিক শেষ ক'রে এদিকে আসতে দেরি হবে, এখন তো আর আমাদের জমির উপর হাত পড়ছে না, কয়েক বছর নিশ্চিন্তে থাকছি, ১০-৫ বছর তো আমরা বেঁচে যাচ্ছি। কিন্তু বিলে তা নাই।
They will never do it. They have no clear objective. They will simply waste lots of money.

ও'দের কোন বন্ধুবান্ধব যখন বলবেন, এই এরিয়াটা ডিক্লেয়ার ক'রে নিও ভাই। অমনি তাঁরা বন্ধুর সুবিধার জন্য সেই এরিয়াটা নেবেন ব'লে নোটিফাই করবেন, কাজ আরম্ভ করবেন। টাকা হাতে থাকলে জমি কিনে নেবেন। এখানে লেখা আছে তাই। বই ছাড়া আমি একটা কথাও বলব না। এখানে বলছেন—

It shall apply to Calcutta or to such portion or portions thereof as the State Government may, from time to time, by notification declare.

Why time to time? Why don't you declare at a time but by stages? প্রথম নর্থ ক্যালকাটা, সেন্ট্রাল ক্যালকাটা, তারপর সাউথ ক্যালকাটা? একদিক থেকে যদি আরম্ভ করেন তা হ'লে অন্য অঞ্চলের লোকেরা জানবেন যে ঐ একদিক অ্যাফেকটেড হচ্ছে, বাকিটা আরম্ভ হ'তে দেরি হবে, আমরা আরও ৫-৭ বছর থাকতে পারব। কিন্তু কোন বন্ধু এসে বলবে—আমার জমিটা নিয়ে নাও, সে পিছু পিছু ঘুরছে, সে বললে নিয়ে নাও; অমনি তার জমিটা নিয়ে নেওয়া হবে। তারপর কি অবস্থা হবে? সেটা ভেবে দেখা উচিত। এখানে এই টাইম টু টাইম একটা ভয়ানক কথা, একটা ভয়ের কথা।

তারপর পাবলিক অথরিটি—কয়েকজন লোক নিয়ে বোর্ড হয়ে গেছে!

[5-50—6 p.m.]

আমরা দেখলাম তো, ইমপ্রুভমেন্ট কর্পোরেশন দেখলাম, কত বোর্ড দেখলাম, কত সব কি খেলা হ'ল, কিন্তু কাজের কিছুই দেখতে পাচ্ছি না। স্পোর্টস বিল হ'ল, তার একটা বোর্ড হ'ল, কিন্তু কোনটা কিছুই ফাংশন করে নি। এখন এই একটি বোর্ড হয়ে এই বোর্ডএর একজন মাথা থাকবেন। তিনি এইসব উন্নয়ন কাজ - উন্নয়ন নয়, বস্তি-উচ্ছেদ কাজ - ক'রে চ'লে যাবেন। আচ্ছা, তাঁকে পোষণ করবার জন্য এই বিল, না বস্তিবাসীদের উন্নতির জন্য? দেখুন, এতেও স্থির নেই যে কার ভাগ্যে কোন্‌টা চ'লে যাবে। আগের বিলের মধ্যে ছিল হাট, কিন্তু এটা সিলেক্ট কমিটিতে ওঁরা আরও বেশি কিছু জোর ক'রে নিয়েছেন আমি বুঝতে পাচ্ছি—ঢুকিয়ে দিলেন স্ট্রাকচার। অনেক বস্তিতেই আপনারা দেখেছেন কিছু কিছু পাকাঘর আছে, সিমেন্ট করা, কংক্রিট করা ছাদ আছে। সেগুলি ভেঙ্গে ফেলার তো অর্থ হয় না। প্রথমে হাটএর ডেফিনিশন ছিল—

"hut" means any structure, no substantial part of which, excluding the walls up to a height of eighteen inches above the floor or floor-level, is constructed of masonry, reinforced concrete, ferro-concrete, cemented brick work, steel, iron, or other metal or any combination of these materials.

যেখানে পাকা গাঁথনি আছে তাতে প্রথম বিল যে আনা হয়েছিল তাতে সেগুলি টাচ করা হ'ত না। কিন্তু পরে স্ট্রাকচার কথাটা ঢুকিয়ে দিয়ে যে যে বস্তির মধ্যে কিছু পাকা ঘরবাড়ি আছে, ল্যান্ডলর্ড পারমিশন দিয়েছে, প্ল্যান স্যাংশন করেছে, ক'রে তারা ঘর করেছে, পাকা ছাদ করেছে। বহু বস্তিতে যাঁরা ঘুরে বেড়িয়েছেন তাঁরা দেখেছেন যে তা আছে। সেগুলি পর্যন্ত ভেঙ্গে ফেলা হবে এবং তার জায়গায় নতুন বাড়ি করা হবে—এই বিলে সে ব্যবস্থা করা হয়েছে। এখন কথা হচ্ছে এই যে, কংগ্রেসী পক্ষ বলছেন যে বস্তি-উচ্ছেদ নিয়ে যে আন্দোলন, বামপন্থী নেতাদের উস্কানিতেই তা সম্ভব হচ্ছে। আচ্ছা, এই ২৫-৩০ হাজার লোক ময়দানে এসে জড়ো হয়েছে, পাঁচটা লোককে আপনারা ডেকে আনুন না! দেখি এই পাঁচটা লোক তাদের গরজ ছাড়া আসে কিনা। আনতে পারবেন না। সুতরাং উস্কানির প্রশ্ন নয়। তারা তখন প্রাণের দায়ে ছুটে আসে এবং আমরা বিরোধী পক্ষরা তাদের ব'লে এসেছি যে সাধারণের সঙ্গে আমরা জড়িয়ে থাকতে চাই। তাদের সুখদুঃখের কথা বলবার জন্য আমরা এখানে এসেছি। আমরা বলব, পারি-না-পারি চেষ্টা করব। কিন্তু তাই ব'লে সেটা উস্কানি হ'ল ডাঃ রায় বা জালান সাহেবের মতে, এ কথাটা খুব ভাল কথা তাঁরা উচ্চারণ করেন নি। তাঁরা যদি সত্যই নিজেদের মনে করেন রেসপেকটেবল লোক, তাঁদের ভিউজ আমরা রেসপেক্ট করি, এই যদি তাঁরা ইচ্ছা করেন, তা হ'লে তাঁরা আদার মেম্বার্স অব দি হাউসকে রেসপেকটেবল ব'লে মনে করবেন—এটাই বোধ হয় আমরা আশা করতে পারি। আমরা যা করব সবই—কাজ আমরা কিছুই করছি না, আমাদের হাতে টাকা নেই, আমরা শুধু তাদের কথা বলছি, লুঠছি না আমরা কিছু, সব করবেন আপনারা, আর গালাগাল দেবেন আমাদের, চোর বলবেন আমাদের—এ কী সহ্য করা যায়? বেশি দিন সহ্য করা যাবে না। যাই হোক, এখন জমিদারী তো নিয়ে নিলেন। সমস্ত বাংলাদেশের জমিদারী তো নিয়ে নিলেন। তা হ'লে এই কলকাতার এই জমিদারীটাও তো নিয়ে নিলে হ'ত। আমরা তো বলেছিলাম, নিলেন না কেন? গভর্নমেন্ট জমিদারীটা নিয়ে নিলেই তো পারতেন। দেখুন লোকের জন্য যদি সত্যই ভাবেন তা হ'লে তার একটা রাস্তা হয়,

কিন্তু জবরদস্তিতে কলকাতার ১৫ লক্ষ বাঙ্গালীকে তাড়িয়ে দেব, তারা কষ্ট ক'রেই বস্তিতে আছে—তারা সুখে আছে এ আমি বলছি না, তাদের আলো, বাসস্থানের উন্নতি, হাইজিনিক, হেলদি হওয়া উচিত—কিন্তু আপনারা তা করেন নি। দশ বৎসর ধ'রে অবহেলা করেছেন, নেগলেক্ট করেছেন। শুধু কর্পোরেশনকে গালাগাল দিচ্ছেন, কর্পোরেশন অত পয়সা পাবে কোথায়? এত গভর্নমেন্টএরই আন্ডারটেক করা উচিত। কিছু না ক'রে দশ বৎসর নিজেদের গাফিলতি ঢাকবার জন্য দেশের লোককে কায়দা ক'রে ঠেলে বের ক'রে দিচ্ছেন—যা, তোরা কোলকাতার বাইরে চ'লে যা। হোয়াই শুড দে? আচ্ছা, জমিদারী তো নিলেন, এই জমিদারীর অধীনস্থ ঘরবাড়ি, জমি যা ছিল, তাদের ভেস্টেড ইন্টারেস্ট ছিল তো? তারা তো রয়েই গেল। তারা গভর্নমেন্টকে খাজনা দিয়ে দিল, আর সিলিং পর্যন্ত জমি সব রয়ে গেল। বুঝতে পেরেছেন, তাতে তাদের বাড়ি আছে, পুকুর আছে, বাগান আছে, সবই রয়ে গেল। তা হ'লে সেটা কি ভেস্টেড ইন্টারেস্ট নয়? আর ঐ হাট-ওনার, যাদের মাত্র দু'খানা ঘর, তাদের বেলায় ভেস্টেড ইন্টারেস্ট? এর কি অর্থ? এবং এই দিয়েই কি তাদের জীবন সঙ্কুলান হয়? তারা কি সুখে আছে? তাদের কি অভাব নেই? হ'ল না হয় তাদের দু'খানা ঘরের মধ্যে একখানা ঘর ভাড়া দিয়েছে; কি পাঁচখানা ঘরের মধ্যে তিনখানা ঘর ভাড়া দিয়েছে—কিন্তু সে ক' টাকা? তাতে কি তাদের গ্রাসাচ্ছাদনের উপায় হয়? না উপোষ করে? আর তাদের বলছেন ভেস্টেড ইন্টারেস্ট? আর তাদের মেরে তাড়াবার জন্য সরকার এই স্কীম নিচ্ছেন—এটা খুবই কষ্টের কথা। এখন নিয়ে নিন সমস্ত জমিগুলি এই জমিদারদের কাছ থেকে। তাদের তো দেবেনই কম্পেনসেশন যখন দিচ্ছেন। নিয়ে এক কাজ করুন। যাদের যাদের জমিতে যারা বাস করছে, যেমন জমিদারী আইনে রয়েছে, তাদের দিয়ে দিন রেন্টএ। রেন্ট দিয়ে দিয়ে এই যে আড়াই-তিন কোটি টাকা খরচ করছেন তিন-চারখানা বাড়ির জন্য, নাম বলতে হবে কে কে সেই সৌভাগ্যবান লোকের জমি নিচ্ছেন প্রথমে।

You have to announce in this House.

তা না হ'লে পরে আমি আপনাকে ছাড়বা না, কারণ আমি জানি আপনি কার কার জমি নিচ্ছেন। তাদের নাম আমি বলিয়ে ছাড়ব।

Sj. Bijoy Singh Nahar:

এটা তো আপনার পেশার মধ্যে। কাগজপত্র কিছু আছে নাকি?

Sj. Sudhir Chandra Ray Choudhuri:

আছে বৈকি? তবে এটা আমার পেশা নয়। কাজেই আমাকে এদিকে-ওদিকে ঘুরতে হয় না। নিজেই খেটেখুটে খাই। আমি সেটা প্রেফার করি—দ্যাটস অনারেবল। নিজে রোজগার করলাম, গাড়ি চড়লাম, খেটে খেলাম। তা না, লেবার করলাম পরের পয়সায় গাড়ি চড়লাম। কংগ্রেসী ক'রে গাড়ি করলুম, জমিদারী কিনলুম—এ আমি পছন্দ করি না।

যাই হোক, স্যার, এখনও ভেবে দেখুন, এখনও টাইম আছে এই বিল প্রত্যাহার করবার। কেন না, সমস্ত জমিগুলি আপনারা নিয়ে নেন এবং নিয়ে এই আড়াই-তিন কোটি টাকা যা আপনারা খরচ করবেন করুন কিন্তু বলছেন যে কর্পোরেশন কিছু করলে না। কিন্তু বস্তি আইন ক'রে রেখেছেন কর্পোরেশন। সেখানে কর্পোরেশন বলে পরের জমি। পর মালিক, সেখানে আমরা যাব না, আমরা ড্রেন দেব না, কল দেব না, আমরা আলো দেব না, কারণ এটা একটা অন্যের জমি। তার মধ্যে একটা বস্তি গজিয়ে উঠেছে। সুতরাং আমরা তার ভিতরে না গিয়ে সদর রাস্তার উপর আলো দেব, সদর রাস্তার উপর জলের কল দেব। সুতরাং এই বস্তিগুলির যদি গভর্নমেন্ট মালিক হয়ে যায় তা হ'লে তার ভিতরে ভিতরে ছোটখাট রাস্তা করে। যতটা ছিসটার্ব না ক'রে পারা যায়। ঘরগুলি একটু ফাঁকা ক'রে, একটু মেরামত ক'রে, পরিষ্কার ক'রে যদি রাখা যায় তা হ'লেও লোক বাঁচবে। কিন্তু এ কাজ আপনারা ক'রে উঠতে পারবেন না। কারণ

you have not done anything.

আপনারা যা করেছেন তাতেই ফেল করেছেন। আপনারা নির্লজ্জ তাই মুখ দেখিয়ে বেড়ান, অন্য লোক হ'লে তারা সাহস করত না। বাইরে যেতে তো সাহস করলেন না, বাইতে যেতে যখন ডাকলেন আমার বন্ধু মুখার্জি মহাশয়, হেমন্তদা যখন বললেন বাইরে চলুন, তখন গেলেন না। বাইরে যাবার সাহস নাই, মুখ দেখাবার উপায় নাই। এখানে ব'সে মেজরিটি আছে.....

Sj. Bijoy Singh Nahar:
কি ক'রে মেজারিটি হ'ল?)
দেখ ভাই ক্ষমতায় ব'সে থাকলে মেজারিটি পাওয়া সেটা কি না। ইলেকশনএর সময় তে দেখেছি ভাই, ব'লে দিলে এক হাজার ট্যাক্সি পারমিট দেব।

Mr. Speaker: I will not allow this so long I am sitting on the chair.

Sj. Sudhir Chandra Ray Choudhuri:
স্যার, আমরা জানি যে আপনি চেয়ারে ব'সে আছেন। অ্যাসেম্বলিতে, স্যার, ছেলেখেলার মত এত ইন্টারাপ্ট করলে কেহ কাজ করতে পারে না।

Mr. Speaker:
আপনি বলুন, কি করতে হবে।

Sj. Sudhir Chandra Ray Choudhuri:
না, না, আপনার কাছ থেকেই কি আমাদের সব শিখে নিতে হবে? এটা কি একটা কোচিং ক্লাস যে আমরা শিখতে এসেছি। আমাদের বয়স হয়েছে, আমরা অনেকদিন রাজনীতি করেছি, পার্লামেন্টএর কাজও করেছি—আমরা জানি। এত কড়াকড়ি করলে হয় না। উনি একটা টিটকারি মারলেন, আমি তার উত্তর দিতে পারি না? বিলেতের পার্লামেন্টএ কামড়ে দিয়েছে পর্যন্ত—তাদেরই সব নকল করছেন? সেখানে কামড়ে দিয়েছিল পাছায়। [লাফটার।] তাদের কাছ থেকেই তো সব নকল করছেন!

[6—6-10 p.m.]

যাই হোক, কথা হচ্ছে, জালান সাহেবের কাছে। যেভাবে জিনিসটা নিয়ে এসেছেন, প্রথমে ১৯৫৫ সালের আইনে, তাতেই সব জিনিস ছিল। যতটা পারেন তার থেকে করুন। তারপর মিউনিসিপ্যাল অ্যাক্টটার এই প্রভিশনগুলি এর মধ্যে রিপিল করবেন না। আপনারাই তো বলেছেন যে পনের বৎসর লাগবে। যদি পনের বৎসরই লাগে তবে এখন থেকে রিপিল করছেন কেন? আপনি নিজেই বক্তৃতায় বলেছেন যে, পনের-বিশ বৎসর লাগতে পারে। তা যদি হয় তা হলে এখন থেকেই কেন আগাগোড়া সমস্ত সেকশন রিপিল করছেন? তা হ'লে কর্পোরেশন এর পাওয়ার যে নিতে নিচ্ছেন তাতে ক'রে কর্পোরেশন কোন কিছু উন্নয়নের কাজ করতে পারবে না। তারপর আর একটা কথা বলেছেন। আপনাদের প্রেসক্রাইব্ড অথরিটি সেইসব এরিয়ায় পারমিশন দেবেন, যদি কোন অ্যাডিশন, অলটারেশন করতে হয়। কার কাছে যাবে? কেন না, আপনারা ডুয়াল সিস্টেম রেখে দিচ্ছেন। একটা
hut-owner, if he is to make an alteration
সে কি প্রেসক্রাইব্ড অথরিটির কাছে যাবে, না কর্পোরেশনএর কাছে যাবে? যার মধ্যে কোন সেন্স নেই, কোন অর্থ নেই, এই রকম একটা আইন আপনি এনেছেন। এই আইনের উদ্দেশ্য হচ্ছে গরিব বাঙ্গালীদের কলিকাতা শহর থেকে ঝেঁটিয়ে বার ক'রে দেওয়া। কলিকাতার সমস্ত বড় রাস্তা এই বস্তিবাসী গরিব ও মধ্যবিত্ত বাঙ্গালী গৃহস্থের বাসস্থান ছিল; তারা আজ নিশ্চিহ্ন হয়ে গেছে। বাকি যে কয়টি আছে তাদের নিশ্চিহ্ন করবার সিদ্ধান্ত এই বিলের মধ্য দিয়ে করছেন।

আমি দেখছি অপর পক্ষের বন্ধুগণ খুব বড় উৎসবের আয়োজন করেছেন মহাপ্রভুর আবির্ভাব উপলক্ষে। [হাস্যধ্বনি।] আপনারা হাসবেন না। আমি, স্যার, বৈষ্ণবের ছেলে; আমিও ঐ উৎসবে যাব, কারণ আমি বিশ্বাস করি স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ মহাপ্রভুরূপে বাংলাদেশের নদিয়ায় এসেছিলেন। কিন্তু কথা হচ্ছে যে, মহাপ্রভুকে যখন আপনারা রাজনীতিতেই নিয়ে এলেন, তখন মহাপ্রভুর ধর্মও একটু পালন করুন। এই যে যারা কথা বলতে পারে না, যেসব জীব পিটিশন একবার করেছে, অতি দরিদ্র গরিব তারা, তাদের সঙ্গে একবার দেখা করবেন না, এই মনোভাব না নিয়ে তারা যাতে সুখে থাকে সেই ব্যবস্থাই করুন। তা যদি করতে হয় তা হ'লে জালান সাহেব এই ব্যবস্থা কেন এই বিলের মধ্যে আনলেন যে ম্যাজিস্ট্রেট দিয়ে, পুলিস দিয়ে তাদের বার করবেন? আমার যদি আপনি ভাল কিছু করেন তা হ'লে আমি এমন বোকা নই যে

আমি আমার ভাল বুঝব না। পাগলেও তার ভাল বোঝে। আফিসে আসার সময় দেখা যায় একটা পাগল উলঙ্গ হয়ে রাস্তায় প'ড়ে থাকে। কিন্তু যেই গাড়ির হর্ন বেজে ওঠে তখনই সে উঠে পালিয়ে যায়; কারণ সে বোঝে যে গাড়ি তাকে চাপা দেবে। পাগলেও যখন তার ভাল বোঝে তখন বস্তিবাসীরা কি তা বুঝবে না? আপনি যদি বোঝাতেন যে তাদের ভাল কিছু করছেন তা হ'লে তারা হেসে হেসে এসে সেটা বরণ করত। জোর ক'রে তাদের উপর কিছু চাপিয়ে দেবেন না। আপনি মনে করেন আপনি দেশের মধ্যে একমাত্র বিবেচক, আপনি স্বয়ং ভগবান। তারা তাদের সুখদুঃখের কথা বোঝে না, আপনিই বোঝেন। তারা যদি বুঝত তারা আপনার এই আইন বরণ ক'রে নিত। তারা তা করছে না। সেখানে পুলিসের ব্যবস্থা করছেন কেন? ম্যাজিস্ট্রেট ও পুলিস দিয়ে তাদের বার ক'রে দেবেন কেন? মহাপ্রভুর ধর্ম পালন করুন। ঐ [illegible], তারা ভোট দেয় নি, তারা দেবেও না। তা হ'লেও মহাপ্রভু কি বলেছেন? "মেরেছে কলসীর কানা, তাই ব'লে কি প্রেম দেব না?" তাই বলছি, অন্তত কিছুদিনের জন্য এদের রেহাই দিন, আর এই বিলটা প্রত্যাহার করুন।

Dr. Ranendra Nath Sen:

মাননীয় সভাপাল মহাশয়, আমার প্রস্তাব ছিল যে এই বিলটি যা সিলেক্ট কমিটির কাছ থেকে ঘুরে এসেছে সেটা আবার যেন সিলেক্ট কমিটির কাছে পুনর্বিবেচনার জন্য পাঠানো হয়। আজকে জালান সাহেব, যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী, তাঁর বক্তৃতা শুনে মনে হ'ল যে সত্যিই আর একবার পাঠাবার প্রয়োজন রয়েছে। মন্ত্রিমহাশয় গভর্নমেন্টএর তরফ থেকে এই বিল উপস্থাপিত করেছেন, অথচ সেই ভারপ্রাপ্ত ব্যক্তি, তিনি বাস্তিবাসীদের সমস্যা কি তা জানেন না। স্লাম ডোয়েলার্সদের রিহ্যাবিলিটেশন সম্বন্ধে বলতে গিয়ে যা বললেন তাতে বোঝা গেল যে তিনি সেটা জানেন না এবং না জেনে হঠাৎ একটা গরম বক্তৃতা দিলেন ভেস্টেড ইন্টারেস্টএর বিরুদ্ধে। এটা অ্যাসেম্বলিতে এসে আমাদের যে শুনতে হবে তা আমরা ভাবি নি; কেন না ভেস্টেড ইন্টারেস্টএর বিরুদ্ধে কবে জালান সাহেব ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে গভর্নমেন্টএর তরফ থেকে জেহাদ ঘোষণা করেছিলেন, এটা আমরা জানি না। হঠাৎ ভেস্টেড ইন্টারেস্টএর বিরুদ্ধে তিনি এখানে বক্তৃতা দিয়ে গেলেন এবং বললেন—ভেস্টেড ইন্টারেস্টকে দেখে নেব। বস্তি সম্বন্ধে যে তিনি কিছু জানেন না তার প্রমাণ হচ্ছে তিনি গোটাকতক কথা বলেছেন। তিনি বলেছেন, বস্তির জল কোন সমস্যা নয়,

water is not a problem,

বস্তিতে কনজারভ্যান্সি কোন প্রবলেম নয়, বস্তির একমাত্র প্রবলেম হচ্ছে হাটস। যদি তিনি বলতেন হাটসএর সঙ্গে সঙ্গে ওয়াটার, কনজারভ্যান্সি ইত্যাদি ইত্যাদি সমস্যা রয়েছে তা হ'লে বুঝতাম তিনি কিছু জানেন। তাঁকে বলতে চাই—এই গভর্নমেন্টএর ভারপ্রাপ্ত মন্ত্রীকে—যে এই বস্তি সংক্রান্ত বিল আনার আগে বস্তির লোকের জীবনের ঘটনাগুলো আগে জানুন। চৈত্র, বৈশাখ মাসে জল নিয়ে বস্তির লোকের মধ্যে মারামারি কেন করতে হয় সেটা জানা দরকার। ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টএর দোহাই দিয়ে তিনি বলেছেন যে, সেইসব অ্যাক্ট এঁর মারফত হয় নি। তাঁকে একটু বিবেচনা ক'রে দেখতে হবে যে ৩৫ বছর কংগ্রেস এই কর্পোরেশন চালিয়েছে, তখন কেন এইসমস্ত আইনের প্রয়োগ হয় নি বা কোথায় আইনের গলদ রয়ে গেছে। এগুলি তাঁদের একটু ভাবতে হয় এবং সঙ্গে সঙ্গে এটুকুও ভাবতে হয় যে, সত্যিকারের এই বস্তিগুলো কি ক'রে আমাদের এই কোলকাতা শহরের বুকে জন্মাল এবং জন্মাচ্ছে। আজকে তাঁরা বলছেন, গভর্নমেন্টএর হিসাব আমরা বুঝি না, বস্তিতে তাঁদের হিসেবে হচ্ছে পাঁচ লক্ষ সাড়ে একত্রিশ হাজার লোক; ১৯৪৯ সালে বললেন ৬ লক্ষ ৭৮ হাজার; আবার ১৯৫৫ সালে কর্পোরেশন বললেন ৬ লক্ষ ১৭ হাজার। এইভাবে হিসেবটা কি ক'রে বদলায়? বস্তি সম্বন্ধে আসল তথ্যটা এঁরা কোথা থেকে পেলেন জানি না। সব হিসাবগুলো হচ্ছে টালিগঞ্জ এলাকা এবং পোর্ট কমিশনারস এলাকা বাদ দিয়ে। সুতরাং আমি এই কথা বলতে চাই যে, বস্তির সমস্যা আগে বুঝে নিয়ে বস্তি কি ক'রে কলকাতা শহরে, কেন জন্মাল, ধীরে ধীরে কেন বেড়ে গেল, সেটা বুঝে নিয়ে গভর্নমেন্টএর এই বিল-সংক্রান্ত ব্যাপারে অগ্রসর হওয়া উচিত ছিল। কলকাতার উপরে, কলকাতার উপকণ্ঠে এবং আশপাশে যে ঘন বসতি আজও আছে সেই বস্তি-গুলোর এতদিন কেন উন্নতি হয় নি। জালান সাহেব বললেন যে, উন্নতি হয় নি, তার একমাত্র কারণ হচ্ছে ভেস্টেড ইন্টারেস্ট, অর্থাৎ কায়েমী স্বার্থ তাতে বাধা দিয়েছে। সেই কায়েমী স্বার্থ

কার? গভর্নমেন্টএর রিপোর্টএ বলছেন যে গড়ে বস্তির বাড়িওয়ালারা বাড়িভাড়া পান ৫৬ টাকা। তা হ'লে বুঝুন কি রকম কায়েমী স্বার্থের বিরুদ্ধে এরা লড়াই করছেন, যে কায়েমী স্বার্থ গড়ে ৫৬ টাকা মাসিক বাড়িভাড়া পান। অথচ তিনি বললেন যে তাদের জন্য বস্তির উন্নতি হয় নি। এর কারণ হচ্ছে যে জমিদারী আইন, ঠিকা প্রজা আইন—যার সংশোধন করবার সুযোগ ছিল। ১৯৫৪-৫৫ সালে যখন ঠিকা প্রজা আইন নিয়ে এখানে আলোচনা হয় তখন আমরা বিরোধী দল থেকে বলেছিলাম, জমিদারদের ক্ষমতা খর্ব করা হোক। আমরা তখন বলেছিলাম যে, প্রজাদের আরও বেশি অধিকার দেওয়া হোক, কিন্তু গভর্নমেন্ট থেকে সেটা তখন দেন নি। সেই জমিদারের কায়েমী স্বার্থের সঙ্গে কেউ যদি জড়িত হয়ে থাকে তা হ'লে আমরা দায়ী করব সেই গভর্নমেন্টকে যে গভর্নমেন্ট কায়েমী স্বার্থের সঙ্গে জড়িত থেকে বস্তির উন্নতির পথে সর্ব রকমের বাধা সৃষ্টি করছে। একটা কল আনতে হবে, আলো নিতে হবে, পায়খানা করতে হবে সেই বস্তির মধ্যে; তার জন্য জমিদারের সেলামী ও অনুমতি দরকার হবে এবং তার জন্য বস্তির লোকের যথেষ্ট দুর্ভোগ ভুগতে হবে।

[6-10—6-20 p.m.]

সুতরাং কায়েমী-স্বার্থ যদি কোথাও থাকে, যে কায়েমী স্বার্থের ফলে কলকাতা নোংরা হয়ে আছে, অপরিষ্কার হয়ে আছে, খারাপ কলকাতা হয়ে আছে, রোগের ডিপো হয়ে আছে—জমিদারদের কায়েমী-স্বার্থে। তিনি এই বিলে অত্যন্ত নরম নরম কথা বলে গেলেন, বিশেষ কোন কথা বলে গেলেন না, কায়েমী-স্বার্থ, জমিদারদের কথা উল্লেখ পর্যন্ত হল না। আর মাসিক ৫৬ টাকা যারা গড়ে পায় তাদেরই বলে গেলেন কায়েমী-স্বার্থ। আমি জালান সাহেবকে পুরাণো দিনের কথা স্মরণ করিয়ে দিতে চাই। শুধু কলকাতা কর্পোরেশনএর অবহেলা নয়, যে কর্পোরেশনে তাঁরা ৩৫ বছর রাজত্ব করেছেন। ১০ বছর দেশে গভর্নমেন্ট চালাচ্ছেন, ৩৫ বছর কর্পোরেশনএ রাজত্ব করেছেন এই কংগ্রেস পার্টি কিন্তু বস্তীর কোন উন্নতি হয় নি। এবং গভর্নমেন্ট আসার পরে তাদের যেমন সুযোগ ছিল ঠিকা প্রজা আইন সংশোধন করার যা তাঁরা করেন নি—তেমনি সুযোগ ছিল মিউনিসিপ্যাল এ্যাক্ট সংশোধন করার, কিন্তু তাও তাঁরা করেন নি। এবং শুধু তাঁরা করেন নি তা নয়, সি, আই, টি, স্কীম অনুসারে কলকাতার বিভিন্ন অংশ ভেঙ্গে দিয়ে বস্তীর লোকদের বিতাড়ন করা হল এবং এখনও হচ্ছে এই গভর্নমেন্টএর তরফ থেকে, তাদের পুনর্বাসনের কোন ব্যবস্থা হয় নি। এখনও কলকাতার পূর্ব উপকণ্ঠে সি, আই, টি, স্কীম অনুসারে বস্তি ভাঙ্গা হচ্ছে। গভর্নমেন্টের তরফ থেকে কিংবা সি, আই, টির তরফ থেকে কোন রকমেই বস্তিবাসীদের কোন ব্যবস্থা করেন নি। এ বিলে গভর্নমেন্ট বস্তীর আসল সমস্যাটাকে এড়াতে চাইছেন। আমি একথা জোরের সঙ্গে রোগের ডিপো হয়ে আছে, সেই অবস্থা থেকে কলকাতাকে মুক্ত করা হোক, এটাই আমরা রোগের ডিপো হয়ে আছে, সেই অবস্থা থেকে কলকাতাকে মুক্ত করা হোক, এটাই আমরা চাই। বছর ধরে আমি কখনও দেখি নি কলেরা, আমরা বহুদিন যাবৎ কলকাতায় আছি কলেরা এন্ডেমিক, টাইফয়েড এন্ডেমিক হয়েছে কলকাতায়, এদের রাজত্বে। আমরা চাই কলকাতার এই চেহারা বদলাক, বদলে ভাল ভাল বাড়ী হোক, সকলেই আমরা চাই বাড়ীর সত্যই সংস্কার হোক, আমরা চাই বাড়ীর উন্নতি হোক, আমরা চাই বস্তীবাসীদের জীবন সত্যই সুন্দরতর হোক। কিন্তু যে পথে গভর্নমেন্ট গিয়েছেন এই বিলের মারফত, সেই পথে বস্তির উন্নতি হবে না, কলকাতা শহরের উন্নতি হবে না, বস্তীবাসীর পুনর্বাসন হবে না বরং বস্তিবাসীরা বেশি সংখ্যক ছিন্নমূল হয়ে যাবে।

আমি একটা হিসাব আপনার সামনে উপস্থিত করছি, যে হিসাব উপস্থিত করলে পর এটা পরিষ্কার হবে যে, এই বিলের দ্বারা কলকাতার বস্তিবাসীর সমস্যার কোন সমাধান হবে না। এই গভর্নমেন্ট থেকে বলা হয়েছে যে, ভারত-সরকার থেকে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ২০ কোটি টাকা সারা ভারতবর্ষে খরচ করবেন, বস্তীর উন্নতির জন্য এবং পশ্চিম বাংলায় খরচ করবেন ২½ কোটি টাকার মত। যদি প্রুনিং-টুনিং ইতিমধ্যে না হয়ে থাকে, যে রকম প্রুনিংএর যুগ পড়েছে কিছু হয়েছে কিনা জানি না, জালান সাহেবও কিছু বলেন নি, হিসাব ধরে নিচ্ছি, আড়াই কোটি টাকা তাঁরা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কলকাতায় খরচ করবেন, বাড়ীটারী করবেন, ইত্যাদি কথা যা আইনে রয়েছে। এখন হিসাবটা

দেখা যাক। হিসাব দেখলে পরে পরিষ্কার হয়ে যাবে যা তাঁরা বলছেন তা কিছুই হবে না। গভর্নমেন্ট হিসাবে বুঝা যায় যে তাঁরা বাড়ী করছেন, আমরা খবরের কাগজে দেখেছি তাঁরা বি, টি, রোডএর কোথায় বাড়ী করছেন—৩৬ লক্ষ টাকা তাদের সেও ওয়ান-রুমড টেনিমেন্ট করতে লাগবে, সেখানে ৩।৩½ হাজার লোকের মত ব্যবস্থা করতে তাতে ৮০০ ফ্যামিলি বাস করবে এবং তাঁরা বলেছেন যে, ১,৩২,৮০০ পরিবার আছে বস্তীতে। তাহলে তাদের হিসাব মত দেখা যায় ৬০ কোটি টাকা লাগে বস্তীবাসিন্দাদের যদি পাকা বাড়ী তৈরী করতে হয় পুনর্বাসনের কথা আমি বাদই দিলাম, সেটা অন্য অঙ্কের মধ্যে যায়—এই হল হিসাব গভর্নমেন্ট যা দিয়েছেন, যে ৬০ কোটি টাকা লাগবে মোটের উপর। কর্পোরেশনের হিসাবে আমর দেখছি, কর্পোরেশনএর বইএতে আছে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান হিসাব-টিসাব করে তাঁরা, যা উপস্থিত করেছেন তাতে তাঁরা বলেছেন যে, কর্পোরেশনকে যদি ওয়ান-রুমড টেনিমেন্ট করতে হয় তাহলে একখানা ঘরের পিছনে ৫,২৫০ টাকা দরকার হবে।

ধরে নিলাম ৫ হাজার টাকায় একখানা ঘর হতে পারে, তাহলে দেখা যাবে আড়াই কোটি টাকায় ২০ হাজার লেকের তারা মোটের উপর বাসস্থানের ব্যবস্থা করতে পারবেন। এই হচ্ছে সোজা হিসাব। ২ আর ২এ ৪ হয়, জালান সাহেব হিসাব করে তা ৫ করতে পারবেন না। গভর্নমেন্টের হিসাব যা হচ্ছে কর্পোরেশনেরও হিসাব তাই হচ্ছে, যে ৫ হাজার টাকা যদি ঘরপ্রতি লাগে তাহলে পর ২০ হাজার লোককে মেটামুটি রাখতে পারবেন। ৫ বছরে ২০ হাজার লোককে রাখতে পারবেন, এই একটা হিসাব দেখলাম ইন্ডাস্ট্রীয়াল হাউজিং স্কীম অনুসারে, সেটার হিসাব এখনও কার্য্যে পরিণত হয় নি, তাতে ভারত সরকার বলেছেন যে, আমরা ইন্ডাস্ট্রীয়াল হাউজিং স্কীমে বলবো যে ৪ হাজার টাকা খরচ হতে পারে ওয়ান-রুমড টেনিমেন্টে। সেই হিসাবে আমরা ধরেছি ৪ হাজার টাকায় যদি একখানা ওয়ান-রুমড টেনিমেন্ট হয় তাহলে পর তাতে ৬,২৫০ খানা ঘর হবে আড়াই কোটি টাকায়, অর্থাৎ তাহলে পর ২৫ হাজার লোক বাস করতে পারবে। এবার হিসাবে আসুন, আমি এর মধ্যে লেসি, সাব-লেসি, ঠিকা-প্রজাদের যে কমপেনসেসনের কথা গভর্নমেন্ট বলছেন, সে সব কথা ধরি নি, শুধু বাড়ীর হিসাব ধরেছি, টাকা যা লাগে, জমি এবং বাড়ীর যা দাম, মেটিরিয়ালসএর দাম যা হবে তাতে আড়াই কোটি টাকায় ২৫ হাজার লোককে রাখতে পারা যাবে। তাহলে হিসাবে অসা যাক, কোলকাতায় এঁরা বলছেন ৫ লক্ষের কিছু বেশী লোক আছে, ৫ বছরে এঁরা যদি ২৫ হাজার লোককে রাখতে পারেন তাহলে ৫ লক্ষ লোককে রাখতে ১ শো বছর লাগবে, এই হচ্ছে অঙ্কের হিসাব। জালান সাহেব বল্লেন যে, না হয় ১০।১৫ বছর লাগবে। আমি বলছি যে তা নয়, আমাদের হিসাব হচ্ছে ১ শো বছর লাগবে, যদি আপনারা খুব কৃতিত্বের সঙ্গে করতে পারেন, আর যে কৃতিত্ব এখন দেখছেন সেই কৃতিত্ব দেখালে ক-শো বছর যে লাগবে তা কেউ বলতে পরে না। তাহলে ধরুন আজকে যে বস্তীতে যুবক আছেন তিনি এই সান্ত্বনা নিয়ে ঘরে যাবেন যে, আজ থেকে ৫০ বছর পর কি ৬০ বছর পর আমি মরবার আগে এই কংগ্রেস সরকারের দৌলতে একটা ২ তলা কি ৩ তলা কি ৪ তলা কি ৫ তলা বাড়ীর একখানা ঘরের মধ্যে প্রাণত্যাগ করতে পারবো কিন্তু ২০।৩০।৩৪ বছর আমরা এই বস্তীর দুরবস্থার মধ্যে বাস করি, বিনা জলে, বিনা আলোতে, বিনা ড্রেনে এর মধ্যে বাস করি। কারণ তাঁরা যে হিসাব দিচ্ছেন, কর্পোরেশনের সে হিসাব সব হিসাবে মেলে, তাঁরা যদি কৃতিত্বের সঙ্গে করেন তাহলে ১ শো বছর লাগবে, আর টাকা লাগবে ৫০ কোটি টাকা। সুতরাং অবস্থা এই দাঁড়াবে, ৭ মণ তেলও পুড়বে না, রাধাও নাচবে না। তার মধ্য থেকে কতকগুলি অসুবিধার সৃষ্টি করবেন, কতকগুলি লোকের দুরবস্থার কারণ হবেন, কেন না, তাঁদের কেরামতী আমরা এই হাউজিং স্কীমের ব্যাপারে ইতিমধ্যে দেখেছি। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তাঁরা টাকা পেয়েছিলেন হাউজিংএর জন্য, পান নি একথা তাঁরা বলতে পারেন না। ফার্স্ট ফাইভ-ইয়ার প্ল্যানের রিপোর্টের মধ্যে গভর্নমেন্টের ফিগার ছিল, বইএ ফিগার ছিল ১৪ শো ৪০টা বাড়ী করবেন, গভর্নমেন্ট কটা করেছেন ৭৫৬টা ইন্ডাস্ট্রিয়াল হাউজিং স্কীম অনুসারে তাঁদের প্রোগ্রাম ছিল ৮১২ খানা ডবল-রুম টেনিমেন্ট করবেন, করেছেন ২ শো খানা, তাদের নিজেদের রিপোর্ট আছে ভারত সরকারের রিপোর্টে আছে, পশ্চিমবঙ্গ সরকারেরও রিপোর্টে আছে।

[6-20—6-30 p.m.]

এবং সেদিন রাজ্যপালিকা যে ভাষণ দিলেন তাতে দেখছি ৭১৬টি ওয়ান-রুমড টেনিমেন্টএর প্রোগ্রাম ছিল, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মাত্র ১০০টি করেছেন। সাত বছরের অবশেষে আপনারা করে দিতে পেরেছেন ৭১৬টি অর্থাৎ ৫ বছরের টার্গেটএ ৭১৬টি ওয়ান-রুমড টেনিমেন্ট করলেন ৭ বছরে। সুতরাং দেখা যাচ্ছে, আপনি যা সেদিন বক্তৃতায় বলেছেন ভারত সরকারের কাছ থেকে যে টাকা পাওয়া যাচ্ছে, আমরা এই সুযোগে তা যদি না নিয়ে নিতে পারি তাহলে পর বাড়ী তৈরীর সম্ভাবনা থাকবে না। আমি বলছি এটা ঠিক নয় (ও জালান সাহেব, একটু শুনবেন—আমি এখানে একটা প্রশ্ন করছি)। আমার বক্তব্য হচ্ছে, টাকা তো কিছু পেয়েছিলেন, বাড়ী কেন করলেন না। বাড়ী কেন ক'রে উঠতে পারলেন না? তাঁরা বলেছিলেন, আমাদের সিমেন্ট নাই, ইট নাই—তা বিধানবাবু তো বাঙ্গালী ছেলেদের ইট তৈরী করতে লাগিয়েছিলেন এবং বলেছিলেন ইট তৈরী হলে পর আমরা বাড়ী করব—যখন হবে, তখন হবে; যখন স্টীল প্রোডাকশন হবে তখন পাওয়া যাবে। তাই বলছি এই যখন আপনাদের মনোবৃত্তি তখন ২॥ কোটি টাকা নিলেও কিছু হবে না। ফার্স্ট ফাইভ-ইয়ার প্ল্যানএ টাকা ফেরত গিয়েছে। আজকে বস্তীতে যদি কনজেসশন হয়ে থাকে, কলকাতা শহরে যদি কনজেসশন থাকে তাহলে বস্তিবর লোকদের জন্য কেন কোন হাউজিং ব্যবস্থা হয় না, কেন বাড়ী তৈরী করতে পারেন না? আর কেনই বা টাকা ফেরত দিয়েছিলেন? সেই কৈফিয়ৎ দিতে হবে আজকে তাঁদের। কলকাতা সহরে খালি জমি পড়ে আছে, কেন বাড়ী তৈরী করতে পারেন না? কেন আপনারা এমপ্লয়ারদের বাধ্য করতে পারেন না যে তোমরা ইন্ডাস্ট্রীয়াল হাউজিং স্কীম অনুসারে টাকা নাও? আজকে হঠাৎ তাঁদের হৃদয় উথলে উঠেছে যে, কি না ভেস্টেড ইন্টারেস্টদের ফাইট করতে হবে। এতদিন ফাইট করেন নি কেন? এইসব বড় লোকদের সঙ্গে আপনারা কেন ফাইট করেন নি? আড়াই লক্ষ লোক আজকে চটকলে কাজ করে, এই ২॥ লক্ষ লোকের মধ্যে ১৮ হাজার লোকের জন্য কোম্পানির কোয়ার্টার্স আছে। আজকে বলছেন, ভেস্টেড ইন্টারেস্টদের ফাইট করতে হবে। সুতরাং এখানে আমার বক্তব্য এই যে, ২॥ কোটি টাকা এটাকে পুঁজি করে যদি অগ্রসর হতে চান তাহলেও আমরা দেখতে পাই, সময়ের দিক থেকে এই বেটএ এগিয়ে গেলে ৫ লক্ষ বস্তিবাসীর থাকবার ব্যবস্থা করতে ১০০ বছর লাগবে এবং ৬০ কোটি টাকা ব্যয় হবে চুরিচামারী যা হবে তা বাদ দিয়ে এই হচ্ছে প্রকৃত অবস্থা। এবং এতদিন পর্য্যন্ত বস্তিবাসীর যা সমস্যা, আসল যা সমস্যা সেইটেই থেকে গেল। এবং শুধু তাই নয়, এই আইনের মারফৎ আরেকটি জিনিষ যা আমাদের সামনে আছে সেটি অত্যন্ত মারাত্মক। এটা আমরা আগেও বলেছিলাম—সুধীরবাবুও বলেছেন, কবে, কোথায় এই আইন প্রযোজ্য হবে সেটা এই বিলে স্পষ্ট করে লেখা নাই। প্রতিটি বস্তির লোক উৎকণ্ঠিত হয়ে থাকবে কবে তাদের ঘাড়ের উপর খাঁড়ার ঘা পড়বে। মহাবিপদের মধ্যে, উদ্বিগ্নতার মধ্যে বস্তিবাসীরা জীবন-যাপন করবে গভর্নমেন্টের এই আইনে। সুতরাং গভর্নমেন্টের এই আইনের ফলে যা হবে সেটা হচ্ছে বস্তিবাসীদের যা সমস্যা সেই সমস্যা দূরীভূত হবে না, সেই সমস্যা ও সেই দুঃখের মধ্যেই তারা থাকবে। অথচ গভর্নমেন্ট বড় বড় কথা বলে পার পেয়ে যাবার চেষ্টা করছেন। এখন আমি এ-সম্পর্কে বলতে চাই, এই গভর্নমেন্টের সামনে সিলেক্ট কমিটির সামনে আমাদের বন্ধুরা একটা প্রস্তাব করেছিলেন, সেই প্রস্তাবগুলি গভর্নমেন্ট থেকে গ্রহণ করা হয় নি। তাতে আমরা দেখিয়েছিলাম, সত্যিকারের কম সময়ে এবং কম টাকায় একটা উন্নয়নের ব্যবস্থা করা যায়, যাতে করে কলকাতা সহরের বস্তিগুলি, বস্তি অঞ্চল হঠাৎ রাতারাতি ইন্দ্রপুরী না হয়ে উঠলেও অন্ততঃ নরকপুরী হয়ে থাকবে না এবং তাতে কোলকাতায় যথেষ্ট বাসস্থানের ব্যবস্থা হতে পারে; তাতে কোলকাতার কনজেসশন কমে যাবে, কোলকাতার উন্নতি হবে। সমগ্রিকভাবে কলকাতার পারিপার্শ্বিক যা চায়, বস্তির লোকও তাই চায়, আমরাও তাই চাই, সত্যিকারের কলকাতার উন্নতি হোক। এবং তার জন্য আমরা বলেছিলাম এবং দেখিয়েছিলাম যে, কলকাতায় যেসব খালি জমি পড়ে আছে, যার উপর বাড়ী করবার কোন প্রচেষ্টা এতদিন হয় নি, তার উপর বাড়ী করুন, এবং ভেস্টেড ইন্টারেস্টএর সঙ্গে ফাইট করুন। বড়লোক যাঁরা—কেউ কেউ এই সভার সদস্যও বটে, তাঁদের জমি নিন, আপনারা তো তাঁদের

ক্ষতিপূরণ না দিয়ে ছাড়বেন না, তবে যত কম দিয়ে পারেন তা দিয়ে তাঁদের জমি নিন। ইণ্ডাস্ট্রীয়াল হাউজিং স্কীম যদি চালু হয় তাহলে কলকাতার অনেক ভীড় কমে যাবে, কলিকাতা পরিষ্কৃত হবে, বস্তিলোকের সুবিধা হবে, আমরা তখন এই কথাই বলেছিলাম এবং এখনো বলছি। তৃতীয় নং বলছি, কলকাতার উন্নতির জন্য অত্যন্ত খারাপ যে জমি রটন বস্তিজ, যেগুলির এমনিতে উন্নতি করা যায় না, যেগুলির প্রাইভেট এজেন্সির দ্বারা উন্নতি করা যায় না, সেগুলি আপনারা নিন এবং যদি কলকাতার ভীড় কমতে চান তো সেখানে বাড়ী তৈরী করুন। এটা কোন অযুক্তি বা অন্যায় কথা নয়। তা ছাড়া আপনারা আরেকটা জিনিস এই আইনের মধ্য দিয়ে করতে পারতেন, যদি আমাদের সাজেসশন নেন, যেমন কলকাতা সহরে অনেক পুরণো বস্তি আছে, যেগুলির মধ্যে সামান্য একটু উন্নতির ব্যবস্থা করলেই যেমন, ড্রেন, প্রিভিজ এবং একটু আলো-বাতাস যেতে পারে এমন ব্যবস্থা করে দেন তাহলেও আমূল সংস্কার না করে সেই বস্তিগুলির উন্নতি হতে পারে, কিন্তু সেই প্রভিশন এই আইনের মধ্যে নেই। এই আইনে প্রভিশন আছে বস্তিলোকদের বিতাড়িত করা, যেটা গভর্নমেন্ট করবেন; আর আমরা বলছি এই বস্তিলোকদের সেখান থেকে বিতাড়িত না করেই এটা অনায়াসে করতে পারতেন, যদি এই সমস্ত জমি নামে এ্যাকোয়ার করে সামান্য সংস্কার করে দেন। এবং তাহলে সত্যিকারের কলকাতায় এক ধরণের বস্তিবাসীদের অবিলম্বে ৬ মাস এক বছরের মধ্যেই উন্নতি হতে পারত এবং কয়েক লক্ষ বাসিন্দার সুবিধা হত। কলকাতায় এই রকম অনেক বস্তি আছে, যেগুলি এই আইনের বলে না নিয়ে ঠিকা-প্রজাদের অকুপ্যান্সি রাইট দিন এবং অকুপ্যান্সি রাইট দিয়ে এই বিলের স্পেসিফিকেশন অনুসারে বাড়ীর উন্নতিসাধন করুন এবং পুরাণো ভাড় টেই রাখুন, কিন্তু বাড়ীর ভাড়া বাড়াতে পারবেন না।

[6-30—6-40 p.m.]

তাহলে পর ঠিকাদার টেনান্টরা একটা ইন্সেন্টিভ পেত, একটা প্রেরণা পেত। আজকে তার প্রেরণা পায় না কেন? "কারগোয়ালে কে দেয় ধুনা", এ যেন ঠিক সেই ব্যবস্থা হচ্ছে। জমি থেকে যেকোন দিন তাদের উচ্ছেদ করে দিতে পারবেন। কাজেই এইটা সেভাবে—কেন আমি দু-হাজার টাকা খরচ করবো? সেই ঠিকা টেনেন্টরা যদি বুঝতো যে আমাদের এই জমির উপর একটা অকুপ্যান্সি রাইট থাকলো, তাহলে তখন সে আরও এক হাজার, দু-হাজার টাকা খরচ করতে পারে, সে বাড়ীর উন্নতি-সাধন করতে পারে, গভর্নমেন্ট তাদের প্ল্যান দিতে পারেন এবং অল্পায়াসে, অল্প অর্থে, ও অল্প সময়ের মধ্যে,—এত ঝঞ্কি না দিয়ে সেখানে উন্নতি হতে পারে। আমরা এখানে শুনেছি, গভর্নমেন্ট বললেন যে, প্রাইভেট এজেন্সি এগুলি করতে পারে না। আমি জিজ্ঞাসা করি কলকাতা সহর কিভাবে গড়ে উঠেছে? কলকাতা কর্পোরেশন, ইম্প্রুভমেন্ট ট্রাস্ট ও গভর্নমেন্ট, তাঁরা সকলে মিলে কতখানি গড়ে তোলবার চেষ্টা করেছেন এবং প্রাইভেট এজেন্সি, তারাই বা কতখানি চেষ্টা করেছেন? সকলের সমবেত চেষ্টায় এটা হয়েছে। সুতরাং ক্যালকাটা কর্পোরেশন, প্রাইভেট এজেন্সি, ইম্প্রুভমেন্ট ট্রাস্ট যা করেছেন, এবং এঁদের অভিজ্ঞতা সকলেই জানেন। সমগ্র কলকাতা সহর যদি এইভাবে গড়ে উঠতে পারে, বস্তিও সেইভাবে গড়ে উঠতে পারে এবং বস্তিলোকের দুঃখও ঘুচতে পারে।

মিশ্র অর্থনীতিতে আমরা বিশ্বাস করি না। ভেস্টেড ইন্টারেস্ট অর্থাৎ টাটা, বিড়লা, গোয়েঙ্কা প্রভৃতি বড় বড় রাঘব বোয়ালদের সঙ্গে মিশ্র অর্থনীতি করতে পারেন; তাদের স্টেট সেক্টর ও প্রাইভেট সেক্টরএ বিশ্বাস থাকতে পারে যে, মিশ্র অর্থনীতি দিয়ে দেশের উন্নতি হবে। কিন্তু এখানে ৫৬ টাকা মাসিক যাদের রোজগার, তার হিসাবে তারা বাড়ী-ভাড়া দিয়ে থাকে। সেই রকম লোকের সঙ্গে সহযোগিতা তাঁরা করবেন, সেখানে বস্তির উন্নতি সাধন করবেন। সেখানে এই নীতিতে হয় না। সেইজন্য তাঁরা বলছেন, আমরা যেমন অন্যান্য ন্যাশনালাইজেসন করছি, তেমনি আমরা এখানেও সেই রকম একটা ব্যবস্থা করছি। সুতরাং আমরা বলছি, যে কথা আমরা সিলেক্ট কমিটির সামনে রেখেছিলাম, পরিষ্কার করে এতগুলি পথ দিয়ে, আপনারা যদি সেই পথ গ্রহণ করেন তাহলে এই আড়াই কোটি টাকা

দিয়ে ২৫ হাজার বস্তিবাসী লোকের জীবনে সুখ আনতে পারবেন, আপনারা যা বলছেন, তার চেয়ে অনেক বেশী লোকের জীবনে সুখ আনতে পারবেন এবং কাউকে দুঃখ না দিয়ে। এই আইনে যে ব্যবস্থা করেছেন তাতে শুধু ২০ হাজার ঠিকা-প্রজা বস্তি থেকে উৎখাত হয়ে যাবে, তাদের জীবনে শুধু দুঃখই আসবে। তাই এই বিলের যারা বিরোধীতা করছেন, তাঁরা তাদেরই স্বার্থকে দেখছেন, আর আপনারা হাট-ওনারদের বিপদগ্রস্থ করছেন। এই কি আপনারা ভাড়াটেকে সুখ দেবার ব্যবস্থা করেছেন।

আমি এক এক করে প্রশ্ন করে যাচ্ছি, আমি আশা করি মন্ত্রীমহাশয় এখানে, এই এ্যাসেম্বলীতে তার জবাব দেবেন।

আইনে বলছেন অল্টারনেট অ্যাকোমোডেশন না দিয়ে কোন বস্তি ভাংগা হবে না, কোন লোককে সেখান থেকে তাড়ান হবে না। খুব ভাল কথা। কিন্তু অল্টারনেটিভ অ্যাকোমোডেশন কি ধরণের হবে, আইনের মধ্যে তার কোন উল্লেখ নেই। ধরুন, কালকে যদি দুখানা বাড়ী করে, দুটু বস্তির লোক নিয়ে যাওয়া হয় এবং তারপর যদি তাঁরা বলেন যে, তাঁদের ইট নেই, সিমেন্ট, লোহা স্টিল প্রভৃতির অভাব, সুতরাং তোমরা এখন থেকে যাও টিনের চালায়, তাহলে তাদের কি অবস্থা হবে? যেমন, ফ্লাডএর পরে, বন্যার পরে করেছিলেন টিনের চালে থাকবার ব্যবস্থা, সেই ধরণের অল্টারনেটিভ অ্যাকোমোডেশনএর ব্যবস্থা আজকে যে তাঁরা এখানে করবেন না, তার গ্যারান্টি কোথায়? কেন বলেন নি যে, এই ধরণের অল্টারনেট আন্ড বেটার আকোমোডেশন দেওয়া হবে? এখানে কেবল কমপেয়ারেবল রেন্টএর কথা উল্লেখ করা হয়েছে। আমি তাঁদের এই কমপেয়ারেবল রেন্ট সম্বন্ধে বলতে গিয়ে, একটা দৃষ্টান্ত দেবো। ফুড সাপ্লাই ডিপার্টমেন্টএর লোকদের অন্য ডিপার্টমেন্টএ যখন দেওয়া হল, তখন এই এ্যাসেম্বলীতে বলা হয় যে, তারা সকলেই কমপেয়ারেবল পে পাবে। কিন্তু সেই কমপেয়ারেবল পে পেতে গিয়ে আমরা দেখেছি যাঁরা ১৫০ টাকা পেতেন, তাঁরাই সেখানে ১০০ টাকা পাচ্ছেন। এই হচ্ছে তাঁদের কমপেয়ারেবল পে। এখানে কমপেয়ারেবল রেন্ট সম্বন্ধেও ঠিক সেই ব্যবস্থা হচ্ছে। কারণ, দেখা যাচ্ছে, কমপেয়ারেবল রেন্ট কত হবে, তার কোন উল্লেখ এই বিলে নেই।

গভর্নমেন্ট স্বীকার করেছেন যে, বেশীর ভাগ দরিদ্র লোকই বস্তিতে বাস করে, এবং তাদের দুঃখ-কষ্টের জন্য নাকি সরকারের চোখে জল ঝরছে। গভর্নমেন্ট নিজের হিসাবেই বলছেন যে, যারা এই বস্তিতে বাস করে, তাদের মধ্যে ৫০ হাজার লোকের মত পরিবার ৫ টাকা মাসে বাড়ী-ভাড়া দেয়, আর ২ লক্ষ ৩৮ হাজার লোক, তারা ৬ টাকা থেকে ১০ টাকা ভাড়া দেয়, এবং ১ লক্ষ ৩০ হাজারের মত লোকের বাড়ী-ভাড়া পড়ে ১১ টাকা থেকে ১৫ টাকা। কমপেয়ারেবল রেন্ট বলতে কি বোঝায়, সেটা আইনে পরিষ্কার করে কোন উল্লেখ নেই। অথচ তাঁরা বলবেন ভাড়াটের স্বার্থ আমরা দেখছি, তাদের ভালর জন্যই আমরা এই বিল করছি। তাঁরা কি মনে করেন কলকাতার সহরের ভাড়াটিয়েরা আজও খুব মূর্খ রয়ে গিয়েছে? গভর্নমেন্ট তাঁদের এত মূর্খ ভাববেন না। তারপর অল্টারনেট অ্যাকোমোডেশনএর কোন ব্যাখ্যা নেই ভাড়া সম্বন্ধেও কোন পরিষ্কার উল্লেখ নেই।

(৩)নং ধারাতে বলা হচ্ছে—
may be brought back to that original site
এই কথা তিনি বলে গেলেন যে, স্লাম ডিমোলিস করে যেখানে বাড়ী হবে, সেখানে তাদের আনা যেতে পারে। তার মানে নাও যেতে পারে। তারপর সেখানে এলে পর কি ভাড়া দেবেন, সেই সমস্ত ভাড়াটে, যাদের দুঃখে জালান সাহেবের প্রাণ ফেটে যাচ্ছে, তার সঠিক উল্লেখ নেই। সিলেক্ট কমিটিতে যেটা ঠিক হয়েছে, ৮।১০ টাকা ভাড়া। আপনারা সেই কথাই লিখুন—১০ টাকার বেশী নয়। তাহলে বুঝবো আপনারা ভাড়াটিয়ার স্বার্থ দেখবার জন্য প্রস্তুত আছেন। আমি জানি ১০ টাকায় তারা বাড়ী ভাড়া দেবেন না। কারণ চোখের সামনে স্পষ্ট রয়েছে বেলেঘাটায় সি.আই.টি বিল্ডিংস। গরীব লোক, কারখানার শ্রমিক, কর্মচারী, তাঁরা সেখানে থাকেন। সেখানে সিংগল-রুম টেনিমেন্টএর ভাড়া হচ্ছে, নিচের তলায় ঘর ১৯ টাকা, দোতলায় ২১ টাকা, ও তিন তলায় ২০ টাকা। এর থেকেও কি সস্তায়

আপনারা দেবেন? আমরা ইম্প্রুভমেন্ট ট্রাস্টের কাছ থেকে খবর নিয়েছি, তাঁরা বলেছেন এর চেয়ে কম হওয়া অসম্ভব, এর চেয়ে কমে কেউ দিতে পারেন না। সেখানকার জনৈক অফিসার, তিনি একটু হেসে বললেন, বেঙ্গল গভর্নমেন্ট যদি করেন তাহলে আরও খরচ বেশী হবে। সুতরাং আপনারা ১৯-২০ টাকার কমে দিতে পারবেন কি না সন্দেহ আছে। স্পষ্ট কথা কেন তিনি বললেন না? সুতরাং ভাড়াটিয়ার স্বার্থের দিকে চেয়ে তাঁরা এই ব্যবস্থা করছেন, যে কথা বলছেন, সেটা সম্পূর্ণ অমূলক কথা। তাঁরা আসল কথা চেপে যাচ্ছেন, এবং দরিদ্র ভাড়াটিয়াদের মধ্যে একটা বিভেদ আনবার জন্য তাঁরা এটা করছেন। তাঁরা এখানে বলছেন—আইনটার নাম দিয়েছেন রিহ্যাবিলিটেশন অফ স্লাম ডোয়েলার্স। রিহ্যাবিলিটেশনএর কি রকম ব্যবস্থা করা হয়েছে আইনটায় দেখুন। তাঁদের রিহ্যাবিলিটেশন হচ্ছে, যে, তারা যদি তাদের হাট ডিসম্যান্টল করে চলে যান, তাহলে পানের ঐ ভাড়াটে বা ঠিকা-প্রজা, তাঁরা পাবেন—

cost of dismantling and re-erecting any building, machinery, etc.

আর দ্বিতীয় নম্বর হচ্ছে—

compensation for any temporary loss of occupation.

এই হচ্ছে তাঁদের রিহ্যাবিলিটেশন।

আমি জিজ্ঞাসা করি, মন্ত্রীমহাশয়ের নিশ্চয়ই জানা আছে—আজকাল শুধু নয়, চিরকালই এই বস্তির ভিতরে এবং বস্তির গায়ে ছোট ছোট দোকান করে তারা ব্যবসা করে। কেউ মুদিখানা খুলে, কারও দর্জির দোকান, কারও লন্ড্রী, কারও চুল-কাটার দোকান, কারও চা-খানা, এইরকমভাবে শত শত লোক, তাদের জীবিকা অর্জন করে, তারা শুধু বাড়ীওয়ালা নয়, তাদের বেশীর ভাগই ভাড়াটিয়া। আপনারা তাদের বললেন এক মাইল দূরে চলে যাও, তোমাদের সেখানে টেম্পোরারী অ্যাকোমোডেশন দেওয়া হল। দরিদ্র বস্তিবাসী মুদি ও অন্যান্য দোকানদার, তাদের দুশো, তিনশো টাকা মাত্র মূলধন রয়েছে, তাদের সেখানে নিয়ে গিয়ে ফেললেন, তাদের হাটের যে-সমস্ত ক্লাইয়েন্ট ছিল তা ওয়ান-ফোর্থ হয়ে গেল, তার খদ্দের চলে গেল, তাদের কি ব্যবস্থা হবে এই রিহ্যাবিলিটেশনএ? এই সমস্ত গভির ছোট ছোট ব্যবসায়ী দোকানদার; যাদের ঐ সকল দোকানের মারফত তাদের পরিবারের ভরণ-পোষণ হতো, তাদের জন্য কি ব্যবস্থা হবে? তা ছাড়া দেখা যায় প্রত্যেক বস্তিতে একটা না, একটা শিল্প প্রতিষ্ঠান আছে। হঠাৎ তাকে আপনি সরিয়ে দিলেন এবং তার রিহ্যাবিলিটেশনএর কোন ব্যবস্থা হল না। তাকে শুধু ৫-১০টা টাকা দেওয়া হল, দু-তিন দিনের খাবার দেওয়া হল, তারপর সে কি করবে?

[6-40—6-50 p.m.]

তারপর সে কি করবে? আমি বিশেষ করে একটা শ্রেণী সম্প্রদায়ের কথা বলছি, যারা হচ্ছে কুম্ভকার, কুমোর, আমরা যাদের সোজা ভাষায় বলি, তারা শুধু ঐ কুমোরটুলি-কালিঘাটের কুমোর নয়, হরেকরকম কুমোর আছে, যারা মাটির ভাঁড় তৈরি করে, যারা প্রতিমা গড়ায়, যারা অন্যান্য বহু জিনিষ তৈরী করে, তাদের যদি বস্তি জালান সাহেব কোন দিন দেখে থাকেন তিনি দেখেন নি কোন দিন, আমরা দেখেছি, তাদের জিজ্ঞাসা করি তারা ভাড়াটে, তারা বাড়ীওয়ালা নয়, অতি দরিদ্র লোক, ভাঁড় বিক্রী করে তাদের ঘর চলে, প্রতিমা বিক্রী করে, মোরাপুকুর অঞ্চলে যে-সমস্ত বাস্তুহারা রয়েছে এবং কাঁথনা প্রতিমা তারা বিক্রী করে এবং তা বিক্রী করে কি দাম পাওয়া যায় জানেন, খেয়ে না খেয়ে তারা পড়ে আছে, অতি জীর্ণ অবস্থায়। তারা বলেছে যে, আমাদের যদি সি.আই.টি, বিল্ডিংএর মত বিল্ডিংএও নিয়ে যাওয়া যায়, থাকবো হয় ত ভাল কিন্তু খাবো কি: পরের মাসে বাড়ী-ভাড়া কি দেবো, সে কথা ভেবেছেন গভর্নমেন্ট? তারা বলছে আমাদের একটু জমি চাই, উঠান চাই মাটী গুলবার, ছেনবার, আমাদের সে জায়গা দরকার, ভাঁড় শুকাবার জায়গা দরকার, প্রতিমা শুকাবার জায়গা দরকার, তাদের চক্র ঘুরাবার জায়গা দরকার। সে-সব সমস্যা ভেবেছেন? কখনও ভেবেছেন সে কথা, কলিকাতায় কত লোকের এই রকম পেশা আছে, যে পেশার কথা আপনারা চিন্তা করতে পারেন না; দেখবেন বাস্তুহারা মেয়েরা, তারা ধূপকাঠির মত ঘরে বানায়, শত শত পরিবার তা দিয়ে প্রতিপালিত হচ্ছে, তারা ভাড়াটে, তারা বাড়ীওয়ালা নয়,

তাদের আপনারা পুনর্বাসন দেন নি। তারা নিজেদের গতর খেটে সেই মেয়েরা নিজেদের পেট চালাচ্ছে, শিশুপুত্রদের খাওয়াচ্ছে। তাদের অবস্থা দেখেছেন কি করে তারা ধুপকাঠি বানায়, কি অবস্থায় এবং কিভাবে তারা তার বন্দোবস্ত করে। আপনারা কি তার ব্যবস্থা করবেন, না বলে দেবেন যে তোমার ধুপকাঠি-টাঠি নিয়ে তুমি অমুক জায়গায় চলে যাও, এক মাইলের মধ্যে। এবং সেখানে যাতায়াত বাবং তোমাকে খরচ দেওয়া হল ১০ টাকা, তারপর কি হবে এ কথা আপনারা চিন্তা করেছেন—করেন নি, সুতরাং ভাড়াটিয়াদের মধ্যে বেশী সংখ্যক লোকের কথা আপনারা চিন্তা করেন নি। তাদের রিহ্যাবিলিটেশনএর কথা আপনারা চিন্তা না করে আইনের নাম দিয়েছেন রিহ্যাবিলিটেশন অফ স্লাম ডোয়েলার্স। কাদের রিহ্যাবিলিটেশন দিচ্ছেন? দিচ্ছেন জমিদারদের। ১৯৪৬ সালে জানি। আজকে জমিদাররা জানে যে প্রজারা বিদ্রোহী হচ্ছে। আইনে বস্তিগুলি ভেঙ্গে গেলেই ভাল, কারণ আজকে যেই ট্যাক্স বাড়ায় অমনি প্রজারা বিদ্রোহ করে। সে কথা জমিদাররা আজকে জানে। সেইজন্য বেশীর ভাগ জামদার ছেড়ে দিতে চায়। আজকে সেই জমিদারদের রিহ্যাবিলিটেশনএর জন্য এই বিল আনছেন। আপনারা কি আজ সত্যই ঐ দরিদ্র ভাড়াটিয়াদের জন্য এবং ঐ ঠিকাপ্রজা, যার ৫৬ টাকা মাসিক আয় ঐ বাড়ীভাড়া থেকে তার স্বার্থে কি এনেছেন? তা আনেন নি। বরং আপনাদের এই কাজ করার ফলে বহু লোক আবার ছিন্নমূল হয়ে যাবে। এমনি ত বাস্তুহারা সমস্যা সমাধানে বলেন যে আমরা সমাধান করতে পারছি না। সমস্যা কঠিন এটা ঠিক। কিন্তু এই সমস্যা কেন আবার নূতন করে সৃষ্টি করেন? আমি জানি এমন এলাকা রয়েছে, যে এলাকায় সেই বাস্তুহারারা, এসেছে তারা ঘর তৈরী করিয়েছে, নিজেরাই থাকে, এক আধখানা ঘর ভাড়া দিতে পারে। তারা আপনাদের কাছ থেকে টাকা নেয় নি। তার নিজেরা সামান্য যে টাকা নিয়ে আসতে পেরেছেন, সেই টাকায়। আজ তাদের কাছেই প্রশ্ন হচ্ছে যে, আমরা ঠিকা-প্রজা হয়েছি বলে কি মহা অপরাধ করেছি? গভর্নমেন্টের টাকা না নিয়ে আমরা নিজেরা দাঁড়িয়েছি, মাথা গুঁজবার জায়গা করেছি। আজকে এখান থেকে আমাদের বের করে দেওয়া হবে? সুতরাং এই সকল প্রশ্নের আপনারা কোন বিচার করেন নি। আপনারা গাল-ভরা একটা বক্তৃতা দিলেন, ভাবলেন ভাড়াটিয়ারা বিভ্রান্ত হয়ে যাবে। ভেস্টেড ইন্টারেস্টএর বিরুদ্ধে সংগ্রামে তারা হাসবে যে কংগ্রেস গভর্নমেন্ট আবার কবে ভেস্টেড ইন্টারেস্টএর বিরুদ্ধে সংগ্রাম সুরু করেছে। ভেস্টেড ইন্টারেস্ট তারা পেয়েছেন এই ৫৬ টাকার বাড়ীওয়ালা এবং এও জানেন আপনারা যে এই রকম বহু দরিদ্র ঠিক-প্রজা আছে, যারা কারখানা শ্রমিকের কাজ করে, ৭০।৮০ টাকা মাইনে পায়; তারা ৩০ বছর আগে এরকম একটা ছোট ঘর করেছে ২ খানা ঘর করেছে, একখানায় নিজেরা থাকে, আর একখানা ভাড়া দেয়, তারা হয়ত ১০ টাকা ভাড়া পায়। ৭০ টাকা যে মাইনে পায়, ৮০ টাকায় তার সংসার চলে। সুতরাং এই সমস্ত সমস্যা আপনাদের সামনে রয়েছে। সুতরাং আমরা বলছি সত্যই যদি আপনারা চান স্লাম ক্লিয়ারেন্স, স্লাম ডোয়েলার্সদের রিহ্যাবিলিটেশন, শুধু যদি মুখের কথা না হয়, তাহলে এ পথে নয় আপনাদের আইনকে সংশোধন করতে হবে। ভাল সংশোধন করতে হবে এবং এমন পন্থা নিতে হবে, যে পন্থায় অন্য সময়ে কম টাকায় বস্তির উন্নতি হতে পারে এক দিকে। এই দুর্গন্ধময় অবস্থা কেউ চায় না। ঠিকে-প্রজা চায় না, ভাড়াটিয়ারা চায় না, পাবলিকও চায় না। আপনাদের বড় বড় বাড়ী করতে হবে এবং যে-সমস্ত খালি জমি আছে, সে-সমস্ত আপনারা দখল করুন। দখল করে সেখানে বাড়ী করুন। অন্যদিকে যে কথাগুলি আমি আগে বলে গিয়েছি, সে কথার আর আমি পুনরাবৃত্তি করতে চাই না। কিন্তু শুধু এই কথা বলতে চাই যে, হঠাৎ স্বর্গপুরী করব, এই কথা বলে অগ্রসর হবেন না। এতে নিজেকেই শুধু বিভ্রান্ত করা হয়। হঠাৎ স্বর্গপুরী আপনি করতে পারবেন না, হঠাৎ একটা সহর গড়ে ওঠে না। অন্ততঃ আপনাদের মত শাসক যারা, তাদের হাতে গড়ে উঠতে পারে না। সেইজন্য সবরকম পন্থা অবলম্বন করতে হয়—প্রাইভেট এজেন্সি, স্টেট এজেন্সি, সকলের সহায়তায় এটা করতে হয়। এই সন্দেহ আজকে কলকাতার পাবলিকএর মনে আছে যে, হঠাৎ কিছু না—ঐ ইম্প্রুভমেন্ট ট্রাস্ট রইল, অমুক আইন রইল, তমুক আইন রইল, সব ছেড়ে দিয়ে আজ এইরকম একটা আইন আনছেন কেন? তাহলে কি অপরাধ হয়ে গিয়েছে যে, আমরা কংগ্রেসের বিরুদ্ধে ভোট দিয়েছিলাম, সেইজন্যে?

কারণ ইতিমধ্যেই কলকাতা সহরে একটা কড়া-গুজব আছে, লোকেও মুখে মুখে বলছে এবং তারা শুধু ঠিকে-প্রজা নয় –এটা আমি আপনাকে অন্ততঃ সততার সঙ্গে বলতে পারি যে, তারা ঠিকে-প্রজা নয়—তারা বলছেন, এই বাংলাদেশ থেকে যিনি মন্ত্রী আছেন কেন্দ্রীয় সরকারে, তিনি নাকি বলেছেন ভারত-সরকারকে যে কলকাতা সহরকে যদি কংগ্রেসের হাতে রাখতে হয়, তাহলে এইরকম একটা ড্রাস্টিক স্টেপ নিতে হবে। যে কথা জালান সাহেবও বলেছেন যে, ড্রাস্টিক স্টেপ নিতে হবে। এবং সেই ড্রাস্টিক স্টেপ নিয়ে কলকাতার এই দরিদ্র ভাড়াটে, দরিদ্র ঠিকে-প্রজা, তাদের কলকাতা থেকে বের করে দিতে হবে। এবং ইতিমধ্যে বক্তৃতায় বলা হচ্ছে যে, কলকাতার বাইরে যাও, গ্রামাঞ্চলে বিশুদ্ধ বায়ু আছে। ইলেকট্রিক করে দিচ্ছি, ঝপাঝপ যাবে, আর ঝপাঝপ আসবে। মুহূর্তের মধ্যে কার্য্য সমাধা হয়ে যাবে। এইসব কথা ইতিমধ্যেই বলা হচ্ছে। সুতরাং সেই কথাগুলি আমি গভর্নমেন্টের দৃষ্টিতে এনে বলতে চাই যে, এই আইনের ভাল সংশোধন থাকা দরকার, যাতে সত্যিকারের ভাড়াটিয়াদের রিহ্যাবিলিটেশন হয়, যাতে সত্যিকারের ভাড়াটিয়া তার নিজের পেশা থেকে বিচ্যুত না হয়ে যায়। যারা সত্যিকারের ঠিকে প্রজা আছে, যারা কোনরকমে দিন গুজরান করে, তারা ছিন্নমূল না হয়ে যায় এবং সত্যই যাতে দ্রুত কলকাতা সহরের সামগ্রিক উন্নতি হতে পারে সেইরকম পথে যাওয়া উচিত।

[6-50—6-58 p.m.]

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, সিলেক্ট কমিটি কর্তৃক যে রিপোর্ট লিখিত হয়েছে - আমিও সিলেক্ট কমিটির একজন মেম্বর ছিলাম, এবং মেম্বর হিসাবেই আমি লিখেছিলাম যে—

On principle we support clearance of slums and so and so, on principle we are in agreement with clearance of slums.

অর্থাৎ আমরা চাই যে বস্তি পরিষ্কার হউক। কিন্তু কেন চাই সে কথাটা এখানে বলা হয় নি এবং বলবার উপযুক্ত জায়গাও তা নয়। তাই আমি আজ এখানে বুঝিয়ে বলতে চাই। ১৯৪৬ সালে আমি বঙ্গীয় ব্যবস্থাপক সভায় কলিকাতার শ্রমিকদের পক্ষ থেকে সভ্যরূপে নির্বাচিত হয়েছিলাম। কলিকাতার শ্রমিকদের বেশীর ভাগ বাস করে বস্তিতে। সেই অবধি শ্রমিকদের সঙ্গে মিশতে মিশতে আমি বস্তিজীবনের সঙ্গে পরিচিত হয়েছি। আমি বুঝতে পেরেছি যে, কি মর্মন্তুদ সেই জীবন। অনেক রাত্রি আমাকে বস্তিতে বাস করতে হয়েছে। পাশ দিয়ে নর্দ্দমার পচা দুর্গন্ধ বেরুচ্ছে, আর মাছি ভন ভন করছে এবং সেই জায়গায় বাস করে আমি মর্মে মর্মে উপলব্ধি করেছি যে, বস্তিজীবন কি কঠোর, এবং সেজন্য আমার সঙ্কল্প ছিল যে আমার যদি কোন শক্তি থাকে তবে সেই শক্তি প্রয়োগ করে আমি বস্তিজীবনের পরিবর্তন সাধন করব। যারা আমার জীবনের সঙ্গে পরিচিত, তাঁরা জানেন যে আমি বস্তি-অঞ্চলেই আমার কর্মশক্তি প্রয়োগ করতে আরম্ভ করি। এ্যাসেম্বলীর ভিতরে এবং বাহিরের সভাসমিতিতেও আমি বস্তিবাসীদের দুঃখের কথা বলি এবং তাদের অবস্থার উন্নয়নের কথাও বলি। তারপর, ১৯৪৪ সালে ৪ বছর কারাবাসের পর ঘটনাচক্রে আমাকে একটা বস্তিতে এসে থাকতে হয়েছিল। তখন জায়গায় জায়গায় আমাকে কাটাতে হয়েছিল। সে বস্তি সাধারণ বস্তি নয়, একটা মিশ্র বস্তি অর্থাৎ সেই বস্তির সাথে কয়েকটা পাকা-বাড়ীও ছিল। আমি সেখানে বাস করে প্রত্যক্ষ অভিজ্ঞতার দ্বারা বলতে পারি যে, সত্য-সত্যই বস্তিজীবনের মানে কি। আগে ছিল শ্রমিক এলাকায় শুধু খোলার ঘর, তখন বরং কিছু আলো-বাতাস ছিল ; কিন্তু আমি যে মিশ্র বস্তিতে আসলাম সে বস্তিতে শুধু হাটস নয়, পাকা-বাড়ীও সেই খোলার ঘরের সামনে দাঁড়িয়ে আছে, দোতলা, তেতলা। অধিবাসীরা আমার কাছে কাঁদাকাটি করে বলে যে, আগে তবু আলো-হাওয়া আসত, কিন্তু এখন বাতাস ত দূরের কথা, আলো পর্য্যন্ত বন্ধ হয়েছে। তাদের সে দুঃখ দেখলে বুক ফেটে যায়। আমি তখন ভাবলাম যে, এরকমভাবে চলবে না ; বরং খোলার বস্তি আছে, সেই খোলার বস্তিই থাক, তা বরং সম্ভবপর, কিন্তু খোলার ঘর এবং পাকা-বাড়ী এ হতে পারবে না। আলো আর অন্ধকার এক সঙ্গে যেমন থাকতে পারে না, সেইরকম খোলার ঘর আর পাকা-বাড়ী এক সঙ্গে থাকতে পারে না। যদি তা থাকে তবে পাকা-বাড়ীর জন্য খোলার বাড়ীর লোকেরা মরতে চলেছে।

তারপর আমি যে বস্তিতে বাস করি, সেই বস্তির এক অঞ্চলে শুধু পাকা-বাড়ী। সেই পাকা-বাড়ীর ভিতরে সংকীর্ণ গলি। সেটা কোন জায়গায় এক-হাত চওড়া, কোথাও দু-হাত চওড়া। সেই গলিতে রৌদ্র, এমন কি দিনের আলোও প্রবেশ করে না। সেই গলির একতলা বাড়ীতে যারা বাস করে তাদের দুঃখের কথা জানি এবং বুঝতে পারি যে কি দুঃসহ এই বস্তিজীবন। এইভাবে দীর্ঘ দিন বস্তির সঙ্গে মিলিত হয়ে, এবং বস্তিতে বাস করে ৩টা জিনিস বুঝতে পেরেছি। যদি বস্তি রাখতে হয় তাহলে শুধু খোলার ঘর রাখতে হবে, যে সংকীর্ণ গলির ভিতর দিয়ে বাতাস যায় তা বন্ধ করা চলবে না; রিমডেলড বস্তি সম্ভব কিন্তু পাকা-বাড়ী করলে বস্তি চলতে পারে না। যদি কেউ বলে যে শুধু পাকা-বাড়ীর কথা—চওড়া রাস্তা না কোরে, ভাল ড্রেন না কোরে, জলের ব্যবস্থা না কোরে একটা বস্তিতে দোতলা-তেতলা বাড়ী করা সম্ভব নয়। সুতরাং আমি অনেক ভেবেছি, অনেক জায়গায় বন্ধুগণের কথা শুনেছি, রিমডেলিংএর কথা শুনেছি, বাস্তবে সে কথা ভাল। কিন্তু আমি দীর্ঘ দিন কলিকাতার এইসব জায়গার সঙ্গে প্রত্যক্ষ পরিচয়ে বুঝতে পেরেছি যে, কোন কোন বস্তিতে চওড়া রাস্তা কোরে পাকা-বাড়ী করা সম্ভবপর, এবং যদি তা সম্ভব হয় হউক: রিমডেলড হয় হউক, এই বিলের ৬।৭ ধারায় সে কথা বলা আছে; কিন্তু আমি মনে করি বস্তি ক্লিয়ারেন্স ছাড়া গত্যন্তর নাই। আর যদি ক্লিয়ারেন্স না করি, বস্তিগুলোকে যদি এইভাবে থাকতে হয়, তাহলে কলিকাতায় কেউ টিঁকতে পারবে না। বস্তিতে অসুখ বাড়ছে, যক্ষ্মা বাড়ছে, এবং এমন কোন ব্যারাম নেই যা বস্তিতে না বাড়ে। কাজেই আমরা যদি বস্তির উৎসাদন না করি তবে ৩ বছর বা ৫ বছর পরে হউক এমন ব্যাপক মহামারী হবে, যার ফলে কলিকাতার অর্ধেক লোক হয়ত মরে যাবে। আজ এই কথা গুরুতরভাবে ভেবে আমি অন প্রিন্সিপল আমার এতে এগ্রিমেন্ট আছে, কিন্তু সঙ্গে সঙ্গে ভাবতে হবে কলিকাতার অসংখ্য ছোট ছোট বাড়ীর কথা। তা ত দেখি না। উদ্বাস্তুদের ব্যাপারে মুখে অনেকে অনেক প্রতিশ্রুতি দিয়েছেন, তাদের বাসের ব্যবস্থা করবেন, কিন্তু কাজে কিছুই করতে পারেন নি। সুতরাং এত বড় একটা কাজ করতে পারবেন কিনা আমার মনে সন্দেহ আছে। তবু আমি বলছি, এগিয়ে চলুন, দেখুন যে কতটা করতে পারেন, কিন্তু সঙ্গে সঙ্গে যেসব বস্তিতে করতে পারবেন না, সে-সব ঠিক ঐভাবে রাখতে পারবেন না। মন্ত্রীমহাশয়কে আমি বলেছি যে, ১৫ বৎসরের কমে হবে না। ১৫ বৎসর পর্য্যন্ত যদি আমরা অন্ততঃ পক্ষে ঐভাবে রাখতে চাই, তাহলে বস্তির অনেক লোক মরে যাবে। সুতরাং একদিকে বস্তি ক্লিয়ারেন্স হউক কিন্তু সঙ্গে সঙ্গে যে ৪।৫।৬ হাজার বাস্তি থাকবে তাদের রেখে দেওয়া চলবে না। বর্তমানে যতটা উন্নতি সম্ভব—খুব বেশী সম্ভব না হলেও যতটা সম্ভব উন্নতির ব্যবস্থা করা উচিত। সেখানে ভাল ড্রেনের ব্যবস্থা যদি সম্ভব হয় করুন, সেখানে টিউবওয়েল বা কলের জলের ব্যবস্থা যতটা হয় তা করুন; বা অন্যরকম উন্নতির ব্যবস্থা যা করতে হয় তা করুন। এই দুটো কাজ একসঙ্গে চালান চাই। একদিকে যেমন পুনর্বাসনের ব্যবস্থা কোরে বস্তি ভাঙ্গতে হবে, সঙ্গে সঙ্গে যেসব অসংখ্য বস্তি পড়ে থাকবে তাদের উন্নতির ব্যবস্থা করতে হবে। এই কাজ যদি একসঙ্গে চলে তবেই আমি মনে করি বড় প্রোগ্রাম নিয়ে কাজ করে তা সম্ভব হবে।

আর একটা কথা ভুললে চলবে না। এই বস্তি-উন্নয়নের বিরুদ্ধে ক্লিয়ারেন্সএর বিরুদ্ধে একটা জনমত গড়ে উঠেছে। জনমত প্রবল হউক বা জনমত দুর্বল হউক, জনমত উপেক্ষার জিনিস নয়। তার পিছনে সত্য রয়েছে। সত্য না হলে জনমত গড়ে উঠতে পারে না মন্ত্রীমহাশয় বলেছেন উস্কানি দিয়ে আন্দোলন সৃষ্টি করা হয়েছে; উস্কানি দিয়ে জনমত গঠন করা যায় না। উস্কানি দিয়ে ১০।২০ হাজার লোককে আনা যায় না। সত্যই কোন আশঙ্কার কারণ সেখানে রয়েছে। পুনর্বাসন হবে কি না সে বিষয়ে অনেকের সন্দেহ আছে। সুধীরবাবু যে চিত্র দেখিয়েছেন, বেলেঘাটায়, এন্টালীতে, সেখানে বস্তি ভেঙ্গেচুরে সুন্দর বড় রাস্তা হয়েছে, বড় বড় বাড়ী হয়েছে, কিন্তু সেই আগের লোকেরা গেল কোথায়? এ প্রশ্ন সকলেই করবেন। সেজন্য গভর্নমেন্টের স্পষ্ট করে বলা উচিত যে, আগে আমরা রিহ্যাবিলিটেশনএর ব্যবস্থা করব, এবং রিহ্যাবিলিটেশনএর ব্যবস্থা না কোরে ক্লিয়ারেন্স করব না, এটা পরিষ্কার বলতে হবে যে, [illegible] আশঙ্কার কারণ নেই। তা না হলে যেমন বেলেঘাটায় বা এন্টালীতে

বস্তিবাসীদের উচ্ছেদ হয়েছে ঠিক সেইরকম কলিকাতায় হবে। সেইজন্য দেবেনবাবু ও আমি *একটা এ্যামেন্ডমেন্ট দিয়েছি। কেন না, তা না হলে* প্রথমেই চোখে পড়বে ক্লিয়ারেন্স এ্যান্ড *নট* রিহ্যাবিলিটেশন ; কাজেই আগে আমাদের বোঝান দরকার যে, আগে রিহ্যাবিলিটেশনএর ব্যবস্থা না কোরে, বিকল্প বাসস্থানের ব্যবস্থা না কোরে ওদের সরাবার কথা হবে না। এই কথাটা খুব স্পষ্ট কোরে থাকা দরকার। সেই জন্যই আমরা বিলের নামটা পরিবর্তন কোরে—
'Rehabilitation of Slum-dwellers and Clearance of Slums Bill'—
এই নাম দিতে বলছি।

আর একটা কথা, ঐ যারা হাট-ডোয়েলার্স আছে, তারা নানাভাবে জীবিকা উপার্জনের জন্য আয় করে। সেই আয় ঐ বস্তিতে থেকেই হয়। বস্তি ভাঙ্গা হলে তাদের ভয় আছে যে, তাদের আয় বন্ধ হবে, এবং উদ্বাস্তুদের মত তারাও আবার বুভুক্ষু হয়ে দাঁড়াবে। বহু ছোট ছোট দোকান, ছোট ছোট কারবার বা কারখানা ঐসব জায়গায় আছে; তারা সেখান থেকে উৎসাদিত হলে তাদের জীবনে আর্থিক বিপর্যয় ঘটবে, এ আশঙ্কাও রয়েছে। অনেক লোক এই বস্তিতে জীবন কাটিয়েছে; তারা মনে করবে অন্য জায়গায় গিয়ে আমাদের কি হবে? কাজেই—
'rehabilitation of hut-dwellers and clearance'—
এই হওয়া উচিত।

দ্বিতীয়তঃ বলা উচিত যে, তাদের কোথায় নিয়ে যাবেন। আপনাদের বলতে হবে যে এমন জায়গায় তাদের নিয়ে যাওয়া হবে, যে কথা দেবেনবাবুর সংশোধনীতে আছে—যেখানে তাদের অর্থনৈতিক বিপর্যয় ঘটবে না, অর্থাৎ তাদের বর্তমানে যে অর্থনৈতিক ব্যবস্থা আছে তার বিপর্যয় যাতে না ঘটে এমনভাবে পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে—আমি আমার সংশোধনীতে এই কথাই বলেছি। এমন ঘর তাদের দেওয়া উচিত, যার ফ্লোর-স্পেস অনেকখানি। আমি ডাঃ রায়ের মুখে শুনেছি সিলেক্ট কমিটিতে যে ওয়ান-রুম টেনিমেন্ট করা হবে। কিন্তু একটা বাঙ্গালী পরিবারে ৭।৮ জন কোরে লোক থাকে, ২।৩ জন ভাই থাকে। কাজেই টু-রুমড টেনেমেন্ট, থ্রি-রুমড টেনিমেন্ট করতে হবে তাদের জন্য। তৃতীয়তঃ ভাড়া সম্বন্ধে আমাদের দেখতে হবে যে, বর্তমানে তারা যা ভাড়া দেয়, তার চেয়ে বেশী ভাড়া যেন না হয়। যদি বেশী ভাড়া হয় তাহলে তাদের অর্থনৈতিক বিপর্যয় ঘটবে। তারপর কমপেনসেশন সম্বন্ধেও আমাদের ভাবতে হবে। লেসি, সাব-লেসিদের কমপেনসেশনের ব্যবস্থা আছে, যাদের কাজ কারবার নষ্ট হবে তাদেরও যেন কমপেনসেশন দেবার চেষ্টা করা হয়। অর্থাৎ মোটের উপর পুনর্বাসনের ফলে বস্তিবাসীদের জীবনে যে অর্থনৈতিক বিপর্যয় না আসে, সেইসব ব্যবস্থা করতে হবে। যদি সেইসব দিক লক্ষ্য করে দ্রুত কাজ করা হয় তাহলে ভাল হয়। তা না হলে আমি বলবো আপনারা জানেন যে, ফাস্টস আর হার্ডার দ্যান ফিকসন। যদি সর্বপ্রকারে বস্তিবাসীদের পুনর্বাসনের ব্যবস্থা করা যায়, তাদের যদি ভাল জায়গায়, ভাল ঘরে রাখা যায়, যাতে তাদের অর্থনৈতিক জীবনে বিপর্যয় না ঘটে, এইভাবে কাজ করে যদি গভর্নমেন্ট দেখাতে পারেন তাহলে তাদের বর্তমানে যে একটা আশঙ্কা আছে, তাদের মধ্যে যে একটা বিক্ষোভের সৃষ্টি হয়েছে তা দূর হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. on the 7th March, 1958.

Adjournment

The House was accordingly adjourned at 6-58 p.m. till 3 p.m. on Friday, the 7th March, 1958, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 7th March, 1958, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 15 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 208 Members.

[3—3-10 p.m.]

MESSAGE FROM THE GOVERNOR

Mr. Speaker: There is a message from the Governor which I propose to read.

"Raj Bhavan,
Calcutta,
The 1st March, 1958.

Members of the Legislative Assembly,

I have received with great satisfaction the respectful expression of your thanks for the speech with which I have opened the present session of the Legislature.

PADMAJA NAIDU,
Governor of West Bengal."

Return journey of the arrested Purulia people

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I wanted to mention something about those people who came from Purulia and who were arrested the other day and who are now waiting for trial in the jail. Yesterday I got a letter from my friend Sj. Hemanta Kumar Basu saying—

"আপনি যদি ব্যবস্থা করে দেন তাহলে তারা ফিরে যেতে রাজী আছে। আশা করি আপনি তাদের যাওয়ার ব্যবস্থা করবেন।"

In response to that, a special train has been arranged which will start at 10-15 tonight—and not yesterday, as has been reported in one of the papers today—this train will only start this evening, on the 7th March and the platform will be indicated—probably the railways will inform us. The passengers of the train will go straight to Bankura non-stop after which any person will be able to get down at any station he likes between Bankura and Purulia. Hemanta Babu informed me that many will get down at Suisa where they will go early tomorrow morning.

Mr. Speaker: Non-official Bills will not be taken up today—they will be taken up next week.

Non-official Resolutions

Sj. Deben Sen: Sir, I beg to move that this Assembly is of opinion—

(i) that great injustice has been done to the State of West Bengal by the decision to allocate the share in the Central Taxes on the basis of population in consequence of which not only the State will be deprived of its legitimate claim upon the share in the Central Taxes but there will be further reduction in the share hitherto enjoyed by the State in those taxes, and

(ii) that immediate steps should be taken by the Government of West Bengal to secure a revision of the above decision with a view to ensure justice to this problem State of West Bengal and enable the State to successfully meet the various problems facing it.

Sj. Deben Sen:

স্যার, আমার প্রস্তাবটির দুইটি অংশ। আমি প্রথমেই বলতে চাই পশ্চিমবাংলার প্রতি অবিচার করা হয়েছে। কেন্দ্রীয় কর বণ্টনের ব্যাপারে লোকসংখ্যার অনুপাতে ও ভিত্তিতে যে কেন্দ্রীয় কর বণ্টন করা হয়েছে তাতে বাংলা-সরকার ও পশ্চিমবাংলার প্রতি অবিচার করা হয়েছে। আমার প্রস্তাবের দ্বিতীয় অংশে আমি বলতে চাচ্ছি, এই অবিচারের বিরুদ্ধে পশ্চিমবাংলা-সরকারের সক্রিয় উপায় অবলম্বন করা উচিত। এখন আমি প্রস্তাবের প্রথম অংশই প্রথমে আলোচনা করব। প্রথমেই আমি বলতে চাই, যে অবিচারের কথা বলা হয়েছে সেই অবিচার দুইভাবে আমাদের উপর এসেছে। প্রথমেই হচ্ছে সংবিধানগত অবিচার—আমাদের কনস্টিটিউশনেই আমাদের প্রতি একটা অবিচার করা হয়েছে—সেই অবিচারটা হচ্ছে, প্রধানত কৃষি-সম্পদের উপর ট্যাক্স বসিয়ে এই রাজ্যের কার্য পরিচালনা করা। শিল্পসম্পদের উপর ট্যাক্স বসাবার দায়িত্ব বা অধিকার দেওয়া হয়েছে কেন্দ্রীয় সরকারকে। এই মূল অবিচারটা আমাদের কনস্টিটিউশনএ রয়েছে, এতে আমাদের বাংলার প্রতি বিশেষ অবিচার করা হয়েছে কেন না পশ্চিমবাংলা কৃষিসম্পদে খুবই দুর্বল, এবং কৃষিসম্পদ বাড়াবার কোন সুযোগ আমরা এই রাজ্যে দেখতে পাই না। আমাদের বাংলাদেশের শতকরা ৭০ ভাগ লোকেরও পাঁচ একর জমি নেই—তারচেয়েও কম। এবং যে জমি আছে সেই জমিকে উন্নত করে খুব দ্রুত রাজ্যের আয় বাড়ানোর সুযোগ বাংলাদেশে খুবই কম। আমি ফিগার দিচ্ছি—২ একরের কম জমি হচ্ছে ৩৪·৫ পার্সেন্ট লোকের এবং ২ থেকে ৩ একর কম হচ্ছে ১৫ পারসেন্ট অর্থাৎ শতকরা ৭০ ভাগের ৫ একরের কম জমি আছে এবং ৩০ পারসেন্টএর ৫ একরের উপর জমি আছে। সুতরাং কৃষিসম্পদের উপর ভিত্তি করে লোকের হাতে কোন অর্থই উদ্বৃত্ত হয় না, যার উপর আমরা ট্যাক্স বসাতে পারি, কিন্তু যেটা আমরা পারি সেটা হচ্ছে শিল্পসম্পদ যা বাংলাদেশে কনসেনট্রেটেড হয়েছে। সমগ্র ভারতবর্ষের মধ্যে কলকাতা সবচেয়ে বেশী ইন্ডাস্ট্রিয়ালাইজড। এখানে শ্রমিকের সংখ্যা বেশী, কলকারখানা বেশী। এবং এখানে বনসম্পদ প্রচুর উৎপন্ন হয় এবং তা ক্রম-বর্ধমানও বটে, অথচ এইসব জিনিষের উপর আমরা ট্যাক্স বসাতে পারি না। বস্তুতপক্ষে এই অবিচারের প্রতি পশ্চিমবংগ-সরকার বারে বারে দৃষ্টি আকর্ষণ করেছে। আমি দেখছি গত বাজেট স্পীচে অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে, কৃষিসম্পদ আমাদের যথেষ্ট নয়, অথচ তার উপর থেকেই এবং তার উপর কর বসিয়েই রাজ্যসরকারের রাজস্ব সংগ্রহ করতে হয়, একথাটা গত বাজেট স্পীচে আমাদের অর্থমন্ত্রী মহাশয় বলেছেন। এর চেয়ে শক্ত ভাষায় ফাইনান্স কমিশনএর সম্মুখে বাংলা গভর্নমেন্টের তরফ থেকে যে মেমোরেন্ডাম পেশ করা হয়েছে তাতে বলা হয়েছে—৯নং পৃষ্ঠায় বলা হয়েছে—

"West Bengal today enjoys the unenviable position of having great concentration of wealth but little power by which this wealth can be taxed for the benefit of the poorer people living in the midst of their wealth."

এ একটা এ্যানোম্যালি। দু'-একবার ট্র্যাজিডির কথা বলা হয়েছে অর্থমন্ত্রীর ভাষণে, তা আমাদের ভোগ করতে হচ্ছে। তা দূর করবার উপায় প্রতিকারের উপায়, সেটা দ্বিতীয়াংশে আমার প্রস্তাবে আসবে। এখন তার আলোচনা করব না।

[3-10—3-20 p.m.]

সুতরাং প্রথম হচ্ছে—সংবিধানগত ত্রুটী যা, তা দূর করা দরকার, দ্বিতীয় অর্থকমিশনের সুপারিশ মারফৎ বাংলা দেশের প্রতি অবিচার করা হয়েছে। কেবল প্রথম অর্থকমিশন বলি কেন? দ্বিতীয় অর্থকমিশনের আগে যে প্রথম অর্থকমিশন, তারও আগে দেশমুখ এ্যাওয়ার্ড, এইসব জায়গায়ই বাংলার যে দাবী, তার প্রতি অবিচার করা হয়েছে। এবং সেই অবিচারের সূত্রপাত হয় কেবল একটা প্রিন্সিপল নিয়ে; অর্থাৎ তাঁরা সকলে ঠিক করেন যে, কেন্দ্রীয় সরকারের হাতে যে ইনকাম ট্যাক্স আসবে অথবা আবগারী শুল্ক আসবে এবং জুট ডিউটি

আজকে, তা সবই বণ্টন হবে লোকসংখ্যার অনুপাতে। এ ছাড়া আর যে কোন ভিত্তি আছে তা তাঁরা মানতে চান নি এবং লোকসংখ্যার অনুপাতে তাঁরা সেটা বণ্টন করেন। এই জন্য বাংলার অংশে অত্যন্ত কম হয়ে যাচ্ছে এবং কিভাবে এই প্রিন্সিপল গ্রহণ করে যে ভুল হয়েছে আমি সে সম্বন্ধে প্রথমে বলতে চাই, এবং তার দরুন আমাদের কতখানি ক্ষতি হয়েছে সে সম্বন্ধে আপনার কাছে উপস্থিত করতে চাই।

প্রথমে আমি এই কথাটুকু বলে রাখতে চাই কেন্দ্রীয় সরকার এবং রাজ্যসরকারের ভেতর আমরা যে সমস্ত ট্যাক্স সেয়ার করি সে সম্বন্ধে একটা পরিষ্কার আইডিয়া থাকা দরকার। সেগুলি হচ্ছে, আয়কর, আবগারী কর, জুট এক্সপোর্ট ডিউটি। তা ছাড়া গ্র্যান্টস-ইন-এইডও আমরা পাই। তা ছাড়া লোন পাই এবং এইবার সেকন্ড অর্থকমিশন কতকগুলি নূতন বিষয় সংযুক্ত করেছেন, সেগুলিও আমরা সেয়ার করবো। সেটা হচ্ছে স্টেট ডিউটি, রেলওয়ে ফেয়ার, এবং আরো কতকগুলি এ্যাডিসনাল আবগারী শুল্ক বাবদ। সুতরাং এইসবগুলি কোন্ ভিত্তির উপর কত অংশে বণ্টন হবে, এটাকে নিয়েই আমাদের সমস্যা। বণ্টন করেন দু'টো অংশে। একটা অংশ হচ্ছে, কেন্দ্রীয় সরকার কি পাবে, রাজ্যসরকারই বা কি পাবে? দ্বিতীয় হচ্ছে রাজ্যগুলি নিজেদের মধ্যে কত পাবে? কেন্দ্রীয় সরকার কি পাবে বা রাজ্যসরকার কি পাবে তা নিয়ে ঝগড়া করছি না। আমরা কেন্দ্রীয় সরকারকে দিতে চাই। কেন না আমরা কেন্দ্রীয় সরকারকে শক্তিশালী করতে চাই, সুপ্রতিষ্ঠিত দেখতে চাই। এ নিয়ে ঝগড়া ততখানি নয়। আমাদের ঝগড়া হচ্ছে যে অংশ বিভিন্ন রাষ্ট্র সরকারের ভেতর বণ্টন হবে সেটা নিয়ে।

সুতরাং আপনি হিসেবগুলি এখন দেখুন। প্রথম যে অর্থকমিশন হয়েছিল তাঁরা বলছেন—না, এই বণ্টন লোকসংখ্যার অনুপাতে হবে না; বণ্টন হবে কত ইনকাম ট্যাক্স থেকে আমদানী হচ্ছে তার উপর ভিত্তি করে অর্থাৎ কালেকশনএর উপর ভিত্তি করে। সংবিধানের যে এ্যাট্রিবিউটেবিলিটি, সেই এ্যাট্রিবিউটেবিলিটি থাকবে, কালেকশনের উপর ভিত্তি করে আয়কর বা ইনকাম ট্যাক্স বণ্টন হবে। কিন্তু দ্বিতীয় অর্থকমিশন এসে সেই প্রথম অর্থকমিশন এই কথাগুলি যা বলেছিলেন তা মানেন নাই। প্রথম অর্থকমিশন বলেছেন যে কালেকশনের উপর ভিত্তি করে ইনকাম ট্যাক্স বা আয়কর বণ্টন হওয়া উচিত। কিন্তু তাঁরা কিছুক্ষণ পরে বলে দিয়েছেন না, তা হবে না। পপুলেসনএর উপর ভিত্তি করে এটা হবে। লোকসংখ্যার উপর ভিত্তি করে এটা হবে। তার ফল এই হয়েছে। ইনকাম ট্যাক্স প্রধানতঃ আমদানী হয় কলিকাতা এবং বাংলাদেশে এবং বোম্বে। কিন্তু সেই ইনকাম ট্যাক্সএর অংশ বাংলাদেশ খুব কম পাচ্ছে। বাংলাদেশকে নিমিয়ার এ্যাওয়ার্ডএ ২০ পারসেন্ট দেওয়া হয়েছিল তার ইনকাম ট্যাক্সএর। তারপর যখন দেশ বিভাগ হলো, সেই ২০ পারসেন্ট অকস্মাৎ কমিয়ে, সেন্ট্রাল গভর্নমেন্ট কারো সংগে পরামর্শ না করে, রাজ্যগুলির সংগে পরামর্শ না করে, একেবারে ১২ পারসেন্ট করে দিলেন। ইনকাম ট্যাক্স যেটুকু আমদানী হতো আনডিভাইডেড বেংগলে, পার্টিসন হবার পর সেই আমদানী বাড়লো না। সেটা যা ছিল তাই রয়ে গেল। তথাপি সেন্ট্রাল গভর্নমেন্ট পার্টিসানএর পরে আমাদের সেয়ারএর অংশ ২০ পারসেন্ট থেকে কমিয়ে ১২ পারসেন্ট করা হলো। কিন্তু বাংলাসরকার থেকে তার কোন প্রতিবাদ পর্যন্ত করা হয় নাই। তবে প্রেস থেকে এর প্রতিবাদ ধ্বনিত হয়। তার পরে কেন্দ্রীয় সরকার বলেন, আমরা একটা এক্সপার্ট বডি বসাচ্ছি, তাঁরা এর বিচার করে দিচ্ছেন। তারপর দেশমুখ এ্যাওয়ার্ড বসে। তাঁরাও কিছু করেন নি। তাঁদের উপর ভার ছিল তাঁরা সেটা ডি নোভো বিচার করবেন। কিন্তু তাই তাঁরা করলেন না, কেবল ১২ পারসেন্টএর জায়গায় ১২·৫ পারসেন্ট করে দিলেন। এবং যেটা বাড়তি হলো অর্থাৎ বাংলা যে ইনকাম ট্যাক্স আমদানী হতো তার যে একটা ফাল্তু অংশ রয়ে গেল, তা থেকে বাংলাদেশকে একটা অংশ দিলেন। দেশমুখ এ্যাওয়ার্ডএ আমরা ১২·৫ পারসেন্ট পেলাম, ২০ পারসেন্ট পেলাম না। তারপর প্রথম অর্থকমিশন ১৩·৫ পারসেন্ট থেকে কমিয়ে ১১·৫ পারসেন্ট করে দিলেন। আর দ্বিতীয় অর্থকমিশন এসে তার চেয়ে কমিয়ে ১০·৫ পারসেন্ট করে দিলেন।

Mr. Speaker: In the interest of all concerned, I would like to tell you something. You are delivering your speech in Bengali. I have no doubt that it is an excellent speech. But the speeches will have to be sent up to

get every thing translated. Therefore, I would request honourable members of this House to please say on this occasion whatever they can in English which would make the task simpler for my Assembly Secretariat. I will ask my Secretary to do something at an early date, otherwise it will take very long time.

Sj. Deben Sen: As I was saying, my resolution falls into two parts. The first part deals with the injustice that has been done to West Bengal. The second part deals with the ways that are to be adopted by the West Bengal Government to remedy that injustice. The different Commissions have all given us injustice in the matter of allocation of income-tax. We were first getting 20 per cent. of income-tax in Bengal. That was before the partition. That was given by Sir Otto Niemeyer Award. Then after partition I understand that the Central Government without consulting the West Bengal Government reduced that share to 12.5 per cent. The Bengal Government protested and submitted a memorandum to the Central Government. The Press also protested and the people in Bengal also protested and wisely. To that protest the Central Government replied that the case would be considered *de novo* and the charge was given to the then Finance Minister, Mr. Deshmukh. Now Mr. Deshmukh gave consideration to the matter *de novo* He mainly depended upon what the Central Government had already done and not only did he reduce the share from 12.5 per cent. to 12 per cent., but he added 1 per cent. which was an excess arising out of the share of the remaining portion of income-tax to the Bengal Government. As a result of the Deshmukh Award we got 13.5 per cent. After that, the matter went to the First Finance Commission. The First Finance Commission reduced it. The West Bengal Government fought for it without any result. People in Bengal also voiced their protest against that allocation. But they did not hear it and instead of hearing it they reduced the share from 13.5 per cent. to 11 per cent. and they gave to the reduction the defence which we should pause to consider. The argument is really the dispute as to what should be basis for division: whether it is the population or whether it is attributability of contribution or collection. These are the two aspects of the problem.

[3-20—3-30 p.m.]

Now, West Bengal Government, and not only West Bengal Government in all federal finance this has been the principle accepted that in case of allocation of tax,—I will read, Sir, from the Scientific Principles of Federal Finance where it is mentioned—that the unit or the yardstick for measurement of the derivation of shared taxes should vary according to the character of the tax that is to say whether it is an ability tax like the income-tax or consumption tax like the salt tax and also according to the conditon of the country, in regard to distribution of income and population. Thus population may provide an appropriate yardstick for measuring derivation in some cases, e.g., salt tax, while collection or residence may be the appropriate measure in other cases. Further, Sir, I find from the Report of Sir Walter Layton and the Parse Committee. They said "In the condition of India, population is no measure of derivation of income-tax and is not therefore acceptable as a basis of distribution of income-tax." These are the principles laid down by the highest authorities that at least in the matter of distribuhion of income-tax, population should not be the basis. But this was not followed by the Finance Commission. In the First Finance-Commission I find it mentioned this that the relevance of the factor of contribution in the distribution of a shared tax will be generally acknowledged. Therefore they accept that attributability of collection should be the basis for distribution. As they proceed they pose a question. The question posed is this "We consider that only a broad measure of need such as is

given in the respective population of the States is suitable for application in the distribution of the proceeds under shared tax." This is a poser which they introduced and having introduced that poser they finally came to the conclusion which is really abandonment of the original acceptance of the principle and they said that for the purpose of allocation of national income-tax population should not be considered as a basis. This is the position of the First Finance Commission. The Second Finance Commission has gone even a little bit further. The Second Finance Commission says "while as pointed out by my predecessors there may be a case for weightage being given to collection in the restricted field of personal income-tax, we have come to the conclusion that taking all factors into account collection should be completely abandoned." This is the finding of the Second Commission. It has I think gone even beyond the First Finance Commission and it says that collection should be completely abandoned in favour of population as the basis of distribution. This is the position of the Second Finance Commission and as a result of that our share has gone down. This is not with regard to income-tax alone. This difficulty in accepting the principle for allocation has come even with regard to the next item, I say, the excise duties. You know, Sir, income-tax is not now expanding. The thing that is expanding is this. And therefore if we can get a greater share from the excise duty our financial position will be to some extent protected. But what is the position with regard to excise duty. Here also the question arose what should be the basis—whether consumption or population. The principle adopted by the Second Finance Commission is population. It appears to be fantastic to us. For instance let me give an example. If the consumption of 5 persons be one rupee and the consumption of one person be Rs. 100 yet according to this principle because their number is five they should get more share of that sales-tax than the man who was purchasing worth Rs. 100. This is an anomaly which the acceptance of that principle has led to. But they have not paid any heed to it. And after having taken this basis into consideration they have done another great injustice. Originally the share of excise duty vis-a-vis the Union Government and the State Governments was 40 per cent. The State Governments were entitled to get 40 per cent. of the excise duties but now as a result of the recommendation of the Second Finance Commission that share of the States has been reduced to 25 per cent. Of course the second Commission has tried to make some amendments to this. They have added certain other items within the fold of excise duty. Originally there was excise duty upon match, tobacco, and vegetable products. Now they have introduced certain new items also namely tea, coffee, sugar, paper, vegetable, non-essential oils and there it is said that although they have reduced the share from 40 per cent. to 25 per cent., this additional new factor will compensate the States. These are not done. So the first injustice is with regard to allocation vis-a-vis Union and States; the second injustice is with regard to distribution between the States and that distribution basis is not consumption, but again the population. Here also with regard to excise duty, Bengal has fared very badly and injustice has been done to her.

The third item that I will now take up for consideration is export duty With regard to this export duty the story is also gloomy as in other cases. Sir Otto Niemeyer gave us a share of 62½ per cent. of jute duty collected. After partition, this percentage was abondoned and the Central Government gave us an *ad hoc* grant. Again this matter came up before Mr. Deshmukh but we did not get any relief. It came before the First Finance Commission, we did not get any relief. From the Second Finance Commission also we have not got any relief and our share now stands at Rs. 1 crore 50 lakhs. In this connection I would like to give one figure, Sir. In the year 1949-50 the total collection from jute export duty was Rs. 9 crores 86 lakhs and

our share of 62½ per cent. would have been Rs. 6 crores 5 lakhs. Now *because of the abandonment of that percentage we are now getting only* Rs. 1 crore 52 lakhs. With regard to export duty here also our position is this. Although there has been a geographical partition, the export duty that we were getting before partition, we are getting even now.

[3-30—3-40 p.m.]

অথচ কলিকাতা বন্দর, শিল্প অঞ্চল, খনিজ ভূমি, উত্তরবঙ্গের সংযোগ ব্যবস্থা, সমস্ত কিছু বিবেচনা করলে দেখা যায়—সবচেয়ে বেশি ট্রাফিকের চাপ এখানেই। আর রেলপথের যা কুফল, রেলপথের জন্য বাংলাদেশে বন্যা হয়, জলনিকাশের রাস্তা বন্ধ হয়। এও বাংলাদেশের পক্ষে খুবই একটা অসুবিধা। কাজেই ফাইন্যান্স কমিশন সেই সব বিষেয়ে বিশেষ কোন বিবেচনা করেন না। এদিক থেকে বিচার করলে পশ্চিমবঙ্গের ভাগের বরাদ্দ অর্থ বৃদ্ধি করা উচিত ছিল। কমিশন উদ্বাস্তু পুনর্বাসন সমস্যা ও ঘাটতি বাজেট সম্বন্ধে বিবেচনা করেছেন। কিন্তু সেই সব বিষয়ে কোন প্রতিকারের ব্যবস্থা করেন না। কাজেই এদিক থেকে বাংলাদেশের উপর যে অন্যায় হয়েছে, যে অবিচার হয়েছে, সেটা কমিশনের পর কমিশন বরাবরই ক'রে যাচ্ছেন। এ বিষয়ে, বাংলাদেশকে মাথা তুলে জোর ক'রে নিশ্চয়ই দাঁড়াতে হবে। কারণ বাংলায় যেসমস্ত সমস্যা, সেই সমস্ত সমস্যার সমাধান করা সম্ভব হবে না, ঘাটতি বাজেটও পূরণ করা সম্ভব হবে না, যদি আমাদের ন্যায্য পাওনা আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আদায় করতে না পারি।

কাজেই সে বিষয়ে আমাদের প্রতিবাদ নিশ্চয়ই জানাতে হবে এবং প্রতিকারের জন্য দেবেনবাবু যে প্রস্তাব উপস্থিত করেছেন, সেই প্রস্তাবকে যাতে আমরা সকলে কার্যকরী করে তুলতে পারি—তার জন্য আমাদের একযোগে অপোজিশন ও গভর্নমেন্টকে একযোগে তার জন্য কাজ করতে হবে। জয় হিন্দ!!

Mr. Speaker: The House stands adjourned till quarter past five.

[At this stage the House was adjourned till 5-15 p.m.]

[*After adjournment*]

[5-15—5-25 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I have seen the resolution that has been placed before the House as well as the amendment. In the first place, I want to draw the attention of the House to the fact that we had circulated a Memorandum on the case of the Government of West Bengal to the Finance Commission, 1956—this was circulated to every member of the House. I wish that my friends had read that because it gives you more than I could put in my budget speech as regards the basis of distribution of federal finance. For example, at page 16 of that Memorandum, we say "The first principle of federal finance is distribution of finance in relation to functions The Finance Commission was set up by the Constitution as an instrument of federal finance to see that such distribution of finance in relation to functions takes place regularly at intervals of not more than five years. But as a result of the recommendations of the last Finance Commission, the State Government has too many functions with too little money; while the Union Government has a large surplus after discharging its functions entrusted to it by the Constitution and it uses the surplus either in making a direct excursion into State fields or in interfering in execution of State schemes, thereby introducing diarchy and consequential deadlocks in the State subjects". We also said that the responsibility of the Centre was with regard to Defence, External Affairs and servicing of the National Debt and also Railways and Posts and Telegraphs which usually pay their own way and often make a contribution to the Union revenue. Under the Constitution, certain technical education is the responsibility of the Centre and educational research is also the responsibility of the Centre.

What we had pleaded before the Finance Commission was that, it was difficult to appreciate the method of distribution of federal finance on an *ad hoc* basis. When we opposed the criterion of population, we simply

said that population alone cannot be the criterion for distribution of federal finance. As you all know, this distribution of income-tax took place at a time when it was found that some of the States which had got large land revenue—and whose control lay with the States—were in a much better position than those States which have got small land revenue but a large industrial revenue. Take for instance U.P. It has got revenue from the land of about 20 crores; it has also got a very large population. Therefore, they benefit twice over. About the attributability of income-tax in my Budget speech, I simply said that if attributability of income-tax revenue is ignored as completely as the Finance Commission has done the imbalance cannot be corrected but is further accentuated. The imbalance consists of the places of the industrial provinces and the agricultural provinces just as I have mentioned. The Finance Commission is concerned with the revenue resources and revenue expenditure of the State Governments. Capital expenditure and capital resources are outside its scope. Within this limited scope, the Finance Commission has tried to be complementary to the Planning Commission. The Planning Commission made estimates of—

(a) the existing resources of each State;

(b) its committed expenditure;

(c) the expenditure necessary for the Second Five-Year Plan; and

(d) the additional resources to be raised by it for meeting such expenditure.

Of these four estimates the Finance Commission accepted two, viz., the Planning Commission's estimates of the revenue expenditure on the plan and the resources which it had been estimated would be raised by the States by additional taxation. Regarding the other two estimates of the Planning Commission, viz., the existing resources of each State and its committed expenditure, the Finance Commission found that the estimates framed by the Planning Commission had become unrealistic for various reasons. The remark made on page 12 is that they "attempted to take a realistic view of the revenue and expenditure during the period covered by our recommendations". The Finance Commission have said that in this way, they made for each State an estimate of the gap between its revenue receipts and revenue expenditure in its normal budget, that is to say, all items except the Second Plan but including the recurring commitments on account of the performance of the First Five-Year Plan Schemes. The Finance Commission have not, however, said what their estimate of the gap was or in what respect it is different from the estimate of the Planning Commission which they found to be unrealistic. In the case of West Bengal, the Planning Commission had estimated this gap to be 1·7 crores per year. Actually it turned out to be nearly 7·8 per year. The approach of the Finance Commission was this. They found out that the State of West Bengal had a plan of 154 crores for the Second Five-Year Plan. They found out that 53 crores had been estimated to be the revenue expenditure out of the 154 crores with which the Finance Commission is concerned, the balance being capital expenditure which is outside the scope of the Finance Commission. The Finance Commission then went on to say that they have added together the revenue gap in the normal budget and the revenue gap in the Second Five-Year Plan and they say that in their scheme of devolution, they have sought to close the gap for each State as nearly as possible and they feel that the fourteen States should be able to balance their revenue budget.

[5-25—5-35 p.m.]

The Finance Commission have estimated our revenue gap in the Second Five-Year Plan to be 13 crores because they thought that 53 crores should be the total revenue expenditure for the Second Five-Year Plan in West Bengal, the Government of India should give us 25 crores and 15 crores additional revenue to be raised by West Bengal, and therefore there should be a gap of 13 crores. The Finance Commission felt that the revenue to be raised by the State and the specific grants to be made by the Union during our five-year period would be of the same order and on the same pattern as the Second Five-Year Plan. But the Commission stated that in determining the gap of the normal budget they have made the following assumptions. No provision was made for payment from the revenue towards the capital cost of the abolition of zemindary. Interest on the capital cost, however, has been stated to be a legitimate charge on the revenue. No provision has been made for the amortisation of debt from revenue. It was assumed that the revenue derived by each State from the tax on railway fare would be adequate for the purpose of meeting the interest charges on the capital to be borrowed by the State during the Second Five-Year Plan and hence interest charges on these loans have not been included in the expenditure side, nor have the receipts from the tax on railway fares been included on the receipt side. The Commission assumed that the revenue accruing to the State out of receipts of the Estate Duty should be sufficient to meet the committed expenditure of the State on account of the post-intensive community development and national extension service schemes during the period to be covered by the recommendation. Hence also there is no provision for committed expenditure or of receipt on account of these two aforesaid items. The Commission make no provision for emergency expenditure on food nor for any probable receipt on account of food subsidy which was received in the past from Central Government. The Commission pointed out that this was a matter of policy which it was not possible to forecast and was bound to change from time to time. For border police, the Commission had taken into account our existing level of expenditure in their estimate of committed expenditure on this item. The Commission however have said that if in future its strength has to be improved or it has to be strengthened, an *ad hoc* assistance should be given. The Commission also have assumed that the Central Government will not place additional burden on the State finance through matching grants outside the plan. The Commission have in the case of West Bengal assumed an annual appropriation of 80 lakhs only for the relief of flood and famine which has been pointed out to them, so many times. As already pointed out, the Commission have assumed that the Central assistance provided for in the Second Five-Year Plan would be made available in addition to whatever devolution, they have recommended and the State Government would raise the resources expected of it in the Five-Year Plan. In view of this, the Commission have made grants-in-aid conditional. The Finance Commission had in their own language proceeded as follows:—

> "In our scheme of devolution, we have sought to provide for both the committed needs of the States and their needs for implementing the Five-Year Plan, to the extent to which the expenditure has to be met from revenue. We have, as far as possible, tried to meet the requirements of the States by giving them shares of taxes. For most of them, however, this devolution, on a basis common for all the States, falls short of their total needs and we have tried to make good the deficiency by grants-in-aid."

Sir, in our pleading before the Finance Commission, we made it clear that whatever we could get out of the Federal resources of the State should be given to us through arrangement with the Federal Government and not given us as dole from the Centre.

There are occasions in West Bengal, when under income-tax, Union Excise duties and grants-in-aid in lieu of jute duty, the position is extremely unsatisfactory. Sir, many members have raised this issue of distribution of income-tax on the basis of population. I will only read out, although I may say at once that I entirely disagree with the findings of the Commission. They said that income-tax is paid by the infinitesimal portion of the population and the bulk of the tax arises out of the business income which in the context of the economic integration of the country and the disapperance of the barriers of trade and commerce is derived from the country as a whole. Therefore while we can give some weightage to collection and the restrictive field of personal income-tax, we have come to the conclusion that, taking all the factors into account, collection should be completely abandoned in favour of population as the basis of distribution. That is the decision, we have arrived at. We pointed out that distribution should be on the basis of function. If one State has performed this function with reference to the people of the State, that State should get such help out of the federal resources. That will mean no difficulty so far as performing their functions are concerned. We also want to tell them that our population which was 25·1 millions in the census of 1951 have now increased by nearly 3 millions and even upon that basis, they should give us more because of the increase in the population. They felt that this casual factor of birth and death, inter-State migration, etc., should not be taken into calculation in coming to a distribution. But they said they would give to West Bengal in view of the difficulties of West Bengal arising out of the influx of refugees, an extra amount under article 275 of the Constitution. Though the divisible pool of income-tax of the states has been increased from 57 per cent. to 60 per cent, the share of income-tax has been reduced from 10·8 per cent. to 10·08 per cent. and the aggregate admissible under this head goes down to 35 lakhs. In case of Union excise duties, the basis of distribution is population. The previous Finance Commission was doubtful about the correctness of this basis and they recommended that consumption data should be collected for consideration by the next Commission. But the consumption data were not collected. Therefore, if the present Commission draws upon population for grant-in-aid in lieu of jute duty, the result will be same as before. But one point, I want to make clear and that is the amount we get, one lakh and 50 thousand rupees of jute duty which is irrespective of the fact whether the Centre made the collection data or not. As you know, the data have been omitted during the last two years or so and the export also has been limited and yet this money in lieu of jute tax is being given to us according to our arrangement with the Government of India.

[5-35—5-45 p.m.]

[n our estimate, says the Finance Commission, in our scheme of devolution, we have sought to provide for both the committed needs of the States and the needs for implementing the Five-Year Plan to the extent to which the amount will be met from the revenue. We have had, as far as possible, tried to meet the requirements of the States by giving them shares of taxes. For most of them, however this devolution falls short of

the total. The total amount, the Commission found, admissible under the formula was quite inadequate to the needs of West Bengal. West Bengal is still in a difficult position, says the Finance Commission. Its economy and administration are being strained by the influx of refugees. On this ground they recommend a grant of Rs. 3·25 crores per year for West Bengal. When the amount given in lieu of jute tax, 1·5 is stopped as it should be from 1960-61, the amount of special grant of 3·25 will be increased to 4·75. According to the Commission, the estimate of the total amount admissible to West Bengal under their recommendation would be 14·26 crores per year. Under the Award of the last Finance Commission, we were receiving Rs. 11 crores. So the net gain to West Bengal is 3·26 crores. So also the receipts under the State duty and taxes on railway fare are ear-marked for the computation of the Commission for specific purposes, but this sum of Rs. 3·26 crores is thoroughly inadequate to meet the committed needs of the State and their needs for implementing the Five-Year Plan. Our committed needs are of the order of 7·8 crores per year and our need for implementing the Five-Year Plan is estimated by the Commission as Rs. 13 crores 5 lakhs or 2·6 crores per year. Therefore whereas our requirements for balancing the budget and financing the Plan are of the order of Rs. 10 crores per year, we have received Rs. 3·26 crores per year.

In the case of proceeds from State Duty, the Commission has recommended that the proceeds attributable to immovable property should be divided in the ratio of the gross value of the immovable property located in each State and that the proceeds attributable to other property should be distributed on the basis of population. The special relevancy of population in the matter of property other than immovable property is not very clear. The tax on railway fare is a new Central tax, the receipts of which are, under the Constitution to be distributed among the States. The Commission has suggested that the receipt should be distributed on the basis of railway road mileage in the States. The basis is not only most unfavourable and inconceivable for West Bengal but is also irrelevant in that context. A mile of railway does not bear the same traffic everywhere and does not produce the same tax everywhere. This is unfair. The Commission has suggested for future consideration that statistics be taken of the traffic which should be collected but it is not known whether this recommendation will bring better fate than the last Finance Commission's recommendation, namely, collection of consumption statistics for consideration in connection with the distribution of proceeds of the excise tax.

Then comes a very important question. The Commission has recommended modification in the terms and conditions of the loans which the State Government owes to the Central Government. This Government pointed out to the Commission that while public loans to the Government of India are increasing, their interest charges are not at all increasing but rather are going down thereby indicating that the Central Government were charging a much higher rate of interest to the State Government than they do pay themselves. The Commission has suggested that the Central Government should charge only two rates to the State Government, i.e, 3 per cent. and 2½ per cent. How this can be calculated has not been stated. It cannot be stated now, how much benefit this will bring to the State. The rough calculation that I have made with regard to this State shows that if the recommendation of the Finance Commission with regard to the payment of the principal and the interest as recommended by the Commission is followed there would be a

saving of Rs. 54 lakhs in 1957-58 and Rs. 69 lakhs in 1958-59 in interest and in capital Rs. 2 crores 80 lakhs and 3 crores 66 lakhs which means that in the year 1958-59, we would have Rs. 4 crores in our hand for development purposes and for the purposes of the Second Five Year Plan.. But the Government of India having at first agreed to accepting this finding, subsequently have withdrawn from it. I have already written a strong note to the Government of India on this issue. If we had this Rs. 4 crores in 1958-59, we would have no deficit at all so far as this State is concerned.

In the matter of loans granted to the refugees, the Commission has agreed with our contention that this was a central responsibility. The loss on these loans should be borne by the Central Government. The State Government has sent a note that the Commission has accepted the point of view of the State Government.

With regard to the Central Excise Duty on textile, tobacco and sugar, our estimate was 390 and their estimate was 280. We pointed out then that in our calculation, we need not take into account inter-State Sales Tax which other states were levying but we were not. Therefore, we should get credit for that. But the Finance Commission did not agree. In the National Development Council which practically considers all these very important points, we had proceeded on a mixed basis of population and consumption. But it seems that the Finance Commission did not agree to accept that finding. With regard to what should be done, we have made our protest. We have all put our cards on the table. No member of the Assembly can say that he did not know what steps we had taken and what position we had taken in the Finance Commission. We have also made repeated references to the paradox in this State where in the midst of plenty we are living in penury. Sir, we have done as far as possible under the Constitution to make a protest against inequity. Shri Deben Sen has quoted Article 270 of the Constitution and he said that the proceeds shall not form part of the Consolidated Fund of India but shall be assigned to the States. But he did not proceed further in the paragraph. If he had done so he would have seen it stated there "shall be distributed among those States in such manner and from such time as may be prescribed." Sir, the word "prescribed" is defined in sub-clause (4), namely, after the Finance Commission has been constituted, prescribed by the President by order, after considering the recommendations of the Finance Commission.

[5-45—5-55 p.m.]

Therefore, the position seems to be clear. Article 280 says that the President after the expiration of every fifth year or at such earlier time as the President considers necessary, by order constitute a Finance Commission which shall consist of a Chairman, etc., etc. The Commission shall determine their procedure and shall have such powers in the performance of their functions. The function is the distribution between the Union and the States of the net proceeds of the taxes which are to be or may be divided between them under this chapter and the allocation between the States of the respective shares of such proceeds, the principle which govern the grants-in-aid of the revenues of the States out of the Consolidated Fund of India. Article 281 says—The President shall cause every recommendation made by the Finance Commission under the provisions of this Constitution together with an explanatory memorandum as to the action thereon to be laid before each House of Parliament. Actually, the

position is that the President, after considering the report of the Finance Commission directs the distribution of the proceeds of the federal tax in a particular manner. The prescription has been done by the President in particular cases. The original motion consists of two parts—one part is to express our disapproval with regard to injustice, etc. that has been done. There is no dispute with regard to that. There is one amendment by Sj. Jyoti Basu that the representatives of all parties in the Assembly should meet the representative of the Union Government for purposes enumerated in Resolution II and the other amendment is given by Sj. Jagannath Kolay. The amendment says that in view of the financial difficulties of West Bengal the Government of West Bengal approach the Government of India to request the President to constitute under Article 280 of the Constitution a Finance Commission as early as possible to reconsider the decision of the Second Finance Commission. We felt that perhaps this would be a more constitutional procedure than members of all parties going there and simply discussing the matter with certain members of the Central Government. But here is a directive given by the Assembly under the Constitution to reconsider the matter in the proper manner. At the present moment we are getting 3.26 crores more than we were getting. Our needs are something like 6 or 7 crores more. But it is possible that another Finance Commission may consist of such persons that we may get less than we are getting today. That is the risk. But even so, whether the Government or the President will agree to form the Finance Commission—I do not know. But I feel that it is better that we should approach the Government of India and request the President to form another Finance Commission. This will exhibit or show to the Central Government as well as to the President the disapproval of the method in which the Finance Commission has dealt with our finance. Therefore, I support the amendment of Sj. Jagannath Kolay and I oppose the other, because this gives you a more realistic picture than the other. With regard to the first part of the amendments I would suggest that if you kindly put the two portions separately, there need be no division on one.

Sj. Deben Sen: Sir, I have not much to say in reply. I find there is a large measure of unanimity so far as the first portion is concerned, that is to say, both sides of the House agree that a great injustice has been done to West Bengal in the matter of allocation of Central taxes. The only difference that emerges is with regard to the operative portion. Sir, there are reasons for this difference of opinion on the operative portion. For instance, we have sent similar unanimous resolutions on two or three occasions but with no tangible result. Even with regard to this amendment moved by Shri Jagannath Kolay, the Chief Whip of Congress, we do not know what will be the outcome of this unanimous resolution. We are pained to hear from the Chief Minister himself that there is danger of another Finance Commission being set up for it may give us less than we are getting now. But that is no argument against our resolution. But Sir, the matter is very grave. Now, speaking on behalf of my party, I feel that as far as possible a unanimous resolution might perhaps help West Bengal. I therefore lend my support to the amendment that has been moved by the Chief Whip of the Congress.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I only say that so far as I am concerned with all my strength I shall see that justice is done to Bengal—the injustice that has been done I shall try to get rectified. But after all I am only one out of many. I may say here that I propose to raise this issue at the next meeting of the National Development Council where all

the Chief Ministers would be present and where the Central Finance Minister is also likely to be present and there this matter will be discussed in detail.

Sj. Sunil Das: Will the Chief Minister please communicate to us the result of the discussion he proposes to have in the National Development Council?

Mr. Speaker: He says he would.

[5-55—6-5 p.m.]

The motion of Sj. Jyoti Basu that the following be added at the end of the resolution, viz.,—

"(iii) that the Finance Minister of West Bengal along with the representatives of all the Parties in this Assembly should meet the representatives of the Union Government for the purposes enumerated in (ii)."

was then put and lost.

The motion of Sj. Jagannath Kolay that paragraph (ii) be substituted by the following:—

"(ii) that in view of the financial difficulties of West Bengal, the Government of West Bengal approach the Government of India to request the President to constitute under Article 280 of the Constitution a Finance Commission as early as possible to reconsider the decision of the Second Finance Commission."

was then put and agreed to.

The motion of Sj. Deben Sen, as amended, that this Assembly is of opinion:—

(i) that great injustice has been done to the State of West Bengal by the decision to allocate the share in the Central Taxes on the basis of population in consequence of which not only the State will be deprived of its legitimate claim upon the share in the Central Taxes but there will be further reduction in the share hitherto enjoyed by the State in those taxes, and

(ii) that in view of the financial difficulties of West Bengal, the Government of West Bengal approach the Government of India to request the President to constitute under Article 280 of the Constitution a Finance Commission as early as possible to reconsider the decision of the Second Finance Commission,

was then put and agreed to.

Mr. Speaker: I take it that the main motion, as amended, is passed unanimously.

Sj. Jyoti Basu:

স্পীকার মহোদয়, এতগুলি যে অ্যামেন্ডমেন্ট আছে, তার প্রত্যেকটার কি হবে? যদি কেউ ডিভিসন ডাকেন, তা হ'লে কোন্‌টা আগে আসবে, ও কোন্‌টা পরে আসবে? এইগুলো কখন, কবে পাঠান হবে, তার একটা ডাইরেকশন দেওয়া উচিত ছিল।

Mr. Speaker: What I am thinking of is this. The Chief Minister has just now informed the House that he is shortly going to attend a meeting of the National Development Council where he expects other Chief Ministers also to be present. I am giving instructions to the Secretary to employ, if necessary, a larger number of persons so that everything is ready and sent up to the Chief Minister before he leaves for Delhi.

Sj. Narendra Nath Sen: Sir, I beg to move that this Assembly is of opinion that better facilities should be provided for the economic rehabilitation of the political sufferers by increased pensions and other economic assistance and that the Government should take early steps to revise their policy with regard to granting of political pensions to the political sufferers, to provide all possible economic assistance to them for their rehabilitation in life and also to utilise for this purpose the services of those political sufferers or their dependants who are physically fit in the various development projects undertaken by the Government.

স্যার, আমার এই প্রস্তাবটি তিন ভাগে বিভক্ত করা হয়েছে। প্রথমটি হচ্ছে—পলিটিক্যাল সাফারারদের যে পেন্সন দেওয়া হয়েছে, সে সম্বন্ধে। তাদের ইকনমিক রিহ্যাবিলিটেশনএর জন্য যে যে ক্ষেত্রে পেনসনএর পরিমাণ অপ্রচুর, এবং দেখা যায় যে, বেশির ভাগ ক্ষেত্রেই এইগুলি খুব অপ্রচুর, এইসব ক্ষেত্রে পেনসনএর পরিমাণ বাড়িয়ে দেওয়া হোক এবং এইজন্য গভর্নমেন্টের পেনসন দেবার যে পলিসি সেটা রিভাইজ করা হোক।

আমার প্রস্তাবের দ্বিতীয় অংশ হচ্ছে—পলিটিক্যাল সাফারারদের ছেলেমেয়েদের সরকারী চাকরি বা অন্য উপায়ে জীবিকা উপার্জনের পক্ষে উপযুক্ত সাহায্য দেওয়া হোক। প্রস্তাবের তৃতীয় অংশ হচ্ছে এই:—যেসমস্ত পলিটিক্যাল সাফারার শারীরিক কার্যক্ষম আছে এবং যারা সরকারের প্ল্যানগুলি কার্যে পরিণত করতে সম্মত আছেন, তাঁদের এই সমস্ত প্রোজেক্টএর মধ্যে নিযুক্ত করা হোক।

স্যার, ১৯০৫ সালে লর্ড কার্জন যখন বাংলার দেশপ্রেমকে ধ্বংস করবার জন্য, বাংলাকে দ্বিখণ্ডিত করেছিলেন, তখন সুরেন্দ্রনাথ ব্যানার্জি, অশ্বিনী দত্ত, বিপিনচন্দ্র পাল প্রভৃতি নেতাদের নেতৃত্বে তার বিরুদ্ধে এক তুমুল আন্দোলন গড়ে উঠেছিল, যার ফলে আমলাতান্ত্রিক বৃটিশ গভর্নমেন্ট বাধ্য হয়েছিল দ্বিখণ্ডিত বাংলাকে আবার এক ক'রে দিতে, তখন বাংলার কতিপয় যুবক স্বপ্ন দেখেছিল স্বাধীনতার। তারা দেশকে মুক্ত করবার জন্য, দেশকে স্বাধীন করবার জন্য স্বপ্ন দেখেছিল। তাদের এই স্বপ্ন প্রতিফলিত হয়েছিল, রূপ নিয়েছিল একটা বৈপ্লবিক আন্দোলনের মধ্যে, শ্রীঅরবিন্দ প্রভৃতি নেতাদের নেতৃত্বে। তখন বাংলার বুকে জ্বলে উঠেছিল এক প্রচণ্ড আগুন, এবং বাংলার কতিপয় যুবক ও কিশোর ঝাঁপিয়ে পড়েছিল এই আগুনে, দেশকে স্বাধীন করবার জন্য। তারা তাদের সমস্ত জীবন পণ ক'রে এগিয়ে এসেছিল দেশকে মুক্ত ও স্বাধীন করবার জন্য। তারা নিজেদের ভবিষ্যৎ সম্বন্ধে চিন্তা করে নি, তারা ফিরে তাকায় নি তাদের পিতা-মাতা, স্ত্রী-পুত্রের দিকে বা তাদের সংসারের দিকে; তাদের একমাত্র কাম্য ছিল দেশকে স্বাধীন করা, মুক্ত করা। এই আকাঙ্খা নিয়েই সমস্ত বাংলায় জেগে উঠেছিল এক বিরাট বৈপ্লবিক আন্দোলন, যার স্বরূপ আমরা দেখতে পেয়েছিলাম মজঃফরপুরে বাঙ্গালী বালক ক্ষুদিরাম বোস বোমার মামলায় ধৃত হয়ে হাসতে হাসতে ফাঁসিকাষ্ঠে তার আত্মদানে, যে ফাঁসির গান আজও বাংলার গৃহে গৃহে গীত হয়ে থাকে; যে মৃত্যুর গৌরবে গৌরবান্বিত বাংলা বঙ্গজননীকে অভিনন্দন জানাল এই ব'লে—

"ক্ষুদিরাম বসু হাসিতে হাসিতে
ফাঁসিতে করিল জীবন শেষ।
তুই তো না মাগো তাদের জননী,
তুই তো না মাগো তাদের দেশ॥"

[6-5—6-15 p.m.]

আমরা বাংলার যুবকদের সেই সংকল্প দেখেছিলাম প্রফুল্ল চাকী, সতোন দত্ত প্রভৃতি শহীদদের অপূর্ব আত্মদানে; আমরা দেখেছিলাম উড়িষ্যার উপকণ্ঠে সুবর্ণরেখার তীরে বাংলার শহীদ যতীন মুখার্জির ইংরাজ সৈন্যের সঙ্গে যুদ্ধ করতে করতে তার সহচরদের নিয়ে মৃত্যুবরণ এবং মৃত্যুর পূর্বে স্যার চার্লস টেগার্টকে সম্বোধন ক'রে তাঁর দৃপ্ত ঘোষণা—
"Tell my countrymen that Jatin Mukherjee died to vindicate the honour of his country."

পরবর্তীকালে আমরা তার রূপ দেখেছিলাম চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনকালে প্রীতিলতা ওয়ার্দেদার ও মাস্টারমহাশয়ের জীবনদানে। এইরূপে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে বাংলার কত যুবক যে আত্মদান করেছে অথবা বৎসরের পর বৎসর কারাদণ্ড ভোগ করেছে, যাবজ্জীবন দ্বীপান্তরের নির্যাতন ভোগ করেছে, তার ইয়ত্তা নেই। তাদের দেশপ্রেম শুধু বাংলার যুকেই দেশপ্রেম এনেছিল তা নয়, সমস্ত ভারতবর্ষকে তারা দিয়েছিল এমন প্রেরণা যার ফলে পরবর্তী যুগে মহাত্মা গান্ধীর নেতৃত্বে যখন স্বাধীনতা সংগ্রাম শুরু হয়েছিল তখন হাজার হাজার যুবক তাদের নিজেদের সমস্ত ভবিষ্যৎ ছেড়ে দিয়ে, নিজেদের চাকরির ভবিষ্যৎ ছেড়ে দিয়ে, পিতা-মাতার প্রতি দৃষ্টি না দিয়ে, সংসারের প্রতি দৃষ্টি না দিয়ে তারা ঝাঁপিয়ে পড়েছিল সেই আন্দোলনে। এমনি ক'রে বাংলার যুবকেরা তাদের কর্তব্য পালন করেছে। স্যার, এদের অনেকেরই আর বিদ্যালয়ে ফিরে যাবার সুযোগ হয় নি, ব্রিটিশ শাসকদের কৃপায় তাদের অনেকের জীবন অবসান হয়েছে, কিন্তু যারা বেঁচে আছে আজ তাদের দুর্দশার সীমা নেই। তারা অনেকে বার্ধক্যে উপনীত, তাদেরও দুর্দশার অবধি নেই। পুত্রকন্যার শিক্ষা, কন্যার বিবাহ, ও নিজেদের গ্রাসাচ্ছাদন, এই সমস্ত সমস্যা দুরূহ হয়ে দাঁড়িয়েছে। যারা মৃত তাদের পুত্র-কন্যার দুঃখের আজ আর অন্ত নেই। আজ তাদের কথা—স্বাধীনতার পর তাদের কথা আজ আমাদের সকলেরই চিন্তা করা প্রয়োজন। অবশ্য সেইসব দেশপ্রেমিক ভবিষ্যতে কোন পুরস্কারের আশা ক'রে দেশসেবক হন নি; একটা সংকল্প নিয়ে—দেশকে স্বাধীন করবার স্বপ্ন নিয়ে এবং সেই স্বপ্নকে সার্থক করবার জন্য তারা জীবন পণ, সর্বস্ব পণ ক'রে এগিয়ে গিয়েছিল এবং সমস্ত দুঃখকষ্ট বরণ ক'রে নিয়েছিল কিন্তু আজ স্বাধীন ভারতে আমাদের জাতি এবং জাতীয় সরকারের কাছে তাদের ভরণপোষণ এবং রক্ষণাবেক্ষণের যথেষ্ট দায়িত্ব রয়েছে—এই কথা যেন আমরা ভুলে না যাই। স্যার, এই সব শহীদদের সহকর্মীর মধ্যে কেউ কেউ গভর্নমেন্ট পরিচালনার দায়িত্ব গ্রহণ করেছেন। কাজেই তাঁদের কাছে আমার নিবেদন তাঁরা যেন তাঁদের এই সহকর্মীদের কথা একটু বিশেষ উদারতার সংগে চিন্তা করেন।

আমার যতদূর মনে হয় ১৯৪৮ সালে পশ্চিমবঙ্গ সরকার এইসব নির্যাতীত রাজনৈতিক কর্মীদের সাহায্য দেবার জন্য পেনসনের ব্যবস্থা করেছিলেন। তখনকার ফাইন্যান্স মিনিস্টার নলিনীরঞ্জন সরকার এই জন্য একটা বৈঠক আহ্বান ক'রে আমাদের কাছে তাঁর স্কীম পেশ করেছিলেন এবং তাঁরই মাধ্যমে গভর্নমেন্টের এই পরিকল্পনা প্রকাশ পেয়েছিল। আমরা আশা করেছিলাম, যদিও এই স্কীমএর মধ্যে কতকগুলি শর্ত নিবন্ধ ছিল তবু আমরা আশা করেছিলাম যে, ক্রমে ক্রমে ইহা প্রসারলাভ করে, এই যে বাংলার নির্যাতীত রাজনৈতিক কর্মীরা রয়েছে তাদের কোন সুব্যবস্থা হবে—তারা অন্তত যতদিন বেঁচে আছে ততদিন তাদের খাওয়া-পরার চিন্তা থাকবে না। গভর্নমেন্ট যে কয়টা শর্ত দিয়েছিলেন তার মধ্যে একটা শর্ত ছিল যে, পেনসনের জন্য যারা দরখাস্ত করবে তাদের অন্তত ৫ বৎসরকাল কারাদণ্ড ভোগ হওয়া চাই এবং তাঁরা কোন রাজনৈতিক কার্য আর করতে পারবেন না এবং করবেন না ব'লে একটা ডিক্লারেশন দিতে হবে। গভর্নমেন্ট প্রথমে কত টাকা নিয়ে এইসব নির্যাতীত বন্দীদের পেনসন দেবার ব্যবস্থা করেছিলেন জানি না কিন্তু দেখতে পাচ্ছি ১৯৫১ সাল থেকে এই টাকার পরিমাণ প্রতি বৎসর কমে আসছে। আমি বাজেটের বই থেকে, রেড বুক থেকে, এই সংখ্যাগুলি আপনার সামনে পেশ করছি। ১৯৫১-৫২ সালে এই পলিটিক্যাল পেনসন খাতে গভর্নমেন্ট খরচ করেছিলেন ৫,৪৭,০০০ টাকা; ১৯৫২-৫৩ সালে সেটা কমে গিয়ে খরচ হ'ল ৪,৯০,০০০ টাকা; ১৯৫৩-৫৪ সালে আরও ক'মে গিয়ে খরচ হ'ল ৪,৮৭,০০০ টাকা; ১৯৫৪-৫৫ সালে বাজেটে প্রভিসন হয়েছিল ৬ লক্ষ, কিন্তু রিভাইজড্ বাজেটএ সেটা কমে গিয়ে ৫,২৫,০০০ টাকায় দাঁড়াল; কিন্তু অ্যাকচুয়াল খরচ হ'ল ৪,৭১,০০০ টাকা; ১৯৫৫-৫৬ সালে বাজেটে প্রভিসন হয়েছিল ৫,২৫,০০০ টাকা, অ্যাকচুয়াল খরচ হ'ল ৪,৪৭,০০০ টাকা; ১৯৫৬-৫৭ সালে এই বাবদ খরচ হ'ল ৪ লক্ষ ৩৬ হাজার টাকা; ১৯৫৭-৫৮ সালে অর্থাৎ বর্তমান বৎসরের বাজেটে প্রভিশন হ'ল ৪,৫০,০০০ টাকা কিন্তু রিভাইজড্ বাজেটএ ৪,৪০,০০০ টাকা দাঁড়াচ্ছে; আগামী বৎসরের বরাদ্দ ৪,৪০,০০০ টাকা। সুতরাং দেখা যাচ্ছে এই অর্থের হার প্রতি বৎসরই কমে আসছে, কি কারণে জানি না। হয়ত এটাই কারণ হতে পারে যে, যারা এই পেনসন পেত তাদের মধ্যে যারা মারা গিয়েছে তাদের

স্ত্রী-পুত্র আর এই টাকা পাচ্ছে না সেইজন্য এমন ক'রে এই সংখ্যাটা কমে আসছে। কিন্তু আমরা মনে করি যে, যারা পেনসন পেত তাদের মৃত্যুর পর তাদের স্ত্রী-পুত্রের মধ্যে যদি তারা অনাহারে বা অসহায় অবস্থায় থাকে তা হ'লে তাদের এই টাকা দেওয়া উচিত। স্যার, এই পেনসনএর পরিমাণ—বারীন ঘোষ এবং অন্যান্য কয়েকজন ছাড়া বেশির ভাগ ক্ষেত্রেই পাচ্ছে ১০ টাকা থেকে ৪০।৫০ টাকা পর্যন্ত। অথচ আমরা শুনেছি উত্তরপ্রদেশ, বিহার এবং অন্যান্য প্রদেশে এই টাকার পরিমাণ এর চেয়ে অনেক বেশি। শুধু তাই নয়, সেখানে রাজনৈতিক বন্দীদের ও কর্মীদের জমি দিয়ে তাদের পুনর্বাসনের ব্যবস্থাও তাঁরা করেছেন। অথচ এই বাংলাদেশে ভারতবর্ষের মধ্যে এই রাজনৈতিক কর্মী ও নির্যাতীত কর্মীর সংখ্যা সবচেয়ে শীর্ষস্থান অধিকার করেছে সেখানে যে পরিমাণ টাকা দেওয়া হচ্ছে সেই টাকায় আজকের দিনে তাদের চলে না এবং জীবিকানির্বাহ করা সম্ভব ব'লে আমি মনে করি না।

[6-15—6-25 p.m.]

আমি গভর্নমেন্টকে এ বিষয়ে অনুরোধ করছি, তাঁরা যেন সহৃদয়তার সঙ্গে পুনর্বিবেচনা করেন তাঁদের পেন্সনের পলিসি বিষয়ে। হয়ত এই কথা বলবেন সরকার থেকে যে, এই যে, পেনসন দেওয়া হচ্ছে এটা হচ্ছে একটা টোকেন গ্র্যান্ট ইন অ্যাপ্রিসিয়েশন অব দেয়ার সার্ভিস। আমার মনে হয়, টোকেন গ্র্যান্টই দিন আর যাই দিন, যাদের দিচ্ছেন তারা নিজেদের জীবনের সর্বস্ব দিয়ে স্বাধীনতার সাধনা করেছে, তাদের ভবিষ্যৎ জীবনে যাতে ভিক্ষার ঝুলি হাতড়াতে না হয় সেটা করা উচিত। গভর্নমেন্টের চাকরি করে যারা পেনসন পায় তাদের পেনসন রুল ১৯৫২ সালে পরিবর্তিত হয়েছে, তাদের পেনসন বৃদ্ধির ব্যবস্থা হয়েছে এবং
Displaced families of Government servants who died in service and are not under pension rules
তাদের জন্যও পেনসন হয়েছে। ডেথ অ্যান্ড রিটায়ারমেন্ট গ্র্যাচুইটির জন্য নিউ রুলস করা হয়েছে, কিন্তু এই দুর্ভাগাদের পেনসনের হার বাড়াবার কোন ব্যবস্থা করা হয় নাই। রাজনৈতিক পেনসনভোগীরা এইজন্য গভর্নমেন্টের কাছে আবেদন করেছে। তাদের এক সংঘের তরফ থেকে গভর্নমেন্টের কাছে যে দাবি করা হয়েছে, আমি সেই দাবির কথা আপনাদের কাছে নিবেদন করব—

(ক) বর্তমান পেনসন এতই অপ্রচুর যে, তদ্দ্বারা যে-কোন একজন মানুষেরও সামান্য ব্যয় সঙ্কুলান হইতে পারে না। উপযুক্ত মতে পেনসনের টাকা বৃদ্ধি করবার ব্যবস্থা করা হোক।

(খ) রাজনৈতিক কর্মীদের পুত্রকন্যাগণ যাহাতে উপযুক্ত শিক্ষা পাইতে পারে তাহার ব্যবস্থা এবং কর্মক্ষম উপযুক্ত সন্তানগণ সরকারী ও আধা সরকারী সংস্থায় উপযুক্ততা অনুসারে যাহাতে যথাযোগ্য চাকরি পাইতে পারে তার ব্যবস্থা করা হোক।

(গ) যাহারা উদ্বাস্তু তাহাদের সরকার হইতে রাজস্বহীন বাস্তু জমি ও গৃহনির্মাণের যাবতীয় খরচ সাহায্য হিসাবে, ঋণস্বরূপ নহে, দেওয়া হোক।

(ঘ) যাহারা অতিবৃদ্ধ এবং কর্মে সম্পূর্ণ অক্ষম অথবা মৃত তাহাদের স্ত্রীদের ও নাবালক সন্তানদের উপযুক্ত পেনসন দেওয়া হোক।

(ঙ) যাহারা কর্মক্ষম তাহাদের যোগ্যতা অনুসারে সরকারী বা আধা সরকারী কাজে অথবা গঠনমূলক কাজে নিযুক্ত করার ব্যবস্থা করা হোক।

(চ) চাকরির অভাবে যে-কোন শিল্প পরিচালনার জন্য বা কৃষিকার্যের উপযোগী আর্থিক সাহায্য প্রদান করা হোক।

এই যে দাবিগুলি তাঁরা করেছেন এগুলি বিবেচনা করার জন্য আমি সরকারকে বিশেষভাবে অনুরোধ করি। তাঁদের মধ্যে অনেকে আছেন যাঁরা বেশ কর্মক্ষম এবং অনেকে তাঁদের মধ্যে রয়েছেন যাঁরা সরকারের উন্নয়ন পরিকল্পনাগুলিকে কার্যকরী করতে সাহায্য করবার জন্য উৎসুক। যদি তাঁদের সেইসব কাজে নিযুক্ত করা যায় তা হ'লে আমার ধারণা, বেতনভোগী কর্মচারীরা চেয়ে অধিকতর মনোযোগের সহিত তাঁরা সরকারের কর্মপ্রচেষ্টাকে সফল করবেন।

কমিউনিটি প্রোজেক্ট এবং ন্যাশনাল এক্সটেনসন স্কীমএর কাজগুলি আরও ভালভাবে, সুষ্ঠুভাবে তাদের দ্বারা পরিচালিত হবে বলে আমি বিশ্বাস করি। কাজেই তাদের সাহায্য সেদিক দিয়ে যাতে নেওয়া যায় সে বিষয়ে গভর্নমেন্টের সচেষ্ট হওয়া উচিত।

রাজনৈতিক কর্মীদের প্রস্তাবের দ্বিতীয় অংশ হচ্ছে তাদের পুত্রকন্যাগণের শিক্ষার উপযুক্ত ব্যবস্থা করা এবং সরকারী চাকরিতে তাদের নিয়োগের বন্দোবস্ত করা। কারণ তাঁরা যে পেনসন পাচ্ছেন তা দ্বারা রাজনৈতিক কর্মীদের নিজ নিজ ভরণপোষণই হয় না সুতরাং তাদের পুত্রকন্যাগণ যাতে সমাজে প্রতিষ্ঠিত হতে পারে তার জন্য সরকারের দায়িত্ব আছে ব'লেই আমি মনে করি। তাদের যদি যোগ্যতা থাকে তা হ'লে তাদের প্রাইওরিটি বা প্রেফারেন্স দেওয়া উচিত এবং তারা যাতে উপযুক্তভাবে নিযুক্ত হয়ে জীবিকার্জন করতে পারে সেদিকে সরকারের অবহিত হওয়া উচিত। রাজনৈতিক কর্মীদের মধ্যে যারা কাজ করতে উৎসুক, অনেক ক্ষেত্রে শোনা যায় যে, তাদের নাকি এডুকেশনাল কোয়ালিফিকেশন নাই। কিন্তু আমি বলব—যারা দেশের ডাকে ঝাঁপিয়ে পড়েছিল শিক্ষায়তন ছেড়ে, যারা তাদের জীবনের সমস্ত ভবিষ্যৎ জলাঞ্জলি দিয়ে এসেছিল দেশের মুক্তির জন্য, তারা ত তখন টাকার কথা, এডুকেশনএর কথা চিন্তা করে নি, সুতরাং আজ তাদের সম্বন্ধে বিশেষ ক'রে বিবেচনা করতে হবে। তারা ত' আর বিদ্যালয়ে ফিরে গিয়ে নূতন ক'রে কোয়ালিফিকেশন নিয়ে আসতে পারবে না। তারা ত্যাগ করেছিল, নিজেদের আত্মোন্নতির আশা দেশজননীর পায়ে সঁপে দিয়েছিল; সেইসব বিষয় চিন্তা ক'রে তাদের জন্য এডুকেশনাল কোয়ালিফিকেশন শিথিল ক'রে দেওয়া উচিত—যাতে ক'রে তাদের উপযুক্ত কাজে নিযুক্ত হ'তে সে দিক দিয়ে বাধা না থাকে। এই ব'লে আমি আমার প্রস্তাব মাননীয় সদস্যদের সামনে উপস্থিত করলাম, আশা করি এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হবে।

Sj. Niranjan Sen Gupta:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় নরেন্দ্রনাথ সেন মহাশয় যে প্রস্তাবটা দিয়েছেন আমি তার একটা সংশোধন এনেছি, সংশোধনটা হচ্ছে—

in line 2 of the Resolution, after the words "political sufferers", the words "during the British regime" be inserted—Sir, I beg to move that the following be added at the end of the Resolution, viz.,—

"and that this Assembly is further of opinion that:—

(1) Economic and other aids should be granted to political sufferers without any condition attached to the same;

(2) While rendering aids, no discrimination should be made between one political sufferer and another on political grounds; and

(3) A non-official committee consisting of one representative from each political party and group inside the State Legislature should be set up to advise the Government on all matters in connection with granting of aids to political sufferers."

মাননীয় স্পীকার মহাশয়, আমি নরেন্দ্রবাবুর বক্তৃতা খুব ভালভাবে শুনেছি। তিনি স্বাধীনতা সংগ্রামের বীর যোদ্ধাদের সম্বন্ধে যা বলেছেন তা ঠিক এবং তার জন্য তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করি। সে বিষয়ে আমি তাঁর সঙ্গে একমত। যেসব বীর যোদ্ধারা কারাবরণ করেছেন, ত্যাগ স্বীকার করেছিলেন দেশের স্বাধীনতার জন্য এবং ইংরাজকে দেশ থেকে তাড়াবার জন্য সংগ্রামে ঝাঁপিয়ে পড়েছিলেন আজকে স্বাধীনতা লাভের পর আমাদের সবার চেষ্টা করা উচিত সেইসব বীর যোদ্ধাদের সম্মান দেওয়ার জন্য এবং তাঁদের সাহায্য দেবার জন্য দেশের কাছে আবেদন করা ও সরকারের কাছে আবেদন করা। সেদিক থেকে নরেনবাবুর প্রস্তাব আমরা সর্বান্তঃকরণে সমর্থন করি। কিন্তু আমরা জানি এই সরকার যখন গদিতে বসেন তখন তাঁরাও বহুলোককে বহু যোদ্ধাকে সাহায্য করেছেন এবং পেনসন দিয়েছেন। কিন্তু সেই পেনসন দেওয়ার যে নীতি তাঁরা গ্রহণ করেছেন সেই নীতি সম্পর্কে আমার দুই-একটি কথা বলা প্রয়োজন। তাই আমি আমার সংশোধন প্রস্তাব এনেছি। যে কন্ডিসন বা শর্ত ওঁরা দিয়েছেন তা গ্রহণযোগ্য নয়। যাঁরা এতদিন এত ত্যাগ স্বীকার ক'রে জেল থেকে বেরিয়ে

এসেছেন তাঁদের সরকারের পেনসন পেতে হ'লে পুনরায় রাজনৈতিক সংগ্রামে যোগ দিতে পারবেন না এই শর্ত যদি দেওয়া হয়, তা হ'লে আমি মনে করি যে, সেই শর্ত যোদ্ধাদের সম্মানে আঘাত দেয়। যাঁরা স্বাধীনতা সংগ্রাম ক'রে সরকারকে এই আসনে বসিয়েছেন এবং সরকারও তাঁদের সেই ত্যাগের কথা স্বীকার করেছেন, তাঁদের পক্ষে কোন রাজনৈতিক আন্দোলনে যোগ দিতে পারবেন না এরকম শর্ত আরোপ করার যে কি যুক্তি তা আমি হৃদয়ঙ্গম করতে পারছি না। তাই সেই সব শর্ত যা বারে বারে আপত্তি করা সত্ত্বেও সরকার রেখে দিয়েছেন সেই সব শর্ত আজকে তুলে নেওয়া প্রয়োজন; নইলে তাঁদের প্রতি খুবই অন্যায় করা হবে এবং যে উদ্দেশ্যে সরকার তাঁদের সাহায্য দিচ্ছেন সেই উদ্দেশ্য ব্যর্থ হবে। যাঁরা দেশের স্বাধীনতার জন্য সংগ্রাম করেছেন এবং সেজন্য বহু ত্যাগ স্বীকার করেছেন তাঁদের সাহায্য দিতে নিশ্চয়ই দেশের জনসাধারণ ইচ্ছুক এবং সরকারেরও সেই ইচ্ছা মেনে চলা উচিত।

আমার দ্বিতীয় কথা হচ্ছে—এই সাহায্য দেওয়ার ভিতরে সরকারের তরফ থেকে একটা দলীয় স্বার্থ দেখা হচ্ছে এই সন্দেহ আমাদের মনে জাগে। বহুক্ষেত্রেই দেখা যায় এবং আমাদের কাছে বহু সমালোচনাও এসেছে যাঁরা এই সরকারকে সমর্থন করেন কিংবা সরকারের দলে আছেন মোটামুটিভাবে তাঁদেরই সাহায্য বেশী দেওয়া হয়েছে।

[6-25—6-35 p.m.]

অথচ যে উদ্দেশ্যে এই সাহায্য দেওয়ার কথা চলেছে সে উদ্দেশ্য হচ্ছে কি? বৃটিশ আমলে যারা বৃটিশকে তাড়িয়ে দেওয়ার জন্য যুদ্ধ করেছে, যারা আত্মত্যাগ করেছে, যারা নিজেরা দুঃখবরণ করেছে আজকে তাদের স্বীকৃতি দেওয়া উচিত। আজকে তাদের দাবি তারা কোন্ দলের এখন সমর্থক, এটা বিচার করা অনুচিত হবে। সরকারের কাছে তাই আমাদের দাবি, আমাদের অনুরোধ সেদিকে দৃষ্টি দিয়ে তাঁদের সাহায্য স্যাংশন করা অনুচিত হবে। বিভিন্ন ক্ষেত্রে আজকে দেশে বিভিন্ন রাজনৈতিক দল আছে। তাদের ভিতর অনেক লোক আছেন যাঁরা বৃটিশ আমলে ত্যাগ, মৃত্যু, দুঃখবরণ এবং কারাবরণ করেছেন। আজকে তাঁরা যদি সাহায্য পেতে চান তাঁদের নিশ্চয়ই সাহায্য দেওয়া উচিত সরকারপক্ষ থেকে যদি তাঁরা কংগ্রেস দলের সমর্থক নাও হন। সেদিক থেকে সরকারকে আজ এই দাবি মেনে নিতে হবে এবং এটা যুক্ত করতে হবে যে, রাজনৈতিক মতের জন্য এই পেনসন পাবার কোন অসুবিধা হবে না কিংবা রাজনৈতিক মতবাদ যদি তাঁদের কংগ্রেস সরকারের বিরোধীও হয় তা হ'লেও তাঁরা বৃত্তিভোগী হতে পারেন এটা প্রস্তাবে থাকা দরকার।

দ্বিতীয়তঃ যে নীতিতে সরকার স্বাধীনতা যোদ্ধাদের আজকে সাহায্য দিবেন তা সব চাইতে ভাল হয়—এই লেজিসলেচারএর অন্তর্গত যেসব রাজনৈতিক দল আছে তাদের এক এক জনকে নিয়ে একটা কমিটি গঠন ক'রে সেই কমিটি মারফত যে অ্যাডভাইস সরকার পাবে সে অনুযায়ী সাহায্য দেওয়া। নতুবা এটা এক পক্ষের দিকে যেতে পারে এবং কংগ্রেস সরকার দল স্বার্থের খাতিরে যাঁরা কংগ্রেসের সমকর্থক তাদেরই বৃত্তি দিতে পারে। সেদিক থেকে এরকম একটা কমিটি গঠন করার প্রয়োজন আছে। আমার এই সংশোধনী প্রস্তাব নরেনবাবু গ্রহণ করলে প্রস্তাবটা সর্বাঙ্গসুন্দর হয় এবং আমরা তা সমর্থন করতে পারি।

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে কংগ্রেসপক্ষ থেকে শ্রদ্ধেয় নরেন সেন মহাশয় যে প্রস্তাব এনেছেন এ থেকে এটাই প্রমাণিত হয়েছে যে, কংগ্রেস দলের মধ্যেও বিক্ষোভ আছে। সে যাহাই হউক, তিনি আজকে যে প্রস্তাব এনেছেন এবং তার উপর নিরঞ্জনবাবু যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেটা সমর্থন করি। কিন্তু সংজ্ঞাটা আরও একটু বিস্তৃত হ'লে ভাল হ'ত। কেননা এই যে পলিটিক্যাল সাফারার এর সংজ্ঞা শেষ কতদূর পর্যন্ত? বৃটিশ শাসনকে তাড়াবার জন্য দৃষ্টিভঙ্গি নিয়ে সেই শাসকদের অপসারিত করবার জন্য যে চেষ্টা হয়েছিল এবং তাতে যারা যোগদান করেছিল সংগ্রাম কি সেই পর্যন্ত, না এই গভর্নমেন্টের অধীনে যে অন্যায় হচ্ছে তার বিরুদ্ধে যারা সংগ্রাম করছে তাদেরও পলিটিক্যাল সাফারার বলা হবে কিনা সেইটাই বিবেচনার বিষয়। যাহাই হউক, আমার মনে হয় এটাই হওয়া উচিত এবং এটাই

গণতন্ত্রসম্মত। বর্তমান সরকার যে নীতিতে বিরোধীপক্ষের নেতাকে সম্মান দিতে চান নিজেদের অনুযায়ী বেতন দিয়ে সম্মান দিতে চান সেই অনুসারে আমার মনে হয় গণতন্ত্রের দিক থেকে এই সরকারের বিরুদ্ধে যারা সংগ্রাম করছে তাদেরও পেনসন বা এ ধরনের কিছু দেওয়া উচিত। আজ পর্যন্ত কংগ্রেস সরকার যেভাবে পেনসন দিচ্ছেন কোন কোন ক্ষেত্রে দেখা যায় যে বলদ ক্রয় ঋণের মত সামান্য, গৃহনির্মাণ ঋণের মতই সামান্য। আবার অধিকাংশ ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, বাজে লোকও তার মধ্যে কিছু কিছু রয়েছে। সেজন্য প্রস্তাবে যে কমিটির কথা রয়েছে তা ক'রে বাজে লোকগুলিকে যা দেওয়া হচ্ছে, সরকারী অর্থের যে অপচয় হচ্ছে, সেগুলি নিবারণ করা উচিত। আবার অনেকে আবেদন করতে পারে নি সময়ে, সে অজুহাতে তারা বাদ পড়ে আছে। তারপর কথা হচ্ছে এ পেনসন পাবে কারা? এরকম যদি হয় যে, কংগ্রেস রাজত্বে যারা বাস করছে তারা কংগ্রেস সরকারের বিরুদ্ধে যদি দাঁড়ায় বা কিছু বলে তা হ'লে সে পেনসন পাবে না, তা হ'লে ত ব্যক্তিস্বাধীনতা ব'লে কিছু থাকে না। আমি একটা ইন্সট্যান্স দিই, উদাহরণ দিই—কৃষ্ণনগরে গোবিন্দপদ দত্ত, বল্লভ দত্ত বহুদিন সাফার করেছে, জেল খেটেছে, দেশের জন্য, জাতীয় আন্দোলনের জন্য হিজলী জেলে গুলী ক'রে হাত কেটে দেওয়া হ'ল, তাদের পেনসন দেওয়া হ'ল সামান্য ৪০ টাকা। ঐ বলদ ক্রয় ঋণের মত, কিন্তু যেহেতু তিনি ১৯৫২ সালে যে নির্বাচন হ'ল তাতে ইন্ডিপেন্ডেন্ট ক্যান্ডিডেট হিসাবে দাঁড়িয়েছিলেন সেই দাঁড়ানোর জন্য তাঁর সব কাটা গেল এবং আপনিও বোধ হয় এটা জানেন অধ্যক্ষ মহোদয়, আপনি ঐ জায়গার লোক, এটা নিয়ে নেওয়া নিশ্চয়ই উচিত নয়। এই রকম ধরনের বহু কিছু আছে। আমি জানি ১৯৪২ সালের বিপ্লবে অনেকের সার, ঘরবাড়ি সব নিলাম হয়ে গেল, তৈজসপত্র সব চলে গেল, এখন তাঁরা চুপ ক'রে বসে আছেন, কোন কিছুই করতে পারেন না। তাঁরা যদি অন্ততঃপক্ষে পেনসন ক'রে নয়, এককালীন একটা সাহায্য পেতেন যেগুলো তাঁদের চলে গেল তার জন্য তা হ'লেও বুঝতাম। এই রকম নমুনা আমার কাছে আছে। বর্ধমান জেলায় ঘড়কোষ থানার শচীন বন্দ্যোপাধ্যায়, রতনমণি বন্দ্যোপাধ্যায়, রায়না থানার খামাসগ্রামে শ্রীগঙ্গারাম, গঙ্গা হাজরা এবং অন্যান্য যাঁরা আছেন তাঁদের যে তৈজসপত্রগুলি, ঘরদোর, জানালাগুলি গেল সেগুলির কিছুই হ'ল না এবং যতগুলি বড় বড় জমিদার আছেন যাঁরা আজকে কংগ্রেসের বড় বড় স্তম্ভ বর্তমানে খদ্দর পরে রয়েছেন, যেমন চকদীঘির জমিদার, তাঁদের অত্যাচারে যাদের গরু-বাছুর জমি-জায়গা সব নানারকম ক'রে নিলাম হয়ে গেল, আমার মনে হয় যে, স্বাধীনতাপ্রাপ্তির পর সেগুলিকে অনুসন্ধান ক'রে তাঁদের পেনসন বরাবর না দেওয়া হোক, অন্ততঃ যেটুকু তাঁদের গেছে সেটুকু দেওয়া উচিত ছিল। এবং পূর্ব বাংলার অনেক বন্ধুরা, তাঁরাও অনেক অত্যাচার সহ্য করেছেন চিরজীবন, সেই সমস্ত কথা বলেছেন, তবে নরেনবাবু ভুল করেছেন—স্বাধীনতা-প্রাপ্তির পর তাঁদের তো ভুলে যাওয়ার কথা, কেননা যাঁরা দেশের জন্য জীবনদান করতে এসেছিলেন, তাঁরা সর্বস্ব দান ক'রেই এসেছিলেন, তাঁরা তো হাতে কিছু রেখে আসেন নি তার পরে দু' গুণ তিন গুণ ক'রে পুষিয়ে নেবেন ব'লে। সেখানে তাঁদের পক্ষে আবেদন করাটাও একটা অত্যন্ত লজ্জাকর ব্যাপার ব্যক্তিস্বাধীনতার কথা ছেড়ে দিয়েও। ইলেকশনে সরকারপক্ষের হয়ে ভোট দেবে, অমুক তমুক প্রচার করতে পারবে না, এসব জিনিস ছেড়ে দিয়ে তাঁদের যাচাই ক'রে জাতীয় সরকারের তাঁদের অনুরোধ করা উচিত ছিল যে, দেশের জন্য আপনারা সাফার করেছেন, আপনাদেরও সরকারের তরফ থেকে, দেশের তরফ থেকে কিছু দেওয়া উচিত কিন্তু তা দেওয়া হচ্ছে না। যখন সব জায়গায় এটা হয়েছে তখন বাংলাদেশেও সেটা হওয়া উচিত। বিহারের আবার একটা খবর শুনলাম, সেখানকার পুরুলিয়া ইত্যাদি অঞ্চলে ১৯৪২ সালের আন্দোলনে সেখানে ইংরেজ সরকারের বিরুদ্ধে জাতীয় সরকার প্রতিষ্ঠা হওয়ার যে প্রচেষ্টা হয়েছিল প্যারালাল গভর্নমেন্ট—সেখানে বৃটিশ সরকারকে যাঁরা সমর্থন করেছিলেন সব জাঁদরেল জাঁদরেল লোক—সেখানকার জনসাধারণ ক্ষিপ্ত হয়ে তাঁদের যেসমস্ত জিনিস লুণ্ঠন করেছিলেন এবং পুড়িয়ে দিয়েছিলেন, তাঁদের সম্পত্তি বে-আইনী ঘোষণা করা উচিত ছিল, কিন্তু সেখানে তাঁদের কম্পেনসেশন দেওয়া হয়েছে, তাঁরাই হলেন পলিটিক্যাল সাফারার। সেজন্য সার, বলছি এখানে পলিটিক্যাল সাফারারের সংজ্ঞাটাকে ঠিক ক'রে দেওয়া

হোক—যাঁরা সাফার করলেন তাঁরা পলিটিক্যাল সাফারার, নাকি তাঁদের মারবার জন্য যাঁদের হাতে ব্যথা হ'ল তাঁরা পলিটিক্যাল সাফারার—এটা পরিষ্কাররূপে জানান উচিত। সেজন্য নরেনবাবু যে প্রস্তাব করেছেন সেই প্রস্তাব এবং নিরঞ্জনবাবুর যে সংশোধনী সেটা গ্রহণ করা হোক এবং একটা কমিটি ক'রে যাঁরা অন্যায়ভাবে পাচ্ছেন তাঁদের সেগুলি বন্ধ করা হোক এবং সকলের নাম ঠিক ক'রে তাঁদের এটা দেওয়ার ব্যবস্থা করা হোক। আর সবচেয়ে বড় কথা হচ্ছে যে, তাঁদের যেসমস্ত ডিপেন্ডেন্ট আছেন যাঁরা সক্ষম তাঁদের বিভিন্ন উন্নয়নমূলক কাজে নিয়োগ করা হোক, কারণ বংশের একটা রক্ত তাঁদের গায়ে আছে। সেই হিসাবে তাঁদের দেশ গঠন করবার সুযোগ নিশ্চয়ই দেওয়া উচিত। আমি এই প্রস্তাবকে অ্যামেন্ডমেন্ট সহ সমর্থন করছি।

[6-35—6-45 p.m.]

Sj. Jatindra Chandra Chakraborty:

মাননীয় সভাপাল মহাশয়, যে প্রস্তাব নরেনবাবু এনেছেন এবং যেটার সংশোধনী নিরঞ্জনবাবু দিয়েছেন আমি সেই প্রস্তাব সমর্থন করছি। এইরকম প্রস্তাব বেসরকারীভাবে না এসে সরকারীভাবে আসা উচিত ছিল। মুশকিল হচ্ছে, মন্ত্রিমণ্ডলীর বেঞ্চগুলি যাঁরা আলো করে বসেছেন তাঁদের মধ্যে অনেকেরই পলিটিক্যাল সাফারিং সম্বন্ধে কোন অভিজ্ঞতা নাই এবং হয়তো বা কোনদিন সাফার করা তাদের ভাগ্যে হয়নি ইংরাজ আমলে। সেজন্য যাদের সাফারিংএর জন্য, আত্মত্যাগের জন্য, তাঁরা আজকে মন্ত্রীর গদিতে বসেছেন এই প্রস্তাব যদি গৃহীত হয় এবং সেটা তাড়াতাড়ি কার্যকরী হয় তা হ'লে আমরা বিশেষ অনুগৃহীত হব, এবং তাঁরাও অনুগৃহীত হবেন যাদের নাকি পলিটিক্যাল সাফারার বলা হচ্ছে। নরেনবাবু তাঁর বক্তৃতায় কয়েকটি শর্ত আরোপ করার কথা বলেছেন, যেমন রাজনৈতিক কাজকরতে পারা যাবে না। আজকে পেনসন দেবার কথা বলা হচ্ছে—ইংরাজকে তাড়িয়ে দেশমাতৃকাকে মুক্ত করবার জন্য যারা পলিটিক্যাল সাফারিং সহ্য করেছেন তাঁদের সেই কন্ট্রিবিউশনের স্বীকৃতি হিসাবে তাঁদের পেনসন দেবার কথা উঠেছে—এ ক্ষেত্রে তাদের ভবিষ্যত কার্যাবলীর উপর কোন বাধানিষেধ আরোপ করা শুধুমাত্র তাঁদের পক্ষেই অবমাননাকর হবে তাই নয়, যে গভর্নমেন্ট এইরকম শর্ত আরোপ করে তাদের পক্ষেও লজ্জার কথা, অবশ্য যদি তাদের কোন লজ্জাবোধ থাকে। তৃতীয়তঃ যে অ্যামাউন্ট পেনসন হিসাবে দেওয়া হয় সেটা অত্যন্ত কম। বাড়িতে একজন চাকর রাখতে গেলে সেই চাকরের জন্য যে খরচ করা দরকার হয় তার চেয়ে এটা অনেক কম; তার উপর ঐ চাকরের জন্য থাওয়া-পরা ইত্যাদি নানা ভাতা বাবতেও কম খরচ পড়ে না। অথচ আমাদের সরকার রাজনৈতিক কারণে নির্যাতীত কর্মীদের জন্য যে টাকা নির্দিষ্ট করতে যাচ্ছেন তা যে নিতান্ত অকিঞ্চিৎকর তাই নয়, এটা অপমানকরও বটে। সেজন্য আমার বক্তব্য হচ্ছে, যে টাকা দেওয়া হবে সে টাকা যাতে যথেষ্ট অর্থাৎ অন্ততঃ আজকালকার দিনে পরিবার নিয়ে জীবনযাপন করার পক্ষে উপযুক্ত হয় সেইরকম একটা মর্যাদাসূচক টাকার অঙ্ক দেওয়া দরকার। অবশ্য সরকার বলবেন, এত টাকা কোথায়? নানাভাবেই টাকা খরচ করা হয়ে থাকে, সেই টাকা থেকে বাঁচিয়ে এবং অন্য পথে বাজে খরচ না ক'রে এ'দের জন্য খরচ করা দরকার। এ সম্পর্কে আরেকটা কথা বলব। ইতিপূর্বে মাননীয় সদস্য দাশরথি তা মহাশয় বলেছেন যে, ক্রাইটেরিয়ান অফ পলিটিক্যাল সাফারিংএর সংজ্ঞাটা নির্দিষ্ট হওয়া দরকার, কারণ, কেবলমাত্র যদি রুলিং পার্টির সমর্থক হয় তা হ'লেই পলিটিক্যাল সাফারার ব'লে পরিগণিত হবে এই রকম একটা ব্যাপার চলছে। যাঁরা ইংরাজের বিরুদ্ধে লড়াই করেছিলেন দেশের স্বাধীনতা আনবার জন্য আজকে তাঁদের মধ্যেও বহু লোক বিরোধীদলের সদস্য হয়েছেন এবং যেহেতু তাঁরা বিরোধী দলের সদস্যভুক্ত হয়েছেন সেইহেতু তাঁদের বেলায় তাঁদের সেই আত্মত্যাগকে পলিটিক্যাল সাফারিং ব'লে ধরা হবে না এবং তাঁরা কোনপ্রকার সুযোগসুবিধা বা পেনসন পাবেন না এটা যেন না হয়। তারপর, আরেকটা কথা হচ্ছে, আগামী দিনেও পলিটিক্যাল সাফারিংএর প্রয়োজনীয়তা থাকবে, তখন যেন সেই পলিটিক্যাল সাফারারদের, যদি তারা অন্য দলভুক্ত হয়, পারচেজ না করা হয় এবং যারা প্রকৃতই পলিটিক্যাল সাফারার তাঁরাই যেন [illegible] পেনসন পান—এই কয়েকটা কথা ব'লে আমি নিরঞ্জনবাবুর সংশোধনী সমর্থন করছি।

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, যে প্রস্তাব নরেনবাবু উপস্থিত করেছেন এবং নিরঞ্জনবাবু যেটার সংশোধনী দিয়েছেন সেই প্রস্তাব আমি সমর্থন করছি। বাংলাদেশে যেমন বড় বড় বৈজ্ঞানিক, বড় বড় নিচন্তানায়ক, বড় বড় সাহিত্যিকের জন্ম হয়েছে তেমনি বাংলাদেশে বিশেষ বৈপ্লবিক আন্দোলনও হয়েছে এবং সেই আন্দোলনে যাঁরা আত্মদান করেছেন আজকে আমরা তাঁদের জন্য গৌরববোধ করি। ব্রিটিশ শাসনের অবসানে ভারতের স্বাধীনতা অর্জনের জন্য যাঁরা সেই স্বাধীনতা সংগ্রামে আত্মাহুতি দিয়েছেন তাঁদের কথা যদি আমরা ভুলে যাই তা হ'লে আমরা দেশের প্রতি কৃতঘ্নতা দেখাব। সেদিক থেকে যেসমস্ত রাজবন্দী রয়েছেন, যাঁরা ফাঁসিকাষ্ঠে ঝুলেছেন, দ্বীপান্তরে গিয়েছেন, নানারকম দুঃখ ও নির্যাতন ভোগ করেছেন তাঁদের কথা আমাদের স্মরণ করতে হবে। এটা ৫ লক্ষ টাকা বা ১০ লক্ষ টাকার সমস্যা নয়। যেসমস্ত রাজবন্দী দেশের স্বাধীনতা আন্দোলনে যোগদান করেছিলেন এবং যাঁরা আজকের দিনে কোনভাবে নিজেদের জীবিকা উপার্জন করতে পারেন না এবং দুঃখকষ্টের মধ্যে যাঁরা দিন কাটাচ্ছেন তাঁরা সকলেই যাতে সুষ্ঠুভাবে জীবনযাপন করতে পারেন তার ব্যবস্থা করা সরকারের প্রাথমিক কর্তব্য। সরকারের বাজেটে যতই টাকার অভাব হোক, এইসব রাজবন্দীদের জন্য খরচ করা সম্পূর্ণ ন্যায়সংগত হবে। আমি জানি আজকাল সরকারের কাছে যদি কোন রাজবন্দী সাহায্যের জন্য দরখাস্ত করেন তা হ'লে যেহেতু তিনি সময়মত দরখাস্ত করেন নি ইত্যাদি নানা কারণে তাঁদের জন্য কোনপ্রকার মাসিক সাহায্যের ব্যবস্থা করা হয় না। আমি এখন শ্রীকেশবচন্দ্র সেনের কথা উল্লেখ করব। তিনি ৪০ বৎসর অ্যাবস্কন্ড করেছিলেন, আলিপুর বোমার মামলার সময় তিনি আত্মগোপন করেছিলেন—আজ তাঁর বয়স ৮৪ বৎসর। তাঁকে একটা মাসিক সাহায্য দেওয়ার জন্য আমি বলেছিলাম

[6-45—6-57 p.m.]

যদিও তাঁর জন্য কিছু সাহায্যের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু সেই টাকা তিনি নিতে রাজি নন। তিনি মনে করেন তাঁর মতন লোকের উপরেতে এই সামান্য টাকা সাহায্যের কথা ব'লে তাঁকে অসম্মানিত করা হয়েছে। এইরকম আরও অনেক রাজবন্দী রয়েছেন, যাঁদের সাহায্যের বিশেষ প্রয়োজন। বাংলাদেশে আমরা যেন অতীতকে ভুলে না যাই, যে অতীতের উপর আমরা দাঁড়িয়ে আছি। তাঁদের আমাদের যথাযোগ্য সম্মান দেখাতে হবে। আজ, বাংলাদেশের প্রথম শহীদ, বোধানী পাহাড়ে একটা বোমা ফাটাতে, প্রভাত চক্রবর্তী মহাশয় প্রথম শহীদ হয়েছিলেন। কিন্তু ক্ষুদিরাম বসু, কানাই, সতীশ প্রভৃতি এঁদের স্মৃতিরক্ষার জন্য কোনরকম ব্যবস্থা রাষ্ট্র থেকে হয় নাই, কোন মর্মরমূর্তিও স্থাপিত হয় নাই। সেটাও আমাদের পক্ষে খুবই কলঙ্কের কথা। সেইজন্য আমি সঙ্গে সঙ্গে এই সুযোগে বর্তমান গভর্নমেন্টকে স্মরণ করিয়ে দিচ্ছি। এঁদের মধ্যে অনেকে আছেন, যাঁদের জীবন হয়ত শেষ হয়ে যেতে যেতেও রক্ষা পেয়ে গেছে। এই সরকারের মধ্যে এমন সমস্ত মন্ত্রীরা আছেন, যাঁরা সেদিন স্বাধীনতা সংগ্রাম থেকে বহু দূরে ছিলেন, হয়ত বা বৃটিশ সরকারের খোশামোদ ক'রে তাঁরা সেদিন জীবিকার্জন করতেন, এঁদের মধ্যে এমন অনেক বিপ্লবী রয়েছেন, স্বাধীনতা সংগ্রামে যাঁদের কিছু দান আছে, তাঁদের আমি স্মরণ করিয়ে দিতে চাই, তাঁরা যেন এই দুঃস্থ রাজবন্দীদের কথা শুধু নয়, তাঁদের ছেলেমেয়েদের কথা স্মরণ করেন। তাঁদের প্রাথমিক কাজ হচ্ছে যে, তাঁদের যাতে জীবিকার্জনের ব্যবস্থা হয় এবং যাঁরা বৃদ্ধ হয়েছেন, যাঁরা অসমর্থ হয়ে গেছেন, তাঁদের যথাযোগ্য সাহায্যের যেন ব্যবস্থা হয়। আমি আশা করি এই যে প্রস্তাব নরেনবাবু উপস্থিত করেছেন এবং নিরঞ্জনবাবু যা সংশোধন করেছেন, সেই প্রস্তাব অনুসারে তাঁরা কাজ করবেন। যে কথা যতীনবাবু বলেছেন, যাঁদের রাজনৈতিক কারণে আত্মদান আছে, ত্যাগ আছে, তাঁদের কথা স্মরণ করে এটা সমর্থন করব কি না করব, সেই কথা বিবেচনা ক'রে ভাতা দেওয়া ঠিক নয়। যাঁরা দেশের জন্য নির্যাতন ভোগ করেছেন, তার জন্যই সকলকে এই সাহায্যের ব্যবস্থা করা উচিত।

Sj. Sisir Kumar Das: Mr. Speaker, Sir, while supporting the main resolution of Mr. Naren Sen as also the amendment of Sj. Niranjan Sen I want to point out that it is very difficult to understand the Congress.

Whether they support the political sufferers or the political oppressors it is very difficult to say. I shall give you one instance. In Contai, in 1942, while the Civil Disobedience Movement was going on, firing was done by one gentleman, the Subdivisional Officer of Contai, Mr. Samar Sen. Two hundred or 300 persons were shot without any rhyme or reason. They were carrying on a procession against the British Government, against British Imperialism and they were fired at by Samar Sen. After that, happily for the people of that place there was cyclone and the country was inundated by flood and the people were saved from slaughter committed by Samar Sen. What do we find now? Instead of having trial of that man who shot people without any provocation, that man has been conferred the title of Padma Bibhusan this year. That is the Congress, Sir. We know very well that when we shall come to power, which we shall do in the next election, we shall see that these people are properly tried and punishment is properly meted out to them, not the conferment of title like Padma Bibhusan.

Further, I was surprised to find from the statement of Mr. Narendra Nath Sen that if a political sufferer joined any political party, he was not entitled to the pension under the Political Sufferers' Fund. But your Constitution lays down in article 19 that every citizen has the right to join any political association. Freedom of association is assured under the Constitution. But a political sufferer has no fundamental right, he must not join any political party. It is a strange anomaly. Therefore I say that I cannot understand the Congress. It is very difficult to understand the Congress on what principles they proceed. But there is one principle in their madness, i.e., of supporting their political followers.

Now, Sir, I sent a case to the Chief Minister of West Bengal. It was one Amulya Bhusan Maity who had suffered in 1942 Movement. He headed a procession for which he was dubbed by Mr. Sankar Sen and his police. They were belaboured.

The Hon'ble Siddartha Sankar Roy: Who is Mr. Sankar Sen?

Sj. Sisir Kumar Das: I have spoken about him already. You know him. That young fellow was belaboured mercilessly till he swooned, till he fainted. He was taken to the hospital and it was found after his treatment that he was disabled so far as one of his arms was concerned. He was sent to the prison on the charge of being a traitor conspiring against British Government. He was in jail for three years. When he came out, he made an application to the then Government. He saw one of our Ministers sitting there representing the district of Midnapore. He was granted pension at that moment. But when it transpired somehow or other that he was supporting the Krishak Praja Mazdoor Party of which Mr. Pramatha Banerjee was the leader, his pension was stopped.

The Hon'ble Siddartha Sankar Roy: The Krishak Praja Mazdoor Party is defunct now.

Sj. Sisir Kumar Das: Don't be so childish in your behaviour. You don't belong to any political party. You have just come here because of your grand-father. You are a political upstart, you must remember. Don't try to interrupt me. The Krishak Praja Mazdoor Party was so great, it was supported by so great a leader of India that it does not lie in your mouth to say this.

Mr. Amulya Bhusan Maity made an application to the Chief Minister of West Bengal. Dr. Roy was good enough to give an answer, "In future don't write to me, but write to the Secretary, Political Sufferers Fund." And he wrote to the Secretary, Political Sufferers' Fund, Writers Buildings. No answer was given Therefore in January last, this January I wrote a letter to the Secretary, Political Sufferers' Fund. What has happened to his application? I sent it by registered post to be sure that it reached the Secretary. No answer was given. There was some courtesy by Dr. B C. Roy but there was no courtesy on the part of his Secretary. Therefore, that is the condition of things. Therefore if we say that we are supporting this and if we say that more political sufferers should be given a pension or some sort of aid, we must know that that aid will go to the Congress.

Sir, though I am supporting this resolution because I know a political sufferer whether he belongs to the Congress, P.S.P., or the Communist Party—he has fought for the country and he must be given some sort of compensation for his whole life during the period of his inability. We are not so partial like the other side, the Congress. We support the resolution but we condemn your spirit in giving accommodation only to those who belong to your party and not to those who have suffered for the country.

With these words I support the resolution moved by my learned friend.

Mr. Speaker: We are not finishing it today. I know there are many honourable members present here who are anxious to speak. We shall carry it to the next day The honourable members will get their chance the next day. The House stands adjourned till 9 a.m. tomorrow morning.

Adjournment.

The House was accordingly adjourned at 6-57 p.m till 9 a.m on Saturday, the 8th March, 1958, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 8th March, 1958, at 9 a.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 12 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 200 Members.

[9—9-10 a.m.]

Mr. Speaker: I think it was agreed yesterday that there would be no questions today.

Report of the Tramway and Bus fare Enquiry Committee.

Sj. Hemanta Kumar Basu:

স্পীকারমহাশয়, আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে একটা প্রশ্ন করতে চাই।

Mr. Speaker: Is it a point of order?

কিসের প্রশ্ন?

Sj. Hemanta Kumar Basu:

একটা কমিটি অফ ইনকোয়ারি সম্বন্ধে একটা প্রশ্ন। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই। নয়া পয়সা চালু হবার সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন ট্রাম ও বাসের ভাড়ার ব্যাপারে নয়া পয়সার সমস্যা সম্বন্ধে একটা কমিটি নিযুক্ত হয়েছে। এবং কমিটি রিপোর্ট দিলে তিনি যথাযথ ব্যবস্থা করবেন, আজ ট্রাম ও বাসের ভাড়া নিয়ে লোকের মধ্যে যথেষ্ট হয়রানি দেখা দিয়েছে।

Mr. Speaker: Mr. Basu, this is not a question. In the guise of a question you are making a speech. You may say that about the committee.

Sj. Hemanta Kumar Basu:

আচ্ছা, তাহলে সেই রিপোর্ট সম্বন্ধে কি হল আমি জানতে চাই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, the Government is considering the report. As soon as we finish the consideration of the report the best plan would be to call the members of the different groups and discuss the various implications of the report before we take any action.

Adjournment motions

Mr. Speaker: I have something to tell the House and it is this: Notice of two adjournment motions has been given about the strike in Panihati. Now strike today is a matter of routine nature. Workers are entitled to go in for strike and so on and so forth. There is nothing extraordinary in it, and Government knows how to deal with the matter—the Labour Department does it.

[Sj. CHITTO BASU rose to speak.]

Wait, I have not finished. The trouble is that I talk slowly and you talk too fast and whenever I talk you think I have finished. However, the point is this: Formerly in this very House no member who brought in an adjournment motion was entitled to read the statement if the consent was refused. The matter came to an end in the chamber of the Speaker. That

was final. To please the members one of my predecessors slightly relaxed the rules. Now-a-days every day an adjournment motion comes up over a routine matter and the member bringing such a motion reads it in the House so that he can tell the people outside that he tried to adjourn the House on this score but it was not consented to by the Speaker. I have disallowed the present adjournment motion which runs thus: The House do stand adjourned to discuss an urgent matter of public importance and of recent occurrence, namely, the unjustified arrest of 13 workers of the Panihati factory of the Bengal Chemical & Pharmaceutical Works in the afternoon of 7th March and the discriminate and wanton lathi charge, etc., etc . . . Now this is a very *mamuli* adjournment motion and I have refused my consent to it. You will find that the language of these adjournment motions are taken *verbatim* from other adjournment motions. I think we are really losing the real meaning of the word "adjournment" of the House. The matter must be grave and a serious one as to adjourn the House. The occurrence must be a befitting one and if it is such a serious matter why should I disallow it. So what I mean to say is that the matter of an adjournment motion must be a very serious matter.

Sj. Ganesh Ghosh:
মিঃ স্পীকার, স্যার, আপনি সবইত ডিসএ্যালাউ করেন।

Mr. Speaker: You know at the back of your mind what should be done.

Sj. Sunil Das: Unfortunately, three of us were there and .

Mr. Speaker: It is not necessary for all of you to read about the same subject matter.

Sj. Ganesh Ghosh:
আপনি আগে নাম বলে দিন যে কয়জন এনেছেন।

Mr. Speaker: Mr. Sunil Das and Mr. Chitto Basu wanted the House to be adjourned over the Panihati strike. I have disallowed it. Mr. Basu, this may go down in the records. The fact that I have disallowed it can be told to your constituency if you like.

Sj Sunil Das:
মাননীয় স্পীকারমহাশয়, আপনি যদি অনুমতি করেন, আমি দু-একটা কথা বলব এ সম্বন্ধে।

Mr. Speaker: Not here but in my chamber.

Sj. Jatindra Chandra Chakravorty:
এ সম্পর্কে, স্পীকারমহাশয়, আমি আপনাকে কয়েকটি কথা বলতে চাই। খানিকক্ষণ আগে বললেন যে এইসব এ্যাডজোর্নমেন্ট মোশন আপনার চেম্বারএই শেষ হয়ে যায়। কিন্তু যাঁরা এ্যাডজোর্নমেন্ট মোশন আগেকার দিনে এই হাউসে নিয়ে আসতেন, তাঁরা যে সেই মোশন হাউসের সামনে পড়তে এনটাইটেল্ড ছিলেন না, এটা আপনার ইনকারেক্ট ইনফরমেশন, মোশন ডিসএ্যালাউড হলেও আপনার প্রেডিসেসর শ্রীশৈল মুখার্জি—

Mr. Speaker: Mr. Chakravorty, please allow me to complete the sentence. You are determined not to listen to what one has got to say. What I said was that at one time the matter was discussed in the chamber. I further said that one of my predecessors relaxed the rules. I am reminding the members that these things should not be done in a spirit of levity—it should not be done in a cursory fashion—and normally I should not disallow it.

Sj. Jyoti Basu:
মাননীয় স্পীকারমহাশয়, এখানে কতকগুলি নীতির প্রশ্ন উঠছে। আপনি বল্লেন মুলতবী প্রস্তাব এমন অবস্থার উপর দিতে হবে যা সত্যই গুরুত্বপূর্ণ। একজন মেম্বারের

কাছে যা নাকি গুরুত্বপূর্ণ তা নিয়ে আপনার সঙ্গে মতের পার্থক্য হতে পারে। সেখানে কাগজে যা দেখলাম সেই কারণে যদি হয়, যে সেখানে টিয়ার গ্যাসিং হয়েছে, লাঠি চার্জ হয়েছে এবং চলেছে, আপনি বলছেন একটা স্ট্রাইক হল আর অমনি মুলতবী প্রস্তাব দেওয়া হল, স্ট্রাইক হলেই দেওয়া নিশ্চয়ই হয় না। কতকগুলি এমন জিনিস হয়েছে, এমন ঘটনা ঘটেছে, যার জন্য এটা গুরুত্বপূর্ণ মনে হয়। আমি কাগজে দেখেছি, তাই থেকে বলছি, এক্ষেত্রে নিজের অভিজ্ঞতা থেকে বলছি না। কিন্তু আমার কথা হচ্ছে সরকার যদি প্রতিদিন লাঠি চালান, গুলি চালান বা টিয়ার গ্যাসিং করেন তাহলে প্রতিদিনই মুলতবী প্রস্তাব দেওয়া হবে। তার দায়িত্ব আপনার বা আমার নয়, সেটা সরকারের দোষ, সরকারের দায়িত্ব, সেইজন্য সাধারণভাবে আমি বলছি, এখন যাঁরা এ্যাডজোর্নমেন্ট এনেছেন তাঁরাই বলবেন।

Sj. Chitto Basu: In my motion there is the question of tear-gassing and lathi charge.

Mr. Speaker: I have disallowed it, Mr. Basu. The most that I can do is to allow you to read the motion as I have done in the past. I will not allow a speech.

[9-10—9-20 a.m.]

Sj. Chitto Basu: Sir, I will simply read out my adjournment motion.

"The Assembly do now adjourn to discuss an urgent matter of public importance, viz., the fact that the police indiscriminately lathi-charged and tear-gassed a group of workers of the Bengal Chemical and Pharmaceutical Works Ltd. at Panihati on Friday, the 7th March, 1958, when they were holding a meeting at the Factory gate, causing injuries to three of them and arrested thirteen workers, and has created an atmosphere of panic and terror in the area in order to break their peaceful and lawful strike as a protest against the lock-out of the Main Factory at Maniktalla."

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I think, Sir, the same information which my friends want they can get by a short-notice question if it is an important matter.

Sj Sunil Das:

মাননীয় স্পীকারমহাশয়, দুঃখের সঙ্গে বলতে হয় আমাদের যে অভিজ্ঞতা সেটা অন্য রকম। সর্ট নোটিস কোশ্চেন আমরা টেবিল করি কিন্তু ৩।৪ মাস আগে জবাব পাওয়া যায় না।

Mr. Speaker:

কি বলছেন? সর্ট নোটিস কোয়েশ্চেনএর জবাব পেতে ৩।৪ মাস লাগে?

Sj Sunil Das:

এই ব্যাপারে বলতে চাই, আপনি যে কথা বলছেন তার সঙ্গে সম্পূর্ণ একমত যে লঘুচিত্ততার সঙ্গে কোন এ্যাডজোর্নমেন্ট মোশন আনা ঠিক নয়, আমি যে এ্যাডজোর্নমেন্ট মোশন এনেছি তা আমার প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকেই এনেছি।

Mr. Speaker:

স্পিচ দেবেন না।

Read your motion please.

Sj Sunil Das:

হাউজএ যা বলেন তাতে আমাদের সম্বন্ধে ভুল ধারণার সৃষ্টি হতে পারে, এ্যাডজোর্নমেন্ট মোশন সম্বন্ধে ভুল ধারণার সৃষ্টি হতে পারে। কাল রাত ১০টা থেকে দুটো পর্যন্ত মাননীয় হেমন্ত বসু এবং মাননীয় চিত্ত বসু ও আমি সেখানে ছিলাম। আমাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে আমি এই এ্যাডজোর্নমেন্ট মোশন এনেছি।

Mr. Speaker: Read your motion.

Sj. Sunil Das: I am reading out my adjournment motion.

"The House do now stand adjourned to discuss an urgent matter of public importance and of recent occurrence, viz., the unjustified arrest of thirteen workers of the Panihati factory of the Bengal Chemical and Pharmaceutical Works in the afternoon of the 7th March, 1958, and the indiscriminate and wanton lathi-charge and tear-gassing of peaceful striking workmen of the above factory in the evening of the same day resulting in widespread indignation in the locality and panic among the workers of the Bengal Chemical and Pharmaceutical Works and tending to disturb the industrial peace of the locality."

Sj. Deben Sen:

সভাপাল মহাশয়, আমি অধিকারগত প্রশ্ন তুলছি, আমাদের এ্যাডজোর্নমেন্ট মোশন আনার ন্যায়সংগত কারণ আছে, আপনি যে-সমস্ত কারণ দেখিয়েছেন সেগুলি অযৌক্তিক নয়, আপনার নির্দেশ আমি মেনে নিচ্ছি, কিন্তু প্রতিদিন যে ঘটনা ঘটে, যেটা আমরা মনে করি গুরুতর, তার আলোচনা আমরা কিভাবে আনতে পারি? লোকসভায় দেখেছি প্রত্যেক দিন–

Mr. Speaker: You come to my chamber and discuss it.

Sj. Deben Sen:

আমার প্রশ্ন অধিকারগত প্রশ্ন, সেটা কিভাবে সুরক্ষিত করবেন? আপনার ঘরের ভিতর আলোচনা করে আমাদের অধিকার রক্ষিত হবে না।

Mr. Speaker: I will discuss with you in my chamber for any length of time you like. I will try to preserve the privileges of the members and not take them away.

Sj. Dasarathi Tah:

গোপন কথা হবে কেন? আমরা সকলে শুনতে চাই।

Mr. Speaker: You all come to my chamber—as many of you as you like—I will meet you in the Committee Room if the number is too big, but not today.

Sj. Deben Sen:

সভাপাল মহাশয়, লোকসভায় যে প্রসিডিওর এ্যাডপ্টেড হয়েছে সেই প্রসিডিওর এখানে এ্যাডপ্টেড হোক।

Sj. Jatindra Chandra Chakrovorty:

লেবার মিনিস্টার একটা স্টেটমেন্ট দিন। সেদিন আমরা যে এ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছিলাম, মুখ্যমন্ত্রী মহাশয়ও তখন ছিলেন, বলা হল লেবার মিনিস্টার নাকি একটা স্টেটমেন্ট দেবেন এই সম্পর্কে।

Mr. Speaker:

কিসের সম্পর্কে?

Sj. Jatindra Chandra Chakrovorty:

বেঙ্গল চেম্বারএ যে লক-আউট চলছিল, ডিসপিউট চলছিল, সেদিন মুখ্যমন্ত্রী মহাশয় বল্লেন যে, এনকোয়ারী করে একটা স্টেটমেন্ট দেবেন, আজকে সেই স্টেটমেন্ট দিন।

Mr. Speaker: He is not ready with the report that he promised to give.

Sj. Jatindra Chandra Chakrovorty:

কবে পাব?

Mr. Speaker:

সোমবার কিংবা মঙ্গলবার।

Mr. Speaker: The point is sometimes discussion in the chamber is n necessary. If a ruling is to be given, I will give the ruling in the who House where pressmen and all are present. But for discussion across th table, the chamber is not suited for it.

Dr. Hirendra Kumar Chattopadhyay:

স্যার, আমার একটা কথা বলবার আছে, যে কথা বলেছিলেন দেবেনবাবু, প্রিভিলেজ পয়েন্ট, আপনি বলেছেন আপনার ঘরে যেতে—তার একটা এডুকেটিভ ভ্যালু আছে কিন্ বাইরের লোক, প্রেসএর লোক যারা আছেন—

Mr. Speaker:

প্রেসের লোকের সঙ্গে কোন কারবার নাই।

Dr. Hirendra Kumar Chattopadhyay:

আমি ডিসকাশনএর কথা বলছি না, একটা এডুকেশন ভ্যালু আছে কিন্তু পয়েন্ট অব প্রিভিলেজ হলে সকলেরই বুঝবার সুবিধা হয়, জগতের লোক সবাই বুঝতে পারবে।

Mr. Speaker: Not necessary.

GOVERNMENT BILL

The Calcutta Slum Clearance Bill, 1957, as reported by the Joint Committee

Dr. Narayan Chandra Ray:

শ্রদ্ধেয় সভাপাল মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বিধানসভার সামনে এবং আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় যিনি এই বিল এনেছেন, তাঁর সামনে আমার কতকগুলি বক্তব্য রাখতে চাই এবং আমার বক্তব্য রাখার আগে তাঁকে স্মরণ করিয়ে দিচ্ছি যে তাঁর বক্তৃতার মধ্যে একটা গভীর আবেগ ছিল, একটা আদর্শগত কথা ছিল। আমরা যখন এপক্ষ থেকে তার বিরুদ্ধে বলতে যাচ্ছি তখন আমরাও একটা আদর্শগত কথা এবং সেইরকমই আবেগগত কথা আপনার সামনে রাখতে চাচ্ছি। আশা করি তিনি এটা একটু গুরুত্ব দিয়ে দেখবেন। আমি আমার বক্তব্য পেশ করার আগে মন্ত্রীমহাশয়ের কতকগুলি গুরুত্বপূর্ণ কথা—এ কোন পথে ঘাটের বক্তৃতা নয়—আমাদের মন্ত্রীমহাশয়, যিনি এই বিল পরিচালনা করছেন, তাঁর মুখ দিয়ে বল কথা, সেগুলি গুরুত্ব দিয়ে বিচার করে আমার বক্তব্য রাখবো। তিনি এই বিলের মধ্যে শুধু কেলকাতা পরিষ্কারের কথা, বস্তীর উন্নতির কথা রাখেন নি, তিনি এর মধ্যে বারে বারে উল্লেখ করেছেন রাজনীতির কথা। তাই সে সম্বন্ধে আমরাও কি ভাবছি সেটাও তাঁর জানার দরকার আছে। তাঁর বক্তৃতার মধ্যে ছিল বাইরের মানুষ এই উন্নতির বিরোধিতা করছে, সত্যই কি তাই? মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো তিনি বক্তব্যগুলি বুঝবার চেষ্টা করুন, এ্যাক্রস দি টেবল শুধু আলোচনা, বাক-বিতণ্ডার দ্বারা এত গুরুত্বপূর্ণ জিনিসের সমাধান হবে না, তাতে শান্তিও আসে না। তিনি যা বলেছেন, সে কথা বিচার করে বলছি যে, তাঁর বক্তৃতার মধ্যে ছিল যেন আমরা বিরোধিতা করছি, আমরা কি কলকাতার উন্নতির বিরোধিতা করছি? তাঁর বক্তৃতার মধ্যে স্লেভসএর কথা দিয়ে তিনি বলেছিলেন যে, স্লেভসদের মুক্তি দেবার কথা হওয়ার সময় স্লেভসরা নাকি মুক্তি চায় নি। বস্তীর মানুষ, নোংরা মানুষ, তারা পরিষ্কার জায়গায় থাকবে এ প্রশ্নে তারা আপত্তি করছে, তারা নর্দমায় থাকতে খুব পছন্দ করে, নোংরা জল খুব পছন্দ করে, সেজন্য তারা ভয়ঙ্কর আপত্তি করছে, এই কি কথা? রাজপ্রাসাদে বাস করে কোন মানুষের এ-কথা বলার অধিকার আছে যে, বস্তীর মানুষ, তারা বস্তীর উন্নতি চায় না? বস্তীর পিতামাতা ছোট ছোট বাচ্চাগুলিকে নিয়ে যেখানে কাঁকড়া বিছে, পোকা, পাশে নর্দমা, পায়খানা আছে, সেখানে বালিশ পেতে শুইয়ে দেন, অর্ধেক বাচ্চাই ঐ আবহাওয়ার জন্য থেকে মারা যায়। কোন্ মন্ত্রীমহাশয়ের এটা দাবী করবার অধিকার আছে যে, বস্তীর মানুষের চেয়ে, বস্তীর বাপ-মায়ের চেয়ে বস্তীর উন্নতি করবার অগ্রহ তাঁর বেশী আছে? বস্তীর মানুষ এর বিরোধিতা করছে এটা বলার কোন্ অধিকার আপনার আছে? আজ ৪০ বছর আগে কি আপনার এই সুবিধা, এই অধিকার ছিল না, কল, পায়খানা তাদের

কি দিতে পারতেন না। আপনাদের হাতেই আইন ছিল, গত ১০ বছর ধরে আপনারাই মন্ত্রী আছেন, আপনারাই গদীতে আছেন। আপনারাইত নোংরা জায়গাগুলিকে পরিষ্কার করতে দিতে চান না।

[9-20—9-30 a.m.]

আজকে কোনরকম একটা মনে মনে মতলব এসেছে—তারই জন্য বস্তী নোংরা, বস্তী খারাপ, বস্তীকে ভাল করতে হবে, তাই নীতিগত, স্বার্থগত প্রশ্ন উঠেছে। এর আগে আইন ছিল না? আপনারা সরকারে ছিলেন না? এর আগে বস্তী ময়লা ছিল না, এই ১০ বছর আপনারা কি করেছেন? আপনাদের হাত থেকে যখন উন্নতির প্রশ্ন আসে, মানুষ আতংকিত হয়ে উঠে। আজ ৪০ বছরের ইতিহাস, মানুষকে নিয়ে ছেঁড়া-পাতার মত, এঁটো পাতার মত আপনারা তাদের নিয়ে ব্যবহার করেছেন। আমার বলবার অধিকার আছে, আমি জন্মগত হিসাবে এই ২০০ বছরের ইতিহাস, আমার কলকাতার বংশ। আমার নিজের বাড়ী ছিল, যেখানে সেন্ট্রাল এভিনিউ চলে গেছে, আমার আশেপাশে বস্তীতে মানুষ ছিল, চারিধারে বস্তী ছিল। ৪০ বছরের ইতিহাসে কলকাতার মানুষ জানে বস্তী উন্নয়নের মানে মানুষের সংগে এঁটো পাতার মত ব্যবহার করেছেন—তার বেশী কিছু করেন নি। আপনার কাগজে যে হিসেব রয়েছে—এই যে কয়েক লক্ষ মানুষ বস্তী ভাংগার পর উঠে চলে গেছে, তারা কোথায় গিয়েছে, কোন জায়গায় গিয়েছে, আপনারা তা জানেন না। আপনারা কোনদিন গিয়ে দেখেন নি তারা কোথায় বাস করে, কোন ময়লা জলে তারা বাস করে—তারা মানুষ, তারা ছেলে-মেয়ে নিয়ে ঘর করে, আপনার আমার মত তারাও সংসার করে, এখানে পিতৃত্ব, এখানে মাতৃত্ব, সব কিছু এখানে চলেছে, এটা একটা মানুষের জায়গা। আপনি নোংরা জায়গা বলে ধ্বংস করে এসেছেন এতদিন ধরে। আপনাদের হাতে বস্তীর মানুষ কোনদিন মায়া পায়নি, আজ ৪০ বছরের মধ্যে একটা ঘটনা আপনি দেখাতে পারেন না, বস্তীর মানুষের ভালর জন্য আপনি ভাল কাজ করেছেন। কলিকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট বা আপনাদের রোড স্কীম যখন যাকে ধ্বংস করতে চেয়েছেন, যখন যেখানে বাড়ী করতে চেয়েছেন, আপনারা সেখানে প্রয়োগ করেছেন। আজকে যদি মানুষ আপনার কথায় সন্দেহ প্রকাশ করে, আপনাকে বিশ্বাস না করে, আপনার সেটা নিজের দোষ, সেটা মানুষের দোষ নয়। আমরা এখানে আপনাদের সামনে কি বলতে চাইছি—আপনারা এখানে এইভাবে বলেছেন যেন একটা রাজনীতির জন্যই আমরা এখানে সাধারণভাবে বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার সামনে ঘোষণা করছি যে, এটা বিরোধিতা নয়, আজকে বিধানসভার সামনে, সাধারণ মানুষের সামনে আমরা বিরোধী পক্ষ থেকে এই বস্তী উদ্ধারের জন্য, বস্তী উন্নয়নের জন্য বিকল্প রাস্তা আপনাকে দেখাচ্ছি। আমরা দেখাচ্ছি যে, মানুষকে ধ্বংস করেই বস্তী উন্নতি করা যায় না; মানুষকে ঐখানে বজায় রেখে, তার অন্ন-রুটী বজায় রেখে দ্বিতীয় একটা বিকল্প রাস্তা আছে। আজ যদি সরকার হিসাবে মানুষের ভাল চান, মানুষ নিজেই এখান থেকে—বারে বারে আন্দোলনের মধ্যে, আপনার কাছে প্রতিনিধি পাঠিয়ে এই কথাটা জানাতে চাচ্ছে, সেটা হচ্ছে বিকল্প পথ। আপনারা ধরে রেখেছেন মানুষকে উৎখাত করে সেই জমিটা নিয়ে, বিভিন্ন জায়গায় বন্টন করে বা সরকারের হাত থেকে নিজেরা তৈরী করে ঐ একমাত্র রাস্তা যাতে বস্তীর উন্নতি হতে পারে, যাতে কলকাতার উন্নতি হতে পারে। আমি আপনার কাছে যেটা পরিবেশন করতে এসেছি—এ ছাড়া আরেকটা রাস্তা আছে। আপনারা যখন ভারতবর্ষের উন্নতির জন্য বলেন, তখন আপনারা পাবলিক সেক্টার, প্রাইভেট সেক্টর, এবং ভেস্টেড ইন্টারেস্ট-এর কথাও ভাবেন। আজকে যদি এখানে আমি বলি আপনাদের টাকা কম, আপনাদের সামর্থ্য কম, তাহলে কেন পাশাপাশি দুটো লাইন করবেন না, সরকারী প্রচেষ্টার পাশাপাশি প্রাইভেট ইনিসিয়েটিভকে কেন আপনি নেবেন না? আজকে এই প্রশ্নটাই আমি তুলে ধরবো। আমাদের প্রস্তাবে আছে এই বিকল্প পথের কথা। এটা বলার সময় আমরা এই কথাটা আপনাকে জানাচ্ছি, আপনারই মারফতে পরিবেশিত হয়েছে "হাউজিং ইন দি সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান", এর মাঝখানে আপনি ৩ নম্বর আর ৫ নম্বর পাতা পড়ে দেখুন, যেখানে বারে বারে বলছে সেটা হচ্ছে—

in developing private construction emphasis should be on providing facilities to enable persons of moderate means to build houses for themselves.

ইন্ডিয়া গভর্নমেন্ট ওখান থেকে যে প্রয়োজন বোধ করছে যে তার নিজের টাকায় এতগুলি হতে পারে না, প্রাইভেট ইনিসিয়েটিভকে নিতে হবে, আর আপনি প্রাইভেট ইনিসিয়েটিভ বাদ দিয়ে আপনি এখানে কি বলছেন, না ভেস্টেড ইন্টারেস্ট। আমি এই ভেস্টেড ইন্টারেস্টের অপ্রবাদিকের আরেকটা চিত্র তুলে ধরব। আজকে সেই ভেস্টেড ইন্টারেস্ট বঞ্চিত হয়ে যাচ্ছে এবং বঞ্চিত আমরা নিশ্চয়ই করব। যার জন্য আজকে জালান সাহেবের এত ভয়ঙ্কর রাগ, এত অভিযোগ। আপনি, স্যার, এই বইয়ের ২ নম্বর পাতায় দেখুন যে, ইন্ডিয়া গভর্নমেন্ট এর কাছ থেকে যে কো-অপারেটিভ হাউজিংএর কথা যা রয়েছে, সেখানে প্রাইভেট ইনিসিয়েটিভএর কথা রয়েছে, সেখানে আরেকটা কথা রয়েছে, অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা যে হাউজিং-এর এক-একটা বোর্ড করার পর কেনালাইজ রিসোরসেস। শুধু ২ কোটি ৮০ লক্ষর কথা নয়। লাইফ ইন্সিওরেন্স কর্পোরেশন, ব্যাঙ্ক আছে ইত্যাদি বিভিন্ন জায়গা থেকে ক্যানালাইজ রিসোরসেস ইনটু দি বোর্ড, এই কথাটা আপনি ৫ নম্বর পাতায় উল্লেখ পাবেন। আমি এ-সম্বন্ধে আজকে বলছি না, কেন না আমি আপনার বিরুদ্ধে অভিযোগ করব যে—
you are playing into the hands of vested interests.....
আমরা এখানে যে বিকল্প ব্যবস্থার কথা তুলেছি, তাতে আমরা একথা বলি নি যে, সরকার হাতে নেবেন না, সরকার নিজে কনস্ট্রাকসন করবেন না এ-কথা বলি নি। আমরা রেকমেন্ডেশনএর কথা বলছি, পুনর্বিবেচনার জন্য আবার ফেরত পাঠাতে বলছি, তার কারণ হচ্ছে এই, আমরা বিশ্বাস করি যদি বস্তীর মানুষকে আপনারা রিসোরসেস দেন, তাদের অধিকার দেন, নতুন করে বস্তীটা পুনর্গঠন করতে দেন, আপনার প্ল্যান দিয়ে করতে দেন তাহলে আপনার কি কি লাভ হতে পারে। আজ বিধানসভার বাহিরে যাঁরা আছেন আমার কাউকে বলতে হবে না সরকারী কন্ট্রাক্টরএর হাত দিয়ে যে জিনিস, যে খরচে যতটা ভাল করে হয়, বস্তীর মানুষ যে নিজের হাতে কনস্ট্রাকশন করবে, নিজে মজুর নিয়ে করবে, যে দাঁড়িয়ে করবে, সে যে এর চেয়ে অনেক কম খরচে করবে এবং অনেক ভাল জিনিস করবে—বাংলাদেশের বিভিন্ন জায়গায় কন্ট্রাক্টরএর মারফতে সরকারী বিল্ডিংএর ইতিহাস যাঁরা জানেন প্রত্যেকে আমার এই কথা স্বীকার করবেন। যে জিনিস আপনি ৩০ হাজার টাকায় করবেন সেই জিনিস বাহিরের মানুষ নিজে হাতে, নিজে দাঁড়িয়ে ২০ হাজার টাকায় করে দেবে, আপনি যদি সেই অধিকার দেন। আপনার যে রিসোরসেস আছে, আপনি যদি ক্যানালাইজেশন অফ রিসোরসেস করেন, তার চেয়ে আপনি কত টাকা পেতে পারেন দেখুন। অনেক লোক আছে যারা অধিকার পেলে নিজের টাকায় এটা গড়ে নিতে পারেন, অনেক লোক আছে যারা অধিকার পেলে আত্মীয়স্বজন, বন্ধুবান্ধবের কাছ থেকে ধার করে নিতে পারে এবং অনেক লোক আছে যারা বন্ধক রেখে সরকারের কাছ থেকে ধার নিতে পারে, ২৬ বছর কিংবা ২৭ বছর পর তারা আপনাকে শোধ দিয়ে দেবে। আপনার টাকাও অনেক কম লাগবে। আপনার জিনিস গড়ে উঠবে, অনেক মজবুত এবং অনেক সুন্দর। আরেকটা জিনিস স্মরণ করিয়ে দিতে চাই যে, এখানে যদি সেই রকমে বস্তীর মানুষকে সেইখানটা ভাল করে গড়ে তোলবার অধিকার আপনি দেন, সেখানে আপনার আরও খরচ কম পড়বে। আমরা সকলে গিয়ে বস্তীর মানুষকে বলব তোমাদের জায়গা পরিষ্কার করবার জন্য মাপ কর, জরিপ করা, এই সমস্ত কাজ তোমরা কর তাহলে রাইটার্স বিল্ডিংসএর অরগানাইজেশনএর কোন প্রয়োজন নাই। অর্ধেক খরচ আমরা নিজের হাতে তুলে নিচ্ছি। তারা নিজেরা দাঁড়িয়ে করে দেবে, আপনাকে তারা হিসেব-নিকেশ করে দেবে, আপনার খরচ অনেক কমে যাবে। আজকে সেইজন্যই অনুরোধ করেছি, পুনর্বিবেচনার জন্য বলেছি, বিরোধিতা করবার জন্যই বলি নি। কলকাতা সহরের পুনর্গঠন হউক, বস্তী সুন্দর হউক এটা আপনার চেয়ে আমরা কেউই কম চাই না। কেবল আপনি যা চাইছেন তার চেয়ে অনেক ভাল করে, কি উপায়ে হতে পারে সেটাই আমরা আপনার সামনে রাখছি। আপনারা যেটা পারবেন সেটা করবেন, তার পাশ পাশি প্রাইভেট রিসোরসেস, প্রাইভেট ইনিসিয়েটিভও রাখবেন। যদি আপনারা ঠিকা-প্রজাদের সেই অধিকার দেন এই আইনের বলে তাহলে তারা নিজেদের প্রচেষ্টায়ই বস্তিগুলি সুন্দর করে গড়ে তুলবে।

[9-30—9-40 a.m.]

এর জন্য কি করা প্রয়োজন ছিল? প্রয়োজন ছিল, আপনার বক্তব্যের মধ্যে যা ছিল কতকগুলি জিনিস, সেটাকে একটা মতলব বলতে হয়, আপনার বিলের মধ্যে ছিল, আপনি নিজেও ব্যবহার করেছেন সেই শব্দটা, মেইন পারপাজ অফ দি বিল, নিজেই বলেছেন প্রাইমারিলি ফিক্সিং দি কমপেনসেশন; এই কথা বলেছেন এই বিলের উদ্দেশ্যে, এ্যাকুইজিশনএর একটা নূতন রকম পদ্ধতি। বিভিন্ন আইন আছে, জমি এ্যাকোয়ার করবার আইন আছে, আপনার বক্তব্যের মধ্যে এগুলি গুরুত্বপূর্ণ কথা ছিল। আপনি সেখানে একটা নূতন রকম পদ্ধতি এ্যাকুইজেশনএর স্থাপন করতে যাচ্ছেন। আপনার বক্তব্যের মধ্যে ছিল কমপেনসেশন একটা নূতন নীতিতে ফিক্সিং করতে চাচ্ছেন। আজকে আমাদের সামনে জয়েন্ট সিলেক্ট কমিটির বিলটা রয়েছে, হাউসের অনুমতি চাচ্ছেন। যেহেতু এই বিলটা এখন হাউসের সম্পত্তি, যে বিলের মাধ্যমে এই বিলটা এসেছে, সেটাও হাউসের সম্পত্তি ছিল। সেটাও জয়েন্ট সিলেক্ট কমিটির সামনে পাঠিয়েছিলেন, তাতেও আপনাদের স্বরূপ, আপনাদের নীতির স্বরূপ দেখা যাবে, সেই বিলটা এনে আলোচনা করলে, সেই বিলটার কথাও আলোচনা করতে চাই।

আপনি ভেস্টেড ইন্টারেস্টএর কথা বলেছেন, আপনি জমি এ্যাকোয়ারএর কথা বলেছেন। অথচ আপনি বলছেন টাকা নাই। সেখানে আপনি কি বন্দোবস্ত করতে চাচ্ছেন যে, জিনিস জয়েন্ট সিলেক্ট কমিটি, আপনাকে এ-বিষয়ে বেঁধে দিয়েছেন, সংশোধন করে দিয়েছেন? জয়েন্ট সিলেক্ট কমিটিতে বামপন্থী আন্দোলন আপনাদের সামনে কি ব্যবস্থা করেছেন? একটা কনস্ট্রাকশন প্রবলেম এনেছেন যে, আপনাদের অত টাকা নাই। তবে এটা কেন এনেছিলেন? তাহলে আপনি কাদের হাত দিয়ে করবেন ভেবেছিলেন? এটা আপনার গোপন ছিল না কি? ৬ নম্বর সেকশনএর ২ নম্বর উপধারায় যে সেকশনটি আছে, সেটা জয়েন্ট সিলেক্ট কমিটি কেটে দিয়েছেন। তার মাঝখানে পরিষ্কার করে ভেস্টেড ইন্টারেস্টএর কথা ছিল। আপনারা সেটা রেখেছিলেন। তার মধ্যে ছিল এই কাজ করতে পারবে না। সেই কাজ করবার জন্য সরকার হয়ত ইম্প্রুভমেন্ট ট্রাস্টএর ন্যায় পাবলিক ট্রাস্ট, হাউসিং বিল্ডিং কর্পোরেশন বোর্ড ইত্যাদি দ্বারা করবেন।

মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি হয়ত অবগত নন, এই ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট যখন বিধানসভায় পাশ হয়, তখন চারিদিকে বিভিন্ন জায়গায়, বড় বড় কোম্পানী গড়ে উঠেছিল। হাউস বিল্ডিং কোম্পানী ইত্যাদি গড়ে উঠেছিল। এখন আবার সেই ভেস্টেড ইন্টারেস্ট-এর কথা তাঁরা বলছেন। যখন সেই বিল পাশ হয়, তখন রক্তপিপাসু বাঘের মত চারিদিকে তাঁরা ঘুরে ঘুরে বেড়িয়েছিলেন। আজ সেই ভেস্টেড ইন্টারেস্টএর কথা শুনতে হবে বিপ্লবী জ্যোতি সাহেবের কাছ থেকে? যাঁরা আন্দোলন করতে এসেছে, তাঁরা বস্তিবাসীদের স্বার্থের মধ্যে শুধু বাড়ীওয়ালাদের স্বার্থ দেখছেন! আমার বক্তব্যের শেষ দিকে আমি তাঁকে জানাচ্ছি কি প্রয়োজন আছে, আপনি যদি মানুষের সহযোগিতা নেন, আপনি যদি বড়ীর লাইন করেন? কয়েকটা জায়গায় এর সংশোধন হলেই হবে। ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টএর কয়েকটা সংশোধনের প্রয়োজন হতে পারে ল্যান্ড এ্যাকুইজিশনএর পদ্ধতি পরিবর্তনের জন্য। এইরকম একটা প্রস্তাব আপনি জয়েন্ট সিলেক্ট কমিটিতে পুনর্বিবেচনার জন্য আনুন। যেখানে যেখানে বস্তীর জায়গা আছে বলা হয়েছে, সেগুলি সরকার হাতে তুলে নিন। তারপর কমপেনসেশন সম্বন্ধে একটু নিয়মের পরিবর্তন সাধন করুন। রেন্ট সম্বন্ধে বিবেচনা করুন। নূতন আইন যা কমপেনসেশনএর জন্য করতে আপনি বাধ্য হয়েছেন, সেগুলি কার্যে পরিণত করুন। আপনি কর্পোরেশনকে অধিকার দেন, এই রাইট আপনারা নিজেরা করে দিন সেখানে, ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট বদল করে, সাধারণ বস্তিবাসী মানুষকে সেখানে অধিকার দেন। এগুলি সংশোধন করুন। তাহলে দেখবেন কলকাতার সাধারণ মানুষ আপনাদের চেয়ে কত দ্রুত তালে এগিয়ে যেতে পারে।

এখানে আমার বক্তব্য শেষ করবার আগে আমি অধ্যক্ষমহাশয়ের মারফৎ এই বিধানসভার সামনে, মন্ত্রীমণ্ডলীর সামনে এই কথা বলতে চাই। এটা আমার আগের বক্তারা বলেছেন, পরের বক্তারাও আরো ফুটিয়ে তুলবেন। আপনার এই বিলের মধ্যে বিরাট ল্যাকুনা আছে, বিরাট ভুল আছে। সেটা সংশোধন না করলে কলকাতায় কারো মনে শান্তি আনতে আপনারা পারবেন না।

আপনাদের চোখে বস্তী হচ্ছে থাকার জায়গা। কিন্তু এটা শুধু থাকবার জায়গায়ই নয়, সেখানে মানুষ থাকে, এবং থেকে অন্ন-সংস্থান করে। এ জিনিসটা আপনাদের জানা দরকার। বস্তীতে যে ঘর-ভাড়া নিয়েছে, সেখানে সে কাজ করে, হয়ত বা রাতে ফুটপাতে শোয়। সেই মানুষকে আপনারা দোতলা-তেতলা বাড়ী করে থাকবার স্থান দিয়ে নাম কিনতে চান, আপনারা তাদের মেহেরবানী করতে যাচ্ছেন, থাকবার জায়গা দিয়ে তাদের উচ্ছেদ করতে চাচ্ছেন। বস্তী যদি কেবল থাকবার জায়গা হ'ত, তাহলে আলাদা কথা। বস্তীর চোদ্দ আনা জায়গা থাকবার জায়গা নয়, সেই চোদ্দ আনা জায়গা হচ্ছে তাদের রুজিরোজগারের জায়গা। আপনারা মন্ত্রী হিসেবে হয়ত বা দু-একটা জায়গা ঘুরে এসে থাকতে পারেন। বস্তীর মধ্যে গিয়ে সেখানে দেখবেন, বস্তীর ১৬ আনাই হচ্ছে রুজিরোজগারের জায়গা। সেখানে নানা রকম কাজকর্ম হয়। কিছু না হোক কাগজের ঠোঙ্গা তৈরী হচ্ছে। এইভাবে মানুষের দিন গুজরান হচ্ছে। আপনারা হয়ত ভাববেন অন্য কথা। সম্প্রতি আমার কাছে এক বৃদ্ধা মহিলা এসে বললেন, এই জায়গার তো উন্নতি হবে, তোমাদের এখানে পাকা বাড়ী তৈরী হবে। কিন্তু আমার ছেলে দৈনিক বার আনা মজুরী পায় একটা দপ্তরীর দোকানে, আমার মেয়ে এখানে গেটে গুল দিয়ে পয় ছয় আনা। এদের কি ব্যবস্থা হবে? সুতরাং গরীব মানুষের আঠারো আনা রোজগার আপনারা কেড়ে নিচ্ছেন। সেই ক্ষেত্রে তাদের জন্য আপনারা কি ব্যবস্থা করছেন, সেটা আমি জানতে চাই। আজ ১৯৫৮ সাল, তা আপনি বললেই ছেড়ে দেব না! আমাদের অধিকার আছে এখানে থাকবার ও রুজিরোজগার করবার। সোজা কথা আপনারা যদি এদের কথা না শোনেন, পথে-ঘাটে এদের কথা শোনবার জন্য যা করা দরকার তার চেষ্টা করা হবে নিশ্চয়ই।

আপনারা বলছেন ভাড়াটেকে মালিক করছি, তাদের ভাল করছি। এই কথা পরিবেশন আপনারা অন্য জায়গায় গিয়ে করবেন। বস্তিবাসী মানুষ তাতে ভোলে না। আপনারা বুদ্ধিমান লোক, আপনারা বস্তী তুলে দেবার জন্য একটা শব্দ ব্যবহার করছেন—কমপেয়ারেবল রেন্ট। এটা আপনারা নির্দিষ্ট করে দেন নাই। কেন এটা দিয়েছেন তা বুঝি। ওখান থেকে ফিরে আসবার জন্য ৬ নম্বরের ৩ উপধারায় বলেছেন। তখন কি ভাড়া হবে, যখন ফিরে আসতে হবে? কোন মানুষকে বস্তী থেকে তোলবার সময় বলছেন—ভাড়া কাছাকাছি হবে। যখন ফিরে আসবে তখন ভাড়াটা কি দিতে হবে, তা আপনারা বলতে পারছেন না। বস্তী ভাঙবার জন্য, বস্তী থেকে তাদের তুলে দেবার সময় মিলিটারী দিয়ে তাদের উচ্ছেদ করবেন। কমপেয়ারেবল রেন্ট বলছেন বস্তী থেকে তাদের তুলে দেবার পূর্বে, তারপর বস্তী ভেঙ্গে মাঠ করেছেন, পাকা-বাড়ী তৈরী করেছেন। তখন সেই বাড়ীর ভাড়া ২৫ টাকা বলেন বা ১০ টাকা বলুন, যদি সেই ভাড়া সে দিতে না পারে, তাহলে তাকে ধাপায় চলে যেতে হবে, কলকাতার বাইরে চলে যেতে হবে। তখন মানুষ ডিসেন্ট্র্যালাইজড হয়ে গেছে, লড়াই করবার কোন ক্ষমতা আর নাই। কেন এখন সে ভাড়াটার কথা বলতে পারছেন না? এটা কি আপনারা সদুদ্দেশ্যে বলেছেন? ফিরে আসার পর এই ভাড়া থাকবে, এটা কেন বলবেন না? ৪১ বছরের ইতিহাস রয়েছে, আপনাদিগকে কেউ বিশ্বাস করবে না। এই আইন পাশ হলে যাবার সময় যে-অবস্থা বিরোধ করবে। এটা আমরা চাই না, তাতে আমাদের অশান্তি, আপনাদেরও অপমান। সুতরাং আমরা চাই এই আইনটা পুনর্বিবেচনার জন্য আবার জয়েন্ট সিলেক্ট কমিটিতে ফিরে যাক, আবার সেটা মানুষের মত, মানুষের মুখ চেয়ে তৈরী হয়ে আসুক। তাঁরা মানুষের সুখ-সুবিধার আইন করবেন। তাঁদের পাশে দাঁড়িয়ে আমরা সহযোগিতা করবো; বস্তীতে বস্তীতে গিয়ে আপনাদের কর্মচারীর হয়ে আমরা ম্যাপজোক করে যাব। সে কাজ করতে আপনাদের কর্মচারীর প্রয়োজন হবে না। এই প্রস্তাব আপনাদের সামনে রেখে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Jagannath Majumdar:

স্যার, আজকাল হাউসকে এ্যাড্রেস করবার পদ্ধতি কি বদলে গেছে? বেশীর ভাগ ক্ষেত্রে আমরা দেখছি হাউসকে এ্যাড্রেস করবার সময় স্পীকারকে এ্যাড্রেস না করে পার্টিকুলার মেম্বার বা মিনিস্টারকে এ্যাড্রেস করা হচ্ছে।

(এ ভয়েসঃ সেটা ভুল)

Mr. Speaker: The old practice is still continuing. Nobody is to address anybody other than the Speaker but perhaps sometimes in the fit of excitement the honourable members do it otherwise.

[9-40—9-50 a.m.]

Sj. Apurba Lal Majumder:

মাননীয় স্পীকারমহাশয়, আজ যে বিলটা উত্থাপন করা হয়েছে, তার উদ্দেশ্য সম্পর্কে মতবিরোধ না থাকলেও যেভাবে বিলটা উত্থাপন করা হয়েছে তার বিরোধিতা করবার জন্য আমি উঠে দাঁড়িয়েছি। দি ক্যালকাটা স্লাম ক্লিয়ারেন্স এ্যান্ড রিহ্যাবিলিটেশন অফ স্লাম ডুয়েলার্স বিল, বিলটায় যদিও মুখ্য উদ্দেশ্য হিসাবে বলা হয়েছে যে, কলকাতা এবং ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে যত স্লাম অধিবাসী আছে, তাদের সেখান থেকে সরিয়ে নিয়ে গিয়ে পুনর্বসতির ব্যবস্থা করা হবে এবং যদি সম্ভব হয় তাহলে সেই জায়গাতে নূতন গৃহ নির্মাণ করে তাদের বসবাসের ব্যবস্থা করে দেওয়া হবে। নীতিগত দিক থেকে স্লামের উন্নয়ন করে একটা ভাল স্বাস্থ্যকর পরিবেশের মধ্যে আমাদের বস্তিবাসীদের নিয়ে আসা সত্যি সমর্থনযোগ্য এবং আমি বামপন্থী তরফ থেকেও বলতে পারি যে, এটা করা উচিত। কিন্তু যদি দেখা যায় যে, স্লামের বস্তিবাসীদের উন্নয়নের নামে, বস্তিবাসীদের স্বাস্থ্যকর আবহাওয়া ও পারিপার্শিক অবস্থার উন্নয়নের নামে তাদের সেখান থেকে সরিয়ে দিয়ে সেখানে সরকারের কতকগুলি পেটোয়া লোকের ব্যবস্থা করা হচ্ছে তাহলে নিশ্চয় নীতিগতভাবে তার বিরোধিতা আমাদের করা দরকার। এই আইনের মধ্য দিয়ে হাওড়া ও কোলকাতার বস্তিবাসীদের মধ্যে এই প্রশ্নই আজকে সবচেয়ে বেশী দেখা দিচ্ছে যে, তাদের উন্নয়ন না করে হয়ত চিরকালের জন্য তাদের উচ্ছেদ করা হচ্ছে। এই সম্পর্কে গোড়ার দিকে কয়েকটা কথা বলা দরকার। কোলকাতা শহরে বা অন্যান্য ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে বস্তী কিভাবে গড়ে উঠেছে সেটা জানা দরকার। স্লামের ইতিহাস সম্বন্ধে পূর্বে ২।১ জন মাননীয় সদস্য আপনার কাছে নিবেদন করেছেন। অর্থাৎ আমাদের দেশের সামাজিক এবং অর্থনৈতিক অবস্থার চাপে পড়ে বিভিন্ন ইন্ডাস্ট্রিয়াল এরিয়া এবং বড় বড় শহরে বস্তীগুলি গড়ে উঠেছে। তবে এ সম্পর্কে বিস্তৃত কোন তথ্য আজকে আমাদের সামনে উত্থাপন করা হয় নি। এমন কি আমাদের সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান যখন রচিত হল তখন আমরা দেখেছিলাম যে, স্লাম ডুয়েলার্সদের অবস্থা কি, তাদের সোসিয়ো-ইকনমিক পজিশন কি। কিন্তু এই সম্পর্কে কোন বিস্তৃত তথ্য প্ল্যানিং কমিশনের সামনে পর্যন্ত উত্থাপন করা হয় নি। সেজন্য প্ল্যানিং কমিশনের সামনে সেই সমস্ত তথ্য না থাকার জন্য কোন একটা বিস্তৃত বা ব্যাপক ন্যাশনাল পলিসি তাঁরা গ্রহণ করেন নি, এই বস্তী অপসারণ বা বস্তী উন্নয়ন সম্পর্কে। কিছুদিন পূর্বে ১৯৫৩-৫৪এ যে-সমস্ত শহরে এবং গ্রামাঞ্চলে ন্যাশনাল স্যাম্পল সার্ভে করা হয়েছিল তার থেকে যে সামান্য তথ্য আমরা পাই সেই তথ্যের ভিত্তিতে আপনার কাছে নিবেদন করতে পারি যে, কোলকাতা শহরে আজ পর্যন্ত যত লোক বস্তীতে বাস করে তাদের আর্থিক অবস্থা কি, সে সম্পর্কে কোন তথ্য যখন এই বিল বিধানসভায় উপস্থিত করা হয় তখন আমরা মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে পারি নি। অর্থাৎ কত লোক আজ বস্তীতে বাস করে, তাদের মাসিক ইনকাম কত, তাঁরা কি ধরনের ট্রেড করে, কিভাবে তাদের অর্থনৈতিক পুনর্বাসন দেওয়া সম্ভবপর, অর্থাৎ রিহ্যাবিলিটেশন করা সম্ভবপর কিনা ইত্যাদি সে-সব তথ্য যোগাড় করা তিনি দরকার বলে মনে করেন নি বা আলোচনা করতে গেলে আমাদের সদস্যদের সামনে যে-সব তথ্য উত্থাপন করা দরকার তা রাখার দরকার তিনি মনে

করেন নি। কত লোক বস্তীতে বাস করে, বা তাদের অর্থনৈতিক অবস্থা সম্পর্কে কোন সঠিক ধারণা আমাদের নেই, অথচ তাদের আমরা রিহ্যাবিলিটেশন দিতে যাচ্ছি বা বস্তী উন্নয়নের ব্যবস্থা করতে যাচ্ছি। কিছুদিন পূর্বে ইউনিয়ন মিনিস্টার শ্রী কে, সি, রেড্ডির সভাপতিত্বে মহীশূরে সমস্ত হাউসিং মিনিস্টারদের যে সভা হয়েছিল, তাতে তিনি কোলকাতা সম্পর্কে বলতে গিয়ে বলেছিলেন যে, এখানে ওয়ান-থার্ড অফ দি পপুলেশন বস্তী অঞ্চলে বসবাস করে এবং বস্তীগুলি শহরের প্রায় ⅓ অংশ জুড়ে রয়েছে। অতএব এই যে একটা বিরাট সমস্যা যেখানে ৪ ভাগের এক ভাগ লোকের বাস বস্তীতে এবং সেই বস্তীগুলি শহরের ⅓ অংশ জুড়ে রয়েছে, সেখানে সেই বস্তীগুলির উন্নয়ন করা বা সেখানকার অধিবাসীদের সরিয়ে কোন সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করার জন্য যে কত বড় পরিকল্পনা দরকার, সে বিষয়ে সন্দেহ নেই। কিন্তু সেই পরিকল্পনায় হাত দিতে গেলে যে-সমস্ত বৈজ্ঞানিক তথ্য আমাদের দরকার সেই সমস্ত তথ্য পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ করে হাউসের সদস্যদের সামনে রাখা দরকার। আমি আশা করেছিলাম যে, এই বিষয়ে ভারপ্রাপ্ত মন্ত্রী অনেক তথ্য আমাদের কাছে উত্থাপন করে সুচিন্তিত পরিকল্পনা আমাদের সামনে রাখবেন যাতে আমরা আমাদের মত পেশ করতে পারি। কিন্তু তা না করে ⅓ অংশ জুড়ে যে বিরাট স্লাম এরিয়া বিশেষ করে হাওড়া এবং কোলকাতা শহরে রয়েছে তাদের কি করে উন্নয়ন করা যাবে তার কোনরকম তথ্য আজ পর্যন্ত আমাদের কাছে উত্থাপন করা হয় নি। আমরা দেখছি যে, সারা ভারতবর্ষ জুড়ে এই যে বাসস্থানের সমস্যা আজকে তীব্র থেকে তীব্রতর আকার ধারণ করছে। গত ২৩ সিকরেট ডিভএর যদি আমরা হিসাব রাখি তাহলে আমরা দেখতে পাই যে ১৯৩১ সাল থেকে ১৯৪১ সাল পর্যন্ত যতখানি বাসের সমস্যা আমাদের দেশে না ছিল ১৯৪১ সাল থেকে ১৯৫১ সালের মধ্যে আমাদের বাসস্থানের সমস্যা ও গৃহ-নির্মাণের সমস্যা তার চেয়ে প্রায় ডবল হয়ে গেল। ১৯৫১ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত আমাদের যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার আমল, সেই আমলে প্ল্যানিং কমিশন এ-কথা স্বীকার করেন যে, ১৯৫১ সালে বাসস্থানের সমস্যা যত না জটিল ছিল, তার চেয়ে জটিলতর এবং দ্বিগুণ হয়ে যাবে ১৯৬১ সালে এবং আমাদের ভারতবর্ষে গৃহ-নির্মাণ সমস্যা বা বাসস্থানের সমস্যা এখন একটা অন্যতম জটিল সমস্যা হিসাবে দেশের সামনে দেখা দেবে। ১৯৫১ সালে প্ল্যানিং কমিশন হিসাব করে দেখিয়েছিলেন যে, ২·৫ মিলিয়ন বাড়ী দরকার। এই ২·৫ মিলিয়ন বাড়ী যেখানে দরকার সেখানে তার তুলনায় কত নগন্য বাড়ী আমরা তৈরী করেছি। বিশেষ করে কোলকাতায় যখন যুদ্ধ এবং দেশ-বিভাগের পর পূর্ববাংলা থেকে অগণিত উদ্বাস্তু এসেছে এবং যুদ্ধের সময় যখন গ্রামীন অর্থনৈতিক অবস্থা ধ্বংস হয়ে গেল, তখন গ্রাম থেকে অগণিত মানুষ শহরাঞ্চলে আশ্রয়ের জন্য এবং জীবিকার জন্য এল তখন তাদের বাসস্থানের প্রশ্ন আরও জটিল ও তীব্র হয়ে উঠল। কিন্তু এই সম্পর্কে আমরা সেই হিসেবে কোন কিছুই এগুতে পারি নি। শহরাঞ্চলে ১৯৩১ সাল থেকে ১৯৪১ সাল পর্যন্ত যেখানে জনসংখ্যা বেড়েছে ১০ ৬ মিলিয়ন এবং ১৯৪১ সাল থেকে ১৯৫১ সাল পর্যন্ত যেখানে জনসংখ্যা বেড়েছে ১৮ ১ মিলিয়ন, সেখানে শহরাঞ্চলে গৃহের সংখ্যা বেড়েছে ১৯৩১ সাল থেকে ১৯৪১ সাল পর্যন্ত ১ ৮ মিলিয়ন। আবার ১৯৪১ সাল থেকে ১৯৫১ সাল পর্যন্ত যেখানে পপুলেশন বেড়েছে ১৮ ১ মিলিয়ন, সেখানে শহরাঞ্চলে গৃহের সংখ্যা বেড়েছে ১·৭ মিলিয়ন, কাজেই বস্তী অপসারণ করে সেখানে নূতন গৃহ নির্মাণ করে পুনর্বসতির ব্যবস্থা করার চেয়ে আমাদের দেশে শহরাঞ্চলে জনসংখ্যা যেভাবে দ্রুত-গতিতে বেড়ে চলেছে, তাদের সংস্থানের ব্যবস্থা করা আগে দরকার। অর্থাৎ ১৮·৭ মিলিয়ন যেখানে লোক বেড়েছে, সেখানে গত ১০ বছরে বাড়ী হয়েছে ১·৭ মিলিয়ন। অতএব এই যেখানে দেশের অবস্থা, সেখানে একজিস্টিং স্ট্রাকচারকে ভেঙ্গে দিয়ে নূতন করে বাড়ী তৈরী করে তাদের আবার সংস্থানের ব্যবস্থা করাটাকে আকাশ-কুসুম কল্পনা বলে আমার মনে হয়। যুদ্ধের সময় গ্রামের অবস্থাকে সংগীন করে, গ্রাম্য-অর্থনৈতিক ভিত্তিকে শিথিল করে দিয়ে শহরের জনসংখ্যাকে যেমন বৃদ্ধি করিয়েছে, তেমনি উদ্বাস্তু আগমনে আমাদের শহরের জনসংখ্যা বৃদ্ধি লাভ করেছে। অতএব তাদের সংগে কোপ করে উঠতে পারে গভর্নমেন্টের এমন কোন মেসিনারী

বা এমন কোন হাউসিং প্ল্যান যখন আমাদের সামনে নেই, তখন নূতন করে স্ট্রাকচারগুলিকে একদম সম্পূর্ণ ভেঙ্গে ফেলে ডেকরেটিভ বিল্ডিং করে তাদের বাসস্থানের প্রশ্নটা অবান্তর ছাড়া আর কিছুই নয়।

[9-50—10 a.m.]

১৯৫১ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত জনসংখ্যা কত বাড়বে প্ল্যানিং কমিশন তার হিসাবে দেখিয়েছেন যে, আমাদের কলিকাতা শহরে এই ১০ বছরে শতকরা ৩৩ পার্সেন্ট লোকসংখ্যা বাড়বে। যদি ৩৩ পার্সেন্ট বেড়ে যায়, তার মানে যদি ৪ লোকসংখ্যা বেড়ে যায় তাহলে কলিকাতা শহরে যত বাড়ীঘর আছে, যত স্ট্রাকচার আছে ১৯৬১ সালের মধ্যে তার কি ৪ ভাগ ডেভেলপ করতে পারবেন? এ ভরসা কি মন্ত্রীমহাশয় দিতে পারেন যে, ১৯৫১-৬১ সালের মধ্যে যে ৩৩ পার্সেন্ট লোকসংখ্যা বাড়বে ততখানি উন্নয়ন করতে পারবেন, তত বেশী বাড়ী তৈরী করতে পারবেন? তা না হলে বস্তী ভেঙ্গে নূতন বাড়ী তৈরীর প্রশ্ন উঠতে পারে না। সুতরাং বাড়তি জনসংখ্যার জন্য যদি ঘরের ব্যবস্থা না হয়, তাহলে যে ঘর অলরেডি আছে, এবং যে ঘরে মানুষ বাস করছে, সে ঘরকে ভেঙ্গে দিয়ে আবার নূতন তৈরী করার কোন যুক্তি আমাদের সামনে আসতে পারে না। তাই প্ল্যানিং কমিশন বার বার এই কথা বলে দিয়েছেন।

আমি কয়েকটা প্রশ্ন নীতিগতভাবে মন্ত্রীমহাশয়ের কাছে উত্থাপন করতে চাই। যখন সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানে ২০ কোটি টাকা ধার্য করা হয়েছে, যখন "স্লাম ক্লিয়ারেন্স" এবং 'হাউসিং'এর জন্য ২০ কোটি টাকা ধার্য করা হয়েছে, সেই ধার্য অর্থে কাজ করতে গেলে দুটি মূলগত নীতির উপরে সব চেয়ে জোর দিতে হয়।

প্রথম নীতি সম্বন্ধে বলা যায় যে, প্ল্যানিং কমিশন বলেছেন যে, মিনিমাম ডিসলোকেশন যাতে হয় তা দেখতে হবে, অর্থাৎ যে-সমস্ত বস্তী আছে, সেখানকার বস্তিবাসীদের সেখান থেকে সরিয়ে না নিয়ে ডিসলোকেশন যাতে মিনিমাম হয় তা দেখতে হবে। কারণ, হাউসিং প্রবলেম দেশের সামনে বিরাট এবং তীব্র।

[At this stage the blue light was lit.]

I think I am not repeating any old point—I am dealing with new points.

Mr. Speaker: I do not know whether you are repeating or not, but the time allotted to individual members must be strictly followed. I have got at least 15 or 16 speakers more.

Sj. Apurba Lal Majumdar: Let me then resume my seat. I have got nothing more to submit.

Dr. Narayan Chandra Ray:
আমার প্রশ্ন আপনি কেন ওঁকে বন্ধ করবেন? উনি ত বিলের উপরই বলছেন।

Mr. Speaker:
এটা মান-অভিমানের কথা নয়। উনি ত রিজিনেবল টাইম ধরে বলেছেন। আপনাদের হুইপ এসে কে কে বলবেন তাঁদের নাম আমার কাছে দিয়েছেন। সেইভাবে টাইম লিমিট-এর মধ্যে ত তাঁদের বলতে হবে।

Dr. Narayan Chandra Ray:
আমার কথা হচ্ছে আপনি এইভাবে সংযত না কোরে এপক্ষ ওপক্ষ দুই পক্ষকেই বলতে দিন। মন সাদা হয়ে গেলে অনেক বিষয় পরিষ্কার হয়ে যাবে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
বিলের সম্বন্ধে এভাব করবেন না, একটা লিমিট থাকা উচিত।

Sj. Basanta Kumar Panda: On a point of order, Sir. I am drawing you attention to Rule 42(4).

Mr. Speaker: I cannot hear you now. I will decide the point later.

Sj. Aurba Lal Majumder:

যে দুটো মূল নীতির কথা প্ল্যানিং কমিশন এই বস্তী উন্নয়ন ব্যাপারে উল্লেখ করেছেন সে সম্পর্কে আমি বলেছিলাম মিনিমাম ডিসলোকেশন অর্থাৎ যে-সমস্ত বস্তী আছে, সেই বস্তিবাসীদের সেখান থেকে উচ্ছেদ না করে যতটা সম্ভব সেই সমস্ত বাড়ীগুলো পরিষ্কার করে তাতে ভেন্টিলেশন, স্যানিটেশনএর ব্যবস্থা করে যাতে সেখানে মানুষ বাস করতে পারে তার ব্যবস্থা করাই প্ল্যানিং কমিশনের নির্দেশ। কিন্তু আমাদের বিলের মধ্যে এ-সম্বন্ধে কোন ধারাই নাই এবং এ-সম্পর্কে কোন বক্তব্যও সেখানে রাখা হয় নাই। এখানে আছে সমস্ত বস্তিবাসীকে এখান থেকে আগে সরিয়ে নেওয়া এবং তারপরে কনস্ট্রাকশন করে সম্ভব হলে বসবাসের ব্যবস্থা করা।

২নং নীতি হল,—

Rent must be kept within their paying capacity.

কিন্তু আমাদের আইনে রেন্ট সম্পর্কে বলা হয়েছে যে, রেন্ট কি হবে, না বর্তমানে বস্তীর সঙ্গে একটা কমপারিজন করে দেওয়া হবে? সেই কমপারিজন যদি তার ভাড়া ৩০।৪০ টাকা হয় তাহলে তার যদি সেই রেন্ট দেওয়ার পেইং ক্যাপাসিটি না থাকে তাহলে তাদের জন্য ভাড়া ধার্য্য কিভাবে হবে সেটা প্ল্যানিং কমিশন তাঁর মূল নীতি ধার্য্য করেছেন। সেই মূল নীতি না মানার অর্থ কি? আমি জানি বস্তিবাসীদের আয় কত। মাসিক ৫৫।৬০ টাকা সাধারণ বস্তিবাসীর আয়, সেই হিসাবে তার পেইং ক্যাপাসিটি অর্থাৎ ঘর ভাড়াই যাবে ৫।৬ টাকার বেশী নয়। কাজেই সেই দুটো নীতিকে রূপায়িত করতে হলে হাউসিংএ মিনিমাম ডিসলোকেশন এবং রেন্ট ধার্য্য করার ব্যাপারে তার পেইং ক্যাপাসিটি কি, তা দেখে যদি নির্দেশ দেওয়া হয় তাহলে আমরা একটা সুফল আশা করতে পারি। কিন্তু এই আইনের মধ্য দিয়ে—

rent must be kept within capacity.

এ-সম্পর্কে একটি কথাও নাই। আর একটা কথার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্ল্যানিং কমিশন আরও একটা গুরুত্বপূর্ণ কথা এই স্লাম ক্লিয়ারেন্স সম্পর্কে বলেছেন, যেখানে দেখব বস্তিবাসীর আয় অত্যন্ত কম, সেই অত্যন্ত কম আয়সম্পন্ন বস্তিবাসীদের জন্য প্ল্যানিং কমিশনের নির্দেশ আছে যে, তাদের ফ্রি হাউসিং সাইট দিতে হবে এবং সেই ফ্রি হাউসিং সাইটসএ গৃহ-নির্মাণের জন্য ১,০০০—২,০০০ পর্যন্ত বর্গফুট জায়গা দিতে হবে। যাদের ইনকাম সত্যই কম, যাদের ঘরবাড়ী নাই, থাকবার সংস্থান নাই, তাদের ফ্রি ডিস্ট্রিবিউশন অফ প্লটস দেওয়া দরকার। আমরা আশা করেছিলাম যে, এই বিলের মধ্য দিয়ে এমন অবস্থা হবে যে, গরীব বস্তিবাসী যারা আছে তাদের ফ্রি হাউসিং প্ল্যানএর জন্য গভর্নমেন্ট সাবসিডাইজ করবেন, ফ্রি প্লট দেবেন, যে প্লটএ তারা (বিল্ডিং) বাড়ীঘর তৈরী করে বসবাস করতে পারবে। এই যে মূল-নীতি তাঁরা নির্ধারণ করে দিয়েছেন, এই মূল-নীতি বিলের মধ্য দিয়ে দেখতে পাচ্ছি না। তাহলে অত্যন্ত স্বাভাবিকভাবেই যদি কোন মানুষের মনে এই প্রশ্নের উদয় হয় যে, এই বিল পুনর্বাসনের বিল নহে, এ বিল কলিকাতা শহরের বস্তি উচ্ছেদ করার বিল, তাহলে সে সম্পর্কে মন্ত্রীমহাশয়ের বক্তব্য কি তা জানতে চাই। আরও কতকগুলি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা দরকার, যেমন, আমরা দেখতে পাই অন্যান্য প্রদেশে কি ব্যবস্থা অবলম্বন করেছেন। বোম্বাইয়ে স্লাম ক্লিয়ারেন্স স্কীম নেয়া হয়েছে এবং সেখানে স্পেসিফিক্যালি দেওয়া আছে—

Free grant of Government sites where available.

বোম্বাই শহরে, সেখানে ফ্রি ল্যান্ড ডিস্ট্রিবিউশনএর ব্যবস্থা করা হয়েছে, সমস্ত বস্তিবাসীদের জন্য গভর্নমেন্ট সাবসিডি দিয়ে সেই সমস্ত জমি সংগ্রহ করে বস্তিবাসীর মধ্যে সেই সমস্ত ডিস্ট্রিবিউশন করবেন। এ-শুধু বোম্বাইএ নয়, অন্ধ্রের দিকেও তাকিয়ে দেখুন, অন্ধ্রেও ব্যবস্থা হয়েছে যে, সেখানে জমি সংগ্রহ করে গরীব বস্তিবাসীদের মধ্যে জমি বিতরণ করা হবে কিন্তু আমাদের এই বাংলাদেশে যে আইন হচ্ছে, এই আইনের মাধ্যমে বস্তিবাসী গরীব মানুষ যারা আছে, তাদের ফ্রি সাইটস দেওয়া দূরে থাক তাদের পেইং ক্যাপাসিটির বাহিরে

রেন্ট ধার্য করা যেতে পারে। কাজেই অন্যান্য প্রদেশে যে ধরনের আইন ইতিপূর্বেই চলছে, এবং বিশেষ করে প্ল্যানিং কমিশনের যে মূল-নীতি তার দিকে দৃষ্টিপাত করে আমাদের বস্তিবাসীদের উন্নয়নের ব্যবস্থা যাতে হয়, এই উদ্দেশ্যকে সমর্থন করেও এত কথা বলতে হল।

আর একটা কথা বলা দরকার, এই—বিলের মধ্য দিয়ে স্ট্রাকচার সম্পর্কে বলা হয়েছে।

এবং আদার স্ট্রাকচার সম্বন্ধে বলা হয়েছে যে, তাদের সেখান থেকে সরিয়ে দেওয়া হবে কিন্তু বাড়ীর যে সার্ভে হয়েছিল তাতে আমরা জানি যে, ২৮ পার্সেন্ট বস্তীতে পাকা ওয়াল রয়েছে এবং প্ল্যানিং কমিশনএর যে নির্দেশ আছে তাতে এমন সমস্ত বাড়ী আছে, সেগুলির সামান্য সংস্কার করলে পর ঠিকা টেন্যান্সিদের যদি অকুপেন্সি রাইট দিই, সুযোগ সুবিধা দিই—শহর এলাকায় যে-সমস্ত ঠিকা টেনান্ট আছে তাদের যদি অকুপেন্সি রাইট দিই এবং তাদের পাকাবাড়ীর সংস্কার করা যায় তাহলে বাড়ীগুলির সামান্য উন্নতি হতে পারে।

[10—10-10 a.m.]

Mr. Speaker: Since a question has been raised as to whether we should fix any time for the speech there was some amount of resentment. Some members are under the impression that they can talk as long as they like so long as they are talking relevantly. So far as this House is concerned, there is a rule. I am reading the same rule which Mr Basanta Panda was good enough to point out to me—rule 42(4): "Except with the permission of the Speaker no speech upon any motion shall exceed fifteen minutes in duration" Therefore, that is the normal time-table fixed Members will kindly not say things in this House enough to indicate as if the Speaker is making them sit down. I do not wish to do it, but again I must see that you do not exceed 15 minutes normally, because the Bill has to be finished within a reasonable time and so long as the rule is there I am going to enforce it. Such members who think that they need a few minutes more will kindly ask me and I shall certainly in proper cases give it.
Mr. Das.

Sj. Sunil Das:

মাননীয় স্পীকারমহাশয়, উদ্দেশ্যের সঙ্গে যখন প্রয়োগের একটা ব্যবধান দেখা যায় তখন উদ্দেশ্যবর্ণিত লক্ষ্য আকর্ষণীয় হলেও সে উদ্দেশ্য সম্পর্কে স্বভাবতঃই একটা সন্দেহ জাগে আজকে এই স্লাম ক্লিয়ারেন্স বিল সম্পর্কে সেই সন্দেহ স্বভাবতঃই এই হাউসের বিরোধীদলের সভ্যদের মধ্যে এবং এই হাউসএর বাইরেব বস্তিবাসীদের মধ্যে আমরা দেখতে পাচ্ছি। আমার এ-কথা বলার উদ্দেশ্য হল এই যে, বিলে স্লাম ক্লিয়ারেন্স বিল সম্পর্কে এটা বলা হচ্ছে যে, ১৫ বছরের ভিতর স্লাম ক্লিয়ারেন্স করা হবে। কিন্তু মাননীয় স্পীকারমহাশয়, মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি ১৫ বছরের ভিতর তার যে স্লাম ক্লিয়ারএর কথা ভাবছেন, তাদের উপযুক্ত সংগতি কোথায়? আমি কয়েকটা হিসাব আপনাব সামনে উপস্থিত করবো। সরকারপক্ষ থেকে যে পরিসংখ্যান দেওয়া হয়েছে, তাতে আমরা দেখতে পাচ্ছি যে, ১ লক্ষ ৩২ হাজার পরিবার এই বস্তীতে বাস করছে। এবং বিলে বলা হয়েছে এই পরিবারবর্গের জন্য এক কোঠাওয়ালা বাড়ী তৈরী করতে হবে। যদি ধরা যায় ন্যূনপক্ষে ১টি কোঠা তৈরী করার ব্যয় পাঁচ হাজার টাকা হয়—আমরা জানি ৫ হাজার টাকায় এক কোঠা হয় না—সেরকম যদি ধরেও নিই তাহলেও দেখি এই ১ লক্ষ ৩২ হাজার পরিবারের জন্য টেনিমেন্ট তৈরী করতে ৬৬ কোটি টাকার প্রয়োজন।

তারপর আমরা দেখতে পাচ্ছি যে, বস্তী এলেকায় প্রায় ৪ হাজার বিঘা জমি রয়েছে, এই ৪ হাজার বিঘা জমির যদি পারচেজ প্রাইস দিতে হয়, বিলে যা বলা হয়েছে যে, ১৯৪৬ সালের যে প্রাইস ন্যূনপক্ষে তা কাঠাপ্রতি ২½ হাজার টাকা দিতে হবে কিন্তু বাস্তবিকপক্ষে এর চাইতে অনেক বেশী দিতে হবে। সেই হিসাব ধরলেও বিঘাপ্রতি ৫০ হাজার টাকা দিতে হবে এবং দেখা যাবে যে ৪ হাজার বিঘার জন্য দাম দিতে হবে ২০ কোটি টাকা। অর্থাৎ ২০ কোটি টাকা শুধু দিতে হবে বস্তী জমির পারচেজ প্রাইস হিসাবে জমিদারদের। তারপর

বলা আছে ওনার্সদেরও ক্ষতিপূরণ দিতে হবে টেন টাইমস দেয়ার এ্যানুয়েল রেন্টাল। আমরা ধরলাম যে বস্তিবাসীদের ভিতর শতকরা ১৯ জন ওনার রয়েছে, তাহলে এই ১৯ পার্সেন্ট দাঁড়ায় গিয়ে ১৯,৮০০ পরিবার। আজকে ন্যূনপক্ষে তাদের বাৎসরিক আয় ধরলাম গড়ে ২৫০ টাকা, যদিও গড়ে বাস্তবক্ষেত্রে আরো অনেক বেশী হবে এবং গড়ে আড়াইশো টাকার ১০ গুন হলে আড়াই হাজার টাকা, ১৯ হাজার ৮শো পরিবারকে যদি আড়াই হাজার টাকা হিসাবে দিতে হয়, তাহলে এই বায় বাবদ ৫ কোটি টাকার প্রয়োজন হবে। কেন্দ্রীয় সরকারের যে স্লাম ইম্প্রুভমেন্ট স্কীম আছে, তাতে বলা আছে যে প্রতি একরে ২৫০ জনের বেশী ডেনসিটি অর্থাৎ বসতির ঘনত্ব হবে না। সেই হিসাবে কোলকাতায় ১ লক্ষ ৩২ হাজার পরিবারের জন্য প্রায় ৭ হাজার বিঘা জমির প্রয়োজন, যে ৪ হাজার বিঘা বস্তীর জমি রয়েছে তার উপর আরো ৩ হাজার বিঘা জমির প্রয়োজন হবে এবং ৩ হাজার বিঘা জমির দাম হবে প্রায় ১৫ কোটি টাকা। এ-ছাড়া রিমুভ্যাল কস্ট দেওয়া হবে বলে বলা হয়েছে। আমি ধরে নিলাম পরিবার প্রতি ন্যূনপক্ষে ২৫ টাকা রিমুভ্যাল কস্ট দেবার প্রয়োজন হতে পারে, যদিও বাস্তবক্ষেত্রে আরো অনেক বেশী প্রয়োজন হবে; রিমুভ্যাল কস্ট ১ লক্ষ ৩২ হাজার পরিবারের জন্য ৪০ লক্ষ টাকার প্রয়োজন হবে। এছাড়া কস্ট অফ রিমুভ্যাল অফ প্ল্যান্টস, কমপেনসেশন ফর টেম্পোরারী লস অফ অকুপেশন, কস্ট অফ কনস্ট্রাকশন অফ হাউস রয়েছে। এসব মিলিয়ে আমরা দেখতে পাচ্ছি ন্যূনপক্ষে যে হিসাব আমি ধরলাম তাতে ১১০ কোটি টাকার প্রয়োজন হবে, যদি কোলকাতার এই বস্তিবাসীদের বস্তী অপসারণ করে পুনর্বাসনের উদ্যোগ করতে হয়। আমি জিজ্ঞাসা করি সরকারের এই বিপুল পরিমাণ অর্থের সংগতি কোথায়? আমরা সংবাদপত্রে পড়েছি কোথাও ৩ কোটি টাকা, কোথাও ৩৬ লক্ষ টাকা, কোথাও বলা হয়েছে ৪৫ লক্ষ টাকা, কোথাও ২০ লক্ষ টাকা, কিন্তু যে ১১০ কোটি টাকা ১ লক্ষ ৩২ হাজার পরিবারের পুনর্বাসনের জন্য প্রয়োজন হবে সেই টাকার সংগতি কোথায়? তাই আমার মনে হয় এই বিলের উদ্দেশ্য যাই থাকুক না কেন সরকারের সংগতির অভাব যেখানে রয়েছে সেখানে সরকার সুস্পষ্টভাবে জানান যে তারা এই বিলকে কাজে পরিণত করতে পারবেন না। সুতরাং এই বিলের উদ্দেশ্যের পশ্চাতে অন্য কোন উদ্দেশ্য আছে কিনা তা কে বলবে? আমি এই প্রসঙ্গে কেন্দ্রীয় সরকারের পরিকল্পনার কথা মাননীয় স্পীকার মহাশয়, আপনার সামনে উপস্থাপিত করতে চাই। কেন্দ্রীয় সরকারের প্ল্যান পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকে এই বস্তী অপসারণের উৎসাহ এবং উদ্দীপনা পশ্চিমবংগ সরকার পেয়েছেন কিন্তু কেন্দ্রীয় সরকার যে আইন রচনা করেছেন, যে নিয়ম-কানুন রচনা করেছেন, সেই আইন এবং নিয়ম-কানুন কিছুই পশ্চিমবংগ সরকার অনুসরণ করবার প্রয়োজন বোধ করেন না। আমি স্লাম এরিয়াস ইম্প্রুভমেন্ট এ্যান্ড ক্লিয়ারেন্স এ্যাক্ট, ১৯৫৬, কেন্দ্রীয় সরকারের এই আইনটার দিকে মাননীয় স্পীকারমহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[10-10—10-20 a.m.]

এই আইনটা ২৯এ ডিসেম্বর ১৯৫৬ সালে প্রেসিডেন্টের সম্মতি পেয়েছে। আইনে কি বলা আছে, আইনের প্রিএ্যাম্বলএ বলা আছে, আইনের নাম হল স্লাম এরিয়া ইম্প্রুভমেন্ট এ্যান্ড ক্লিয়ারেন্স এ্যাক্ট। আর আমাদের এখানে বিলের নাম হল স্লাম ক্লিয়ারেন্স বিল। কেন্দ্রীয় আইনের প্রিএ্যাম্বল-এ বলা হয়েছে—

"An Act to provide for the improvement and clearance of slum areas in certain Union territories and for the protection of tenants in such areas from eviction."

তিনটা কথা এই আইনের উদ্দেশ্য সম্বন্ধে বর্ণনা করা হয়েছে। একটা বলা হয়েছে ইম্প্রুভমেন্ট করতে হবে। প্রথম কথা হল স্লামএর ইম্প্রুভমেন্ট, দ্বিতীয় কথা হল স্লামএর ক্লিয়ারেন্স, আর তৃতীয় কথা হল যারা টেনান্টস, যারা বস্তিবাসী, তারা যাতে এভিক্টেড না হন সেদিকে প্রখর দৃষ্টি রাখতে হবে। এবং এই আইনের প্রথম এবং দ্বিতীয় অধ্যায়ে স্লামএর ইম্প্রুভমেন্টএর কথা বলা হয়েছে। তৃতীয় অধ্যায়ে যেখানে অপরিহার্য হয়ে পড়বে

সেখানে স্লাম ক্লিয়ারেন্সএর কথা বলা হয়েছে। আমি এ্যাক্টএর কয়েকটা ধারা, মাননীয় স্পীকারমহাশয়কে পড়ে শুনাব। এখানে বলা হচ্ছে ওয়ার্ক অফ ইম্প্রুভমেন্ট এবং তার সংজ্ঞা দেওয়া হচ্ছে যে,

"work of improvement" includes in relation to any building in a slum area the execution of ay one or more of the following works, namely: (i) necessary repairs; (ii) structural alterations; (iii) provision of light points and water taps; (iv) construction of drains, open or covered; (v) provision of latrines; (vi) provision of additional or improved fixtures or fittings; (vii) opening up or paving of court yards; (viii) removal of rubbish; and (ix) any other work including the demolition of any building or any part thereof which in the opinion of the competent authority is necessary for executing any of the works specified above, etc., etc."

অর্থাৎ আইনে বলা হচ্ছে ইম্প্রুভমেন্ট, অর্থাৎ বস্তী সংস্কারের যত রাস্তা আছে, যত ব্যবস্থা আছে, সমস্ত ব্যবস্থাগুলির উপযুক্ত ব্যবস্থা আইনে রাখা হয়েছে। বস্তীর সংস্কার আগে করতে হবে এবং বস্তী সংস্কার করে প্রয়োজন হলে পরে বস্তী অপসারণ করতে হবে। এই আইনের তিন অধ্যায়ে আছে স্লাম ইম্প্রুভমেন্ট,

"Where the competent authority upon report from any of its officers or other information in its possession is satisfied that any building in a slum area is in any respect unfit for human habitation, it may, unless in its opinion the building is not capable at a reasonable expense of being rendered so fit, serve upon the owner of the building a notice requiring him within such time not being less than thirty days as may be specified in the notice, to execute the work of improvement specified therein and stating that in the opinion of the authority those works will render the building fit for human habitation."

আইনে খুব স্পষ্ট ভাষায় ইম্প্রুভমেন্ট-এর ব্যবস্থা রাখা হয়েছে। এর কারণ কি? কারণ হল কেন্দ্রীয় সরকার ইউনিয়ন টেরিটোরিগুলিতে যেসমস্ত স্লাম রয়েছে দিল্লী যেমন একটা ইউনিয়ন টেরিটোরি, সেই সমস্ত স্লাম পরিষ্কার করবার দায়িত্ব তাঁরা নিতে পারেন নি, স্লাম অপসারণ করবার, ভেঙ্গে চুরমার করবার দায়িত্ব তাঁরা নিতে পারেন নি কারণ তাঁদের সঙ্গতির সেখানে অভাব আছে। তাই তাঁরা আইন করে বলছেন ইম্প্রুভমেন্টএর ব্যবস্থা রাখা হউক। আর আমাদের বিলে আমরা কি দেখছি, টু প্রোভাইড ফর দি ক্লিয়ারেন্স অফ স্লাম। যেখানে কেন্দ্রীয় সরকার বলছেন টু প্রোভাইড ফর দি ইম্প্রুভমেন্ট অফ স্লাম এবং তারপরে বলছেন ক্লিয়ারেন্স-এর কথা। আর আমাদের মন্ত্রীমহাশয় বলছেন টু প্রোভাইড ফর দি ক্লিয়ারেন্স অফ স্লাম। আমরা আরও দেখছি দি কালকাটা মিউনিসিপ্যাল আইনে যে-সমস্ত ধারায় বস্তিবাসীদের জন্য "আলো, জল, পায়খানার" ব্যবস্থা রয়েছে, সেই সমস্ত ধারাগুলিকে তারা রিপিল করবার কথা বলছেন, বাতিল করে দেবার কথা বলছেন। আর এখানে কেন্দ্রীয় সরকারের আইনে বিশদভাবে বলা হচ্ছে, কোথায় পায়খানা হবে, কোথায় জল হবে, কোথায় আলো হবে, কোথায় রাস্তা হবে তার ব্যবস্থা আগে করতে হবে, এবং সেইভাবে সুস্পষ্ট নির্দেশ আইনে দেওয়া হয়েছে। তাই মাননীয় স্পীকারমহাশয়, আমি যে কথা পূর্বেই বলছিলাম যে, সঙ্গতি যেখানে নাই, সেখানে যখন এই উদ্দেশ্যের কথা বলা হচ্ছে, এবং আদর্শনীয় করে তোলবার জন্য বলা হচ্ছে, যে আমরা কলকাতাকে বস্তীমুক্ত করব, কলকাতার ক্লেদকে আমরা অপসারণ করব, সেখানে আমাদের সন্দেহ জাগে যে সত্যি সরকারের এই উদ্দেশ্যের পেছনেও আরোও কোন উদ্দেশ্য রয়েছে কি না? তারপরে, এই আইনে যেখানে টেনান্টসদের প্রটেক্ট করবার কথা রয়েছে, তার দুই-একটা ধারা আমি পড়ে শুনাব—

"Notwithstanding anything contained in any other law for the time being in force, no person who has obtained any decree or order for the eviction of a tenant from any building in a slum area shall be entitled to execute such decree or order except with the previous permission in writing of the competent authority."

এইভাবে টেনান্টকে তারা প্রটেক্ট করছেন, স্লামের ইম্প্রুভমেন্টের কথা তারা বলছেন। কিন্তু আমাদের এই বিলে স্লামের ইম্প্রুভমেন্টের কথা তারা বলছেন না, যাও বলছেন তাও খুব ক্ষীণভাবে, অস্পষ্টভাবে বলছেন, আগে তারা দায়িত্ব নিচ্ছেন স্লাম ক্লিয়ারেন্সের এবং সেই সঙ্গে সঙ্গে যে-সমস্ত ব্যবস্থা স্লামের উন্নতির ব্যবস্থাগুলি রয়েছে, ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টএ, সেই সমস্ত ব্যবস্থা তারা অপসারিত করবার জন্য এই বিলে নির্দেশ দেবার চেষ্টা করছেন। আমি, স্যার,—

Mr. Speaker: I want to make one suggestion to all honourable members that they should confine their discussion generally to the policy of the Bill. Clauses will be taken up later and then the details can be discussed.

Sj. Sunil Das:

মাননীয় স্পীকারমহাশয়, কমপেনসেশনএর প্রশ্নে আমি যেতে চাই না, আমার পূর্ববর্তী বক্তা সে সম্পর্কে দীর্ঘ আলোচনা করেছেন। আমি শুধু এইটুকু বলতে চাই যে, যে-সমস্ত অধিবাসী রয়েছে বিভিন্ন বস্তীতে এবং বিভিন্ন বৃত্তিসম্পন্ন, তাদের ভিতরে প্রায় ১৩ হাজার কেরাণী আছেন, প্রায় ২৫ হাজার দোকান কর্মচারী আছেন, হাতে কাজ করেন এমনি প্রায় ২৮ হাজার আছেন, বাড়ীর কাজ করেন, অর্থাৎ ঝি-চাকরের কাজ করেন এমনি প্রায় ২৫ হাজার রয়েছেন, মেকানিক প্রায় রয়েছেন ৪ হাজার, শ্রমিক প্রায় রয়েছেন ৩৮ হাজার। শুধু বললেই হবে না যে তোমরা ঐ বাড়ীতে যাও। তার ভিতরে অন্তর্বর্তী যে-সমস্ত সমস্যা রয়েছে, তার কোন সুস্পষ্ট নির্দেশ বিলে নেই। এবং বৃত্তিগত পুনর্বাসনের সমস্যা যে রয়েছে তারও কোন সুস্পষ্ট নির্দেশ নেই। আপনি জানেন, স্যার, আমার পূর্ববর্তী বক্তা সে সম্বন্ধে কিছু কথা বলে গেছেন। এ-ছাড়াও আর নানারকম বৃত্তিসম্পন্ন অধিবাসী রয়েছেন, কেউ মুড়ির মোয়া বানাচ্ছেন, কেউ টীকা বানাচ্ছেন, কেউ বালতি বানাচ্ছেন, নানাভাবে সামান্য অকিঞ্চিৎকর জীবিকার সংস্থানের ভিতর দিয়ে তারা দৈনন্দিন জীবন নির্বাহ করছেন। এই বিলে তাদের সেই ধরণের বৃত্তিতে সুষ্ঠু পুনর্বাসনের কি ইঙ্গিত, কি ইশারা আছে তা আমি মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই। এই কথা বলে আমি বিলের—মন্ত্রীমহাশয় যদি এই বিলকে সংশোধন না করেন, আমি যে আইনটার কথা বল্লাম, ১৯৫৬ সনের কেন্দ্রীয় সরকারের আইন, এই বিলটা যদি সেই প্যাটার্নএ ঢেলে না সাজেন, এই বিলের প্রতিবাদ করা আমাদের দায়িত্ব বলে মনে করি। এবং মুখ্যমন্ত্রী বলেছেন যে, এই বিরোধীপক্ষরা এই বিলের বিরুদ্ধে বস্তিবাসীদের উস্কে দিয়ে এখানে হাজির করেছি, সেটা মোটেই ঠিক নয়। মানুষের জীবন যখন বিপন্ন হয়, মানুষের বৃত্তি যখন বিপন্ন হয়, মানুষের অস্তিত্ব যখন বিপন্ন হয়, তাঁরা কারো উস্কানির জন্য অপেক্ষা করেন না। এই কথা বলেই আমি আবার আবেদন করব বিলটাকে আপনারা সংস্কার করুন এবং ঢেলে সেজে এই কেন্দ্রীয় আইনটার মত বিলটাকে রচনা করুন।

[10-20—10-30 a.m.]

Sj. Bejoy Singh Nahar:

মাননীয় স্পীকারমহোদয়, যখনই সরকারের তরফ থেকে কোন ভাল কাজ করা বা ভাল বিল বা আইন নিয়ে আসার ব্যবস্থা হয়, আমরা দেখতে পাই বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা সাধারণভাবে তার আপত্তি করেন। এখানে যে ব্যবস্থা হচ্ছে, তাতে কলিকাতা শহরের অত্যন্ত নোংরা স্থানগুলি, যেখানে মানুষ বাস করতে পারে না, সেই স্থান সংস্কার করে, বস্তিগুলি অপসারণ করে, সেখানে যাতে তারা ভালভাবে বাস করতে পারে তার জন্য ব্যবস্থা করা হচ্ছে, কিন্তু তাতেও তাঁরা বাধা দিচ্ছেন। একটু পূর্বে বিরোধীপক্ষের একজন মাননীয় সদস্য বলেছেন এখানে স্লাম থাকা উচিত। তারা রাস্তার উপর শুয়ে থাকে, তাদের শিশুদের পর্যন্ত রাস্তার মধ্যে শুইয়ে রাখা হয়, এই অবস্থার যদি পরিবর্তন করা, যদি এই ব্যবস্থা তুলে দেওয়া হয়, তাহলে কি খুব অন্যায় করা হবে? আমি জানি না, তাঁরা কোন মনোবৃত্তি নিয়ে, কোন দৃষ্টিভঙ্গী নিয়ে এই সমস্ত কথা বলছেন। তাঁরা বস্তীতে বস্তীতে গিয়ে সভা করে এই সমস্ত কথা বলেছেন, সেইজন্য আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলটি তাঁরা যদি অনুগ্রহ করে একটু ভাল করে পড়ে দেখতেন, তাহলে এই সমস্ত কথা বলতেন না।

তাঁরা কলকাতা শহরের মধ্যে যে অবস্থায় বাস করছেন, তার উন্নতি করা এখনও পর্যন্ত সম্ভব হয় নি, তাই এই আইন নিয়ে আসা হচ্ছে, যাতে তাদের বর্তমান অবস্থার উন্নতি করা যেতে পারে। অর্থাৎ যে অবস্থায় তারা বাস করছে সেই অবস্থা যাতে আরও ভাল করা যায় তারই প্রচেষ্টা চলেছে।

বিলের মধ্যে প্রথম ব্যবস্থা করা হয়েছে—প্রত্যেক বস্তীর অধিবাসী, যাদের সেখান থেকে তুলে দেওয়া হবে, তাদের আগে অন্যত্র জায়গা দেবার ব্যবস্থা করা হবে। এতে অনেকে সন্দেহ প্রকাশ করেছেন। অনেকে মন্তব্য করে বলেছেন যে, যারা সেখানে কাজ করছেন বা ব্যবসা করছেন, তাঁদের বোধহয় সেরকম জায়গা দেওয়া হবে না। কিন্তু তাঁরা যদি বিলটাকে একটু ভাল করে পড়েন, তাহলে দেখতে পাবেন তাঁদেরও জায়গা দেবার ব্যবস্থা করা হয়েছে। মাননীয় সদস্যরা, যাঁরা সিলেক্ট কমিটিতে ছিলেন, তাঁরা জানেন তখন মুখ্যমন্ত্রীমহাশয় পরিষ্কারভাবে জানিয়েছেন বাড়ী যখন তৈরী হবে, তার এক-তলায় দোকান ঘর থাকবে, এবং যারা বস্তীর মধ্যে কাজকর্ম বা ব্যবসা করছে, তাদের জন্য এক-তলাটা রিজার্ভ রাখা হবে এবং দো-তলায়, তিন-তলায়, অন্যান্য যে সকল বাস্তিবাসী আছে, তাদের সেখানে রাখবার ব্যবস্থা করা হবে।

এই যে আন্দোলন চলেছে, বিরোধীপক্ষের বাস্তিবাসীদের নিয়ে, তাতে আমরা দেখতে পাই, এই আন্দোলনের মধ্যে কেবলমাত্র যাঁরা বস্তীতে ভাড়া দিয়ে বাস করেন, তাঁরাই আছেন তা নয়, এই আন্দোলনে রয়েছেন যারা জমি লিজ নিয়ে, তা থেকে নিজেরা বেশী ভাড়া আদায় করেন, মধ্যবিত্ত লোক, তাদের নিয়ে এই সংগ্রাম আরম্ভ করেছেন। এবং এর একটা বড় কারণ আছে। অনেকেই বিশ্বাস করেন শ্রেণী সংগ্রামে, তাই সুব্যবস্থাকে, অব্যবস্থা করে দিয়ে, এখন থেকে শ্রেণী-সংগ্রাম করা চাই। তাই তাঁরা বলছেন জমিদারদের জমি নিয়ে নাও, মধ্যস্বত্বকে জমির অধিকারী করে দাও, ভাড়াটে যারা আছে, তারা চিরকাল ভাড়াটে হয়েই থাকুক; আবার তার সঙ্গে সঙ্গে বলছেন ইম্প্রুভমেন্ট হোক, তাদের ভাড়া বাড়ুক, তাতে আপত্তি করছেন না। অদ্ভুত যুক্তি। তাঁরা যে সমালোচনা করেছেন এবং একটা প্রস্তাব গ্রহণ করেছেন ও পিটিশন পাঠিয়েছেন, তাতে ঐ একই কথাগুলি সই করে পাঠিয়েছেন। এবং তাতে দেখতে পাই বস্তীর অধিবাসী, যাঁরা সেখানে ভাড়া দিয়ে রয়েছেন, তাদের সুখ-সুবিধের কথা উল্লেখ করছেন না। কেবলমাত্র এক-কথা বলেছেন—যারা ইন্টারমিডিয়ারি, যারা জমি নিয়ে, সেখানে ঘর তৈরী করে বেশী টাকায় ভাড়া খাটিয়ে রোজগার করছেন, তাদের জন্য সমস্ত আন্দোলন ও বক্তৃতা হচ্ছে। এখানে তাঁদের বেশীর ভাগ এ্যামেন্ডমেন্টই তার উপর নির্ভর করে দিয়েছেন।

এই বিলে কি রয়েছে? প্রথম কথা, বিলের মধ্যে রয়েছে, কলকাতার অনেক অংশকে জাতীয়করণ করে নেওয়া। বাংলাদেশের জমিদারী জাতীয়করণ করা হয়েছে। সেখানে কোন ইন্টারমিডিয়ারি রাখবার দরকার হয় নি। কলকাতার সমস্ত জমি এক সঙ্গে নিয়ে জাতীয়করণ করা সম্ভব হচ্ছে না। তাই আংশিকভাবে প্রথম পদক্ষেপ করা হচ্ছে। এবং এর জন্যই আজ তাঁরা আপত্তি জানাচ্ছেন। তাঁরা বারে বারে জাতীয়করণের কথা নিয়ে আন্দোলন করছেন। আজ তাঁদের ঘরে ঘরে প্রপার্টির উপর জাতীয়করণের আক্রমণ পড়ছে বলেই, তাঁরা ঘাবড়ে যাচ্ছেন, তাই এঁরা বেসামাল হয়ে পড়ছেন। এই বিপ্লবকে সহ্য করতে পারছেন না বলেই; তাঁরা এত গণ্ডগোল ও চিৎকার করছেন, আন্দোলন সৃষ্টি করছেন।

আজ কলকাতা শহরের বাড়ী, জায়গা, প্রত্যেকটি ন্যাশনালাইজ করা হোক, এটা সহ্য করবার ক্ষমতা তাঁদের নেই। কারণ এটা তাঁদের নিজেদের উপরই যে এসে পড়ছে। সময়ের অভাবে আমি এ-সম্বন্ধে আর বেশী কিছু বলতে পারলাম না, আমার পরবর্তী বক্তারা সমস্ত বুঝিয়ে বলবেন।

আর একটা জিনিস দেখছি, যা অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি, কাগজেও পড়েছি, এই বস্তী অপসারণ সম্বন্ধে অপপ্রচার চলেছে। আমি বিশেষ করে মাননীয় সদস্য, যারা অপর পক্ষে রয়েছেন, তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি, সেটা যদি বন্ধ করতে পারেন তাহলে ভাল হয়,

দেশের মঙ্গল হয়। তাঁরা মুসলমানদের বস্তীতে গিয়ে বলছেন, এই যে বিল সরকার করছেন, এর দ্বারা সমস্ত মুসলমান সেখান থেকে উচ্ছেদ হবে, আবার বাঙ্গালীদের বস্তীতে গিয়ে বলা হচ্ছে, বাঙ্গালীদের সেখান থেকে তাড়িয়ে দেবার ব্যবস্থা হচ্ছে এবং হিন্দুস্থানী যে-সমস্ত বস্তীতে থাকে, তাদের কাছে গিয়ে বলা হচ্ছে, তোমাদের এখান থেকে তাড়িয়ে দেবার জন্য এই বিল আনা হয়েছে। এই অদ্ভুত প্রচারকার্য চলেছে, কাগজে এ-সম্বন্ধে অনেক মন্তব্য বেরিয়েছে, আমি এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করছি। যদি দেশের মঙ্গল চান, যদি বাংলার মঙ্গল চান, এবং বস্তিবাসীদের মঙ্গল চান, তাহলে এইপ্রকার অপপ্রচার করে একটা গণ্ডগোল সৃষ্টি না করে তা বন্ধ করা উচিত। এর মধ্যে অনেক মাননীয় সদস্যরা রয়েছেন, যাঁরা সভা-সমিতিতে গিয়ে নানাপ্রকার প্ররোচনা দিচ্ছেন, আমি তাঁদের প্রতি লক্ষ্য করে বলছি, তাঁরা এই অপপ্রচার থেকে বিরত হোন।

এই বিলে রয়েছে, প্রথমে যাদের তোলা হবে, তাদের ভিতর যদি সেখানে কেউ ব্যবসা করেন বা যদি কারও দোকান থাকে, তাহলে তাদের অল্টারনেটিভ এ্যাকোমোডেশন আগে দিতে হবে, তবে তাদের তোলা হবে। অবশ্য যাঁরা টেম্পোরারি এ্যাকোমোডেশন পাচ্ছেন না বলে, ভয় পাচ্ছেন, তাঁদের একেবারে পারমানেন্ট এ্যাকোমোডেশন দেবার ব্যবস্থা করা হয়েছে।

আর একটা কথা এখানে উঠেছে, যদি কোন বস্তিবাসী, তিনি নিজে থেকে তাঁর বস্তীর ইমপ্রুভমেন্ট করতে চান তার সম্পর্কে কোন কিছু উল্লেখ এই বিলে নেই। আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করবো বিলের সেকশন ২, সাব-ক্লজ (বি)এর প্রতি। তাতে বলা হচ্ছে যদি নিজেরা বস্তীর উন্নতি করতে চান, তাহলে সরকার যেভাবে প্ল্যান করে দেবেন সেই অনুসারে, তাঁদের পারমিশন নিয়ে করতে পারবেন। অবশ্য এই উন্নতি করার মধ্যে একটু গোলমাল আছে। যে জমির মালিক এবং যারা ঘর তৈরী করেছেন, তাঁরা যদি এক মত না হন, দুজনে দু-রকম মত হয় তাহলে সেখানে একটা গোলমাল সৃষ্টি হতে পারে। সুতরাং এর জন্য একটা ব্যবস্থা করা দরকার। তবে তাঁরা নিজেরাই উন্নতি করতে পারে, যেমন বিফিউজি রিহ্যাবিলিটেশনএর ক্ষেত্রে দেখা যায়, সরকার হাত দেন না। সেইরকম একটা ব্যবস্থা এখানেও থাকা উচিত। মাননীয় সদস্যরা বারবার বলেছেন বস্তিবাসী, তারা নিজেরা তাদের চেষ্টায় বস্তীর উন্নতি-কল্পে অনেক জায়গায় করেছেন। আমরা রিলিফ রিহ্যাবিলিটেশনএ দেখেছি, সেখানে টাকা দেওয়ে উন্নতি করা সম্ভব হয় নি। বেশীর ভাগ জায়গাতে টাকা খরচ হয়েছে, কিন্তু লাভাবে উন্নতি করা যায় নি। কিন্তু দেখা গিয়েছে যখনই এঁরা নিজেদের মধ্যে মিলেমিশে কাজ করেছেন তখনই সেটা সম্ভব হয়েছে। এতদিন কলকাতা শহরে তা সম্ভব হয় নি। তাঁকে যাঁরা বস্তিবাসীদের নিয়ে দরদ দেখাচ্ছেন, তাঁরা এতদিন সেদিকে দৃষ্টি দেন নি। আজ যখন সরকারের তরফ থেকে বস্তীর উন্নতিকল্পে বিল এসেছে, তখন তাঁরা বলছেন তাদের উপর সেই ভার দেওয়া হোক। আমি বলবো—তাঁদের প্রতি, যাদের এত দরদ, তাঁরা ছা করলেই এটার নিষ্পত্তি বহুদিন আগে করে দিতে পারতেন। যাঁরা জমির, ঘরের মালিক, তাঁরা যদি বস্তীর কিছু কিছু উন্নতি করতে চান, তাহলে সরকারের কাছ থেকে তার জন্য পারমিশন নিয়ে এবং প্রেসক্রাইবড অথরিটির সম্মতি নিয়ে, নিজেরাই সেই অঞ্চলের উন্নতি করতে পারবেন, এবং তাহলে সরকারেরও এত মাথা-ব্যাথা হবে না।

[3-30—3-40 p.m.]

এই বিলে ভাড়া সম্বন্ধে অনেকে সংশয় প্রকাশ করেছেন। আমি আইনজ্ঞ নই বলে আইনের ধারাকে টুইস্ট করে বলা আমার অভ্যাস নেই। সিলেক্ট কমিটিতেও এ সম্পর্কে অনেক আলোচনা হয়েছে। সেখানে বিরোধী পক্ষের অনেক সদস্য ছিলেন এবং তাঁরা প্রায় সকলেই এই কথাটা মেনে নিয়েছিলেন যে, এখন যে যা ভাড়া দিচ্ছে তারচেয়ে বেশী ভাড়া বাড়বে না। এই কথাটা আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ও সেদিন সেখানে বলেছিলেন। অর্থাৎ যার অবস্থা অত্যন্ত গরীব তাহার সাবসিডি দেবার ব্যবস্থা রুলস-এর মধ্যে থাকবে। আমরা আশা করব রুলস যখন হবে তখন তাতে এই ব্যবস্থা থাকবে যে সত্যি যাদের দেবার ক্ষমতা নেই তারা যে ভাড়ায় আছে সেই ভাড়া কিম্বা যদি সম্ভব হয় তাহলে তারচেয়ে কম ভাড়া দেবে।

Mr. Speaker: *I think I should tell you something. Perhaps unwittingly you are contravening the rules of this House. Deliberations in the Select Committee are purely confidential matters and should not be mentioned in the House. This is for all concerned. Those of you who had been in the Select Committee should not mention about these things.*

Sj. Bejoy Singh Nahar:

আমি এখানে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে নিয়ম যা হবে তাতে যেন এই ব্যবস্থা থাকে যে এখন যা তারা ভাড়া দিচ্ছে তারচেয়ে বেশী ভাড়া যাদের দেবার ক্ষমতা নেই তাদের ভাড়া যাতে না বাড়ে কিম্বা সেটা যদি কম করতে না পারা যায় তাহলে তাদের সাবসিডি দেবার ব্যবস্থা হোক। বাড়ী কিভাবে তৈরি হবে এ সম্বন্ধে আমি পূর্বে বলেছি যে বাড়ী এমনভাবে করা উচিত যাতে একতলায় দোকান, প্রেস, কারবার, ব্যবসা ইত্যাদি করবার জন্য যাদের জায়গার দরকার তার যেন একতলায় দেবার ব্যবস্থা হয়। অর্থাৎ বস্তীর ঘরে থেকে যে কাজ করত পাকা বাড়ীতে থেকে যাতে সেই কাজ করবার অসুবিধা না হয় সেইভাবে প্ল্যানিং করে বাড়ী তৈরি করা উচিত এবং প্ল্যানিং করে বাড়ী তৈরি হলে কোন বিষয়ে তাদের অসুবিধে হবে না। বিলের মধ্যে এটা আছে যে সরকার যেখানে মনে করবেন যে এই বস্তীকে না ভেঙ্গে উন্নতি করতে পারা যায় সেই উন্নতি করবার ব্যবস্থাও রয়েছে। মাননীয় সদস্যরা সংশয় প্রকাশ করছেন যে এইভাবে যদি সরকার করে দেন তাহলে যেখানে জল নেই, ঘরে আলো যায় না সেখানে তা করা হবে কিনা? আমি জোর করে এই কথা বলব যে সরকার নিশ্চয় তা করে দেবেন। এই আইনের মধ্যে যা রয়েছে তাতে কোলকাতায় সামগ্রিক উন্নতি নিশ্চয় হবে। আমাদের যেসব ভাইবোনেরা যেসব নোংরা অবস্থায় রয়েছে, যেখানে মানুষ বাস করতে পারে না সেখানে তা উন্নতি করবার প্রয়াসে আমাদের সকলকে সম্পূর্ণ সহযোগিতা করতে হবে। আমি বিশ্বাস করি যে প্রথম বাড়ী হয়ে বস্তীবাসীরা সেই বাড়ীতে গিয়ে বাস করবে তখন কলিকাতার বস্তীবাসীরা ধন্য ধন্য করবে এবং যাতে সমস্ত জায়গাগুলোকে সরকার সংস্কার করে দেন তারজন্য নিজেরা এগিয়ে আসবে।

Dr. Hirendra Kumar Chattopadhyay: *On a point of information.*

আমাদের বন্ধু বিজয়বাবু বললেন যে বিরোধী দল ভালো ভালো বিলকে অপোজ করে, সে ক্ষেত্রে উনি দয়া করে বলে দিন সরকার কি কি খারাপ বিল এনেছেন যেটাকে আমরা সাপোর্ট করছি।

Mr. Speaker:

আমি বলে দিচ্ছি ট্যাকসেশন বিল।

Dr. Hirendra Kumar Chattopadhyay:

'Jadabpur University Bill' 'Calcutta University Bill'

যখন এসেছিল তখন তাকে আমরা সাপোর্ট করেছিলাম। সেগুলো কি খারাপ ছিল?

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, বস্তী পরিষ্কারের জন্য এই যে বিল এসেছে এর কয়েকটা দিক বিবেচনা করার আছে এবং আমি সেগুলি দেখাবার চেষ্টা করব। এখানে উদ্দেশ্য হিসাবে বলা হচ্ছে যে কোলকাতায় কোন অংশে বস্তী থাকার জন্য যদি অস্বাস্থ্যকর আবহাওয়ার সৃষ্টি হয় তাহলে সরকার সেই অঞ্চলকে বস্তী অঞ্চল বলে ঘোষণা করবেন এবং সেই অঞ্চলের উপর ঘরবাড়ী যা কিছু থাকবে সেগুলি সরকার দখল করবেন। তাহলে মূল কথা এই বিল আনায় এইটুকুন বোঝা যাচ্ছে যে যেহেতু বস্তীর জন্য বস্তীবাসীর এবং কোলকাতার অধিবাসীদের স্বাস্থ্য খারাপ হচ্ছে সেহেতু সরকার স্লাম-ক্লিয়ার করার কথা বলছেন। তাহলে এমফেসিস পড়ছে কোথায়—স্লাম আপনারা দিচ্ছেন স্বাস্থ্যের উপর। এখন এই যদি লক্ষ্য হয় তাহলে এই বিলের দ্বারা সে উদ্দেশ্য সাধিত হবে কিনা সেটা বিবেচনা করে দেখতে হবে।

প্রথম কথা আপনারা জানেন যে পোর্ট কমিশনার্সএর অধীন অঞ্চল এবং টালিগঞ্জ মিউনিসিপ্যালিটির যেটা এখন কর্পোরেশনের অধীনে এসেছে এই দুটো অঞ্চল বাদ দিয়ে কলকাতায় মোট বস্তী অঞ্চল ৪ হাজার ৫১·৪৫ বিঘা এবং এই দুটো অঞ্চলকে যদি

যোগ দেন তাহলে আমি মনে করি কম করে পাঁচ হাজার বিঘার মতন অঞ্চল কলকাতায় বস্তী আছে। এখন এই যদি হয় তাহলে সরকারের যা হিসাব তাতে তাঁরা মনে করেন যে ৫০ কোটি টাকা খরচ হবে। এজন্য কেন্দ্রীয় সরকার এ বছরে আড়াই কোটি টাকা দিচ্ছেন। এখন যদি এই রেটে তারা দিতে থাকেন তাহলে আমরা দেখছি যে ওদের হিসাব মতন কাজ করতে, অর্থাৎ বস্তীগুলি তুলতে প্রায় কমপক্ষে ২০ বছরের মতন দরকার হবে। এটা আমার নিজের হিসেব নয়। জালান সাহেব যে হিসেব দিয়েছেন তাতে তাঁর কথাতেই আমি বলছি যে কম করে ওঁদের হিসেবেই ২০ বছর লাগছে। এখানে তাই আমার জিজ্ঞাস্য যে মন্ত্রী মহাশয় এবং সরকার কি মনে করেন যে ২০ বছর ধরে কোলকাতার লোক ইনস্যানিটারি কনডিসন ও আনহাইজিনিক কনডিসনএ ভুগবে? তারা মনে করেন যে স্লাম ক্লিয়ারেন্সএর প্রয়োজন পড়েছে স্বাস্থ্যের জন্য অস্বাস্থ্যকর আবহাওয়া দূর করার জন্য, কিন্তু এখানে আমার জিজ্ঞাস্য যে কোলকাতার অধিবাসী এবং বস্তীবাসীরা কি ওদের জন্য আরও ২০ বছর ধরে এই অস্বাস্থ্যকর অবস্থাতে ভুগবেন? (ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ ৫ বছরে আড়াই কোটি টাকা) তাহলে দেখা যাচ্ছে যে, যে বিল তাঁরা নিয়ে এসেছেন সেই বিলে পাঁচ বছরে যদি আড়াই কোটি টাকা হয় তাহলে আপনারা হিসাব ধরতে পারেন যে ১০০ বছর লেগে যাবে। অতএব ইট ইজ আউট অব দি কোশ্চেন। অর্থাৎ বস্তী অপসারণ করতে যদি ১০০ বছর লাগে তাহলে এটা একটা প্রিপস্টারাস প্রপোজিসন। তাই আমার জিজ্ঞাস্য যে ভাল স্বাস্থ্য নিয়ে আসার যে চেষ্টা করার কথা সরকারের তরফ থেকে বলা হচ্ছে সেটা এই বিল দিয়ে কেমন করে সম্ভব হবে? তাহলেই বোঝা যাচ্ছে যে এটা একটা প্রাকটিক্যাল বিল নয়। এখন সমস্যাটা হচ্ছে যে বস্তী আমরা উচ্ছেদ করতে চাই কেননা এখানে অস্বাস্থ্যকর অবস্থা দেখা দিয়েছে। কিন্তু কিজন্য অস্বাস্থ্যকর অবস্থা দেখা দিয়েছে সেগুলি দেখা দরকার। এখানে আমি আমার নিজের কথা বলব না, সরকার যে সমস্ত কথা বলেছেন তাদেরই কথা দিয়ে আমার বক্তব্য আমি দেখাব। প্রথম জিনিস, মিঃ স্পীকার স্যার, আপনি জানেন যে বস্তীতে যত ফ্যামিলি বাস করে তার শতকরা ৮৪·৬৮ ভাগ হচ্ছে ভাড়াটে। এই ভাড়াটেদের স্বার্থ রক্ষা করার দরকার রয়েছে। এখন কিভাবে সেই স্বার্থ রক্ষা করা যেতে পারে? তারা চাচ্ছে যে আমরা পয়সা দিয়ে এখানে বাস করছি বলে আমাদের কতকগুলো মিনিমাম যা প্রয়োজন সেগুলো মিটিয়ে দেওয়া হোক। কিন্তু সেগুলি কি বস্তীর মধ্যে আছে? সেগুলি না থাকার জন্য স্বাস্থ্য খারাপ হচ্ছে এবং অস্বাস্থ্যকর অবস্থার সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে সরকার নিজেই কি রিপোর্ট দিয়েছেন সেটার দিকে একবার তাকিয়ে দেখুন। এখানে স্যানিটারি কনভিনিয়্যান্সএর কথাই ধরুন। পায়খানা একটা এসেন্সিয়াল সারভিসেস যেখানে ৮০০ লোকসংখ্যা সেখানে পায়খানা একটা। সরকার এটাকে দূর করার জন্য কি করছেন? তাই আমার জিজ্ঞাস্য যে ১০০ বছর কি এই অবস্থাই থাকবে। যেখানে ৮০০ লোকের জন্য একটা পায়খানা সেখানে ওঁরা বলবেন যে কোলকাতার অবস্থা ভাল করার জন্য উঠেপড়ে লেগেছি। এইরকম শুধু একটা নয়, বহু আছে। এখানে সরকার বস্তী সম্বন্ধে যে রিপোর্ট এনেছেন তাতেই বলছেন যে

Some of the huts in the bustee do not have any sanitary conveniences at all and a large number of premises do not have any water supply.

[10-40—10-50 a.m.]

এ নিতে গেলে কত বছর লাগবে হিসাব করেছেন সে পারসেন্টেজ কত এখানে? আমি যতদূর খোঁজ নিয়েছি এগুলো যদি নিতে চান তাহলে কমপক্ষে এই রেটে যদি আপনারা এগোন তাহলে ২৫ বছর লাগবে, ২৫ বছরে ৮০০ লোকের উপযুক্ত কটা করে পায়খানা করতে লাগবে। আপনারা আইন করতে পারেন না যারা বস্তী করেছে, যে জমিদারেরা, সেই বস্তী গভর্নমেন্ট কনফিসকেট করে নেবেন, এবং দেবেন না কিছুই ল্যান্ডএর জন্য যদি না এ্যামেনিটিসগুলো তারা ইমিডিয়েটলি পায়? করপোরেশন আইনের কথা বলেছেন, করপোরেশন আইনে ঢোকাতে পারেন না যে দশ জনের জন্য একটা করে পায়খানা দিতে হবে? এই হিসাবে যদি তোমরা পায়খানা না করতে পার বস্তীর উন্নয়ন তোমাদের হাত থেকে কেড়ে নেবো। এ আইন কেন করেন না? কোথায় তার প্রস্তুতি?

(জনৈক সদস্যঃ "গভর্নমেন্ট করছেন")

কর্পোরেশন পারেন না, গভর্নমেন্ট মধ্য থেকে এই যে আইন করছেন এই আইনের মধ্যে একথা কোথায় আছে যে ভাড়াটেরা, বস্তীবাসীরা নিষ্কৃতি পাবে—শুধু পায়খানা পাবে তা নয়, জলের কথাও বটে। আপনি জানেন, মিঃ স্পীকার, কলকাতায় কলেরা চিরকাল লেগেই আছে এবং সকলেই জানেন যে জল থেকেই কলেরা হয়। আজ সেই জলের অবস্থাটা কি? এ সম্বন্ধে সরকার কি বলছেন দেখুন,

It may be noted that one-third of the total number of premises do not have any water-supply within the premises.

সরকারের হিসাবে এক-তৃতীয়াংশ বস্তীতে কোন জল নাই, এটা প্রেমিসেসএ, ডুয়েলিং হাউসএ নয়, প্রেমিসেস এবং ডুয়েলিং হাউসএর ডিফারেন্স বোঝা দরকার। বস্তী এ্যাজ এ হোল ইজ প্রিমিসেস এর মধ্যে যে ঘর সেইটা ডুয়েলিং ইউনিট বা ডুয়েলিং হাউস। আর সেই ডুয়েলিং হাউসএর এক-তৃতীয়াংশ জলের ব্যবস্থা নাই। করপোরেশন আইনের সংশোধনে হয় নি, বা এই আইনের মধ্যে কোথাও বলছেন না যদি এই হিসাবে জল না দেওয়া হয় তাহলে সেই বস্তী রাখা হবে না এবং সেখানে সরকার সেইটা কনফিসকেট করবেন—মালিককে জমিদারকে কোন খেসারতও দেওয়া হবে না, যদি এই মিনিমাম এ্যামেনিটিস বস্তী ডুয়েলারসদের না দিতে পারে। এসব কথা বলা হয় নি, অথচ বলেছেন স্বাস্থ্যের উন্নতি করব, লোকের ভাল করব। ভেঙ্গে দিয়ে কি করতে পারবেন তাহলে? যদি বস্তীবাসীর সঙ্গে কথা বলেন তাহলে বুঝতে পারেন সেখানে সমস্যা কি? জানি আজকে মন্ত্রী হয়ে জনসাধারণের সঙ্গে সংযোগ রাখার দরকার নেই। আমার আগে প্রদেশ কংগ্রেস সম্পাদক বক্তৃতা দিয়েছেন, শ্রীযুক্ত বিজয় সিংহ নাহার, কিন্তু তিনি বক্তৃতা দিয়েছেন মেম্বার হিসাবে।

But he happens to be the Secretary of the Provincial Congress Committee, তাহলে তিনি যখন একটা রাজনৈতিক দলের সম্পাদক তখন নিশ্চয়ই জনসাধারণের সঙ্গে তাঁর সংযোগ আছে এটা ধরে নেবো; তবে আছে কিনা জানি না। এর আগে তিনি একবারও বস্তী বাসীদের কাছে জিজ্ঞাসা করেছেন যে, এরা কোন জিনিসটা চায়? আমি জিজ্ঞাসা করেছি তারা বলেছে, দে আর নট মাচ কনসারন্ড যে তারা তিনতলা বাড়াতে, না চারতলা বাড়াতে, না দোতলা বাড়ীতে থাকবে। তারা আমাকে বলেছে সুবোধবাবু! আমরা ওসব বুঝি না, আমরা আজকে চাই আমাদের কয়েকটা পায়খানা থাকবে, আমরা জল পাব আর, একটু পরিষ্কার পরিচ্ছন্ন থাকবো। তারা এমন কথা বলছে না যে আমাদের বাড়ীপ্রসাদ করে দিন, তারা বলছে আমাদের মিনিমাম এ্যামিনিটিজ দেওয়া হোক। সে কথা কর্পোরেশন আইনের মধ্যেও নাই এবং এ আইনের মধ্যেও বস্তীবাসীরা জল পাবে, আলো পাবে, পথঘাট পরিষ্কার করা হবে—তার ব্যবস্থা যদি না থাকে তাহলে কেন এ আইন এনেছেন? আপনারা বিভিন্ন সভা যাঁরা কংগ্রেসের দিকে রয়েছেন তাঁরা সবাই ওয়ান এ্যান্ড অল খারাপ এ কথা বলি না। আপনাদের পার্টিতেও সে সম্বন্ধে আলোচনা হয়, তাদের প্রবলেমটা কি তার কথাও দলের মধ্যে হয়, কিন্তু আপনারা কোনদিন বলেছেন যে বস্তীবাসীর এই সমস্যাগুলো বিলের মধ্যে থাকা দরকার। এই বিলের মধ্যে আমি দেখলাম রিমডেলিং এর কথা আছে, আশ্চর্য কথা! রেমডেলিং বলতে কি বোঝায় তা এই বিলের মধ্যে ও কোথাও নাই। আর ও শুনে আশ্চর্য হবেন, অবশ্য আপনি কিছুতেই আশ্চর্য হন না —যে এই রিমডেলিং প্ল্যান অনুযায়ী হবে কিনা সে কথা বলেন নি। বাড়ীগুলোর প্ল্যান আছে, তবে সরকার করবেন কি কি তা বলা হয় নি, এবং রিমডেলিং প্ল্যান অনুযায়ী হবে কিনা তা বলা হয় নি। রিমডেলিংএর প্ল্যান নাই সে কোন জাতের কথা। 'এ্যাজ মে বি প্রেসক্রাইবড' সে কথা আছে, সে বাড়ী তৈরি করার ক্ষেত্রে বলছেন

as may be prescribed according to a plan sanctioned by Government

বাড়ী করার ক্ষেত্রে এ কথা লেখা থাকে। কেন রিমডেলিং সম্বন্ধে লেখা থাকে না যে

remodelling according to a plan sanctioned by the Government

কেন বস্তীবাসীর সবচেয়ে প্রয়োজন—সেই মিনিমাম এ্যামেনিটিস—তার কথা নাই, পায়খানার কথা নাই জলের কথা নাই, আর বাথএর আর কিচেনএর কথা ত না বলাই ভাল, কেননা ইট ইজ এ লাক্সারি টু দি বস্তী ডুয়েলার্স নাউ, কিচেন ত একটা কোণ, আর বাথটা ত কমন বাথ, ঐ রাস্তার টিউবওয়েল, যেখানে সব সময়ই কিউ দিয়ে সবসময়ই লোক দাঁড়িয়ে রয়েছে এবং জলের জন্য সব সময়ই মারামারি। এ কতদিন ওঁরা রাখবেন এবং এর মধ্যে দিয়েই কলকাতার সৌন্দর্যের

উন্নতি হবে, ভাল সুন্দর জায়গা হবে, ভাল স্বাস্থ্যকর জায়গা হবে। কাজেই আমি বলি অভাবগুলো দূর করা আগে দরকার। আপনাদের হিসাবে ১০০ বছর লাগবে যদি চার বছরে আড়াই কোটি টাকা খরচ ধরেন, তবেই আলো হবে, জল হবে, রাস্তা হবে।

এখন আপনারা পাঁচ বছরে ক জায়গায় কটা বাড়ী করে দিয়েছেন এবং দেখিয়েছেন যে আইডিয়াল জিনিস করে তুলেছেন? এতে কি হবে? এই আমাদের অভিজ্ঞতা। এ দৃষ্টিভংগী ছিল বিদেশী সরকারের। আপনারা জানেন সারা দেশে যখন শিক্ষা সমস্যা প্রবল হয়েছিল তখন সরকার কতকগুলি হাই স্কুল করেছিলেন টু সার্ভ এ্যাজ মডেল ইন্সটিটুশন যার মধ্য দিয়ে স্প্রেড অব এডুকেশন হবে। আমরা জানি সেই মডেল ইন্সটিটুশন কোনদিন কাজ দেয় নি। তেমনি মডেল টেনেমেন্টস, ওয়ান রুম টেনেমেন্টস করবেন—কি চমৎকার! সামনে ফুলের বাগান রয়েছে, কিন্তু বস্তীবাসীরা ফুলের বাগান চায় না, তারা জল চায়। তাদের বেশী দরকার দু-চারটে বেশী পাইখানার—তাই কোরে দিন, কিন্তু কোথায় সেসব, এই বিলের মধ্যে বা অন্য কোথায়? আমি ত জানি না। আমি মনে করি আমরা আরও একটু স্ট্রেট জিনিস চাই। আমরা কমপেন্সেশন দেব না। জমিদার পাবে না, কিছুই দেবার দরকার নেই। বলে দিন এই আইনের মধ্যে যদি এই মিনিমাম এ্যামেনিটিসএর জমিদারবাবুরা ব্যবস্থা না করেন তাহলে দি স্টেট উইল কনফিসকেট দি প্রপার্টি। কিন্তু আপনারা ভেস্টেড ইন্টারেস্টএর কথা বলেন, আমি বলব ভেস্টেড ইন্টারেস্টকে আপনারা রক্ষা করছেন। বলে দিন উই আর অপোজড টু পেমেন্ট অব কম্পেনসেশন—আমরা কমপেন্সেশন দিতে চাই না এইসব বড় লোকদের। যদি বলেন কনস্টিটুশনএ বাধে, তবে কমপেন্সেশন যদি দিতেই হয় তাহলে কনডিশন করুন। না হলে এসব গ্যালারির দিকে তাকিয়ে —বক্তৃতা দেওয়া হাততালি পাওয়ার জন্য। কোন উন্নয়ন তাতে হতে পারবে না। ভেস্টেড ইন্টারেস্টকে আপনারা যে কার্ব করার চেষ্টা করেছেন এই বিলের মধ্যে কোথাও নাই। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন এই বস্তীর সংগে সংশ্লিষ্ট কিছু কিছু ইন্টারেস্ট এখানে 'প্লে' করছে। কিছু কিছু জমিদার কিছু লোক, ঠিকা টেনান্ট কিছু ওনার আর কিছু হল টেনান্ট। এই ইন্টারেস্টগুলো দেখুন কিভাবে এখানে সেফগার্ডেড হচ্ছে।

[10-50—11 a.m.]

এরা যারা জমিদার তাদের মোটা কম্পেন্সেশন দিচ্ছেন ১৯৫৬ সালের দর হিসাবে, যখন জমির দর ছিল ম্যাক্সিমাম। কলকাতার বাজারে ১৯৫৬ সালে জমির দর ছিল ম্যাক্সিমাম এটা আমি রিফিউজি ডিপার্টমেন্ট থেকে খবর পেয়েছি। মিঃ স্পীকার, আপনি আমার এ কথায় এগ্রি করছেন না দেখছি কিন্তু রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট থেকে যতটুকু খবর আমি পেয়েছি—তাতে আমার ইনফরমেশন হল ম্যাক্সিমাম প্রাইস অব ল্যান্ড হচ্ছে তৎকালীন জমির। সুতরাং এই যে ল্যান্ডএর দাম আপনারা ফিক্স আপ করলেন তাদের সেই দামই আপনারা দেবেন। তাতে কি হচ্ছে? তাতে দেখা যাচ্ছে যে ল্যান্ডলর্ডদের ইনটারেস্ট আপনারা ভালভাবেই রক্ষা করছেন। এখানে ছোট একটা জিনিস আমি জিজ্ঞাসা করি। এস্টেট এ্যাকুইজিশন এ্যাক্ট এবং ল্যান্ড রিফর্মস এ্যাক্টএর বেলায় বিমলবাবু বলেছিলেন যে, আন্ডার রাইয়তদের স্বার্থ রইল কিন্তু তার উপর যদি কোন রায়ত থাকে তার স্বার্থ কেড়ে নেওয়া হয়েছে। পাড়াগাঁয়ে কোর্ফা স্বত্ব বলে জমির একটা স্বত্ব আছে। ধরুন কোর্ফা অধিকারী কোর্ফা বিলি করলেন সেখানে আপার রাইয়তএর স্বার্থ চলে গেছে সেখানে আন্ডার রাইয়তরাই জমির মালিক। আমি জিজ্ঞাসা করি কলকাতার জমিদারবাবুদের জমি কেন নেওয়া হবে না—কেন নেওয়া হবে না—কোর্ফা স্বত্বাধিকারীর রাইটস এ্যান্ড প্রিভিলেজ—তারা মোর অর লেস ঠিকা টেনান্টদের সমান সেই জমি ঠিকা টেনান্টদের দিয়ে দেওয়া হবে না কেন বুঝতে পারলাম না। আর একটু পরিষ্কার করে বলি—পাঁড়াগাঁয়ে কোর্ফা বলে একটা জিনিস আছে আপনি স্যার জানেন। এই কোর্ফার যে আপার স্বত্ব সেটা ল্যান্ড রিফরমসএর জোরে সরকার নিয়ে নিয়েছেন এবং ল্যান্ড পজেশন করে চলেছেন আন্ডার রাইয়ত কলকাতার, কোর্ফা স্বত্বের সমপর্যায়ের স্বত্ব, ঠিকা স্বত্ব। এখানে কিন্তু সরকার সেই প্রিন্সিপল এ্যাপ্লাই করলেন না—যে প্রিন্সিপল এখানকার জমির বেলায় এ্যাপ্লাই করেছেন। কিন্তু বড় বড় জমিদারদের সেই রাইট কেড়ে নিয়ে সেই স্বার্থ আন্ডার রাইয়তদের কেন দেওয়া হবে না—অর্থাৎ ঠিকা টেনান্টদের কেন জমির মালিক করা হবে না

—এর কোন যুক্তি নাই। যুক্তি একটাই আছে স্পীকার মহাশয় যে যুক্তিতে কলকাতাকে বাদ দেওয়া হয়েছে
from the operation of Estates Acquisition Act
এবং অনেক কায়দা করে যেটা বিধানবাবু করেছেন। আমি মনে করি যদি প্রিন্সিপল তাদের এই হয় যে আন্ডার রাইয়তদের দেবেন যে রকমভাবে সাবলেট করে দিয়েছেন, লিজ করে দিয়েছেন তাহলে এক্ষেত্রে নন এ্যাগ্রিকালচারাল ল্যান্ডএর ক্ষেত্রে কলকাতায়ও এই প্রিন্সিপল গ্রহণ করা উচিত কিছুই করবেন না, কলকাতায় কিছু লোক বসে থাকবে জমির ডেভেলপমেন্ট পর্যন্ত করে নি ঠিকা টেনান্ট জমি বাসোপযোগী করেছে, আজকে তাদের কিছু দেবেন না যত ভালটুকু ভোগ করবে জমিদারবাবুরা, ওনার অব দি ল্যান্ড।

Mr. Speaker: What is the percentage of Thikka Bustee dwellers?

Sj. Subodh Banerjee: I cannot give you the exact figure off-hand but it is not less than 30 per cent.

সে যাই হোক—আমার প্রশ্ন হচ্ছে ইভিন ওয়ান পারসেন্টও যদি হয়, আমার প্রশ্ন হচ্ছে—প্রিন্সিপলএর দিক থেকে, কোয়ান্টামএর দিক থেকে নয়, গ্রামের বেলায় যদি এই প্রিন্সিপল এ্যাপ্লাই তারা করে থাকেন, কোর্ফার বেলায় কেন করবেন না। এ্যাপ্লাই না করার একমাত্র উদ্দেশ্য কলকাতার জমিদারবাবুরা
is in the hand in gloves with the Ministry.

মিনিস্ট্রিকে যদি ইনফ্লুয়েন্স করতে পারে তাহলে তাদের কথা বাদ চলে যায়—কিন্তু পাড়াগাঁয়েত এ জিনিস হয় না। সুতরাং আমি মনে করি সেই প্রিন্সিপল এখানেও এ্যাপ্লাই করা উচিত এবং
Thikka tenants must be made the owner of the land.
সুতরাং ফার্স্ট স্বার্থ রক্ষা করেছেন জমিদারদের, সেকেন্ড ঠিকা টেনান্টদের স্বার্থ দেখলেন না, তৃতীয় হাউস ওনার যারা তাদের দিকে তাকিয়ে দেখুন, আপনারা কি দিচ্ছেন। বাড়ীর দাম ক্যালকুলেট করবেন ডেপ্রিসিয়েসন বাদ দিয়ে, কমপেন্সেসন পাবে ওনার অব এ হাট, আপনারা তাদের কি কম্পেনসেসন দিচ্ছেন? বাড়ী তৈরি করতে যা খরচ হয়েছিল লেস ডেপ্রিসিয়েসন। মিঃ স্পীকার, স্যার, আপনাকে জিজ্ঞাসা করি আমি যদি ১৫ বছর আগে একটা বাড়ী তৈরি করে থাকি বাজে জিনিসে, যদি ডেপ্রিসিয়েসন বাদ দিয়ে দেন

Mr. Speaker:
ঠিক বুঝতে পারলাম না।

Sj. Subodh Banerjee:
মনে করুন ২০-৩০ বছর আগে, ইট, কাঠ, সিমেন্ট, সুড়কীর যা দাম বা ছাঁচি বেড়া, আর গড়ানের কাঠ, হেঁতালের ব্যাড়া, ব্যাকাড়ির বাড়ী করে থাকি, আজ তার দাম কি—ডেপ্রিসিয়েসন বাদ দিলে তারা কি পাবে? তৎকালীন দাম ক্যালকুলেট করে ডেপ্রিসিয়েসন বাদ দিলে ওনার অব দি হাট কি পেল? বরং কস্ট অব লেবার যা লাগবে সেটা সরকার পাওনা হয়ে যাবে।

Mr. Speaker: Do you mean that as a result of the depreciation something will be due to the Government?

Sj. Subodh Banerjee:
হাঁ, সরকারের পাওনা হয়ে যাবে। সরকার যদি বলতেন যে ঐ জাতের একটা বাড়ী দেবো তাহলে বুঝতাম যে এদের ইন্টারেস্টও সরকার দেখছেন। কিন্তু তা বললেন না, বললেন ঐ যা দাম তার ডেপ্রিসিয়েসন বাদ দিয়ে আমরা করবো। আবার কি অদ্ভুত দেখুন, মিঃ স্পীকার স্যার, নেট ইনকাম ক্যালকুলেট করে কস্ট অব কালেকসন ৩০ পার্সেন্ট বাদ দিয়ে দিয়েছেন। আমি জিজ্ঞাসা করি—যার দুখানা হাট ছিল ঠিকা টেনান্ট সে কি লোক রেখে কালেক্ট করেছে কোন দিন? সুতরাং
cost of collection 30 per cent. of the gross income.
লিখে দিলেন। এগুলো বড় বড় জমিদারবাবুদের বেলায় করুননা, সেখানে ৩০ পার্সেন্ট কেন

৮০ পার্সেন্ট করলেও আমার বলার কিছু ছিল না। কিন্তু ঠিকা টেনান্ট দুখানা ঘর তার কস্ট অব কালেকসন কি থাকবে? গরীব লোকেদের বেলায় এমনভাবে কায়দা করেছেন যে কম্পেন্সেসন পেলে তাঁরা কিছুই পাবেন না, ডেফিসিট ব্যালেন্স হয়ে যাবে কিন্তু জমিদারদের বেলায় ১৯৪৬ এর প্রাইস রেখেছেন।

regarding last interest of the tenant.

যে কথা আগে বলেছি প্রায় ৮৫ পার্সেন্ট ফ্যামিলি টেনান্টদের বলছেন অল্টারনেটিভ এ্যাকমোডেশন দেবেন। খুব ভাল কথা, ভাল ঘর দেবেন, খুব ভাল কথা। তবে ঐ গাঙ্গুলীবাগানের টেনামেন্টের মত যদি হয় তাহলে ত সর্বনাশের ব্যাপার—আর যদি ইম্প্রুভমেন্ট ট্রাস্টের মত টেনামেন্ট তাহলে না হয় বুঝলাম। কিন্তু ভাড়ার প্রশ্নটা এ্যাসেনসিয়েল। মিঃ স্পীকার স্যার, আপনি জানেন এই সরকারী তথাই আমার ভিত্তি। মোট যা পরিবার এই বস্তীতে বাস করে তাদের মধ্যে শতকরা ৫৩·৫৪ ভাগ ভাড়া দেয় আপটু ৫ টাকা।

Mr. Speaker:
কিসের ভাড়া দেয়?

Sj. Subodh Banerjee:
বাড়ীর ভাড়া।

[11—11-10 a.m.]

Sj. Subodh Banerjee:
I now give you some figures.

ফিগারটা আমি একটু করেকট করে নিচ্ছি। ৮ নয় ওটা ৫০। গভর্নমেন্টএর ফিগার হচ্ছে আপনি দেখুন

taking the population as a whole 10·61 per cent pay up to Rs. 5 per month.

৫ টাকা ভাড়া দিচ্ছে কত

10.61 per cent., 48 per cent. pay Rs. 6 to Rs. 10.

তাহলে ১০ টাকা পর্যন্ত ভাড়া দিল কত ঐ ৫৯ পারসেন্ট। সরকারকে আমি জিজ্ঞাসা করি তারা কি এই ১০ টাকায় ভাড়া দিতে পারবেন? এই ৫৯ পারসেন্টকে? সরকার বলবেন, আমি তোমায় ভাল বাড়ী দিচ্ছি, তোমাকে বেশী ভাড়া দিতে হবে। আমার প্রশ্ন তা নয়। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন যে আমার অবস্থা অনুযায়ী আমাকে চলতে হবে। আমার যা কাপড় সেই অনুযায়ী আমার কোট তৈরি করতে হবে। আপনি আমাকে এইরকম এ্যাসেম্বলীর বাড়ীর মত বাড়ী দিয়ে যদি বলেন যে এরজন্য তোমার কাছ থেকে আমি ২০০ টাকা ভাড়া নিচ্ছি—এ ভাড়া এক হাজার টাকা হওয়া উচিত—তোমাকে আমি ২০০ টাকায় দিলাম। এতো আমার উপর টেকসেশন। ২০০ টাকায় বাড়ী আমার ভাড়া নেবার ক্ষমতা নেই, আমি এট লিস্ট ৫ টাকা খরচা করতে পারি বাড়ী ভাড়ার জন্য। আমি ৫ টাকা দিয়ে থাকছি যেরকম ৫ টাকার মধ্যে পাই। আপনি বললেন না তুমি ৫ টাকার বাড়ীতে থাকতে পারবে না, তোমাকে আমি ১৫ টাকার বাড়ী দিচ্ছি, সুন্দর বাড়ী, ফুলবাগানওয়ালা বাড়ী। তোমাকে যেতে হবে। ইজ দেট হেলপ স্যার, একে শোষণ বলবেন না কি বলবেন। একে জুলুমবাজী বলবেন না কি বলবেন তা আপনি বলুন। আমার ৫ টাকার বেশী দেবার ক্ষমতা নেই আর আপনি আমাকে বলছেন ১৫ টাকা করে আমাকে বাড়ী ভাড়া দিতে হবে। একি কথা? তাহলে যে জায়গায় আপনি দেখছেন মোট পরিবারের শতকরা ৬০ ভাগের মতন লোক ১০ টাকার বেশী ভাড়া দেয় না, ওঁরা সেখানে আমি যতটুকু শুনেছিলাম—আমি সিলেক্ট কমিটির সভ্য ছিলাম না। কিন্তু বিধানবাবু এবং অন্যান্যের সঙ্গে আলোচনা করে আমি যেটুকু বুঝেছি, সাবসিডি দিয়েও ওঁরা ১৫ টাকার কম কিছুতেই দিতে পারবেন না। কিন্তু ১৫ টাকা ভাড়া কোথা থেকে দেবে তারা। ৫ টাকা যারা দেয় তাদের যদি আরও ১০ টাকা দিতে হয়—আপনি জানেন না তাদের কিভাবে চলে? তাহলে এটা কি প্ল্যানের উপকার? আমি মনে করি যদি এঁদের এতোই ভালবাসা জেগে থাকে এই বস্তী-বাসীদের প্রতি—সেটা আমার গুরুতর সন্দেহ আছে—তাহলে তারা পরিস্কার করে লিখে দিন যে তাঁরা আগে যে ভাড়া দিত তারচেয়ে একটা পয়সা তাদের বেশী দিতে হবে না। এ কথা

থাকা দরকার। এ প্রভাইসো থাকা দরকার। তা না হলে স্যার, কমপেয়ারেবল কথাটার কোন অর্থ নাই। কেন নেই আমি আপনাকে বলি। কারণ যেটা সরকারের চোখে কমপেয়ারেবল মনে হবে, আমার পক্ষে সেটা কমপেয়ারেবল নাও হতে পারে। উদাহরণস্বরূপ বলা যেতে পারে—আমি জানি না কার উপর ভার দেবেন, যদি ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে করতে দেন তাহলে শ্রীশৈবাল গুপ্ত মহাশয়—যদিও আমি শুনেছি তিনি ভাল অফিসার—কিন্তু তিনি যাকে কমপেয়ারেবল মনে করবেন—শৈবালবাবুর এক টাকা দুই টাকার ডিফারেন্স বোঝবার মত তো অবস্থা নয়। তিনি কি বুঝবেন একটা বস্তী পরিবারের মাসে যদি দুই টাকা বেশী দিতে হয় কত বড় হার্ডশিপ সে হবে? এতো তিনি বুঝবেন না। বা সরকারের কোন আই সি এস অফিসারকে যদি এই বস্তী উন্নয়নের ভার দেওয়া হয়ে থাকে—তিনি কি বুঝবেন ৫ টাকা বেশী দিলে একটা বস্তীবাসীর কতদিককার খরচ কন্ট্রোল করতে হবে। হয়ত ছেলের মুখে ঔষধটা দেবার পয়সা তার থাকবে না। বাড়ী ভাড়া দিতেই তার সব চলে যাবে। এখানে ক্যাটিগারিকোল বলে দেওয়া দরকার। কমপেয়ারেবল কথার কোন অর্থ নেই ওখানে প্রভাইসো থাকা দরকার যে, যে ভাড়া সে আগে দিত তার চেয়েও বেশী ভাড়া তাকে দিতে হবে না। এইসব জিনিস যদি আপনারা করতেন তাহলে আমি নিশ্চয়ই জবালান সাহেবকে বলতাম যে তিনি একটা ভাল কাজ করার চেষ্টা করছেন। কিন্তু সেসব আমি দেখছি না। সুতরাং তাঁকে আমি এই কথাই বলতে পারি যে তাঁর সদিচ্ছার আমি তারিফ করি, যদি তিনি চান তিনি যখন বক্তৃতা দেবেন, আমি না হয় হাততালি দেবো যে জবালান সাহেব চমৎকার বক্তৃতা দিয়েছেন। কিন্তু যদি অবজেকটিভ রিয়্যালিটির কথা বলেন তাহলে যতই ভাল কথা বলে থাকুন না কেন এই বিলের মধ্যে আমরা বুঝেছি যে এই বিলকে চালু করতে গেলে তাঁদের যদি ইচ্ছা নাও থাকে কিন্তু অবজেকটিভলি ইট উইল মিন যে
Suppression of the bustee-dwellers, it will mean greater exploitation of the slum dweller, it will mean
তাদের আটার রুইনেশন হবে, তাদের
curtailment of essential necessaries of life.
বাদ দিয়ে এই খরচা মিটাতে হবে। যেটা অত্যন্ত খারাপ যার এফেক্ট স্বাস্থ্যের দিক থেকে, অন্যান্য জিনিসের দিক থেকে চূড়ান্ত রকম খারাপ হবে। সুতরাং সরকারকে আমি অনুরোধ করব যে তাঁরা এইরকম ব্যয়বহুল এবং যার আফটার এফেক্ট এইরকম খারাপ হবে সেই ধরনের বিল আনার চেয়ে পাশাপাশি এর মধ্যেও সংযুক্ত করুন যে ঐ রিমডেলিং করার এই এই জিনিস দেবেন। এবং মিনিমাম এ্যামেনিটিজএর জন্য যা বস্তীবাসীরা বার বার দাবী করছে সেই প্রভিসন এখানে আনুন তাহলে বস্তীবাসীরা আপনাদের সমর্থন করতে পাবে তা না হলে তারা একে অত্যাচারমূলক বলেই ত্যাগ করতে বাধ্য হবে।

Dr. Golam Yazdani:

মিস্টার স্পীকার, স্যার, কলকাতা বস্তী অপসারণ বিল যেভাবে আমাদের কাছে পেশ করা হয়েছে তা দেখে মনে হয়—যে কথাটা আমরা মনে করি যে সরকার গরীবদের প্রতি কিছুমাত্র লক্ষ্য করেন না। এখানে যেভাবে বিলটা আনা হয়েছে তাতে প্রত্যেকটা জিনিস যদি বিশ্লেষণ করা যায় সবকিছুই আমরা দেখি যে বস্তীবাসী যারা বেশীর ভাগই গরীব তাদের প্রতি যেরকমভাবে মনযোগ দেওয়া উচিত ছিল তার কিছুই দেওয়া হয় নি। কলকাতার বস্তী এলাকাগুলি অস্বাস্থ্যকর এবং সবরকমের রোগের ডিপো। এটা সবাই জানেন। আমরা চাই সত্যিকারভাবে বস্তীগুলির উন্নতি হউক। বস্তীবাসী যারা তারা আধুনিক জীবনের কিছু স্বাদ গ্রহণ করুক, ভাল ভাল বাড়ীতে বাস করুক, কিন্তু সঙ্গে সঙ্গে আমরা চাই যে এই যে বস্তীগুলি হবে—তাদের যেন কোন অসুবিধা না হয়। যে পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে সেগুলির উদ্দেশ্য হল বস্তীগুলিকে ভাল করা। সঙ্গে সঙ্গে এই বস্তীবাসীদের সম্বন্ধেও চিন্তা করা উচিত ছিল। বস্তী অপসারণ করতে গিয়ে যদি কোন বস্তীবাসীর অসুবিধা হয় তাহলে এটাকে একটা ভাল জিনিস বলে গ্রহণ করা যেতে পারে না। এটা একটা মস্ত বড় সমস্যা এবং এর সঙ্গে অনেক সমস্যা জড়িয়ে আছে এবং সরকার যদি বিশেষ চিন্তা করে এই বিল আনতে চেষ্টা করতেন তাহলে আমরা বিভিন্ন সমস্যার সমাধান এর মধ্যে দেখতে পেতাম। প্রথমে চিন্তা করা উচিত ছিল যে বস্তী অপসারণ করতে গিয়ে কি কি সমস্যার সম্মুখীন হতে হবে? প্রথমে দেখা যায় এ্যাকমোডেশনএর ব্যাপার। যেভাবে এই বিলের মধ্যে দেওয়া হয়েছে যে অন্য

জায়গায় এক মাইল রেডিয়াস এর মধ্যে তাদেরকে ওয়ান রুম টেনেমেন্ট দেওয়া হবে। কিন্তু ওয়ান রুম টেনেমেন্ট এই বস্তীবাসীর পক্ষে লাভজনক হবে কিনা ভাড়ার দিক দিয়ে এবং অন্যান্য দিক দিয়ে। যদিও এইসব সমস্যা নিয়ে অনেক আলোচনা হয়ে গেছে। যদি ধরে নেওয়া হয় অল্টারনেটিভ এ্যাকমোডেশন তাদের দেওয়া হল, কিন্তু তার পরেও সমস্যা থেকে যায়। এই বস্তীবাসীরা তারা প্রায় শতকরা ৩৫ জন লোক তাদের জীবিকা উপার্জন করে এই বস্তীর মধ্যে থেকেই। যেমন পানের দোকান, বিড়ির দোকান, চায়ের দোকান, নানান রকমের কুটিরশিল্প তারা এই বস্তীর মধ্যেই গড়ে তোলে। এবং কলকাতার আর অন্য কোন জায়গা থেকে জীবিকা উপার্জন করে না। এই সমস্ত বস্তীবাসীদের যদি অন্য জায়গায় সরিয়ে দিয়ে অল্টারনেটিভ এ্যাকমোডেশন দেওয়াও যায় তাহলেও এই শতকরা ৩৫ জন লোকের জীবিকার্জন করার ক্ষমতা চলে যাবে।

[11-10—11-20 a.m.]

বস্তীর এই যে ৩৫ পারসেন্ট লোকের জীবিকানির্বাহ হয়ে থাকে, তাদের সম্বন্ধে বিলে কিছুই নাই। এই ৩৫ পারসেন্ট বস্তীর দরিদ্র লোকের জীবিকার্জনের ক্ষেত্র নষ্ট হয়ে গেলে পর তখন তাঁরা কি করবেন? বাঁচবার মত যদি অন্য কোন পথ না পায়, তাদের কলকাতা শহর থেকে চলে যেতে হবে। বস্তী অপসারণ শুরু করতে করতে এই ৩৫ পার্সেন্ট দরিদ্র লোক চলে গেল অন্যত্র। তারপরও যারা রয়ে যাবে—তাদেরও নানারকম সমস্যা রয়েছে, ইকনমিক রিহ্যাবিলিটেশন তাদের কিভাবে করা হবে, তার কোন উপযুক্ত ব্যবস্থা এই বিলের মধ্যে নাই। যদি ধরেও নেওয়া হয় তাদের ইকনমিক রিহ্যাবিলিটেশন হয়ে গেল, অল্টারনেটিভ এ্যাকমোডেশন হয়ে গেল, তারপর বস্তী এলাকায় ভাল ভাল বিল্ডিং তৈরি হলো। তারপর এই বিলের মধ্যে আছে—বাড়ীগুলি বস্তীবাসীকে দেওয়া হবে। সেখানে খুব অল্প আয়ের লোক রয়েছে, লো-ইনকাম গ্রুপ ও অন্যান্য লোক রয়েছে, এখানে আমাদের সন্দেহ জাগে যদি আমরা ধরে নেই—অন্যান্য জিনিসগুলি সব সুষ্ঠুভাবে পরিচালনা হয়ে যাচ্ছে; বস্তীর যেখানে সেখানে নতুন নতুন বিল্ডিং হলো, তারা সেগুলি কিছুতেই পেতে পারে না। কেন না যখন নতুন বিল্ডিং তৈরি হয়ে গেল, তখন আগে যারা সেখানে ভাড়াটে ছিল, সরকার তাদের জন্য সেখানে নিশ্চয়ই কোন ব্যবস্থা করবেন না। এ সম্বন্ধে সরকারও চুপচাপ। কারণ তাদের সরকার ভাড়া দেবেন না; অন্য লোককে সেগুলি ভাড়া দেওয়া হবে যারা লো ইনকাম গ্রুপ, যারা নতুন বিল্ডিংএর ভাড়া দিতে পারবে, শুধু তারাই ঐ বস্তী এলাকার বিল্ডিংএ আসতে পারবে। অরিজিনাল বস্তীবাসী সেখানে কিছুতেই আসতে পারবে না। সুতরাং যেসমস্ত জিনিস চিন্তা করা উচিত ছিল, সরকার তা করেন নাই। কালকাটা মিউনিসিপ্যাল গেজেটএ ২১শে ডিসেম্বর তারিখে একটা হিসেব বস্তী সম্বন্ধে বেরিয়েছিল। তাতে দেখা যায় ক্যালকাটা এ্যান্ড এডেড এরিয়াস-এর বস্তী পপুলেসন মোট ৬ লক্ষ ১৭ হাজার ৭৭৪ জন, ৪০ হাজারের উপর বস্তী।

আমার কথা হল—এতগুলো লোক যাদের অবস্থা ভাল নয়, যারা গরীব লোক, যাদের জীবন ও জীবিকা নিয়ে আপনারা খেলা করতে যাচ্ছেন, তাদের সত্যিকারভাবে পুনর্বাসন না করে, ভালভাবে বসবাস করাবার বা থাকবার ব্যবস্থা করে দিতে না পারেন, তাহলে এইরকম কাজ হাতে নেবার কি প্রয়োজন? যখন তাদের ভাল করতে পারবেন না। তখন তাঁদের খারাপ করতে যাচ্ছেন কেন? আপনারা ভাল কাজ করুন। সত্যিকারের ভাল কাজ হোক, দেশের উন্নতি হোক, বস্তী অপসারণ হোক, সেখানে নতুন বিল্ডিং হোক, জনসাধারণের জীবনের মান উঁচু হয়ে উঠুক, এইসব জিনিস আমরা নিশ্চয়ই চাই। জালান সাহেব নিজে ১২ ডিসেম্বর তারিখে বলেছেন

The question of slum clearance is inter-linked with the question of finance. This age-old problem could not be solved with such inadequacy of funds.

এ কথা তো তাঁরা নিজেরা স্বীকার করেছেন, এত কম টাকা নিয়ে এত বড় একটা পরিকল্পনা সফল হবে কিনা। পরিকল্পনার আগে সেটা চিন্তা করা উচিত ছিল। অন্যান্য সদস্যরা দেখিয়েছেন যে সমগ্র পরিকল্পনাটি কার্যে পরিণত করতে একশো বছর লেগে যাবে। এজন্য চুপ করে না থেকে কি করে বস্তীকে স্বাস্থ্যকর করে তুলতে পারা যায়, সেদিকে নজর দেওয়া

উচিত। সে কথা অনেকেই উল্লেখ করেন নাই। বস্তীর পায়খানা ও জলকলের সমস্যা সম্বন্ধে সুবোধবাবু বলে গেছেন। আমি বলবো সেখানে এমনই অস্বাস্থ্যকর যে সেখানে টিউবারকুলসিস রোগের প্রকোপ খুব বেশী। টি-বি রোগীর শতকরা ৮০ ভাগ হচ্ছে এই বস্তীবাসী। কাজেই সরকারের এদিকে সর্বাধিক মনোযোগ দেওয়া উচিত ছিল। আমি আগেই সাজেসন দিয়েছি—বস্তী থেকে যদি টি বি রোগ দূর করতে হয় তবে ডমিসিলিয়ারি ট্রিটমেন্ট দরকার। বস্তীর দিকে আগে এইজন্য মনোযোগ দিতে হবে। ডমিসিলিয়ারি ইউনিট অব টিউবারকুলসিস করতে হবে। বস্তী এলাকাকে আইসোলেসন করতে হবে আগে বস্তী কতদিনে অপসারণ হবে বা না হবে, তাতে কিছুই এসে যায় না। বস্তীর এই দিকটা যদি উন্নতি করতে চেষ্টা করা হতো, তাহলে অত্যন্ত ভাল কাজ হতো। প্রথমে আইসোলেসন হোম করে সেখানকার যক্ষ্মারোগীকে ডমিসিলিয়ারি ট্রিটমেন্ট করা। সেই রকমটা করে দিতেন, তাহলে জল পায়খানার উন্নতির সাথে সাথে যেটা সংক্রামক ব্যাধি সেই টি বি রোগেরও খানিকটা সমস্যার সমাধান করতে পারতেন।

Mr. Speaker: You know every tenth man is a T.B. patient, if not more.

Dr. Golam Yazdani:

স্যার, একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে যক্ষ্মারোগীর চিকিৎসা অতি সহজ হয়ে গেছে, বাচান সহজ এই আধুনিক চিকিৎসায়।
World Health Organisation.
যেভাবে রেকমেন্ড করেছেন, সেইভাবে আমরা করতে পারবো। বিশেষ করে জোর দিয়েছেন বস্তী এলাকায়, দরিদ্র এলাকায় যেখানে লোকেব বসবাস বেশী সখানে এই ডমিসিলিয়ারি ট্রিটমেন্ট বেশী করে বলেছেন। আমরা যদি এই ডমিসিলিয়ারি ট্রিটমেন্ট এখানে ইমিডিয়েটলি চালু করে দিতে পারি, তাহলে এই মস্ত একটা সমস্যার সমাধান দ্রুত হয়ে যায়। এইসবগুলি এই বিলের মধ্যে কোথাও কিছু দেখতে পাই না।

তারপর সমস্যা হলো বস্তীতে যারা বাস করে তারা গরীব, পাঁচ থেকে দশ টাকা বাড়ী ভাড়া দিয়ে থাকে। আর এটা ও আমরা জানি—তাঁরা অনেকে দু-তিন চার মাস ভাড়া দেন না বা দিতে পারেন না বাড়ীওয়ালার সঙ্গে কোন রকম আপোষ রক্ষা করে চালিয়ে যান। গভর্নমেন্ট যখন তাদের অল্টারনেটিভ এ্যাকোমোডেসন দেবেন, সেখানে তাদের বাড়ীভাড়া বাকী পড়লে কি তা তাঁরা সহ্য করবেন? সুতরাং লো ইনকাম গ্রুপ যারা ভাড়া দিতে পারবে না সময়মত তাদেরই সবদিক থেকে বেশী অসুবিধা হবে। তারা আর ভাড়া বাকী ফেলতে পারবে না।

Sj. Saroj Roy:
যাঁর বিলের এখন আলোচনা হচ্ছে, তিনি কোথায়?

Mr. Speaker:
তিনি এখন ছুটি নিয়ে গেছেন।

Sj. Saroj Roy:
সেইজন্যই বলছি স্লাম যেটা হয়েছে—সেটা ক্লিয়ার করা আগে দরকার ঐ রাইটার্স বিল্ডিংস।

Mr. Speaker:
ভোট না পেলে ও ক্লিয়ার হবে.....

Dr. Golam Yazdani:

এই কাজে নামবার আগে এর ফাইনান্স সম্বন্ধে অবহিত হওয়া উচিত ছিল। আমাদের সরকার যদি সত্যিকার গরীবের প্রতি সহানুভূতিশীল হতেন, তাহলে তাঁদের দুর্দশার অনেক লাঘব হতো। তারজন্য বিলে যে প্রভিসন থাকা উচিত ছিল, তা দেখছি না। আমরা জানি এই কংগ্রেস সরকার সাধারণতঃ বড় লোকদের উপর বেশী নজর দেন, গরীব লোকের উপর তাদের বেশী নজর থাকে না। তার পরিচয় এই স্লাম ক্লিয়ারেন্স বিলের মধ্যে আমরা পাচ্ছি।

এবং আমাদের অভিজ্ঞতা থেকে এটা জানি যে এই কংগ্রেসী সরকারের শুধু বড় লোকদের উপর নজর থাকে গরীব লোকদের উপর নজর থাকে না। তার প্রমাণ এই স্লাম ক্লিয়ারেন্স বিলএর মধ্যেই দেখতে পাচ্ছি। আমাদের নেসন যদি বিল্ড করতে হয়, তাহলে নীচু স্তর থেকে আমাদের অগ্রসর হতে হবে নইলে নেশন বিল্ড কোন দিনই ভালভাবে করতে পারব না। সুতরাং আমার কথা হল—আমাদের তরফ থেকে এই বিলের ক্ষতিকর জিনিসগুলির উপর যেসব সংশোধনী প্রস্তাব দেওয়া হয়েছে সেই সংশোধনী প্রস্তাবগুলি যদি গ্রহণ করা হয় তাহলে এই বিলকে খানিকটা বস্তি অপসরণের জন্য ভালভাবে লাগাতে পারবেন। আর তা যদি না হয়, বর্তমানে যেভাবে এই বিল পাশ করান হচ্ছে, তাতে আমরা দেখছি যে বস্তীর লোকদের আরো দুর্দশা বেড়ে যাবে।

[11-20—11-30 a.m.]

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়—আমাদের সরকার পক্ষের মাননীয় সদস্য শ্রীযুক্ত বিজয় সিং নাহার মহাশয় যিনি এমনভাবে এখানে মন্তব্য করলেন—হাউসএ, যে সরকার অতি বড় একটা ভাল জিনিস করতে চাইছেন কিন্তু যত অযাত্রা বিরোধী দল তারা এটা বাধা দেবেই। কিন্তু তিনি তার মধ্যে তার অন্তরের একটা কথা বলেছেন যে মধ্যস্বত্ব তিনি রাখতে চান না। আমরা তাকে অভিনন্দিত করছি। কলিকাতার মধ্যস্বত্ব রাখার বিরুদ্ধেই যত আমাদের বিরোধ এবং সে কথা উনিও স্বীকার করে নিয়েছেন এবং প্রথমেই হওয়া উচিত যে জমিদারী দখল আইনে কলিকাতাকে ফাঁক দেওয়া হয়েছে—কলকাতা একটা ব্যাস-কাশী হয়ে আছে। এটার প্রতিকার তিনি সেখানে করুন। এটা বস্তী উন্নয়ন বিল নয়—বস্তী পরিষ্কার বিল হয়ে যখন আমাদের কাছে এসেছিল। এই সিলেক্ট কমিটির কাছে যে তার যে সমস্ত রূপায়ন হয়ে এসেছে—যদিও বলা হচ্ছে যে বস্তী সংস্কার এবং বস্তীবাসীদের পুনর্বাসন বিল—এই যে নামটা দেওয়া হবে, তাতে সত্যিকার বিলের যে উদ্দেশ্য এবং এখন পর্যন্ত বিলটা যেরূপে এসেছে এটা কিন্তু কানা ছেলের নাম পদ্মলোচন যাকে আমরা বলি। এখানেও ঠিক তাই দেখতে পাচ্ছি। পরিষ্কারভাবে কোথাও লেখা নেই। প্রথম কথা লেখা আছে যে বস্তী ক্লিয়ার করা হবে কিন্তু কোথায়ও বলা নাই যে সেই বস্তীর জায়গায় পুনর্বাসনের জন্য বাড়ীঘর ইত্যাদি তৈরি হবে। এ সমস্তই উল্টো সৃষ্টি। Land Development and Planning Act

এ অন্ততঃ আমরা দেখি একটা জিনিস আছে যে, যদি সরকার কোন জমি এ্যাকোয়ার করে, তার পূর্বে সেখানে কিরূপ বাড়ী হবে কয়টা বাড়ী হবে, ক-তলা বাড়ী হবে, কিরকম ধরণের হবে কি কি সুযোগ থাকবে সমস্ত কিছুর নক্সা দিয়ে তার পরিপূর্ণ একটা রূপ দিয়ে তবে বলেন যে বাড়ী দখলের ব্যবস্থা করা হোক। এই বিলে কোন কিছু নেই। আছে জায়গা দখল করা, বস্তী দখল করা, এবং সেই জায়গাকে ঘোষণা করে দেবেন যে অতঃপর এই জায়গাকে আপনারা বস্তী বলিয়া মনে করেন। এবং যে-কোন মুহূর্তে যে নির্দিষ্ট সময় আছে—সেই সময় মধ্যে উঠতে হবে। কোন সময়ে উঠতে হবে এবং সত্যিকারের উঠতে হবে কিনা সে সম্বন্ধে কোন পরিষ্কার কথা এতে নেই। তাই আমরা বলি যদি সরকার পক্ষের উদ্দেশ্য থাকে এই যে বস্তীকে অপসারণ করে তার বদলে সেখানে খুব ভাল জায়গা করা হবে পরিষ্কার পরিচ্ছন্ন জায়গা করা হবে—এই রকম বাধ্যতামূলক প্রভিসন বা নীতির স্বীকৃতি থাকা উচিত। সেই স্বীকৃতি যাতে থাকে সেইজন্য মাননীয় জালান সাহেবকে অনুরোধ করছি, কিন্তু জালান সাহেবকে অনুরোধ করলে কি হবে! তিনি অনুরোধের ধার ধারেন না। আমরা জানি আমরা বারবার এই কথা বলেছি—এই বস্তীটুকুকে তুলে দিয়ে সেই জায়গায় ক্রমে ক্রমে এমন অবস্থা করা হবে যে যারা উচ্ছেদ হয়ে যাবে—এর পরে আর তাদের পাত্তা পাওয়া যাবে না ঠিকানা পাওয়া যাবে না এবং শেষ পর্যন্ত কলিকাতা একটা ভূঁড়িস্থানে পরিণত হবে এটা পূর্বেও বলেছি এখনও বলছি সেই [illegible] এখনও আমাদের দূরীভূত হয় নি। সেইজন্য পরিষ্কারভাবে তারা এখানে বলে দিন বস্তীগুলি অপসারণ করে সেই জায়গায় যে বস্তী করবেন, তারা প্রথম সুযোগ বাধ্যতামূলক-[illegible] এই বস্তীতে বাস করছিল তাদের মধ্যে। তা ছাড়া তারা যে কথা বলেছেন বাড়ী কিরূপ হবে ইত্যাদি এক জায়গায় পেয়েছি—যদিও কোন প্ল্যান পরিষ্কার কিছুই বলেন নি—তাতে বাড়ীর যে সব হিসাব দিয়েছেন তাতে বলেছেন যে এক-কুঠিওয়ালা বাড়ী করবেন। প্রথম কথাই হচ্ছে—যদি বস্তী ভেঙ্গে নতুন বসবাসের ব্যবস্থা করা হয়—তার নীতি এইটা হওয়া

উচিত যে একটা লোকের কতটুকু জায়গার প্রয়োজন, মিনিমাম তাকে ততটুকু জায়গা দেবেন, একটা মানুষ তার হাতের চৌদ্দ পোয়া—সেই চৌদ্দ পোয়া জায়গায়ই কি তাকে দেবেন, না আঠার পোয়া দেবেন, না কি দেবেন—সেটা আপনাকে বলতে হবে। সমাজতান্ত্রিক রাষ্ট্রের কথা বলা হয়, সমাজ ব্যবস্থার কথা বলা হয়—তাই সত্যিকারের একটা ফ্যামিলিতে বড়লোক আছে—সেই অনপাতে দেওয়া হবে কিনা তার কোন কিছুর উল্লেখ নাই। আমরা এ কথা জানি যে কলকাতায় এখনও এমন জায়গা আছে, এমন অনেক ঘনবসতি ব্যবসার স্থান আছে—সেই সমস্ত জায়গায় ঘর ভাড়ার কি রীতি আমরা দেখি? কলিকাতায় আমরা দেখি যে আদ্যশ্রাদ্ধঘাটে যান, কলিকাতার পাশে সেখানেও একটা ছোট কুটির সেও ৪০ টাকা, আর মহানির্বান রোডে যান—সেখানেও ঠিক ঐ একই রকম। বস্তীতে যদি যান, সেখানের যে ভাড়া, সেই ভাড়া অনুযায়ী আমরা কি দেখি? দেখি যে সেখানে অত্যধিক ভাড়া। এবং কিছু কিছু জায়গা আছে—আমি আগেও বলেছিলাম, এখনও বলছি সেখানে চিৎ হয়ে শুলে দুই আনা, আর কাৎ হয়ে শুলে ছয় পয়সা করে ভাড়া। এইরূপ একটা অসামঞ্জস্য আমাদের সমাজের মধ্যে রয়েছে। তাই বস্তী বিল যখন করতে যাচ্ছেন তখন পারুষ্কারভাবে বলে দিন এই বস্তী উচ্ছেদ করে যখন পুনর্বাসন করা হবে তখন তাকে কতটুকু জায়গা আপনারা দেবেন—সে বিষয়ে এখনই চিন্তা করুন। আর অন্য দিকে আমার বলবার হচ্ছে—এই যে আপনারা বলছেন যে আমরা উস্কে দিয়েছি বলে জনসাধারণ এখানে এসেছে তাহলে আমরা আপনাদেরও উস্কে দিচ্ছি মন্ত্রী মহাশয়কে উস্কে দিচ্ছি আমাদের সরকারকেও উস্কে দিচ্ছি যে আমরা চাই বস্তীকে পরিষ্কার করে এবং বাংলাদেশের অন্যান্য জায়গা পরিষ্কার করে সুন্দরে পরিণত হোক। আপনাদেরও উস্কে দিচ্ছি আপনারা সেটা করুন। সুতরাং জনসাধারণকে উস্কানোর কথা আসে না সেটা আপনারা জানেন। আমাদের এখানে আশংকা হচ্ছে প্রথম কথায় আপনি উচ্ছেদ করে দিলেন। উচ্ছেদ করে দেবার পর যে বাড়ীগুলি হল, তারপর আপনার নির্দিষ্ট ভাড়া, যে সেখানে ৫ টাকায় ছিল, সে সেই ৫ টাকায়ই আসবে না, ৬-৭ টাকায় আসবে—তার কোন নির্দিষ্ট ভাড়া বলে দেন নি। মন্ত্রীর উপর নির্ভর করছে কিংবা প্রেসক্রাইবড অথরিটি যার ওপর ভার দেওয়া থাকবে। তিনি যদি বলেন, কখন বস্তীবাসী এসে বলবে আমার এর বেশী দেবার সংগতি নেই—আমার ভাড়া ছিল ৫ টাকা, তখন আপনারা বলবেন যে না, তুমি ভাড়া দিতে বেশী। তার প্রমাণ নেই, বাঁসদ নেই—এই অজুহাত তখন আপনারা দেবেন। তাই বস্তীবাসীদের আশংকা যে আপনারা তাদের উচ্ছেদ করবেন। যদি উচ্ছেদ না হয়, এইরূপ ধারণা বিশ্বাস যদি তাদের মনের মধ্যে পরিপূর্ণভাবে এনে দিতে পারেন। তাহলে বস্তীবাসী এবং তাদের যারা সমর্থন করে, তারা সকলেই আনন্দিত হবে। নাহার মহাশয় বলেছেন, যে আজ সরকার চিন্তা করছেন বস্তীবাসীদের সম্বন্ধে, বিরোধী পক্ষ কেউ কখনও তাদের কথা চিন্তা করে নি। আমি তাকে স্মরণ করিয়ে দিচ্ছি যে, বস্তীবাসী আন্দোলন কবে থেকে আরম্ভ হয়েছে এবং কারা আরম্ভ করেছে এবং আজ পর্যন্ত এর পুরোভাগে কারা আছেন? এইটেই আমি আপনাদের জিজ্ঞেস করে এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। তাই এ জিনিসটা জালান সাহেবকে বারবার বলি—এই বিল যেভাবে এনেছেন, আপনারা বলছেন—স্লাম ক্লিয়ার করতে চান কিন্তু এতে বস্তীবাসীও উচ্ছেদ হয়ে যাবে। একটা কথা আছে যে গরুও মরবে, গরুর পোকও মরবে। তাই পোকা মারতে গিয়ে গো-হত্যা পর্যন্ত হয়ে যাবে—এই দিকে বিশেষ করে আপনাদের দৃষ্টি রাখতে বলছি এবং সে দিকে আপনারা দৃষ্টি সজাগ রাখবেন। এখানে রবীন্দ্রনাথের কথায় বলা যায়—যে তার 'নিষ্কৃতি' কবিতাতে যখন পঞ্চানন বৃদ্ধের সঙ্গে মঞ্জুলার বিয়ে হল—৫ গুণ বড়র সঙ্গে এবং যখন তারা তার বাবাকে প্রণাম করল এসে—তখন তিনি বললেন 'হও তুমি সাবিত্রীর মত—এই কামনাই করি। সাবিত্রী উপাখ্যানের প্রথম দিকটা হল—অর্থাৎ পঞ্চানন মারা গেল কিন্তু তার পরেরটা আর হল না, অর্থাৎ যম আর তাকে ফিরিয়ে দিল না। এখানে জালান সাহেব প্রথম দিকে তিনি করছেন এবং বস্তী উচ্ছেদের জন্য একেবারে তিনি সশস্ত্র হয়ে আছেন কিন্তু পুনর্বাসনের কোন কথা তিনি পরিষ্কারভাবে বলছেন না। এই পরিণতি হবে বলে আমরা আশংকা করছি। এখনও সময় আছে। তিনি এটাকে পরিষ্কার, পরিচ্ছন্ন করে হাউসএ আনুন। তাহলে আমাদের কাছ থেকে অভিনন্দন লাভ করবেন। নইলে তার যে পরিকল্পনা—কলিকাতা ভূঁড়িস্থানে পরিণত হবে এবং এই আশংকা আমরা করছি যে, কলিকাতা ভূঁড়িস্থানে পরিণত হবে এবং তিনি ভূঁড়িস্থানের জাতির জনক হয়ে চিরকাল সমাজের মধ্যে থাকবেন। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Nepal Ray:

মাননীয় স্পীকার মহাশয়—আজকে কলকাতা শহরের যারা যারা এম. এল. এ আছেন, তাদের এ সম্বন্ধে আলোচনা করা বিশেষ প্রয়োজন, কারণ কলিকাতা বস্তী অপসারণের ব্যবস্থা হচ্ছে, কিন্তু বিরোধী দল থেকে বিশেষ করে গাঁয়ের এম এল এ .....

Mr. Speaker:

সাত বৎসরে

I have seen every bustee as Standing Counsel of Bengal.

Sj. Nepal Ray:

আমার কথা হচ্ছে আমরা আশা করেছিলাম, যারা বস্তী এলাকা থেকে নির্বাচিত হয়েছেন তাদের কাছ থেকে কিছু শুনব। কিন্তু যেমন স্যার, আপনি হয়ত ভুলে যান নি—লড়াইএর সময় ইংরাজদের প্রচার শুনেছিলাম—অবশ্য মিথ্যা প্রচার যে অমুক কে শেষ করে দিয়েছি, অমুককে শেষ করে দিয়েছি কিন্তু এই মিথ্যা প্রচারের ফলে যুদ্ধে জয় হলেও জয় হবার পর ইংরাজরা শেষ পর্যন্ত টিকতে পারে নি। কারণ মিথ্যা প্রচারের দ্বারা বা ফাঁকি দিয়ে শেষ পর্যন্ত জয় হয় না। তারা হেরে যাবেই। সেইজন্য বলছি যে আজকে হয়তঃ বস্তীবাসীদের মধ্যে মিথ্যা প্রচার করে তাদের বিভ্রান্ত করার সুযোগ রয়েছে কিন্তু যখন বস্তীবাসীরা এটা বুঝতে পারবে—তখন তারাই তাদের তাড়া করবে।

[11-30—11-40 a.m.]

আমার মনে আছে, আমি যখন অপজিসানএ ছিলাম এবং কলকাতার বস্তী ব্যাপার নিয়ে এই হাউসে বলেছিলাম তখন ডাঃ রায়কে বারবার বলেছিলাম যে বস্তীর উন্নতির জন্য একটা ব্যবস্থা করুন। কারণ বস্তীগুলি কলকাতা শহরে দুষ্টব্রণের মতন রয়েছে। বস্তীর চেহারা যদি আপনাদের সামনে রাখি তাহলে দেখতে পাবেন নরককুণ্ড ছাড়া সেগুলি আর কিছুই নয়।

স্পীকার মহাশয়, আপনার কখনো সৌভাগ্য হয় নাই বস্তীতে যাওয়ার

Mr. Speaker:

সাত বছর—আই হ্যাড সিন।

Sj. Nepal Ray:

তাহলে আপনি নিশ্চয়ই জানেন, আজকে কলকাতা শহরের বস্তীগুলির যা অবস্থা তাতে সেখানে মনুষ্য ত দূরের কথা পশুও স্বেচ্ছায় বাস করতে পারে কিনা সন্দেহ। কারণ আমার যতটা এলেকা যেখান থেকে নির্বাচিত হয়ে এখানে এসেছি সেখানে দুটো জিনিস রয়েছে, একটা হচ্ছে এই যে ভারতবর্ষের শ্রেষ্ঠ শ্রেষ্ঠ লোকেরা ধনিকেরা বাস করেন, আর একদিকে চরম দুর্ভাগা যারা তারা বাস করে সেখানে পাশাপাশি এই দুইয়েরই এক্সপিরিয়েন্স হয়। এক পাশে সবচেয়ে বড় বড় ধনীরা আর, আর এক পাশে সবচেয়ে গরীবরা বাস করে (এ ভয়েসঃ মধ্যবিত্তরা?) মধ্যবিত্ত আছে, খুব সামান্য। অনেক বন্ধু বলেছেন—যে বস্তীবাসী যারা বস্তীর মালিক তাদের যদি স্কোপ দেওয়া যায় তাহলে তাঁরা বস্তীগুলিকে পরিষ্কার করে, ভাল করে বড় করে তৈরি করতে পারবেন। প্রথমত ধরা যাক রাস্তার কথা, বন্ধুবর নারায়ণবাবু জানেন, তাঁর এলেকার মধ্যে বস্তী আছে, এক-একখানা দুখানা বাড়ী তার মাঝখান দিয়ে খুব বেশী হলে দেড় ফুট রাস্তা, তাতে লোক সোজা হয়ে চলতে পারে না, কাৎ হয়ে যেতে হয়। সেখানে যদি ভাল রাস্তা করতে হয় কার জমি কে ছাড়বে? এক বাড়ীওয়ালা বলবে—তুমি ছাড়, আর এক বাড়ীওয়ালা বলবে তুমি ছাড়। এই করে রাস্তার কোনই পরিবর্তন হবে না। আমার অফিস একটা বস্তীর মধ্যে—অফিস মানে যেটা আমার ব্যবসার স্থান (এ ভয়েসঃ কিসের ব্যবসা? সিমেন্টের?) হ্যাঁ রে নিন তাইই। স্যার, সেখানে আমি জানি, সুবোধবাবু বলেছেন ৮০০ লোকের একটা পায়খানা, কিন্তু আমার অফিস যে বস্তীতে সেখানে হাজার লোকের জন্য একটা পায়খানা। জল বলতে নাই, টিউবওয়েল থেকে জল আনতে হয় কর্পোরেশনের আইনে আছে ১৮ ইঞ্চির পর পাকা দেয়াল তুলে বস্তীকে আর হাট বলে নেওয়া চলে না। সেগুলি কর্পোরেশনের আইনের আওতার বাইরে রয়েছে সেগুলিকে আর ভাংগতে পারা যায় না। আমার ওদিককার বন্ধুবরেরা অনেকে বলেছেন, পাকা বাড়ী অনেক বস্তীতে আছে। কিন্তু স্যার, মেঝে পাকা

জানালার কোন অস্তিত্ব নাই শুধু দু-একটা ঘুলঘুলি রয়েছে, তা দিয়ে আলো বাতাস বা সূর্য-দেবের ঢোকবার কোন উপায় নাই, আমি জানি দিনের বেলায় সেখানকার বাসিন্দাদের বাতি জ্বেলে থাকতে হয়। সেই সমস্ত ঘরের ভাড়া—আমি খালের ওপারের কথা বলছিলেন, সেখানেও বস্তী আছে স্ট্যাটিসস্টিকস ডিপার্টমেন্ট যে স্ট্যাটিসস্টিক দিয়েছেন—৫-৭-১০ টাকা ভাড়া দিয়ে বস্তী-বাসীরা বাস করে। সেটা হচ্ছে খালের ওপারের বস্তী, খালের এ পারে যে সমস্ত বস্তী আছে তাতে ১৫-২৫ টাকা পর্যন্ত ৬×৮ ফুট ঘরের ভাড়া নেওয়া হয়, এটা অত্যন্ত জুলুম ঐসব বস্তীর যারা ভাড়াটিয়া তাদের উপর। সুবোধবাবু যে পরিসংখ্যান দিয়েছেন, এবং বর্তমানে সরকারেরও পরিসংখ্যান যা তাতে দেখতে পাচ্ছি শতকরা ৮৪ ভাগেরও উপর লোক ভাড়াটে হিসেবে বস্তীতে বাস করে। এই ৮৪ ভাগ যেখানে মেজরিটি রয়েছে, হয়ত দু-একজন বন্ধুকে কোন হাট ওনার ইলেকশনের সময় সমর্থন করে থাকতে পারেন, সেইজন্য শতকরা ৮৪ ভাগের অনিষ্ট করব, সেটা স্যার আমরা চাই না। সেইজন্য আমি বলছি কালকাতার বস্তীগুলি যত শীঘ্র সম্ভব অপসারণ করে বস্তীবাসীদের পুনর্বাসন করা অত্যন্ত দরকার—আর সমস্ত কাজ ফেলে। আমাদের বন্ধুদের সব সমজ্ঞান। একদিক দিয়ে বুলি ছাড়বার সময় সমজ্ঞানের প্রচার করবেন কিন্তু কাজের বেলায় উল্টো, তখন সমজ্ঞান প্রচার করা চলে না। ভাল পাকাবাড়ী হয়ে গেলে বস্তীবাসীরা পাছে তাদের বিরোধিতা করেন সেইজন্য আতঙ্কিত। দু-একজন বন্ধুর বক্তৃতায় শুনেছি কলকাতা শহরের বস্তীর লোকেরা কংগ্রেসকে ভোট দিল না। আমি, স্যার, নির্বাচিত হয়েছি বস্তী এলেকা থেকে, আমি তার জ্বলন্ত দৃষ্টান্ত। অতএব, বস্তীর লোকেরা কংগ্রেসকে ভোট দেয় নি এটা মিথ্যা কথা। বস্তীর লোকেরা চায় সত্য কথা। তারা যে অবস্থায় আছে সে অবস্থায় কোন মানুষ বাস করতে পারে না। শুধু বাড়ী ঘরের কথা বলছি না। পায়খানার কথা, স্যানিটেসনের কথা বলছি না। বস্তীর মধ্যে চোলাই মদের কারখানা রয়েছে, গাঁজার আড্ডা রয়েছে, বার বণিতারা রয়েছে। একটা বস্তীতে হয়ত ৫০টা পরিবার থাকে তারমধ্যে ৪।৫টা বারবণিতা পরিবার বাস করে। এবং শুধু তাই নয়, সেখানে চোর ডাকাতের আড্ডাখানা। কোন বস্তীতে যে ভদ্রপরিবার বাস করেন তাদের দিনের পর দিন ঐ সমস্ত চরিত্র দেখে দেখে মনোবৃত্তি ছোট হয়ে যাচ্ছে আমি বলব কলকাতা শহরের একটা বিরাট শ্রেণীর লোক ঐভাবে নীচে নেবে যাচ্ছে সামাজিক স্তরের।

স্যার, আমার এলেকায় বৈষ্ণব সরকার ষ্ট্রীট একটা বড় রাস্তা সেখান দিয়ে সরকারী বাস চলে। ডোভার লেন পার্কের সামনে যেখান দিয়ে বাস চলে সেখানে দেখতে পাই এক পাশে মেয়েদের স্কুল, ও ছেলেদের স্কুল বসে, পাশে দেখতে পাওয়া যায় বেশ্যারা দাঁড়িয়ে আছে রাস্তার উপর।

[11-40—11-50 a.m.]

প্রধানতঃ সেখানে যদি পাকাবাড়ী হয়ে যায় এবং এরকম পরিবেশের সমাপ্তি ঘটে তাহলে নিশ্চয়ই সমাজের কল্যাণ হবে। আমার কয়েক বন্ধু বলেছেন যে পাকাবাড়ীর ভাড়া বর্তমানে যারা বস্তীতে ভাড়া আছে তারচেয়ে অনেক বেশী হবে। যদি বেশী হয় সরকার যদি বর্তমানে যে ভাড়া আছে—আমি কলকাতা শহরের কথাই বলি, বাইরের কথা বলছি না, খালের ও পারের কথা বলছি না, এ পারে যেসমস্ত বস্তীতে ভাড়া করে লোক রয়েছে তার ভাড়া যদি বিশ্লেষণ করি—আমি নিজে খোঁজ খবর নিয়ে কতকগুলি ভাড়ার রসিদ নিয়ে এসেছি তাতে দেখি গড়পড়তা ১৫ টাকা থেকে সর্বত্র করে ২৫ টাকা পর্যন্ত শহরের মধ্যে বস্তীর ঘরের ভাড়া রয়েছে। বিরোধী দলের একজন নেতার একটা বস্তী আছে সে বস্তীর যে রসিদ তা যদি দেখতে চান তাহলে দেখবেন যে সে বস্তীতে তিনি ১৫ টাকার উপর ঘরের ভাড়া আদায় করে থাকেন। নাম আর বলি না, বললেই এখন চেঁচিয়ে উঠবেন। কিন্তু আমাদের সরকার যদি সিংগল রুম ফ্লাট করে দেন যাতে মানুষ ভালভাবে বাস করতে পারে ১০ ফুট বাই ১২ ফুট ঘরের জন্য যদি ১৫ টাকার উপর ভাড়া আদায় করে তাহলে লোক এ বিলের বিরোধিতা করবে কেন? তার চেয়ে এই যে ঘর, বিরোধীদলের নেতা ৮ ফুট বাই ৬ ফুট ঘরের জন্য ভাড়া নিয়ে থাকেন তার চেয়ে অনেক ভাল এবং বড় এই ঘর বেশী স্পেস পায়খানা থাকবে, বারান্দাওয়ালা সিংগল রুম ফ্লাট যদি সরকার দেন কম ভাড়ায় তাহলে নিশ্চয়ই আমাদের বিরোধী দলের বন্ধুরা কিছু বলতে পারবেন না।

[নয়েজ] (এ ভয়েসঃ নাম বলুন)

Sj. Hemanta Kumar Ghosal:
তিনি বলেছেন বিরোধী দলের নেতা, একজন নেতা, নিশ্চয়ই সেখানে নাম বলতে হবে বিরোধী দলের কোন্ নেতা?

Mr. Speaker:
কোন্ নেতা, কি নাম!

Sj. Nepal Ray:
আমি কোন নেতার কথা বলেছি, লিডার অফ দি অপজিসন, জ্যোতিবাবুর কথা বলছি না এমন কি আমার কাছে ফটোস্ট্যাটিক কপি আছে—একখানা ঘর বারবণিতাকে ভাড়া দিয়েছেন এবং ৩০ টাকা ভাড়া নেন, ফটো তুলে নিয়ে এসেছি।

Mr. Speaker: Please remember that the House will adjourn punctually at 12 o'clock

Sj. Nepal Ray:
স্যার, আমি বলছি হয়ত এতে কারও কারও অসুবিধা হবে। ৩০ টাকা যিনি ভাড়া পাচ্ছেন তার হয়ত কমে যাবে। সরকার ভাড়া দেবেন, এরা আর বাড়ীওয়ালা থাকবেন না সেইজন্যই আজ এরা বিরোধিতা করছেন। আজকে কলকাতা শহর থেকে যদি দুষ্ট ব্রণ সরাতে হয়, বিরোধী দলের সাহায্য নিশ্চয়ই প্রয়োজন। আজকে তাঁরা অপপ্রচার করে বস্তীর লোককে বিভ্রান্ত করছেন, আমি তাদের কাছে আবেদন করি তারা যেন এ রকম বিভ্রান্তিকর প্রচার না করেন।

Mr. Speaker: May I tell you Mr. Roy one thing. Of course this is my way of looking at things. I may be a capitalist—perhaps I am but it is not a vice. Dr. Majumdar is sitting here in the Communist Benches. He is a very well-to-do man, perhaps one of the richest men in Calcutta, but what does it matter. Discuss the Bill. Do not try to attack individuals. It is not in good taste.

Sj. Nepal Roy :
আমরা সবলে মিলে চেষ্টা করে যাতে করে এই বস্তী অপসারণ হয় এবং বস্তীবাসীদের পুনর্বাসন কোলকাতা শহরে হয়—যাতে তাদের ভাল পাকাবাড়ীতে আলো জল পায়খানাযুক্ত বাড়ীতে পুনর্বাসন হয় তার ব্যবস্থা করা দরকার। হয়ত এতে দুই-একজন লোকের অসুবিধা হতে পারে, হয়ত বা দুই-একজনের লোকের অনেক রকম ক্ষতি হতে পারে—হয়ত আমার ব্যক্তিগত ক্ষতি হতে পারে, আমাকে অনেক বস্তীর লোক সাহায্য করেছে—তা সত্ত্বেও আমরা যেহেতু দেখছি সাধারণ মানুষের উপকার হচ্ছে সেইহেতু এই বিলকে আমি সমর্থন করি শ্রীহেমন্তকুমার ঘোষালঃ তোমার গঙ্গামাটি মিশানো সিমেন্ট খুব বিক্রী হবে বুঝি?) ওঁরা একটা ধুয়া তুলেছেন যে বস্তীর লোকদের এক মাইল দূরে নিয়ে গিয়ে তাদের বসানো হবে। সেদিক থেকে আমরা দেখবো যে এই বিলে স্পষ্ট লেখা আছে
As there may be within the radius of one mile from the slum area.
তার মানে যে যেখানে আছে সেই জায়গায় যে বাড়ী তৈরী হবে—সেখানে তাদের বাড়ী দেবার প্রথমে ব্যবস্থা করা হবে, তারপরে যদি সম্ভব না হয় তাহলে তাদের কিছু দূরে সরিয়ে দেওয়া হবে। আপনি স্যার, সিলেক্ট কমিটির কথাগুলি উল্লেখ করতে বারণ করেছেন তাই বললাম না কিন্তু স্যার, আমি বলব যে সেখানে যেসমস্ত ডিসকাশন আমাদের মধ্যে হয়েছে তা ওঁরা সকলেই জানেন কারণ ওদিকের প্রত্যেকটা নেতৃস্থানীয় লোক ওখানে ছিলেন। তা সত্ত্বেও আজকে যদি তাঁরা জনসাধারণের কাছে অপপ্রচার করেন তাহলে আমি বলবো যে তাঁরা লোককে বিভ্রান্ত করবার জন্য এটা করছেন রাজনৈতিক উদ্দেশ্যসাধনের জন্য তাঁরা এটা করছেন, জনসাধারণের ভালোর জন্য তাঁরা এটা করছেন না। যদি কারো কারখানা থাকে কোন বস্তীতে সেটা আবার যাতে তৈরি হয় সেখানে যখন পাকাবাড়ী উঠবে, বিজয়বাবু যে কথা বললেন, নীচের তলায় তখন কারখানা তৈরির স্থান হবে, সেখানে তাদের সিফ্‌ট করার ব্যবস্থা করা হবে। সবগুলি আস্তে আস্তে রুলের মধ্যে আমরা পাবো, রুল যখন ফ্রেমড হবে সবাই তা দেখতে পাবেন। কাজেই আমি বলবো যে আজকে ব্যক্তিগত কারণে কারো এরকমভাবে বিরোধীতা করা উচিত নয়। বাড়ীভাড়া সম্বন্ধে যেটা ওঁরা বলেছেন সেটার সম্বন্ধে আমি পরিষ্কার করে

আপনার কাছে রাখছি—আমি একটা বিরাট লিস্ট তৈরি করেছি স্যার, যেখান থেকে ওঁরা নির্বাচিত হয়েছেন, সেখানে মিনিমাম ভাড়া হচ্ছে ১২ টাকা, ১৪ টাকা, ১৭ টাকা ছয় আনা, ২০ টাকা, ২৫ টাকা, ১৭ টাকা, ১৪ টাকা—একটা স্যার কেবল ১১ টাকা আছে। ৫ টাকা যেগুলি ভাড়া সেগুলি হয়ত দমদম এলাকা বা ঐসব দিকে হবে। গ্রামে স্যার অনেকে ভাড়া না দিয়েও থাকে। এই নম্বর এবং নামগুলি বলে দিচ্ছি স্যার। ৪১ নম্বর চাউল পট্টী রোড, সুশীলনাথ ব্যানার্জি ভাড়া দেন ১২ টাকা, ১৬৬ নম্বর কেশবচন্দ্র সেন স্ট্রীট প্রভাস দাস ভাড়া দেন ১৪ টাকা, কালীমুদ্দিন সরকার লেন.

Mr. Speaker: What are you driving at?

Sj. Nepal Ray:

ভাড়া কারা কারা কত দেয় যে এলাকা থেকে ওঁরা নির্বাচিত হয়েছেন সেই এলাকায় সেটা বলছি স্যার।

Mr. Speaker: I tell you one thing. The point under consideration is whether slum clearance is a good thing or a bad thing, whether the Bill as drawn up is proper or improper and whether the Bill should be amended or not—these are the points. So please speak on the relevant points only.

[11-50—11-57 a.m.]

Sj. Nepal Ray:

সেইজন্য আমি বলছি এখানে যারা যারা ইন্টারেস্টেড পার্টি, সরকার তাদের সম্পূর্ণ সুব্যবস্থা করেছেন। জমি থেকে সুরু করে, জমিদার এবং জমাদার পর্যন্ত প্রত্যেকের ব্যবস্থা করেছেন। ডাঃ চ্যাটার্জী অবশ্য বস্তীতে বাস করেন না। তিনি জানেন না, নারায়ণবাবু যদিও বস্তীর পাশাপাশি থাকেন, অমরদাও থাকেন পাশাপাশি অবশ্য এঁরা কিছু কিছু জানেন। তাই আমি বলছি ডাঃ নারায়ণ রায়কে—অবশ্যই প্রায়ই তাঁকে বস্তীতে যেতে হয়। তিনি আমার এলাকায় দুই-চারটা বস্তীতে যাতায়াত করেন। এই বস্তী চিৎপুর রোডের উপরে যেখানে বস্তী-গুলি আছে, এমনকি সেন্ট্রাল এ্যাভিনিউ সেখানে অনেকগুলি বস্তী আছে—এইগুলি যা আছে—বিদেশী লোক যখন আমাদের দেশে আসে তারা কি ভাবে, তারা আমাদের দেশ সম্বন্ধে কি ভাবে? [নয়েজ] অত চীৎকারের কোন দরকার নেই। বুশদেশে এখনও খুপড়ি আছে। সেখানে আমরা ফটো দেখেছি—সেখানেও বস্তী আছে। অতএব লজ্জার কিছু নেই। আস্তে আস্তে সবাইকে এগিয়ে যেতে হবে। আমি বলছি কলকাতার কোন বস্তীর লোকের ভয়ের কোন কারণ নেই। সকলেই টাকা পাচ্ছে এবং তাদের পুনর্বাসনের ব্যবস্থা সরকার করছে। এমনকি যারা বস্তীতে ভাড়া দেয় না অথচ বাস করে এসব লোকেরও ব্যবস্থা করা হয়েছে। কোন লোককেই বস্তী থেকে তাড়িয়ে দেবার ব্যবস্থা হয় নি। যারা ভাড়াটে—সরকার যে ভাড়া ঠিক করবেন নিশ্চয়ই সেটা ন্যায্য ভাড়া হবে। আজকে যেখানে বস্তীতে লোকে ১৫ টাকা থেকে ২০ টাকা ভাড়া দিচ্ছে সেখানে সরকারের উচিত আরও কম ভাড়া নেওয়া। ১৪ টাকা থেকে ১৫ টাকার বেশী ভাড়া নেওয়া উচিত নয়। কারণ সুধীরবাবুর ওখানে রয়েছে হরি সাহার বাজার এখনও সেখানে ১২ টাকায় সিংগল রুম ফ্লাট একটা সাধারণ ব্যবসাদার যখন দিচ্ছে—সরকার সেখানে দিতে পারবে না কেন?

Mr. Speaker: I have been repeatedly telling you—leave alone the private affairs of the people, I may charge Rs. 500.

Sj. Nepal Ray:

না স্যার, আমি একটা একজাম্পল দিচ্ছি। ওখানে ওটা রয়েছে। যে ফ্লাট বাড়ীতে দুই-তিন হাজার লোক বাস করে সেখানে তারা ১২ টাকায় সিংগল রুম ফ্লাট, একটা বারান্ডা, একটা কিচেন এবং একটা কল রয়েছে। সেজন্য বলছি সরকারও তাই দিতে পারবে। এতে ভয়ের কোন কারণ নেই। বস্তীবাসীদের আপনারা ভুল বোঝাবার চেষ্টা করবেন না। কারণ তাঁরা দুইদিন পর তাদের ভুল বুঝতে পারবে। একদিন দুইদিন আপনারা তাদের ভুল বুঝাতে পারেন, কিন্তু বরাবর তো আপনারা ভুল বোঝাতে পারবেন না।

You can cheat one person for one time but not all persons for all times. স্যার, এটাই আমার বক্তব্য। সকল লোককে এঁরা বোকা সাজাতে পারেন না। সেখানেও বুদ্ধিমান প্রফেসার এবং অনেক দামী দামী লোক বস্তীতে বাস করেন—স্যার, আমাদের চেয়েও অনেক দামী লোক বাস করে। তাই বলছি তাদের ভুল বোঝাতে গেলে এঁরাই শেষকালে ঠকে যাবেন। তাই আমি বলছি এই সমস্যাটা একটা বিরাট ব্যাপার, শুধু জ্বালান সাহেব কেন, ডাঃ বিধানচন্দ্র রায়ের ক্ষমতা নেই যে একলা তিনি এত বড় একটা সমস্যার সমাধান করতে পারেন। আজকে যারা বাংলাদেশের এম. এল. এ. কি বিরোধী দলের কি কংগ্রেস দলের সকলের উচিত একসঙ্গে মিলে চেষ্টা করা—লোকেদের বোঝাতে হবে যে সরকার যা করছে দেশের মঙ্গলের জন্য করছে, কলকাতার উন্নতির জন্য করছে, বস্তীবাসীদের ভালর জন্য করছে। হয়ত একটু সময় নেবে, হয়ত পাঁচ বছরে হবে না, হয়ত ১০ বছরে হবে না কিন্তু ১৫ বছরে আমাদের করতেই হবে। অতএব এখন থেকেই যদি আপনারা অপপ্রচার করেন তাহলে জ্বালান সাহেব মরে গেলে কেন তার নাতি এলেও পারবে না, এটা শেষ করতে। সেইজন্য আমি বলছি এই বিলকে সকলেরই সমর্থন করা উচিত। আমি আশা করি অন্ততঃ কলকাতার এম এল এরা, যারা বস্তীতে ঘোরাফেরা করেন যাদের বস্তীর সঙ্গে যোগাযোগ আছে তারা অন্তত জানেন যে কলকাতার বস্তীর রূপ কি? সেখানে নগ্নরূপ, সেখানে দিনের বেলায় কোন মানুষ সেখানে ঢুকতে পারে না। সেখানে পরিবার নিয়ে বাস করে তাহলে তাকে নরককুণ্ডে বাস করা ছাড়া আর কিছুই নয়, এটাই আমাকে ধরে নিতে হবে। আমার বক্তব্য শেষ করার আগে আমি জ্বালান সাহেবকে ধন্যবাদ দিচ্ছি এই বিল নিয়ে আসার জন্য। আমরা আশা করি কলকাতার অন্ততঃ চেহারা বদলাবে। যদিও তিনি পাকাবাড়ীতে বাস করেন--আমিও পাকাবাড়ীতে বাস করি, এখানে যারা আছেন তারা কেউই যদিও বস্তীতে বাস করেন না--যদি নিজেরা বস্তীতে বাস করতেন তাহলে বুঝতে পারতেন যে তাদের কি অসহনীয় অবস্থা। আমার বস্তীতে একটা অফিস আছে তাই আমি জানি এবং বস্তী এলাকা থেকে রিটার্নড হয়েছি। সুতরাং বস্তী ভেঙ্গে দিলে আর আপনারা ভোট পাবেন না সেইজন্য আপনারা আতঙ্কিত হয়ে উঠেছেন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 11-57 a.m. till 3 p.m. on Monday, the 0th March, 1958, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 10th March, 1958, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble Sankardas Banerjee) in the Chair, 14 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 210 Members.

[Further supplementaries to *44]

[3—3-10 p.m.]

Dr. Hirendra Kumar Chattopadhyay:

স্পীকার মহোদয়, আমার সাপ্লিমেন্টারিজ আছে। থানা হেল্থ সেন্টার সম্বন্ধে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন, রোগীকে পরীক্ষা ক'রে চিকিৎসা করা হয়। আমার প্রশ্ন হচ্ছে, থানা হেল্থ সেন্টারেতে টিউবারকুলোসিস পরীক্ষার জন্য কি কি ব্যবস্থা আছে, সেগুলি জানতে চাই।

The Hon'ble Dr. Anath Bandhu Ray:

সেদিন বলা হয়েছিল যে হেল্থ সেন্টারএ যে সমস্ত টিউবারকিউলোসিস পেশেন্ট তাদের ক্লিনিক্যাল ডায়গনোসিস দরকার হয় এবং সেটা করা হয়।

Dr. Hirendra Kumar Chattopadhyay:

ক্লিনিক্যাল ডায়গনোসিস করতে গেলে তার মধ্যে আছে sputum examination, X-Ray examination ইত্যাদি। ক্লিনিক্যাল এক্সামিনেশনএর সবগুলোই কি ওখানে করা হয়?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:

যেগুলি দরকার হয় সেগুলি সদর হাসপাতালে করা হয় এবং সাবডিভিশনাল হাসপাতালে, যেখানে মাইক্রোসকোপিক এক্সামিনেশন ও এক্স-রে-এর ব্যবস্থা আছে, সেখানে তাদের পাঠানো হয়।

Dr. Hirendra Kumar Chattopadhyay:

থানা হেল্থ সেন্টারএ মাইক্রোসকোপিক এক্সামিনেশনএর ব্যবস্থা আছে কিনা?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:

না, নেই, ডিস্ট্রিক্ট হাসপাতালে আছে।

Dr. Hirendra Kumar Chattopadhyay:

পল্লীগ্রাম থেকে সেই যে রোগীকে ডিস্ট্রিক্ট হাসপাতালে নিয়ে যেতে হবে তার স্পুটাম এক্সামিনেশন ও এক্স-রে এক্সামিনেশনএর জন্য। তাকে সেখানে নিয়ে যাবার কোন ব্যবস্থা সরকারের পক্ষ থেকে আছে কিনা?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:

না, তার কোন ব্যবস্থা নেই, রোগীকে সেখানে নিজে যেতে হয়।

Dr. Hirendra Kumar Chattopadhyay:

টিউবারকিউলোসিস রোগীকে সেখানে দেখবার ব্যবস্থা নেই, ফলে তাকে বহু দূরবর্তী স্থানে নিয়ে গিয়ে পরীক্ষা করা হয়। এটা কি সুষ্ঠু ব্যবস্থা ব'লে মনে করেন? কারণ টিউবারকিউলোসিস রোগীরও অ্যাবসলিউট রেস্ট দরকার।

Mr. Speaker: That is a matter of opinion.

Dr. Hirendra Kumar Chattopadhyay: Matter of opinion নয় it is a scientific fact.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: The patient has got to go to the hospital for diagnosis. He is not diagnosed beforehand.

Dr. Hirendra Kumar Chattopadhyay:

টিউবারকিউলোসিস রোগীকে যেতে হয় প্রথমে থানা হেল্থ সেন্টারএ, সেখানে গেলে পর তাকে রেফার করা হয় ডিস্ট্রিক্ট হাসপাতালে, যেখানে এক্স-রে এক্সামিনেশনএর ব্যবস্থা আছে। থানা হেল্থ সেন্টারএ প্রথম যখন গেল তখন স্টেথিসকোপ বসিয়ে দেখে যদি সন্দেহ হয় তা হ'লে তাকে জানানো হয়। তারপর তার স্পুটাম এক্সামিনেশন করবার জন্য পাঠানো হয়। কিন্তু যখন স্টেথিসকোপ বসিয়ে পরীক্ষা ক'রে বার করা হ'ল সন্দেহ আছে, তখন সেই রোগীকে যেতে দেওয়া অন্ততঃ স্বাস্থ্যসম্মত কিনা?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: It is a matter of opinion

Sj. Saroj Roy:

(খ)-প্রশ্নের উত্তরে এই যে বলা হয়েছে—প্রতি সরকারী হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে যক্ষ্মা-রোগীর চিকিৎসার ব্যবস্থা আছে। এখানে এই স্বাস্থ্যকেন্দ্র মানে কি—আমরা যাকে গ্রামাঞ্চলের হেল্থ সেন্টার ব'লে থাকি সেইগুলি?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

হ্যাঁ, সেগুলিও আছে।

Sj. Saroj Roy:

এইমাত্র বললেন, থানা হেল্থ সেন্টারএ সে রকম কোন পরীক্ষার ব্যবস্থা নাই ব'লে ডিস্ট্রিক্ট টাউন হাসপাতালে থানা হেল্থ সেন্টার থেকে তাদের কেস রেফার করা হয়। তা হ'লে ডিস্ট্রিক্ট টাউনে কি কোন থানা হেল্থ সেন্টার আছে?

[No reply]

Sj. Saroj Roy:

আপনি একটু আগে বললেন, থানা হেল্থ সেন্টারগুলিতে কোন যক্ষ্মারোগীর স্পুটাম এক্সামিনেশন বা এক্স-রে করবার ব্যবস্থা নেই। কিন্তু ডিস্ট্রিক্ট হাসপাতালে এইসকল একজামিন হওয়ার ব্যবস্থা আছে। এবং (খ)-এর উত্তরে আছে—প্রতি সরকারী হাসপাতালে ও স্বাস্থ্যকেন্দ্রে যক্ষ্মারোগীর চিকিৎসার ব্যবস্থা আছে। এই যে চিকিৎসা ব্যবস্থার জন্য থানা হেল্থ সেন্টারএ রেফার করেন অন্যত্র, কিন্তু সেই জায়গাতেই যক্ষ্মারোগীর পরীক্ষার কোন ব্যবস্থা কেন নেই?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I might tell the honourable member that for treatment—for চিকিৎসা means treatment—a patient has to be diagnosed He has to go to the District hospital for diagnosis.

Dr. Narayan Chandra Roy: In view of the answer to the supplementary question, do you think—

'যক্ষ্মারোগীর চিকিৎসার ব্যবস্থা আছে'—এই শব্দটা পরিবর্তন করা দরকার?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy.

এটা একটা ওপিনিয়ন, এটা কোয়েশ্চেনএ আসে না।

My friend, Dr. Narayan Chandra Roy, would agree with me that he could examine, he could diagnose, he could treat a tuberculosis patient without X-Ray.

Sj. Saroj Roy:

ডাঃ রায় এইমাত্র বললেন যে, এক্স-রে না ক'রেও যক্ষ্মারোগীর চিকিৎসা হ'তে পারে। আমার প্রশ্ন হচ্ছে, আজ পর্যন্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বিনা এক্স-রে রিপোর্টএতে স্পুটাম রিপোর্ট ছাড়া লোকালি একজামিন ক'রে কোন রকম ঔষধ দেবার ব্যবস্থা আছে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

আগে ডায়াগনোসিস করেন চিকিৎসকগণ, তারপর

when it is clearly established that he is a tuberculosis patient then the treatment is adopted.

Dr. Hirendra Kumar Chattopadhyay:
মুখ্যমন্ত্রী মহাশয় বললেন, কতগুলি কেসএ কেবল সাধারণ এগজামিনেশন করলেই টিউবারকিউলোসিস ধরা যায়, আর স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বললেন, সমস্ত রকম এগজামিনেশন না করলে হয় না। এই দুটার মধ্যে সামঞ্জস্য কোথায়?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Doctors have the privilege of differing one from the other

Dr. Hirendra Kumar Chattopadhyay:
আমি, স্যার, ডাক্তার হিসাবে বলছি না। আমার কথা হচ্ছে মুখ্যমন্ত্রী মহাশয় বললেন, এক্স-রে, স্পুটাম এগজামিনেশন না করেও সেখানে টিউবারকিউলোসিস ডায়গনোসিস হ'তে পারে, আর স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলেছেন—এই দুটা ও অন্যান্য সমস্ত রকম এগজামিনেশন না করলে চিকিৎসার ব্যবস্থা করা যায় না। তা হ'লে কত পার্সেন্টেজ অব লোকের এই পরীক্ষা না হওয়ার জন্য চিকিৎসা হচ্ছে না?

Mr. Speaker: This question cannot be answered without notice

Dr. A. A. Md. Obaidul Chani: In thana health centre where the first diagnosis is made by the local doctors do those doctors have got any post-graduate tuberculosis training?

Mr. Speaker
নোটিস দিন।

Dr. A. A. Md. Obaidul Chani: Shall I take it from Dr. Roy that very early diagnosis of tuberculosis is possible without any X-Ray examination?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Well, I can certainly say that in many cases you can diagnose cases and treat cases without any elaborate examination. But of course if you are in doubt or in border-line cases it is necessary to conform it, by X-Ray examination

Dr. Hirendra Kumar Chattopadhyay:
আবার সেই কথাই হ'ল। উনি বললেন, সব রকম পরীক্ষা না ক'রে চিকিৎসা করা যায় না, আর আপনি বললেন, এক্স-রে, স্পুটাম এগজামিনেশন না ক'রেও চিকিৎসা করা যায়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I said, 'It is possible'

Dr. Narayan Chandra Ray:
স্পীকার মহোদয়, আমার একটা সাপ্লিমেন্টারি আছে।
Diagnosis and the getting of medicine,
এর মাঝখানে এতখানি যে গ্যাপ রয়েছে,
practically for the poor men it is impossible to—
চিকিৎসা করানো
directed to that—have we been able to draw the attention of the Government?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
ব্যবস্থা করা হয় নাই সকল হেল্থ সেন্টারএ, আগে অ্যান্টি-টিউবারকিউলসিস মেডিসিন দেওয়া হয়েছে, যখন সাসপিশন হয় তখন থেকেই দেওয়া আরম্ভ হয়। তারপর প্রোলংগড ট্রিটমেন্ট করতে গেলে সিভিল সার্জন এই রকম অ্যারেঞ্জমেন্ট করেন। পেশেন্ট যে উইদাউট ট্রিটমেন্টএ থাকবে তা কখনও হয় না।

Dr. Golam Yazdani:
মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, তিনি বলেছেন যে ডায়গনসিস করার জন্য একবার স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যেতে হয়। এই ডায়গনসিস হয়ে গেলে তারপর যে চিকিৎসার দরকার হয় সেইটা তাদের দেওয়া হয় কিনা?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Sir, we have gone far away from the main question. The main question is about Malda; what should be the percentage.

Mr. Speaker: Next question.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[3-10—3-20 p.m.]

Shifting of the Central Sericultural Research Station from this State

***44A.** (SHORT NOTICE.) [Admitted question No. *1298 (SHORT NOTICE).] **Sj. BENOY KRISHNA CHOWDHURY:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Commerce and Industries Department be pleased to state whether the Government is aware of Central Government's decision to shift the headquarters of All-India Sericultural Research Station from Berhampore (West Bengal) to Bangalore?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the number of employees who will be affected,

(*ii*) whether the State Government made any representation to the Union Government against their decision; and

(*iii*) if so, what is the result of this representation?

The Minister for Commerce and Industries (The Hon'ble BHUPATI MAZUMDAR): (*a*) The Reviewing Committee which had been appointed by the Government of India to evaluate the work done by the Central Sericultural Research Station and to recommend about its future programme have inter alia recommended that the Central Sericultural Research Station should be located at Bangalore or its vicinity, the existing Central Research Stations in Berhampore and Kalimpong being handed over to this State Government to be run as regional stations. This recommendation of the Reviewing Committee is under consideration of the Central Government and this Government are *not* aware of any final decision of the Central Government in this regard.

(*b*) (*i*) Sixty-three including those stationed at the sub-station in Kalimpong.

(*ii*) Yes, a very strong representation has been made against the recommendation of the Reviewing Committee, at the highest level.

(*iii*) Central Government's reply is being awaited

Dr. Narayan Chandra Ray:
এই যে রিসার্চ স্টেশন হয়েছে, এটা কি আপ-টু-ডেট পর্যন্ত
run by the State Government at their own cost,
না, সেন্ট্রাল গভর্নমেন্ট খরচ দিত?

The Hon'ble Bhupati Mazumdar:
এতদিন সেন্টারএর ছিল, এখন স্যুটা হ্যান্ডেড ওভার হয়েছে স্টেট গভর্নমেন্টএর কাছে: এখন এটা
to be run by the State Government.

Sj. Shyamapada Bhattacharjee: Reviewing Committee'র
terms of reference
আপনাদের কি জানা ছিল?

The Hon'ble Bhupati Mazumdar:
যতদূর গভর্নমেন্টএর জানা আছে এই চেঞ্জ অব স্টেশন ব্যাপারে আগে থেকে কিছু টার্মস অব রেফারেন্সএর ভিতর ছিল না।

Sj. Shyamapada Bhattacharjee:
এই যে রিভিউইং কমিটি, এরা এই স্টেশনএর প্রগ্রেস কতটা করেছে এবং এর যে প্রয়োজন আছে, সেটা কি দেখেছিল?

The Hon'ble Bhupati Mazumdar:
প্রথমে তাই আমরা মনে করেছিলাম, পরে দেখলাম নিশ্চয়ই অন্য কোন টার্মস ছিল। কারণ আমাদের বাংলার একজন এক্সপার্ট ছিলেন, তিনি নোট অব ডিসেন্ট যেটা দিয়েছেন তাই থেকে জানতে পেরেছিলাম ভেতরে এইসমস্ত নিয়ে আলোচনা হয়েছিল।

Sj. Shyamapada Bhattacharjee:
এর পূর্বে কোন অ্যাসুরেন্স দেওয়া হয়েছিল কি যে সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে এই রিসার্চ স্টেশন নড়ানো হবে না?

The Hon'ble Bhupati Mazumdar:
এর পূর্বে দুইবার অ্যাসুরেন্স দেওয়া হয়েছিল। প্রথমবার বলা হয়েছিল যে এটা এখানেই রাখা হবে, দ্বিতীয়বার বলা হল যদি কোথায়ও নিয়ে যাওয়া হয় তা হলে তার আগে with the concurrence of the State Government করা হবে, সুতরাং তার বেশি আমরা বলতে পারি না।

Sj. Shyamapada Bhattacharjee:
স্টেট গভর্নমেন্টএর কোন কনকারেন্স চাওয়া হয় নি কি?

The Hon'ble Bhupati Mazumdar:
এবার চিঠি পেয়েছি, তার আগে কিছু পাই নি।

Sj. Canesh Ghosh:
এই রিভিউইং কমিটির রিপোর্ট আপনি পেয়েছেন কি?

The Hon'ble Bhupati Mazumdar:
হ্যাঁ।

Sj. Canesh Ghosh:
তারা কি কারণ দেখিয়েছে এখান থেকে বাঙ্গালোরে শিফ্‌ট করার বিষয়?

The Hon'ble Bhupati Mazumdar:
সমস্ত কারণগুলি বলতে গেলে বড় জিনিস হবে, তবে প্রধান কারণ হচ্ছে বাঙ্গালোরে ও তার ভিসিনিটি তাদের মতে, যদিও অন্য মতও আছে, সেখানকার অ্যাটমসফিয়ারিক কন্ডিশন, সেখানকার হিউমিডিটি বা ঠাণ্ডা, তাতে রিসার্চএর পক্ষে সুবিধা হবে।

Sj. Shyamapada Bhattacharjee:
স্টেট গভর্নমেন্টএর এমপ্লয়ীদের ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে এই ক্ষেত্রে কি রেকমেন্ডেশন করেছে?

The Hon'ble Bhupati Mazumdar:
এখনও কোন বিষয় সিদ্ধান্ত হয় নি, কারণ আমরা এই জিনিসটা রেফার করেছি সেন্ট্রাল গভর্নমেন্টএর কাছে, কিন্তু তাদের চূড়ান্ত সিদ্ধান্ত এখনও আমাদের জানায় নি।

Dr. Narayan Chandra Ray:
এই যে নোট অব ডিসেন্ট, এটা আপনারা কিছু জানতে পেরেছেন কি?

The Hon'ble Bhupati Mazumdar:
সেন্ট্রাল গভর্নমেন্টএর কোন উত্তর না পেলে স্টেট গভর্নমেন্টএর পক্ষে কিছু বলা যায় না।

Dr. Narayan Chandra Ray:
আমার প্রশ্ন ছিল সেখান থেকে রিমুভালএর কারণ যা দেখানো হয়েছে ইন দি রিভিউইং কমিটি আপনাদের তরফ থেকে কিছু বলা হয়েছে কি?

The Hon'ble Bhupati Mazumdar:
নোট অব ডিসেন্ট পড়তে গেলে প্রকাণ্ড হবে। সেখানকার মত যে গরম এলাকা হচ্ছে নিম্ন বাংলা, তেমনি ঠাণ্ডারও প্রয়োজন আছে, সেটা হচ্ছে কালিম্পং এবং যেহেতু বহরমপুর ও কালিম্পং হ'ল সুন্দর জায়গা এবং এখানে রিসার্চ করাও সুবিধা হবে। ডাঃ ভাদুড়ী তাই বলেছেন।

Sj. Bhadra Bahadur Hamal:
আপনি বলেছেন যে কালিম্পংএ ৬৩ জন ক্ষতিগ্রস্ত হবে। কি ক্ষতিগ্রস্ত হবে জানাতে পারেন?

The Hon'ble Bhupati Mazumdar:
ক্ষতিগ্রস্ত হবে বলা যায় না, তবে যদি সিদ্ধান্ত চূড়ান্ত হয় তা হ'লে সাতজন অ্যাফেক্ট হবে।

Sj. Bhadra Bahadur Hamal:
আপনি বলেছেন ৬৩ জন ক্ষতিগ্রস্ত হবে।

The Hon'ble Bhupati Mazumdar:
টোটাল ৬৩ জন।

Sj. Canesh Ghosh:
যে রিপোর্ট বাংলা গভর্নমেন্ট পেয়েছেন সেই রিপোর্ট এখানে দেওয়া হবে কিনা?

The Hon'ble Bhupati Mazumdar:
কেন্দ্রীয় সরকারের চূড়ান্ত সিদ্ধান্ত না পাওয়া পর্যন্ত তা এখানে দেওয়া যেতে পারে না।

Sj. Bhadra Bahadur Hamal:
কি ক্ষতিগ্রস্ত হবে জানাতে পারেন কি? তাদের কি চাকরি যাবে?

The Hon'ble Bhupati Mazumdar:
এমন হ'তে পারে যে তাদের হয়তো অন্য জায়গাতে স্থানান্তরিত করা হবে, তাতে তাদের অসুবিধা হ'তে পারে, কিন্তু চাকরি যাবার সম্ভাবনা আছে ব'লে মনে হয় না।

Sj. Sunil Das:
এই রিসার্চ স্টেশন যখন স্থাপন করা হয় তখন কি কি কারণে স্থাপন করা হয়েছিল জানাতে পারেন কি?

The Hon'ble Bhupati Mazumdar:
তখন যারা এক্সপার্ট ছিল তাদের মতে বহরমপুর ও কালিম্পংএর টেম্পারেচার এক জায়গায় ড্রাই, আর এক জায়গায় বেশি ঠাণ্ডার প্রয়োজন, হিউমিডিটি প্রয়োজন, সেইজন্য কালিম্পং আইডিয়াল প্লেস। কিন্তু এখন যারা করছেন তারা অন্য রকম মত নিচ্ছেন। এই বিষয় আমরা স্ট্রং রিপ্রেজেন্টেশন সেন্ট্রাল গভর্নমেন্টএর কাছে করেছি। যতক্ষণ তারা তাদের সিদ্ধান্ত না জানান ততক্ষণ পর্যন্ত এর বেশি আর বলা সম্ভব নয়।

Sj. Sunil Das:
রিভিউইং কমিটি যে মতামত দিয়েছেন তারা কি আপনাদের মতামত জিজ্ঞাসা করে দিয়েছেন, আপনাদের যে রিপোর্ট তা কি তাদের সামনে আছে?

The Hon'ble Bhupati Mazumdar:
তাদের কাছে আছে এবং ডাক্তার ভাদুড়ীও আছেন।

Accommodation of nurses in West Bengal

***45.** (Admitted question No. *951.) **Dr. RANENDRA NATH SEN:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state whether Government have been able to provide free accommodation to all the nurses under their employment?

(*b*) If the answer to (*a*) be in the negative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what is the number of such nurses who have to live outside owing to dearth of suitable Government accommodation;

(*ii*) how much compensatory allowance, if any, is granted at present to those nurses who live outside; and

(*iii*) whether Government help the nurses in securing accommodation within the vicinity of their place of work?

The Minister of State for Health (The Hon'ble Dr. ANATH BANDHU RAY): (*a*) Not to all.

(*b*) (*i*) About 1,005.

(*ii*) 10 per cent. of pay of each nurse.

(*iii*) No

Dr. Ranendra Nath Sen:

মাননীয় মন্ত্রিমহাশয় (বি॥আই)-এর যে জবাব দিয়েছেন তাতে এই সংখ্যা শতকরা কত ভাগ হবে বলতে পারেন কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I want notice

Dr. Ranendra Nath Sen:

এই যে (বি॥আই)-এর জবাব দিয়েছেন—নো, আমি জানতে চাই, গভর্নমেন্ট কি জানেন যে বেশীর ভাগ নার্সেস-এর কোয়ার্টার্সএর অভাব আছে এবং তার জন্য গভর্নমেন্টএর কাছে তারা রিপ্রেজেন্টেশন দেয় ব্যক্তিগতভাবে ও সমষ্টিগতভাবে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: The question is "whether there is accommodation or not". In my reply I say that there is accommodation in many hostels but where accommodation is not available they find out their own quarters or houses.

Dr. Ranendra Nath Sen:

আমার কোয়েশ্চেন হচ্ছে যে, তাদের নিজেদের অ্যাকোমোডেশন খুঁজে বের করতে হয়, গভর্নমেন্ট দেয় না, যেহেতু তারা অত্যন্ত অসুবিধায় আছে এবং তার জন্য গভর্নমেন্টএর কাছে তারা বারবার রিপ্রেজেন্টেশন করেছে। এটা ঠিক কিনা?

The Hon'ble Dr. Anath Bandhu Roy:

আমি রিপ্রেজেন্টেশন পাই নি।

[3-20—3-30 p.m.]

Dr. A. A. Md. Obaidul Chani: What is the number of nurses whom you have not been able to provide with quarters?

Mr. Speaker: The Hon'ble Minister has said that he has not received any representation at all.

Dr. Abu Asad Md. Obaidul Chani: What is the starting salary of the nurses in the Government Institutions?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: This question does not arise out of this, but I may say Rs. 100.

Dr. Abu Asad Md. Obaidul Chani: Is it possible for one to carry on with such low salaries.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: That is a matter of opinion.

Dr. Abu Asad Md. Obaidul Chani: Is accommodation available within ten rupees?

[No reply]

Dr. Narayan Chandra Ray: What is the number of such nurses who live outside?

আপনি যে ১,০০৫ জনের কথা বলেছেন তাদের মধ্যে থেকে? আমার সাপ্লিমেন্টারি হচ্ছে, আপনি যেটা দিয়েছেন ঘরের অভাবে, না আপনাদের আর কোন প্রভিশন আছে যাতে তারা অপশন নিয়ে বাইরে বাস করতে পারে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: There are cases where nurses live outside.

Dr. Narayan Chandra Ray:
তারা কি ঐ হাজারের মধ্যে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
না।

Dr. Narayan Chandra Ray:
আপনার হিসেবের মধ্যে পিউপিল নার্সও রয়েছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes, the pupil nurses have been included.

Dr. Narayan Chandra Ray:
পিউপিল নার্সরা কি প্রভিশন করতে পারে বাইরে থাকার?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: They are always accommodated in the nurses' quarters.

Dr. Narayan Chandra Ray: Whether they can opt for living outside.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Not the pupil nurses, but those who are regular nurses attending the hospital can be allowed.

Dr. Narayan Chandra Ray:
আমার কোয়েশ্চেনটা রেগুলার নার্সেসদের সম্বন্ধে নয়, অ্যাবাউট দি পিউপিল নার্সেস। তারা অপশন নিয়ে বাইরে থাকতে পারে কিনা?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: No.

Uniform allowance to nurses

***46.** (Admitted question No. *952.) **Dr. RANENDRA NATH SEN:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) what is the rate of uniform allowance for a nurse per year in the Government hospitals;

(*b*) for how many sets of uniform (either blouse and *sari* or frock) a nurse is paid the allowance in a year;

(*c*) whether Government help the low-paid nurses in securing their items of uniform at a reasonable rate; and

(*d*) whether Government consider the desirability of setting up a department to help the nurses in these respects?

The Hon'ble Dr. ANATH BANDHU RAY: (a) Rs. 60.

(*b*) No fixed limit; usually six sets.

(*c*) and (*d*) No.

Dr. Ranendra Nath Sen:

এদের শীতকালে কোন উলেন গারমেন্ট দেওয়া হয় কিনা?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: No, only they get their allowances.

Dr. Ranendra Nath Sen:

এই যে উলেন গারমেন্ট না দিয়ে অ্যালাউয়েন্স দেওয়া হয়, তার জন্য কত টাকা দেওয়া হয়?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Altogether they get sixty rupees. It has been given in the answer.

Employment possibilities for L.M.F. doctors of West Bengal under the Second Plan

***47.** (Admitted question No. *1011.) **Sj. PABITRA MOHAN ROY:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) whether Government have any scheme for L.M.F. doctors of West Bengal to provide them with service in the Second Five-Year Plan; and

(*b*) if so, what is that scheme and what is the proposed pay-scale?

The Hon'ble Dr. ANATH BANDHU RAY: (*a*) As the licentiate course has been abolished and no suitable licentiate doctors within the required age-limit are available, there is hardly any scope for recruitment of licentiate doctors to the West Bengal Health Service in future. Existing licentiate medical officers will, however, continue to be employed is suitable posts under different schemes in the exigencies of public service.

(*b*) The licentiate medical officers will continue to draw pay in the existing scale of Rs.100—5—190—10—250 until Government are in a position to upgrade their emoluments.

Sj. Pabitra Mohan Roy:

আমার জিজ্ঞাস্য হচ্ছে,

existing experienced licentiate medical officer

যারা চাকরিতে আছেন তাঁরা সকলে পার্মানেন্ট কিনা?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: They are not all permanent.

Sj. Pabitra Mohan Roy:

লাইসেন্সিয়েট ডক্টর্সদের জন্য ওয়েস্ট বেঙ্গল নূতন হেল্থ সার্ভিস স্কীমএ কোন ব্যবস্থা করেছেন কিনা?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Not yet been done.

Dr. Hirendra Kumar Chattopadhyay:
তা হ'লে কি আমরা ধ'রে নেব, West Bengal Health Service Scheme যেটা বেরিয়েছে সেটা ফার্স্ট ইনস্টলমেন্ট?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: The honourable member can tell it so if he likes.

Dr. Hirendra Kumar Chattopadhyay:
তা হ'লে কি এটার সাপ্লিমেন্টারি স্কীম আর একটা আসছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: There may be supplementary schemes according to necessities.

Dr. Hirendra Kumar Chattopadhyay:
যারা আছেন লাইসেন্সিয়েট ডাক্তার, ওয়েস্ট বেঙ্গল মেডিকেল অ্যান্ড হেল্থ সার্ভিসএ, তাদের সম্পর্কে কোন স্কীম আপনারা তৈরি করছেন কিনা জানাবেন কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: It is in the process of making and under consideration.

Dr. Hirendra Kumar Chattopadhyay:
সে কি ওয়েস্ট বেঙ্গল হেল্থ সার্ভিস স্কীমএরই পোরশন হবে, না আলাদা হবে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: That will be integrated with the Health Service Scheme.

Dr. Hirendra Kumar Chattopadhyay:
হেল্থ সার্ভিস স্কীমএর সম্বন্ধে যা স্টেটসম্যান কাগজে এবং অন্যান্য কাগজে ও গেজেটএ বেরিয়েছে, আমি জানতে চাই সেই ওয়েস্ট বেঙ্গল হেল্থ সার্ভিস কমপ্লিট নয়, কেন না তার মধ্যে লাইসেন্সিয়েটদের ধরা হয় নি।

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
মানুষের কোন কিছুই কমপ্লিট নয়, দ্যাট ইজ নট ফাইনাল।

Dr. Hirendra Kumar Chattopadhyay: I ask whether the scheme that has been published is the final, say in the matter reorganisation.

Mr. Speaker: Is there anything final in this world?

Dr. Hirendra Kumar Chattopadhyay:
স্যার, আমি ফিলজফির কথা বলছি না। আপনিও নশ্বর, আমিও নশ্বর। আমার প্রশ্নটা হচ্ছে, উনি জবাবে বললেন যে ম্যাটার ইজ আন্ডার কন্সিডারেশন। সুতরাং এই লাইসেন্সিয়েটদের অস্পৃশ্য ক'রে রাখা হচ্ছে কিনা? সেইজন্য আমার সাপ্লিমেন্টারি হচ্ছে, হেল্থ স্কীম ফর দি লাইসেন্সিয়েটস হবে কিনা?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: The whole thing will be considered. That will be one of the health schemes.

Sj. Pabitra Mohan Roy:
জানুয়ারি মাস থেকে হেল্থ সার্ভিস স্কীম যেটা নূতন হয়েছে, সেটাতে লাইসেন্সিয়েটদের ধরা হবে কিনা সেইটে আমার জিজ্ঞাস্য।

The Hon'ble Dr. Anath Bandhu Ray: That question does not arise out this.

Control of infectious diseases like cholera and smallpox in rural areas

***48.** (Admitted question No. *1014.) **Sj. PABITRA MOHAN ROY:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) whether Government have any scheme of controlling the infectious diseases like cholera and smallpox in the rural areas of West Bengal; and

(*b*) if so, whether there is any Isolation Centre on the basis of union, thana or subdivision in the district of 24-Parganas?

The Hon'ble Dr. ANATH BANDHU RAY: (a) Yes.

(*b*) There is no separate Isolation Centre but beds are reserved for isolation of infectious cases in different hospitals and health centres in the district.

Sj. Pabitra Mohan Roy:

সমস্ত রকম হেল্থ সেন্টারএ আইসোলেশনএর ব্যবস্থা আছে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: In many of the hospitals there is arrangement for isolation.

Sj. Pabitra Mohan Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কত পার্সেন্ট হাসপাতালে এই ব্যবস্থা আছে, মানে হেল্থ ইউনিট সেন্টারএ?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: That is not known to me. I will find it out.

Sj. Pabitra Mohan Roy:

আমি একটা পার্টিকুলার ইনস্টান্স জিজ্ঞাসা করছি। চুঁচুড়াপরগণা হেল্থ [illegible] ইউনিয়নএ যে হেল্থ সেন্টার আছে তাতে আইসোলেশনএর ব্যবস্থা আছে কি।

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I want notice.

Sj. Mihirlal Chatterjee:

এ কথা কি সত্য যে গভর্নমেন্টএর এত চেষ্টা সত্ত্বেও এ বছর স্মলপক্স ইনসিডেন্ট বেড়ে গিয়েছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: This year is the peak year of small-pox and it is raging in an epidemic form and all measures have been taken to control it.

Sj. Mihirlal Chatterjee:

এ কথা কি সত্য যে পশ্চিমবাংলার অনেক মফঃস্বল অঞ্চলে এ বছর স্মলপক্সএর অ্যামপিউল পাওয়া যাচ্ছে না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: It is not a fact that there was difficulty in the beginning but during the last week it had been arranged that there might be ample supply and in fact, we are having ample supply.

Sj. Mihirlal Chatterjee:

যথেষ্ট অ্যামপিউল যে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে পাওয়া যাচ্ছে না সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় কোন রিপোর্ট পেয়েছেন কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
পশ্চিমবাংলার সমস্ত গ্রামাঞ্চল থেকে রিপোর্টএর প্রশ্ন এখানে ওঠে না। উনি তো বলেই ছেন প্রথমে ডিফিকাল্টি ছিল কিনা। এখন অ্যাম্পল সাপ্লাই পাওয়া যাচ্ছে।

Dr. Jnanendra Nath Majumdar:
মন্ত্রিমহাশয় কি জানেন, এ ব্যাপারে কর্পোরেশন থেকে যথেষ্ট সাহায্য করা হয়েছে কিনা?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: No.

Dr. Hirendra Kumar Chattopadhyay:
মন্ত্রিমহাশয় যে বলেছেন এ বছর এটা স্মলপক্সএর পিক পিরিয়ড, আমার সেইজন্য জিজ্ঞাস্য হচ্ছে এটা বন্ধ করবার কোন স্কীম করা হয়েছে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Sir, no scheme can be effected in this way.

[3-30—3-40 p.m.]

Dr. Hirendra Kumar Chattopadhyay:
আমার কথা তা নয়। যদি ধারণা থাকে এই বছর বসন্ত হবে এই অ্যান্টিসিপেশনএ কোন কিছু করা হয়েছে কিনা?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes, we are taking preventive measures on a large scale.

Dr. Hirendra Kumar Chattopadhyay:
অন এ লার্জ স্কেল কি হচ্ছে জানতে চাই। লার্জ স্কেল করতে গিয়ে গোড়া থেকে কি ডিফিকাল্টি ইন সিরাম, না ভ্যাকসিনেশন, না কি জানতে চাই।

[No reply]

Mr. Speaker: As Mr. Roy is not here, the Starred Question No. 49 and the Unstarred Questions Nos. 22, 23 and 24 are held over.

UNSTARRED QUESTIONS
(answers to which were laid on the table)

Working hours of nurses in West Bengal

25. (Admitted question No. 947) **Sjkta. MANIKUNTALA SEN:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) how many beds a nurse in West Bengal is required to look after during the period of her duty;

(*b*) how many hours a day a nurse in West Bengal is required to work; and

(*c*) for every five beds how many nurses Government propose to employ for twenty-four hours?

The Minister of State for Health (The Hon'ble Dr. ANATH BANDHU RAY): (*a*) There is no fixed limit. It varies from hospital to hospital. In big hospitals a nurse may have to look after a greater number of patients.

(*b*) Average 8 hours for a nurse if placed on day duty, and 12 hours if placed on night duty.

(*c*) One for each period of 8 hours.

Dr. Narayan Chandra Ray:
কলকাতার সেন্ট্রালগুলিতে জবাব দিয়েছেন—
'Since there is no fixed limit—it varies from hospital to hospital'
কলকাতা হাসপাতালগুলির কোন এ্যাভারেজ বলতে পারেন কি—
Medical and Surgical?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes, in the Calcutta Medical College Hospitals, the number of beds is 1,353 and the number of nurses is 271.

Dr. Narayan Chandra Ray: How many beds each nurse is required to look after?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Five beds for each nurse.

Dr. Hirendra Kumar Chattopadhyay:
তিনটি করে সিফট্ আছে—
total number of beds এ nurses to be divided by three.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: The honourable member knows the arrangements in the hospitals. He knows that for every five patients one nurse is there along with the untrained nurses and, so, on an average, it is five beds for each nurse.

Dr. Hirendra Kumar Chattopadhay: The statement is not at all correct.

Dr. Narayan Chandra Ray: স্যার, আমি বলি - Hold it over for detailed answer: Our question was very explicit—'How many beds a nurse in West Bengal is required to look after during the period of her duty?'
আমার প্রশ্নে কোন গোলমাল নাই। যদি ডিফারেন্স থাকে ইন ডিফারেন্ট হসপিটাল—তা হলে, Naturally, the expected answer এ is "approximately". It would be better if you hold it over for detailed information.

Mr. Speaker: What is the difficulty: It varies from hospital to hospital.
Dr. Jnanendra Nath Majumdar: The statement that has been made by the Hon'ble Minister—one nurse for five beds—is absurd.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I told you in the beginning that the number varies in different hospitals. So, there is no fixed number of beds for each nurse.

Sj. Jyoti Basu:
স্যার, অনেক ডাক্তার এখানে আছেন, তাঁরা বলছেন এটা সত্য নয়। উনি বলেছেন, পাঁচটি বেডএ একজন নার্স এটা সত্য নয়। স্যার, উনিও ডাক্তার, মন্ত্রী তো বটেই। এতগুলি তো হাসপাতাল আছে, আমি জানতে চাইছি কোন্ হাসপাতালে পাঁচটি বেডএ একজন নার্স? একটি হাসপাতালের নাম করুন।

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Sir, could I explain to him the position because it is no good carrying on a controversy after a shadow. The sanctioned ratio is one nurse for five beds. But due to want of trained nurses, the above ratio cannot always be maintained, specially in big State Hospitals. Under the new cadre of nursing service, provision has been made to appoint Shebika Nurses if trained nurses are not available—three Shebika Nurses for two trained nurses.

Dr. Hirendra Kumar Chattopadhyay:
সেটা প্রভিশনএ আছে, সেটা বাস্তবে নেই। আমি জানি হাসপাতালে উত্তর দিকে ১২টি, দক্ষিণ দিকে ১২টি—এই ২৪টি বেডএ একটি নার্স। সেখানে কোন সেবিকাও নেই লোকও নেই।

[No reply]

Dr. Narayan Chandra Ray:

আমি যে প্রশ্নটা রেখেছি উনি অন্য সময়ে তার উত্তর দেবেন ডিটেল্স জেনে। আমরা জানি ২০-২৫-৩০টা বেডএ একটা নার্স আছে। কাজেই গড়ে ৫টা বেডএ একজন নার্স আছে—ইট ইজ এ বোগাস আনসার। হোয়াট ইজ দি রিয়াল ফ্যাক্ট এটা কালেক্ট ক'রে জবাব হিসাবে যেন উনি দেন।

The Hon'ble Dr. Anath Bandhu Ray: The answer to the question put by my friend Sj. Jyoti Basu is this. He wants me just to cite an example of any hospital where this ideal condition is existing. That is the question put to me. In the Seth Sukhlal Karnani Memorial Hospital we are trying to maintain this ratio as far as possible—we are trying to maintain this ideal condition.

Dr. Hirendra Kumar Chattopadhyay:

শেঠ সুখলাল কার্নানী হসপিটাল সম্বন্ধে উনি বলেছেন যে

we are trying to maintain one to five

তার মানে এই নয় যে, উই আর মেনটেনিং, মেনটেন করতে চেষ্টা করছেন, এখনও করতে পারেন নি।

Mr. Speaker: "Trying to maintain" means that they have not been able to do it.

.. Sj. Jyoti Basu:

আমি বুঝতে পাচ্ছি না এই রকম একটা সহজ প্রশ্নের এত ঘুরিয়ে জবাব দেবার কি দরকার। আপনি তো আর প্রফুল্লবাবু নন যে আপনাকে ফিগার বসাতে হবে। আমি বলছি যে উনি বলে দিন, আমরা এখনও পারি না, এটা করা আমাদের উদ্দেশ্য, পাঁচ বছর পর আমরা পারব কিন্তু এখন আমাদের অ্যাভারেজ হচ্ছে হয়তো দশ-পনেরটা বেডএ একজন ক'রে নার্স। এটা বলে দিতে অসুবিধা কি আছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: There cannot be any fixed average because it depends upon individual hospitals. What I wanted to say is that in the Seth Sukhlal Karnani Memorial Hospital we have got this arrangement but what happens at times is that in case there are extra numbers of patients admitted we cannot afford to arrange for nurses according to this ideal condition.

Dr. Hirendra Kumar Chattopadhyay:

শেঠ সুখলাল কার্নানী হসপিটালএর মত ভাগ্যবান হসপিটালএ যদি বলেন চেষ্টা করা হচ্ছে টু মেনটেন দি রেশিও, তা হ'লে সবচেয়ে অভাগ্যবান হসপিটালএ, যেখানে বেশি পেশেন্টএ একজন ক'রে নার্স আছে, সেখানে কি হবে?

[No reply]

Dr. Narayan Chandra Ray: The question is, are you maintaining?

পাঁচজন পেশেন্টএর উপর একজন নার্স থাকা উচিত। যদি তাই হয় তাহ'লে

Am I right in telling you that for three shifts.

পনেরজনের উপর একজন অ্যাট এ টাইম পড়ে?

[3-40—3-50 p.m.]

পেলাম না কোথায়ও। প্ল্যানিং কমিশন আরও বলেছেন—১৯৫১ থেকে ১৯৬১ সাল—এই ১০ বৎসরে ৩৩% লোকসংখ্যা ভারতবর্ষের শহরে বাড়বে, কিন্তু সেই ১৯৫১ সালের প্রয়োজনের তুলনায় ২২ লক্ষ বাসগৃহ কম ছিল শহরে। এবং ১৯৬১ সালে বলা হয়েছে যে, তার দ্বিগুণ বাসগৃহ কম হবে। অর্থাৎ ৫০ লক্ষ বাসগৃহ শহরে কম হবে। এই পরিপ্রেক্ষিতে আজকে আবার বস্তি ভেঙ্গে দেবার কথা চিন্তা করে সেই বাসগৃহ সমস্যাকে আবার নতুন রূপ আপনারা দেবেন। একেই তো ৩৩% লোক বেড়েছে—তার জন্য বাসগৃহ বিশেষ কিছু বাড়ান নি। আপনাদের বর্তমান সরকার অনেক স্কীম করেছেন। আমি কয়েকটা স্কীম বলছি। এবং সেই স্কীম কি করবেন আপনারা সেই দেখে আজকের স্কীমএও কি করা উচিত চিন্তা করুন। আপনারা মিডল ক্লাস হাউসিং স্কীম করলেন। তখন বলেছিলেন ১৪৪০টা বাড়ি করবেন। করলেন কটা? ৭৫৬টা বাড়ি। আপনারা ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীম তৈরি করলেন। সেখানেও আপনারা ধনিক বণিকদের উপর চাপ দিতে পারলেন না। তারা তাদের নিজেদের শ্রমিকদের জন্য বাড়ি বেশি তৈরি করবার বন্দোবস্ত করলেন না। সেখানে সরকার কংগ্রেস দলের স্তম্ভ যাঁরা রয়েছেন তাঁদের উপর চাপ দিতে সাহস করলেন না। যেখানে বলেছিলেন ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীমএ ৮৫২টি বাড়ি করবেন, সেখানে মাত্র ২০০টা বাড়ি তৈরি হ'ল। আজকে যদি ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীম পুরাপুরি চালু হ'ত, এবং সেখানে যদি শ্রমিকদের বাস করবার বন্দোবস্ত হ'ত, তা হ'লে বস্তির চাপ অনেক কমে যেত বহু শ্রমিক তারা নিজেরা যে ইন্ডাস্ট্রির ভিতর রয়েছে, যে শিল্পের মধ্যে রয়েছে, তার কাছাকাছি বাড়ি পেলে সেখানে গিয়ে তারা বাস করতে পারত। কিন্তু এ সম্বন্ধে আমাদের সরকার কোন চাপ দেয় নি। আপনারা স্কীম তো অনেক কিছু করছেন। শুধু এসব স্কীম করছেন তাই নয় এই স্কীমএর টাকা ও ফেরত চলে যাচ্ছে। আপনারা মাটির নিচে রেল তৈরি করবার স্কীম তৈরি করলেন। মাথার উপর রেল করবার স্কীম তৈরি করলেন গোবী সেনের টাকায়। স্কীমএর পর স্কীম হচ্ছে আর তার পিছনে টাকা যাচ্ছে। এই অবস্থার মধ্যে আমরা পুনর্বাসন আবার মানুষকে বস্তি থেকে সরিয়ে দিয়ে তাদের হটিয়ে দেবার যে স্কীম হচ্ছে - তা আমরা কিছুতেই গ্রহণ করতে বলতে পারি না। আপনারা যে স্ট্যাটিসটিকস দিচ্ছেন, সে স্ট্যাটিসটিকসই বা কী তা বুঝতে পারি না। কারণ আপনারা বলেছেন ৫ লক্ষ ৩১ হাজার ৫ শ' লোক বস্তিতে বাস করে। আর কলকাতা কর্পোরেশন বলছে ৬ লক্ষ ১৭ হাজার ৫ শ' লোক বস্তিতে বাস করে। আপনারা বলছেন কলকাতা শহরে ৭ হাজার ৫১ ৪৫ বিঘা জমি বস্তি; আর কলিকাতা কর্পোরেশন বলছে ৫ হাজার ৭ শ' বিঘা জমি বস্তি। কিন্তু কারা ঠিক—আমরা জানি না। কিন্তু যতক্ষণ এই বিধানসভার মধ্যে আছি আপনারা যে স্ট্যাটিসটিকস দিচ্ছেন সেই স্ট্যাটিসটিকস নিয়েই আমরা আলোচনা করছি। মোট কথা আসল কথা হচ্ছে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আপনারা সেকেন্ড ফাইভ-ইয়ার স্কীমএ মাত্র ২॥ কোটি টাকা পাবেন। এইটুকু জানুয়ারি তারিখের এই বৎসরের স্টেটসম্যান কাগজে লিখেছে যে, ৩৬ লক্ষ টাকা দিচ্ছেন কেন্দ্রীয় সরকার বস্তি অপসারণের জন্য এবং তাতে আপনার ৮ শ' কামরা-বিশিষ্ট ঘর তৈরি করবেন। সেই হিসেবে দেখতে পাচ্ছি প্রায় ৬০ কোটি টাকা দরকার হবে শুধু বাড়ি করবার জন্য। জমিদারকে আপনারা মোটা কম্পেনসেশন দেবেন। সেটা পরিষ্কার বিলের মধ্যে দেখছি যদিও কম্পেনসেশনএর রেটটা আপনারা এখনও আমাদের সামনে তুলে ধরেন নি। তবুও তাদের যে কম্পেনসেশন দেবেন এবং অন্যান্য কম্পেনসেশনও কিছু কিছু দেবেন, তাতে কত টাকা দরকার কালকে সুনীল দাস মহাশয় দেখিয়েছিলেন যে, ১১০।১১৫ কোটি টাকা দরকার এবং কত দীর্ঘ সময় লাগবে। এতে শুধুমাত্র একটা স্কীমই হবে। মিঃ স্পীকার স্যার, পঙ্গু মানুষ, সে যদি পর্বত ডিঙ্গাতে চায়, তা হ'লে সেটা তার ইচ্ছাই হবে, আর খোঁড়া লোক সে যদি বলে সাঁতরে সমুদ্র পার হব, সেটাও তার একটা স্বপ্নকল্পনা-প্রসূত মনের সদিচ্ছাই হবে।

[শ্রীবিজয়লাল চ্যাটার্জিঃ বায়রনও খোঁড়া ছিলেন এবং তিনি সমুদ্রও পার হয়েছিলেন।]

আমাদের কথা হচ্ছে—আমরা পাচ্ছি ২॥ কোটি টাকা কিন্তু আপনাদের স্কীম হচ্ছে অত্যন্ত বৃহৎ। আমরা আপনাদের কাছে শুধু বলব যে, যেরকম টাকা আপনারা পাচ্ছেন সেই অনুযায়ী একটা প্র্যাকটিক্যাল স্কীম করুন, যে স্কীমএ সত্যি সত্যি মানুষ উপকৃত হবে। শুধু নগর

সুন্দর করলেই হবে না। সাধারণ মানুষ, দরিদ্র মানুষ, মধ্যবিত্ত শ্রেণীর মানুষ, সর্বহারা মানুষের খানিকটা উপকার আপনারা করুন। সেটা যদি আপনাদের করতে হয়, তা হ'লে প্রথম কথা বস্তি ভাঙ্গলে চলবে না। বস্তিকে উন্নত করতে হবে, তাকে সংস্কার করতে হবে, তাকে পুনর্গঠন করতে হবে। আসল কথা—কিছুদিন পূর্বে যেমন বাস্তুহারা এভিকসন বিলকে রিহ্যাবিলিটেসন বিলএ রূপান্তরিত করেছিল এবং আপনার সরকারই সেটা করেছিল; আপনারা প্রথমে এভিকশন বিল এনেছিলেন; তারপর আপনার সরকার সেটাকে রিহ্যাবিলিটেশন বিলএ পরিণত করেছিল। আজকে আমি আপনার কাছে সংগঠনের মনোভাব নিয়ে সুষ্ঠু চিত্তে, সৎ উদ্দেশ্য নিয়ে আপনাকে পুনরায় চিন্তা করতে বলি যে, আজকে এই এভিকশন বিলকে আপনারা রিহ্যাবিলিটেশন বিল করুন। প্ল্যানিং কমিশন বার বার একথা বলেছেন—স্লাম ক্লিয়ারেন্সএর মূল নীতি

minimum standard of hygiene and environment with essential amenities rather than elaborate structures.

আমরা আপনাদের সামনে এ সম্বন্ধে একটা অল্টারনেটিভ স্কীম বা বিকল্প প্রস্তাব রাখছি—সেটা চিন্তা ক'রে দেখবেন। এবং এটা গঠনমূলক প্রস্তাব। প্রথম প্রস্তাব হচ্ছে আমাদের যে, কলকাতাকে যেমন আপনারা জমিদারী দখল আইন থেকে বাদ দিয়ে রেখেছেন সেই কলকাতাকে জমিদারী দখল আইনের মধ্যে আনুন। তা হ'লে ভবিষ্যতে খেসারত দেবার পক্ষে অনেক সুবিধা হবে এবং সাধারণ লোক তাতে বাঁচবে। ভেস্টেড ইন্টারেস্টওয়ালা যেমন এই লয়েলকা, ভাওয়ালকা, লাহা, সাহা, সিংহানীয়া, ঘনঘনিয়া, ঢনঢনিয়া ইত্যাদির হাত থেকে অন্তত কলকাতা শহরকে বাঁচানোর একটা বন্দোবস্ত করুন। দ্বিতীয়ত হচ্ছে—ঠিকা টেনান্সি অ্যাক্ট। গত ১০ বৎসর ধ'রে ঠিকা টেনান্সি অ্যাক্টকে যেভাবে আপনারা রিমডেল করেছেন—তাতে বস্তির দিক দিয়ে অত্যন্ত ক্ষতির কারণ হয়েছে। এই ঠিকা টেনান্সি অ্যাক্টকে আপনারা ঢেলে সাজুন। এই ঠিকা টেনান্টদের আপনারা অকুপান্সি রাইট দিন এবং তা যদি আপনারা দেন, তা হ'লে তারা নিজেরাই ঠিকা বস্তির খানিকটা উন্নতি করতে পারবে।

[5—5-25 p.m.]

লো ইনকাম গ্রুপএর হাউসিং স্কীম আপনারা চালু করুন। চটকল পাটকলের এবং অন্যান্য কলের যারা মালিক তাদের আপনারা চাপ দিন ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীমএ যাতে অধিক সংখ্যায় তারা বাড়ি করতে বাধ্য হয়; তা হ'লে বস্তীর উপর চাপ অনেকটা কমে যাবে। আজ বস্তীতে যারা বাস করে, লীজ নিয়ে আছে, বা হাট-ওনার যারা আছে তাদের কো-অপারেটিভ স্কীমএ বাড়ি করবার সুযোগ দিন।

আর আপনারা কি খবর রাখেন পাকা বাড়ি, পাকা পায়খানা, ইলেকট্রিক লাইট, পাকা ড্রেন যেখানে সেখানে সেই পাকা বাড়ির ট্যাক্স শতকরা ১৫-২০ টাকা, আর বস্তীতে যেখানে পায়খানা নাই, জলের কল নাই, বা রাস্তা পর্যন্ত নাই সেখানেও বস্তীর এক-আধটা ঘরের জন্য ২৩৷৷ টাকা করে ট্যাক্স লাগে শতকরা। এইজন্য কলিকাতা কর্পোরেশন আইন এখনি আপনাদের বদলানো দরকার।

Mr. Speaker: Mr. Mitra, what is the percentage that you have to pay for ordinary houses under the Calcutta Corporation? I thought it is 22½ per cent.

Sj. Haridas Mitra: Fifteen to twenty per cent.

Mr. Speaker: I will check it up. I am not contradicting you there but for a Calcutta house which is not covered by the word "bustee" I am not at all sure if it is so low.

Sj. Haridas Mitra:

আপনারা আর একটা কথা জানেন না হয়তো, যারা ল্যান্ড লর্ড অর্থাৎ বস্তীর মালিক তাদের পারসোন্যাল প্রপার্টি বলে বস্তীকে ধরা হয়। তাঁরা ট্যাক্সএর দরুন যে রিবেট পান সেটা তাঁরাই নিজেরা নিয়ে নেন; অথচ সেই রিবেট বাদ না দিয়েই তাঁরা বস্তীর বাসিন্দাদের

কাছ থেকে ট্যাক্সের টাকা আদায় করেন। সেই রিবেটটা বস্তীবাসীদের দিয়ে দেবার জন্য ল্যান্ড লর্ডদের আপনারা বাধ্য করুন। সেই টাকা দিয়েও বস্তীর খানিকটে উন্নতি করা যায়। ক্যালকাটা করপোরেশন বস্তীর তো কোন উন্নতি করেন না, কিন্তু যদি ট্যাক্স বাকী পড়ে তা হ'লে ঠিক সময়ে পরোয়ানা যায়, ক্রোক ডিগ্রি যায় এবং পাওনা টাকা সব ভাড়াটিয়াদের কাছ থেকেই আদায় করা হয়। এসবের প্রতিকারের জন্য ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টটা বদলান। আর যারা কো-অপারেটিভ স্কীমএ টাকা ঋণ চেয়ে পাচ্ছে না বা অল্প টাকা পাচ্ছে, অথবা যারা বাড়ি করতে পারে তাদের আর্থিক কিছু সাহায্য করা যায় কি না ভেবে দেখুন। আপনারা রিফিউজিদের বাড়ি করবার জন্য বহু টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে পাচ্ছেন, তা থেকে কিছু টাকা বস্তীতে যারা ভাড়া করে আছে বা যারা হাট-ওনার তাদের যদি দীর্ঘ মেয়াদে ধার দেন তা হ'লে তারা নিজেরাই বাড়ি করতে পারবে।

Mr. Speaker: You should have told the House that there is a slab system. That is not an accurate statement of fact. The House stands adjourned for 15 minutes.

[The House was at this stage adjourned for 15 minutes.]

[After adjournment]

[5-25—5-35 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty:

গত কয়েক দিন ধরে এই বিল সম্বন্ধে যে আলোচনা হচ্ছে তা বিশ্লেষণ করলে দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি আমরা যতগুলি গঠনমূলক প্রস্তাব করেছি সরকার তার কোন একটাও আমলে আনতে চান না। বস্তী সমস্যা সমাধানের জন্য আজ পর্যন্ত ধাপে ধাপে বিভিন্ন সময়ে যেসব প্রস্তাব সরকারের কাছে আমরা করেছি সেগুলি উপেক্ষা করে সরকার এই বিল এনেছেন এবং এতে দাবী করা হয়েছে এর দ্বারা বস্তীবাসীদের সমস্যার সমাধান হয়ে যাবে। তবে আমার ধারণা এই বিলের দ্বারা তাঁদের মনে মনে কোন গূঢ় উদ্দেশ্য যদি থেকে থাকে তা হয়তো চরিতার্থ হবে, কিন্তু বাস্তবিক বস্তী সমস্যা বা বস্তীবাসীদের সমস্যার কোন সমাধান তো হবেই না বরং তাদের উপর আরও দুর্যোগ ঘনিয়ে আসবে। তাই যেকথা বার বার বিভিন্ন সময়ে আমরা বলেছি এখনো আবার সেই কথাই জোর দিয়ে বলতে চাই—সরকারের প্রস্তাব বস্তী অপসারণ বা উচ্ছেদ নয়, বস্তীর উন্নয়নই বস্তী সমস্যা সমাধানের একমাত্র পন্থা।

মাননীয় স্বায়ত্তশাসন মন্ত্রী শ্রীঈশ্বরদাস জালান সেদিন বলেছিলেন বস্তীর লোকসংখ্যা ৫ লক্ষের মত হবে এবং সেই হিসাব ধরে মন্ত্রিমহাশয় বস্তী অপসারণ পরিকল্পনা রচনা করেছেন দেখা যাচ্ছে। কিন্তু আমি দেখছি গোড়াতেই গলদ রয়েছে। বস্তীবাসীর সংখ্যা কমিয়ে দেখাবার চেষ্টা হয়েছে। সেখানে স্যাম্পল সার্ভের উপর ভিত্তি ক'রে লোকসংখ্যা দেখান হয়েছে তাতে আছে ১৯৫০ সালের শেষে কলকাতায় বস্তীর লোকসংখ্যা ছিল প্রায় সাত লক্ষ। ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট ইতিমধ্যে বস্তী ভেঙ্গে ১০০ বিঘা জমি উদ্ধার করেছে বলে সে পরিমাণ জমির যে বস্তীবাসী যারা বস্তীতে বাস করতো হিসাব থেকে তাদের সংখ্যা, সেই পরিমাণ জনসংখ্যা বাদ দেওয়া হয়েছে। কিন্তু মনে রাখা দরকার যে সেই বস্তী ভাঙ্গা হলেও সেই জনসংখ্যা কর্পূরের মত উবে যায় নি। নিশ্চয়ই তারা অন্যান্য বস্তীতে যেয়ে হাজির হয়েছে এবং সেখানে জীবনযাত্রা নির্বাহ করছে। তা ছাড়া স্যাম্পল সার্ভে যখন হয় তখন টালিগঞ্জ মিউনিসিপ্যালিটি কলকাতা শহরের মধ্যে ছিল না। এখন সেই এলেকাকেও হিসাবের মধ্যে ধরতে হবে, তা ছাড়া সরকারী সংখ্যাতত্ত্বের যে কারচুপি সেই সমস্ত তো আছেই। আরও মনে রাখতে হবে যে সরকারী হিসাবের যে ভিত্তি, স্যাম্পল সার্ভে সেটা বস্তীর জনসংখ্যার কোন সেন্সাস নেওয়া হয় নি। সুতরাং সব দিক থেকে বিবেচনা করলে আমরা দেখি যে বস্তীর জনসংখ্যা ৮ থেকে ১০ লক্ষ ধরতে হয় যেখানে মন্ত্রিমহাশয় বলেছেন মাত্র ৫ লক্ষ। এবং তারতম্য অনুসারে সরকার যেখানে বস্তীর পরিবারের সংখ্যা দেখাচ্ছেন ১ লক্ষ ৩৬ হাজার সেখানে বস্তীবাসী পরিবারের সংখ্যা গিয়ে দাঁড়াবে অন্ততপক্ষে ২ লক্ষ। এখন

এই রাজ্যের বেলায় এদের সরকারী পরিকল্পনার হিসাবমত এরা যেটা স্বীকার করেছেন তাতে যদি ২॥ কোটি টাকা খরচ হয় তা হ'লে তো ২০ বছর সময় লাগবে। অথচ ১২ই ফেব্রুয়ারীতে প্রশ্ন হয়েছিল লোকসভায় তাতে আমরা দেখতে পাচ্ছি ২৩·৪ লক্ষ টাকা দিয়ে ৩৮৪টি স্লাম ফ্যামিলির জন্য বাড়ি তৈরি করা হয়েছে এবং তার সাথে এও আমরা দেখেছি কলকাতায় যার একটা জায়গায় ৮০০ স্লাম ফ্যামিলির জন্য ৪৮ লক্ষ টাকা খরচ করে বাড়ি তৈরি করে আদি বস্তী থেকে লোক নিয়ে তাদের সেখানে রাখা হবে। এটা যদি আমি যোগ দিই তা হ'লে দেখি মোট ১১৮৪টি পরিবারের পুনর্বাসনের জন্য বাড়ি তৈরি করতে সরকারের ৭১ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দ করেছেন। সে হিসাবে দু' লক্ষ পরিবারের জন্য অন্ততপক্ষে ১২০ কোটি টাকার প্রয়োজন হবে তার উপর ক্ষতিপূরণের টাকা আছে যা জমিদারদের ও বাড়িওয়ালাদের দিতে হবে। সরকার প্রতি বছর আড়াই কোটি টাকা হিসাবে খরচ করবেন ব'লে বলেছেন, তাতে আমরা দেখছি বস্তি অপসারণ করতে গেলে ৭০ থেকে ৭২ বছর কমসে কম লাগবে। অতএব ৭০।৭২ বছর ধরে বস্তিবাসীর অপসারণ চলবে এটা ধরে নিয়ে তবে এ বিল পাশ উচিত হবে কিনা ভাবা দরকার। কাজেই উন্মাদ বা দুর্বুদ্ধিপ্রণোদিত না হ'লে এই প্রস্তাব কেউ সমর্থন করবে না। যে বিল আনা হয়েছে সেটা কেউ সমর্থন করবে না এবং দীর্ঘদিন ধরে যদি বস্তি অপসারণের কাজ, বস্তি উচ্ছেদের কাজ চলতে থাকে তা হ'লে তাদের একটা ভয়াবহ অবস্থা হবে। এই বিল পাশ হ'লে বস্তির বাড়ির মালিকরা তাদের স্থায়িত্ব সম্বন্ধে একটা অনিশ্চিত অবস্থায় পড়বে। কলকাতা কর্পোরেশন, কলকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট একই অনিশ্চিত অবস্থায় পড়বে, কারণ আজ থেকে বস্তি অপসারণের যে প্রস্তাব হচ্ছে তাতে দীর্ঘ সময়ের মধ্যে বস্তির ঘর মেরামত হবে না, রাস্তাঘাট, ড্রেন, পায়খানা, এসমস্ত কোন উন্নতিই করা হবে না এবং আলো প্রভৃতি যে ব্যবস্থা ছিল তাও কয়েক বছরের মধ্যে বন্ধ হবে। এজন্য যে বস্তি অপসারণের কথা হচ্ছে তাতে কি অনিশ্চিত অবস্থা হবে এবং ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে, সেটা কি সরকার চিন্তা ক'রে দেখেছেন? এই বস্তিবাসীদের প্রতি যে দরদ এই বিলের ভিতর দিয়ে ঘোষিত হচ্ছে সেই বস্তি অপসারণ হবার আগেই যে তাদের ভবলীলা সাংগ হবে সেটা যে-কোন মোটা বুদ্ধিসম্পন্ন লোকও বুঝতে পারেন আর আমাদের মন্ত্রিমণ্ডলী সবাই কি এটা বুঝতে পারছেন না? সুতরাং এই বিলের ভিতর যতই আপনাদের হরি হরি থাক না কেন উদ্দেশ্য ভাল কিছুটা বুঝতাম যদি, এই যে আড়াই কোটি টাকা আসবে, তার মধ্যে কিছু কিছু "হরি হরি"র সংগে "হর হর" থাকত।

সুতরাং বিলে বর্ণিত যে উদ্দেশ্য তার আসল তাৎপর্য কি? তাঁদের স্বার্থরক্ষা করতে সরকার চাচ্ছেন, নিজেদের দুর্বলতা ঢাকার মধ্যে দিয়ে বিরোধীপক্ষের উপর যেসমস্ত দোষারোপ করা হচ্ছে তার মধ্য দিয়ে সেটা আমরা দেখেছি। বিলের নাম পরিবর্তন করা হয়েছে, নাম পরিবর্তন ক'রে পুনর্বাসন এই কথা জুড়ে দেওয়া হয়েছে। বাস্তুহারাদের পুনর্বাসনের যে চেষ্টা তার চেহারা আমরা দেখেছি, যে-কোন শিশুও তা থেকে বুঝতে পারবে যে, সরকারের অভিধানে পুনর্বাসনের অর্থ কি। তাই যারা বস্তি থেকে অন্য জায়গায় যাবে তাদের পুনর্বাসনের ব্যাপারে আর কিছু বলতে চাই না। কিন্তু এর মধ্যে অন্য যে একটা চক্রান্ত রয়েছে, অন্য যে অভিসন্ধি আছে এবং যে গভীর উদ্দেশ্য এই বিলের পেছনে আছে সেটা স্পীকার, স্যার, আমি আপনার কাছে বলতে চাই। আপনি জানেন মাননীয় নেপাল রায় মহাশয় সেদিন বলেছেন যে, বস্তি যেখানে আছে সেই রকম একটা এলাকা থেকে তিনি নির্বাচিত হয়েছেন। কিন্তু স্যার, আমাদের সন্দেহ অন্য। কারণ, দিল্লী এবং কলিকাতার একটা এক্সিস আমরা এর মধ্যে দেখতে পাচ্ছি। আমরা জানি কেন্দ্রীয় সরকারের আইনমন্ত্রী মাননীয় শ্রীঅশোক সেন মহাশয়, তিনিও বস্তি উচ্ছেদের জন্য, বস্তি উন্নয়নের জন্য, বস্তি অপসারণের জন্য সেখানে একটা কমিটি করেছেন কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে। তাঁর সাজেসশনে দেখছি পশ্চিম বাংলার যিনি মুখ্যমন্ত্রী তিনিও এই ব্যাপারে অত্যন্ত আগ্রহান্বিত এবং উৎসাহী হয়ে উঠেছেন। গত নির্বাচনের ফলাফল আপনি দেখে আসুন স্যার, কাশীপুর থেকে শুরু করুন —যেখানে যেখানে বস্তি আছে, কাশীপুর, বেলগাছিয়া, মানিকতলা, মুচিপাড়া, এন্টালী প্রভৃতি এই সমস্ত জায়গা দেখে আসুন। পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রীর পদ অত্যন্ত লোভনীয় পদ, ক্ষমতা আছে, প্রতিপত্তি আছে, অনুগ্রহভাজনেরা চারিদিকে ভিড় ক'রে থাকে। সুতরাং এই

বিলে যতই নূতন চমকপ্রদ উদ্দেশ্য রাখা হোক, আসল উদ্দেশ্য ঐ কংগ্রেসবিরোধী যে শক্তি সেই শক্তিগুলিকে এখান থেকে সরিয়ে দেওয়া। স্যার, আমার বক্তব্য হচ্ছে

it is a deliberate political move to change the political complexion of the Calcutta Constituencies.

[শ্রীনেপাল রায়ঃ কোয়েশ্চেন, কোয়েশ্চেন।]

কোয়েশ্চেন আপনারা করতে পারেন, কিন্তু যা সত্য তাই বলছি। স্যার, সেদিন মাননীয় সুধীর রায়চৌধুরী মহাশয় ব'লে গেছেন যে, কলকাতার বস্তিতে যেসমস্ত মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত বাঙ্গালী আছেন, আজকে তাঁদের তাড়িয়ে দেবার একটা ষড়যন্ত্র চলছে এই বিলের মধ্য দিয়ে। স্যার, একথা আপনি জানেন যে, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এই রকম একটা প্রচেষ্টা কিছুদিন আগে চলছিল যে, কলকাতাকে কেন্দ্রীয় সরকারের অধীনে আনা যায় কিনা। আজ যদি মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত বাঙ্গালীদের বস্তি থেকে সরিয়ে দেওয়া যায়, কলকাতা থেকে সরিয়ে দেওয়া যায়, তা হ'লে কলকাতাকে ওপেন সিটি ডিক্লেয়ার ক'রে কেন্দ্রীয় সরকারের কাছে এই অজুহাত দেখানো যায় যে, কলকাতাকে কেন্দ্রীয় সরকারের অধীনে নিয়ে আসা হোক। তা যদি না হ'ত, এই সমস্ত রাজনৈতিক উদ্দেশ্য সরকারের যদি না থাকত, তা হ'লে বস্তি উন্নয়নের যে প্রস্তাব আমরা করেছি সেটা মেনে নিতে তাঁদের এত আপত্তি হচ্ছে কেন?

[5-35—5-45 p.m.]

আমরা এই কথা বলছি যে, গভর্নমেন্ট স্পেসিফিকেশন অনুযায়ী বস্তিবাসীদের রিমডেলিংএর সুযোগ দেওয়া হোক ওয়েস্ট বেঙ্গল এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্টএর আওতায় এনে কলকাতা মিউনিসিপ্যাল আইন সংশোধন ক'রে ঠিকা প্রজাদের জমিতে লীজ দেওয়া হোক এবং বস্তিবাড়ির উন্নতির সুযোগ দেওয়া হোক। সরকার খালি জমিতে বাড়ি তুলে বস্তিতে যে কনজেসন আছে ঘনবসতি আছে তা দূর করুন। আমরা একটা কথা বুঝতে পারছি না যে, আজ নিজেদের চেষ্টায় বস্তির মালিক এবং বস্তিবাসীরা নিজেরা সমবেতভাবে রিমডেলিংএর যে সুযোগ পেতে চায় তাতে কেন আপত্তি হচ্ছে সরকারের দিক থেকে। যেখানে সরকার নিজেদের গণতান্ত্রিক সরকার ব'লে দাবি ক'রে থাকেন সেখানে যখন বস্তিবাসীরা বিভিন্ন সময়ে সভা-সমিতি ক'রে বার বার তাদের কথা জানিয়েছে ৪ঠা মার্চ তারিখে প্রায় ৩০ হাজার বস্তিবাসী শোভাযাত্রা ক'রে এসেছিল আইনসভার সামনে বিক্ষোভ করবার জন্য—আমাদের মুখ্যমন্ত্রী সেসময় যদিও ৩০ হাজার শোভাযাত্রীর কথা স্বীকার করেন নি, তা হ'লেও তিনি একথা স্বীকার করেছিলেন যে, প্রায় ১৫।২০ হাজার বস্তিবাসী সেদিন শোভাযাত্রা ক'রে এসেছিল বিভিন্ন বস্তি থেকে এবং সেদিন বিধানবাবু বলেছিলেন যে, আমরা নাকি তাদের উস্‌কিয়ে দিয়েছি—আমরা বামপন্থীরা নাকি বস্তির লোককে নিয়ে এসেছি—একথার মধ্যে কি কোন যুক্তি বা সারবত্তা আছে? যদি বস্তিবাসীদের মধ্যে বিক্ষোভ না থাকত তা হ'লে এত লোক নিশ্চয়ই জমত না সেদিন। আপনি জানেন, কাকদ্বীপে লক্ষ টাকা খরচ করা হয়েছে এই সেদিন—বনগাঁয়ে যে কৃষক সম্মেলন হয়েছিল তখন

[Cries of question, question]

Mr. Speaker: Unless the House is in order, I will adjourn it at once.

Sj. Jatindra Chandra Chakravorty:

তখন কৃষক সম্মেলনের পক্ষ থেকে স্টেট বাস চাওয়া হয়েছিল, এবং তখন অজুহাত দেওয়া হয়েছিল যে, স্টেট বাস পাওয়া যাবে না। স্যার, এখানে আমার বক্তব্য হচ্ছে, লক্ষ টাকা খরচ ক'রে ৫০ হাজার লোকের প্যান্ডাল ক'রে বিনা পয়সায় খাওয়ার বন্দোবস্ত ক'রে এঁরা এক হাজার লোক জমাতে পারেন না।

[Disturbance.]

যদি সত্যিকারের বিক্ষোভ না থাকে তা হ'লে এই জিনিস সম্ভবপর হ'তে পারে না। বিধানবাবু বলেছেন, আমরা নাকি উস্‌কিয়ে দিয়েছি। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে পারি কি, কর্পোরেশন কাউন্সিলররা যেখানে একমত হয়ে এই বিলের বিরুদ্ধে তাঁদের রায়

দিয়েছেন, বামপন্থীরা তো সেই কংগ্রেসএর কাউন্সিলরদের উস্‌কিয়ে দিতে যায় নি—আমাদের এখানে যে ডেপুটি মিনিস্টার আছেন, শ্রীতরুণকান্তি ঘোষ—তাঁর যে ইংরাজী কাগজ আছে "অমৃতবাজার পত্রিকা" সেই "অমৃতবাজার পত্রিকায়" বস্তিবাসীদের দাবি সমর্থন ক'রে এডিটোরিয়াল লেখা হয়েছে। সমস্ত সংবাদপত্র এই উন্নয়নের দাবি সমর্থন করেছে। যদি আজকে তাঁদের বস্তি উন্নয়নের কোনপ্রকার সৎ উদ্দেশ্য থাকত তা হ'লে তাঁরা নিশ্চয়ই এই ধরনের বিল আনতেন না। এই নিয়ে আজকে প্রত্যেকটি বস্তি এলেকায় ঘোরতর প্রতিবাদ চলছে এবং আরও প্রতিবাদ চলবে এবং প্রতিবাদ আন্দোলনের জন্য সেখানে প্রস্তুতি চলছে। আমি তাই বলছি, সরকার ভাল ক'রে বিবেচনা ক'রে দেখুন, তাঁরা যাতে জবরদস্তিমূলকভাবে এই বিল মঞ্জুর করার চেষ্টা না করেন, সেদিকে আমি তাঁদের সতর্ক ক'রে দিচ্ছি। আমরা যে সংশোধনী প্রস্তাব এনেছি তাতে আমরা গঠনমূলক প্রস্তাব করেছি। সেই প্রস্তাবগুলি যদি গ্রহণ করেন তা হ'লে আমার মনে হয়, আমরা সকলেই এই বিল গ্রহণ করতে পারব—আর তা যদি না হয়, আমাদের বিরোধী দলের পক্ষ থেকে ধাপে ধাপে এই বিধানসভার ভিতরে আমাদের যে সীমাবদ্ধ সুযোগ আছে তার সদ্ব্যবহার আমরা করব, এবং তার সঙ্গে সঙ্গে এই কথা জানিয়ে দিতে চাই যে, কলিকাতার বস্তি এলাকার সাধারণ মানুষ এই বিলের বিরোধিতা করবে এবং এই বিল প্রতিরোধ করবার জন্য আজকে সংকল্পবদ্ধ হয়েছে। এই ব'লে আমি এই বিলের বিরোধিতা করছি।

Sj. Bankim Chandra Kar: Sir, before I express my views regarding the Slum Clearance Bill, I think it is my duty to contradict the statement of Sj. Jatin Chakraborty regarding the Kakdwip affair that 1000 persons congregeted there. Sir, I had been personally to Kakdwip. ....

Mr. Speaker: Mr. Kar, many people went there and know how many people went there. It is not worthwhile to contradict the statement.

[5-45—5-55 p.m.]

Sj. Bankim Chandra Kar: All right, Sir. I shall therefore in my own humble way try to deal with the arguments advanced both for and against the Bill. Some of my friends opposite have taken a pessimistic view all through regarding the principles involved in the Bill. Sir, this Bill has been introduced mainly for the purpose of removing the long-felt grievances and the crying need of the poor slum dwellers. Sir, the main purpose of the Bill is to remove the slums and make the bustee habitable. It is not a question of removing the slum dwellers from the bustees and turn them out from the town of Calcutta.

Everyone knows, Sir, that cholera, small-pox and other deadly diseases break out in bustees and spread throughout the town and the largest victims are those who live in bustees. They know it, they feel it and they know it in their heart of hearts that those deadly diseases breakout every year. Still, Sir, I do not know why they object to the introduction of this Bill when these slums would be cleared for the good of the people. I personally know the condition of the people living in bustees, because I come from Howrah—a town which is full of slums and bustees. I have seen the condition of the poor people living there. There is abosolutely no good drainage system. In some places filthy waters are collected making them the breeding places of all kinds of germs. They are in insanitary condition. There are no amenities of civil life. Everyone of us will certainly agree with me on principle that the condition of the poor people should be improved. There is no doubt that a large number of labouring classes do live in bustees. I know these people who live in bustees, work in factories and mills which are situated at a distance of about a mile or two miles off from the bustees. Everybody knows, as there is a provision in the Bill, that when these bustees would be removed there would be alternative accommodation for these slum-dwellers. Bustee-dwellers cannot be allowed

to suffer all along in such bad and insanitary conditions. They should be given an opportunity to share with us the available amenities so that they can lead a sound and healthy life. The question is whether we should leave those people to suffer for all time to come or should we try to improve their lot and improve their condition. If we really want the welfare of the bustee people, then we must proceed to do something constructive for them. Sir, the problem of rehabilitation has been made the main target of attack but alternative accommodation has been provided in the Bill. It has been clearly said that slum-dwellers would not be removed unless alternative accommodation is given to them. It has been suggested that the slum-dwellers and bustee-dwellers would be removed and thrown out of the city of Calcutta! I submit that this is a theory which is mere imaginary and it is not practical. In order to clear the slums and improve the bustees insanitary huts and structures have got to be demolished where it is necessary. There cannot be any alternative suggestions to solve this problem. It will be seen that all the huts and all the structures will not be demolished where it will be found that they can be improved by remodelling. There is a clear provision for remodelling the bustees as and where necessary. So I do not think there can be any doubt about the question of rehabilitating these bustee-dwellers. There are some grievances and all those have been ventilated in the Press and also there has been some agitation over this matter in the past. I, therefore, Sir, submit with all emphasis that no further time should be lost if really any good is to be done to the bustee-dwellers. It will not be desirable to postpone the socialistic action. If slums have got to be cleared, if the lot of the bustee-dwellers are to be improved, it should not be postponed under any circumstances, because this all-important problem ought to have been tackled long before. Everyone of us will agree with me that slums should be improved and if I remember aright, Mr. Banerjee has definitely said this.

So, I say that even though there might be some difficulties at the initial stage, most of them appear to me to be imaginary, this Bill should be passed into law without delay. Some people might suffer for some time, but the public will be benefited by this Bill in the long run and in various directions, I am sure, their lot will be improved.

Sir, it has been said that this Bill will not be implemented within 20 years. It has been further said that about Rs. 100 crores would be required to implement it. Sir, in tackling a huge problem, certainly a huge sum of money is required and some time also has got to be given for that. It is fantastic to suggest that such a huge problem could be solved in a single day or in a single year or even two years. Certainly, it will take some time But I should say in this connection that we can shorten this period and curtail the expenditure if we concentrate our attention to remodelling the bustees and slums instead of removing them outright In case of remodelling, the bustee-dwellers will not have to be removed and they will not be required to be rehabilitated. I am sure that a large number of bustees in Calcutta can be improved by remodelling—by providing a few septic privies and underground drains, by arranging for the supply of drinking water and by broadening certain lanes and making straight certain corners. This will certainly improve the lot of the bustee-dwellers. In my opinion, the Government should divert their attention in that direction. [Interruptions]. There is a provision in this Bill for remodelling. Government is sure to remodel as and when it is necessary—that is the intention of the Government. If that is done, Sir, within a short time and with less expenditure we can improve certain bustees and slums. But the slums and bustees, where remodelling is impossible, have got to be removed and the persons living in those bustees will have to be rehabilitated by providing them with alternative accommodation.

Sir, in this connection, I would like to point out to the Hon'ble Minister in charge the condition of the town of Howrah. Sir, Howrah has been described by some of my friends as a coolie-town. It has been rightly said so because in the Howrah Municipal area where 5 lakhs of people live, if I do not make mistake, more than 50 per cent. of the people live in bustees. I come from a constituency where there are about 10 or 12 bustees and those bustee-dwellers have returned me to the Assembly. So, it is not correct to say that the policy of the Government is to remove the bustee-dwellers on political grounds. So, as soon as this Bill is transformed into an Act, I would request the Hon'ble Minister to extend the provisions of this Bill to the town of Howrah. It may be said "Well, there is the Howrah Municipality, there is the Howrah Improvement Trust", but the Howrah Improvement Trust is obsessed with big problems and big schemes whereas the Howrah Municipality is crippled in finance and it is not possible for the Howrah municipal authorities to remove the grievances of the bustee-dwellers. So, I would request the Hon'ble Minister in charge that as soon as this Bill is transformed into an Act, he should extend the provisions of this Bill to the Howrah municipal area. In that case, I know that the people of Howrah will welcome this Bill and will not criticize this Bill, as has been done by the members from the opposite side.

[5-55—6-5 p.m.]

In conclusion, I would like to say that one cannot expect an ideal thing in all respects. The grievances ventilated by my friends on the Opposition —as I heard from their speeches—are more imaginary than real. I welcome this measures because it aims at the improvement of the lot of the bustee-dwellers who have been accustomed to live in dirt and filth and under insanitary condition. I am convinced that this measure will improve their lot. Some people may suffer for some time but ultimately every one, I am sure, will be benefited.

Lastly, I should say that this is a socialistic measure and it should not be used as a weapon for political purposes and the bustee-dwellers should not be misled. They should be made to understand that by this Bill Government want to improve the condition of the bustees and that this Bill has been introduced in the interest of the bustee-dwellers.

With these words, I support the introduction of this Bill.

Sj. Phakir Chandra Ray:

মাননীয় স্পীকার মহোদয়, যে বিল আলোচনা হচ্ছে এই কয়েকদিন ধরে, সেই বিলের উদ্দেশ্য যে খুব সাধু সে সম্পর্কে কোন সন্দেহ নেই। কিন্তু যেভাবে এই সাধু উদ্দেশ্যকে কার্যে পরিণত করার চেষ্টা হচ্ছে—সে সম্পর্কে মতানৈক্য আছে। সরকার সরাসরি স্লাম ক্লিয়ারেন্সের দায়িত্ব নিতে যাচ্ছেন। কোন প্রতিষ্ঠানের কোন প্রচেষ্টা—এ'রা এ'দের বিলের যে স্কীম, সেই স্কীমএ কোন স্থান দেন নি। ক্যালকাটা কর্পোরেশন, ইম্প্রুভমেন্ট ট্রাস্ট—এ'দের অবহেলা করা হয়েছে। বস্তিবাসীদের কথা না হয় বাদই দিলাম, কারণ তাদের কথা এদের মনে কোন হেখাপাত করতে পারে না। স্লাম শুধু কলিকাতার সমস্যা নয়। সমস্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন শহরে, বিশেষ ক'রে ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে স্লাম সমস্যা রয়েছে। অবশ্য কলকাতার ছাড়াও—এই বিলে বলা হয়েছে—রাষ্ট্রের অন্যান্য জায়গায়ও এই বিল প্রয়োগ করা যেতে পারে। কিন্তু যেভাবে বিল হয়েছে তাতে মনে হয় না যে, এই বিলের জিনিসগুলিকে কলকাতার বাইরে প্রয়োগ করা যেতে পারিবে। অথচ পশ্চিমবঙ্গের স্বার্থের দিক থেকে কলকাতার বাইরে অন্যান্য অঞ্চলেও বস্তি উচ্ছেদ করার দরকার আছে—যেমন দার্জিলিং। সেখানে বহু টুরিস্ট যায় এবং তা থেকে একটা আয়ের রাস্তা হ'তে পারে। কিন্তু হার্ট অফ দার্জিলিং—স্লামএ ভর্তি। ইন্ডাস্ট্রিয়াল এরিয়া রয়েছে—তাই যেভাবে এই বিল আনা হয়েছে

তাতে এই বিলকে সমর্থন করতে পারা যায় না। স্লাম কি জন্য? স্লামএর জন্য দায়ী—বহুল পরিমাণে ইন্ডাস্ট্রিয়ালিজম—দায়ী প্রাইভেট ল্যান্ড-লর্ডইজম্। আজকে প্রাইভেট ল্যান্ড-লর্ডইজম্ এবং ইন্ডাস্ট্রিয়ালিজম্কে যদি কার্ব না করা যায়, তা হ'লে শুধু একটা বিল এনে চেষ্টা করলে সেই স্লামএর যে সমস্যা, সেই সমস্যা সমাধান হবে না। এই বিলে এই সমস্ত প্রচেষ্টার সঙ্গে বাস্তব দিক থেকে যোগসূত্র রাখার কোন প্রচেষ্টা আমরা দেখতে পাচ্ছি না। তৃতীয় কথা, ডাঃ রায়, তিনি বলেছিলেন তাঁর একটা বক্তৃতায় যে, তাঁর গভর্নমেন্ট গণতান্ত্রিক গভর্নমেন্ট—

Government of the people, by the people for the people.

তো বটেই—

It is Government with the people

অথচ এক্ষেত্রে কলিকাতা কর্পোরেশনকে অবহেলা করা হয়, সেই জায়গায় বাস্তবাসীর একটা কথারও মূল্য দেওয়া হয় না। সেখানে

Government with the people.

এই কথার কোন সঙ্গতি দেখতে পাওয়া যায় না। এই কারণেও এই বিল সমর্থন করা যায় না। আমার বন্ধু বিজয় সিং নাহার মহাশয় সেদিন বলেছিলেন যে, এটা ল্যান্ড ন্যাশনালাইজম্ স্কীম এবং বিপক্ষের দিকে ইঙ্গিত ক'রে বলেছিলেন যে, তিনি বুঝতে পারেন না যে, তারা কি ক'রে এই ন্যাশনালাইজম্ স্কীমএ আপত্তি করে। এটা ঠিক। কিন্তু আজ পঞ্চশীলের দিন। কো-এক্সিসটেন্সএর যুগে প্রাইভেট সেক্টর এবং পাবলিক সেক্টর দুই একসঙ্গে চলে। কিন্তু দেখতে পাচ্ছি—যখন প্রাইভেট সেক্টর ও পাবলিক সেক্টর পাশাপাশি চলে, তখন প্রাইভেট সেক্টর, পাবলিক সেক্টরকে গ্রাস করতে চায়, গ্রাস না করলে অন্তত করাপ্ট করতে পারে—যেমন লাইফ ইনসিওরেন্স কর্পোরেশন মুন্দ্রা অ্যাফেয়ার থেকেই বুঝতে পারবেন। যদি এই ধরনের ন্যাশনালাইজম্এর প্রচেষ্টা থাকে তা হ'লে সেটা ন্যাশনালাইজম্ নয়, ন্যাশনালাইজম্এর নামে একটা বাজে প্রচেষ্টা। কাজেই এই সমস্ত কারণে, এই সমস্ত দিক থেকে নীতিগতভাবে আমি এই বিলের বিরোধিতা করছি।

Rumour of resignation of Judicial Minister

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমি অত্যন্ত দুঃখিত যে, হঠাৎ একটা কথা জিজ্ঞাসা করতে হচ্ছে এই বিলের আলোচনার মাঝে। কিন্তু এটা গুরুত্বপূর্ণ ঘটনা ব'লেই এবং পরে আর জিজ্ঞাসা করতে পারব না ব'লেই এখন জিজ্ঞাসা করছি। সেটা হচ্ছে শ্রীসিদ্ধার্থশংকর রায়, মিনিস্টার, তিনি নাকি ইতিমধ্যে রেজিগনেশন দিয়েছেন কেবিনেট থেকে। এটা সত্য খবর কিনা সেটা বলতে পারেন কি?

Mr. Speaker: I can only tell you this that at 2 o'clock, when I usually come here, a message was sent to me to withhold the questions that he was expected to answer. Apart from that I have not met the Minister and I have no information.

The Calcutta Slum Clearance Bill, 1957

Sj. Amarendra Nath Basu:

স্পীকার মহোদয়, এই বস্তি বিল সম্বন্ধে দীর্ঘদিন ধরে দীর্ঘ আলোচনা চলেছে। আমার মনে পড়ছে, দেশবন্ধু যখন পৌরসভার মেয়র হয়েছিলেন তখন তিনি এক ভাষণে বলেছিলেন যে, আমরা চোর বাগানকে চৌরঙ্গী করব। চোর বাজারের এক বস্তির মিটিংএ তিনি একথা ঘোষণা করেছিলেন; কিন্তু আমাদের দুর্ভাগ্য এবং বাংলাদেশেরও দুর্ভাগ্য যে, তিনি মারা গেলেন। হয়ত তিনি থাকলে সেই সময় কলকাতার চেহারা কিছু বদলাতে পারতেন। আমার মনে পড়ছে, গত সাধারণ নির্বাচনের পর মুখ্যমন্ত্রী মহাশয় এক বিবৃতি সংবাদপত্রে দিয়েছিলেন—তিনি নির্বাচনের পর জানিয়েছিলেন—কলিকাতার বস্তিগুলির এবার উন্নতি করতে হবে।

তখন কলকাতার মানুষের মনে ভয় ও ভরসা একসঙ্গে দেখা দিল। কার কার মনে ভয় হ'ল—নির্বাচনের ফলাফলের দিকে চেয়ে বুঝি মুখ্যমন্ত্রী মহাশয় এই রকম একটা বিল নিয়ে আসবেন। আমি ভয় পাই নি। আমি ভেবেছিলাম হয়ত কলিকাতার অবস্থা মুখ্যমন্ত্রী মহাশয় বুঝতে পেরেছেন। তাই সেবার ভিতর দিয়ে, কলকাতাবাসীকে ও বস্তিবাসীকে তাঁর মতে অর্থাৎ কংগ্রেস মতাবলম্বী করতে চাচ্ছেন। ভাল কথা। যদি বস্তির উন্নতি ক'রে, বস্তির মানুষকে সেবা ক'রে তাঁদের নিজেদের দলের মধ্যে আনতে চান—সেটা খুব ন্যায়সঙ্গত কাজ।

[6-5—6-15 p.m.]

তখন আমরা ভেবেছিলাম যে ভাল হবে। হয়ত এমন একটা বিল আসবে যার বিরুদ্ধে সমালোচনা করবার বিশেষ প্রয়োজন হবে না, হয়ত আমরা সকলে একমত হয়ে সেটা গ্রহণ করতে পারব। কিন্তু বিলটা যেভাবে আমাদের সামনে এসেছে সে অবস্থায় আমরা তাকে গ্রহণ করলাম একথা বলতে পারব না। তারজন্য আমরা বলছি এটা আবার সিলেক্ট কমিটিতে পাঠিয়ে আবার চেষ্টা করা যাক যে, এই বিলটাকে [illegible] কল্যাণের জন্য আরও কিভাবে লাগান যায়। আমার বক্তব্য হচ্ছে এই বিলটা আমরা চাই, কিন্তু সেটা পরিপূর্ণভাবে সংশোধিত করে, যাতে বর্তমানে যারা বস্তিতে বাস করছে, তাদের উপকার হয় এবং ধীরে ধীরে যদি কোন বস্তি ভাঙ্গার প্রয়োজনও হয়—বস্তি ভাঙ্গা একটা মস্ত বড় সমস্যা—নিম্নবিত্তদের তাহলে [illegible] নিয়ে একসঙ্গে মিলে সেই সমস্যা সমাধান করতে হবে।

মুখ্যমন্ত্রী মহাশয় সেদিন মিছিল দেখে হঠাৎ বলে ফেলেন যে, আমরাই উস্কানি দিয়েছি। আমি মনে করি তিনি হয়ত তারপর বুঝতে পেরেছেন যে, উস্কানি দিয়ে এরকম বিরাট মিছিল বিধান সভায় আনা যায় না। আমাদের কংগ্রেসপক্ষীয় আর একজন বন্ধু বলেছেন যে, আমরা বস্তিতে বস্তিতে গিয়ে যে অপপ্রচার করছি সেগুলি যেন আমরা না করি। অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত আমি তাকে এই পরিষ্কার সত্য জানাতে চাই যে, এই বিল নিয়ে আমরা যতদূর সম্ভব বস্তিতে গিয়েছি, তাদের সঙ্গে আলোচনা করেছি, তার দ্বারা আমাদের মতের বিনিময় হয়েছে, তাঁরা আমাদের পরামর্শ দিয়েছেন এবং আমরাও তাদের বস্তির প্রয়োজনীয় উন্নতি করতে গেলে কি কি দরকার সেকথা বলেছি। আজ আমি জোর করে বলতে পারি আজ বিধান সভার বিরোধী পক্ষীয়েরা যে আওয়াজ তুলেছেন, যে বক্তব্য রেখেছেন তার পিছনে কলিকাতার ১০ লক্ষ [illegible] সমর্থন আছে, এবং একথা আমরা বলছি সেই বস্তির মধ্যে বিভিন্ন দলের মানুষ আছে, এমন কি আমি দেখেছি বেশ ভাল সংখ্যায় কংগ্রেসের সমর্থকও আছে। কিন্তু তাঁরাও আমাদের সঙ্গে মিশে একথাও জানিয়েছেন এখানে দলের কথা নয়, এখানে কংগ্রেস-কমিউনিস্টের কথা নয়, এখানে বস্তির কথা, এখানে বেঁচে থাকার কথা, এখানে আমরা আপনাদের সঙ্গে একমত। আপনারা আমাদের পক্ষ হয়ে সেখানে আওয়াজ তুলুন। যাঁরা সেই মিছিল দেখেছেন, তাঁরা জানেন কোন একটি পার্টির পতাকা সেখানে ছিল না। তাঁরা বলেছিলেন আমরা এসেছিলাম একমাত্র বস্তিবাসী এই হিসাবে। আজকে আমি সেইজন্য আপনাদের সামনে এই কথাই পরিষ্কার করতে চাই যে, আমরা বস্তির উন্নতি চাই, এবং বস্তিবাসীরা আমাদের সঙ্গে যে আছে, এতে কোন ভুল নাই। এই ব্যাপারে শুধু যে কলকাতার বস্তিবাসীরা এর বিরুদ্ধে দাঁড়িয়েছে তা নয়, কলকাতার পৌরসভা যেখানে এখনও কংগ্রেসের সংখ্যা বেশী সেই পৌরসভার সভ্যেরা বিশেষ সভা করে জানিয়েছেন, তাঁরা একমত হয়েই জানিয়েছেন যে, এইটি তাঁরা গ্রহণ করতে পারবেন না। আমরা যারা কলকাতা থেকে বিধান সভায় এসেছি আমরা শুধু বস্তিবাসীর প্রতিনিধি নই আমরা সকলেরই প্রতিনিধি। সেই হিসাবে যদি বিবেচনা করা যায়, তাহলে দেখবেন যে, কলকাতার ২৬টা আসনের মধ্যে ১৮ জন বিরোধী পক্ষের সদস্যই এক ভাষায় বলছেন, এই বিলটা একেবারে গ্রহণযোগ্য নহে। কাজেই এটা শুধু বিরোধীদলের ঝগড়ার কথা নহে, এর পিছনে কলকাতার সমস্ত বস্তিবাসী আছে, মধ্যবিত্ত আছে, নিম্ন মধ্যবিত্ত আছে, কলকাতার অন্যান্য বহু সংখ্যক মানুষ এর পিছনে আছে। কাজেই সরকার আর একবার বিবেচনা করে দেখুন এই বিলটা দ্বিতীয় বার সিলেক্ট কমিটিতে পাঠিয়ে আর একটু ভাল করে, বস্তিবাসীদের আরও কল্যাণসাধনের উপযুক্ত করে আনা যায় কি না। আমরা কোন দিন একথা বলি না যে, বস্তি যে অবস্থায় পড়ে আছে ঐ অবস্থায় থাক; বস্তির উন্নতি আমরা চাই। কিন্তু আমরা

কি ভাবে চাই? আমরা চাই আমাদের সম্পদ যত কমই হোক আমরা সেইটা যত বেশী লোকের উপকারের নিমিত্ত কাজে লাগাতে পারব, সেইটাই আমাদের লক্ষ্য হওয়া উচিত। কিন্তু যেভাবে বিলটা এসেছে তার মধ্য দিয়ে এইটুকুই দেখতে পাওয়া যায় যে, যদি আমরা উপকার করি তো, শতকরা ১ ভাগ ২ ভাগ মানুষের করতে পারব। বাকী শতকরা ৯৮ জন মানুষের কাছে এই সেবা পৌঁছাবে না। কাজেই প্রথম কর্তব্য হবে, বস্তির মানুষকে বাঁচাবার জন্য আগে বিবেচনা করে দেখতে হবে যে, বস্তির অবস্থা কি এবং বস্তিগুলিতে কোন থাকের মানুষ থাকে। যদি আপনারা রুম বাগান, কচুরী গোলি, দর্জিপাড়ার কাটমার বাগান, মানিকতলা, বিদ্যাসাগর এলাকার, বস্তিগুলি দেখেন তাহলে দেখবেন যে সেখানে আলো জ্বলে না, সেখানে পায়খানা নাই বল্লেই হয়, ড্রেনের ভাল ব্যবস্থা নাই; রাস্তাঘাট নাই, বা যা আছে তাতে ঝাঁট পর্যন্ত পড়ে না। বাড়ীর অবস্থার কথা ছেড়েই দিচ্ছি। এই যে কাজ এ যদি প্রথমে না করা যায়, সর্বত্র সকল বস্তিবাসীর জন্য, তাহলে আমি বলব এই বিল আনার কোন সার্থকতা নাই। তাদের যে খুব আরামে রেখে দেবে সেটা ভাববার কথা নয়; আজ তাদের পেটে ক্ষুধা, যদি দই, চিঁড়ে দুটো দেন—তাই দিন সকলকে। বস্তিতে কারা থাকে? যারা অত্যন্ত কম রোজগার করে তারাই থাকে, আর যারা একেবারে কোন রকমে প্রায় না খেয়ে দিন কাটাচ্ছে, তাদেরই দাও। আমার শুনে দুঃখ হয় সেদিন এক কংগ্রেসী বন্ধু বল্লেন যে, বস্তির মধ্যে অনেক খারাপ কাজ হয় এবং সেই সব খারাপ লোক-গুলোকে ওইখানে রাখবার জন্যই যেন আমাদের আন্দোলন। এর উত্তরে আমি বলি বস্তিতে যদি কিছু কিছু খারাপ কাজ হয়, তাহলে আগেকার যুগে যাকে সাহেব পাড়া বলত এবং এখন যাকে বড় বাজার বলে সেই সব জায়গায় তার চেয়েও ১০০ গুণ বেশী খারাপ কাজ হয়।

[6-15—6-25 p.m.]

যদি খারাপ কাজের জন্য বস্তি ভাঙ্গা উচিত বলে কেউ মনে করেন তাহলে আমি বলব চৌরঙ্গী এলেকা আগে ভাঙ্গুন, বড় বাজার এলেকা আগে ভাঙ্গুন, আমরা তো ভাঙ্গবার জন্য ভাঙ্গতে চাচ্ছি না, কাউকে তাড়াবার জন্য ভাঙ্গতে চাচ্ছি না। আমরা চাচ্ছি সেখানে অবস্থার উন্নতি করবার জন্য। যে জঘন্য জায়গা আছে পূর্ববর্তী আর একজন বাড়ীর যে চেহারা, যে রূপ বর্ণনা করেছেন সত্যই সেখানে সেই অবস্থা। সেখানে সেই বস্তিতে ১০ লক্ষ মানুষকে ৫০ বছর ধরে ফেলে রেখে দেওয়া হয়েছে। কিছু কোঠাবাড়ী করে অত্যন্ত সামান্য কয়েকজন লোকের জন্য ব্যবস্থা করার কোন যুক্তি আছে বলে আমি মনে করি না।

দ্বিতীয় কথা হচ্ছে আপনারা যেভাবে করতে চাইছেন হয়ত বিকল্প বাসস্থানের ব্যবস্থা করবেন এবং কম ভাড়ায় দেবেন এসমস্ত সংশোধনী যখন আলোচনা হবে সেই সময় আমরা বলব, কিন্তু পরে যখন বস্তিবাসী বা নিম্ন মধ্যবিত্তদের জন্য বাড়ী তৈরী করবেন তখন সেই বাড়ীর ভাড়া যদি এমন হয় যে, সে ভাড়া যদি তারা না দিতে পারে তাহলে সত্যই কি সেই বাড়ীগুলি অকেজো হয়ে যাবে না? বিশেষ করে যখন এক একটি ঘর এক একটি পরিবারকে দিচ্ছেন, ভাড়ার যখন আলোচনা হবে আমি সেই সময় আমার বক্তব্য এ সম্বন্ধে রাখবো। আমি শুধু একটি অনুরোধ করি আপনাদের কাছে যে, এই বিলটি সিলেক্ট কমিটিতে দিন, দিলে হয় তো এত সংশোধনী প্রস্তাব থাকবে না। সেখানে এটা আলোচনা করে দেখা যাক আর একটু ভাল করতে পারা যায় কি না। তাহলে হয়তো বহু মতে কিংবা কিছু মতে এই বিলটা গ্রহণ করা যাবে। কিন্তু একথা বলা উচিত নয় যে, বিল আমরা চাই না। বিলটা আরও ভাল হয়ে, সংশোধিত হয়ে আসুক এটাই আমার বক্তব্য। আমি এই কথাগুলি অধ্যক্ষ মহোদয়ের মারফৎ সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে বলছি। বিশেষ করে বলছি আমি মুখ্যমন্ত্রী মহাশয় বিধানবাবুকে, কারণ আমি জানি কংগ্রেসের গণতন্ত্রে একটি মাত্র মানুষই আছেন, তিনি যদি বলেন সকলকে আপনারা চিন্তা করুন তবেই তারা চিন্তা করবেন, তিনি যদি বলেন এটা করুন তবেই তারা করবেন, কাজেই আমার বক্তব্য; আমার অনুরোধ জ্ঞালান সাহেবের কাছে, মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে রাখবো যে, তারা আবার বিবেচনা করুন এবং এই বিল প্রথমে সিলেক্ট কমিটিতে পাঠান হোক—যেকথা রবেন সেন মহাশয় বলেছেন—এটাই আমার বক্তব্য।

Sj. Narendra Nath Sen:

মাননীয় স্পীকার মহোদয়, কোলকাতা ও সহরতলীর বস্তিগুলি আমাদের সমাজজীবনে এক বিশেষ কলঙ্কস্বরূপ। এই বস্তিগুলি এবং তার পরিবেশ দেখলে মনে হয় যেন এগুলি আমাদের শিক্ষা, সংস্কৃতি ও সভ্যতাকে উপহাস করবার জন্য দাঁড়িয়ে আছে। কাজেই এই কলঙ্ক যত শীঘ্র সমাজের বুক থেকে দূর হয় ততই সমাজের মঙ্গল। স্যার, আমরা কোলকাতাকে সিটি বিউটিফুল হিসাবে গড়ে তুলতে চাই, কিন্তু গরীবদের বাদ দিয়ে, গরীব নাগরিকদের বাদ দিয়ে এই সৌষ্ঠবকরণ সম্ভব হবে না। মালিক ও শ্রমিক, ধনী ও গরীবের সমন্বয়ে সকলের সমবেত প্রচেষ্টার মাধ্যমে এই কাজ সম্পন্ন করতে হবে। তাই ধনীদের গৃহের পাশে থাকবে গরীবের আবাস, সেখানে থাকবে শ্রমিক-মজুরের বাস এবং সমাজের বিভিন্ন স্তরের নাগরিকের বাস। কিন্তু এইসব গরীব নাগরিকদের আমাদের মানুষের মত বাঁচবার সুযোগ দিতে হবে, তাঁদের সেখানকার পরিবেশে থাকবার মত আবাস দিতে হবে, তাঁরা শৃগাল কুকুরের মত চিরকাল বাস করবেন এটা কখনও সম্ভব হয় না। এই বস্তিগুলির অবস্থা উন্নতি করবার উদ্দেশ্য নিয়ে এই বিল আনা হয়েছে। এর প্রিয়াম্বল রয়েছে উদ্দেশ্যটা

with a view to the removal of insanitary and unhygienic conditions prevailing therein.....the provision of better accommodation and improved living conditions for the slum-dwellers and the promotion of public health generally.....

এই বিলটার মূলে এই অবজেক্ট রয়েছে, এই উদ্দেশ্য রয়েছে। কাজেই উদ্দেশ্যকে সফল করবার আগ্রহ নিয়ে যদি এই বিল কার্যে পরিণত হয় তাহলে আমাদের এই কলঙ্ক অচিরে অপসারিত হবে বলে আমি বিশ্বাস করি। স্যার, কোলকাতার বস্তিগুলিতে ৫ লক্ষেরও অধিক অধিবাসী বাস করে। এই বস্তিগুলির অবস্থা কি তা একবার ভেবে দেখা প্রয়োজন। কোলকাতায় যেসব বস্তি আছে, বাড়ী আছে তার ৭৭·১০ পারসেন্ট হচ্ছে কাঁচা, অর্থাৎ মাটীর দেওয়াল ও খোলার চালযুক্ত, আলো-হাওয়া বর্জিত ক্ষুদ্র ক্ষুদ্র ঘর বিশিষ্ট হাট। বাকী ২২·৯০ পারসেন্টের মধ্যে আছে সেইসব হাট যাদের মেজ, দেওয়াল ও চাল এই ৩টীর মধ্যে যেকোন দুটী পাকা কিন্তু এগুলির বেশীর ভাগই আলো-হাওয়া বর্জিত। এই সকল হাটে মানুষের বাস করবার পক্ষে অত্যাবশ্যক প্রয়োজনীয় কল-পায়খানা, আলোর কি ব্যবস্থা আছে তা একবার দেখা যাক। প্রথমে পায়খানার কথা বলি—কোলকাতায় বস্তি বাড়ীগুলির ভেতর প্রায় ৫০ পারসেন্ট বাড়ীতে কাঁচা, খাটা পায়খানা এবং এর এক একটি পায়খানায় এক একটি বাড়ীর যত অধিবাসী তাদের লাইন দিয়ে দৈনিক ব্যবহার করতে হয়। ৩৩·৪৪ পারসেন্ট বাড়ীতে কোন পায়খানা নেই, তাদের কোন সরকারী পায়খানায় অথবা মাঠ বা কোন খোলা জায়গায় গিয়ে মলমূত্র ত্যাগ করতে হয়। এর পরে আমরা জল সরবরাহের কথা যদি চিন্তা করি তাহলে দেখতে পাই প্রায় ½ পরিমাণ বাড়ীতে কোন জলের ব্যবস্থা নেই। এইসব বাড়ীর অধিবাসীদের রাস্তায় সরকারী কল থেকে জল নিতে হয় এবং আপনি জানেন এই জল নেওয়ার ব্যাপারে প্রতিনিয়ত কত ঝগড়া-বিবাদ, মারামারি এবং ফৌজদারী মামলার সৃষ্টি হয়। যেসকল পরিবার এই বস্তিতে বাস করেন তার ৭৯·৭০ পারসেন্ট পরিবারের কোন রান্নার ঘর নেই, হয় তাঁদের বারান্ডায় রান্না করতে হয়; না হয়ত শোবার ঘরে রান্না করতে হয়। এইসব পরিবারের ৮৫·১৪ পারসেন্ট কোন বাথরুম নেই, রাস্তার কলে বা প্রকাশ্য স্থানে তাঁদের মেয়েদের স্নান করতে হয়।

[6-25—6-35 p.m.]

এই বস্তিগুলির মধ্যে যেসব পরিবার বাস করে তাদের মধ্যে শতকরা ৮২ জন লোক ইলেক্ট্রিসিটির সুযোগ পায় না। তাদের কেরোসিন আলো জ্বালাতে হয়। এই হাটগুলি এমনভাবে তৈরী যে, তাতে আলো-হাওয়া প্রবেশের সুযোগ নাই। এই বস্তিগুলির প্যাসেজও এমনভাবে তৈরী যে, দুইজন লোকও পাশাপাশি যেতে পারে না। তারপর, এসব জায়গায় জলনিকাশের ভাল ব্যবস্থা না থাকায় বস্তিগুলি কর্দমাক্ত হয়ে থাকে, এবং তার ফলে এই বস্তিগুলি কলেরা বসন্ত প্রভৃতি মহামারীর আকর হয়ে থাকে। এই হচ্ছে কলকাতায় বস্তির অবস্থা। আজকে এই রকম অস্বাস্থ্যকর বস্তিতে লোককে বাস করতে হয়। স্যার, এই বিলটা

উপলক্ষ্য করে কলকাতা সহরে যথেষ্ট উত্তেজনার সৃষ্টি হয়েছে এবং বস্তিবাসীদের মধ্যে নানা-রকম প্রচার হচ্ছে—তার মধ্যে একটা কথায় সবচেয়ে বেশী আশংকার সৃষ্টি হয়েছে বস্তিবাসীদের মনে যে, কলকাতায় সমস্ত বস্তি ভেঙ্গে দেওয়া হবে। অবশ্য একথা যে সত্য নয় তা আমরা যদি এই বিলের ৪নং ক্লজ দেখি তাহলেই প্রমাণ হবে। এই ক্লজ ফোরএ আছে কোন এলেকার স্লাম এরিয়ার যদি কোন হাট বা স্ট্রাকচার যদি মানুষের বাসের অনুপযুক্ত হয় বা সেগুলি যদি এমন খারাপ হয় যে, তাতে সেখানকার অধিবাসীদের বাস করা বিপজ্জনক হতে পারে তাহলে পরই গভর্নমেন্ট সেই এলাকাকে স্লাম এরিয়া বলে ঘোষণা করতে পারবেন এবং সরকার যদি উপযুক্ত মনে করেন তা হ'লে পরই সেসব বস্তি ক্লজ ফোরএর আওতায় নিয়ে আসবেন—তা না হ'লে হস্তক্ষেপ করবার উদ্দেশ্য গভর্নমেন্টএর নাই বলেই আমার বিশ্বাস। স্যার, বহু ক্ষেত্রে বস্তি ক্লিয়ারেন্স অপরিহার্য হলেও যদিও বিলের ক্লজ সিক্স এবং সাবক্লজ সিক্সএ রিমডেলিংএর ব্যবস্থা রয়েছে তথাপি আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা অনেকে এই বিলের বিরুদ্ধে বলেছেন। কেউ কেউ এমন কথাও বলেছেন, বস্তি ভাঙ্গা চলবে না। কিন্তু তাঁরা যেসমস্ত সংশোধনী প্রস্তাব দিয়েছেন তার মধ্যে আমি দেখাবার চেষ্টা করব যে, তাঁরাও স্লাম ক্লিয়ারেন্সএর প্রয়োজনীয়তা স্বীকার করেছেন। এই বিলটার নামকরণ নিয়ে তাঁরা কেউ কেউ আপত্তি জানিয়েছেন। এই বিলটার নামকরণ করা হয়েছে

Calcutta Slum Clearance and Rehabilitation of Slum Dwellers Bill.

ডাঃ সুরেশচন্দ্র ব্যানার্জি, হরিদাস মিত্র মহাশয়, এঁরা স্লাম ক্লিয়ারেন্স নাম রাখতে রাজী আছেন, কিন্তু তাঁরা রিহ্যাবিলিটেসনএর পরে স্লাম ক্লিয়ারেন্স চাচ্ছেন। রিহ্যাবিলিটেসন আগে হবে কি পরে হবে এটাই হচ্ছে তাঁদের কাছে মূল সমস্যা। ক্লিয়ারেন্স না হলে রিহ্যাবিলিটেসন কি করে হবে জানি না। যতীন চক্রবর্তী মহাশয় যে এ্যামেন্ডমেন্ট দিয়েছেন তাতে তিনি একটি নতুন ক্লজ থ্রি(সি)তে যুক্ত করবার জন্য বলেছেন। এই ক্লজ থ্রি(বি)তে এইকথা আছে

The State Government, on acquisition of such lands, may demolish the huts thereon or remodel them according to the standard plan or on the demolition of the huts thereon or remodel them according to the standard plan or on the demolition of the huts erect multi-storeyed buildings for habitation by the slum dwellers, etc.

কাজেই তিনিও স্লাম ক্লিয়ারেন্সএর প্রয়োজনীয়তা স্বীকার করেছেন এবং প্রয়োজন হ'লে বস্তি-গুলি ভাঙ্গতে হবে একথাও তিনি বলেছেন। জয়েন্ট কমিটির রিপোর্ট আমি আপনাকে পড়ে শোনাব। ডাঃ ব্যানার্জী ও শ্রীযুক্ত দেবেন সেন যে রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্টে আছে—

On principle, we are in agreement with the clearance of slums and replacing them by new buildings or remodelled structures as is said to be the object of the Bill. Professor Sj. Nirmal Chandra Bhattacharyya says—"We must ensure that the evils associated with slums are not camouflaged by means of the so-called scheme of remodelling, তিনি বলেছেন remodelling এর নামে ভাঁওতা না দেওয়া হয়, তাঁর suggestion এর মধ্যে তিনি এক জায়গায় বলেছেন—

the partial or complete removal or demolition of any hut or other building in the slum, or the alteration or reconstruction of any such hut or building, etc. etc.

কাজেই তিনিও স্লাম ক্লিয়ারেন্স এবং স্লাম এবং ডিমোলিশনএর প্রয়োজনীয়তা স্বীকার করেছেন। একটা কথা আলোচনার মাধ্যমে আমরা শুনেছি যে, এই বিলটি কার্যে পরিণত করতে হ'লে, জমিদার, লেসি, সাবলেসি, ইত্যাদিকে খেসারৎ দিতে হবে। এতে বহু টাকার প্রয়োজন হবে। এবং এতে দীর্ঘসময় হয় তো বা ৫০।১০০ বছর প্রয়োজন হবে। এটা সম্পূর্ণ অসম্ভব ব্যাপার। আমি বলি, যত বৎসরই লাগুক, আমরা কি তার জন্য নিরস্ত থাকব? কলকাতার বুক থেকে এই কলঙ্ক অপসারিত করতে হবে। গভর্নমেন্ট নিজেরা করতে পারেন অথবা অন্য কোন সংগঠনের মাধ্যমেও করতে পারেন। কিন্তু আমরা এটা অনুভব করি যে, এই বিল কার্যকরী করার পথে কোনপ্রকার বাধা সৃষ্টি করা সংগত হবে না। একটা প্রস্তাব এসেছে যে, বস্তি উন্নয়নের ভার বস্তির [illegible] উপর দেওয়া হোক এবং তার জন্য তাদের ঋণ দেওয়া হোক, এবং তাদের অকুপ্যান্সি রাইট দেওয়া হোক। [illegible] উপর ভার দিলে কতটা কার্যকরী হবে সে বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। প্যাসেজ, ড্রেন ইত্যাদি ব্যাপারে যেসমস্ত

সাজেসসন এসেছে সেগুলি বস্তিমালিকদের দ্বারা সম্পন্ন হওয়া সম্ভব নয়। প্রফেসর নির্মল ভট্টাচার্য্য যে সাজেসসন দিয়েছেন তা আমি পড়ে শোনাচ্ছি, তিনি বলেছেন—

About the construction of streets and passages within such slum as may be considered by the State Government to be sufficient in number and of sufficient width to enable the proper scavenging of the slum area; the construction of drains and sewers in such manner as may be considered by the State Government to render the slum area sanitary; public water-supply, common bathing arrangements and public privies and latrines for the use of the inhabitants of the slum, and the lighting of any streets, passages, common bathing arrangements, and public privies or latrines constructed in such area; the filing up of tanks, wells, ditches or trenches or low lands in the slum and the construction of new tanks or the deepening or improvement of existing tanks in such slum.

[6-35—6-45 p.m.]

এই কাজগুলি যদি করতে হয়, তাহলে কোন বস্তির মালিকের দ্বারা কখনো সম্ভব হবে না। এগুলি গভর্নমেন্টকে করবার দায়িত্ব গ্রহণ করতে হবে। তা ছাড়া বস্তির মধ্যে যে ন্যারো প্যাসেজ আছে, সেগুলি যদি তুলে প্রসারিত করতে হয় তাহলে ঐ প্যাসেজএর দু'দিকে যে সব হাট আছে, তার অনেকগুলিকে সম্পূর্ণরূপে বা আংশিকভাবে ভাঙ্গতে হবে। বস্তির মধ্যে ড্রেন নিতে হলে কতকগুলি হাটকে আংশিকভাবে বা সম্পূর্ণরূপে ভাঙ্গতে হবে। এমন কি জলের পাইপ তার মধ্যে নিতে হলেও হাটকে ভাঙ্গতে হবে। আমার দৃঢ় বিশ্বাস কোন বস্তির মালিকই এতে রাজি হবে না তাদের কোন অংশ ভাঙ্গতে। তা ছাড়া এইসব কাজ করতে গেলে মালিকদের মধ্যে যে পরস্পর সহযোগিতা, যে উদারতা, যে সেক্রিফাইস প্রয়োজন, বস্তির মালিকদের মধ্যে সেই উদারতার যথেষ্ট অভাব আছে বলে আমরা বিশ্বাস করি। তাদের দ্বারা এই কাজ কখনো সম্পন্ন হয় না। আমার ব্যক্তিগত একটা অভিজ্ঞতা রয়েছে। সে বিষয়ে আমি একটু বলবো। চেতলায় এক বস্তি এলাকায় জলের ভয়ঙ্কর অভাব রয়েছে। কিছু দিন আগে সেখানকার অধিবাসীরা আমাকে এই কথা বলাতে আমি তৎকালীন কলিকাতা কর্পোরেশনের চিফ ইঞ্জিনিয়ার মিঃ ডি এন গাংগুলিকে নিয়ে সেখানকার অবস্থা দেখতে গিয়েছিলাম। তিনি বললেন, এখানে জলের কল দেওয়া প্রয়োজন। সেটা সদর রাস্তা থেকে দু'শো ফুট দূরে। তিনি বললেন, এই এলাকার জমিদার যদি কল বসাতে দেন এই দু'শো-আড়াইশো ফুট এবং অধিবাসীরা এই পাইপের অর্ধেক দাম দেন, তাহলে বাকী অর্ধেক আমি কর্পোরেশনের কাছ থেকে মঞ্জুর করে করিয়ে দিতে পারবো। আমি তখন প্রত্যেকটী বস্তির মালিককে অনুরোধ করি যে, তাঁরা পরস্পর চাঁদা তুলে এই অর্দ্ধেক দামটা তুলে দিন। কিন্তু আমার দ্বারা তা সম্ভব হয় নি। আজও সেখানে এই জলকষ্ট রয়ে গেছে। সুতরাং যেখানে এই রকম প্রয়োজন হলে অর্থ ব্যয় করতে হবে, প্রয়োজন হলে ত্যাগ স্বীকার করতে হবে, সেই রকম কাজে আমার দৃঢ় বিশ্বাস, কখনো বস্তির মালিকদের দ্বারা সম্পন্ন হওয়া সম্ভব নয়।

এই যে অকুপেন্সি রাইট দেবার কথা হয়েছে, এই অকুপেন্সি রাইট দিয়ে কতখানি বস্তির উন্নতি সাধন সম্ভব হবে জানি না। কলিকাতা ঠিকা টেনান্সি আক্ট আজকে বস্তি মালিককে খানিকটা প্রটেকসন দিচ্ছে। জমিদার ইচ্ছা করলেই তাদের টেনান্টকে এভিকসন করতে পারে না। এই প্রটেকশন পাওয়া সত্ত্বেও আজকে মালিকের দ্বারা ভাড়াটের জন্য কতটা আলো-হাওয়া বা জলের দিক দিয়ে উন্নতি সাধনের ব্যবস্থা হয়েছে, সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। যদি সত্যিকারের বস্তিগুলির উন্নতি করতে আমরা চাই, তাহলে এর সম্পূর্ণ দায়িত্ব গভর্নমেন্টকে গ্রহণ করতে হবে, তাতে কোনই সন্দেহ নাই। এই প্রসঙ্গে গভর্নমেন্টের কাছে আমার একটী নিবেদন রয়েছে, যেখানে স্লামস ক্লিয়ার করে পাকা বাড়ী তৈরী করবেন, তার পাশে যেন উন্মুক্ত জায়গা রাখেন যাতে সেখানকার ছোট ছোট ছেলেমেয়েরা খেলাধুলা করবার সুযোগ পায় এবং বৃদ্ধ ও মহিলারাও ঘুরে ফিরে বেড়াবার সুযোগ পায়। তাদের জন্য এই রকম খোলা জায়গা বা পার্কের ব্যবস্থা করা উচিত। যে বস্তি ভাঙ্গবেন সেই বস্তি এলাকার যাঁরা শিল্প-ব্যবসায় করতেন, তাঁরা যাতে নতুন বাড়ীতে স্থান পেয়ে সেখানে ব্যবসায় চালাতে পারেন, সেই ব্যবস্থাও যেন সরকার করেন।

[illegible] মধ্যে আর একটা আশংকার সৃষ্টি হয়েছে যে, বস্তি অপসারণের ফলে [illegible] অনেককে আজ দূরে দূরে যেতে হবে। যেমন শ্যামবাজারের লোককে—টালিগঞ্জ যেতে হবে। কিন্তু ক্লজ ফাইভএর প্রভাইসোটীর দিকে যদি দেখি, তাহলে দেখবো এই প্রচার কত যুক্তিহীন ও অসার! ক্লজ ফাইভএ এই কথা বলা হয়েছে যে, কোন বাড়ীই গভর্নমেন্ট দখল করবে না, তাদের অলটারনেট এ্যাকমডেসন না দিয়ে, তাদের বিকল্প বাসস্থান না দিয়ে। এই বিকল্প বাসস্থান সেই অঞ্চলের যতটা কাছে সম্ভব দিতে হবে এবং কোন অবস্থায়ই এক মাইলের রেডিয়াস থেকে দূর হবে না। এই প্রভাইসোর মধ্যে ভাড়া সম্বন্ধেও ব্যবস্থা করা হয়েছে। সেখানে আরো বলা হয়েছে, সরকার এই বাড়ীগুলি দখল করবেন না, সেখান থেকে চলে যাবার সমস্ত খরচ না দিয়ে। কি কি খরচ?
cost of removal, cost of dismantling and re-erecting any plant or machinery.
ঐ বস্তির মধ্যে তাঁরা যে কলকব্জা ব্যবহার করতেন সেই সমস্ত খুলে নেবার জন্য এবং নূতন করে বসাবার জন্য যে খরচ হবে, তা সরকার দেবেন। তারপর
compensation for any temporary loss of occupation.
অর্থাৎ সাময়িকভাবে কর্মবিরতির জন্য যে লোকসান হবে, সেটাও সরকার তাদের দেবেন। কাজেই ঐ সব অপপ্রচার সম্পূর্ণ অর্থহীন বলে আমি মনে করি।

আর একটা হচ্ছে রেন্ট সম্বন্ধে। নতুন বাড়ী যা গভর্নমেন্ট তৈরী করবেন, সেখানে কি ভাড়া হবে? বিরোধী পক্ষের অনেক সংশোধনী প্রস্তাবের মধ্যে একথা বলা হয়েছে যে বস্তি-বাসিগণ যে ভাড়া দিত, এখানেও সেই ভাড়া রাখা হোক। কলিকাতার বস্তিগুলি সম্বন্ধে অবস্থা হচ্ছে এই—এখানে যত ফ্যামিলি বাস করেন, তার ১৫·৩২ পারসেন্ট হচ্ছেন বস্তির মালিক; আর বাকী ৮৪·৬৮ পারসেন্ট অর্থাৎ প্রায় ৮৫ পারসেন্ট হচ্ছেন টেনান্ট বা ভাড়াটে। আর কলিকাতায় বস্তিগুলিতে প্রায় সাড়ে চার লক্ষের উপর অধিবাসী ভাড়াটে। তাঁরা কি ভাড়া দেন? এর ১০·৬২ পারসেন্ট অধিবাসী ৫ টাকা ভাড়া দেন এবং ৪৮·৪৮ পারসেন্ট অধিবাসী ৬ টাকা থেকে ১০ টাকা ভাড়া দেন; আর ২৪·৭৫ পারসেন্ট অধিবাসী ১১ টাকা থেকে ১৫ টাকা ভাড়া দেন এবং ১৬ পারসেন্ট ভাড়াটে ১৬ টাকা থেকে ৩০ টাকা বা তার অধিক ভাড়া দেন। এক একটী টেনান্ট এ্যাভারেজ ভাড়া দেন ১১·৬৩ রুপিজ প্রতি মাসে। এই দিয়ে তাঁরা কি পান? তাঁরা বাস করেন এমন বাড়ীতে যেখানে জল নাই, পায়খানা নাই, বাথরুম নাই, রান্নাঘর নাই, আলো-হাওয়ার কোন বন্দোবস্ত নাই। এমন বস্তিও আছে, আমি জানি, যেখানে দুটী চালের মাঝখানে একটা দেওয়াল দিয়ে দুইসারি ঘর করা হয়েছে যাতে অনেক বেশী ভাড়া আদায় হয়। প্রায় ঘরেই এখানে আলো-হাওয়া ঢুকতে পারে না। এমন অন্ধকার যে, দিনের বেলায়ও আলো না জেবলে ঢোকা যায় না। এই রকম ঘরের ভাড়া চেংলা অঞ্চলে দেখেছি ১৮ টাকা থেকে ২০ টাকা মাসে। কাজেই আমি বিশ্বাস করি সাড়ে চার লক্ষের উপর ভাড়াটে যাঁরা বস্তিতে বাস করেন, তাঁরা যদি আজকে সুস্থ পরিবেশে স্বাস্থ্যকর বাড়ী পান, স্থান পায়, যেখানে কলের জল থাকবে, পায়খানা থাকবে, সেখানে তারা বাথরুম পাবে, বেড়াবার জায়গা পাবে, এই রকম ঘর যদি পায় তাহলে তারা যে ভাড়া দেয়, তার চেয়েও কিছু বেশী ভাড়া তারা আনন্দের সঙ্গে দিতে রাজী হবে। এর জন্য যে টাকা লাগবে কেন্দ্রীয় সরকার তার ২৫ পারসেন্ট সাবসিডি দিচ্ছেন। কাজেই আশা করা যায় যে, বিরোধীপক্ষ যে আশংকা করছেন তার চেয়ে প্রকৃতপক্ষে ভাড়া অনেক কম হবে। এই সম্বন্ধে বেশী আশংকা করবার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। যারা গরীব মানুষ বিভিন্ন স্তরের লোকের উপার্জন অনুযায়ী যাতে কম ভাড়া হয় এবং প্রয়োজনানুযায়ী ভাড়া সম্বন্ধেও যাতে একটা সাবসিডির ব্যবস্থা হতে পারে, যাতে করে ভাড়া কমিয়ে দেওয়ার ব্যবস্থা হতে পারে, সরকার যেন সেদিকে দৃষ্টি রাখেন, এই হচ্ছে গভর্নমেন্টের কাছে আমার নিবেদন।

[6-45—6-55 p.m.]

স্যার, এই বিলের সব চেয়ে গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে ক্লজ সেভেন, যাতে ক্ষতি পূরণের ব্যবস্থা রয়েছে। ক্লজ সেভেন (আই)(এ)তে জমির মালিককে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা রয়েছে। ক্লজ সেভেন (আই)(বি)তে লেসি, সাব-লেসিকে ক্ষতি পূরণ দেবার ব্যবস্থা রয়েছে। ক্লজ

সেভেন (আই)(সি)তে হাট ওনার্সদের সম্বন্ধেও ব্যবস্থা রয়েছে। বিরোধী পক্ষের অনেক সদস্যই জমির মালিককে ক্ষতিপূরণ দেবার পক্ষপাতী নন। তারা তার বিরুদ্ধে মত প্রকাশ করেছেন, কিন্তু যে সব সংশোধনী প্রস্তাব আমি দেখলাম তার মধ্যে অধিকাংশ ক্ষেত্রে দেখলাম, জমির মালিকদের সম্বন্ধে গভর্নমেন্ট ২০ হাজার টাকা পর্যন্ত যে ক্ষতি পূরণের ব্যবস্থা করেছেন, এই সংশোধনী প্রস্তাবের মধ্যে প্রায় অনেকগুলি একই রকম। ক্লজ সেভেন (আই)(বি)তে যে ক্ষতি পূরণ ধার্য হয়েছে, এইগুলি প্রযোজ্য হবে লেসি বা সাব-লেসিএর উপর এবং যারা হাট ওনার, ঠিকা টেনান্ট, যারা তাঁদের সম্বন্ধে একটু কনফিউসন ছিল কিন্তু চিফ হুইপ যে এ্যামেন্ডমেন্ট এনেছেন তাতে মনে হয়, তাদের সম্বন্ধে যে আশঙ্কা ছিল, তা দূর হবার সম্ভাবনা রয়েছে। কাজেই তারাও এই কমপেনসেসন পাবে, কিন্তু এই ক্লজ (বি)তে যে ক্ষতি পূরণের ব্যবস্থা হয়েছে অর্থাৎ

net annual income does not exceed Rs. 100, twenty times the net annual income when the net annual income exceeds Rs. 100 but does not exceed Rs. 250, fifteen times the net annual income, etc.

এই ক্ষতি পূরণের সুযোগ হাট ওনাররা পাবে বলে আমি মনে করি না। এই সুযোগ পাবে সেই মধ্য স্বত্বাধিকারী লেসি, যাদের জমির সঙ্গে বা হাটএর সঙ্গে কোন সম্পর্কে নেই, মাঝখান থেকে যে রোজগার বা মুনাফা করে বেড়ায় তারাই এর সুযোগ পাবে। আমাদের চিফ মিনিস্টার এই প্রস্তাব আনবার সময় ইচ্ছা করেছিলেন এবং এর মধ্য দিয়ে আশা করে ছিলেন, যারা ক্ষুদ্র ক্ষুদ্র হাটএর মালিক তারা বেশী পরিমাণে ক্ষতিপূরণ পাবে। কিন্তু এই ব্যবস্থা যদি থাকে, তাহলে তারা এই সুযোগ পাবে না। তাই, যদি তাদের সত্যিকারের সুযোগ দিতে হয়, তাহলে এই ব্যবস্থার পরিবর্তন করতে হবে এবং যারা লেসি, যাদের জমি বা হাটএর সঙ্গে কোন সম্পর্ক নেই, তাদের এ্যানুয়াল ইনকামএর টেন টাইমসএর ব্যবস্থা রেখে বাকী যারা হাটওনার্স বা হাট-এর মালিক, তাদের জন্য

for the first annual income, for the next annual income.

এই রকম একটা স্ল্যাব যদি হয়, তাহলে তারা সত্যি করে উপকৃত হবে বলে আমি মনে করি। মন্ত্রী মহাশয়কে আমি এ বিষয়ে লক্ষ্য করতে অনুরোধ করছি। স্যার, আমি এই মধ্যস্বত্বভোগীরা কি লাভ পাবে বা না পাবে, সেদিকে লক্ষ্য করার প্রয়োজন মনে করি না, কিন্তু আমি চাই এই সব ক্ষুদ্র ক্ষুদ্র যারা বস্তির মালিক, হাটএর মালিক—যারা এক কাঠা, দেড় কাঠা জমি নিয়ে সেখানে বাস করে এবং ভাড়া দিয়ে কিছু রোজগার করে সংসার প্রতিপালন করে তারা যাতে এমন ভাবে কম্‌পেন্‌সেশন পান যাতে তাদের পুনর্বাসন সম্ভব হয় সেই ব্যবস্থা রাখা প্রয়োজনীয় বলে আমি মনে করি। স্যার, এই কমপেনসেশনএর মধ্যে এক শ্রেণীর বস্তির মালিক কোন সুযোগই পাবে না। তারা হচ্ছে সেই সব বস্তির মালিক যারা কোন জায়গা নিয়ে ঘর করে নিজেরা বাস করে, ভাড়া দেয় না। তারা শুধু এই হাটএর দাম ছাড়া আর কিছু পাবে না। তাদের বিষয়টা বিবেচনা করতে অনুরোধ করছি মন্ত্রী মহাশয়কে। কলিকাতা করপোরেশনএর কথা অনেকে বলেছেন যে, কলিকাতা করপোরেশনও এই বিলের বিরোধিতা করেছে। ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৯২৩ সালে যা হয়েছিল এবং সেখানকার সেই আইনের মধ্যে [illegible] ইম্প্রুভমেন্ট সম্বন্ধে যথেষ্ট ব্যবস্থা ছিল, স্ট্যান্ডার্ড বস্তি করবার যথেষ্ট ব্যবস্থা ছিল, কিন্তু এই ৩৫ বৎসরের মধ্যেও তাদের দ্বারা তা সম্ভব হয় নি। কাজে কাজেই আজকে এই বিলের বিরোধিতা করা তাদের পক্ষে কোন অর্থ হয় না, কারণ তাদের পক্ষে এই ব্যবস্থা করা কখনও সম্ভব হবে বলে আমি বিশ্বাস করি না; কাজেই এই বিলকে কার্যকরী করে গভর্নমেন্ট যাতে অগ্রসর হতে পারেন, আমি সেইজন্য গভর্নমেন্টকে অনুরোধ জানাচ্ছি।

Sj. Panchanan Bhattacharjee: There are only 10 minutes left. Shall I be allowed 5 minutes more?

Mr. Speaker: I can do this. I can sit for five minutes more.

Sj. Panchanan Bhattacharjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বস্তি আইন নিয়ে আলোচনা করতে গেলে প্রথমেই আমার মনে আসে, আমাদের বাংলাদেশের সেই প্রাচীন কবির কথা যে—

"গুণ হইয়া দোষ হইল বিদ্যার বিদ্যায়"

বস্তি অপসারণ ভাল জিনিস, আমরা সকলেই চাই; আমি নিজেও বস্তি আন্দোলনের সঙ্গে ১৩।১৪ বৎসর সংশ্লিষ্ট, কিন্তু বিপদ হল ঐখানে, এরা যা করতে চান, তার ফল গিয়ে দাঁড়ায় উলটো, এদের "বিদ্যার বিদ্যায়" যা কিছু গুণের ব্যাপার তা দোষে পরিণত হয়। আজকে বস্তিবাসীরা এখানে দলে দলে এসেছে। আমরা নাকি তাদের উস্‌কে নিয়ে এসেছি, কিন্তু বস্তি বাসীরা বলছে ঠিক একই কথা, যা একজন ইংরাজ কবি তার এক বন্ধুর সম্বন্ধে বলে ছিলেন—

Save me from my friends who comes but never goes.

তাই এঁরা যাঁরা তাদের মহাবন্ধু হচ্ছেন, তারা এঁদের বন্ধু বলে চিনতে পারছে না বলে এঁদের মহা দুঃখ। তাই গোড়াতেই আমি বলি যে, এঁরা কাজ করতে পারতেন যেটা করলে পরে হয়ত কারও কিছু বলবার থাকত না, যেটা জমিদারী উচ্ছেদ আইনের সময় বার বার আলোচিত হয়েছিল যে, কলিকাতার সমস্ত বস্তিগুলিকে সরকারের দখলে নিয়ে ২০ বৎসর মেয়াদী তারা যদি জমিদারদের ঋণপত্র দিতেন, আর এই ২০ বৎসর ধরে যদি খাজনা আদায় করে সরকার হাতে নিতেন তাহলে ৩ থেকে ৪।৫ হাজার টাকা সরকারের হাতে জমা হত এবং সেই টাকা দিয়ে ২০ বৎসরের মধ্যে বস্তি উচ্ছেদ সম্ভব হত। এটা খুব সহজ কাজ ছিল। অর্থাৎ সরকার বাড়ী ওয়ালা না হয়ে আগে জমিদার এবং তার পরে যদি বাড়ীওয়ালা হতেন—তাহলে হয়ত কাজ হত। কিন্তু সেই ধরনের পরিকল্পনা এঁদের নেই। এঁরা আর কি করতে পারতেন? এঁরা ইন্ডাস্ট্রিয়াল হাউসিংএর ব্যাপারে মালিকদের ডেকে বিভিন্ন ট্রাইবুনালএর মারফতে এই কাজ করতে পারতেন, আমার একটা ঘটনা জানা আছে। ব্রিটানিয়া বিস্কিট কোঃ-এর লেবার অফিসার এসে, এর আগে যিনি জয়েন্ট-সেক্রেটারী ছিলেন লেবার ডিপার্টমেন্টএর, তার কাছে প্রতিশ্রুতি দিয়ে গেলেন যে, সমস্ত শ্রমিকদের জন্য কোয়ার্টার তৈরি হবে। প্রচুর জমি আছে তাদের—প্রায় ১০০ একর জমি। কিন্তু দুঃখের বিষয়, লেবার অফিসার মেনে গেলেও কোম্পানীর ডাইরেক্টর বললেন যে, আমরা সরকারের সাবসিডি নিয়ে বাড়ী করব না। এই সব ক্ষেত্রে জবরদস্তি হাউস সম্বন্ধে ট্রাইবুনাল বসাতে পারলে খুব কম করে ১ লক্ষ মজুরদের ব্যবস্থা মালিক পক্ষের উপর দিয়ে হয়ে যেত। আমি এখানে একটা বিশেষ কথা মন্ত্রীকে জানিয়ে রাখছি যে, এই বস্তি উচ্ছেদের ফলে তাকে সে সঙ্কটের সম্মুখীন হতে হবে। ডিয়ারনেস এ্যালাউয়েন্স কমিটি সেখানকার প্রিন্সিপল, যা সেখানকার বিচারকরা মানেন, ভারত সরকারও মানেন যে, বেতনের শতকরা ১০ ভাগ হচ্ছে ঘর ভাড়া। এখানে ৫০ থেকে আরম্ভ করে ৬০।৭০। ৮০।৮৫ টাকা পর্যন্ত মিনিমাম আছে। একটী মাত্র কারখানা ১১০ টাকা আছে। তাহলে এই শতকরা ১০ ভাগের জায়গায় যেই ১৫।২০ ভাগ ভাড়া অর্থাৎ ৫।৭ টাকার জায়গায় ১৫।২০ টাকা ভাড়া হবে, তখন অলস্ট্র ইনডাস্ট্রিয়াল ডিসপিউট হবে, সেই বেশী ভাড়ার ভিত্তিতে এবং তখন তা সামলান তার পক্ষে খুব দায় হবে। এই কথা তাকে আমি বলে রাখছি। কোনমতে তখন তাদের ঠেকাতে পারবেন না যে, তারা কম ভাড়া দেয়। কেন না শ্রমিকেরা তখন সরকারী রসিদ এনে উপস্থাপিত করবে যে, তারা বেশী ভাড়া দেয়। এবং সেই হেতু আমাদের মাইনে বাড়িয়ে দেওয়া হোক। সরকারের হাতে কোন পরিসংখ্যান নেই—স্যাম্পল সার্ভেএর উপর নির্ভর করে বস্তির সংখ্যা নির্ধারিত হয়েছে। আদমসুমারি সরকার করুন তাহলে দেখবেন বস্তির সংখ্যা অনেক বেশী। স্যাম্পল সার্ভেএর কোন মানে হয় না। ন্যাসনাল স্যাম্পল সার্ভে রিপোর্ট যদি আলোচনা করেন তাহলে দেখবেন গাঁজা খাওয়ায় পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে শীর্ষস্থানীয়। একথাটা আমরা বোধহয় কেউ মানতে রাজী নই। সুতরাং স্যাম্পল সার্ভে পরিসংখ্যান যে সব সময়ে ঠিক মত উপস্থিত করে, তা ঠিক নয়। সরকার, পৌর প্রতিষ্ঠান, যা কলকাতা কর্পোরেশনএর কাছ থেকে যদি পরিসংখ্যান নিতে চান, তাহলেও ভুল হবে, কেন না কলিকাতা করপোরেশনের বহু হোলডিং আছে, যাকে বস্তি বলে লেখা নেই। এই নিয়ে আমি তথ্যানুসন্ধান করেছিলাম এবং আমি কয়েকটি বস্তির ক্ষেত্রে দেখেছি যে, কলকাতা পৌর প্রতিষ্ঠানে সেগুলি বস্তি বলে উল্লিখিত হয় নি। সুতরাং সর্বপ্রথম আদমসুমারি

করুন—করে জেনে নিন, কত শ্রেণীর লোক আছে। তার পরে যারা বড় বড় কারখানায় নিযুক্ত তাদের প্রভিডেন্ট ফান্ড থেকে ধার দেবার ব্যবস্থা করুন। সরকার স্মল হাউসিং স্কীম ও অন্যান্য ব্যবস্থা করুন, স্বল্প দামে জমি দেবার ব্যবস্থা করুন। তাতে অনেকে হয়ত কলকাতার ধারে কাছে চলে যেতে পারে যদি কলোনি সিসটেমএ তাদের বাড়ী করে দেওয়া হয়। এইভাবে ৫০ হাজার থেকে ১ লক্ষ লোক সরে যেতে পারে। তাদের কলকাতার উপর আকর্ষণ নেই। জায়গা পায় না বলেই তারা এখানে আছে। এই ধরনের ব্যবস্থা মধ্যবিত্ত শ্রেণীর ক্ষেত্রে হতে পারে, অন্যান্য শ্রেণীর ক্ষেত্রেও হতে পারে। কিন্তু দুঃখের বিষয় আগেই বলেছি যে এদের

"গুণ হইয়া দোষ হইল বিদ্যার বিদ্যায়"

এবং অসুবিধা হচ্ছে সেইখানে। বস্তি উচ্ছেদ করবেনই, এ'রা মনে করেন। এই দম্ভের জবাব দেখা যায় গ্রেট ব্রিটেনএর লন্ডন শহরে।

[6-55—7-7 p.m.]

সেখানে যখন আগুনে সব পুড়ে গিয়েছিল, তার পরে বস্তি উচ্ছেদ আর সম্ভব হয় নি। সম্প্রতি দেখা যাচ্ছে একখানি ইংরাজী পত্রিকায় পড়েছি, সেখানে বস্তি বাড়ীগুলি ভেঙে ভেঙে শ্রমিকদের জন্য মডার্ন এ্যামিনিটিস্ সহ ছোট ছোট বাড়ী করা হচ্ছে। তাতে কিছু কিছু ইংরাজ রাইটার্স তারা প্রতিবাদ জানিয়েছেন যে, একই ধরনের হাজার হাজার বাড়ী হলে লোকের মন ভয়ানক স্টেরিওটাইপড হবে, লোকের ক্রিয়েটিভ জিনিয়াস নষ্ট হয়ে যাবে। যা হোক আমাদের দেশে সে সব চিন্তা করবার অবকাশ সরকারের নাই। তবু বলে রাখি যে, লন্ডন সহরে একবার গ্রেট ফায়ারএর পরে প্রথম বিশ্বযুদ্ধ এবং তার পরে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরও এতগুলো চাপেও লন্ডনের বস্তি নিকাশ করা সম্ভব হয় নি। শতকরা ২০-২৫ অংশ বস্তি সেখান থেকে অপসারিত হয়েছে। এতে সরকার নিজেই অগ্রসর হয়ে তা করেছেন। ফল কি হয়েছে? সেই পত্রিকায় পড়েছি, এবং সেই সময় রয়টারের সংবাদ এল ৫।৭ দিন আগে প্রথম নির্বাচনে শ্রমিকদল মনে করছে যে, তাদের যা ভোট হয়েছিল গতবার, তুলনায় ভোট কমই হবে কেন না সরকারের স্লাম ক্লিয়ারেন্স নীতির ফলে সেখানকার লোকেরা বাস্তুচ্যুত হয়ে ছড়িয়ে পড়েছে বিভিন্ন জায়গায়। সুতরাং একথা তারা বলুন বা না বলুন, লন্ডনের মত অরগানাইজড শহরে, ব্রিটেনের মত চমৎকার কান্ট্রিতে যদি এই জিনিস হয়ে থাকে তাহলে কলিকাতার বস্তি-বাসীরা যে বস্তিচ্যুত হবে তাতে সন্দেহ নেই। আর এ'রা যে জেনে শুনে তা করছেন না তা নয়; এ'রা জেনেশুনেই করছেন। এখানকার অধিকাংশ বস্তিবাসী, অধিকাংশ অধিবাসী ছড়িয়ে পড়েছিল চারিদিকে। তা হলে এরা ভবিষ্যতে একজোট হয়ে নিজেদের মনোমত প্রার্থীকে জয়লাভ করাতে সমর্থ হবে না, এই আমার ধারণা। কেন্দ্রীয় সরকার নাকি একটা কমপ্রিহেনসিভ আইন আনছেন। যদি তা আনেন তাহলে আমাদের এখানে রাজ্যসরকারের পক্ষে আবার আইন করার প্রয়োজন আছে বলে মনে হয় না। কিন্তু বিপদ হ'ল এদের মাথায় সমাজ-বাদের ভূত চেপেছে। আমরা দ্বিতীয় পরিকল্পনার সামান্য দু'বছর শুনলাম সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যান ঐ কোর অব দি প্ল্যান—তারপরে হার্ড কোর অব দি প্ল্যান একেবারে সাংখ্যের পুরুষ—অক্ষয় এখানে বস্তির যে সোসিয়ালইজমএ হচ্ছে হার্ড কোর অব দি সোসিয়ালিজম একেবারে অক্ষয়, অব্যয়, অচিন্ত্য, ধ্রুব। আমার এখানে মহাকবি ভাসের কথা মনে পড়ে 'মধ্যম জায়োগ' নাটকে ঘটোৎকচ এবং ভীমকে একে অপরের পরিচিত না হয়ে পিতা পুত্র ঝগড়া করতে করতে বলছেন—

"বাক্যেনাপি যদি ভবেৎ

সর্ব্বক্ষত্র-বধঃ কৃতঃ"

অর্থাৎ যদি কথায় লড়াই হয় তাদলে সমস্ত ক্ষত্র বধ হয়ে গেছে। সেই রকম এখানেও বস্তি সমস্যার সমাধান হতে পারে, ঘরের ভিতর, বাহিরে হবে না। বাস্তবে সেটা সম্ভব হবে না। আপনারা সে কথা জানেন, কিন্তু আপনারা জ্ঞানপাপী। আমাদের বার বার বলে লাভ নাই। কারণ বার বার সেই কথা বললে মনে হয় আপনারা প্রকোপিত হন।

আইনের ভিতর কি ত্রুটি আছে তা দেখুন। লীজ হোল্ডারদের আপনারা কম্পেনসেশন দেবার ব্যবস্থা করেছেন। আমরা এখানে বলতে পারি সিংহবাহিনী এস্টেট, বেলেঘাটার, এখানকার একজন মাননীয় সদস্য সেই সিংহবাহিনী এস্টেটের অংশভাগী, আর রাজা রাজেন্দ্রলাল মিত্রের বংশধর, যাঁরা আছেন তাঁরা ক টাকা খাজনা পান? আর সেখানে ৫ টাকার জায়গায় ১৪৪ টাকা প্রজাদের কাছ থেকে লীজ হোল্ডাররা আদায় করেন—এই তথ্য সামান্য হলেও কিন্তু দিতে পারব। এই রকম পি সি পাল—বাংলাদেশের বড় জমিদার—তারা শোভাবাজারের সমস্ত বস্তি লীজ নিয়ে বসে আছেন, ৯৯ বছরের লীজ। এইভাবে খুঁজলে দেখবেন চেতলায়ও বড় বড় বস্তি লীজ নেওয়া আছে। সুতরাং লীজ হোল্ডারদের স্বার্থরক্ষার যে ব্যবস্থা করেছেন সে জেনে শুনেই করেছেন। আপনারা জ্ঞানপাপী। ঠিক তেমনি বস্তি উচ্ছেদ করবার জন্য যেমন সেই রকম বাড়ী করবার ব্যবস্থা করছেন। আপনারা কোন একজন ভদ্রলোককে কল্যাণী কংগ্রেসের ব্যাপার থেকে আরম্ভ করে গত নির্বাচনেও নানারকম আর্থিক ব্যাপারে যিনি যুক্ত ছিলেন, তাঁর কাছ থেকে সমান দামে—বড় রাস্তার উপরের জমির দরে—তার ভিতরকার জমি অত্যন্ত চড়া দরে নিয়ে তাকে সন্তুষ্ট করা হয়েছে। বস্তিবাসীর মঙ্গল কামনায় জমি আগে বেছে নেওয়া হয়েছে। এইভাবে বিভিন্ন এলাকায় যদি বেছে নেওয়া হয় তাহলে তাতে বাধা দেবার ক্ষমতা কারও নাই। একই ঢিলে বহু পাখী মারবার ব্যবস্থা করেছেন। এই পাখী মারতে গিয়ে ঢিল আপনাদেরই ঘাড়ে এসে পড়বে কি না বুমারিং এর মত, চিন্তা করা দরকার। আপনারা রিহ্যাবিলিটেশন কস্ট ইত্যাদির কথা বলেছেন। আমি শ্রম মন্ত্রীকে আবার বলছি কমপেনসেশন যে দেওয়া হবে তার জন্য বস্তিতে গিয়ে দেখুন, সেখানে যাবতীয় কারখানা আছে, একজন মালিক আর ৩ জন হয়ত শ্রমিক, বস্তিতে গিয়ে দেখুন সেখানে বাক্স তৈরী হচ্ছে, রঙ করা হচ্ছে; আপনি রাম বাগানে গিয়ে দেখুন বস্তিবাসীরা সেখানে খাঁচা, কুলো, ধামা প্রভৃতি তৈরী এবং নতুন বাজারে তাদের ব্যবসা চলছে। সেখানকার যারা শ্রমিক তারা কোন আইনে, কি ভাবে ক্ষতিপূরণ পাবে? বরং ক্ষতিপূরণ আদায় করবে কে? তাদের লে অফ হল এবং যেহেতু তারা সংখ্যায় কম তাই লে আউট বেনিফিট তারা পাবে না। এই রকম শ্রমিকের সংখ্যা সম্বন্ধে আমরা একবার সার্ভে করেছিলাম, ডক্টর এল মজুমদার, এবং সরকারী কর্মচারী, এঁরা আমাদের সঙ্গে ছিলেন এবং ডক্টর বিনয় সরকার আমাদের নেতা ছিলেন। তাতে দেখেছি ২৫।৩০ হাজার এই রকম শ্রমিকের সংখ্যা হবে। এই ২৫।৩০ হাজার শ্রমিক তারা কি লে অফ বেনিফিট পাবে। তারা যে কাজে ছিল তার কোন ব্যবস্থা থাকবে না। এই ধরনের দুরবস্থা যারা খোলার বাড়ীর মালিক তাদের সম্বন্ধে বলছি—তোমাদের বেশী ভাড়া দিতে হবে, না আমদের সঙ্গে লড়াই করতে হবে। ১৯৪৭-৪৮ সালে ঐ টালি খোলার ছাদ যাদের আছে তাদের সেই বাঁশ, বাকারি ও টালির কি দর হয়েছিল সেটা বিবেচনা করে দেখবেন। আর রিপ্লেসমেন্ট কতবার হয়েছে, এবং কত খরচ হয়েছে তা খোঁজ নিলে জানতে পারবেন। যেখানে ডোবা, পুকুর ছিল সেই ডোবা বুজিয়ে ৫০।১০০।২০০ বছর ধরে সেখানে আছে। ঐ শোভাবাজারের জমিদারেরা কি ভাবে জমি পেয়েছিল, ইংরাজ জমিদারদের কিভাবে জমি দিয়েছে। বাংলাদেশে ৫।৭টা জমিদার পরিবার কলিকাতায় ছিল। তাদের সেই জমিতে তারা বাস করত ডোবা বুজিয়ে, খানা বুজিয়ে, বাড়ী তৈরী করে ৫০-১০০ বার তাদের রিপ্লেসমেন্ট করতে হয়েছে। সেই রিপ্লেসমেন্টএর খরচ বিবেচনা করেন নি। আপনারা পুরান বাঁশ, বাকারি, খোলার দর ধরবেন। এ জিনিসের বিচার করেন নি। আপনারা জ্ঞানপাপী, জেনে শুনেই করছেন, যাতে এই ভাবের ব্যবস্থা হওয়ায় তারা কলিকাতা শহরের মায়া কাটিয়ে, ভিটের মায়া কাটিয়ে চলে যায়।

রিবেটের কথা এক বন্ধু তুলেছিলেন। জমিদারেরা কর্পোরেশনের ট্যাক্স আদায় করেন বলে পান। আবার কালেকশন চার্জেস আলাদা পান। মিউনিসিপ্যাল এ্যাক্টে বস্তিবাসী সম্পর্কে আইন সেটা চালু রয়েছে। আধ কাঠা জমির উপর কোন ট্যাক্স দিতে হয় না। অনেক বিধবা বা ভিখারী এইভাবে আছে। এখন এই ব্যবস্থা করাতে আধকাঠা জমির জন্যও [illegible] ট্যাক্স দিতে হবে। কেন না সে আইন এখানে বাতিল হচ্ছে। এই ধরনের আরও কত আছে। সব চেয়ে বড় সরকারের জমির ব্যবসা স্পেকুলেশন ইন ল্যান্ড রিয়াল প্রপার্টি এই ব্যবসা খুব ভাল। সুতরাং তাঁরা জমি বিক্রী করবেন। কিন্তু কলিকাতার জমি কিনবেন কারা। বাঙালী

জমিদার বস্তির মালিক ছিল। বস্তির জমি জমিদারেরা বেচে দিচ্ছে, যেমন উল্টাডাঙ্গায় ধরুন। উল্টাডাঙ্গায় বাজোরিয়ারা বিশাল জমি কিনে নিয়েছেন, অতি সস্তা দরে। সেই সব শ্রেণীর লোকেরাই জমি কিনবে। তাঁরাই ঐখানে বাড়ী করবেন। আমার কারও উপর ব্যক্তিগত আক্রোশ নেই, আমি যা বলছি তা আক্রোশের জন্য বা প্রাদেশিকতার জন্য নয়। আসলে যা দাঁড়াবে তাই বলছি। কয়েকটি লোকের হাতে কলিকাতার সমস্ত জমি গিয়ে পড়বে। ইতিমধ্যেই বাড়ী-ওয়ালারা ভাড়া বাড়াতে শুরু করেছেন, তাঁরা ইতিমধ্যেই বলছেন ভাড়া বাড়াতে হবে। বেশী ভাড়া না দিলে বস্তিতে থাকতে দেব না। অনেক ক্ষেত্র বিশেষ ক'রে শ্রমিক অঞ্চলে, বাড়ী-ওয়ালারা ভাড়াটেদের রসিদ দেয় না। সুতরাং তাদের ভাড়া বাড়াতে অসুবিধা নেই। আপনারা [illegible] খারাপ দিকটাই দেখেছেন। দুই একজন খারাপ আছে—যেমন জোড়াবাগান মণ্ডল কংগ্রেস কমিটির যিনি সম্পাদক—তিনি বলেছেন সেখানে বথেল রাখা হচ্ছে। আদালতে মামলার কি করা হচ্ছে তাদের ওঠাবার জন্য। নেপালবাবু থাকলে সেকথা বলতে পারতেন। সব কিছুই সেখানে খারাপ, সেখানে খারাপ লোকই সব থাকে—এ মনে করা ঠিক নয়, সেখানে বি এস-সি (ফিজিক্স), এম এস-সি ফার্স্ট ক্লাস, ভারত গভর্নমেণ্টের স্কলারসিপ নিয়ে জার্মানীতে গিয়েছেন ডিগ্রী নিয়ে এসে এখানে বড় প্রতিষ্ঠানে চাকরী করছেন এমন লোকও আছেন- তারা বলেন আমরা ২।১ কাঠা জায়গা পেলে এবং কিছু টাকা ঋণ পেলে একতলা, দোতলা বাড়ী তৈরী করে থাকতে পারি। তাদের জন্য আপনাদের কোন অনুকম্পা নাই! আমি আপনাদের বলতে পারি সেখানে বি এ, বি এল; এম এ, বি এল, আছেন, অধ্যাপক আছেন, চিকিৎসক আছেন, ব্যবসায়ী আছেন। তাঁদের জন্য অনুকম্পা আপনাদের কি যে আছে তা ভগবানই জানেন। সুতরাং আপনাদের কাছে আমার অনুরোধ, বস্তি উচ্ছেদের ব্যবস্থা করার আগে বস্তিবাসীদের রিহ্যাবিলিটেশন ব্যবস্থা আগে করুন, এবং তার জন্য যা পরিবর্তন দরকার সেই পরিবর্তন করুন।

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment.

The House was accordingly adjourned at 7-7 p.m. till 3 p.m. on Tuesday, the 11th March, 1958, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 11th March, 1958, at 3 p.m.

Present:

Mr. Speaker, (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 15 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 205 Members.

[3—3-10 p.m.]

Mr. Speaker: Questions standing in the name of the Hon'ble Siddartha Sankar Roy are held over.

[*Further supplementaries on* ***starred question*** 51.]

Sj. Niranjan Sengupta:

ভারত-সরকার সর্ট-টার্ম লোন নন-ক্যাম্পারদের বন্ধ করে দেওয়ার কারণ কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

কারণ, ভারত-সরকার মনে করেন যে, ক্যাম্পে যারা আছে তাদের রিহ্যাবিলিটেশনের জন্যই প্রায়রিটি দেওয়া দরকার।

Sj. Niranjan Sengupta:

পশ্চিমবঙ্গ-সরকার নন-ক্যাম্পারদের জন্য সর্ট-টার্ম লোন চালু করার জন্য ভারত-সরকারের কাছে মুভ করেছেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

প্রয়োজন মনে করি না।

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, উইথ রেফারেন্স টু (বি)(আই), এই ২২টি কেসে ভারত-গভর্নমেন্টের অনুমোদনের প্রয়োজন হ'ল কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি মাননীয় সদস্যকে জানাতে পারি আমাদের রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টএ প্রত্যেক আইটেমের জন্য ভারত-সরকারের মঞ্জুরী দরকার।

Dr. Suresh Chandra Banerjee:

সর্ট-টার্ম লোন দেওয়া সম্পর্কে কোন নির্দিষ্ট নীতি আছে কি, যে নীতি অনুসারে রাজ্য-সরকার স্বাধীনভাবে কাজ করতে পারেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

স্বাধীনভাবে কাজ করার প্রশ্ন উঠে না, কারণ যতক্ষণ পর্যন্ত না ভারত-গভর্নমেন্ট লোনএর মঞ্জুরী দেন আমরা কিছুই খরচ করতে পারি না।

Dr. Suresh Chandra Banerjee:

মন্ত্রী মহাশয় বলেছেন ২৯২টি কেসএ অনুসন্ধান চলছে—তিনি দয়া করে বলবেন কি কতদিন চলছে এবং কতদিন লাগবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিস চাই।

Sj. Chitto Basu:

উইথ রিগার্ড টু এ্যানসার (টু আই) কতটি পরিবার অর্থাৎ যারা টিউবারকুলোসিস থেকে রিকভার্ড হয়েছে এই ধরনের সাহায্যের জন্য আবেদন করেছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:
বহু আবেদন করেছিল। তাদের মধ্যে অনেককে দেওয়া হয়েছে।

Sj. Chitto Basu:
আমার প্রশ্ন হ'ল, কয়টা পরিবার এই ধরনের আবেদন করেছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:
নোটিস চাই।

Sj. Chitto Basu:
টিউবারকুলোসিস থেকে রিকভার্ড হওয়ার পরে যদি ভবিষ্যতে আবেদন করে তাহলে তারা পাবে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
বিবেচনা করে দেখব, ভারত-সরকারের কাছে লিখতে পারি।

Dr. Suresh Chandra Banerjee:
মন্ত্রী মহাশয় বলবেন কি, ক্যাম্পার এবং নন-ক্যাম্পারদের মধ্যে কোন ডিসক্রিমিনেশন করা হ'ত না, ১৯৫৬ সালের পর থেকে কেন এই বৈষম্যমূলক আচরণ করা হচ্ছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
কেননা, ভারত-সরকার মনে করেন যে, যারা ক্যাম্পএ বাস করেন তাদের পুনর্বাসন সর্বাগ্রে দরকার।

Sj. Narayan Chobey:
এগুলি কতদিন যাবৎ পেন্ডিং আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
নোটিস চাই।

Sj. Narayan Chobey:
এই যে ২৯২টি কেস ইনভেস্টিগেশন করছেন, তার মধ্যে কতগুলি ৩১এ জুলাইএর আগে এবং কতগুলি পরে?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি বলতে পারব না।

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Abolition of permit system for distribution of cement

***51A.** (SHORT NOTICE.) [Admitted question No. *1407 (SHORT NOTICE).]
Sj. Sunil Das: Will the Hon'ble Minister-in-charge of the Supplies Department be pleased to state—

(*a*) whether the Union Government have advised the State Government to decontrol cement for free sale;

(*b*) if so, when the advice was received;

(*c*) whether Government have acted upon the advice;

(*d*) if not, the reasons therefor; and

(*e*) whether the State Government propose to decontrol stocks of cement?

Minister-in-charge of the Food, Relief and Supplies Department (the Hon'ble Prafulla Chandra Sen): (*a*) and (*b*) The Union Government in their letter, dated the 20th January, 1958, requested the State Government to consider doing away with the present system of distribution of cement on permit.

(c) to (e) The demand of cement from private sector is still heavy. In view of some improvement in the supply position of cement, it has been decided that with effect from the 15th March, 1958, 30 per cent. of the consignments of cement in Calcutta will be allowed free sale on arrival and the balance 70 per cent. will be issued against permits provided the improvement of supply continues. Any quantity left uncovered by permits at the end of one month will also be allowed to be sold freely.

Sj. Sunil Das:
এই যে ২০এ জানুয়ারি তারিখে রাজ্যসরকারকে চিঠি লেখা হয়েছে সেই চিঠি কি অনুরোধ না ডাইরেকটিভ ?

The Hon'ble Prafulla Chandra Sen:
নিশ্চয়ই অনুরোধ, ডাইরেকটিভ হ'লে মানতেই হ'ত।

Sj. Sunil Das:
এই যে অনুরোধ করেছিলেন, কিসের ভিত্তিতে অনুরোধ করেছিলেন বলতে পারেন ?

The Hon'ble Prafulla Chandra Sen:
যেহেতু সাপ্লাই অনেক উন্নত হয়েছে।

Sj. Sunil Das:
মন্ত্রী মহাশয় বলতে পারেন, ২০এ জানুয়ারি থেকে সাপ্লাই মাসিক কতটা বেড়েছে ?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমার কাছে ফিগার্স নাই, নোটিস দিলে পরে বলতে পারব।

Sj. Sunil Das:
মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারেন বাংলাদেশে ডাইরেকটর অব কনজিউমার গুডস অর্থাৎ যিনি সাপ্লাই করেন তার কাছে মাসিক কত সিমেন্টের চাহিদা আসত ?

The Hon'ble Prafulla Chandra Sen:
নোটিস দিলে বলতে পারব।

Sj. Sunil Das:
কত সিমেন্ট ডাইরেকটর অব কনজিউমার গুডস মাসে রিলিজ করতেন ?

The Hon'ble Prafulla Chandra Sen:
নোটিস চাই।

Sj. Sunil Das:
মন্ত্রী মহাশয় বলেছেন, সাপ্লাই পজিশন ইমপ্রুভ করেছে, এটার মাপকাঠি কি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে পারি কি ?

The Hon'ble Prafulla Chandra Sen:
সেই হিসাবে ইমপ্রুভ করেছে যেহেতু এখন খুব বেশি করে দিচ্ছেন। নিয়মিতভাবে এই ইনক্রিজড সাপ্লাই পাওয়া যাবে কিনা আমরা জানি না। সিমেন্ট যত এখন ইম্পোর্টেড হয় তাতে আমরা মফঃস্বল বাদ দিয়ে কলকাতায় যত ডিমান্ড আছে তা মীট করতে পেরেছি। মফঃস্বলের বর্তমান ডিমান্ড হচ্ছে ৮০ হাজার টন। এখন কথা হচ্ছে, কলকাতার দরেই মফঃস্বলেও আমাদের সিমেন্ট পৌঁছিয়ে দিতে হবে। আর এইজন্যই বর্তমানে মফঃস্বলে মুভ করছে না। ভারত-সরকারকে একথা আমরা জানিয়েছি যে, কলকাতার অবস্থা ইমপ্রুভ করেছে বটে, কিন্তু মফঃস্বলে ঠিকভাবে সিমেন্ট মুভ করছে না।

Sj. Sunil Das:
মাননীয় মন্ত্রী মহাশয়ের জবাব থেকে কি এটাই বুঝে নেব যে, কলকাতায় ফ্রি সেল দিচ্ছেন আর মফঃস্বলে দিচ্ছেন না ?

The Hon'ble Prafulla Chandra Sen:

২০এ মার্চের পর থেকে ফ্রি সেল দেওয়া হচ্ছে ৩০ পার্সেন্ট—অনেক কেস পেন্ডিং থাকে—পারমিটেও দেওয়া হয়।

Sj. Mihirlal Chatterjee:

মার্চের পরে মফঃস্বলে ফ্রি সেল দেবার ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের মুস্কিল হচ্ছে, সিমেন্ট মফঃস্বলে পাঠানোই অসুবিধা। বহু জায়গা থেকে ডীলার্স টাকা জমা দিয়েছে, সেজন্য আমরা ভারত-সরকারের কাছে লিখেছি যাতে তারা একটা ব্যবস্থা করে দেন।

[3-10—3-20 p.m.]

Sj. Chitto Basu

যেসমস্ত স্টকিস্ট মফঃস্বল অঞ্চলে সিমেন্ট নিতে চান, তাঁরা কি ৩০ পার্সেন্ট ফ্রি সেল করতে পারবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা এখন ফ্রি সেলের জন্য মফঃস্বলে পাঠাতে পারছি না। ৮০ হাজার টন মফঃস্বলের ডিমান্ড পেন্ডিং রয়েছে; তা আমর দিতে পরছি না—মুভ করছে না বলে। কাজেকাজেই আমাদের মফঃস্বলে ফ্রি সেলএর প্রশ্ন এখন ওঠে না। তবে কলিকাতায় ৩০ পার্সেন্ট দেওয়া হবে।

Sj. Chitto Basu

আগে বল্লেন যে, মফঃস্বলের স্টকিস্টরা মোটেই নিতে চাচ্ছেন না।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি সে কথা বলি না। মফঃস্বলের অনেক স্টকিস্ট ডিস্ট্রিক্ট থেকে টাকা জমা দেওয়া সত্ত্বেও সিমেন্ট মুভ করছে না। নর্থ বেঙ্গলের দুটি জায়গা বাদে সমস্ত স্টেশনে একই দরে দিতে হবে বলে স্টকিস্টরা মনে করছেন যে, অযথা পয়সা খরচ করে আনবো কেন? একথা ভারত-গভর্নমেন্টকে জানানো হয়েছে।

Sj. Chitto Basu

মফঃস্বলের এই অসুবিধা দূরীকরণ সম্ভব হয় কি নীতিতে?

The Hon'ble Prafulla Chandra Sen:

সেটা তো আগেই বলেছি—এই বিষয় ভারত-সরকারকে জানান হয়েছে।

Sj. Sunil Das:

ষোল আনা ফ্রি সেল সম্ভব করবার জন্য যে পরিমাণ সিমেন্টের সাপ্লাই প্রয়োজন, সেই পরিমাণ সিমেন্ট সাপ্লাই করবার জন্য কি ভারত-সরকারকে বলা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

ইমপোর্টেড সিমেন্ট বেশি পরিমাণ আসার দরুন আমরা একটা এ্যাড হক কোটা দিচ্ছি, কিছু এ্যালটমেন্ট পেয়েছি। এটা নিয়মিত পাব কিনা জানি না। যদি আরও বেশি পরিমাণ পাওয়া যায়, তাহলে পরে ডিকন্ট্রোল হয়ে যাবে।

Sj. Sunil Das:

এই যে ভাগ করা হয়েছে ৩০ পার্সেন্ট এবং ৭০ পার্সেন্ট এটার ভিত্তি কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এর কোন ভিত্তি নাই। আমরা পরীক্ষা করে দেখছি মাত্র। ৩০ পার্সেন্ট ফ্রি সেল দিলে কি অবস্থা দাঁড়ায়, তারপর ডিকন্ট্রোলএর বিষয় চিন্তা করা যাবে।

Sj. Ramanuj Halder:

মফঃস্বলের লোকেরা কলকাতা থেকে সিমেন্ট নিতে পারবে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
যাঁরা আমাদের কাছে ডাইরেক্টলি এসেছেন, তাঁদের আমরা পারমিট দিয়ে দিচ্ছি।

Sj. Ramanuj Halder:
কি পরিমাণ পাবে?

The Hon'ble Prafulla Chandra Sen:
৪০ টন পর্যন্ত অমনি পাবে, অনুসন্ধান না করে।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:
আপনি জানিয়েছেন ৯০ পার্সেন্ট কলকাতার চাহিদা মিটিয়ে দেওয়া হয়েছে; আর বাকী ১০ পার্সেন্ট কতদিনের মধ্যে দেওয়া যেতে পারে?

The Hon'ble Prafulla Chandra Sen:
যাঁরা পারমিটএর জন্য এ্যাপ্লাই করেছিলেন, তাঁদের দেওয়া হয়েছে। আমার মনে হয় এক সপ্তাহের মধ্যে দেওয়া সম্ভবপর হবে। অনেক ক্ষেত্রে তিন শো টনও চাহিদা ছিল, সেখানে পুরাণো নিয়মানুসারে অনুসন্ধান করা হচ্ছে। সেজন্য দেরী হচ্ছে।

Sj. Ganesh Ghosh:
যাঁরা গভর্নমেন্ট লোন নিয়ে যেসমস্ত লো-ইনকাম গ্রুপএর লোক বাড়ি তৈরি করছেন, তা সিমেন্টের অভাবে বন্ধ হয়ে যাচ্ছে, তাঁদের ব্যবস্থা কিছু করেছেন স্পীডি সাপ্লাইএর জন্য?

The Hon'ble Prafulla Chandra Sen:
মাননীয় সদস্যকে বলতে পারি খগেন বাবু এ বিষয়ে আগে তাগিদ দিতেন, আর এখন উলটো বলছেন—সিমেন্ট পাচ্ছি, কিন্তু লোহা পাচ্ছি না।

Dr. Beni Chandra Dutt:
হাওড়া ওপেন মার্কেটএ কিছু দেওয়া হচ্ছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
তা বলতে পারছি না। তবে পার্চেজাররা এখান থেকে নিয়ে যাচ্ছেন।

Dr. Beni Chandra Dutt:
তাহলে ওখানে ওপেন মার্কেটে দেওয়া হচ্ছে না?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি তো বলেছি—কলকাতায় ১৫ই মার্চ থেকে দেওয়া আরম্ভ হবে।

Wages of workers of the Refugee Production Centre for Women at Habra

***52.** (Admitted question No. *707.) **Sj. Samar Mukhopadhyay:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(*a*) if it is a fact that the women workers of the handloom weaving section of the Refugee Production Centre for Women at Habra, district 24-Parganas, have been paid wages for the last fourteen months at Rs.30 per head per month although the wage sanctioned and drawn for them was Rs.40 per head per month; and

(*b*) if so, what is the reason thereof and what has happened with the amount representing the difference between the amount drawn from the Government and the amount actually paid?

The Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation (the Hon'ble Prafulla Chandra Sen): (*a*) No.

(*b*) Does not arise.

Sj. Narayan Chobey:
আসলে কত করে তারা পায় সেটা আপনি জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমাদের নিয়ম হচ্ছে ৩০ টাকা করে প্রত্যেককে এ্যাডভান্স দিয়ে দেওয়া। কাজেই তাদের কাজ যদি ৩০ টাকার কম হয়, অর্থাৎ যদি ২০ টাকার হয়, তাহলে ১০ টাকা সাবসিডি দিয়ে দেই। সম্প্রতি ভারত-গভর্নমেন্ট লিখেছেন প্রত্যেককে ৪০ টাকা করে যাতে দিতে পারি।

Dr. Narayan Chandra Ray:
আমার প্রশ্ন হচ্ছে ৪০ টাকা ড্র করা হয়েছে, আর তাদের ৩০ টাকা করে দেওয়া হয়েছে, আপনি উত্তরে না বললেন কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি তো আগেই বলেছি। প্রত্যেককে ৩০ টাকা করে এ্যাডভান্স দেওয়া হয়। তার কাজ যদি ২৫ টাকার হয়, তাকে ঐ পাঁচ টাকা সাবসিডি দেওয়া হয়। ৪০ টাকা ড্র করার কথাই ওঠে না।

Dr. Narayan Chandra Ray:
প্রশ্ন ছিল ইহা কি সত্য ৪০ টাকা ড্র করা হয়েছে, অথচ ৩০ টাকা দেওয়া হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
না, সত্য নয়।

Relief measures in distressed areas of West Dinajpur

***53.** (Admitted question No. *402.) **Sj. Basanta Lal Chatterjee:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ৩।৪ বৎসর যাবৎ উপর্যুপরি বন্যায় পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জ, বালুরঘাট, তপন, গঙ্গারামপুর ও ইটাহার থানায় ব্যাপক শস্যহানি হওয়ার ফলে চরম খাদ্যসঙ্কট দেখা দিয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ঐ অঞ্চলে খাদ্যসঙ্কট রোধকল্পে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister-in-charge of the Food, Relief and Supplies (the Hon'ble Prafulla Chandra Sen):
(ক) সংশ্লিষ্ট অঞ্চলে চরম খাদ্যসঙ্কটের কোন সংবাদ সরকার অবগত নহেন।

(খ) মডিফায়েড্ রেশনিং মারফত চাউল ও গম ন্যায্য মূল্যে বিক্রয়ের ব্যবস্থা চালু করা হইয়াছে। এতদ্ব্যতীত, অবস্থাবিশেষে খয়রাতি সাহায্য হিসাবে ও কর্ম বিনিময়ে চাউল ও গম বিলির ব্যবস্থাও চালু আছে।

Sj. Basanta Lal Chatterjee:
গত ১৯৫৫-৫৬ সালের বন্যায় ঐ অঞ্চলে কি পরিমাণ শস্য হানি হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:
তা বলতে পারব না, নোটিস চাই।

Sj. Basanta Lal Chatterjee:
সেখানে আদৌ বন্যা হয়েছিল কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
অনুগ্রহ করে দেখুন আপনার প্রশ্নে তা দেওয়া হয় নাই।

Sj. Satindra Nath Basu:
গত ১৯৫৫-৫৬ সালে ইটাহার ও গঙ্গারামপুর থানার বিভিন্ন অঞ্চল বন্যায় বিধ্বস্ত হওয়ায় যে শস্য হানি হয়েছে, সে সম্বন্ধে তাঁর খবর আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
হ্যাঁ, শস্য হানি হয়েছে।

Sj. Satindra Nath Basu:
কি পরিমাণ হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমার কাছে তা লেখা নাই।

Sj. Satindra Nath Basu:
কয়টা থানায়?

The Hon'ble Prafulla Chandra Sen:
তাও লেখা নাই।

Sj. Satindra Nath Basu:
আপনি বলেছেন সম্পূর্ণ শস্য হানি হয়েছে, কি পরিমাণ হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
তা বলতে পারব না; কিছু হতে পারে।

Mr. Speaker: Question disallowed if you know it.

Sj. Satindra Nath Basu:
মন্ত্রী মহাশয় (খ) প্রশ্নের উত্তরে বলেছেন খাদ্য সংকট রোধ করবার জন্য মডিফাইড রেশনিং মারফৎ চাল, গম ইত্যাদি ন্যায্য মূল্যে বিক্রয়ের ব্যবস্থা চালু করা হয়েছে, এখন আমার প্রশ্ন হচ্ছে—ইটাহার ও গঙ্গারামপুর থানার প্রতিটি ইউনিয়নে রেশন শপ করা হয়েছিল কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি অত খবর বলতে পারছি না। নোটিস পেলে বলব। তবে ১লা এপ্রিল ১৯৫৭ সাল থেকে ৮ই ফেব্রুয়ারি ১৯৫৮ সাল পর্যন্ত গঙ্গারামপুর থানায় মডিফাইড রেশনিংএর জন্য ৪,০০৩ মণ চাল ও ২,৪১৪ মণ গম দেওয়া হয়েছে, টেস্ট রিলিফের জন্য সেখানে খরচ হয়েছে ৭,৯৭৭ টাকা, এগ্রিকালচারাল লোন বাবত ২৮,৮০০ টাকা খরচ হয়েছে। আর ইটাহার থানায় মডিফাইড রেশনিংএর জন্য চাল দেওয়া হয়েছে ৫,২৩১ মণ, আর গম ৬,৪৩৫ মণ দেওয়া হয়েছে। গ্র্যাটুইটাস রিলিফ দেওয়া হয়েছে গমে ৬৫২ মণ এবং ক্যাশ দেওয়া হয়েছে ১,৯৫৫ টাকা। আর টেস্ট রিলিফে ক্যাশ দেওয়া হয়েছে ৬,৯৮৫ টাকা।

Sj. Ganesh Chosh:
এগুলো আপনি কিসের থেকে পড়লেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমার এখানে লাল পেন্সিলে লেখা আছে।

[3-20—3-30 p.m.]

Sj. Satindra Nath Basu:
তিনি যেটা বলছেন আমি সেটা জিজ্ঞাসা করি নি। আমার কোয়েশ্চেন হচ্ছে, গঙ্গারামপুর থানায় ইউনিয়নওয়ারী মডিফাইড রেশন শপ হয়েছিল কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
ইউনিয়নওয়ারী যদি কোন তথ্য চান তাহলে নোটিস চাই।

Dr. Suresh Chandra Banerjee:
এইসব মডিফাইড রেশন শপএ এখনও ন্যায্য মূল্যে চাল ও গম দেওয়া হয় কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
এখানে ৮ই ফেব্রুয়ারি পর্যন্ত হিসাব দিয়েছি। এখনও দেওয়া হচ্ছে।

Dr. Suresh Chandra Banerjee:
কি হারে দেওয়া হচ্ছে, এক সের চাল ও এক সের গম?

The Hon'ble Prafulla Chandra Sen:
মডিফাইড রেশনিংএ এক সের চাল ও এক সের গম দেওয়া হয়েছে।

Dr. Suresh Chandra Banerjee:
বর্তমানেও কি এই হারে দেওয়া হচ্ছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
বর্তমানেও এই হারে দেওয়া হচ্ছে।

Dr. Suresh Chandra Banerjee:
খয়রাতি সাহায্য এখন কি বেসিসএ দেওয়া হচ্ছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
দুই সের করে দেওয়া হচ্ছে সপ্তাহে।

Dr. Suresh Chandra Banerjee:
এটা লিবারাল স্কেলেএ দেওয়া হয়, না, লিমিটেড স্কেলে দেওয়া হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমাদের এটা নর্মাল স্কেলে দেওয়া হয়।

Sj. Pravash Chandra Ray:
এই যে এক সের চাল ও এক সের গম দেওয়া হয়, তা কি নিয়মিতভাবে সরবরাহ করা হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:
পূর্বেই বলেছি দুই সের করে দেওয়া হয়।

Sj. Jyoti Basu:
এখানে (ক) প্রশ্নের উত্তরে বলা হয়েছে, "সংশ্লিষ্ট অঞ্চলে চরম খাদ্য সংকটের কোন সংবাদ সরকার অবগত নহেন"। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন বা মনে আছে শ্রদ্ধেয় বসন্ত চাটার্জি, তিনি বহুবার আপনার সঙ্গে দেখা করেছেন, এই নিয়ে আলোচনা করেছেন, দেখা করেছেন, নজরে এনেছেন যে, সেখানে এইরকম শস্যহানি হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
শুধু বসন্ত চাটার্জি কেন, অনেক বন্ধুই এই খবর দিয়েছেন। খাদ্য সংকট আছে কিন্তু চরম খাদ্য সংকট এখনও হয় নি।

Sj. Jyoti Basu:
চরম আছে কি চরম নেই এটা বলছি না। আপনি এখানে জোর দিচ্ছেন চরমের উপর। যদি চরমটা বাদ দেন তাহলেও খাদ্য সংকট আছে এ খবর রাখেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
খাদ্য সংকট না থাকলে মডিফাইড রেশনিং বা গ্র্যাচুইটাস ডোল দেব কেন?

Mr. Speaker:
দি কোয়েশ্চেন ওয়াজ—চরম খাদ্য সংকট দেখা দিয়েছে কিনা? দি এ্যানসার ইজ দেয়ার—অবগত নহেন।

Sj. Jyoti Basu:
অবগত নহেন মানে কি? আপনাকে কি ম্যাজিস্ট্রেট জানিয়েছিলেন যে, মিলিকএর দরকার আছে কারণ সেখানে এই রকম খাদ্যসংকট আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
বসন্ত চ্যাটার্জি না জানালেও আমাদের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট জানিয়েছে।

Sj. Jyoti Basu:
আমি জানতে চাই ম্যাজিস্ট্রেট যা চেয়েছিল তাই দেওয়া হয়েছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
ম্যাজিস্ট্রেট যা চেয়েছিল সবই দিয়েছি।

Sj. Jyoti Basu:
তাহলে এখানে হয় আপনি অসত্য বলছেন, না হয় ম্যাজিস্ট্রেট অসত্য বলেছেন। ম্যাজিস্ট্রেট বসন্ত বাবুকে বলেছেন যে, তিনি যা চেয়েছিলেন তা পান নি, আর আপনি বলছেন যা চেয়েছিল তাই দিয়েছি।

The Hon'ble Prafulla Chandra Sen:
হয় বসন্ত বাবু অসত্য কথা বলেছেন, না হয় আপনি অসত্য বলছেন।

Sj. Jyoti Basu:
ম্যাজিস্ট্রেট কি চেয়েছিল বলুন।

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি জানি না।

Sj. Jyoti Basu:
তাহলে বলছেন কি করে যে, ম্যাজিস্ট্রেট যা চেয়েছিল তাই দেওয়া হয়েছে?

[Noise]

স্পীকার মহাশয়, আমাকে প্রোটেকশন দিতে পারেন কি, না আমাদেরই প্রোটেকশন করে নিতে হবে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not see why there is any heat necessary for this purpose. It is stated that the Magistrate said something to him. The magistrate submitted some other demand to the Minister. We may make an enquiry in this matter.

Sj. Jyoti Basu:
এখানে উষ্মার কথা নয়। উনি বলছেন যে ম্যাজিস্ট্রেট যা চেয়েছে তাই দেওয়া হয়েছে, এটা দয়া করে এনকোয়ারী করে দেখবেন কি?

Dr. Hirendra Kumar Chattopadhyay: Supplementary question, Sir,

Mr. Speaker: Unless questions are put in the proper way, these will be disallowed.

Dr. Hirendra Kumar Chattopadhyay:
এখানে বলেছেন চরম খাদ্যসংকট নেই। আমি জানতে চাই গভর্নমেন্টএর চরম খাদ্যসংকটের স্ট্যান্ডার্ড কি?

Mr. Speaker: I disallow the question.

Hoarding of rice in West Dinajpur district

***54.** (Admitted question No. *405.) **Sj. Basanta Lal Chatterjee:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিম দিনাজপুর জেলার বন্যাঞ্চলে যখন চরম খাদ্যসংকট চলিতেছে, তখন বড় জোতদার ও ব্যবসায়ী এবং ধানকলের মালিকগণ প্রচুর ধান্য ও চাউল মজুত রাখিয়াছেন;

(খ) সত্য হইলে, ব্যবসায়ী এবং ধানকলের মালিকগণের নিকট কি পরিমাণ ধান্য মজুত আছে; এবং

(গ) সরকার ঐ মজুত ধান্য ও চাউল উদ্ধারকল্পে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

পশ্চিমবঙ্গ চাউল ও ধান্য নিয়ন্ত্রণ আদেশানুসারে এককালীন দশ মণের ঊর্ধ্বে ধান্য ও চাউলের ব্যবসায়ীদের লাইসেন্স গ্রহণ করিতে হয় এবং স্ব স্ব মজুত ধান্য ও চাউলের পাক্ষিক হিসাব রাজ্য-সরকারকে তাহাদের জানাইতে হয়। প্রয়োজন বিধায় উক্ত মজুত খাদ্যশস্যের বণ্টনের ক্ষমতাও রাজ্য-সরকারের উপর ন্যস্ত আছে।

Sj. Basanta Lal Chatterjee:

এই যে পশ্চিম দিনাজপুরে ঘাটতির জন্য বহু লোক না খেতে পেয়ে মারা যাচ্ছে, তখন এই জেলা থেকে প্রকিওর করে চাল অন্য জায়গায় পাঠান হয়েছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এর মধ্যে এই প্রশ্ন উঠে না।

Sj. Narayan Chobey:

(খ) তে যে প্রশ্ন করা হয়েছিল তার উত্তর কই? ব্যবসায়ী এবং ধানকলের মালিকদের নিকট কি পরিমাণে ধান্য মজুত আছে দয়া করে এর উত্তর দেবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি একটা কথা বলতে পারি, এদের কাছে ১৫ই জানুয়ারী তারিখ পর্যন্ত রাইস মিলএ মজুত ছিল ৬৯,০৭৯ মণ চাল আর ৮৬,০৬৮ মণ ধান; আর ডিলারদের কাছে মজুত ছিল ৪১,২৫২ মণ চাল।

[After the next question was called out, Sj. Mihirlal Chatterjee rose to put supplementaries.]

Mr. Speaker: Members are not alert enough to stand up at once. When I had called up the next question that meant that there was an end of the supplementaries. This time I am permiting you to put supplementaries.

Sj. Mihirlal Chatterjee:

পশ্চিম দিনাজপুরে কলে যে চাল মজুত ছিল ও আড়তদারদের কাছে যে চাল মজুত ছিল তার কি পরিমাণ চাল সরকার প্রকিওর করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিস চাই। তবে আমাদের এখন যে নিয়ম আছে তাতে আমরা শতকরা ২৫ ভাগ নেব।

Sj. Mihirlal Chotterjee:

আমি জিজ্ঞাসা করতে পারি কি, পশ্চিম দিনাজপুরে খাদ্য সংকটের সময় যে চাল মিলে মজুত ছিল তার অধিকাংশ বাইরে চলে গিয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

যেতে পারে। যখন আমাদের কন্ট্রোল ছিল না তখন কিছু কিছু চাল আমরা পারমিট দিয়ে চা বাগানে পাঠিয়েছি?

Sj. Mihirlal Chatterjee:

এই জেলায় খাদ্যর ব্যবস্থা না করে এই জেলার চাল অন্যান্য জেলায় পাঠানোর ব্যবস্থা কেন করা হ'ল?

The Hon'ble Prafulla Chandra Sen:

ওয়েস্ট বেঙ্গলে তখন কোনরকম কন্ট্রোল ছিল না, তাই চাল বাইরে গিয়েছিল।

Sj. Mihirlal Chatterjee:
সরকারের কি এমন কোন ক্ষমতা ছিল না সেটা বন্ধ করার?

The Hon'ble Prafulla Chandra Sen:
বাইরে মানে বাংলাদেশের বাইরে নয়।

Mr. Speaker: You wanted that answer and the Minister has said that some rice has gone out to other parts of West Bengal.

[3-30—3-40 p.m.]

Sj. Mihirlal Chatterjee:
স্যার, গভর্নমেন্টের কি এমন কোন ক্ষমতা ছিল না যে পশ্চিম বাংলা থেকে যাতে চাল বাইরে না যায় তার ব্যবস্থা করা?

The Hon'ble Prafulla Chandra Sen:
বাইরে মানে কি—চা বাগান? সে তো ওয়েস্ট বেঙ্গলেই।

Mr. Speaker: Please ask the question. That is not supplementary.

Sj. Mihirlal Chatterjee:
স্যার, আমার জিজ্ঞাস্য হ'ল ঐ জেলায় যখন খাদ্যাভাব রয়েছে তখন ঐ জেলা থেকে চাল অন্য জেলায় যেতে দেওয়া হ'ল কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
মাননীয় সদস্য মহাশয়কে বলতে পারি গঙ্গারামপুর, তপন, ইটাহার প্রতি এলেকায় খাদ্যসংকট আছে—ভাল উৎপাদন সেখানে হয় নাই, কিন্তু একটা জেলা হিসেবে ধরলে সেটা হচ্ছে —সারপ্লাস।

Dr. Narayan Chandra Ray:
স্যার, আপনি এই প্রশ্নের তিনটে নম্বর পড়ে দেখুন, আর জবাবটাও দেখুন, কোয়েশ্চেনে নাম্বার আছে তিনটে—

Mr. Speaker:
আপনি কোয়েশ্চেন করুন, আমার পড়বার দরকার নেই।

Dr. Narayan Chandra Ray:
আমি জিজ্ঞাসা করছি কোয়েশ্চেন (গ) তে যে আছে—সরকার ঐ মজুত ধানা ও চাউল উদ্ধারকল্পে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন? এর জবাব নেই কেন?

Mr. Speaker: Suppositions cannot be answered.

Dr. Narayan Chandra Ray: I am putting a question of privilege.

Mr. Speaker: That is not a question of privilege.

Sj. Satindra Nath Basu:
মাননীয় মন্ত্রিমহাশয় যে বললেন, ইটাহার, গঙ্গারামপুর, তপন প্রভৃতি থানায় ভালরকম উৎপাদন হয় নাই, কিন্তু সমগ্র জেলা হিসেবে পশ্চিম দিনাজপুর হ'ল সারপ্লাস জেলা; কিন্তু আমি জানতে চাই সমস্ত জেলায় কি পরিমাণ খাদ্য উৎপন্ন হয়েছে?

Mr. Speaker: I have told you more than once that if you shout too much I will not be able to hear.

Sj. Satindra Nath Basu:
আমি জানতে চাই পশ্চিম দিনাজপুর জেলায় কি পরিমাণ খাদ্যশস্য উৎপন্ন হয়েছে এবং সমগ্র জেলার চাহিদা কি?

The Hon'ble Prafulla Chandra Sen: I want notice.

Sj. Chitto Basu:
মাননীয় মন্ত্রিমহাশয় যে থানাগুলির উৎপাদন ভাল হয় নাই বলে স্বীকার করেছেন, সেই থানাগুলিতে উৎপাদনের পরিমাণটা অন্ততঃ বলতে পারেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
এ ক্ষেত্রে আই ওয়াল্ট নোটিস।

Relief to the distressed areas of Nandigram police-station

***55.** (Admitted question No. *279.) **Sj. Bhupal Chandra Panda:** Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, গত বৎসরের অতিবৃষ্টিতে মেদিনীপুর জেলার তমলুক মহকুমার নন্দীগ্রাম থানায় যে-সব জমির ফসল নষ্ট হইয়া গিয়াছে, সেই-সব জমির খাজনা রেহাই দেওয়ার পরিবর্তে দ্রুত খাজনা আদায়ের জন্য চাপ সৃষ্টি করা হইতেছে;

(খ) সত্য হইলে, তাহার কারণ কি;

(গ) ফসলহানির ফলে সংশ্লিষ্ট অঞ্চলে তীব্র খাদ্যসংকটের বিষয় সরকার অবগত আছেন কি; এবং

(ঘ) অবগত থাকিলে, উক্ত এলাকায় এখনও (৪ঠা জুন) কোন রিলিফ দিবার বা ব্যাপকভাবে টেস্ট রিলিফের কাজ চালু করা হয় নাই—ইহার কারণ কি?

Minister-in-charge of the Food, Relief and Supplies (the Hon'ble Prafulla Chandra Sen):
(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) অতিবৃষ্টির ফলে কোন কোন ইউনিয়নে ফসল কম ফলিয়াছে।

(ঘ) জুন মাসে প্রতি ইউনিয়নে প্রয়োজনমত খয়রাতী সাহায্য দেওয়া হইয়াছে ও দুঃস্থ ইউনিয়নে টেস্ট রিলিফের কাজও করা হইয়াছে।

Sj. Bhupal Chandra Panda:
মাননীয় মন্ত্রিমহাশয় আমার (গ) প্রশ্নের উত্তরে বলেছেন—"অতি বৃষ্টির ফলে কোন কোন ইউনিয়নে ফসল কম ফলিয়াছে"। কোন্ কোন্ ইউনিয়নে কম ফলেছে বলতে পারবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
না।

Sj. Bhupal Chandra Panda:
(ঘ) প্রশ্নের জবাবে মন্ত্রিমহাশয় বলেছেন—"জুন মাসে প্রতি ইউনিয়নে প্রয়োজনমত খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে"। আমার জিজ্ঞাস্য হ'ল ঐ ইউনিয়নগুলির প্রতিটিতে কত পরিমাণ সাহায্য দেওয়া হয়েছে বলবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
নোটিশ পেলে, আমি একটা জেলার কথা বলতে সহজেই পারি। প্রতি ইউনিয়নের কথা বলতে হলে বিনা নোটিসে পারব না। নোটিস পেলেও সময় লাগবে।

Sj. Bhupal Chandra Panda:
যেসব ইউনিয়নগুলিতে খাদ্যাভাব হয়েছিল সেই ইউনিয়নগুলিতে কি পরিমাণ সাহায্য দেওয়া হয়েছে তাও বলতে পারবেন না?

The Hon'ble Prafulla Chandra Sen: I want notice.

Sj. Bhupal Chandra Panda:
মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর জবাবে বলেছেন দুঃস্থ ইউনিয়নে টেস্ট রিলিফ ওয়ার্ক করা হয়েছে, অন্যান্য ইউনিয়নের সঙ্গে ঐ সব দুঃস্থ ইউনিয়নগুলির কি ব্যবধান ছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:
তা আমি বলতে পারব না।

Sj. Narayan Chobey:
মন্ত্রিমহাশয় (ঘ) উত্তরে বলেছেন—"জুন মাসে প্রতি ইউনিয়নে খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে" জুন মাসের আগে কিছু করা হয়েছিল কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
তা বলতে পারব না, প্রশ্নটা ছিল ৪ঠা জুন পর্যন্ত।

Sj. Narayan Chobey:
প্রশ্নটা ছিল—আপ টু জুন কি করা হয়েছে, তার উত্তর উনি দিয়েছেন শুধু জুন—তার আগের কোন কথা জবাবে নাই কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
জুন মাসে ক্যাশ ডোল দেওয়া হয়েছে, জুলাই মাস থেকে ড্রাই ডোল দেওয়া হয়েছে।

Sj. Narayan Chobey:
আমি জুন, জুলাইয়ের কথা বলছি না; আমি জানতে চাই—জুন মাসের আগে কি কিছুই দেওয়া হয় নাই?

The Hon'ble Prafulla Chandra Sen: No.

Si. Ajit Kumar Ganguli:
প্রতি ইউনিয়নে কতটা খয়রাতি করা হয়েছিল—প্রশ্নের জবাবে বলেছেন জেলার কথা বলতে পারেন, ইউনিয়নের কথা বলতে পারবেন না—আমি কি জিজ্ঞাসা করতে পারি মেদিনীপুর জেলায় কি পরিমাণ খয়রাতি সাহায্য করা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
আগেই তো বলেছি নোটিস দিলে সমস্ত খবরই বলে দিতে পারব।

Sj. Ajit Kumar Ganguli:
এই যে পরিমাণটা ধরা হয়েছিল এটা কিসের ভিত্তিতে, লোকসংখ্যার ভিত্তিতে না কিসের ভিত্তিতে?

The Hon'ble Prafulla Chandra Sen:
লোকসংখ্যার ভিত্তিতে কোথাও সাহায্য দেওয়া হয় না। অভাবের ভিত্তিতে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যেমন চেয়ে পাঠান, সেইভাবেই দেওয়া হয়। মেদিনীপুরেও তাই দেওয়া হয়েছে।

Sj. Hemanta Kumar Chosal:
ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট চেয়েছিলেন বলে উনি যা বললেন তা সমস্তই কি সত্য কথা?

Mr. Speaker: I disallow it.

Test relief works through the Midnapore District Board in Bhagawanpur police-station

***56.** (Admitted question No. *293.) **Sj. Basanta Kumar Panda:** Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—

(*a*) whether the test relief works in Bhagawanpur and Khejuri police-stations in the district of Midnapore will be done this year through the District Board, Midnapore; and

(*b*) if so, the reasons therefor?

Minister-in-charge of Relief Department (the Hon'ble Prafulla Chandra Sen): (*a*) Test relief works in unions Nos. 1, 3, 5 and 6, Bhagawanpur police-station, have been undertaken this year through the District Board, Midnapore. No test relief works have been undertaken in Khejuri police-station.

(*b*) According to the provisions of the Bengal Famine Code and Manual the District Boards form an integral part of the relief administration and as such are under an obligation to help Government in combating distress so far as these can be done without dislocating their finances, and, except in cases in which the State Government directs otherwise, test relief works are to be carried out by the District Boards subject to the control of the District Officers with advances from Government as required.

Sj. Basanta Kumar Panda:
মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি মেদিনীপুর ডিস্ট্রিক্ট—

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি জানি না।

Sj. Basanta Kumar Panda:
মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি মেদিনীপুরের জেলা বোর্ডের শেষ ইলেকশন কবে হয়েছিল ?

The Hon'ble Prafulla Chandra Sen:
মেদিনীপুর জেলা বোর্ডএর সঙ্গে এর কি সম্পর্ক ?

Sj. Basanta Kumar Panda:
এগারো বছর আগে যে এই জেলা বোর্ডের ইলেকশন হয়েছিল একথা কি মন্ত্রিমহাশয় অস্বীকার করতে পারবেন ?

Mr. Speaker: The question is disallowed.

Modified rationing in Malda district

***57.** (Admitted question No. *306.) **Sj. Monoranjan Misra:** Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state—

(ক) মালদহ জেলায় কতগুলি ইউনিয়নে মডিফায়েড্ রেশনিং চালু হইয়াছে;

(খ) ইউনিয়নগুলির নাম;

(গ) ইউনিয়নগুলির দোকানদারগণের নাম;

(ঘ) ঐসব দোকান থেকে কত লোক রেশন পাইবে;

(ঙ) সমস্ত শ্রেণীর মানুষকে রেশন দিবার ব্যবস্থা আছে কিনা;

(চ) মালদহ জেলায় কত মন চাউল ও গম বরাদ্দ হইয়া মালদহ গবর্নমেন্ট গোডাউনে জমা হইয়াছে; এবং

(ছ) আজ পর্যন্ত কত মন গম ও কত মন চাউল বিতরণ হইয়াছে এবং বর্তমান সরকারী স্টকে কত মন চাউল ও গম সংরক্ষিত আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
(ক) গত ১৮ই নবেম্বর পর্যন্ত ৮৭টি।

(খ) এবং (গ) ইউনিয়নগুলির ও তত্রস্থ দোকানদারগণের নামের একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঘ) আনুমানিক পাঁচ লক্ষ সাঁইত্রিশ হাজার।

(ঙ) হ্যাঁ।

(চ)—

চাউল	গম
৪২,৩৯৪ মন	২০১,৪৯৬ মন

(ছ) ২৯,১০৭ মন চাউল ও ৫৮,২৫৭ মন গম মডিফায়েড্ রেশনিং মারফত বিলি হইয়াছে। এতদ্ব্যতীত, টেস্ট রিলিফ ও খয়রাতি সাহায্য বাবত, যথাক্রমে ৮৭,৩৬৬ মণ ও ২০,১৯২ মণ গম বিতরণ করা হইয়াছে। বর্তমানে ১২,৮৫০ মণ চাউল ও ৩৫,১৪৪ মণ গম সরকারী স্টকে আছে।

[3-40—3-50 p.m.]

Dr. Colam Yazdani:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি (ঘ) প্রশ্নে যে হিসাব দিয়েছেন সেই হিসাব কতদিন থেকে কতদিন পর্যন্ত? পিরিয়ডটা বলুন।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি তো বলেছি ১৮ই নবেম্বর পর্যন্ত হিসাব ফ্রম এপ্রিল।

Dr. Colam Yazdani:

আপনি প্রশ্নোত্তরে (চ) এবং (ছ) তে যা বলেছনে তাতে গম এবং চাল যা খরচ হয়েছে এ দুটো হিসাব মেলা উচিত কিন্তু মিলছে না।

The Hon'ble Prafulla Chandra Sen:

আগেকার যে স্টক ছিল সেটা ক্যারি ওভার হওয়ার জন্য।

Sj. Jatindra Chandra Chakravorty:

এ প্রশ্নের জবাবগুলি বুঝতে অসুবিধা হচ্ছে, আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় বরাবর টনের হিসাব দিয়ে এসেছেন এবার মণের হিসাব দেওয়াতে আমরা বুঝে উঠতে পাচ্ছি না।

[No reply.]

Sj. Narayan Chobey:

আপনারা মডিফায়েড রেশনিংএ কত করে গম ও কত করে চাল দেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

১ সের করে গম এবং ১ সের করে চাল।

Sj. Narayan Chobey:

এই এক সের করে চাল এবং এক সের করে গম দেওয়া যদি হয়ে থাকে তা হ'লে ২৯,১০৭ মণ চাল এবং ৫৮,২৫৭ মণ গম এটা কি করে হ'ল?

The Hon'ble Prafulla Chandra Sen:

যখন চাল থাকে না তখন গম দিতে বাধ্য হই।

Sj. Narayan Chobey:

এটা কি ঠিক যে অনেক সময় চাল না দিয়ে দুসের করে গম দেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ।

Distress in Khas Mahal Diara areas of Malda district due to erosion of river

***58.** (Admitted question No. *307.) **Sj. Monoranjan Misra:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state if it is a fact that within the police-station of Kaliachak in the

district of Malda large number of acres of lands and villages in the Unions Khasmahal, Jhaobona, Panchanandapur, Paranpur, etc., called Khas Mahal Diara areas are being washed away by the river Ganges causing distress to thousands of agriculturists and villagers?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what steps Government are taking to give immediate relief to the affected persons?

The Hon'ble Prafulla Chandra Sen: (*a*) The Khas Mahal Diara in Kankribandha-Jhaobona Union, police-station Kaliachak, has partly been eroded. The Unions of Panchanandapur and Paranpur are not affected by river erosion.

(*b*) Government sanctioned Rs.15,000 for distribution of house building grant and Rs.5,000 for distribution of house building loans to the affected persons.

Dr. Golam Yazdani:
এই যে গ্র্যান্ট দেওয়া হয়েছে এটা কোন্ তারিখের মেনশান করা হয় নি।

The Hon'ble Prafulla Chandra Sen:
যতদূর মনে আছে অগাস্ট-সেপ্টেম্বর মাসে দেওয়া হয়েছে।

Sj. Narayan Chobey:
কত লোককে দেওয়া হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমাদের দিতে হয়েছিল কালেক্টর চেয়েছিলেন ১৫,০০০ টাকা ফর থ্রি হানড্রেড অ্যাফেকটেড পিপল—এটা দেওয়া হয়েছিল, আর ৫ হাজার টাকা ২০টি ফ্যামিলিকে লোন দেওয়া হয়েছিল, আর পেটি রিপেয়ার্সএর জন্য ৫০০ টাকা দেওয়া হয়েছিল।

Ideal Village Scheme and "Build Your Own House" Scheme in flood-affected areas of Labpur police-station, Birbhum district

***59.** (Admitted question No. *412.) **Dr. Radhanath Chattoraj:** Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(ক) গত বৎসরের বন্যায় বীরভূম জেলার লাভপুর থানার কতগুলি গ্রাম ক্ষতিগ্রস্ত হইয়াছে;

(খ) ক্ষতিগ্রস্ত গ্রামগুলি পুনর্গঠনকল্পে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন;

(গ) বন্যাবিধ্বস্ত অঞ্চলে কতজনকে গৃহনির্মাণ ঋণ ও খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে;

(ঘ) উক্ত অঞ্চলে সরকারের কোন "আদর্শ গ্রামগঠন পরিকল্পনা" আছে কি;

(ঙ) যদি থাকে, তাহা হইলে তাহার কার্য কতদূর অগ্রসর হইল; এবং

(চ) এইরূপ কোন পরিকল্পনা না থাকিলে, তাহার কারণ কি?

The Minister of State for Development (the Hon'ble Tarun Kanti Ghosh):
(ক) ৮৫টি।

(খ) ক্ষতিগ্রস্ত গ্রামগুলির পুনর্গঠনকল্পে সরকারের "আদর্শ গ্রামগঠন পরিকল্পনা" ও "নিজের হাতে বাড়ী করার পরিকল্পনা" রহিয়াছে এবং গৃহনির্মাণ ঋণের ব্যবস্থাও সরকার করিয়াছেন।

(গ) ২৫১ জন বিশেষ গৃহনির্মাণ ঋণ এবং ১,৯০৩টি পরিবার গৃহনির্মাণ খয়রাতি সাহায্য লইয়াছেন।

(ঘ) এবং (ঙ) (খ) প্রশ্নের উত্তরেই সে কথা বলা হইয়াছে; কিন্তু এ-পর্যন্ত একমাত্র "খিরবা" গ্রামেই এই পরিকল্পনা গৃহীত হইয়াছে।

উক্ত গ্রামের জন্য ৭ই জুন, ১৯৫৭ তারিখে এই পরিকল্পনায় জমি দখলীকৃত হইয়াছে এবং তাহার মধ্যে ৪৮টি পরিবারকে জমি দেওয়া হইয়াছে। তাঁহারা শীঘ্রই গৃহনির্মাণকার্য আরম্ভ করিবেন। আরও ৬৪টি প্লট এই পরিকল্পনায় অংশগ্রহণকারীদের মধ্যে বিলি করিবার জন্য তৈরী আছে।

(চ) প্রশ্ন উঠে না।

Dr. Radhanath Chattoraj:
মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন ৮৫টি গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে, তাতে কতগুলি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে?

The Hon'ble Tarun Kanti Ghosh:
একজাক্ট ফিগারটা হচ্ছে ৪ হাজারের কিছু বেশি।

Dr. Radhanath Chattoraj:
খয়রাতি সাহায্যের পরিমাণ কত করে দেওয়া হচ্ছে বা গৃহ নির্মাণের জন্য?

The Hon'ble Tarun Kanti Ghosh:
কোন একটা নিয়ম নাই, ২৫।৭৫।১০০ টাকা।

Dr. Radhanath Chattoraj:
এগুলো কি গৃহ নির্মাণের জন্য দেওয়া হয় না খয়রাতি দেওয়া হয়?

The Hon'ble Tarun Kanti Ghosh:
গৃহ নির্মাণ বাবত।

Dr. Radhanath Chattoraj:
২৫ টাকায় গৃহ নির্মাণ করা যায় বলে কি মন্ত্রিমহাশয় মনে করেন?

The Hon'ble Tarun Kanti Ghosh:
পুরা ঘর সম্ভব নয়। এমন হয়তো হয়েছে যে ৪ হাজার গৃহ ক্ষতিগ্রস্ত হয়েছিল, কারও চালটা ক্ষতিগ্রস্ত হয়েছে তাকে কিছু সাহায্য দেওয়া হয়েছে। এইভাবে যাদের বেশি ক্ষতি হয়েছে তাদের ১০০ টাকা করে দেওয়া হয়েছে।

Dr. Radhanath Chattoraj:
গৃহনির্মাণ ঋণের জন্য কতজন দরখাস্ত করেছিল?

The Hon'ble Tarun Kanti Ghosh:
সেটা আমার কাছে নেই, তবে আপনি যদি হিসাব করে দেখেন তাহলে দেখবেন যে ৪ হাজারের মধ্যে ১৯ শোর উপর ঐখানে পেলেন তাছাড়া স্পেশাল ঋণ ১৫ শো পর্যন্ত ধার দেবার বন্দোবস্ত হয়ে গেল, মডেল ভিলেজ স্কীমে এবং ১০টা গ্রামে বিল্ড ইওর ওন হাউস স্কীমে ২৫-২৬ শো পরিবারের মত লোক এতে আসছেন। অতএব ধরে নেওয়া যেতে পারে যে যাঁরা চেয়েছিলেন তাঁদের বেশির ভাগই এতে কভার্ড হয়েছেন।

Dr. Radhanath Chattoraj:
অধিকাংশ লোকের দরখাস্ত রিজেক্ট করেছেন এ খবর জানেন কি?

The Hon'ble Tarun Kanti Ghosh:
খবর নিয়ে দেখতে পারি।

Dr. Radhanath Chattoraj:
রেজিস্টার্ড দলিলগুলি রিজেক্ট করে নূতন করে দরখাস্ত চাওয়া হয়েছে এটা জানেন কি?

The Hon'ble Tarun Kanti Ghosh:
আমার ঠিক জানা নেই।

Dr. Radhanath Chattoraj:
প্রথমে যে দলিলগুলি রেজিস্টার্ড করে দিয়েছিল গৃহ নির্মাণ ঋণ দেবার জন্য সেগুলি বর্তমানে গভর্নমেন্ট বলছেন যে নূতন করে টাইপ করে আবার দরখাস্ত দিতে হবে এটা আপনি জানেন কি?

The Hon'ble Tarun Kanti Ghosh:
কোন্‌টার কথা আপনি জিজ্ঞাসা করছেন ঠিক বুঝতে পাচ্ছি না।

Sj. Gopal Basu:
(গ) প্রশ্নে ছিল "বন্যাবিধ্বস্ত অঞ্চলে কতজনকে গৃহনির্মাণ ঋণ ও ঘর বাবত সাহায্য দেওয়া হয়েছে" অর্থাৎ সরকার কর্তৃক দেওয়া হয়েছে, আপনি জবাব দিয়েছেন "২৫১ জন বিশেষ গৃহ-নির্মাণ ঋণ এবং ১,৯০৩টি পরিবার গৃহনির্মাণ খয়রাতি সাহায্য লইয়াছেন" এর মানে কি আর কেউ চান নি, সরকার দিতে রাজী ছিলেন, কেউ নেন নি, না কি?

The Hon'ble Tarun Kanti Ghosh:
যতটা দেওয়া হয়েছে তার হিসাব এখানে আছে। অফিসারেরা যাঁদের উপযুক্ত মনে করেছেন তাঁদের দিয়েছেন। কতজন চেয়েছিলেন আর কতজন চান নি তার হিসাব আমার পক্ষে দেওয়া সম্ভব নয়।

Sj. Gopal Basu:
কেউ কি নেন নি?

The Hon'ble Tarun Kanti Ghosh:
টোটাল যেটা দেওয়া হয়েছে সেটা লেখা আছে।

Dr. Radhanath Chattoraj:
মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে, যাঁরা দলিল সম্পাদন করে দিয়েছিলেন তাঁরা সেই দলিল রেজিস্ট্রি অফিস থেকে বের করবার জন্য রসিদ সই করে দিয়েছিলেন কিন্তু গাফিলতির ফলে সেসমস্ত দলিল ইম্পাউন্ড হয়ে গেছে এবং সেই দলিল বের করতে বন্যাবিধ্বস্ত অঞ্চলের লোকদের জরিমানা দিতে হচ্ছে এ সম্বন্ধে একটা ব্যবস্থা করবেন কি?

Mr. Speaker: The question has not been properly put. You should have first asked "Is the Hon'ble Minister aware that the documents have been impounded?" and then other questions would have followed from that.

The Hon'ble Tarun Kanti Ghosh:
আমি খোঁজ নিয়ে দেখবো।

[3-50—4 p.m.]

Sj. Durgapada Das:
আর্থিক সাহায্য বা অন্য কোন রকম খয়রাতি সাহায্য বন্যাবিধ্বস্ত অঞ্চলে পান নি এ সংবাদ জানেন কি?

The Hon'ble Tarun Kanti Ghosh:
এরকম সংবাদ আমার কাছে নাই।

Dr. Suresh Chandra Banerjee:
গৃহনির্মাণের কাজে কতকগুলি পরিবার নেওয়া হয়েছে?

The Hon'ble Tarun Kanti Ghosh:
লেখা তো আছে ৪৮টি পরিবার কাজ আরম্ভ করেছে।

Dr. Suresh Chandra Banerjee:
এটা কি গত বৎসরের কথা?

The Hon'ble Tarun Kanti Ghosh:
আমার এনসারটা যবেতক তৈরি করে দেওয়া হয়েছে তত্তদিনের কথা বলতে পারব। এগজাক্ট ডেট কিছু বলতে পারব না।

Dr. Suresh Chandra Banerjee:
কবে গৃহ নির্মাণের কাজ শেষ করেছে?

Mr. Speaker:
এ প্রশ্ন উঠে না।

Dr. Suresh Chandra Banerjee:
আমার অঞ্চলে বহু পরিবার আছে, আমি পারসোনালী ইন্টারেস্টেড তাই জানতে চাচ্ছি কবে শেষ হয়েছে।

The Hon'ble Tarun Kanti Ghosh:
সেটা আমাকে নোটিশ দিলে বলতে পারব।

Sj. Durgapada Das:
আমি জানতে চাই, মন্ত্রী মহাশয় বলতে পারেন কিনা এই ধরনের কতসংখ্যা 'বিল্ড ইউর ওন হাউস' স্কীমএ ফ্লাডেড এরিয়াতে ইট তৈরি করে বাড়ী করবার জন্য সাহায্যের জন্য দরখাস্ত করেছিল, কিন্তু ইট না পেয়ে তারা বাড়ী করতে পারে নি এবং গবর্নমেন্ট থেকেও কোন সাহায্য পান নি?

The Hon'ble Tarun Kanti Ghosh:
বিল্ড ইওর ওন হাউস স্কীমএ ১০০টি হাউস কমপ্লিট হয়েছে, আণ্ডার কনস্ট্রাকসান আছে ১০৯টি, তারপরে নিউ পারটিসিপ্যান্টস হচ্ছে ১০৬টি।

Dr. Suresh Chandra Banerjee:
থিবাগ্রামে কয়টি হয়েছে বা হচ্ছে বলতে পারেন?

The Hon'ble Tarun Kanti Ghosh:
বিল্ড ইওর ওন হাউস স্কীমএ আজ পর্যন্ত যারা পার্টিসিপেট করেছে এবং হাউসেস কমপ্লিটেড এ্যান্ড আণ্ডার কনস্ট্রাকসন সব তো বললাম, থিবাগ্রামের একজ্যাক্ট ফিগার আমি বলতে পারব না।

Sj. Canesh Ghosh:
যারা নিজেরা বাড়ী তৈরি করার পরিকল্পনা গ্রহণ করেছে তাদের ইঁট পোড়াতে শিখতে হয়?

The Hon'ble Tarun Kanti Ghosh:
বিল্ড ইওর ওন হাউস স্কীমএ তাইতো নিয়ম।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, we have trained now 300 men to train the others with brick building, brick burning and masonry work. They have spread out and if the local men do not know the work, these men train them for that purpose and also tell them how to burn the bricks and also how to build the houses. Further, if a person who is building his own house is not able to follow his own occupation during the period he is burning or building, then a certain amount of subsidy is given to the person for the period when he is either making the bricks or burning the bricks or building the house.

Dr. Suresh Chandra Banerjee:
এক-একটা পরিবারে গৃহনির্মাণ বাবত কত টাকা দেওয়া হয়েছে?

The Hon'ble Tarun Kanti Ghosh:
প্রায় ৩২৫ টাকা পর্যন্ত পাওয়া যায় সবশুদ্ধ নিয়ে আমরা কয়লা, টিন, দরজা জানালা ইত্যাদি দিয়ে থাকি—আমাদের ধারণা ৩২৫ টাকার বেশী খরচ পড়ে না।

Dr. Suresh Chandra Banerjee:
গৃহনির্মাণের কাজ এতেই শেষ হয়?

The Hon'ble Tarun Kanti Ghosh:
এটা মতামতের ব্যাপার।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: A room of 12 × 10 plus a verandah of 6 × 10, we have calculated, takes about five to six thousand bricks and the corrugated tin shed costs about Rs. 80 or Rs. 82; the total is about Rs. 300 or Rs. 310.

Sj. Canesh Ghosh:
পাঁচ হাজার থেকে ছয় হাজার—এক ইঁটের গাঁথনিতে শোবার ঘর রান্না ঘর সব হয়?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: And they also are given certain amount of cement to do the cement pointing outside. I have also issued orders recently that in case a person has been able to burn not 6,000 but 5,000 bricks and if he requires more he can apply to the Administrator so that he can get the balance.

Sj. Canesh Ghosh:
সেটা কত?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: In that Rs. 300.

Sj. Canesh Ghosh:
দরখাস্ত করলে পর সেটা কি বিনামূল্যে পাওয়া যায়?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
হ্যাঁ।

Sj. Sitaram Gupta:
এ পর্যন্ত সবশুদ্ধ কত ঋণ এবং কত টাকা সাহায্য বাবত দেওয়া হয়েছে?

The Hon'ble Tarun Kanti Ghosh:
বলতে পারব না, নোটিশ চাই।

Dr. Radhanath Chattoraj:
এই হাউস বিল্ডিং স্কীম কি চালু থাকবে?

The Hon'ble Tarun Kanti Ghosh:
আপাততঃ চালু থাকবে।

UNSTARRED QUESTIONS
(answers to which were laid on the table)

Plantation of Babul trees in Berhampore Town

27. (Admitted question No. 552.) **Sj. Shyamapada Bhattacharjee:** Will the Hon'ble Minister in charge of the Forests Department be pleased to state—

(*a*) whether Government are aware that Babul trees are being planted by the Forests Department on the banks of the Bhagirathi within the municipal limit of Berhampore Town; and

(b) if so, whether Government consider the desirability of removal of these trees and restoring the river sides for the benefit of the local people?

Sj. Smarajit Bandyopadhyay (on behalf of the Minister-in-charge of Forests and Fisheries, the Hon'ble Hem Chandra Naskar): (a) Plantations were raised near Berhampore Town in the years 1953 and 1954. Since then no further extension has been made.

(b) No.

Sj. Shyamapada Bhattacharjee:
গঙ্গার ধারে এই যে বাবলা গাছ লাগান হয়েছে এটা কিসের জন্য?

Sj. Smarajit Bandyopadhyay:
নদীগর্ভের ভাঙ্গন রোধ করবার জন্য।

Sj. Shyamapada Bhattacharjee:
বাবলা গাছ লাগানোর ফলে মশার উৎপাৎ হয়েছে সেটা কি জানেন?

Sj. Smarajit Bandyopadhyay:
না, জানি না।

Sj. Shyamapada Bhattacharjee:
এর ফলে সন্ধ্যাবেলা বেড়ান বন্ধ হয়েছে সেটা কি জানেন?

Sj. Smarajit Bandyopadhyay:
নদীর ধারে আরো ভাল জায়গা আছে—সেখানে বেড়ান যায়।

Sj. Shyamapada Bhattacharjee:
সেখানে চার ধারে কাঁটা দেওয়া আছে—তার জন্যই অসুবিধা হয়।

Sj. Smarajit Bandyopadhyay:
নদী এবং বনের মাঝখানে খানিকটা জায়গা আছে, সেখানে বেড়াতে পারেন।

Sj. Nepal Ray:
বাবলা কাঁটা ছাড়া কি অন্য কাঁটা দিয়ে ভাঙ্গন রোধ করা যায় না?

Sj. Smarajit Bandyopadhyay:
সেগুন, শিশুগাছ ইত্যাদি লাগান যেতে পারে।

Sj. Shyamapada Bhattacharjee:
এর ফলে সেখানে আত্মহত্যার সুযোগ হয়েছে, জানেন?

Sj. Smarajit Bandyopadhyay:
আত্মহত্যা যে কোন জায়গায় করতে পারে।

Sj. Shyamapada Bhattacharjee:
বন লাগানোর জন্য হাসপাতালের কাজে অসুবিধা হচ্ছে এরকম কোন অভিযোগ এসেছে কি?

Sj. Smarajit Bandyopadhyay:
আমার জানা নেই।

Mr. Speaker: Question time is over. The question is held ocean for further supplementaries.

[4—4-10 p.m.]

Point of Privilege

Sj. Nepal Roy:
অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার। গতকাল নেপথ্য দর্শনে দেখলাম ইন্সপেক্টর-জেনারেল অব পুলিস সাহেবের একটা স্টেটমেন্ট প্রকাশিত হয়েছে, তাতে তিনি হাওড়া জেলার সমস্ত এম, এল, এ-গণকে ডাকাত, টাকাত বলেছেন। এই স্টেটমেন্ট যদি সত্য ও করেক্ট হয়, তাহলে চীফ মিনিস্টার এ সম্বন্ধে কি স্টেপ নিচ্ছেন? কারণ.....

Mr. Speaker: May I know what you are talking about? Is it in connection with an article supposed to have been written by the Inspector-General of Police? My attention has been drawn by several honourable members who came to my room and pointed this out to me. I said I shall read those articles or statements whatever they may be and I shall come to a decision later on. You can wait till tomorrow morning. It is not a question of privilege.

Sj. Nepal Roy:
আমার বক্তব্যটা ছিল, এই স্টেটমেন্টটা যদি করেক্ট হয়, তাহলে আজকে হাওড়া জেলার এম, এল, এ-গণের কথা বলা হয়েছে কালকে হয়ত অন্য জায়গার বা কলকাতার এম, এল, এ-দের কথা বলবে এবং এর সঙ্গে চীফ মিনিস্টারের নামও জড়িয়ে আছে। এটা অত্যন্ত অপমানজনক বলে আমরা মনে করি। এইরকম ঘটনা যদি ঘটে থাকে, তাহলে এরজন্য অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করা উচিত।

Mr. Speaker: I have assured the honourable members that it any aspersion has been cast upon any honourable members of this House I shall certainly do my best to get it redressed.

Sj. Jatindra Chandra Chakravorty:
স্পীকার মহোদয়, চীফ মিনিস্টারএর নাম ইন্সপেক্টর-জেনারেল অব পুলিস-এর যে স্টেটমেন্ট ২৭শে ডিসেম্বর তারিখে বেরিয়েছিল, তার মধ্যে উল্লেখ আছে।

Mr. Speaker:
আমি ঐ স্টেটমেন্ট পড়ি নি। আমি বলেছি, ঐটা পড়ে দেখে ডিসাইড করবো।

Sj. Jatindra Chandra Chakravorty:
একটা দিন নির্দিষ্ট করে দেবেন, যে দিন ঐটা নিয়ে আমরা আলোচনা করতে পারবো।

Mr. Speaker: Are you determined to go on disregarding my order every time?

Sj. Jatindra Chandra Chakravorty: No Sir.

Mr. Speaker: I have told the members of the House that this is a matter of total indifference to me. I have already told the honourable members that I will read the statement, I will read the article that has appeared in the newspaper and will come to a decision tomorrow morning. I won't allow any further discussion on this point.

Sj. Hemanta Kumar Ghosal:
মিঃ স্পীকার, স্যার, আমার একটা অন্য বিষয়ে প্রশ্ন আছে, আমি সে সম্বন্ধে বলতে চাই।

Mr. Speaker:
আপনি পরে বলবেন।

Adjournment Motion

Sj. Sisir Kumar Das: Sir, I gave notice of an adjournment motion. But Mr. Speaker, Sir, you have refused your consent.

Mr. Speaker: I have disallowed it. I met the Chief Minister after I disallowed it. He was kind enough to tell me "if you put a short-notice question, he will immediately answer it." So you need not bother about this adjournment motion. You will immediately get a reply if you put a short-notice question. However, you may read your motion.

Sj. Jatindra Chandra Chakravorty:
স্পীকার মহোদয় আমার আর একটা প্রশ্ন আছে, সেটা আমি পরে বলবো।

Sj. Nepal Roy: Sir, he is
ডেঁপো.....

Mr. Speaker: Will you withdraw that remark? How dare you say that?

Dr. Radhakrishna Pal:
স্যার, ডেপো
means "talkative".

Mr. Speaker: Order, order, it is not so. I hope the honourable members will have the decency to know the rules and to behave accordingly.

Dr. Radha Krishna Pal:
স্যার, যতীনই এই হাউসের ডিসেন্সি নষ্ট করে দিচ্ছে।

Mr. Speaker: Mr. Das, you can read your adjournment motion.

Sj. Sisir Kumar Das: Sir, my motion runs thus—

"The proceedings of the Assembly do now adjourn to raise a discussion of urgent public importance and of recent occurrence, namely, the finalization of negotiation by the Government of West Bengal to purchase for consideration of Rs. 1 lakh 10 thousand a very old house in the town of Midnapore fetching a monthly rent of Rs. 150 only, belonging to the Raja of Jhargram who had purchased the said house from the late Mr. K. B. Dutta, Barrister-in-Law in 1932 for a sum of Rs. 30,000 only."

Pakistan Border incidents

Sj. Hemanta Kumar Ghosal:
মাননীয় স্পীকার মহোদয়, আমি একটা খুব জরুরী ব্যাপার সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই।

আপনি হয়ত দেখেছেন আমাদের ভারতীয় সীমানা, আমার [illegible] হচ্ছে হাসনাবাদ থানা, ঠিক সেটার ওপারে হচ্ছে পাকিস্থানের সীমানা। গত ৬ই তারিখে আমাদের চারজন কৃষিজীবীকে পাকিস্তানের পুলিস জোর করে ধরে নিয়ে গিয়েছে, আজও তাদের ছেড়ে দেয় নি। গত ৭ই তারিখে চারজন লোককে নৌকার ধান সমেত হিংগলগঞ্জ থেকে পাকিস্তানের পারে ধরে নিয়ে গিয়েছে। তাদের মা, ছেলেপুলে, স্ত্রী আমাদের কাছে এসে খুব কান্নাকাটি করছে এবং তারা এই এ্যাসেম্বলীতে পর্যন্ত এসে তাদের কথা জানিয়েছেন। কবে তারা ছাড়া পাবেন জানি না। সুতরাং এই অবস্থার অবিলম্বে একটা অনুসন্ধান করা দরকার এবং এইরকম ঘটনা ভবিষ্যতে যাতে না ঘটতে পারে তারজন্যও ব্যবস্থা অবলম্বন করা উচিত। পাকিস্তানী পুলিস আমাদের এলাকায় এইভাবে যাতায়াত করে এবং দরকার হলে সীমান্ত পার থেকে ধরে নিয়ে চলে যায় এবং তাদের জামীন পর্যন্ত দেওয়া হয় না। এই চারজনের অবস্থা কি হবে জানি না।

সেইজন্য আমি আপনার মাধ্যমে প্রধান মন্ত্রী মহাশয়ের এ বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে এর প্রতিকার হয় এবং ভবিষ্যতে যাতে আর এইরকম ব্যাপার না ঘটে—তারজন্য তিনি যেন দৃঢ়হস্তে ব্যবস্থা অবলম্বন করেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I shall be glad if you give me the particulars of the case. I have already sent particulars of several other cases not in your area but in the Nadia area. I know the Central Government has sent a very strong letter of protest to the Pakistan Government. I do not know what the result is likely to be. If you send me particulars, I will send them to the India Government.

Enquiry about resignation of Judicial Minister

Sj. Jyoti Basu:
স্পীকার মহাশয়, আপনার বোধহয় মনে আছে আমি গতকাল যে অধিকারগত প্রশ্ন তুলেছিলাম আমি আজ আবার সেই একই অধিকারগত প্রশ্ন তুলতে চাচ্ছি। আমরা শুনলাম শ্রীসিদ্ধার্থ রায়, বিচার বিভাগের মন্ত্রী পদত্যাগ করেছেন।

আপনি কালকে বললেন, আমি বিশেষকিছু জানি না, শুধু এইটুকু বলেছিলেন যে তিনি হাউসে আসবেন না বলে খবর পাঠিয়েছেন, সুতরাং তাঁর প্রশ্ন যাতে না নেওয়া হয়। আজকেও আবার তাঁর প্রশ্ন এসেছে। আজও তিনি হাউসে উপস্থিত নেই এবং সংবাদপত্রে প্রেস-নোটএ এটা দেখলাম এবং আমাদেরও ইনফর্মেশন যে তিনি পদত্যাগ করেছেন। আমরা জানতে চাই মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে যে তিনি পদত্যাগ করেছেন কিনা? এবং সেই চিঠি তিনি তাঁর কাছ থেকে পেয়েছেন কিনা? অথবা তিনি পদত্যাগপত্র দিয়ে, সেই চিঠি প্রত্যাহার করেছেন কিনা? এগুলি জানবার প্রয়োজন আছে। এগুলি সরকারের ঘরোয়া ব্যাপার নয়, যে কেহ ক্যাবিনেটে থাকলো কি থাকলো না। কারণ বিশেষ করে যখন তাঁর নাম এই প্রশ্নের সঙ্গে জড়িত, তাঁর প্রশ্নের জবাব কে দেবে? তাঁর জায়গায় নতুন কোন মন্ত্রী হয়েছেন কিনা, জানি না। সেইজন্য আমি মনে করি এটা খুব পরিষ্কার হওয়া দরকার। উনি কেন এখানে নেই বুঝতে পারছি না। যদি উনি পদত্যাগ করে থাকেন, কেন পদত্যাগ করেছেন? কোন ক্যাবিনেট মিনিস্টার রিজাইন করলে পার্লিয়ামেন্টে যেমন তার সম্বন্ধে একটা স্টেটমেন্ট দেওয়া হয়, আপনারাও সেই রকম একটা কিছু বলুন? আপনি কোন খবর জানেন কিনা স্পীকার হিসাবে? এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এই ঘটনাটা কি? কি ব্যাপার হল যার জন্য তাঁকে পদত্যাগপত্র দিতে হয়েছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have received his letter of resignation. I have not yet considered it. I have asked him to reconsider the whole point. As regards the subject that he was undertaking, if he does not come back some other person will take it up.

Sj. Jyoti Basu:
এটা কবে জানা যাবে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I do say this that it is the function of the Chief Minister to appoint his Ministers. It is nobody else's work. In the first place the resignation will have to be submitted to the Governor and then notice will be given to the Press and we shall make arrangements accordingly.

Sj. Jyoti Basu:
সে ত আপনি রাগ করে বললেন, আপনার কি কাজ, সব বুঝলাম। কিন্তু আমরাও যে এখানে কাজ করতে এসেছি। আমরা এ সম্বন্ধে তাড়াতাড়ি জানতে চাচ্ছি এইজন্য যে এই ব্যাপারটা প্রেস-নোটে বেরিয়েছে, এবং তা ছাড়া তাঁর এই যে প্রশ্নগুলি আছে, ও আরও যে সকল তাঁর প্রশ্ন আসবে, সেগুলির কি উত্তর আপনি দেবেন, জুডিসিয়াল মিনিস্টারএর জায়গায়?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: According to the Constitution, the Chief Minister or the Prime Minister is responsible for the Questions and work of the Department if there is no Minister present for the time being.

Sj. Jyoti Basu:

তাহলে আমি এটা ধরে নিতে পারি স্পীকার মহাশয়, যদি দু একদিনের মধ্যে আমরা সম্পূর্ণ খবরটা না পাই, কারণ, কবে উনি তাঁর পদত্যাগপত্র গ্রহণ করবেন, কি করবেন না, জানি না, আমাদের এই প্রশ্ন এই সেসনএ পড়ে থাকবে না তো, আপনি সেদিকে বিশেষ দৃষ্টি দেবেন।

Mr. Speaker: I shall see to that.

Sj. Jyoti Basu:

স্পীকার মহোদয়, আমি আপনাকে জিজ্ঞাসা করছি—আপনি কি কিছু জানেন এ বিষয়?

Mr. Speaker: I have read all that you have read in the newspaper. I have no official intimation about the fact of his resignation.

Sj. Jatindra Chandra Chakravorty:

স্যার, আপনার মাধ্যমে একটা কথা জিজ্ঞাসা করতে চাই চীফ মিনিস্টারের কাছে তিনি কি সিদ্ধার্থ শঙ্কর রায় মহাশয়কে দিয়ে পদত্যাগ পত্র প্রত্যাহার করবার চেষ্টা করছেন? [হাস্য]

Mr. Speaker: Even that has been answered. He has said "I have asked him to reconsider the decision". That means that. Now let us proceed with the day's work.

Dr. Narayan Chandra Ray: Sir, I raised a question of privilege There are certain questions.....

Mr. Speaker: I have disallowed your question of privilege; that chapter is closed. I said it was not a question of privilege. My decision has already been given—whether it is right or wrong I do not know.

GOVERNMENT BILL

[4-10—4-20 p.m.]

The Calcutta Slum Clearance Bill, 1957, as reported by the Joint Committee.

Mr. Speaker: Mr. Deben Sen will speak now. Now, Mr. Sen, you have given me a list of names and there are some members on the Government side who will also speak. I find there are altogether 7 members from both sides. So, I shall give 15 minutes each and in special case the time-limit would be relaxed. So you will have 15 minutes.

Sj. Deben Sen:

মাননীয় সভাপাল মহাশয়—বিল যে আকারে আমাদের কাছে উপস্থাপিত করা হয়েছে, তাতে আমরা এই বিলকে গ্রহণযোগ্য মনে করি না। আমি আশ্চর্য হচ্ছি—দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় স্লাম ক্লিয়ারেন্স এবং স্লাম ইম্প্রুভমেন্ট সম্বন্ধে যে কয়েকটা নীতি উল্লেখ করা হয়েছে, আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই বিল প্রণয়নের এবং আমাদের মন্ত্রী মহাশয় এই বিল প্রণয়নে সে নীতির একটাও গ্রহণ করেন নি। আমি নীতিগুলির উল্লেখ আজকে এখানে করছি। এবং আরও আশ্চর্যের বিষয় সে নীতিগুলি এই সভার বিরোধী পক্ষের থেকে যেসমস্ত এ্যামেন্ডমেন্ট দিয়েছে এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেসমস্ত নীতির উল্লেখ করা হয়েছে—সবই এক। এই দুটি জিনিসই আপনার সামনে উপস্থিত করছি। বিরোধী পক্ষের এ্যামেন্ডমেন্ট, বিরোধী পক্ষের মন্তব্য এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সে নীতির উল্লেখ করা হয়েছে—দুই এক। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার সেই নীতিগুলি গ্রহণ করেন নাই। আমি সেই নীতিগুলি এক এক করে উল্লেখ করছি।

একটা নীতি হচ্ছে, আমি সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান থেকে পড়ছি—

"there should be the minimum dislocation to slum dwellers and effort should be made to re-house them as far as possible at or near the existing sites of slums so that they may not be uprooted from their fields of employment. I am reading from the Second Five-Year Plan."

সুতরাং ফার্স্ট প্রিন্সিপাল বা নীতি হচ্ছে—তাদের এমনভাবে বাসস্থান দিতে হবে যেন আপ-রুটেড ফ্রম দেয়ার ফিল্ড অব এমপ্লয়মেন্ট না হয় অর্থাৎ তাদের কর্মস্থল থেকে তারা যেন আপ-রুটেড না হয়। এবং দ্বিতীয়তঃ তাদের জীবনযাত্রা প্রণালীর মিনিমাম ডিসলোকেসান যেন না হয়। এটা হচ্ছে—ফার্স্ট প্রিন্সিপল। সেকেন্ড প্রিন্সিপল হচ্ছে—টু কিপ রেন্টস উইদিন দি পেইং ক্যাপাসিটি—এই বিলে বলা হয়েছে—ইন কমপেয়ারেবল রেন্ট। আরও বলা হচ্ছে—

"to keep rents within the paying capacity of slum dwellers."

এই হচ্ছে দ্বিতীয় নীতি। তৃতীয় নীতি এমন যে আমাদের বিরোধীপক্ষের মতবাদে সম্পূর্ণভাবে তা প্রতিফলিত হচ্ছে। তৃতীয় নীতি হচ্ছে যে স্টেট গভর্নমেন্ট এ্যান্ড লোক্যাল বডিস—তারা জমি দেবে—এক হাজার, বারশত স্কোয়ার ফুট পর্যন্ত স্লাম ডুয়েলার-দের। কেবল জমি দেবে তা নয়। তারা তাদের বিল্ডিং ম্যাটেরিয়ালস দেবেন এবং যেসমস্ত তৈরি করবে, স্লাম ডুয়েলারস বা তারা নিজেরা বাড়ী তৈরি করবে—প্ল্যান দেবেন গভর্নমেন্ট—

"on a plan given by Government."

সুতরাং তৃতীয় নীতি যা—সেটার মধ্যে আমাদের সমস্ত বক্তব্য এসে গিয়েছে। অর্থাৎ আমাদের জমি দেবেন, বিল্ডিং ম্যাটেরিয়ালস দেবেন এবং প্ল্যান দেবেন—সেই প্ল্যান অনুযায়ী আমরা গৃহ তৈরি করব। এখানে আরও বলা হয়েছে—লোক্যাল বডিস—অর্থাৎ

"State Governments and local bodies should provide slum dwellers with developed and demarcated plots."

যেমন তেমন জমি দিলে হবে না—ডেভেলপড এ্যান্ড ডিমারকেটেড প্লট হওয়া চাই—

1,200 square feet in area as well as limited quantities of building materials.

দিতে হবে। এইসব জিনিস স্লাম ডুয়েলারদের দিতে হবে এবং তারা নিজেরা তৈরি করবে

on the basis of Centre and mutual aid.

এই হচ্ছে তৃতীয় নীতি। চতুর্থ নীতি হচ্ছে—আড়াই শত টাকার উপরে যাদের ইনকাম, তারা এই সুবিধা পাবে না। যে ফ্যামিলির মাসিক আড়াই শত টাকার উপরে ইনকাম তারা এই সুবিধা পাবে না, যারা এই সুযোগ পাবে তাদের লোন দেবেন, প্ল্যান দেবেন, গৃহনির্মাণ করবার সুযোগ দেবেন, ও তাদের সরকার জমি দেবেন।

এই চারটা নীতি—দ্বিতীয় পঞ্চবার্ষিকী প্ল্যানএ আছে। মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি—এই বিল প্রণয়নে এই চারটা নীতি গ্রহণ করা হল না কেন, তার কৈফিয়ত চাই। যে পর্যন্ত এই নীতিগুলি গৃহীত না হয়, বিলের মধ্যে না আসে—ততক্ষণ পর্যন্ত এই বিল সমর্থন করতে পারি না। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আরও বলা হয়েছে গভর্নমেন্ট একটা ইকনমিক সার্ভে করবেন এবং তার একটা ফেজড প্রোগ্রাম থাকবে। সেটা এই বিলে একেবারেই নেই। চার হাজার বস্তী কলকাতায়- তারজন্য কত বৎসর, কিভাবে বা কত টাকা লাগবে—তার কোন প্ল্যান আমাদের দেওয়া হয় নি। আমরা একেবারে অন্ধকারে আছি। এক বৎসরে দুই-একটা বস্তী ভেঙ্গে চুপ হয়ে যাবেন না, ৫ বৎসরে ৫০টা বস্তী ভাঙ্গাবেন, না ১০০ বৎসর লাগবে—কিছুই বলা হয় নি। কিন্তু দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বলে দেওয়া হয়েছে—

State Governments are being asked to undertake social and economic surveys of worst slum area in the larger towns and to draw phased programmes.

আমাদের কাছে কোন ফেইজড প্রোগ্রাম আসে নাই, আমাদের কাছে কোন ইকনমিক সার্ভে আসে নাই, আমাদের কাছে কোন সোস্যাল সার্ভে আসে নি। এবং আমাদের কাছে কত টাকা লাগিয়ে কটা বস্তী করবেন, বাকী বস্তীর কি করবেন কিছুই বলেন নি। এই দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আরও একটা কথা বলা হয়েছে—নতুন স্লাম সৃষ্টি হতে দেওয়া হবে না। আপনার বিলে তা নেই। আপনি একটা বস্তী ভেঙ্গে দেবেন আজকে, আবার ১০টা বস্তীর সৃষ্টি হবে।

এই বিলে কোন উল্লেখ নাই—কলকাতার উপর আর বস্তী হবে না। অথচ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বলে দেওয়া হয়েছে যে স্লাম ক্লিয়ারেন্স—এই জিনিসটা যখন স্টেট হাতে নেবেন, তখন দেখতে হবে যে আর নতুন বস্তীর যেন সৃষ্টি না হয়। তার কোন পরিকল্পনা এর মধ্যে নেই।

[4-20—4-30 p.m.]

পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বলা হচ্ছে

staudard cost of slum clearance and slum improvement projects.

এর কথা তৈরি করে স্টেটের কাছে পাঠিয়েছেন। মন্ত্রী মহাশয় আমাদের কাছে তা রাখেন নি, সিলেক্ট কমিটিতে আমরা তা পাই নি। আমরা বাস্তবিকপক্ষে জানি না যে কত টাকা বস্তী ভাঙ্গতে লাগবে—১০ কোটি, না ১ কোটি, না ১০ লাখ লাগবে তার কিছুই জানতাম না। কত ঘর থাকলে কত টাকা লাগবে তার কিছুই জানতাম না। এইরকম অন্ধকারের মধ্যে রেখে এইরকম একটা বিল আনার কোন যৌক্তিকতা থাকতে পারে না, এবং কিছুতেই আমরা তা গ্রহণ করতে পারি না। কিভাবে যে অপর পক্ষ গ্রহণ করতে পারেন তার কথা তাঁদের জিজ্ঞাসা করি। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে নীতি বলা হয়েছে সরকার এবং মন্ত্রীমণ্ডলী যদি তা না জানেন তবে আমরা কাকে মানব, এই মন্ত্রীমণ্ডলীকে মানব, না, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে মানব, কেন্দ্রীয় সরকারকে মানব? সেই কথা জিজ্ঞাসা করছি।

দ্বিতীয় কথা হচ্ছে কেন্দ্রীয় সরকার কেবল দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ভাসাভাসা কথা বলে ছেড়ে দেন নি। সেটা একটা বিল না এ্যাক্ট করেছেন এবং নাম দিয়েছেন—স্লাম ইম্প্রুভমেন্ট এ্যান্ড ক্লিয়ারেন্স এ্যাক্ট অব ১৯৫৬, সেই এ্যাক্টে যেভাবে আছে সেইভাবে যদি আসত তাহলে বিরোধীপক্ষের যা মত তা এ্যাক্টের মধ্যেই এসে যেত। অর্থাৎ সেন্ট্রাল গভর্নমেন্টের যে এ্যাক্ট, আর বিরোধীপক্ষের যে মতবাদ বা বক্তব্য তার ভিতর ভেদ নাই। কেন্দ্রীয় এ্যাক্টের প্রধান বা পিভোটেল কথা পয়েন্ট ছিল ইম্প্রুভমেন্ট আর বাংলা সরকারের পিভোটেল পয়েন্ট হচ্ছে ডিমলিসান ভাঙ্গা। সেন্ট্রাল গভর্নমেন্টের প্রধান কথা ইম্প্রুভমেন্ট, আর তাঁরা ইম্প্রুভমেন্টের ব্যাখ্যা দিয়েছেন

"necessary repairs, structural alterations, provision of light points and water taps, construction of drains—open or covered—provision of latrines, provision of additional or improved fixtures or fittings, opening up or paving up court-yards, removal of rubbish, etc."

এইসব ডিটেলস এ্যাক্টের ভিতর ইম্প্রুভমেন্ট হিসাবে দেওয়া আছে, আর তা আমরাও চাই। এইটাই আমাদের কথা। আমরা যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি তা দেখে বহু লোক হেসেছিলেন। আমার মনে আছে সিলেক্ট কমিটিতে তার চেয়ারম্যান মুখ্যমন্ত্রীও হেসেছিলেন। তিনি বলেছিলেন —কি হে, তোমরা রুলের জন্য কিছু রাখবে না, সব বিলের ভিতর আনবে? আজ আমরা দেখছি কেন্দ্রীয় সরকারের বিলের ভিতর সব পয়েন্ট আছে। কিন্তু সিলেক্ট কমিটির সামনে এই বিল উপস্থাপিত করেন নি। তারজন্য আমরা ভয় করছি। তিনি জেনেশুনে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএর মধ্যে যে ইন্ডিয়া গভর্নমেন্টের এ্যাক্ট তা কেন সিলেক্ট কমিটির সামনে রাখেন নি? আমরা তা হলে তা নিয়ে একটা আলোচনা করার সুযোগ পেতাম। তিনি ইচ্ছা কোরে আমাদের কাছ থেকে এই সমস্ত জিনিস লুকিয়ে রেখেছিলেন, সিলেক্ট কমিটিতে আনেন নি। এ বিষয়ে আমাদের একটু উত্তেজিত হওয়ার কারণ হয়েছে, যেন এটা এমনভাবে আমাদের মাথার উপর এসেছে, এবং আমরা তা সহ্য করতে পারছি না। আমাদের দৃঢ়ভাবে বিরোধিতা করতে হবে, কেননা এমন জঘন্য বিল আমরা দেখি নি। তারপরে বলছেন যে সেই বিলের পিভোটেল পয়েন্ট হল ইম্প্রুভমেন্ট, এবং সেখানে বলা হচ্ছে যদি কোন বিল্ডিং বাসোপযোগী না হয়, তাহলে সেখানে কি করা হবে? সেখানে ওনারকে নোটিস দিতে হবে যে ইম্প্রুভমেন্ট কর। তারও প্ল্যান নাই, কেবল তুমি ইম্প্রুভমেন্ট কর। বলব না যে তুমি সরে যাও, বলব না যে তোমায় তাড়িয়ে দিচ্ছি, তাকে বলব যে ইম্প্রুভমেন্ট কর। সে যদি না করে তাহলে গভর্নমেন্ট এসে ইম্প্রুভমেন্ট করবে। যদি কোন বিল্ডিং মনে হয় ভাঙ্গতে হবে, গভর্নমেন্ট এসে ভাঙ্গবে, গভর্নমেন্ট 'ওনার' ও 'অকুপায়ার'কে নোটিস দেবে যে তুমি এটা ডিমলিস কর, এবং ডিমলিস করে এইভাবে ঘর করবে।

যদি সে না করে তাহলে গভর্নমেন্ট এসে ডিমলিস করবে। স্লাম ভাল চাই, যারা এক্সিস্টিং হাট ওনার্স তাদের বলে দিন তোমরা এইভাবে ঘর ভেঙ্গে নিজেরা ঘর তোল। তাহলে এই এ্যাক্টের সঙ্গে কোন বিরোধ হয় না। তখন বুঝতে পারি আমরা যা চাই এই এ্যাক্টের ভিতর তা-ই আনা হয়েছে। সুতরাং বিল আনা হল কেন? বাংলাদেশকে যে পন্থা নির্দেশ করা হয়েছে, দিল্লী থেকে সেই পন্থা গ্রহণ করলেন না কেন? সেইজন্যই ত স্বভাবতঃই আমাদের মনে সন্দেহ জাগে। সেই সন্দেহের কথা অনেকে উল্লেখ করেছেন। আমি তার আর পুনরাবৃত্তি করব না। আমি খালি এই কথাই বলতে চাই যদি মন্ত্রী মহোদয় সন্তোষজনক উত্তর না দেন তাহলে এই সন্দেহ করবার কারণ থাকবে। আমি এ কথা বলতে চাই না যে এই বস্তী বিলের পশ্চাতে রাজনৈতিক কোন উদ্দেশ্য আছে যে এই বস্তীর লোকে বিশেষ কোরে বামপন্থীদের ভোট দিয়েছে—এইজন্য এই ভাবের বিল এসেছে—এমন কথা আমি বলতে চাই না। যদিও সে কথা বলবার কারণ আছে। আমি বলতে চাই যে সংগ্রামটা হচ্ছে ধনী এবং দরিদ্রের ভিতর। কলিকাতা ২০০ বছর ধরে ধনীদের কেল্লা ছিল, যখন ইস্ট ইন্ডিয়া কোম্পানি এখানে প্রতিষ্ঠিত হয়েছিল তখন থেকে। ব্রিটিশ ইম্পিরিয়ালিজমএর রাজধানী এখানেই করা হয়েছিল। লর্ড কার্জন এখানেই ছিলেন এবং কলিকাতা তখন ধনীদের বাসস্থান ছিল। লোকের চোখের উপরে কলিকাতা গড়ে ওঠে। আজকে সেই কলিকাতা দরিদ্রদের জন্যই হয়ে গিয়েছে। এখন সংখ্যায় আমরাই বেশী হয়েছি, আর আমাদের সভ্যতা এবং কৃষ্টি গরীবদের সভ্যতা এবং কৃষ্টি এবং তাই আর সবার উপরে প্রভাব বিস্তার করছে। তাতে তাঁরা ভয় পেয়েছেন, এবং ভয় পাওয়ার দরুণ কলিকাতা থেকে সেই গরীবদের বিতাড়ন আরম্ভ করেছেন। আমরা দল বিশেষকে বিতাড়ন বলছি না। আমরা কমিউনিস্টদের বিতাড়ন বলছি না। আমি বলছি আজ গরীবদের বিতাড়নই এই বিলের উদ্দেশ্য। সেই জন্যই আমরা এই বিলের বিরোধিতা করছি। আমি এই কথা বলতে চাই যে এই বিল আনবার এখন কোন প্রয়োজন ছিল না। পশ্চিম বাংলার সমস্যা আজ গৃহসমস্যা নয়, খাদ্য-সমস্যা, পশ্চিম বাংলার সমস্যা শিক্ষাসমস্যা, পশ্চিম বাংলার সমস্যা বেকার সমস্যা। পশ্চিমবঙ্গের গৃহের প্রয়োজন আছে খুব, কিন্তু তার চেয়েও বেশী প্রয়োজন এই খাদ্যের। বস্তীবাসীদের গৃহের প্রয়োজন আছে, কিন্তু তার চেয়েও বেশী প্রয়োজন তার চাকরীর, তার শিক্ষার। সেই তিনটা অর্থাৎ খাদ্য, চাকরী, শিক্ষা এ না দিয়ে যদি তাদের কাছে বলা যায় তোমাদের তাড়াচ্ছি তোমাদের ভাল ঘর বাড়ী দেবার জন্য, তাহলে তারা এটা প্রহসন বলেই মনে করে। তারা মনে করে আমাদের সঙ্গে ঠাট্টা করা হচ্ছে। গরীবদের বাসস্থান নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। এ আমরা সহ্য করতে পারব না। আমরা বলতে চাই আজ কলিকাতার পাঁচ লক্ষ বস্তীবাসীর মধ্যে মাত্র দেড় লক্ষ আর্নাস অর্থাৎ ১,৫০,০০০ রোজগার করে, এবং তাদের রোজগারের উপরে ৫ লক্ষ লোক খায়। গভর্নমেন্টের রিপোর্ট থেকে বলছি তাদের এভারেজ মান্থলী ইনকাম ৬৯ টাকা! এই ৭০ টাকার ভিতর তারা পাঁচ টাকা রেন্ট দেয় কিংবা ১০ টাকা রেন্ট দেয়। আজকে যদি তাদের অন্য জায়গায় নিয়ে যাওয়া হয়, এবং তাদের কাছে যদি পাঁচ টাকার জায়গায় ১৫ টাকা রেন্ট চাওয়া হয় তাহলে তারা কোথা থেকে দেবে? তারা ঐ টাকায় খেয়েই বাঁচতে পারে না, তারা কোথা থেকে দেবে? বস্তীর সৃষ্টি হয়েছে কেন? তার কারণ গভর্নমেন্ট হিসাব কোরে দেখেছেন। দরিদ্রদের বাসস্থান দেবার জন্য বস্তীর সৃষ্টি হয় নি। বাংলাদেশে বস্তীর সৃষ্টি হয়েছে কেন না যখন ব্রিটিশ ইম্পিরিয়ালিজম এখানে ফ্যাক্টরী খুলতে আরম্ভ করলেন চটকল, সুতাকল, ইঞ্জিনিয়ারিং ফার্ম ইত্যাদি তখন তার শ্রমিকদের দরকার হয়েছিল, তাঁরা গ্রাম থেকে লোক আনেন। গ্রামের কুটিরশিল্পকে ধ্বংস করে দিয়ে, ইকনমিক চাপ দিয়ে কলিকাতায় এনে তাদের বাসস্থান দিতে গিয়ে বলেছেন তোমরা ফুটপাথে থাক গিয়ে কিন্তু আমাদের কাজ করতে হবে। সেই ফুটপাথে থাকা লোকগুলিই বস্তীতে থেকে বস্তীর উন্নয়ন করেছেন। বস্তীকে তারা বাসস্থান করেছে, সেখানেই গৃহের পত্তন করেছে। কেবল ফ্যাক্টরীর কাজের জন্য এসেছে তা নয়। জব্‌চার্নকের আগে যখন গোবিন্দপুর ও সুতানুটি কলিকাতা ছিল, তখন কলিকাতায় ফ্যাক্টরী ছিল না, তখনকার দিনে যারা ঐভাবে থাকত তারাই ছিল বস্তীর বাসিন্দা।

[4-30—4-40 p.m.]

কি অধিকার আছে তাদের আমাদের তাড়িয়ে দেবার? যাদের ইস্ট ইন্ডিয়া কোম্পানী তাড়াতে পারল না, লর্ড ক্লাইভ তাড়াতে পারল না, ওয়ারেন হেস্টিংস তাড়াতে পারল না, লর্ড কার্জন

তাড়াতে পারল না—আজ আমাদের মুখ্যমন্ত্রীর কি অধিকার আছে, জালান সাহেবের কি অধিকার আছে তাদের তাড়িয়ে দেবার? যারা কোন রকমে মাত্র কলকাতার মাটি কামড়ে থাকতে চায়, তাদের তাড়িয়ে দেবার কি অধিকার আছে? এই বিল আনবার এ সময় নয়। এই বিলে আপনাদের প্রাণ নাই। জালান সাহেব জানেন না—দারিদ্র্যের কি বিড়ম্বনা, গৃহত্যাগের কি কষ্ট। আপনারা বিকল্প বাসস্থান দেবেন, কিন্তু এ কি ছেলেখেলা? এক বস্তীতে চারটি ভাই বাস করে, পরিবার নিয়ে বাস করে, পরিবার সহ গৃহ দেবেন—এক ভাইকে দেবেন তালতলায়, আর এক ভাইকে কাশীপুর। এভাবে সমস্ত ফ্যামিলি লাইফ ছিন্নভিন্ন হয়ে যাবে—এই বিলের দ্বারা। আমরা হিসাবে দেখলাম ২৬ পারসেন্ট প্রাইভেসী আছে বস্তীতে। আপনি যে গৃহ নির্মাণ করবেন সে তো ব্যারাক—১০০ জন লোক লাইন লাগিয়ে আছে দাঁড়াবে—দুটো পায়খানা, স্ত্রী-পুরুষ লাইন লাগিয়ে দাঁড়াবে, ছেলেপিলে সবাই দাঁড়াবে—আমি বলছি সমগ্র সভ্যতা, কৃষ্টি ধ্বংস হয়ে যাচ্ছে এই বিলের দ্বারা। সেজন্য আপনাদের কাছে অনুরোধ এই বিলের প্রতিবাদ যে শুধু এ ঘরেই হবে তা নয়, বাইরেও এর প্রতিবাদ হবে। কোন যুক্তিসঙ্গত কারণ নাই এই বিল আনবার। আমি আরও বলতে চাই আপনারা কেন জনমত গ্রহণ করছেন না? কলকাতার ২৬টি কনস্টিটুয়েন্সির লোককে ডেকে ভোট নেন না কেন? কলকাতার ২৬ জন নির্বাচিত প্রতিনিধি যাঁদের মেনে নেওয়া হয়েছে আইনে তাঁদের ডেকে ভোট নিন, তাঁরা দেখুন তারা এই বিল চায় কি চায় না। আপনারা সিলেক্ট কমিটিতে কর্পোরেশনকে ডাকেন নি কেন? ডাকেন নি কেন ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে? কেন ডাকেন নি বস্তীবাসীদের সিলেক্ট কমিটিতে? অথচ রুলসএ আছে সিলেক্ট কমিটি এভিডেন্স নিতে পারে কিন্তু নেওয়া হয় নি। সেজন্য বলতে চাই আজও নিতে পারেন। বস্তীর পাঁচ লক্ষ লোক সকলেরই ভোটার লিস্টএ নাম আছে। একটা দিন নির্যুক্ত করে দিন, এই বিলের উপর ভোট নিন—এই বিল তারা চায় কি চায় না? তা যদি না নেন তাহলে এই বিল আনবেন না রেখে দিন। এই বিল আনবো আমরা। আমার মনে হয় বাংলাদেশের ইতিহাসের দুর্বার গতিতে আগামী নির্বাচনে বামপন্থীদের হাতেই সরকার আসবে, আমরা এই বিল প্রয়োজনমত আনবো, আমাদের মত করে আমরা আনবো। তখন দেখবেন এই বিলের রূপ কি হবে। আমরা শিয়ালদহ থেকে হাওড়া পর্যন্ত সমস্ত বাড়ী দখল করবো, জালান সাহেবের বাড়ী দখল করবো, বিমল সিংহ মশায়ের বাড়ী দখল করবো, বিশ্বনাথ রায়ের বাড়ী আমরা দখল করবো, মুখ্যমন্ত্রীর বাড়ী দখল করবো, করে বলবো আমি—যাও তোমরা কাশীপুর, যাও তোমরা তালতলা—তাহলেই বুঝতে পারবেন নিজেদের কি কষ্ট হয়, আপনার চেম্বার রাখবেন না এখানে, আপনার চেম্বার হবে কাশীপুরে—এক মাইলের মধ্যেই দেব আমি। সুতরাং এই বিল আনবেন না। সময় আসছে যখন উল্টে সমস্ত জিনিস আপনাদের উপরেই আসবে বাংলাদেশে। তখনকার জন্য এই বিল রেখে দিন। সেজন্য বলছি এই বিল সার্কুলেশনএ পাঠিয়ে দিন, ভোট নিন, নইলে আমরা এর বিরোধিতা করবো।

Sj. Dhirendra Nath Dhar:

মাননীয় স্পীকার মহাশয়, একটা প্রবাদ আমার মনে পড়ছে, সেটা হচ্ছে কোন নির্দোষ কুকুরকে যদি হত্যা করতে হয় তাহলে সবচেয়ে আগে তার বিরুদ্ধে বদনাম দিতে হবে। কোলকাতার যে বস্তীবাসী তাদের যদি বদনাম না দেওয়া যায়, খুব নিষ্ঠুরভাবে অত্যন্ত জঘন্য-ভাষায় যদি তাদের বদনাম না দেওয়া যায় তাহলে তাদের হত্যা করা যায় না। তাই এই বিলের যাঁরা সমর্থক তাঁরা বিশেষ করে বস্তীবাসীদের বিরুদ্ধে অত্যন্ত জঘন্যতর রিমার্কস করেছেন এবং বস্তীতে যাঁরা বাস করেন তাঁদের সম্পর্কে সামান্যমাত্র ন্যাকামী তাঁদের ভাষা থেকে আমরা পাই। বস্তীতে যাঁরা বাস করেন এটা সকলেই জানেন যে অত্যন্ত কষ্টে তাঁরা বাস করছেন, তাঁরা যে দুরবস্থার মধ্যে রয়েছেন সেই বর্ণনা সকলে দিয়েছেন—আমি আর তার পুনরাবৃত্তি করতে চাই না, কিন্তু বস্তীতে যাঁরা বাস করেন তাঁদের সকলকেই অশিক্ষিত মনে করার কোন কারণ নেই, বস্তীতে যাঁরা বাস করেন তাঁদের মধ্যে শিক্ষিত মধ্যবিত্ত আছেন, মাস্টার মহাশয় আছেন, উকীল আছেন, ডাক্তার আছেন, মোক্তার আছেন, সকলেই আছেন। বর্তমানে অবস্থাবিপর্যয়ে তাঁদের বস্তীর মধ্যে বাস করতে হচ্ছে, কিন্তু তাই বলে বস্তীগুলিকে ধ্বংস করে দিতে হবে, ধ্বংস করে সেই সমস্ত জায়গায় প্রাসাদ তৈরি হবে এবং তাঁদের জন্য জোর করে আশ্রয় হবে এরকম কোন যুক্তি পাওয়া যায় না। বস্তীতে যাঁরা বাস করছেন তাঁরা

মানুষ হিসাবে বাঁচবার জন্য নিজেরা চেষ্টা করছেন। বস্তীতে যাঁরা আছেন তাঁরা নিজেদের জীবনকে সুন্দর করার জন্য চেষ্টা করছেন, কিন্তু আইনের বাধার মধ্য দিয়ে সরকার তাঁদের অগ্রসর হতে দিচ্ছেন না। এক কথায় বলা যায় ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট কোলকাতার বস্তীর উন্নতির পক্ষে প্রধান বাধা। মিউনিসিপ্যাল এ্যাক্টের পরিবর্তন শুধুমাত্র [illegible] যে চান তা নয়, কোলকাতার যাঁরা উন্নতি চান তাঁরাও বারে বারে বলছেন যে মিউনিসিপ্যাল এ্যাক্টের পরিবর্তন প্রয়োজন, এর দ্বারা কোন উন্নতি করা যায় না। এমন সব আইন আছে যে আইন দ্বারা শত সদিচ্ছা থাকলেও তাঁরা এই বস্তীর মধ্যে জল নিতে পারেন না, শত সদিচ্ছা থাকলেও তাঁরা বস্তীর ঘরগুলির উন্নতি করতে পারেন না—এ বিষয়ে সরকারের একটু চেষ্টা করা উচিত। আজ সকলেই সন্দেহ করছেন যে, কোলকাতা শহরে স্লাম ক্লিয়ারেন্সের নাম করে যে আর কিছু হবে না তা কে বলতে পারে? এর সঙ্গে আর একটা সন্দেহের উদ্ভব হচ্ছে, সেটা হচ্ছে, এই যে, ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টে ঠিকাপ্রজা আইন, এইসব আইনের একটা অর্থ আছে, বস্তী সম্পর্কে সেই অর্থ হচ্ছে এই যে, বস্তীতে যাঁরা বাস করবেন তাঁরা যাতে পার্মানেন্ট সেটেলমেন্ট না করতে পারেন, তাঁদের অকুপ্যান্সি রাইট যাতে না হয় তার জন্য সমস্ত বাধা বিপত্তি এই আইনের মধ্যে করে দেওয়া আছে। বস্তীবাসিন্দারা আজকে যে-কোন কারণেই হোক তাঁদের প্রয়োজনে আজকে আস্তে আস্তে নিজেদের ঘরবাড়ী এমনভাবে গড়ে তুলছেন যাতে ঠিকাপ্রজা আইনের মধ্যে তারা না পড়েন। হয়ত বস্তী ভাঙ্গবার সময় দেখা যাবে সেগুলিকে হাট বলা চলবে না, পাকাবাড়ী হিসাবে স্বীকার করতে হবে—এই সমস্ত ব্যাপারে কোলকাতায় যাদের ভেস্টেড ইন্টারেস্ট আছে এবং তাঁদের সমর্থক যাঁরা আছেন তাঁরা অত্যন্ত আতঙ্কিত হয়ে পড়েছেন এবং আতঙ্কিত হয়ে আজকে সর্বপ্রকারে চেষ্টা করছেন সমস্ত বস্তী যাতে একসঙ্গে ভেঙ্গে পড়ে—তারই ব্যবস্থা তাঁরা করছেন। বস্তীবাসীরা বলছেন যে, আমরা অনেকদিন যাবত সরকারের কাছে আবেদন নিবেদন করেছিলাম যে আমাদের সামনে যেসমস্ত বাধা বিপত্তি আছে সেগুলি দূর করুন, বিশেষ করে ১৯৪৭ সালের পর থেকে বিভিন্ন বস্তীতে যেভাবে ভীড় বাড়ছে তারজন্য যেসমস্ত অসুবিধা হচ্ছে সেই সমস্ত অসুবিধা দূর করুন—আমরা অনেক আবেদন নিবেদন করেছিলাম যে আইনের পরিবর্তন করুন, এ্যামেন্ডমেন্ট করুন, যাতে আমরা আমাদের নিজেদের খরচে, নিজেদের চেষ্টায় জীবনযাপন করতে পারি, কিন্তু তার বদলে সরকার থেকে এমন ব্যবস্থা করা হচ্ছে যাকে বলা যেতে পারে 'চাইলাম রুটি, দেওয়া হোল পাথর' অর্থাৎ আমরা বাঁচতে চাইলাম আর আমাদের লাঠির আঘাতে মারবার চেষ্টা করা হচ্ছে। জনসাধারণের কাছে এই বিলকে এভাবে উপস্থাপিত করা হচ্ছে যে কোলকাতা শহরের শতকরা ৮০ জন যাঁরা বস্তীতে বাস করেন তাঁদের জন্য খুব ভাল ব্যবস্থা সরকার করে দিচ্ছেন। যাদের স্বার্থ এই বস্তী সম্পর্কে রয়েছে যেমন জমিদার ইত্যাদি তাঁদের সুবিধা করে দিয়েছেন। আর যত দোষ নন্দ ঘোষের হাটওনারদের। যাদের ভেস্টেড ইন্টারেস্ট আছে সেই সমস্ত বড় বড় লোক তাদের ধ্বংস করতে হবে। তাদের ধ্বংস করতে না পারলে বস্তীর উন্নতি হবে না। আমাদের সরকারকে দৃষ্টিভঙ্গী একটু বদলাতে হবে, তাদের এই দৃষ্টিভঙ্গী যতক্ষণ থাকবে ততক্ষণ পর্যন্ত বস্তীবাসীর কোন উন্নতি হবে না, শহরের সৌন্দর্যও বাড়বে না। সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানের মধ্য থেকে তাঁরা কত টাকা পাবেন তার কোন নির্ধারিত সংখ্যা জানা যায় নি।

[4-40—4-50 p.m.]

সবচেয়ে বেশী তাঁরা যদি পান তাহলে ২॥ কোটি টাকা হতে পারে, তার বেশী তাঁরা পাবেন না। এই ২॥ কোটি টাকা দিয়ে তাঁরা কি করতে পারেন? কাশীপুরে একটা মস্ত জমি, আহীরদের জমি সরকার দখল করেছেন, এবং অত্যন্ত দুর্মূল্য জমি, রাস্তার ধারে বি, টি, রোডএর উপরে ২,২০০ টাকা দাম দিয়ে সে জমি তাঁরা নিয়েছেন। এবং বসাক বাগানে, যেখানে বাড়ী হবে তাতে প্রায় ৫০।৬০ লাখ টাকা খরচা হবে। ৮০০ পরিবারের বেশী সেখানে থাকতে পারবে না। এইভাবে টাকা নষ্ট করে—৮০০ পরিবারকে সেখানে বসাবার চেষ্টা, এতে বস্তিবাসী নিজেরাই বলছে যে, আমাদের যদি কিছু সাহায্য দেওয়া যায়, আমাদের জন্য যে ব্যবস্থার কথা আমরা বলছি, যেমন জল, কলের ব্যবস্থা, রাস্তা, আলোর ব্যবস্থা করে দেয় তাহলে আমাদের জীবন অনেক বেশী উন্নত হয়ে যাবে। অথচ সরকারের টাকা বেশী খরচা করতে হবে না। এবং এই আইন যদি পাশ হয়ে যায় তাহলে তার ফল কি হবে, তার ফল

এই হবে যে-সমস্ত বস্তিবাসীর কথা বলে বাহাদুরী নেবার চেষ্টা করছেন—বলছেন এতে শতকরা ৮০ জন বস্তিবাসীর ব্যবস্থা করে দেবেন, তাদের অবস্থা কি হবে? যে-সমস্ত হাট ওনার নিজেদের চেষ্টায় একটু একটু উন্নতির চেষ্টা করছিলেন, একটু জল দেবার চেষ্টা করছিলেন, একটু পরিষ্কার করবার চেষ্টা করছিলেন, ঘরগুলি উন্নত করবার চেষ্টা করছিলেন তাঁরা এখন হাত-পা গুটিয়ে বসে থাকবেন। কর্পোরেশন, গত ৪।৫ বছর তারা চেষ্টা করছিলেন যাতে ঐ আইনের মধ্যে থেকে যদি কিছু উন্নতি করা যায়, তারজন্য তারা ব্যবস্থা করছিলেন। তারা দেখবেন সরকার যখন সমস্ত বস্তী দখল করে নিচ্ছে, এবং মিউনিসিপ্যাল এ্যাক্টএর বস্তী সেকশনকে রিপিট করে নিচ্ছে, তখন কর্পোরেশনএর পক্ষে আর কিছু করা যাবে না। এবং এই [illegible] জন্য আপনারা এত কান্নাকাটি করছেন তখন কেউ তাদের জন্য চেষ্টা করবে না। এবং সরকারের এই ব্যবস্থামত প্রায় ১০০ বছর লাগবে। যদি এই কায়দায় কলকাতার সমস্ত বস্তীর পরিবর্তন করতে হয় তাহলে ১০০ বছর লাগবে; এবং ১০০ কোটি টাকা খরচ হবে তাহলে বস্তিবাসীর উন্নতি হতে পারে। কিন্তু তাহলে এর মাঝখানে কি হবে? এর মাঝে ঐ শতকরা ৮০ জন বস্তিবাসীর বিষয় কেউই দেখবে না। কাজেই এই আইন শুধুমাত্র ভবিষ্যৎ নেই তা নয়, এর শতকরা ৮০ জন যে বস্তিবাসীর ভবিষ্যৎ অন্ধকার যবে থেকে এই আইন পাশ হবে। কলকাতা এবং সমস্ত মফঃস্বলে যেখানে মিউনিসিপ্যালিটি আছে সেইসব জায়গাতে একটামাত্র সমস্যা আমরা গত ১০ বছর যাবত অনুভব করছি। সেটা হচ্ছে গৃহ সমস্যা। এই গৃহ সমস্যা ঘরের সংখ্যা না বাড়াতে পারলে এইরকম ধরণের স্লাম, এইরকম ধরণের বস্তী, এইরকম ধরণের দুর্বিসহ জীবন চিরকালের মত থেকে যাবে। কাজেই সরকারের তরফ থেকে এমন ব্যবস্থা করতে হবে যাতে গৃহের সংখ্যা বাড়ে; যাতে লোক সুখে থাকতে পারে, এমন ধরণের ব্যবস্থা করা দরকার। এবং তারজন্য সরকারের সবচেয়ে আগে করা দরকার, যেসব জায়গায় খালি জমি আছে, সেই খালি জমিতে সরকার ঘর করুন। সরকারের হাতে যে আইন রয়েছে, সেগুলি প্রয়োগ করুন। ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্টএর আইন তারা করেছেন, তার মধ্যে বস্তী একটা চ্যাপ্টার ঢুকিয়ে দিয়েছেন। ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট এস্টেটের সমস্ত বস্তী যখন ধ্বংস করেছিল, যেমন গ্যালিফ স্ট্রীটএর সমস্ত বস্তী ধ্বংস করে দিচ্ছে, তখন ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে কি সরকার বলতে পারেন না যে, বস্তীর যেসব বাসিন্দা ছিল তাদের ঘর তৈরী করে দাও। সবচেয়ে আগে তাদের জন্য ঘর তৈরী হউক এটা সরকার বলতে পারতেন। আইনও আছে, কিন্তু সরকার তা ব্যবহার করছেন না। আমার মনে হয় সরকারের এই ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট মারফৎ, ল্যান্ড ডেভেলপমেন্ট এ্যান্ড ল্যান্ড এ্যাকুইজিশন মারফৎ যে-সমস্ত খালি জমি আছে সেই খালি জমিতে ঘর তৈরী করবার ব্যবস্থা করা উচিত। এবং সেই সমস্ত জায়গাতে [illegible] অগ্রাধিকার দিতে হবে। এখন কলকাতাতে পল্লীগ্রামের জমিদারীর যা অবস্থা ছিল, তার চেয়ে খারাপ অবস্থা এখনও আছে। এখানে যদি কোন হাট ওনারকে কল নিতে হয় তাহলে তার উপর এমন হারাসমেন্ট হয়—সেখানে শুধু জমিদারবাবুকে নজরানা দিলেই হবে না, সরকারকে, নায়েব-পেয়াদাকে সকলকেই দিতে হবে। তবে হাট ওনার অনুমতি লাভ করতে পারে। এই প্রথার আমরা অবসান চাই। এবং এই ঠিকা-প্রজা আইন, যা বর্তমানে কোন খাপ খায় না—কলকাতায় যে শত শত বছর বাস করছেন, তার উপর প্রয়োগ করা হচ্ছে। তিনি ১০০ বছর বাস করলেন এখনও তিনি ঠিকা। সে পারমানেন্ট কবে হবে? চিরকালই এক আইন থাকবে তার কোন কথা নাই। যেখানে যে বাস করছে তার সেখানে অধিকার দিতে হবে। এই আইন পরিবর্তনের জন্য সরকারও বলেন, কিন্তু তা তাঁরা করেন না। এতে শুধু ঠিকা-প্রজার উপকার হবে তা নয়, বাসিন্দার উপকার হবে এবং কলকাতার উপকার হবে। সরকারের হাতে ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীম রয়েছে, সেই স্কীম অনুযায়ী টাকাগুলি যদি খরচ করেন, তাহলে পরে বস্তীর উপর যে চাপ সে চাপ অনেক কমে যাবে। সবচেয়ে আগে যেটা আমার বলা উচিত ছিল, সেটা হচ্ছে ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট এবং বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টের যে-সমস্ত সেকশন বাধা হিসেবে রয়ে গেছে এখনও পর্যন্ত তার পরিবর্তন করা। একটা বস্তিবাসী, হাট ওনার গতকাল বলছিলেন তাকে দিতে হয় ২৩ পার্সেন্ট। সেটা হয় ভ্যালুয়েসন হিসেবে। যে বস্তীর দাম মাত্র ৪০০ টাকা, তাকে দিতে হবে ২৩ পার্সেন্ট, কিন্তু যে বাড়ীর

মূল্য ১,০০০ টাকা হবে তাকে দিতে হয় মাত্র ১৫ পার্সেন্ট। যদি ৩ হাজার পর্যন্ত হয় তাহলে দিতে হবে ১৮ পার্সেন্ট। কিন্তু বস্তী বাড়ীর মূল্য যদি ১০০ টাকাও হয়, তাহলেও তাকে দিতে হবে ২৩ পার্সেন্ট, এটা অত্যন্ত অন্যায়। ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টএর এবং বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টএর যে-সমস্ত ধারাগুলি আছে তা যদি থাকে তাহলে কোন বাস্তবাসীর পক্ষে, কোন হাট ওনারএর পক্ষে বস্তীর উন্নতি করা সম্ভব নয়। সেইজন্য এই আইনের পরিবর্তন চাই। সেইজন্য আমি প্রস্তাব করছি এই বিলটীর পুনর্বিবেচনার জন্য সিলেক্ট কমিটিতে পাঠান হউক।

[4-50—5 p.m.]

Sj. Basanta Kumar Panda: Mr. Speaker, Sir, everybody will agree that the clearance of the slums and the improvement of the condition of slum dwellers is overdue but the measures as contained in the present Act will belie the object. It is a very belated action which is being taken by the State Government in a very crucial time of the country. But the way in which the Bill has been drafted and the means that have been provided are not equal to the situation. They are not complete in itself, they will be complete after the amendments are moved and accepted. The defects of the Bill are that there is no provision in the Bill for equitable distribution of the benefit. Under this Act the beneficiaries are the public who reside by the side of the slums. The slum dwellers will get little benefit for this measure because these people will be uprooted from their dwellings and the benefit will be derived by those rich or the upper middle-class people who reside near about the slum areas, because by the improvement of sanitary condition of these areas they will get direct or indirect benefit and for these benefits they will be paying nothing to the State. If this Act is passed the entire money required for the purpose will be charged on the consolidated fund of this poor State. I would suggest that those who derive benefit out of this measure should contribute something towards this improvement, because the people of Calcutta would derive this benefit —the richer section of Calcutta will derive this benefit and for that the entire people of Bengal should not be asked to pay for the improvement. Why should they pay and so I think the money spent for the purpose should be proportionately borne by the richer people of Calcutta.

Sir, I would like to compare the provisions of this Bill with the Calcutta Thikka Tenancy Act. Persons who are concerned are of three classes, namely, owners of the land, lessees most of whom fall within the definition of Thikka Act. Under this Act if the owner of the land wishes to improve his land by doing away with the bustees, then he has to pay compensation and the compensation would be determined by the Court and there are slab systems. But much more compensation is provided in West Bengal Estates Acquisition Act and even more is being given here and all this money become a charge on the consolidated fund. As for the time that would be taken to effect this improvement, some members have said that Government would take a very long time—one has said that it would take a century, some have said 25 years and some 30 years. Now, two things can be done, first to minimise the expenditure and the other is to expedite improvement. If you say that those owners who will be able to improve their lands in the same pattern as the Government is doing Government will help them. They can clear the slums of the tenants and the *bharatiyas and* there may be some incentive given to the owners to improve their land in this way. In this way the thing can be expedited and if the owners also join with the Government the improvement can be done more quickly. In all these things the same rules should be made

applicable—the owners should be guided by the same rules and they make similar construction and after these constructions are made the owners should be compelled to let them out to the erstwhile *bharatiyas* or tenants who were in occupation of these lands. So I would say that if this burden of work is divided or shared in this way by the State Government as well as by the owners of the land under a properly trained group and under the supervision of the Government, then the Government will be relieved of the extra burdens and the work will be hastened.

Now with regard to the other position of this Bill I would say that, if you think it to be a beneficial one, why do you restrict it in Calcutta? Why the benefit will be taken by the people of Calcutta alone? I would say that the slum areas are not only in Calcutta but also in other districts or in subdivisional towns of West Bengal where the age of each town is much older than Calcutta. I would say therefore that it will be optional on your part to extend the provisions of this Act to other cities or other towns. You make this provision obligatory to all the towns of municipal areas where there are slums. By the removal of the slums only the sanitary condition of the people of Calcutta shall not be improved. This may be one of the methods but this is not all. I would say that it is a better method. By this clearance you are trying to improve the surface of the earth but you know that there are silt and other obnoxious elements in the underground channels of Calcutta or the drains of Calcutta. There is no attempt to remove them. If you wish to improve the hygienic conditions, simultaneous work ought to have been done by clearing both the superficial places as well as the underground places. So, can you not make any provision in this Act for the clearance of the underground slums? According to the dictionary meaning, bustee means slums. You can do away with these two things simultaneously so as to improve the sanitary condition of Calcutta, because the declared object of this Bill is to improve the condition of the people. With regard to the owner of the huts there should be a discrimination, because there are some owners of the huts who generations ago invested money and employed labour to fill up the ditches and to make them habitable but there are other classes of persons who by recent purchase and by recent acquisition became the owner of the bustees and they have recently invested some money in the construction of houses. So in awarding compensation you should make a differentiation that is in the nature of income-tax on earned income and tax on unearned income. You may say that you may fix a period within which if money has been invested, this rate will be the compensation. If beyond this period some money or some improvement has been made, this will be rate of compensation and for longer periods the compensation should be nil.

In the case of lands I would again recommend or say that the value of these lands should be minimised to a greater extent and at the same time they should be given an alternative chance for improving their lands themselves under the supervision of the Government. Now again I would say that autonomous statutory bodies should have been constituted under the provisions of this Act, because as I have said already that the State Governments should not itself bear the entire burden for improving the sanitary condition of the people. They should contribute and for the purpose of this contribution and for the purpose of making necessary recommendations in the act of clearing the slums, there should be constituted local bodies and the local bodies of each town, of each municipality and so on should come forward to advise Government officials in the matter of improvement or the removal of the persons who dwell in the slum areas. In that case the evil intentions of this Bill will be minimised to a great extent and the people will be assured that something

good is being done for them and they are not being dragged away from their hearths and home without their desire and without a word of their representative who would be there to protect their interests.

[5—5-25 p.m.]

So, I say that there should be provision in this Bill for the constitution of autonomous bodies who will themselves make this Act a perfection or they will be merely a consultative body for the purpose of giving advice to the Government officials who will be in charge of the actual work. You know that we cannot depend on the Government officials, as at present constituted, because only in the recent past this Government has not been able to utilise the entire sum of Rs. 2 crores which had been given to this Government for building houses. For want of plans, for want of initiative and for want of able and efficient officials, this amount could not be fully utilised. Now, if this Bill is passed into an Act and if unlimited powers are taken under the Act, there will be greater misery—there will be more tears and toil—for the people and they will not be able to enjoy the benefits that are enumerated and that are expected from this Bill.

Now, I would speak on rent. It has been stated that the rent will be comparable with the existing rent—that is a very vague term. This thing cannot be settled by rules and in this Bill no provision has been made that these rules will have the sanction of this House or that they will be placed before this House for its approval. So, I would say that you must fix a ceiling for this comparable unit. I have suggested a ceiling in my amendment. I have said that the new rent shall not exceed by more than 10 per cent. of the existing rent. Of course, that is a mere suggestion. The economic factor and other considerations will have to be taken into account in determining this. So, the highest limit of the comparable unit must be fixed so that within that limit the future rents are to be settled.

Then I have suggested that the title of this Bill should be changed. The title of this Bill refers only to Calcutta. I think the provisions of this Bill should be extended to the whole of West Bengal and they should be applicable to all the towns of West Bengal. Therefore, the title of this Bill should be changed. Now, if this Bill is extended to Calcutta and to all other municipal areas of West Bengal, the question will arise as to which areas should be given preference and should be taken up first. Now, if the local people who will get the benefit are not to contribute anything, then there will be difficulty in making the choice. But if they are to contribute something for this improvement, then it will be all right, otherwise the entire cost will have to be borne by the Government and each district or each ward of Calcutta will fight with each other for being chosen first. Therefore, I should say that if you make contribution of money as a condition for getting this benefit, then this matter can be solved easily. Then I would speak about payment of compensation on a slab system and at the rate of 1946. I have not been able to find out the logic of taking the valuation of 1946. You know that the Supreme Court has very recently discouraged this valuation on the basis of an earlier date. So, I think the valuation should be according to the present market value or the average value for the last three or four years—this should determine the exact valuation of the locality.

Now, as to other systems, I would say that the owners of the land.....

Mr. Speaker: Which case of the Supreme Court have you in mind, Mr. Panda?

Sj. Basanta Kumar Panda: Bela Banerjee's case but, thereafter the Act has been amended.

The valuation may be fixed according to the December, 1957, rate or three years' average rate.

Lastly, I would say that in this Act there is no provision as to priority. For the purpose of determining priority a consultative body or an advisory body is necessary, otherwise some suspicion may be felt by honourable members on this side that it will be utilised for political purposes, for future elections. I am not so very greatly afraid of it, but still I would say that preference should not be given to any particular area or to any particular class of persons in the matter of choosing the site and selecting the priority. In each town and in each municipal area, therefore, there should be an advisory body and the Government should be bound by the advice of that body.

With these statements I would give a qualified support to this Bill.

[At this stage the House was adjourned for fifteen minutes.]

[After adjournment.]

[5-25—5-35 p.m.]

Janab Syed Badrudduja:

মাননীয় স্পীকার মহাশয়, বিরোধী দলের নেতৃবৃন্দ ও অন্য পক্ষের নেতারা, মাননীয় সভ্যরা বাংলা ভাষায় বক্তৃতা করছেন। আমিও এজন্য অন্য ভাষায় বলাটা ধৃষ্টতা মনে করি। বিলটা পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা করা হয়েছে। এদিকে বিরোধী দলের নেতারা এই বিল সম্বন্ধে সমস্ত বিশ্লেষণ করে দেখিয়েছেন। আমি গভর্নমেন্টের শুভেচ্ছা ও উদ্দেশ্যের প্রতি কোন ইঙ্গিত করতে চাই না। আমার সেই ধৃষ্টতা নেই। এই দুর্গত দুঃস্থদের কথা কেবল আমিই ভাবি, তাদের ব্যথার কথা কেবল আমিই চিন্তা করি, আর কেউ করে না, এই কথা আমি বলতে চাই না। তবে একটা কথা বার বার স্মরণ করিয়ে দেওয়া হয়েছে, সেইদিকে গভর্নমেন্ট বা সরকার বাহাদুরের দৃষ্টি আকর্ষণ করছি, আমার শ্রদ্ধেয় বন্ধু মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টিও এদিকে আকর্ষণ করছি। পরিকল্পনা অনেক নেওয়া যায়, অনেক বিল আনা যায়, কিন্তু সেই বিলকে কার্যকরী করতে গেলে যে অসুবিধা হয়—

আনা যায়, কিন্তু সেই বিলকে কার্যকরী করতে গেলে যে অসুবিধা হয়—যে অসুবিধা হয় সেদিকে লক্ষ্য করে তবেই কার্যে অগ্রসর হওয়া উচিত। অনেক সমস্যা সমাধান করতে গিয়ে গভর্নমেন্ট ব্যর্থ হয়েছেন। অনেক অনেক জটিল সমস্যার তাঁরা সমাধান করতে গিয়েছিলেন, পঞ্চবার্ষিক পরিকল্পনা কাজে পরিণত করতে গিয়ে বিস্তর অপব্যয় করেছেন, কোটি কোটি টাকার শ্রাদ্ধ করেছেন, কিন্তু যে অর্থের প্রয়োজন, যে সামর্থ্যের প্রয়োজন, যে রিসোরসেসএর প্রয়োজন তা গভর্নমেন্টের না থাকার জন্য পৃথিবীর বিভিন্ন দেশে যেয়ে ঋণ করতে বাধ্য হয়েছেন, হিমসিম খেয়েছেন। অনেক সমস্যা আছে, যদি অর্থ থাকত, শক্তি থাকত, সামর্থ্য থাকত, এই বিল কার্যে পরিণত করা সম্ভব হত। কিন্তু আড়াই কোটি টাকার, আমার বন্ধুরা দেখিয়েছেন, ১০০ বছর লাগবে সমস্ত বস্তিবাসীর সমস্যা সমাধান করতে। বন্ধুরা যে বাস্তব ও সঙ্গত মন্তব্য পেশ করেছেন, তদনুসারে বস্তীর উন্নয়ন করা উচিত। সেই সমস্ত বস্তী, যেগুলি ভাঙ্গা, একেবারে অপরিহার্য্য, যা নাকি না ভাঙ্গলে নূতন করে করা সম্ভব হবে না, সেগুলি নিশ্চয়ই ভেঙ্গে দেওয়া উচিত। এবং কিছু টাকা নূতন বাড়ী তৈরী করে তাদের অগ্রাধিকার দিয়ে, যে জায়গায় বস্তীবাড়ী আছে, যা নাকি অব্যবহার্য্য সেখানে কিছু নূতন ঘরবাড়ী করে তাদের বসবাসের বা পুনর্বাসনের যদি ব্যবস্থা করা যায় তাতে কোন আপত্তি নাই। কিন্তু হাজার হাজার বস্তী কেমন করে ভেঙ্গে দিয়ে

তার ব্যবস্থা করা যায় আমিত বুঝে উঠতে পারছি নে। গভর্নমেন্টের যে এবিষয়ে কোন রিসোর্সেস আছে তা আমরা জানি না। অন্ততঃ আমার চোখেতে পড়ে না। ওঁরা এত স্টাটিসটিকস আমাদের দিয়েছেন, তার পুনরাবৃত্তি আমি আর করতে চাই না। বন্ধু দেবেন সেন মহাশয় বলেছেন, তাঁদের যা কিছু পরিকল্পনা, যা কিছু প্ল্যান আছে তার সঙ্গে করে যদি দেখা যায়, পরীক্ষা করা যায় তাহলে দেখা যাবে বিরোধী দল যা কিছু মন্তব্য করেছেন, যা কিছু সংশোধনী এনেছেন তার সঙ্গে সম্পূর্ণ মিল রয়েছে গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া এ্যাক্টএর। কিন্তু জানি না, কেন এঁদের বিলের সঙ্গে মিল নাই; পশ্চিমবাংলা গভর্নমেন্টের কেন সেই সুমতি হল না। যে-সমস্ত জিনিস এঁদের সংশোধনীতে আছে, সেই অনুসারে যদি কার্য করে, বিলটা সেইভাবে রচনা করে, যদি এ্যাসেম্বলীর সামনে নিয়ে আসতেন তাহলে বিরোধী দলের বিরোধীতার কোন প্রয়োজনই হত না।

আমি কোন দলভুক্ত নই, এই বিল সম্বন্ধে আলোচনা করছি নির্বিকারভাবে, নিরপেক্ষভাবে যদি এই বিলের মধ্যে কোন জিনিস ভাল থাকত, এবং এই বিলের দ্বারা [illegible] মঙ্গল হত, কল্যাণ হত, নিশ্চয়ই সর্বান্তঃকরণে আমি এ-বিল সমর্থন করতাম। আজ মন্ত্রীমহাশয় যদি বুঝিয়ে দিতে পারেন যে এই বিলের উদ্দেশ্য ভাল, এর দ্বারা উপকার হবে, কার্যক্ষেত্রে [illegible] কল্যাণ সাধিত হবে, আমি তাহলে কোন প্রকার বিরোধীতা করব না। আমি তাঁকে অনুরোধ করব ধীর-স্থিরভাবে বিচার করতে, সকল দিক আলোচনা করতে, কারণ এ-সমস্যা অনেক কঠিন, এ-সমস্যা ব্যাপক, সুদূরপ্রসারী। এ টীচার্স স্ট্রাইক বা ব্যাঙ্ক স্ট্রাইকএর সমস্যা নয়। ২।৪ হাজার লোকের সমস্যা নয়, লক্ষ লক্ষ নরনারীর জীবন-মরণের সমস্যা, তাদের সামাজিক জীবনের সমস্যা—যা কিছু বলুন, ছোট ছোট সব শিল্প, মৃৎশিল্প, কুটীরশিল্প, হোটেল, দোকান ইত্যাদি, যা কিছু গড়ে উঠেছে তার ভিতর দিয়ে, তাদের যে সামাজিক জীবন গড়ে উঠেছে, তাদের স্নেহ দিয়ে, মমতা দিয়ে, প্রীতিভালবাসা দিয়ে, সৌজন্য দিয়ে, পরস্পরের মধ্যে একটা মিলনের মধ্য দিয়ে যা গড়ে উঠেছে তাকে ভেঙ্গে চুরমার করে কি তাদের সামাজিক জীবন ছিন্নভিন্ন করে দিতে চান? যদি আপনাদের কোটি কোটি টাকা থাকত, সামর্থ্য থাকত, যোগ্যতা থাকত তাহলে বুঝতাম ভাল নিশ্চয়ই করতে পারতেন। সেদিন রঞ্জেন সেন মহাশয়ের বক্তৃতা শুনে বলেছিলাম আমাদের বলবার আর কিছুই নাই। বার বার একই কথার পুনরাবৃত্তির কোন প্রয়োজন নাই। মুখ্যমন্ত্রী মহাশয় এখানে নাই, তাঁকে অনুরোধ করব, তাঁর বিরাট ব্যক্তিত্ব সম্বন্ধে, তাঁর বাস্তব দৃষ্টিভঙ্গীর সম্বন্ধে আমার শ্রদ্ধা আছে। তিনি অনেক সমস্যার সমাধান করে গিয়েছেন, নিজের প্রেস্টিজ বা পদমর্যাদার কথা ভাবেন নাই। যখনই জনমত বিক্ষুব্ধ হয়েছে, তখনই তিনি সেই জনমতের কাছে মাথা নত করেছেন। সেই জনমতের নামে তাঁকে অনুরোধ করব, বিনীতভাবে তাঁর কাছে বলব এই সমস্যার সমাধানের মধ্য দিয়ে পরিস্থিতিটাকে যেন বিষে জর্জরিত ও কলুষিত করে না তোলেন। আমি তাঁকে বলব, শুভবুদ্ধি প্রণোদিত হয়ে এই সমস্যা সমাধানের জন্য আপনি প্রস্তুত হোন। আমরা কাউকে প্ররোচনা দিই নাই। আমি কাল রিপন স্ট্রীটে গিয়েছিলাম, সেখানে জ্যোতি বসু মহাশয় ছিলেন, সোমনাথ লাহিড়ি প্রভৃতিও ছিলেন, সেখানে মৌলানা আবুল কালাম আজাদের মৃত্যুর পর ঐ সভা ডাকা হয়েছিল। তিনি ছিলেন সারা ভারতের মধ্যে একজন মনীষী ব্যক্তি, তাঁর প্রতিভা, তাঁর ত্যাগ ও তাঁর তিতিক্ষা সম্বন্ধে কারো দ্বিমত নাই, সেই সভায় সভাপতিত্ব করবার জন্য আমাকে ডেকেছিলেন হিন্দু-মুসলমান নির্বিশেষে। সকলেরই মনে একটা গভীর ভাবাবেগ এসেছিল। সেই সভায় যা দেখেছি, অবাক হয়ে গেছি সেখানে দেখেছি বিরোধীদের কোন প্ররোচনায় নয়, হাজারো মানুষ, ব্যথিত মানুষ, নিপীড়িত মানুষ, ক্ষুধিত মানুষ, সর্বহারা মানুষ দিশেহারা হয়ে ছুটে এসেছে, কারো কোন প্ররোচনার দরকার হয় নাই। যদি আমরা উত্তেজনার সৃষ্টি করে থাকি, গভর্নমেন্ট তাঁদের শুভ-বুদ্ধি দিয়ে, সদিচ্ছা দিয়ে, সৎকর্ম দিয়ে, আমাদের প্ররোচনাকে ভেঙ্গে চুরমার করে দিতে পারেন। মুখ্যমন্ত্রীই,—জালান সাহেব কিছু মনে করবেন না, মুখ্যমন্ত্রীই সকল সমস্যার সমাধান করতে পারেন, তিনি একজন এমন ব্যক্তি, যিনি নাকি সাইকোলজিক্যাল মোমেন্ট বুঝে কাজ করতে পারেন। তিনি একজন প্রকৃতই বড় মানুষ, সৎকর্মী, দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের সহকর্মী, জাতির অগ্রগামী জীবনের জীবন্ত প্রতীক, মানুষের মনকে তিনি আকৃষ্ট করতে পারেন,

এই সমস্যার সমাধান করতে গিয়ে বস্তী উচ্ছেদ না করে, বস্তীর উন্নয়ন করে দিতে পারেন, যে বাস্তব দৃষ্টিভঙ্গি এঁরা এনেছেন, এই বিরোধী দলের ত্যাগী নেতারা এনেছেন, সেই বাস্তব দৃষ্টিভঙ্গী দিয়ে, পরিচ্ছন্ন দৃষ্টিতে তিনি যদি বিবেচনা করেন, তাহলে আমাদের ভিতর থেকে কেউ কোন বাধা দেবেন না।

আমি অনেক সমস্যার কথা বলেছি, খাদ্য-সমস্যার কথা বলেছি, বেকার সমস্যার কথা বলেছি, এখন আমি আর একটি বিশেষ সমস্যার কথা যা অনেকবার বলেছি, এখন আবার বলতে বাধ্য হচ্ছি, সেটা হচ্ছে বাস্তুহারা সমস্যা। তারা হচ্ছে সেইসব দুর্ভাগা, যারা নাকি এই দেশেরই অধিবাসী। এই দেশেই তাদের বাড়ীঘর, ধনসম্পত্তি থাকা সত্ত্বেও নিজের বাড়ীতে বাস করতে পারছে না, নিজেরা উপভোগ করতে পারছে না, সমস্ত কিছু থেকে বঞ্চিত হয়ে যাযাবরের জীবন যাপন করছে, তাদের সমস্যার এবং এই বস্তিবাসীদের সমস্যার যদি সমাধান করে যেতে পারেন, তাদের নাকি প্রকৃত হিত যা তাই করে যেতে পারেন, তাহলে বাংলার ভবিষ্যত সম্ভাবনাকে উজ্জল করে তুলতে পারবেন, এই হাউসে তাহলে তাঁর নাম স্বর্ণাক্ষরে লেখা থাকবে। আমি তাঁকে কোন খোসামোদ করছি না, তাঁকে বলছি আপনি করতে পারেন ইচ্ছা করলে। কিন্তু বার বার সরকারকে বলছি জেদের বশবর্তী হয়ে যেন এমন কিছু না করেন যাতে বস্তিবাসীরা দুঃখ পায়। যারা বিক্ষুব্ধ, তাদের মত গ্রহণ করা হয় নাই, আমি বস্তিবাসীদের প্রতিনিধি নই, আমি কলকাতা কেন্দ্র থেকে আসি নি, আমি পল্লীকেন্দ্রের প্রতিনিধি। কিন্তু কলকাতায় যারা কাউন্সিলার, কংগ্রেসী বা অকংগ্রেসী সকলেই এই বিলের বিরোধীতা করেছেন, সুতরাং আর জনমত নেবার প্রয়োজন করে না। জনমত রয়েইছে। এই বিক্ষুব্ধ জনতার বিরুদ্ধে আপনারা দাঁড়াবেন না। প্রধানমন্ত্রীর কাছে অনুরোধ করব, সানুনয়ে তাঁকে জানাবো, নিবেদন করব, অনেক জটিল সমস্যা রয়েছে, সেই সমস্যার জটিলতা আর বাড়াবেন না। এই বিল প্রত্যাহার করুন, এবং উন্নয়নের যে প্রস্তাব পেশ করা হয়েছে, তার সম্বন্ধে বিবেচনা করে, যদি সম্ভব হয় এবং স্বার্থপ্রণোদিত না হয়ে থাকেন, তবে প্রেস্টিজএর কথা, পদমর্যাদার কথা ভুলে গিয়ে গরীবের দুঃখে, কাঙ্গাল-কাঙ্গালিনীর দুঃখে ব্যথিত হয়ে তাদের সেবা করুন। এবং তাদের সেবার জন্য এমন বিল আনুন যা সকল দলের লোক, দলাদলি ভুলে তাকে সমর্থন করতে পারবে। আমি আর কিছু বলতে চাই না, এখানেই আমার বক্তৃতা শেষ করলাম।

[5-35—5-45 p.m.]

Sj. Ganesh Ghosh:

সভাপতি মহাশয়, ক্যালকাটা স্লাম ক্লিয়ারেন্স বিল যেটা সিলেক্ট কমিটি থেকে এসেছে সে সম্পর্কে বিশদ আলোচনা হয়ে গেছে। আমরা আশা করেছিলাম সরকারপক্ষ থেকে আরও কয়েকজন বলবেন এবং এই বিলে বস্তিবাসীদের যথেষ্ট উন্নতি হবে, বস্তিবাসীদের বাসস্থানের অনেক ভাল ব্যবস্থা হবে সে সম্পর্কে আমাদের মনে যে আশংকা, যে সন্দেহ আছে, যে দ্বিধা আছে সেগুলি দূরে করে দেবেন, বোধ হয় সবার হয়ে মন্ত্রীমহাশয় জালান সাহেব সব কথাগুলিই আমাদের বলবেন। কিন্তু তার সম্বন্ধে বলতে হচ্ছে বলে আমি পুনরাবৃত্তি করবো না। আমি জালান সাহেবের জবাব পাবার জন্য কতকগুলি সমস্যা এখানে রাখবো এবং আশা করবো সে সম্বন্ধে আমাদের তিনি বুঝিয়ে দেবেন। প্রথমতঃ যে কথার জবাব এপর্যন্ত পাই নি, সিলেক্ট কমিটিতে পাই নি, আমি সেগুলি বলছি জালান সাহেবের কাছে। আশা করি তিনি জবাব দেবেন।

কি এমন টাকা আপনারা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাচ্ছেন? আপনাদের তো ঘাটতি বাজেট, টাকা নেই, কোন ভাল কাজেই তো টাকা খরচ করতে পারেন না। সোশ্যাল সার্ভিসএ যে-সমস্ত স্কীম আছে সেগুলিতে তো টাকা কেটে দিচ্ছেন। বস্তী উন্নতির জন্য কি টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাচ্ছেন, যার জন্য এক বিরাট বিস্তৃত স্কীম এই বিধানসভায় এনেছেন, যে-সমস্ত কলকাতার স্লাম, [illegible] কি হবে কি হবে না জানি না, আপনি বলবেন সবগুলি বস্তীকে ভেঙ্গেচুরে দিয়ে বস্তী বা স্লাম অধিবাসীদের বাসস্থান করবেন? এ বিলে যে কথা বলেছেন, আপনাদের উদ্দেশ্য কি আছে জানি না কিন্তু ১৯৪৮

সালে বাংলা সরকারের পক্ষ থেকে যে কমিটি হয়েছিল তারা এই যে কলকাতার সিকিভাগ জমি কি এ-ধরণের জমিতে যে ৪½ হাজার বস্তী আছে তাদের বাসস্থানের জন্য বাড়ী করতে কত টাকা লাগবে, তার কত টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাবেন, সে বিষয়ে আজ পর্যন্ত মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে শুনি নি কিংবা ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের কাছ থেকে শুনি নি। আমরা বার বার যে-কথা শুনেছি সেটা হচ্ছে দু-কোটি কয়েক লক্ষ টাকা কুমীরের বাচ্চার মত দেখিয়ে দেখিয়ে কলকাতার সারা বস্তীর উন্নতির কথা; এসব কথা দায়িত্বশীল সদস্যদের কাছ থেকে শুনেছি, আরও বলেছেন আমরা নাকি রাজনীতি আমদানী করছি, আমরা কেন বিরোধীতা করছি? এসব শুনে আমাদের সন্দেহ হচ্ছে এদের প্রিন্সিপল কোথায় গেল? দু-কোটি কয়েক লক্ষ টাকা দিয়ে আপনারা কি করতে পারবেন? ৫ই জানুয়ারী "স্টেটসম্যান"এ খবর বেরিয়েছে, দমদম রোডের কাছে ৩৬ লক্ষ টাকা দিয়ে বাড়ী করছেন। দিল্লী সরকারের কাছ থেকে ২৪ লক্ষ টাকা আর ১২ লক্ষ টাকা সাবাসাড, এ দিয়ে ১ কামরার ঘর তৈরী করে তাতে ৮০০ পরিবারের ব্যবস্থা করবেন। তাহলে আর যে কয়েক লক্ষ পরিবার আছে সেই পরিবারের কি হবে? অথচ কর্পোরেশনের যে উন্নতি করবার সুযোগ তা কেড়ে নিচ্ছেন। তার মানে কি বলতে চান? এ দু-কোটি টাকায় এবং পরের বছর কত পাবেন জানি না এবং তার পরের বছর কি পাবেন তাও জানি না, সমস্ত দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার দু-কোটি টাকার বেশি পাবেন বলে আমি শুনি নি, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কত পাবেন তা জানি না, ৪র্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কত পাবেন তাও জানি না, অথচ তা যদি সত্য হয় তাহলে কন্ট্রাডিক্ট করে বলুন। বিরোধী পক্ষের যে-সমস্ত দায়িত্বশীল সদস্য যে কথা বলে গেলেন আমাদের কেন তা বুঝিয়ে দিতে পারেন নি, অল্প সময়ে বেশী টাকা পাবেন এবং তা দিয়ে বস্তীর, কলকাতার বস্তীর উন্নতি করবেন, ভাল ব্যবস্থা করবেন, এ-কথা আমরা শুনি নি। সুতরাং তাই যদি হয় তাহলে কি ঐ দমদম রোড এবং বি, টি, রোডের মোড়ে একটা বস্তী হবে এবং তারপরে ৫ বছর অপেক্ষা করতে হবে, আবার ২ কোটি বা ১॥ কোটি টাকা পাবেন, টালিগঞ্জে একটা বাড়ী হবে, তারপরে আবার তৃতীয়-চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা পর্যন্ত অপেক্ষা করার পর ২ কোটি টাকা পাওয়া যাবে, আবার বেলেঘাটায় বাড়ী হবে—এমনি করে কি অপেক্ষা করতে হবে এবং এমনি করে কি বস্তীগুলি চলবে? কর্পোরেশন যেটুকু সুযোগ পেত তাও তুলে নেওয়া হবে, আর আমাদের বলা হচ্ছে কিনা কৈ এতদিন তোমাদের বিরোধী পক্ষের ত মনে পড়ে নি যে বস্তীর লোকেরা দুঃখকষ্টে আছেন। আমাদের কংগ্রেস সরকার তাদের একটু ভাল করতে যাচ্ছে আর তোমরা এতে বাধা দিচ্ছ। এগুলি কি দায়িত্বশীল উক্তি, এগুলি কি গভীরভাবে চিন্তা করে বলা হয়েছে? কিন্তু যাদের মুখ থেকে শুনেছি, তাঁরা সমাজের দায়িত্বশীল পদে আছেন। জালান সাহেব আমাদের বুঝিয়ে দিন যে, সত্য সত্যই আগামী ৫ বছরের মধ্যে কোলকাতার সমস্ত বস্তিবাসীদের জন্য তিনি পাকা দালানের ব্যবস্থা করবেন। তা যদি বলতে পারেন তাহলে আমরা আপনাদের সঙ্গে আছি। আপনারা বলুন যে আগামী ৫ কি ১০ বছরের মধ্যে আপনারা সমস্ত বস্তিবাসীদের জন্য পাকা দালান-বাড়ীর ব্যবস্থা করবেন, তা যদি বলতে পারেন তাহলে আমরা সকলে বঙ্কিমবাবুর পেছনে পেছনে গিয়ে বস্তীর লোকদের সে-কথা বুঝিয়ে বলতে পারি। আর তা যদি না করতে পারেন তাহলে আমাদের সমস্যাগুলি শুনুন। যাঁরা বস্তীতে বাস করেন, তাঁদের মনে যে সন্দেহ, যে আশঙ্কা, যে বিক্ষোভ, যে ভয় আছে সেগুলি শুনুন, তার জবাব দিন, তাঁদের সেই বিক্ষোভ, সন্দেহ দূর করে দিন। বস্তীর উন্নতি হোক এটা যিনি চান না, তিনি হচ্ছেন ডাঃ বিধানচন্দ্র রায়, এ-পক্ষের কেউ নেই যিনি বস্তীর উন্নতি চান না, মঙ্গল চান না, কল্যাণ চান না। এ-পক্ষের যাঁরা আছেন তাঁরা বস্তীর সঙ্গে জড়িত, তাঁরা কখনও এ-কথা মনে করেন না যে বস্তীর মধ্যে কেবল সুরার ব্যবস্থা আছে, বস্তীর মধ্যে গুণ্ডারা বাস করে, বস্তীর মধ্যে অন্যায় কাজ হয়। আমরা জানি যে বস্তীর মধ্যে যাঁরা সাধারণ মানুষ আছেন, তাঁদেরদ বেশীর ভাগ গরীব হতে পারেন কিন্তু তাঁরা সৎ মানুষ, তাঁরা অনেক ভাল মানুষ, তাঁরা খেটে খান, তাঁরা মুনাফাগিরি করেন না, ব্লাক-মার্কেটিং করেন না। অবশ্য কেউ কেউ কি আর করেন না, তবে তাঁরা ঠকান না, চুরি-জোচ্চুরী করেন না। সুতরাং বস্তীর মঙ্গল, কল্যাণ হোক এটা ওদিকের লোকদের চেয়ে এদিকে

যাঁরা বসে আছেন, তাঁরা অনেক বেশী চান। আজকে বুঝিয়ে দিতে হবে জনসাধারণকে যে, স্লাম ক্লিয়ারেন্স এবং রিহ্যাবিলিটেশন অফ স্লাম ডোয়েলার্স বিলের দ্বারা স্লামের উন্নতি হবে, তারপরে বলবেন যে, এতে বিরোধীপক্ষেরা বাধা দিচ্ছে। তা যদি না হয় তাহলে আমি বলি যে এই বিলের দ্বারা স্লামকে পার্পিচুয়েট করা হবে, এই বিল যদি কার্যে পরিণত হয় তাহলে কোলকাতার স্লামগুলি চিরস্থায়ী হবে, অন্ততঃ ৪০ বছরের জন্য স্থায়ী হবে। কাজেই আমাদের সাথে আসুন এই বিলে বাধা দিন। যদি আপনারা সত্যই [illegible] কল্যাণ, মঙ্গল চান, তাহলে এমনি করে সমালোচনা করুন, এমনি করে মুখ্যমন্ত্রী ডাঃ রায় এবং জালান সাহেবকে বুঝান যে এই বিলটা তৈরী করার সময় যে চিন্তা দেওয়া হয়েছিল তার থেকে অনেক বেশী চিন্তা করতে হবে, কারণ সেই সমস্যা সমস্ত আমাদের মাথা এড়িয়ে গেছে, সেই সমস্ত সমস্যা ওঁদের দৃষ্টিভঙ্গী থেকে সরে গেছে।

[5-45—5-55 p.m.]

আমাদের বুঝিয়ে দিন, পাকা দালান-বাড়ীতে তাদের ব্যবসা করার সুযোগ দিতে পারবেন কি? ওয়ান-রুম টেনিমেন্টএ তাদের বুক বাইন্ডিংএর ব্যবস্থা করে দেবেন কি? উত্তর কলিকাতায় যারা ঠাকুর তৈরী করে তাদের ঠাকুর তৈরী করার ব্যবস্থা করে দেবেন। আমাদের বুঝিয়ে দিন, যারা শিল্প করে তামা, কাঁসা, পিতলের শিল্প করে, আপনার ওয়ান-রুম টেনিমেন্টএ দমদম রোড, বি, টি, রোডএর জংশন তাদের সেই তামা, পিতল, কাঁসার ব্যবসা করার সুযোগ করে দেবেন? যদি বুঝিয়ে দিতে পারেন তাহলে আমরা আপনাদের সাথে আছি। আর যদি না বুঝিয়ে দিতে পারেন তাহলে বলে দিন যে তাদের বস্তী যখন ভাঙ্গবেন তারা কোথায় যাবে? কিভাবে তারা জীবিকা উপার্জন করবে? বুঝিয়ে দিন, আমরা নিশ্চয় বুঝতে রাজী আছি। সব বস্তী কি ভাঙ্গা হবে? বিরোধীপক্ষরা শুধু শুধু আতঙ্কের সৃষ্টি করছে। যে মুহূর্তে বলা হ'ল অমুক বস্তীতে এই জিনিস আছে, অমনি বলা হল ঐ বস্তী ভাঙ্গা হবে না। তাহলে ভাঙ্গা হবে কোন বস্তী? যেটা নাম করে বলা হয় সেইটা ভাঙ্গা হবে না অথচ বস্তী ভাঙ্গা হবে। জালান সাহেব কি বুঝিয়ে দেবেন কোনটা ভাঙ্গা হবে? যেটা অত্যন্ত খারাপ, যেটা আনহাইজিনিক সেটা ভাঙ্গা হবে। এই সিদ্ধান্ত করবে কে? আমরা প্রথম থেকে বলে আসছি, সেজন্য একটা বোর্ড করুন। ডাঃ রায় এটা স্বীকার করেছেন যে, উন্নতি করা উচিত। বোর্ড করলে বাধা হবে, তবে বোর্ড করলে খানিকটা হয়ত ভাল হত, এটা উনি স্বীকার করেন কিন্তু বাধা হবে বলে উনি করেন না। কিন্তু আমি জিজ্ঞাসা করি বাধাটা হবে কোথায়? যে বিল আনা হয়েছে যদি ডাঃ বিধানচন্দ্র রায় এটাকে আরও গুরুত্ব দিয়ে বিবেচনা করতেন তাহলে অনেকগুলি সমস্যা তার চক্ষে পড়তো। তাহলে এই আইনটা এইভাবে আসত না, এটা আমরা বিশ্বাস করি। কেন আপনারা মনে করেন বিরোধী পক্ষরা সব সময় বাধা দেবে? কেন আপনারা মনে করেন বিরোধী পক্ষরা বস্তীগুলিকে পার্পিচুয়েট করতে চায়? পার্পিচুয়েটতো আপনারা করতে চান। তাহলে ক এইরকম বিল আসে? আমরা চাই বস্তীগুলির উন্নতি হউক। আমরা চাই [illegible] জীবনে আমূল পরিবর্তন হউক। সেইজন্যই আমরা যে স্কীম দিয়েছি সেগুলি আপনারা চিন্তা করতে চান না। কি করতে পারেন আপনারা,—যে কথা আমি একটু আগে বললাম। দুই কোটি টাকা বার বার করে দেখাচ্ছেন। তা দিয়ে কিছুই হবে না। যদি বস্তিবাসীদের উন্নতি করতে চান, শুধু দমদম রোড, বি, টি, রোডএর জংশনএ বাড়ী না করে কিংবা সুদূর ভবিষ্যতে টালিগঞ্জে বাড়ী করবেন, সেই স্কীম না দেখিয়ে, কিংবা কোন চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বেলেঘাটায় বাড়ী করা হবে, এ-কথা না বলে আমাদের কথাগুলি বিবেচনা করুন। আপনারা বাড়ী করুন। যদি ফাঁকা জায়গায় আপনারা বাড়ী করেন, সেখানে যদি ভাড়া খুব কম হয় তাহলে নিশ্চয়ই বস্তী থেকে উঠে যাবে। কেন তারা ভাড়া দিয়ে বস্তীতে থেকে কষ্ট করবে? আপনার দালান-বাড়ী যদি সস্তায় হয় তাহলে তারা থাকবে। বহু ভাড়াটিয়া উঠে যাবে, তাহলে বস্তীর কনজেশন কমবে, বস্তীতে যে ডেনসিটি অফ পপুলেশন আছে সেটা কমবে। কিছুটা বাড়ীঘর তখন আপনাতেই ভেঙ্গে যাবে। কিছুটা স্লাম ক্লিয়ারেন্স তখন এমনিতেই হবে। তারপর, যারা বাড়ী তৈরী করতে পারে,—বস্তীতে এমন

বহু লোক আছে অনুমানে ধরুন শতকরা যদি ৫ জন হয়, তারা পাকা-বাড়ী তৈরী করতে পারে, তাদের উপর নির্ভর করুন। এই শতকরা ৫ জনও যদি বড় করে পাকা-বাড়ী বানাতে পারে, ভাড়াটিয়া রাখতে পারে, তাহলে আজকের গরীব ভাড়াটিয়ারা, যে বস্তী আপনি হয়ত নর্থ-ক্যালকাটাতে, সাউথ-ক্যালকাটাতে একটা বাড়ী করবেন আর বেলেঘাটায় একটা বাড়ী করবেন, আর সবতো থেকে যাবে। বৌবাজারে বস্তীগুলি থেকে যাবে। যা এসেছে সম্প্রতি সিলেক্ট কমিটি থেকে ১ মাইলের, আপনি বলেছেন রিহ্যাবিলিটেশন দেবেন অল্টারনেটিভ এ্যাকোমোডেশন। আমি খুব বিনীতভাবে বলছি, একটা ভাল কথা খুঁজে পাচ্ছি না বলে আমার ভাষাটা মার্জনা করবেন। আমার ইচ্ছা নয় তবুও বলছি, ধাপ্পাবাজী ছাড়া কিছু নয়। কারণ সমস্ত কলকাতার মধ্যে যত বস্তী আছে তাদের অল্টারনেটিভ এ্যাকোমোডেশন এক মাইলের মধ্যে দিতে পারা যাবে কি? আমাকে বুঝিয়ে দিন, আমি বুঝতে রাজী আছি। কিন্তু তা দিতে পারা যাবে না। কারণ, এক মাইলের মধ্যে এমন কোন ফাঁকা জায়গা নাই, যদি ওয়েলিংটন স্কোয়ারএ বাড়ী করা না হয়। কিংবা যদি সেন্ট্রাল এ্যাভেনিউটা ভেঙ্গে যদি বাড়ী করা নাহয়। জালান সাহেবের ওয়ান-রুম টেনিমেন্ট না করা হয় তাহলে এক মাইলের মধ্যে কি কোরে আপনি দেবেন? এক মাইলের মধ্যে আপনি দিতে পারবেন না তাহলে সে বস্তীগুলি আপনি ভাঙ্গতে পারবেন না। এইতো আপনার কমিটমেন্ট আপনার এই বিলে। অল্টারনেটিভ এ্যাকোমোডেশন উইদিন ওয়ান মাইল না দিয়ে আপনি তাদের উচ্ছেদ করতে পারবেন না। সুতরাং বস্তী পার্পিচুয়েট করছে কে? স্পীকারমহাশয়, আপনার মাধ্যমে অতি বিনীতভাবে ঐ পক্ষের অত্যন্ত দায়িত্বসম্পন্ন সভ্য শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র কর মহাশয়কে জিজ্ঞাসা করছি, তিনি আমাদের বুঝিয়ে দিন, বস্তী পার্পিচুয়েট করছে কে? আমরা তো বলছি আজই বস্তী ভাঙ্গুন, আজই বস্তিবাসীদের ভাল থাকবার ব্যবস্থা করে দিন। কি কোরে করবেন তার স্কীম আমরা বলে দিচ্ছি, সেটা বিবেচনা করুন। কেন আপনারা টেন্যান্সি রাইট পার্মানেন্টলি দিতে ঠিকা-প্রজাদের আপত্তি করেন, সেটা আমি বুঝতে পারি না। এটা রাগের কথা ছাড়া অর কিছু নয়। কি রাগ, না তারা বড় শোষণ করে। ৫ টাকা জমিদারের কাছ থেকে খাজনা দিয়ে জমি নিয়ে তারা ৩৫ টাকা উপার্জন করে, এরা অত্যন্ত শোষণকারী। কথাটা কি হাসবার নয়? তাদের কেন পার্মানেন্ট টেন্যান্সি রাইট দেবো? তাদের দেবো কেন? মুদ্রাকে কোটি কোটি টাকা ধার দেবো। এবং যারা ধার দেয় তারা আজও সরকারী চাকুরীতে বহাল তবিয়তে বসে আছে। সেটা দিলে দোষ হয় না। যত দোষ হয় এই যারা ঠিকা-প্রজা তাদের বেলায়।

আরেকটা কথা আমি জালান সাহেব এবং মুখ্যমন্ত্রীর কাছে বিনীতভাবে রাখছি। আপনারা জমিদারী নিয়ে কৃষকদেরতো বিনা পয়সায় জমি দেবেন বলেছেন। তার মধ্যে তো বড় কৃষক, গরীব কৃষক, মধ্য কৃষক আছে, সেখানে যদি দরাজ হাতে জমি দিতে পারেন—অবশ্য জমি মোটেই নেই বলেই দিতে পেরেছেন। অন্ততঃ আপনারা প্রকাশ্যে ঘোষণা করেছেন যে, বিনা মূল্যে জমি দেবো, এরাওতো গরীব মানুষ। আপনার রিপোর্টএ সেদিন ডাঃ রণেন সেন বলেছেন যে, তারা সাধারণতঃ মাসে যা উপায় করে তা অতি সামান্য। তা দুই অঙ্কের কম, তাদের কেন আপনারা পার্মানেন্ট টেন্যান্সি রাইট দিতে চান না? এই রাইট দিলে বস্তীর অন্ততঃ ৫ জনও পাকা-বাড়ী করতে পারে। সেখানে অন্ততঃ টিউব-ওয়েল তাদের নিজের খরচায় আনতে পারে। সার্বজনীন চাঁদা তুলে হয়ত পাকা ড্রেন হতে পারে। আপনি যা করছেন করুন, তাতে আপত্তি নেই কিন্তু তাদের দিক থেকেও তো কিছু হতে পারে? আমরা বলি তাদের মধ্যে যারা গরীব তাদের কিছু টাকা ধার দিন। লং টার্মএ, অল্প সুদে তাদের টাকা ধার দিন। তাহলে আরও ১০ পার্সেন্ট লোক কিংবা ১৫ পার্সেন্ট লোক আরও বেশী বাড়ী তৈরী করতে পারে। আপনি হয়ত বলবেন তারা টাকা নিয়ে পালিয়ে যাবে। যাবে কেন? পার্মানেন্ট টেন্যান্সি রাইট পেলে সেই জমির উপরেই সে থাকবে। ৬০।৭০ বছর সে সেই জমির উপরে বাস করে এসেছে। লো-ইনকাম গ্রুপ হাউসিংতো অনেক টাকা ধার দিচ্ছেন। যদি এদের ধার দেন তাহলে নিশ্চয়ই অনেক পাকা-বাড়ী হবে। আপনারা যে খুই কোটি টাকা বার বার দেখাচ্ছেন, তা দিয়ে কেবল বাড়ী না তৈরী করে যদি কিছু আলোর

জন্য খরচ করে, কিছু স্যানিটারি কমিউনিটি ল্যাট্রিন করার জন্য খরচ করেন, বস্তীর ভিতরে রাস্তা তৈরী করবার জন্য খরচ করেন, এবং কিছু টাকা দিয়ে বাড়ীও তৈরী করেন তাহলে তো কিছুটা উন্নতি হতে পারে। আমরা শুধু বিরোধিতার জন্যই বিরোধিতা করছি না। শুধু এইটুকু নিবেদন করছি, আমাদের কথাগুলি আপনারা বিবেচনা করুন। আপনারা যা করছেন তা বহু বছর লাগবে, ততদিন কি বস্তিবাসীরা দুঃখ ভোগ করবে? কেন করবে? আপনারা আমাদের বুঝিয়ে দিন যে, বস্তিবাসীদের উপর মোটেই আমাদের দরদ নেই? আমরা কাদের ইউটিলাইজ করতে চাই রাজনৈতিক কারণে। আপনারা বলবেন টাকা পাব কোথা থেকে? সেন্ট্রাল গভর্নমেন্টের মন্ত্রীরাই তো সেই সাজেসশন দিয়েছেন। আমাদের কোন কথা আপনাদের নিতে ইচ্ছা করেন না। শ্রীযুক্তা মনিকুন্তলা সেন একটা বিল এনেছেন তাও আপনারা নেবেন না। আপনারা নিজেরা বিল নাকি নিজেদের নামে আনবেন। তা আসুন, ক্রেডিট আনপারা নিন, আমাদের আপত্তি নাই। আমরা যখন ক্ষমতা পাব তখন আমরা দেখিয়ে দেবো, কেরালাস্থ কি করেছি, বাংলাদেশে করা যায় কি না? আপনাদের সেন্ট্রাল গভর্নমেন্ট মন্ত্রী হাউসিং সম্বন্ধে সাজেসশন দিয়েছেন—

In the light of the considerations mentioned above, it is proposed to set up a Housing Corporation.

[5-55—6-5 p.m.]

আমাদের আজকে সন্দেহ হচ্ছে, ডঃ রায়ের কাছে এ-কথা বলছি। বিলের মধ্যে কোথাও তা নাই, যে কথাটা জালান সাহেব ঢুকিয়েছিলেন। আমরা উন্নতি করবো, বাড়ী করবো, দরকার হলে প্রাইভেট বডিজগুলিকে দেবো। আমাদের সন্দেহ ছিল যে, সত্যি সত্যি হয়ত বাঙ্গুর কোম্পানী কিংবা এইরকম কোন কোম্পানী কোন আনস্ক্রুপুলাস প্রফিট-মেকিং অরগানাইজেশনএর হাতে দেওয়া হবে। তাঁরা বহু টাকা কন্ট্রাক্ট হিসেবে দেবেন, বহু টাকা সরকার অপব্যবহার করবেন। আমরা সত্যিই খুব আতঙ্কিত হয়েছিলাম। তবে ধন্যবাদ তাঁদের, তাঁরা আমাদের আতঙ্ককে গুরুত্ব দিয়ে বিবেচনা করে বদলে দিয়েছেন। যে স্কীম কেন্দ্রীয় সরকারের মন্ত্রী দিয়েছেন, টাকা পাওয়ার জন্য প্রাইভেট সেক্টর টাকা নিতে পারবেন, ব্যাঙ্কস থেকে নিতে পারবেন, ইনভেস্টিং কোম্পানীজ থেকে নিতে পারবেন, ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশনস থেকে নিতে পারবেন, লাইফ ইন্সিওরেন্স কোম্পানীজ, এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ড এ্যাকাউন্ট প্রভৃতি থেকে নিতে পারবেন। এইরকমভাবে যদি বাড়ী তৈরী করবার সুযোগ দেন, তাহলে দেয়ার উইল বি ভেরি গুড স্কোপ ফর ইনভেস্টমেন্ট। তবে ইনভেস্টমেন্ট করবার ভাল সুযোগ হবে। এটা আপনারা যোগাড় করে দেন। আপনারা একরকমে উন্নতি করতে চাচ্ছেন। বস্তিবাসীকেও করতে ইনসিয়েটিভ দেন, কর্পোরেশনকেও ইনিসিয়েটিভ দেন। এইরকমে যদি ৩টী লাইনে উন্নতির চেষ্টা করা হয়, তাহলে বস্তীর চেহারা দশ বছরে খানিকটা বদলাবে। তাতে আপনাদের আপত্তি কি? কেন এ-সম্বন্ধে চিন্তা করেন না? কেন এদিকে ভাবছেন না? ইনডিভিজুয়াল ইনিসিয়েটিভ নিয়ে বস্তীর উন্নতি করতে পারে। তাতে কেন এত আপত্তি? কেন বস্তিবাসীদের টেনান্সি রাইট দিচ্ছেন না? ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে কেন করতে দিচ্ছেন না? তার সঙ্গে সিমেন্ট-স্টীল প্রভৃতির ব্যবস্থা করে দেন, তাহলে নিশ্চয়ই বস্তীতে ভাল ভাল বাড়ী তৈরী হয়ে যাবে। বড় লোকেরাও বড় বড় বাড়ী তৈরী করে আপনাদের সাহায্য করতে পারবে। ভাড়াটেরাও আপনাদের সাহায্য করতে পারবে। ভাড়াও বাড়বে না।

তারপর হচ্ছে, আপনারা কি সর্তে বাড়ী-ভাড়া দেবেন, তা বলছেন না। বলছেন কমপেয়ারেবল রেন্ট, এটা সন্দেহজনক কথা। কমপেয়ারেবল রেন্ট কি? আপনাদেরই রিপোর্ট থেকে বলছি ৮ টাকা ৯১ নয়া পয়সা হচ্ছে এ্যাভারেজ ভাড়া। এটা ঠিক নয়। এর দ্বিগুণ হলে ১৬ টাকার উপর হয়ে যায়, তাও হতে পারে না।

স্পীকার মহাশয়, আপনাকে দেখিয়ে দিচ্ছি এতে এত সব কিছু অজানা রয়েছে যে, ইচ্ছা থাকলেও অনেকে বিলকে সমর্থন করতে পারছে না। কারণ সন্দেহ আছে। এই সন্দেহ

নিরসন করে দেখুন; আমরা বিলকে গুরুত্ব দিয়ে বিবেচনা করবো। এই ধরুন, ৫ নম্বর ক্লজ, তারপর ৬ নম্বর ক্লজ। প্রথম আছে স্ট্রাকচার ডিমোলিশন বিষয়ে—
Demolition of all huts and structures therein and to erect thereon buildings according to such plan as may be approved by it.
সেটা তো ভবিষ্যতের কথা হয়ে গেল।

দু নম্বর—
as may be determined by the State Government.
এটাও ভবিষ্যতের ব্যাপার।

তারপর ৩ নম্বর—এ্যাজ মে বি প্রেসক্রাইবড; ৪ নম্বরও তাই—এ্যাজ মে বি প্রেসক্রাইবড; ৫ নম্বর—এ্যাজ ইট থিংকস ফিট; ৬ নম্বর—এ্যাজ মে বি প্রেসক্রাইবড; এসবই তো আনসার্টেন রয়ে যাচ্ছে, সবটাই ভবিষ্যতের গর্ভে নিহিত রয়েছে। এই কথাগুলি দেখুন—
To be determined by the Government to be ascertained by the Government to be approved by the Government.
সুতরাং এই অবস্থাতে আমরা কি করে বুঝবো সত্যি এতে বস্তিবাসীর মঙ্গল হবে? আমাদের সত্যিই ভয় হচ্ছে যে, এই বিল আপনারা করে বস্তী ভাঙবেন এবং সেই বস্তিগুলি যে-কোন্ বস্তী তা জানি না, সেটা বিলে থাকা উচিত।

The Hon'ble Iswar Das Jalan: Is it to be mentioned in the Bill?

Sj. Canesh Chosh: Of course, it is to be mentioned in the Bill.
তা বলতে হবে। একটা বোর্ড হবে, সেই বোর্ড ডিটারমাইন করবে কোন বস্তী আনহাইজিনিক সেটা ভেঙ্গে সেই বস্তীর ইম্প্রুভমেন্ট করতে হবে; এইসব কিছু বিলে না দিয়ে আমাদের কাছ থেকে আশা করেন কি করে যে আমরা আপনাদের একটা বস্তী ভাঙবার ক্ষমতা দেব? একটা বোর্ড গঠন করতে আপনাদের অসুবিধা কি? আমরা বিরোধী পক্ষের কেউই বস্তী ইম্প্রুভমেন্টএর বিরোধী নই। আমরা কেউই বস্তীগুলি পার্পিচুয়েট করতে চাই না। অবশ্য অনেকে ভুল বুঝে বিলকে প্রশংসা করে গেছেন। একটা বোর্ড করে আপনারা সেই বোর্ডের উপর সকল দায়িত্ব দেন। তাঁরা একটা স্কীম করে দিন, যেভাবে গভর্নমেন্ট ইম্প্রুভ করতে চান। সেটা ইন্ডিভিজুয়াল ইনিসিয়েটিভ-ই হোক, আর কালেক্টিভ ইনিসিয়েটিভ-ই হোক, আপনারা বস্তীর উন্নতি করুন। আবার আমরা কো-অপারেটিভ-এর কথা এই প্রসঙ্গে শুনছি। তাদেরও নিবেন। সেটা বিলের মধ্যে রাখতে সঙ্কোচ কেন? বিলে সেটা বলে দিন। তা না হলে যে কথাগুলো বলছেন, তা আনসার্টেন থেকে যায়, অজানা থেকে যায়। তাই এই অবস্থাতে আমাদের সাজেসশন হচ্ছে যদি সবদিক দিয়ে বস্তীর এবং বস্তিবাসীর উন্নতি করতে চান, তাহলে কাউকেই এ ব্যাপারে সাহায্য করতে বাধা দেবেন না, কোন ইনস্টিটিউশনেরই ক্ষমতা কেড়ে নেবেন না। কর্পোরেশন করুক, ইম্প্রুভমেন্ট ট্রাস্ট করুক, গভর্নমেন্টও করুক এবং তার সঙ্গে বস্তিবাসীদেরও করবার জন্য কিছু ভার দিন। কিছু টাকা বস্তিবাসীদের দেন, আপনারাও কিছু টাকা খরচ করুন, অন্যকেও কিছু টাকা দিয়ে বাড়ী তৈরী করান। সবদিক দিয়ে যদি একটা মিলিত প্রচেষ্টা হয়, তাহলে নিশ্চয়ই বস্তিবাসীর উন্নতি হবে। তা না হলে আমাদের মনে একটা সন্দেহ থেকে যায়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
শুধু কি একটা সন্দেহ? না, না.....

Sj. Canesh Chosh:
অনেকগুলো সন্দেহ আছে। ওগুলো আপনাদের জিদের কথা। আপনারা সত্যি সত্যি বস্তিগুলির উন্নতি চান না বলেই আমাদের ধারণা। সেইজন্যই সন্দেহ হচ্ছে। কিছু বস্তি ভাঙবেন, বোর্ড করছেন না। কিছু লোক কলকাতার বাইরে চলে যাক এটাই যেন আপনারা চান। কত ভাড়া ঐ নূতন বাড়ীতে দিতে হবে, তাও ঠিক বলছেন না। সেইজন্য আপনাদের সমগ্র ব্যাপারটা রিকন্সিডারেশনের জন্য বলছি। এটা সত্যি নয় যে, সবাইকে

কলকাতায় বাড়ী দেবেন, সবাইকে বাইরে পাঠিয়ে দিচ্ছেন না।' তা না হলে আর এই অল্টারনেটিভ এ্যাকোমোডেশনের কথা বলতেন না। ভাড়া কত হবে বললেন না। কোন্ বস্তি প্রথমে ভাঙ্গতে হবে, কোন্ বস্তি ভাঙ্গা হবে না, সেটও প্রিসাইজলি বললেন না। যে কথা বার বার বলা হচ্ছে যে, কলকাতায় বহু লোক বেড়ে গেছে। ডাঃ রায় হয়ত ভুলে গেছেন, আপনাদের রিপোর্ট থেকেই সেটা পড়ে দিচ্ছি, দি পপুলেশন অফ ক্যালকাটা কতটা বেড়েছে। এদিকে শ্রীবিজয়সিং নাহার ও বঙ্কিম করের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি। ডাঃ রায়ের ও জালান সাহেবের দৃষ্টিও আকর্ষণ করছি। তাঁরা দয়া করে বুঝিয়ে দিন, এইরকম সন্দেহ থাকার জন্য যদি আমরা সমালোচনা করি, তাহলে কি রাজনীতি আনা হয়? আমরা যদি কোন কোন বিষয়ের ক্লারিফিকেশন চাই, তাহলে সেটা কি অপোজিশন ফর অপোজিশন হয়? এ-কথাগুলো তাঁরা আমাদের বুঝিয়ে দিন। কোন্ বস্তি ভাঙ্গা হবে, ত বলবেন না; কত ভাড়া হবে, ত বলবেন না; উভয় পক্ষের সদস্যদের নিয়ে একটা হাউসিং বোর্ড গঠন করবার কথা বলেছিলাম। কর্পোরেশনকে দিয়ে করাবার জন্য বলেছিলাম। এইসব সাজেস্ট আমরা করেছি। এসব কিছুই না করে শুধু নিজেদের হাতেই সব রেখে দেবেন! তাহলে কি হয়, বুঝিয়ে দিন? গভর্নমেন্ট বললেন—

The population of Calcutta has increased by really twofolds within ten years. It is not possible to expand the amenities of the city to meet this emergency.

সত্যি কথা, মিট করা যায় না। কিন্তু কেন আজ তারা বিক্ষুব্ধ? তাদের জল নাই, আলো নাই—তারা সবচেয়ে বেশী ট্যাক্স দিয়ে জল পায় না, আলো পায় না। সেইজন্য আজ তারা বিক্ষুব্ধ, অশান্ত। সুতরাং এই অবস্থায় সরকার যদি মনে করেন—

it is now essential to draw a part of the population of Calcutta

এই যদি তাদের মনের কথা হয়, তাহলে তাদের মনে সন্দেহ লাগাটা, যে কথা অনেকেই বলেছেন, সেটা কি ভুল হবে? আমরা মনে করি, বস্তিবাসীর স্বার্থে নয়, বড়ীওয়ালা ও ভাড়াটিয়ার স্বার্থেই এটা করা হচ্ছে। এইজন্য এই সন্দেহ যা আমাদের মনে আছে, আশা করি, তার নিরসন করবেন। আপনি এখানে পরিস্কার করে বলুন যে, সত্যিই বস্তির উন্নতি করতে গিয়ে বস্তি যাতে পার্পিচুয়েট না হয় তার জন্য বিবেচনা করবেন, চিন্তা করবেন।

[6-5—6-15 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I have heard as carefully as I could the remarks made by various persons, particularly on the opposite side. They have attempted to create a miasma which gives a foggy impression of the provisions of the Bill. My friend says—

আমাকে বুঝিয়ে দিন। কিন্তু বুঝাবো কি করে। ওদের কান যে হবসের তালা-চাবি দিয়ে বন্ধ—বুঝাবো কি করে?

We have discussed it in the Select Committee, we have discussed times without number privately when he came to me with various problems. When he discusses with me his appearance and his talks seem to indicate that he has understood what I have said, but when he talks here it is a different thing altogether. Therefore, so far as I am concerned,

শিবের অসাধ্য বলে মনে করি।

Sir, let me try those minds which have still some open space for my information to go there. This great concern for the bustee owners never expressed itself within the last 30 years. It was in 1924 when Deshbandhu Chitta Ranjan Das made an appeal as the first Mayor of Calcutta that the bustee should be cleaned. Various times, even when I happened to be there —my friend Shri Badrudduja was there and other friends were there—we have attempted in our small way to do something for the bustee area. It is not a new problem. It is a problem which every person should be interested in. It is a problem the existence of which makes sometimes a man's head hang down in shame, because a big city like Calcutta cannot attend to this particular problem. It is not that no attempt is being made to that. When I happened to be the Mayor, I tried and attempted to connect the bustee

areas with the sewer. I pointed out to my friends in the Corporation that the total cost of connecting them with the main sewer would be about Rs. 10 lakhs, and I pointed out that the total cost of removal of the night soil through sweepers would be about Rs. 3 lakhs a year to the Corporation, so that it was a very good proposition that the connection should be made with the sewer. Do you think I could carry it? It is true that we had a fairly large majority of the Congress but Congressmen or no Congressmen they were interested more with their private purse—they were the bustee owners.

Sir, it is very difficult under the provisions of the Corporation Act to fix the liability on any particular individual. What happens in a particular area is, a man has got, say, 10 bighas of land. He probably has one or two huts of his own but the bulk of his land he gives out in lease to various parties of different grades and these too again have huts prepared and they again sub-let the huts. Similarly it goes on in various grades so that when the Corporation says the owner must do it, it is difficult to find out who is responsible. Then again another difficulty comes in. Supposing in a particular bustee there are 50 huts. Now, if one of the hut owners, as my friend Shri Ganesh Ghosh was trying to say, has got a little money and is given a little help he can do the development himself. Can he? I say, no. Because in order to connect the sewer he has got to go through certain properties which do not belong to him. Therefore it is no use their doing it. They have argued over and over again that we should allow the thika tenants or ordinary hotel owners a little money and a little help and they will be able to develop themselves. They have not done it so far and they cannot do it. But the problem has become much more complicated. Two things have happened within the last few years. A large number of operations of the Improvement Trust has led various owners of small plots in different lanes and bye-lanes of Calcutta to remove from their old place of residence. What has happened? They have to find some shelter somewhere. It is true that they got money from the Improvement Trust probably much more than their ancestors had paid for the property which they had sold. But the amount that the owner gets from the Improvement Trust is not sufficient for him to buy another property elsewhere in Calcutta, because Calcutta property is so dear that it is not possible to get a proper house which he had before. Therefore he has to go elsewhere. Secondly, a large number of people who have come from across the border of East Pakistan—these people also add to the congestion of the business. Therefore the problem has become more and more intricate. Some friends have suggested that we have started slum clearance simply because after the election we have felt that this is a good method of getting round the bustee dwellers in the next general election. Sir, it is very difficult to make them understand who would not understand and I do not propose to try to convince them. All I can say is that it is as far back as in 1930 that this problem has been getting on in our mind and we have been trying to find out exactly what is to be done for particular things. In 1956 we have this survey made by the Statistical Department in order to find out what is the exact state of affairs in the bustee areas and I have circulated this to the members. Those who have chosen to read it probably will get some information—although very rough, but still some information—as regards the present position of the bustees in Calcutta. But even before that, discussions have been going on and communications have been made with the Central Government for giving up help for the purpose of relieving the congestion in the bustees and removing the dirt. Whoever comes to Calcutta from outside, he is impressed with the bigness of the town, but he is very depressed with the area which we call the slum area. Therefore something must be done. An important point that we have got to consider is the emergency, the

urgency with which we must give effect to it. Sir, when we discussed this matter in the Joint Committee, a point was raised, "If you simply call it the Slum Clearance Bill, one might think that you are simply removing slums from a particular area, but you are not thinking of rehabilitating them." It was the suggestion of some of the friends mostly from the leftist group who said that "you should add the word 'rehabilitation of slum dwellers' in it so as to make it clear that it is not merely the removal of these slum dwellers, but also the rehabilitation of them in the reconstructed houses." We have done that. They say the language should be something else. In olden days I know that a great donor had erected a school between the two villages, Dhabra and Tabra, and it took two years to come to a decision as to whether the name should be Dhabra-Tabra school or Tabra-Dhabra School. Here also they say instead of calling it Calcutta Slum Dwellers Bill call it Rehabilitation of Slum dwellers and Calcutta Slum Clearance Bill. After all I do not know what difference it makes. How can we make a person feel confident who is diffident as regards the whole purpose of the Bill. I do not propose to try and help him about that.

[6-15—6-25 p.m.]

Sir, the next point is as regards the question as to the procedure to be adopted. I find there are three or four circulars. One of them is circulated by Shri Ganesh Ghosh and there are one or two others. In all of them the point that seems to be common is—

কলিকাতার বস্তী জমিদারী সরকার দখল করিয়া লউন.

That is to say no step can be taken in this matter unless there is acquisition by the Government. This is agreed upon as far as I can see, and I think that is perfectly correct, because unless the ownership is in the hands of one party, if there are two, three, four, five, ten people interested in a particular area, no improvement is possible. Therefore, having got that the first question is who is going to carry it out, my friends pleaded in the Select Committee that it may be a Board. They have also said the same thing here that it should be given to a Board. Sir, my difficulty is that this money is bound to come from the Government of India, and the Government of India would only give it to the State Government through a Housing Corporation which we are going to set up. Therefore it is not a question as to whether we can give it to a Board or somebody else to do the work. We have put down one clause which says the Government can have it carried out, I mean the whole scheme, through either a statutory body, a Corporation, Improvement Trust, or any other authorised body. Therefore, I say what I said to some people who came to see me about it that if one, two, three, ten bustee-dwellers were to join together and form into a co-operative and ask for help, so far as carrying out of the development of that area is concerned provided it is an area which is absolutely to be condemned and tabooed as an unhygienic area, there is no reason why a co-operative society should not undertake this work. It is essential for any individual or group of individuals towards the question of development of slum area that they must form a co-operative and make joint endeavour; by individual endeavour it is not possible to do the work. As I mentioned before the main development work of a particular bustee area, slum area, would be—apart from the question of building that we might be erecting—connection with sewer, getting water-supply connection and getting light connection. All these things are to be done through co-operative effort. Either the Government would do it, or let us say the Corporation would do it, or the Improvement Trust would do it or the Co-operatives of people would do it. Sir, a lot has been said about the resolution that has been passed in the Corporation about it. I may tell you at once that the proposal

of Slum Clearance Bill is in a way a condemnation of the present position of the Corporation, because they have not been able to give effect to the provisions of the Act. I do not say they have done it purposely, but they have not been able to give effect to the provision of the Act which says that certain improvements can be made in the bustee, and if the owners do not do it, the Corporation can do it and recover the money from the owners. There is nothing in this Bill to prevent the Corporation from giving effect to any scheme of development of bustees as they are today. It is true that we have provided in this Bill for the exclusion of the provisions of certain sections of the Act, but, Sir, as I said before the main needs of the bustees are (1) water-supply. The provision of giving water supply is contained in the Municipal Act, Sections 263-282. Section 284 says definitely that the owner of any premises—if the water supply is given to the owner of any premises—has to keep water connections in proper order. So all these sections regarding water supply to the bustee areas of Calcutta can still be exercised by the Corporation if they so desire. There is nothing in this Bill which prevents the Corporation from giving effect to the same.

Sir, as regards this particular subject I may say that as far back as a year and a half, or a year ago I asked the Corporation whether they could not give the bustee dwellers tube-well water supply. The total cost could be about Rs. 85 lakhs. We agreed to pay half the cost if the Corporation would take up this matter. It was discussed with the Corporation and we put up a scheme with the Government of India. In fact, it is still before the Government of India. The idea was to give to every person living in a bustee at least thirty, if not forty gallons of water per day, and it was calculated that it would require 300 tube-wells with pumps to supply the requisite quantity of water through tube-wells. The whole difficulty was and still is that the pumps are available in India but the motor is not available and we have got to import it from abroad, and the foreign exchange being in difficulty, we could not possibly give effect to it, but the scheme is before us and it is before the Government of India at the present moment.

Sir, the provision for connection of bustees with drain is there in Sections 301 to 318. Section 318 is a very wide section. If the Commissioner considers that a new drain should be constructed for the benefit of the occupants of a hut, he may require the owner of the land to construct such a drain. In future as soon as the acquisition is made, the Corporation may require the Government, who will then be the owner, to construct such a drain. I admit that so far as the construction of drains for the sewers—that is for the connection of bustees with sewer—is concerned, it may be a difficult proposition in all cases, but we have suggested to the Corporation that for the time being we may utilise the septic-tank method for the bustee-dwellers, so that if you have the water supply the septic-tank methods could be utilised even in any future scheme of reconstruction or reclamation of the bustees in Calcutta.

[6-25—6-35 p.m.]

Sir, as regards the actual carrying out of the provisions of this Act, I had suggested in the Select Committee and I repeat here that during actual implementation a full consultation with the local people particularly with those who are Corporation Councillors or who are borough Councillors of that area should be made so that they might be able to give help and advice to the workers in the matter of carrying out or implementing the provisions of this Bill. Sir, I have tried to explain to the members of the Select Committee and I have tried to explain to the members of this House

the procedure we want to follow in the matter. We have decided that no person will be removed from a slum area unless there is provision for their getting a place to live in. Therefore we want to begin with construction of tenement houses in an area which is not a slum area today and then remove the slum people there which should be within half a mile of the tenement houses and then deal with the slum area as the case may be, and in order to do this effectively we had approached the Government as a test case to have free dwellings erected in the north of Calcutta—some of the cost will be borne by us and some by the Improvement Trust, for this provision has been made by the Central Government. The idea is that first the construction will be made in a place which is not a slum area and when the houses are completed people from the slum area will be brought in these houses and the slum will be free to be dealt with by the Government—that means that construction of houses will then be made in that slum area. Sir, several questions have been raised and we have tried to answer them as far as possible. First of all a question has been asked as to what would happen to a person who has got a small industry in a bustee, would he be entitled to go to the new tenement and start his industry there? Sir, I want to make one point perfectly clear and that is that this Bill is not meant for the purpose of developing the small industries although it may open up new fields for extending the small industries which we are considering in a different context, but what is intended is let the person who has a small industry occupy the new house, carry on with his industry there and he will be given money for removal, dismantling as well as for remodelling his industry and he will be given some compensation if in the process of removal he suffers any loss of income. Before he goes to the new house he will be given some money to meet the expenses of removal. As regards compensation, I need not say anything now when the relevant clauses will come up I shall explain in detail. I may again say that this Bill is not for the purpose of starting small industries but it is a Bill for the purpose of removing the slum condition, the unhygienic condition in the bustees and make the people of the bustee live in a little more decent way. That is the purpose of the Bill.

Another point which has been raised incidentally is whether the rate that would be payable in the case of new place would be the same as the rent payable in the case of old place. We have used the word 'comparable' and I told you why we have used that word in the case of bustee. Various types of people are living there. The statistical analysis shows that there are at least 8.4 per cent. people living in bustees whose income is above Rs. 200 and some of them have even better income. They may be capable of paying a little higher rent because of the better amenities. There may be persons who take a house from the landlord and sublet it to various persons one, two or three persons—and make an income out of the transaction. The total income payable to the superior landlord of the hut dwellers would be the amount that is liable to be fixed at a comparable rate. I admit we cannot at this stage be more definite because everything will depend upon proper statistics. What we have got now is a very rough indication of the proper method of approach, but as soon as the Bill comes into operation we will have to find out exactly what are the types of people that live in different places and what are the professions that they are following and how they can be rehabilitated in the new buildings. One thing is certain that I would be the last person to do anything which will create more unemployment than there is today. Therefore, it is important that we should co-operate in implementing the process of getting together and giving as much help as possible to the poor people in the bustees. It may be that we may have different groups of the hutment buildings for the better type and for the lower type.

Sir, another question has been raised as to whether it is possible to do without pulling down every owner's hut. At least, I think that I am not a monkey that pulls down everything. I have to consider in every particular case whether the slum requires to be sufficiently remodelled in order to make it a hygienic area, or whether it needs to be broken down for the purpose of renovating it. If it can be done without any demolition of the structure, there is no doubt that would be the ideal condition. Next if that condition is to prevail, as I said before, the work can be done even by a group of people together in the form of a Board.

I think I have tried to explain as far as possible the provisions of the Bill and I hope and trust that at least the Opposition will not think that it is merely a camouflage or a show, but it is the earnest desire of all of us to help the bustee-dwellers in this city of Calcutta.

[6-35—6-47 p.m.]

Sj. Basanta Kumar Panda: Mr. Speaker, Sir, I rise on a point or order. I refer to Rule 57 of the rules. The Hon'ble Chief Minister has several times said in his speech what he told in the Select Committee. Now, Sir, under Rule 57 of the rules the Report of the Select Committee is confidential and so those references should not have been made.

My impression is that even in this House no member of the Select Committee can disclose what passed between different members in the Select Committee. I want a ruling from you whether the Chief Minister was justified in making these disclosures in the House.

Mr. Speaker: I shall have to read the proceedings and then give a ruling.

The Hon'ble Iswar Das Jalan: Mr. Speaker, Sir, after four days of invectives, insinuations and attributions of motives by the other side, we have now come to the stage when I have to explain our points of view.

Mr. Speaker: Mr. Jalan, normally we sit up to 7 o'clock. So, please try to be brief.

The Hon'ble Iswar Das Jalan: I shall try to finish quickly.

Sir, the problem of bustee is a very, very important problem and that is admitted by all sides of the House. Motives, however, are being ascribed that because the Congress Party has lost several seats in Calcutta, therefore the Government is trying to oust the bustee-dwellers from these bustees with a political motive. I refute this allegation with all the emphasis that I can command.

Sir, the Chief Minister has already dealt with all the points that require to be dealt with in this House. As the time is very short, I do not wish to take more of your time because if I have to deal with all the matters, it will take a long time. Moreover, voting has to take place. I, therefore, say that the motives which have been ascribed to us have no foundation in fact. If slum clearance or slum improvement is our objective, then I say that there is no other way out than the Bill which I have placed before the House. I shall deal with the clauses when they come up in due course. I hope the House will accept the motion which has been moved by me.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: There are 15 municipalities in which this Act is in force, namely, Calcutta as defined in the Calcutta Municipal Act, Tollygunge, Garden Reach, Berhampore, Murshidabad, Burdwan, Raniganj, Asansol, Midnapore, Hooghly-Chinsurah, Darjeeling, Kurseong, Budge Budge, Howrah, Kalimpong.

Sj. Jagannath Majumder:
অন্যান্য মিউনিসিপ্যালিটিতে এই এ্যাক্ট চালু করা হয় নি কেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: The Act is not in force in all the municipalities because there are no municipal slaughter houses and there is no arrangement for inspection and there is no Veterinary Officer.

Sj. Jagannath Majumder:
কিছু দিন পূর্বে এই প্রিভেনশন অব স্লটার অব এ্যানিমেলসএর জন্য একটা কমিটি নিযুক্ত করা হয়েছিল। সেই কমিটি এ পর্যন্ত কি কি কাজ করেছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: That is not Prevention of Slaughter of Animals but this committee which was presided over By Sj. P. C. Sen is called the Cattle Preservation Committee. It has not yet submitted its report.

Dr. Hirendra Kumar Chattopadhyay:
চন্দননগর মিউনিসিপ্যালিটিতে মার্জারএর আগে থেকেই সেখানে একটি স্লটার হাউজ আছে এবং সেখানে ভেটারিনারী ডাক্তারও আছে, তবুও সেখানে এই এ্যাক্ট এনফোর্স করা হয় নি কেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: In Chandernagore there may be slaughter houses and there may be veterinary officers but the Act is not enforced there for it has not been included by a Gazette notification.

Mr. Speaker: Further supplementaries on this question is held over as the question time is over.

[4—4-10 p.m.]

Message

Secretary, Sj. A. R. Mukherjea: The following Message has been received from the West Bengal Legislative Council, namely:—

"*Message*

The West Bengal Sales Tax (Amendment) Bill, 1958, was considered by the West Bengal Legislative Council at its meeting held on 11th March, 1958 and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 11th March, 1958.

Resignation by the Hon'ble Siddartha Sankar Roy

Sj. Jyoti Basu:
স্পীকার মহাশয়, আমি বাধ্য হচ্ছি আর একবার শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ের মন্ত্রীত্ব ত্যাগের প্রশ্নটা তুলতে, দুদিন ধরে প্রশ্নটা তুলছি—আবার আজকেও তুলতে হচ্ছে। কারণ, মুখ্যমন্ত্রী, দুর্ভাগ্যবশতঃ তিনি এখানে নাই, বলেছিলেন—হ্যাঁ, তাঁর একটা রেজিগনেশন লেটার পেয়েছি এবং

তারপর শ্রীসিদ্ধার্থ রায়কে পুনর্বিবেচনা করবার জন্য বলা হয়েছে।' কিন্তু আমরা এটা জানি এবং জানাতে চাই—যদি তাঁর কথা সত্যও হয়, শ্রী রায় আজ রাইটার্স বিল্ডিংসএ গিয়ে সকলের সঙ্গে দেখা করে নাকি বলে দিয়েছেন—পুনর্বিবেচনা করবার আমার আর কিছু নাই। মানে তিনি যে সিদ্ধান্ত করেছেন সেটা বহাল থাকবে। যদি এই কথা তিনি বলে থাকেন তাহলে আর পুনর্বিবেচনার কি আছে? আর আমরা সংবাদপত্রেও দেখেছি—তিনি রাইটার্স বিল্ডিংসএ ঘুরে ঘুরে সেক্রেটারীদের সঙ্গে দেখা করে বিদায় নিয়ে গিয়েছেন, এবং আজো তিনি হাউসএ নাই। এবং তিন দিন ধরেই তাঁকে দেখছি না। এ অবস্থায় কাল যা হল তার অর্থ আমরা বুঝতে পারছি নে। আজকে তাঁর ডিপার্টমেন্টএর যে প্রশ্ন ছিল তার উত্তর দেবার জন্য অন্য মন্ত্রী প্রস্তুত ছিলেন। সে পয়েন্টে আমি বলছি না, সেটা খুব ভাল হয়েছে কারণ, কোয়েশ্চেন পড়ে থাকা উচিত নয়। আমি এইজন্য বলছি—যে এটা একটা রাজনৈতিক প্রশ্ন। আমাদের বিরোধীদলের নিকট এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। কারণ সিদ্ধার্থ রায় বলেছেন যে কোন ব্যক্তিগত কারণে তিনি পদত্যাগ করেন নি। রাজনৈতিক কারণে তাঁর সহকর্মিদের সঙ্গে তাঁর মতভেদ বা অন্য কি কারণে মতভেদ হল বিষয়টা আমরা সঠিক জানতে চাই। আমরা যতদূর জানি সিদ্ধার্থ রায় একটা স্টেটমেন্ট একটা বিবৃতি অবশ্যই দেবেন। কারণ পার্লামেন্টে দেখেছি শ্রী দেশমুখ যখন পদত্যাগ করেন তখন তিনি পার্লামেন্টে বিবৃতি দিয়েছিলেন—এই হাউসে শ্রী নৌসের আলিও দিয়েছিলেন। এবং রিসেন্টলি শ্রী কৃষ্ণমাচারিও পদত্যাগের পর বিবৃতি দিয়েছেন। সুতরাং সেদিক থেকে আমরা মনে করতে পারি শ্রী রায়ও একটা বিবৃতি দিতে চান এবং দিতে যে চান সে বিষয়ে আমরা অবগত আছি। কিন্তু আমরা বুঝতে পারছিনে কেন এ বিষয়ে তালবাহানা করে দেরি করা হচ্ছে। চীফ মিনিস্টার কাল উত্তর হয়ে বলেন—সেটা আমার নিজের ব্যাপার—"I am responsible for the entire Cabinet and its policy."..... কাকে তিনি মন্ত্রী করবেন না করবেন সে ব্যাপারে আমাদের অবশ্য কিছু বলার নাই। কিন্তু এই হাউস শেষ হবার আগে তিনি যখন বিশেষ করে বিবৃতি দিতে চান এবং এ বিষয়ে আমাদেরও অধিকার আছে জানবার, এজ ফার এজ উই আর কন্সার্নড তাঁর সেই বিবৃতির উপর নির্ভর করছে আমরা এই মন্ত্রীমণ্ডলীর বিরুদ্ধে সমগ্রভাবে অনাস্থা প্রস্তাব আনব কিনা, অথবা শ্রীপ্রফুল্ল সেন বা শ্রীকালিপদ মুখার্জি এইরকম একজন বা দুজন মন্ত্রীর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনব। তাই ওঁর সেই বিবৃতি এই হাউসে আমাদের কাছে দিলে আমাদের পক্ষে সুবিধা হয়। এইরকমভাবে ডিলে করার মানে আমাদের পক্ষে অত্যন্ত অসুবিধাজনক। আর এই রকমভাবে দেরি করার উদ্দেশ্য যদি এই হয় যে এ সেসনে আর তাঁকে বিবৃতি না দিতে দেওয়া তাহলে আমাদের অনাস্থা প্রস্তাব আনবার কোন কারণ থাকবে না। এই জন্যই বলছি—এটা আমাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় রাজনৈতিক দৃষ্টিভঙ্গীর দিক থেকে এবং সেইজন্য জিজ্ঞাসা করছি আপনাকে, আপনার সঙ্গে কমিউনিকেশন হয়েছে কিনা শ্রীসিদ্ধার্থ রায়ের।

আমার আর একটা কথা বলবার আছে, হাওড়া পুলিসএর ব্যাপারে, সেটা বরং পরে বলব।

Sj. Deben Sen:

মাননীয় সভাপাল মহাশয়, বর্তমানে এই ব্যাপারটা গুরুতর। এই বিষয়ের সহিত হাউসএর প্রিভিলেজ কোয়েশ্চেন, অধিকারের প্রশ্ন জড়িত আছে। যিনি পদত্যাগ করেছেন তাঁর যেমন অধিকার আছে, হাউসএ বিবৃতি দেবার, তেম্নি এই হাউসএরও অধিকার রয়েছে কি কারণে তিনি পদত্যাগ করলেন, সেটা জানবার। তা ছাড়া সমগ্র কলকাতায় এ নিয়ে হৈচৈ হচ্ছে। পত্রিকাগুলিতে এই নিয়ে অনেক কিছু লেখালিখি হচ্ছে, অথচ আমরা এখানে কিছু সঠিক জানতে পারছি না। আমরা মনে করি এই হাউসএর অধিকার ক্ষুন্ন হচ্ছে। আমাদের মুখ্যমন্ত্রী বা সরকার তাঁর পদত্যাগ গ্রহণ করেন নাই বলে শ্রীসিদ্ধার্থ রায় আসতে এখানে পারছেন না, যদি এই হয়ে থাকে, তাহলে আমি মনে করি আমাদের অধিকার আছে তাঁকে ডেকে পাঠানোর। এবং ডেকে পাঠিয়ে তাঁর কাছ থেকে জবাব শোনবার আমাদের অধিকার আছে। অবিলম্বে আমরা এ বিষয়ে সমুদয় কথা শুনতে চাই।

Mr. Speaker:

আমার মনে হয় যথেষ্ট বলা হয়েছে। যে প্রশ্ন শ্রীজ্যোতি বসু আমাকে করেছেন, আমার কি জানাবার আছে, তা আমি এখন বলে দিচ্ছি। উনি কাল আমাকে টেলিফোন করেছিলেন, আজও

হাউস বসবার আধ ঘণ্টা আগে আমাকে টেলিফোন করেছেন। উনি আমাকে জিজ্ঞাসা করেছেন—আপনার হাউস আর কত দিন চলবে? আমি তাকে বলেছি এখনো কাজ বাকি আছে। আর কতদিন চলবে তা এখনো সঠিক বলতে পারছি না। তবে মোটামুটিভাবে নেক্সট উইকের কয়েক দিন চলবে।

দ্বিতীয় কথা, উনি আমাকে বলেছিলেন—আমি একটা বিবৃতি দেব, আপনি আমাকে সময় দেবেন? আমি বলেছি—নিশ্চয়ই আপনাকে টাইম দেব যদি আপনি বিবৃতি দিতে চান 'টু গিভ ইউর রিজন্স ফর রেজিগনেশন। শুনে উনি বললেন—ঠিক আছে। তারপর আমাকে আবার জিজ্ঞাসা করলেন—কবে হাউস শেষ হয়ে যাবে জানব কি করে? আমি তখন বললাম—জ্যোতি-বাবুর সঙ্গে কন্সাল্ট করে আপনাকে জানিয়ে দেব যাতে আপনি এসেম্বলীতে এসে আপনার বিবৃতি দিতে পারেন। এই আমি জানি। এর বেশী আমার আর কিছু বলবার নাই।

তৃতীয় কথা, আমি অফিসিয়ালি এজ এ স্পীকার কোন ইন্টিমেশন পাই নি যে ও'র রেজিগনেশন এক্সেপ্ট হয়েছে কিনা বাই দি গভার্নর। কাল থেকে শ্রীদেবেন সেন অধিকারের কথা বলেছেন। জুডিসিয়াল মিনিস্টার যদি হাউসে আসেন, তিনি অবশ্যই আসতে পারেন, আমি তাঁকে আদর করে নেব। কিন্তু তিনি যদি নিজে থেকে না আসেন আমার অধিকার নাই তাঁকে ধরে আনবার।

Sj. Jyoti Basu:

আপনি যা বললেন, আমরা সন্তুষ্ট হলাম। এর বেশী আর বলবার নাই। আপনি তাঁকে টাইম দেবেন বলেছেন, এতেই আমরা সন্তুষ্ট। কিন্তু স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী এখানে নাই, কোথায় আছেন জানি না। উনি যে কথাটা বলেছেন ঐ কথাটা কাল কেন বললেন। ঐ যে রিকল্সিডার করার কথা—

Mr. Speaker:

আমার চেম্বারে আপনাকে যা বলেছি তার বেশী আমার জানা নাই।

[4-10—4-20 p.m.]

Sj. Jyoti Basu:

যে লোকটা বেরিয়ে চলে গেল তার সম্বন্ধে কেন উনি এরকম বললেন?

Mr. Speaker:

এটা উনি, কেবিনেট বলতে পারেন।

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, সেটা কি রেসেসএ জানতে পারবো?

Mr. Speaker:

আমি হুইপকে কমিউনিকেট করতে পারি।

Re: Statement of I.G. of Police

Sj. Jyoti Basu:

কমিউনিকেশন করেছেন, আচ্ছা। আমি আর একটা কথা বলি। হাওড়া পুলিসের ব্যাপারে, আই-জি অব পুলিসএর একটা বিবৃতি স্টেটসম্যান কাগজে বেরিয়েছে, সেই ব্যাপারে একটা স্পেশ্যাল মোশন সবাই সই করে আপনার কাছে দিয়েছি। আর একটা প্রস্তাব প্রিভিলেজএর উপর কংগ্রেস সদস্যরা দু-এক জন দিয়েছেন। এখন আমার কথা হচ্ছে—যেভাবে আমরা প্রস্তাব দিয়েছি ঠিক এভাবে আনতে পারি কিনা তাতে যথেষ্ট সন্দেহ আছে। আমি দু-একটা কথা বলি, দুর্ভাগ্যবশতঃ কাল আমি থাকছি না, আপনি কালই হয়ত রুলিং দেবেন।

Mr. Speaker:

আপনি যেদিন থাকবেন সেদিনই না হয় রুলিং দেব।

Sj. Jyoti Basu:

আমি সে কথা বলি না, আমার একার জন্য হয়ত সেটা ঠিকও নয়, কিন্তু ব্যাপারটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেই জন্যই আপনাকে বলছি যে জিনিসটাকে আপনি খুব টেকনিক্যালি দেখবেন না

যে বিবৃতি উনি দিয়েছেন কি দেন নি, তার উপরই আমাদের প্রস্তাব হয়েছে। আসল কথা হচ্ছে —গত দু-তিন মাসে প্রায় তিন হাজার লোক সেখানে ধরা পড়েছে, এখনও একটা অরাজক অবস্থা সেখানে আছে। নানা রকম কথা চলছে, কাগজেও দেখেছেন, আই-জি অব পুলিস বলেছেন— সেটা এখন কন্ট্রাডিকটেড হয় নি—বিভিন্ন রকমের ইনফ্লুয়েন্সিয়াল পার্সন্স এ্যান্ড পলিটিসিয়ানস নিজের হাতে ল এ্যান্ড অর্ডার নিচ্ছেন। নিজেরা প্রভাবান্বিত করছেন, এমন কি মুখ্যমন্ত্রীর নাম পর্যন্ত সেখানে করা হয়েছে। আপনি লক্ষ্য করে দেখবেন যে আমাদের পুলিস মন্ত্রী শ্রীকালীপদ মুখার্জি কিংবা মুখ্যমন্ত্রী এই বিবৃতির বিরোধিতা করে কিছু বলেন নি—এটা ঠিক কি ঠিক না সংবাদে যা বেরিয়েছে। সেজন্য আমি বলছি যে আমি এ সমস্ত সিচুয়েশন আলোচনা করতে চাই। ইতিমধ্যে তিন হাজার লোক ধরা হয়েছে এইরকম অবস্থা সৃষ্টি হয়েছে। এটা একদিনে হতে পারে না, বহুদিন থেকে জমে জমে এরকম একটা অবস্থা হয়েছে। আপনি এটা মনে করুন আর নাই করুন—নিশ্চয়ই কংগ্রেস সদস্যের উপর কটাক্ষপাত হয়েছে—এরা সমস্ত ব্যাপারে ইনভল্বড এরা প্রশ্রয় দেন, এরা সাহায্য করেন গুণ্ডাদের। এত বড় একটা ঘটনা আমরা এ্যাসেম্বলী চলাকালীন আলোচনা করতে যদি না পারি তাহলে আবার জুন মাসে এ্যাসেম্বলী বসবে তখন আলোচনা করবো—এতে অত্যন্ত দেরী হয়ে যাবে—অথচ এ ব্যাপারে হাউসকে কনফিডেন্সএ আনা হল না, আমাদের সঙ্গে আলোচনা হল না—এরকম কোন জিনিস এখানে হল না। এখন আপনি বলবেন যে কি উপায়ে—যদি টেকনিক্যাল কারণে আলোচনা করতে না পারি —আমরা হাওড়ার বিষয়ে আলোচনা করতে পারি। যেখানে ইনফ্লুয়েন্সিয়েল লোকদের সম্পর্কে পলিটিক্যাল স্টেটমেন্ট করেছেন আই-জি যেটা তার কোন অধিকার নেই, যেটা পাবলিক মিনিস্টার বা চীফ মিনিস্টারই করতে পারেন যে ইনফ্লুয়েন্সিয়েল লোক পেছনে আছে। আপনি বলবেন কিভাবে আমরা এটা আলোচনা করবো, বিশেষতঃ সেখানে বাজেটে আলোচনা করবার এখানে সুযোগ পেলাম না, জুন মাসে পাব, এরকম একটা গুরুত্বপূর্ণ ঘটনা সম্পর্কে। আবার কিছু কিছু চিঠিও আমরা পাচ্ছি, কোন মহিলা লিখেছেন আমার ছেলেকে গুণ্ডা বলে ধরে নিয়ে গেছে। গুণ্ডা হতে পারে, নাও হতে পারে, আমার কাজ আছে, ব্যস্ত, তাই পুলিসমন্ত্রীর কাছ থেকে খোঁজ নিতে পারি নি। এরকম ব্যাপারে আমরা যদি আলোচনা করতে না পারি তাহলে পুলিস-মন্ত্রীকে আমাদের বলতে হবে—আপনি কি ঘুমুচ্ছিলেন? এর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব হয়ত আমাদের আনতে হতে পারে, কারণ অনেক ঘটনা এর সঙ্গে জড়িয়ে আছে। আমি আর সময় নষ্ট করবো না, এগুলি যেন বিবেচনা করবেন আপনার রুলিং দেবার আগে।

Dr. Prafulla Chandra Ghosh:

সভাপাল মহাশয়, আমি এ বিষয়ে বিশেষ কিছু বলতাম না, কিন্তু 'স্টেটস্‌ম্যান'এর এই কাটিং দেখে আমার মনে হোল যে এই জিনিসটা খুবই গুরুত্বপূর্ণ। একটা কথা আছে—

"The Inspector-General cited a particular case in which an influential person was arrested on charge of theft and other crime. There had been immediate complaints against the police from interested quarter who also tried to move Dr. Roy."

কাজেই এই সমস্ত জিনিসটা ডাঃ রায় জানেন এবং ইন্সপেক্টর জেনারেল এই সমস্ত কথা বলেছেন। এখানে

Dr. Roy should take us into confidence and tell us what has happened.

হাওড়া জেলায় ১০ মাস ধরে অরাজকতা চলছিল, তার ফলে তিন হাজারের উপর লোক গ্রেপ্তার হয়েছে। কি হয়েছে, না হয়েছে, এই ইনফ্লুয়েন্সিয়াল পার্সেন্স কারা সেটা বলুন ও'রা। ইনফ্লুয়েন্সিয়াল পার্সেন্স লেখা আছে, ইলেকসনে কি গোলমাল হয়েছিল, অর্থাৎ ভেগলি বাই ইনিউয়েণ্ডো বলা হচ্ছে। এর সঙ্গে এম. এল. এরা কানেক্টেড আছেন—যদিও ঠিক ডাইরেকটলি নয়, ইনডাইরেক্টলি বাই ইমপ্লিকেসন বলা হচ্ছে, এই সমস্ত র‍্যালিগেসনের সঙ্গে জড়িত ছিলেন, তাঁরা এর মধ্যে যুক্ত আছেন। তার মধ্যে কংগ্রেস মেম্বারও থাকতে পারেন, নন কংগ্রেস মেম্বারও থাকতে পারেন, কাজেই এই ব্যাপারটা আলোচনা হওয়া উচিত—

Chief Minister should take us into confidence.

একথা বলে লাভ নেই যে এটা আই, জি-র ত ডাইরেক্ট স্টেটমেন্ট নয়, স্টাফ রিপোর্টার অর্থ দি 'স্টেটস্‌ম্যান'এর স্টেটমেন্ট। তা যদি হয় তাহলে

Inspector-General should prosecute the staff reporter of the 'Statesman'. এ কথা বললে চলবে না, যে এটা আই-জির স্টেটমেন্ট নয়।
either Kalipada Mukherjee who is the Police Minister or the Chief Minister. তাঁদের এ সম্বন্ধে বলা উচিত। চীফ মিনিস্টারের বলা উচিত কারণ, তাঁর নাম এখানে টেনে আনা হয়েছে। এ বিষয়ে বিস্তৃতভাবে আলোচনা হওয়া উচিত, যাতে করে সত্যটা আমরা জানতে পারি। ইনফ্লুয়েন্সিয়াল পার্সন সে যেই হোক না কেন
whether he belongs to the Government or non-Congress side.
সে যদি এরকমভাবে ল এন্ড অর্ডার ভঙ্গ করার চেষ্টা করে
they should be put to the prison house and not be here.
কাজেই এ সম্বন্ধে এরকম এ্যালিগেশন না করে খোলাখুলি আলোচনা করা উচিত। চীফ মিনিস্টার এবং পুলিস মিনিস্টারকে বলবো
they should take us into confidence and there should be a debate. There should be a frank debate.
এই অনুরোধ আমি আপনার মারফত গভর্নমেন্টকে জানাচ্ছি।

Sj. Hemanta Kumar Basu:
স্পীকার মহোদয়.....

Mr. Speaker: Mr. Basu, please sit down. Because I allowed Mr. Jyoti Basu to speak, as party leaders if you all say something, what is the necessity of a debate later on?

Dr. Kanailal Bhattacharya: He wanted two minutes.

Mr. Speaker: Why two minutes—not even one minute. I gave Mr. Jyoti Basu an assurance. It was an indulgence given to Mr. Basu as the Leader of the Opposition. He came to me yesterday and handed to me the Statesman which contained the allegations. I told Mr. Basu that the matter would receive all my attention because it was a question of privilege and I should give a ruling tomorrow. Mr. Jyoti Basu tells me that he will not be in the House tomorrow and on that account I allowed him to say something. Because I gave him that indulgence, I cannot do it to all and sundry. If you are entitled to do it as a matter of right, do it; but you have not got any right whatsoever and I will not allow it.

Sj. Jatindra Chandra Chakravorty:
অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। আপনি বলেছিলেন যে, আপনার রুলিং ওয়েন্সডে অর্থাৎ আজকে দেবেন। সংবাদপত্রে এই খবরটা বেরিয়েছে। ইফ ইউ চেক আপ ইউর স্পীচ, আপনি দেখতে পাবেন। আমার প্রশ্ন হচ্ছে যে এর থেকে অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে আপনি সেদিনই রিসেসের পর সময় নিয়ে রুলিং দিয়েছেন। এটা সংবাদপত্রে বেরিয়েছে, আমার কাছে 'স্টেটসম্যান' আছে, আপনাকে আমি দিতে পারি। বিধানসভায় বিরোধীদলের নেতা কালকে থাকছেন না। কাজেই রুলিংটা আপনি আজকে দিয়ে দিন, কারণ এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়।

Mr. Speaker: The first thing is: is it a point of order? I hold it is not. I am not going to give my ruling today.

[4-20—4-45 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty:
আমি তা বুঝেছি, স্যার।

Sj. Hemanta Kumar Basu:
আপনি আমাকে কেন সাট আপ করলেন বুঝতে পারলাম না। আমার কথা হচ্ছে.....

Dr. Kanailal Bhattacharya:
আপনি যে রুলিং দেবেন সেই রুলিং দেবার আগে আমাদের কিছু বলবার অধিকার আছে কিনা? আমি মনে করি আমাদের সেই অধিকার আছে।

Mr. Speaker:
আমি রুলিং কাল দেব, আপনার যদি কিছু বলবার থাকে পরে বলবেন।

Dr. Kanailal Bhattacharya:
আপনি রুলিং দেবার আগে আমাদের বক্তব্য আপনার সামনে পেশ করে আপনাকে জ্ঞাত করবার অধিকার আমাদের আছে কিনা?

Mr. Speaker:
আমি বলতে দেব না।

Dr. Kanailal Bhattacharya:
আমাদের বলবার অধিকার আছে, বলতে দিতে হবে।

[Noise and uproar in the House.]

Mr. Speaker:
আমি বলতে দেব না, আপনি বসুন।

Dr. Kanailal Bhattacharya: You cannot gag us. You are disrespecting the Chair which you hold.

Mr. Speaker:
আমি কিছুতেই বলতে দেব না। অনেক বলা হয়েছে।
Mr. Basu, I will not allow it. The matter is going to be taken up tomorrow. The House stands adjourned for fifteen minutes.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment.]

[4-45—4-55 p.m.]

Sj. Hemanta Kumar Basu:
স্পীকার মহাশয়, আমি আপনাকে দুই-একটি কথা বলতে চেয়েছিলাম হাওড়ার সমস্যা সম্পর্কে। জ্যোতিবাবু এবং ডাঃ ঘোষ যা বলেছেন তা ছাড়াও দু-একটি কথা আমি বলতে চেয়েছিলাম। আমি আপনাকে অনুরোধ করব যে মোশান দেওয়া হয়েছে সে সম্বন্ধে.....

Mr. Speaker: I will allow you to talk for two minutes. Kindly take your seat.

A point of order or a point of privilege was raised about the right of the members to speak. I have considered the legal position. My decision stands. There is no right to talk. If you wanted permission, perhaps I would have given it to you. When the Leader of the Opposition made it clear to me that he would not be here tomorrow, and, therefore, he wanted an indulgence, I extended it to him as a special case. Dr. Prafulla Ghosh would have felt very low if I had said "no". I allowed him, because he was also a Party Leader and just in consideration of his age I respect him and therefore I allowed him, but I still maintain that under the rules you have no right. If you had asked my permission, perhaps I would have allowed you. But you have raised a point of order, and I have got to decide that, and my decision is that there is no right to talk.

Sj. Hemanta Kumar Basu:
মাননীয় স্পীকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে হাওড়া সমস্যা সম্বন্ধে দু-একটি কথা বলছি। আমার বন্ধু জ্যোতিবাবু এবং ডাঃ ঘোষ যে কথা বলেছেন, সে সম্বন্ধে আমি বেশী

বলতে চাই না। যে মোশানটা দেওয়া হয়েছে, তার অনুমোদনের জন্য আমি এখনো আপনাকে অনুরোধ করবো। এর টেকনিক্যাল সাইড বিশেষভাবে না দেখে, আজকে যে অবস্থা ঘটেছে, সেই বাস্তব অবস্থাটা বিবেচনা করে আপনি এ বিষয়ে যাতে একটা রুলিং দেন, সেজন্য আমি আপনাকে অনুরোধ করছি।

Mr. Speaker: Mr. Basu, as an old member of this House I take it for granted that you are familiar with the rules. However, you may say what you have to say.

Sj. Hemanta Kumar Basu:

আমি এই কথা বলবো—যে ঘটনা ঘটেছে, শুধু হাওড়ায় নয়, সারা বাংলাদেশে, এইরকম গুণ্ডামীর প্রশ্রয় দেওয়া দিন দিন বাড়ছে। যা হোক, হাওড়াতে এর ক্লাইমেক্স হয়েছে। গুণ্ডা ও গুণ্ডামী দমন উপলক্ষে যে অবস্থা সৃষ্টি হয়েছে আজকে, সে সম্বন্ধে যে খবর বেরিয়েছে, সেটা অত্যন্ত মারাত্মক গোছের। সে বিষয়ে আমরা পুলিস মন্ত্রীকে বলবো—তিনি যেন এই মোশান সম্বন্ধে অনুমোদন দেন। তা যদি তিনি না দেন, তাহলে আমরা সকলে সত্বর এ বিষয় নিয়ে একটা অনাস্থা প্রস্তাব আনতে বাধ্য হবো।

Sj. Bankim Mukherji: Mr. Speaker, Sir, I rise both on a point of information as well as point of privilege.

আমি মনে করি এত বড় একটা গুরুতর ব্যাপারে কংগ্রেস সাইড যে প্রিভিলেজের প্রশ্ন তুলেছেন, তা নিছক ঐ জিনিসটাকে হালকা করে দেবার জন্য। আই-জির স্টেটমেন্টএর মধ্যে এমন কোন এসেম্বলী হাউসের কোন মেম্বার সম্বন্ধে উল্লেখ নাই, এসেম্বলীর কোন বিধি সম্বন্ধেও উল্লেখ নাই। যদি তার স্টেটমেন্ট দেওয়া এর জন্য হয়ে থাকে—যা এসেম্বলীর কোন কনসার্ন নয়, যা এ্যাডমিনিস্ট্রেশন বা সার্ভিস কন্ডাক্ট রুলসএর ভেতর আসে কি আসে না—দ্যাট ইজ ফর দি গভর্নমেন্ট টু ডিসাইড। তাতে আমার মনে হয় ওটা সম্পর্কে হাউসের কোন প্রিভিলেজের সম্পর্ক নাই। কিন্তু জিনিসটা এত বড় গুরুতর যে তাতে করে, স্পীকার মহাশয়, আপনি জানেন, বাজেট স্পীচের মধ্যে উল্লেখ করেছি, গভর্নমেন্টের তখন যথেষ্ট সুযোগ ছিল—বাজেট আলোচনার সময় তার উত্তর দেওয়ার অনেকটা এদিক ওদিক করে উত্তর দিতে পারতেন। কিন্তু এত বড় একটা গুরুতর দিকে, তাঁরা কিছু বলতে পারতেন, কিছুই বললেন না। তারপর আমরা আশ্চর্য হয়ে গেলাম কংগ্রেস সাইড থেকে একটা প্রিভিলেজ মোশান তোলা হল আই-জির উপরে। গভর্নমেন্ট যদি মনে করেন, ওটা অন্যায় অযৌক্তিক, তাহলে তাঁকে ডিসমিস করতে পারেন। প্রস্তাবটা যদি আমরা তুলতাম, তাহলে সেটা আলাদা কথা হতো। কংগ্রেস পক্ষ থেকে এই যে তোলা হয়েছে—এটা ফ্রিভোলাস নিশ্চয়ই নয়। কাজেই এই অবস্থায় একটা প্রশ্ন হচ্ছে এডজোর্নমেন্ট মোশান আমরা যদি দেই, তাহলে রিসেন্ট অকারেন্স না হলে আলোচনা করতে দেওয়া হবে না। তখন একমাত্র উপায় দেখছি—নো কন্ফিডেন্স মোশান অন দি মিনিস্টার কনসার্ড আনা ছাড়া আর কি উপায় আছে?

Sj. Panchanan Bhattacharjee: Sir, may I read out my motion?

Mr. Speaker: There is a defect in your adjournment motion. You have not given a statement of fact which should be there and therefore it is not a motion at all. You cannot read it even.

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছ থেকে একটা কথা জানতে চাই, ঠিক বুঝতে পারছি না। আপনি এইমাত্র বললেন—কোন সদস্যের অধিকার নাই আপনার রুলিং দেওয়ার আগে আপনাকে অবহিত করবার জন্য কোন কিছু বলা যাবে না, এটা কি সত্য?

Mr. Speaker: I will give my decision tomorrow. That is my idea that is what I hold and that is what I have held. If you want my answer on that point my answer is there "Yes".

Dr. Kanailal Bhattacharya:

তাহলে আমার জিজ্ঞাস্য, আজকে কি ডিসিসন দেবেন, বলুন।

GOVERNMENT BILL

The Calcutta Slum Clearance Bill, 1957, as reported by the Joint Committee

Clause 1

Mr. Speaker: Mr. Deben Sen may kindly speak on clause 1.

Sj. Deben Sen: Sir, I beg to move that in clause (1), lines 1 and 2, for the words "Calcutta Slum Clearance and Rehabilitation of Slum-Dwellers" the words "Rehabilition of Slum-Dwellers, Improvement and Clearance of Slums in Calcutta" be substituted.

মাননীয় সভাপাল মহাশয়, আমার এ্যামেন্ডমেন্ট এইরকম—বিলের নামটা আছে—
Calcutta Slum Clearance and Rehabilitation of Slum-Dwellers.
আমি সেখানে এই এমেন্ডমেন্ট দিতে চাই এবং দিয়েছি—
Rehabilitation of Slum-Dwellers, Improvement and Clearance of Slums in Calcutta.

বস্তির পক্ষে রিহ্যাবিলিটেশন অব স্লাম-ডুয়েলার্স আগে আসবে, কিনা পরে যাবে, তা নিয়ে ঝগড়া নাই। আমার কথা হচ্ছে ইম্প্রুভমেন্ট আনা। এ্যাক্টএ যা আছে, তার নামে কোন জায়গায় ইম্প্রুভমেন্ট আপনারা চান, তা বোঝা যায় না। এই হচ্ছে গুরুতর ত্রুটি এই এ্যাক্টএর। এই সঙ্গে সঙ্গে অন্য একটি পয়েন্ট বলতে চাই যে ক্লিয়ারেন্স কথার ডেফিনেশন থাকা উচিত ছিল। ক্লিয়ারেন্স-এর নানা রকম অর্থ হতে পারে। ঘর ঝেড়ে দেওয়া সেও ক্লিয়ারেন্স হতে পারে, ঘর ভেঙ্গে ফেলে ঝেড়ে দেওয়া—সেও ক্লিয়ারেন্স হতে পারে। সেন্ট্রাল এ্যাক্টএ ক্লিয়ারেন্স কথাটার ডেফিনিশন দেওয়া আছে। সেই ডেফিনিশনএ এইরূপ বলা হয়েছে—
Slum clearance means the clearance of any slum area by the demolition and removal of buildings.
অর্থাৎ ক্লিয়ারেন্স সেখানে পুরাপুরি ডিমলিশন মিন করেছে। হয়ত আপনাদের বিলেও পুরা মিন করেছেন। কিন্তু এ্যাক্টএর কোথাও ইম্প্রুভমেন্ট কথা নাই। যদি তা হয়, তাহলে উদ্দেশ্যটা একেবারে পরিষ্কার হয়ে গেল। গভর্নমেন্ট বস্তিকে ভেঙ্গে, তারপর অন্য কাজ করবে। এই হচ্ছে আপনাদের ইনটেনশন। আমি সেই উদ্দেশ্যটা পরিবর্তিত করতে চাই। আমি বলতে চাই নামের ভেতর ইমপ্রুভমেন্ট কথাটাও আসুক, যেমনভাবে সেন্ট্রাল এ্যাক্টএ এসেছে। তার নাম হচ্ছে—
The Act may be called the Slum Areas Improvement and Clearance Act.
এবং তাতে ইম্প্রুভমেন্টএর ডেফিনিশন দেওয়া হয়েছে, ক্লিয়ারেন্সএরও ডেফিনেশন দেওয়া হয়েছে, লোকে দেখলেই তা বুঝতে পারবে। বর্তমান এ্যাক্টএর উদ্দেশ্য কি? আপনাদের এখানে উদ্দেশ্য কিছুটা গোপন রয়েছে। আপনাদের উদ্দেশ্য হচ্ছে ভেঙ্গে ফেলা। আপনারা লুকিয়ে এমন একটা নাম দিয়েছেন যাতে লোকে সহজে বুঝতে না পারেন। যেমন ডাঃ রায় বলেছেন আমরা বস্তিগুলিকে বৈজ্ঞানিক উপায়ে উন্নতি করতে চাই। এটা একদম ভেগ। কি উন্নতি করতে চান ভেঙ্গে ফেলে? সুতরাং আরো সেটা পরিষ্কার করবার উদ্দেশ্যে, আরো ব্যাপক করবার উদ্দেশ্যে ভেতরে ইম্প্রুভমেন্ট আনবার জন্য এই এ্যামেন্ডমেন্ট দিয়েছি। আশা করি এটা মন্ত্রী মহাশয় গ্রহণ করবেন।

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 1(1), line 1, the word "Calcutta" be omitted.

Sir, I also beg to move that in clause 1(3), line 4, for the word "town" the word "municipality" be substituted.

Sir, in sub-clause (3) of clause 1 you have made an attempt to extend the provision of this Act not only to other areas of West Bengal but to other towns and I have already stated that the provisions of this Act should be extended to entire West Bengal because the money is being spent from the consolidated fund of the State, and therefore, there are

other old towns in Bengal which are as old as Calcutta or older than Calcutta. Therefore, if this beneficial measure is to be introduced at all, the entire people of West Bengal, like the dwellers of Calcutta, should enjoy this. Therefore, I would say that by deleting Calcutta the portion which will remain—this Act may be called that Slum Clearance and Rehabilitation of Slum Dwellers Act of 1928. Therefore your declared object as contained in clause 1, sub-clause (3) will be fulfilled by deleting Calcutta. Why do you retain this word and give a special preference to Calcutta?

[4-55—5-5 p.m.]

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that in clause 1(1), line 1, for the word "Clearance", the words "Improvement, Clearance, Housing" be substituted.

মাননীয় সভাপাল মহাশয়, এই সংশোধনীর নামের উপর এটা অনেকটা আমাদের বন্ধু দেবেন সেনের কথার সামিল। কিন্তু আমি এই কথাটা আমাদের মন্ত্রী মহাশয়ের সামনে রাখতে চাই যে কালকে আপনার সামনে মুখ্যমন্ত্রী মহাশয় এই 'পাততারি আর তারিপাত' এই রকম কি একটা নামের কথা বলে গিয়েছিলেন—যাতে তিনি বুঝতে চেয়েছিলেন যে যাকে পাততারি বলে তাকেই উলটালে তারিপাত হয়। এই রকম কথার কোন অর্থ নেই। এটা আইনসভা—আইন তৈরি হয়। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলছেন—কিন্তু তিনি অবগত নন যে আইনে প্রত্যেকটি অক্ষরের উপর জোর দেওয়া হয়। মাননীয় সভাপাল মহাশয়, আমি এ কথা বলতে চাই, আপনি একজন প্রসিদ্ধ আইনজীবি। আপনি জানেন আইনের প্রত্যেকটি অক্ষরের মূল্য আছে। কোন কথা টা কিভাবে সাজান হয়, কোন শব্দটা আগে বা কোন শব্দটা পরে এরজন্য যদি কোন অর্থ না থাকত, তাহলে এত বড় বড় ব্যারিষ্টার ও উকিলদের করে খেতে হত না। এক একটা কথার ইন্টারপ্রিটেশনএর উপরে অনেক কিছু নির্ভর করে। আজ বিধানসভায় মুখ্যমন্ত্রী মহাশয় যা বলে গেলেন, তাতে গরীব মানুষকে অত সরল কথায় বুঝাবার চেষ্টা করবেন না। আইন সভাতে আইন প্রণয়নের সময় তার প্রত্যেকটি অক্ষর, শব্দের মানে আছে—পরিষ্কার অর্থ। সেইজন্য আমি আমার মাননীয় স্বাযত্বশাসন বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—আপনি সোজা ভাষায় দুইটা নামের একই মানে এটা বুঝাতে চাইবেন না। যদি একই মানে হয় তাহলে সাধারণভাবে আমরা যেটা সন্দেহ করি, সে কথাটা ভেবে আপনার কাছে একটা নাম রেখেছি—সেটা নিতে আপত্তি কেন—যদি একই মানে হয়ে থাকে? সুতরাং যথেষ্ট নামের প্রভেদ আছে। আপনি যে বিলের নাম দিয়ে আজ এনেছেন এটা মন্ত্রী মহাশয়ের কৃতিত্ব বলব না। তিনি স্লাম ক্লিয়ারেন্স দিয়ে ছিলেন—সাফ করে দিয়েছিলেন, আজকে কিছু সুবুদ্ধি—
Joint Select Committee—hammered into the head.
আজকে চারধারে, মানুষের মধ্যে বিল্কে ড কাল্চেই রিহ্যাবিলিটেশন কথাটা আসছে। আপনি বলবেন স্লাম-ক্লিয়ারেন্সএর ভিতরে রিহ্যাবিলিটেশন কথাটা আছে। আইনে, কিন্তু মন্ত্রী মহাশয়ের মনে কি আছে আর মুখ্যমন্ত্রী মহাশয় বিধানসভায় কি বলেছেন—তাতে আইনে কিছু এসে যায় না। আজ আপনারা চলে যাবার পর অন্য মানুষ মন্ত্রী হবেন, অন্য মানুষ মুখ্যমন্ত্রী হবেন এবং আদালতে যখন বিচার হবে তখন আপনাদের মনে কি ছিল, আর আপনি কি চেয়েছিলেন, তার উপর হবে না। আইনের কথায় কি লিপিবদ্ধ করে গেলেন—তার উপরই কথা হবে। আমরা চাই আপনার সামনে কষ্টিপাথর হিসাবে রেখেছি যে আপনার উদ্দেশ্য যদি অতটাই সৎ হয়, মানুষের উপকার করাটাই যদি উদ্দেশ্য হয়, তাহলে আমরা এই কথাটার মধ্যে কোনটা আগে, কোনটা পরে, এটার অর্থ আপনার সামনেই রেখে দিচ্ছি। আমার এখানে যা বক্তব্য তা বলেছি। তবে ঝগড়া, মন্ত্রী মহাশয়ের সঙ্গে আগে করেছি, শেষ পর্যায়ে করার এবং বিলটা বিধানসভার পাশ হবার পর বাইরে করব। এখানে চেষ্টা করব আমাদের মতটা ওঁকে বুঝিয়ে দিতে। আমরা কি চাই।

Mr. Speaker: How would you like the Bill to be entitled?

Dr. Narayan Chandra Ray:

স্লাম ক্লিয়ারেন্সএর সঙ্গে আমরা রিহ্যাবিলিটেশন কথাটা জুড়ে দিচ্ছি। স্লাম ক্লিয়ারেন্স এর পর রিহ্যাবিলিটেশন করা হবে—স্লাম ক্লিয়ারেন্স এ্যান্ড রিহ্যাবিলিটেশন অব স্লাম-ড্রয়েলার্স—এটা আপনার সামনে পরিবেশন করছি। কারণ মানুষ যেভাবে চায়, বিলটা যদি তেমনি-ভাবে পরিবেশন করেন, যদি সিলেক্ট কমিটিতে আবার রি-কমিট্যাল না করে এখানে আমরা আলোচনার মধ্য দিয়ে এই বদলাতে পারি কি পারি না? আমার কথাটার মধ্যে ইম্প্রুভমেন্ট আগে রেখেছি। ধরুন যদি বলি স্লাম-ক্লিয়ারেন্স, তার মানে যা খুসী তাই হতে পারে। আর আমরা স্লাম ইম্প্রুভমেন্ট, ক্লিয়ারেন্স এ্যান্ড হাউসিং অব রিহ্যাবিলিটেশন—দেবেনবাবু যা বলেছেন সেইরকম রাখলে আমাদের এই অর্থ হয় যে স্লাম ক্লিয়ারেন্সএর আগে স্লাম ইম্প্রুভমেন্টএর জন্য ক্লিয়ারেন্স করা হোক, ইম্প্রুভমেন্ট সেখানে করা হোক, রিহ্যাবিলিটেশন করা হোক।

Mr. Speaker: Would you like "clearance" to disappear?

Dr. Narayan Chandra Ray:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কথাটাতে রাখতে চাই—ক্লিয়ারেন্সকে মধ্যে রাখতে চাই। স্লাম ইম্প্রুভমেন্টএর জন্য মানুষের বস্তি উন্নয়নের বিল হোক। স্লাম ইম্প্রুভমেন্ট তার দরুণই ক্লিয়ারেন্স, হাউসিং এইগুলি পরে যোগ রাখুন।

Mr. Speaker: Supposing this amendment is accepted, how would it read?

Dr. Narayan Chandra Ray:

এখানে পড়ে দিচ্ছি—

This Act may be called—

the Calcutta Slum Clearance and Rehabilitation of Slum-Dwellers Act.

এর বদলে রাখছি—

Calcutta Slum Improvement, Clearance and Housing Act.

Mr. Speaker: Improvement, Clearance and Housing Act.

Dr. Narayan Chandra Ray:

'এ্যান্ড রিহ্যাবিলিটেশন' এই কথাটা যোগ করে দিচ্ছি। এই অর্থ হলে হয় কি? মানুষকে আপনারা সন্তুষ্ট করে রাখবেন। আপনার প্রথম স্লাম ক্লিয়ারেন্স বিলএ আপনার কি মূর্তি ফুটে উঠেছিল, তা হয়ত আপনি বুঝতে পারেন নি। তার মধ্যে স্লাম ক্লিয়ারেন্স ছিল—তাই মানুষ এর বস্তী উচ্ছেদ বিল নাম দিয়েছিল। আজকে বদলেছেন কারণ জনমত খানিকটা অনুভব করেছেন। কিন্তু আজকে এই বিধান সভায় আপনার সঙ্গে ঝগড়া করতে বসি নি। কলকাতার উন্নতির জন্য একটা নতুন সৃষ্টির পথ আপনাকে দেখাতে চাচ্ছি। তাই আপনাকে অনুরোধ করছি যে মুখ্যমন্ত্রী মহাশয় যা বলেছেন—পাততারি আর তারিপাত—এই দুটো কথার মধ্যে যদি মারপ্যাচ না থাকে, আর আপনার অন্তঃকরণ যদি মুখ্যমন্ত্রী মহাশয়ের মতন সরল ও পরিষ্কার হয়—তাহলে এটা বদলাচ্ছেন না কেন? এটাই ত মানে! কথাটার অদলবদলে ঝগড়া করছেন কেন? সকলে বলছে—

Improvement, Clearance, Housing and Rehabilitation.

এটা ছাপার অক্ষরে আসুক। যে এ্যাক্টটা হয়েছে সেটা না হয়, একটু অদলবদল করে ছাপাবেন। এই কথাটাই আপনার সামনে রাখছি।

Mr. Speaker: A section, according to the ordinary canons of construction, is not construed by the wording of the section. The general scheme of the Act has to be considered, the preamble is always read and all these things are taken into consideration. If you are apprehensive that by process of clearance it would result in disappearance and nothing more, according to me that is not so but it is for the Government to accept it or not. I find that the preamble is perfectly clear and it would be a cumbersome definition if you say that this Act may be called the Calcutta Slum Clearance, Improvement, Housing and Rehabilitation Act.

Dr. Narayan Chandra Ray:

আমি আর একটা কথা বলে শেষ করছি। সেটা আপনার মাধ্যমে আমি ও'র সামনে রাখছি। আপনি একটা অত্যন্ত সত্য কথা উপলব্ধি করতে বলেছেন—যদি কথাটা বদলাতে হয়, তাহলে বিলের অনেক জায়গায় বদলাতে হবে—এ কথাটা আপনি সত্যি বলেছেন। কিন্তু এ দুটো নামের মধ্যে যে উদ্দেশ্য ছিল সেই উদ্দেশ্য হচ্ছে এই দুটো নামের মধ্যে পদ্ধতির তফাত আছে। তাই মুখ্যমন্ত্রী মহাশয় যেমন বলে গেলেন—পাততাড়ি আর তাড়িপাত একই জিনিসের অদল আর বদল—তা নয়। এর মধ্যে সত্যিকারের অর্থ আছে। সেইজন্য সরল মন্ত্রী মহাশয়ের সামনে আমি সরল ভাষায় সরল পরিবর্তনটি রাখলাম এবং আমি অনুরোধ করছি—আপনি এটা এক্সেপ্ট করুন।

[5-5—5-15 p.m.]

Sj. Rabindra Nath Mukhopadhyay: Sir, I beg to move that in clause 1(3), lines 1 to 5, for the words beginning with "Calcutta or to such portions" and ending with "such notification", the words "whole of West Bengal" be substituted.

আমার খুব সামান্য সংশোধন। কলিকাতা শহরকে পরিচ্ছন্ন এবং সুন্দর করার জন্য যে পরিকল্পনা এখানে আছে সে সম্বন্ধে বিভিন্নভাবে বক্তৃতা হয়েছে। এ পর্যন্ত বোঝা যাচ্ছে যে, সরকারপক্ষ তাঁর নিজের জায়গায় দাঁড়িয়ে আছেন। আমার বক্তব্য হচ্ছে, বস্তি উচ্ছেদের জন্য এখানে কি হবে না হবে তার ফল এখনই খুব নিকটবর্তী কয়েকটি জায়গায় দেখতে পাচ্ছি। বেহালাকে এই ভাবের একটি অঞ্চল বলা যায়। সেখানে ইতিমধ্যেই বেশ কিছু অংশে দ্রুত-গতিতে বস্তি গড়ে উঠছে। কিছুদিন পূর্বে আনন্দবাজার পত্রিকায় সম্ভবত দেখে থাকবেন যে, বিপুলসংখ্যক লোক যারা দুধের ব্যবসার জন্য খাটাল রাখে তারা বেহালা অঞ্চলের কয়েকটি জায়গায় বহুসংখ্যক মোষ নিয়ে যাচ্ছে এবং দ্রুতগতিতে খাটাল তৈরি হচ্ছে। আমার আশঙ্কা হচ্ছে যে, এই উদ্দেশ্যে কলিকাতা শহরের বাহির অঞ্চলে বিভিন্ন জায়গায় খাটাল ইত্যাদি গড়ে উঠবে এবং তা যে উঠছে তার ছবি নিত্যনূতন কাগজে বার হচ্ছে। সুতরাং স্যানিটেশনএর দিক থেকে আমি যে অঞ্চল থেকে এসেছি সেখানে এবং এইরকম অন্যান্য অঞ্চল সম্পর্কে বলা যায় যে, একই রকম পরিস্থিতি তৈরি হবে এবং তা খুবই বিপজ্জনক অবস্থা হবে। এই প্রসঙ্গে আর সামান্য দুই-একটি কথা এই যে, যদি একটু লক্ষ্য ক'রে দেখেন, যদি টালির নালার একটু উন্নয়নের জন্য টালিগঞ্জ ব্রিজের একটু এপাশে যাওয়া যায়, তা হ'লে যেরকম স্লাম তৈরি আছে, ঠিক সেই রকম পশ্চিম পার্শ্বেও আসল স্লাম এরিয়া; আর ঠিক সেই জায়গা এ থেকে বাদ পড়ছে। এইভাবে আর একটু লক্ষ্য করলে দেখবেন কলিকাতার বিলাসী মালিকদের বাসস্থান ঐ নিউ আলিপুরের দক্ষিণ অংশও স্লাম এরিয়া। সুতরাং এই রকমভাবে বিলের যা উদ্দেশ্য তা আরও ব্যাপক না হওয়ায়, সমগ্র পশ্চিমবাংলায় বিস্তৃত না হওয়ার ফল অন্যান্য অঞ্চলের পক্ষে হানিকর হবে ব'লে আমি এই সংশোধন নিয়ে এসেছি।

Sj. Sunil Das: Sir, I beg to move that in clause 1(3), lines 1 and 2, for the words "Calcutta or to such portion or portions thereof" the words "to such portion or portions of Calcutta" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, ক্লজ ১(৩)তে বলা হচ্ছে—

Calcutta or to such portion or portions thereof

যা বিলে বলা আছে, যেসমস্ত এলাকায় এই আইনকে মডিফাই ক'রে আইনের প্রয়োগ করা হবে, সেই সমস্ত এলাকা থেকে কলিকাতা মিউনিসিপ্যাল অ্যাক্টএর কতকগুলি সেকসনএর প্রয়োগ নিষিদ্ধ হবে। আমার বক্তব্য হচ্ছে যে, একবার বলা হচ্ছে যে, সমগ্র কলিকাতার উপর এই আইন প্রয়োগ করা হবে, তারপরে বলা হচ্ছে কোন অংশে বা অনেকগুলি অংশে এই আইন প্রয়োগ করা যেতে পারে। সেই জায়গায় আমি বলতে চাই—কলিকাতা মিউনিসিপ্যাল অ্যাক্টের যেসমস্ত ধারায় এই বস্তিবাসীদের কিছু কিছু সুবিধা দেওয়া আছে, সেই সমস্ত ধারাগুলো তুলে নেবার সুযোগ গোটা কলিকাতায় আমরা কেন দিতে যাই, যখন আমরা জানি যে, গোটা

কলিকাতায় কোন সময় বস্তি উন্নয়ন বা বস্তি ভেঙে নূতন টেনেমেন্ট করা সম্ভব হবে না। সেইজন্য আমি বলছি যে—

Calcutta or to such portion or portions thereof

না ব'লে বলা হউক—

to such portion or portions of Calcutta

অর্থাৎ যে অংশে আইন প্রয়োগ করা হ'ল সেই অংশে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টএর ঐসমস্ত ৩৯৩-৪১৩ ধারা প্রয়োগ সেই এলাকায় নিষিদ্ধ করা হবে। যদি আমি বুঝতাম যে, গোটা কলিকাতার জমিদারী সরকার দখল ক'রে নিচ্ছেন তা হ'লে আমি বলতাম যে, অনতি-বিলম্বে গোটা কলিকাতায় এই আইন প্রয়োগ করা হউক, কিন্তু সে ধরনের সম্ভাবনা আমরা কিছুই দেখছি না। ফার্স্ট রিডিংএ কন্সিডারেশন স্টেজএ মুখ্যমন্ত্রী বিরোধীপক্ষের বক্তৃতার জবাবে যা বলেছেন তা সার্থক হবার কোন সম্ভাবনা দেখছি না। সেইজন্য আমি শুধু 'পোরশন অর পোরশনস অফ ক্যালকাটা' এর ভিতর সীমাবদ্ধ রাখতে চাই। গোটা কলিকাতায় এই আইনের প্রয়োগ একসঙ্গে সাইমালটেনিয়াস প্রয়োগ নিষিদ্ধ করতে চাই।

Mr. Speaker: I am only trying to follow your speech. All it says is that it shall apply to Calcutta or to such portion or portions thereof as the State Government may determine from time to time. Now therefore the power has been reserved by the Act to extend it to such areas as the Government may determine. It shall not apply to the whole of Calcutta in the first instance.

Sj. Sunil Das:

মাননীয় স্পীকার মহাশয়, ক্লজে যে ভাষা আছে তাতে বলছে—

It shall apply to Calcutta or to such portion or portions thereof.

Mr. Speaker: Of course, you are quite right. The right to make the Act applicable to the whole city is there. But they have said that there is no possibility of doing that.

Sj. Sunil Das:

সেইজন্য যেটুকু অ্যামবিগুইটি আছে সেটুকু দূর করবার জন্য আমি বলতে চাই 'সাচ পোরসন অর পোরসনস অব ক্যালকাটা' যখন যুগপৎ কলিকাতার বস্তি উন্নয়ন বা বস্তি অপসারণের দায়িত্ব সরকার রাখছেন না তখন কেন আইনের ভাষার দ্বারা সে ধারণা বজায় রাখার চেষ্টা হবে। গোটা কলিকাতাকে ধরলে কলিকাতা মিউনিসিপ্যাল অ্যাক্টএর কাজ থাকে না। কাজেই এই দ্ব্যর্থবোধক ভাষাকে আরও সোজা ক'রে বলছি—'সাচ পোরসন অর পোরসনস অব ক্যালকাটা'—এই আমার অ্যামেন্ডমেন্ট।

Sj. Panchanan Bhattacharjee: Sir, I beg to move that in clause 1(3), line 1, the words "portion or" be omitted.

Mr. Speaker, Sir, I have a premonition that this Act will not be applicable to more than one area within the near future. I have got information that only one area has been picked up and that is North Calcutta in order to please certain gentlemen. The next area to be picked up will be Belliaghata area in order to please another gentleman who is a big lease-holder. But I have sought amendment to clause 4 wherein I want to make it very clear that the Government would be bound to declare certain areas to be slum areas where the condition is not conducive to health. If that be the case, my objection is that the Government should not be allowed only to take resort to the first portion, i.e., to a single bustee. If they have resort in respect of one portion, we can expect that the slum clearance will proceed. In that way they will be able to clear all the slums and rehabilitate the bustee dwellers in the conceivable future.

[5-15—5-25 p.m.]

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 1(1), line 1, after the words "called the Calcutta" the words "and Howrah" be inserted.

I also move that in clause 1(3), line 1, after the words "apply to Calcutta" the words "and Howrah" be inserted.

মাননীয় স্পীকার মহাশয়, আমি বিলের অ্যামেন্ডমেন্ট দিয়েছি, একসঙ্গে বলছি, অ্যামেন্ডমেন্টএর মূল কথা হ'ল আইনটাকে কলিকাতায় সীমাবদ্ধ রাখবার জন্যই আনা হয়েছে যদিও আইনের মধ্যে একথা বলা হয়েছে যে, সরকার ইচ্ছা করলে যে-কোন এলাকায় বাংলাদেশে এটাকে অ্যাপ্লাই করতে পারবেন। এই আইন আনতে গিয়ে ক্যালকাটাকেই ইমপরট্যান্স বেশি, অতিরিক্ত দেওয়া হয়েছে। আমার মনে হয় আমাদের চোখের সামনে কলিকাতা আছে বিশেষ ক'রে আমাদের চোখের সামনে যেসমস্ত বস্তিগুলি রয়েছে সেগুলি সম্পর্কেই আপনারা বেশি চিন্তা করেছেন। কলিকাতার বাইরে হাওড়া এবং অন্যান্য ইন্ডাস্ট্রিয়াল এরিয়ায় যে স্লাম আছে সেগুলি কলিকাতার স্লামকেও লজ্জা দেয়। একথা যাঁরা আইন প্রণয়ন করেছেন বা উত্থাপন করেছেন তাঁরা ভুলে গেছেন। দুই-একটি উদাহরণ দিলে পরিষ্কার বুঝতে পারবেন।

হাওড়া এবং কলিকাতার স্লামগুলির তুলনামূলক বিচার করলে দেখা যাবে বহুক্ষেত্রে কলিকাতার স্লাম হাওড়ার বস্তির চেয়ে উন্নত ধরনের। যেমন ওয়ান-রুম টেনেমেন্ট হিসাব যদি নিই তা হ'লে দেখা যাবে কলিকাতাতে যেখানে ৯২ পারসেন্টএ একখানা ঘর আছে সেখানে হাওড়াতে ৯৭·৬ পারসেন্টএ একটিমাত্র ঘর আছে। তারপর এই ওয়ান-রুম টেনেমেন্টএর ক্ষেত্রে পাকা ফ্লোর কোথায় আছে সেটা হাওড়া এবং কলিকাতায় পাশাপাশি যদি বিচার ক'রে দেখি তা হ'লে যেখানে কলিকাতাতে ৭৫ পারসেন্ট পাকা ফ্লোর রয়েছে সেখানে হাওড়াতে মাত্র ৩৬·৬ পারসেন্টএ পাকা ফ্লোর আছে। তা ছাড়া সাপ্লাই অফ ওয়াটার ইত্যাদি ব্যাপারে ৬১·৭ পারসেন্ট বস্তিতে কলিকাতায় বন্দোবস্ত আছে। আর হাওড়ার ৮৩·৬ পারসেন্ট বস্তিতে কোন জলের বন্দোবস্ত নাই। ঠিক তেমনি কুকিং আরেঞ্জমেন্ট কলিকাতাতে যেটুকু আছে হাওড়াতে ডাবল, কোন কোন ক্ষেত্রে তিন গুণ অব্যবস্থা রয়েছে। হাওড়ার যে ছবি সরকার দিয়েছেন আর কলিকাতার যা দিয়েছেন বিভিন্ন এনকোয়ারি রিপোর্টএ বালুরঘাট থেকে আরম্ভ ক'রে অন্যান্য ইন্ডাস্ট্রিয়াল এরিয়ায় যদি দেখেন তা হ'লে দেখবেন কলিকাতা শহরের চেয়ে অন্যান্য ইন্ডাস্ট্রিয়াল এরিয়ায়, হাওড়ায় বস্তির উন্নয়ন অনেক কম। কাজেই আইনটাকে মুখ্যত কলিকাতাতেই সীমাবদ্ধ রাখবার চেষ্টা হয়েছে। অবশ্য রিসোর্সেস কম আছে, যে অবস্থা বস্তি সম্বন্ধে আপনারা অবগত আছেন, প্রকৃত অবস্থা তার চেয়ে অনেক খারাপ, দুস্থ বেদনাহত সমস্ত বস্তির উন্নয়নের কাজ করা দরকার। একটা ডিফারেন্স আমরা দেখি যেখানে কলিকাতাতে ৩২ পারসেন্ট নন-বেঙ্গালি বাস করে সেখানে হাওড়াতে ৮২ পারসেন্ট নন-বেঙ্গালি বাস করে। কাজেই হাওড়া এবং অন্যান্য ইন্ডাস্ট্রিয়াল এরিয়ায়, বিশেষ ক'রে, পশ্চিমবঙ্গে যেসমস্ত জায়গায় বস্তিগুলি রয়েছে সেগুলি দুষ্ট ব্রণের মত। সেসমস্ত বস্তি এলাকায় মানুষ সৎভাবে বাস করতে পারে না এবং আলোকহীন অস্বাস্থ্যকর আবহাওয়া যেসমস্ত জায়গায় রয়েছে সেখানেও আইনটাকে এক্সটেন্ড করা হউক। একথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

Sj. Bankim Mukherji: Sir, I beg to move that in clause 1(1), line 1, for the word "Calcutta" the words "West Bengal" be substituted.

I also beg to move that in clause 1(3), line 1, after the word "Calcutta" the words "and industrial areas of 24-Parganas, Howrah and Hooghly" be inserted.

I further beg to move that in clause 1, after the Explanation, the following new explanation be added:—

"Industrial areas" means a Municipal area in which one or more factory is situated.

স্পীকার মহোদয়, আমার ৩টা অ্যামেন্ডমেন্ট আমি একসঙ্গেই বলছি। ক্যালকাটার বদলে ওয়েস্ট বেঙ্গল করা হোক ১(১) ক্লজে, ক্লজ ১(৩)তে ক্যালকাটার সঙ্গে ইন্ডাস্ট্রিয়াল এরিয়াজ অব ২৪-পরগনা, হাওড়া এবং হুগলি—এই কটা ঢুকিয়ে দেওয়া হোক এবং ক্লজ ১এ ইন্ডাস্ট্রিয়াল এরিয়াজের অর্থ হচ্ছে
municipal area
১২বি, ২০বি এবং ২২বি। আমি জানি যে, মুভার অব দি বিল, মন্ত্রিমহাশয় বলতে পারেন যে, আমার যে কটা উদ্দেশ্য সেই সব কটা এই বিলের মধ্যে আছে অর্থাৎ ১(৩)তে আছে যে, কলকাতা ছাড়াও গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল যে-কোন জায়গায় এটা নোটিফাই করতে পারবেন। কিন্তু আমার পূর্বে শ্রীঅপূর্বলাল মজুমদার এই জিনিসটা দেখিয়েছেন যে, এমফ্যাসিসটা বড্ড বেশি পড়ছে কলকাতার উপর। তা ছাড়া আমরা জানি যে, গভর্নমেন্টের মাথার ভিতর যেসমস্ত স্কীম আছে তাতে কলকাতার উপর খুব বেশি রকম জোর দেওয়া হয়েছে। আমি এখানে এটুকু বলতে চাই যে, জঘন্যতার দিক থেকে কলকাতার বাইরে যেসমস্ত স্লামস আছে সেগুলির জঘন্যতা ঢের বেশি। দ্বিতীয়ত সেই সমস্ত স্ল্যামস ক্লিয়ার করা গভর্নমেন্টের পক্ষে অল্প ব্যয়সাধ্য। তৃতীয়ত, যদি সুবারবন এরিয়াতে কিছুটা পরিমাণে স্লাম ক্লিয়ার্ড হয় তা হ'লে পর সাধারণ নীতি হিসাবে মানুষ কিছু কিছু কলকাতা থেকে অপসারিত হয়ে সেখানে আপনিই চলে যাবে, বিশেষ ক'রে আজকে বৈদ্যুতিক ট্রেন প্রভৃতি হওয়ার ফলে। আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, বাংলাদেশে সবচেয়ে খারাপ স্লাম যেখানে আছে তা বোধ হয় আমার যতটুকু জানা আছে হাওড়া অঞ্চলে এবং তারপরে হচ্ছে বারাকপুর—যে জায়গায় খুব কনসেনট্রেটেড লেবার সে জায়গা এমনকি সেখানকার রাস্তা পর্যন্ত অতি সরু হয়ে গেছে। নৈহাটি যাবার যে পথ বিটুইন বারাকপুর এবং নৈহাটি সেখানে কোন কিছু করা যেতে পারে না যদি না সেখানকার স্লাম ক্লিয়ার করা যায়। এমনকি ইন্ডাস্ট্রিয়াল হাউসিংএর জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যা বরাদ্দ হয়েছে সেই ইন্ডাস্ট্রিয়াল হাউসিংএর প্রথমটা হচ্ছে গিয়ে যাঁরা কারখানা প্রভৃতির মালিক তাঁদের সেদিকে খুব বেশি দৃষ্টি নেই, তাঁরা তার সুযোগ গ্রহণ করতে চান না, গভর্নমেন্টও বিশেষ চাপ দেন না কিন্তু যদি দেন তা হ'লে প্রথম কথা হবে যে, জমি কোথায়, আমাদের জমি দেখিয়ে দিন। আমি সম্প্রতি একটা বড় পেট্রোল কনসার্নে সঙ্গে কথা বলেছিলাম, প্রথমে তাঁরা বলেছিলেন যে, জমি দেখিয়ে দিন অর্থাৎ যেসমস্ত ভাল জমি আছে রাস্তার উপর তার অধিকাংশই স্লাম তৈরি হয়ে বসে আছে। কাজেই সেই স্লামগুলি ক্যাপচার করতে গভর্নমেন্টের পয়সা অনেক কম খরচ হবে। কলকাতায় জমির অনেক দাম, সেখানে জমি কিনতে, স্লাম ক্লিয়ার করতে যা খরচ হবে তার চেয়ে ঢের অল্প ব্যয়ে কলকাতার আশেপাশে এই ইন্ডাস্ট্রিয়াল এরিয়াগুলি তাঁরা পরিষ্কার করতে পারেন এবং তাতে লাভটা হবে এই যে, সে জায়গার ঐরকমভাবে স্লাম ক্লিয়ার হ'লে পর এবং সেই জায়গায় ভাল টেনামেন্ট হাউস হ'লে পর—বোম্বে প্যাটার্ন চালু হ'লে পর—স্বাভাবিক কারণে অর্থনৈতিক কারণে কিছু কিছু লোক এখান থেকে অপসারিত হয়ে যাবে এবং কলকাতার উপর চাপও আপনি আপনি কিছু কমবে। যেমন আপনারা এখান থেকে খাটাল একটু দূরে সরিয়ে নিয়ে যাচ্ছেন কলকাতার বাইরে, কলকাতার ভেতর তো খাটালের ইম্প্রুভমেন্ট করতে পারতেন, মডার্ন কাউশেড করে আরও খরচ করেও করতে পারতেন কিন্তু তা না ক'রে একটু দূরে হ'লে পর অল্প খরচে ঢের বেশি হাইজিনিক ব্যবস্থা হ'তে পারে। সেদিক থেকে বলব যে, কলকাতার বাইরে যদি প্রথমে নজর দেন তা হ'লে আপনাদের যে টাকা বরাদ্দ আছে তাতে ঢের বেশি কাজ হ'তে পারে। এবং দ্বিতীয়ত স্লামের কার্যতার দিকে নয়, স্লামগুলি হচ্ছে আবর্জনার ডিপো এবং রোগ বিস্তারের ডিপো। কদর্যতা বর্জন করা বড় নয়, তার চেয়ে বড় রোগ বিস্তার বন্ধ করা। সেদিক থেকে আমি বলছি কলকাতার চারিপাশের যে স্লামগুলি আছে তা যদি মন্ত্রিমহাশয় কোনদিন দেখেন তা হ'লে দেখবেন যে, তার চেয়ে জঘন্যতম স্লাম কলকাতায় নেই। আমার জীবনে কয়েক বছর আমাকে কলকাতার বাইরে একাধিকক্রমে বাস করতে হয়েছে ২।৪।৫ বছর। এই স্লামগুলির অবস্থা সাংঘাতিক রকমের খারাপ—সেজন্য আমি সেদিকে দৃষ্টি দেবার জন্য বলছি এবং নামের উপর জোর দিচ্ছি, কারণ তা হ'লে আপনাদের মনে আসবে। এটা না হ'লে পর একটা কোণে লেখা থাকবে গভর্নমেন্ট বাই নোটিফিকেশন ওয়েস্ট বেঙ্গলএর যে-কোন জায়গায় এক্সটেন্ড করতে পারবেন—তা না হ'লে কলকাতার মধ্যে সীমাবদ্ধ থাকবে এবং খুব বেশি উন্নতি হবে না।

[5-25—5-30 p.m.]

Sj. Gopal Basu:

স্পীকার মহাশয়, স্লাম ক্লিয়ারেন্সএর ব্যাপারে সরকারের কলকাতার উপর নজর পড়েছে। কলকাতার উপর নজর পড়েছে ভাল কথা, কিন্তু কলকাতার বাইরে বাংলাদেশে আরও বিভিন্ন জায়গায় যেসব স্লাম রয়েছে, সেগুলির অবস্থা কলকাতার স্লামএর চেয়েও জঘন্য। কিন্তু এগুলির উপর সরকারের নজর পড়ে নি। মন্ত্রিমহাশয় বলেছেন, স্লামগুলি থাকার জন্য কলকাতার স্বাস্থ্য খারাপ হচ্ছে, কেউ কেউ বলেছেন, বাইরের অনেক বিশিষ্ট লোক কলকাতায় আসেন—তাঁরা এগুলি দেখতে পান এটা লজ্জার কথা। যদি স্বাস্থ্য সম্বন্ধে বলতে হয় তা হ'লে বলব, বারাকপুর মহকুমায় ১৬টি মিউনিসিপ্যালিটিতে অত্যন্ত ঘনবসতি রয়েছে এবং সেখানে সবই প্রায় স্লাম। বারাকপুর ও টিটাগড়ে ১ স্কোয়ার মাইলের মধ্যে ১॥ লক্ষ লোক বাস করে। জগদ্দল, কাঁকিনাড়া প্রায় সবটাই স্লাম। জগদ্দল, কামারহাটি, বজবজ প্রভৃতি সর্বত্রই স্লাম। অথচ এগুলির উপর সরকারের নজর পড়েনি। এতেই মনে হয় এর পিছনের উদ্দেশ্যটা হচ্ছে রাজনৈতিক। তাই কোনরকম বিকল্প বাসস্থানের ব্যবস্থা না ক'রে তাদের উচ্ছেদ ক'রে আরও অস্বাস্থ্যকর জায়গায় বসাবার ব্যবস্থা হচ্ছে। সত্যই যদি সদুদ্দেশ্য থাকে তা হ'লে সমস্ত পশ্চিম বাংলায় এটা প্রয়োগ করুন এবং যেখানে যেখানে শিল্পাঞ্চল রয়েছে সেখানে ভাল টেনামেন্ট তুলে লোকের থাকবার ব্যবস্থা করুন। তারপর এই আইনের নাম পরিবর্তন করুন। নাম পরিবর্তন ক'রে সমগ্র পশ্চিমবঙ্গে এই আইনটা প্রয়োগ করুন, তা না হ'লে আপনারা যতই বলুন না কেন, আমরা এটা গ্রহণ করতে পারব না।

Sj. Basanta Kumar Panda: Sir, I want to speak on amendment No. 22.

Mr. Speaker: When you spoke earlier you should have covered both the amendments.

Sj. Basanta Kumar Panda: All right, Sir, I shall keep this in mind for future.

Janab S. A. Farooqui: Sir, I rise to.....

Mr. Speaker: I cannot allow all the 5 members who have given notice of this amendment to speak. The rule is that only one member would speak and that is being followed all along.

Dr. Narayan Chandra Ray: Sir, five members may speak from 5 different angles and if there is repetition you may stop them.

Sj. Bankim Mukherji:

স্পীকার মহাশয়, ব্যাপারটা হচ্ছে, কেউ অ্যামেন্ডমেন্ট মুভ না করলেও সেই অ্যামেন্ডমেন্টএর সমর্থনে অন্য স্পীকার বলতে পারেন। এটা কোন অধিকারের প্রশ্ন নয়, এই প্র্যাকটিসই এখানে ফলো করা হচ্ছে। আমি এই দাবি করি না যে, যদি ৫ জনের অ্যামেন্ডমেন্ট আইডেন্টিক্যাল হয় তবে সেই ৫ জনেরই বলবার অধিকার আছে। কিন্তু অ্যামেন্ডমেন্ট না দিয়েও যেমন বলবার অধিকার আছে তেমনি আমাদের দিক থেকে অমুকে তমুকে বলবেন এটা আমরাই ঠিক ক'রে নেব।

Sj. Ganesh Ghosh:

স্যার, আমারও একটা অ্যামেন্ডমেন্ট আছে।

Sj. Basanta Kumar Panda: By this amendment I have tried to substitute the word "town" by the word "municipality" because the word "town" has not been defined in this Act and I have also looked into other Acts of West Bengal and I have not found any definition of the word "town". Town has got a dictionary meaning but it has not got a legal meaning and, therefore, if you retain the word "town" the provision would be vague. The State Government may by notification extend it to any other town or local area. I ask for substituting the word "town"

by the word "municipality" because municipality has got a defined area and the word "town" as we understand it, has not got a defined area. Now the area of a town may not be the same as that of a municipality. It may be more than a municipality—it may be less than a municipality. Each municipality is well defined. If you retain the word "town" then in each case when you are going to apply this Act, you shall have to say the word "town" and you shall have to give geographical boundary. Otherwise if you say Midnapore town, if you say Tamluk town or if you say Contai town, it has not got a defined meaning. It has not got a defined area.

Mr. Speaker: Township is covered by multitude of ideas. Municipal area is also there Take for instance, the city of Calcutta. It has got different boundaries for different purposes. Therefore, all that has been said here—town or such other local area.

Sj. Basanta Kumar Panda: Local area is something other than municipal area or town area. It may constitute suburbs of a town. The word "town" itself has not been defined either here or in the Bengal Municipal Act or in any other Act as far as I have been able to see. Therefore, if in any record or in any Act the definition or the boundary of the area is not there—we always understand what is meant by the word "town" that has got a dictionary meaning,—but for the purpose of the application of the Act, you must have a boundary by which this area is bounded. Therefore, if you specify in this notification, you shall have to give boundary in each case. When making such a notification if you say the municipal town of Howrah or the municipal area of Midnapore, then you shall not be required to give the boundary again.

Therefore, I say that in order to make the matter simplified, the word "municipality" will be more appropriate than the word "town".

[5-35—5-45 p.m.]

The Hon'ble Iswar Das Jalan: Sir, with regard to the amendments moved by the honourable members, I wish to make the following submissions.

Clause 1(1) gives the name of the Bill "the Calcutta Slum Clearance and Rehabilitation of Slum-dwellers Act, 1958". A suggestion has been made that 'Rehabilitation of Slum-dwellers' should come first and 'the Calcutta Slum Clearance' should come after that. I say that the question of rehabilitation arises only when clearance takes place, otherwise the rehabilitation clause does not come into operation. Therefore, the first thing should come first. I believe that the name is quite correct. When clearnace takes place, the slum-dwellers are uprooted. Naturally, the question then arises as to how they are to be rehabilitated. Another suggestion has been made that the words "Improvement", "Housing", etc., should be inserted somewhere in this name. I say that that is not necessary because the whole Act is governed not by the name itself, as stated by the Hon'ble Speaker, but by the clauses that are there. A short name is given—as short as possible—just to give the main idea about the Bill. This Bill, I would request the honourable members to remember, has got a limited application. Wherever this Bill applies, the provisions of the Bengal Municipal Act as well as the Calcutta Municipal Act cease to operate. So, we do not wish to oust the jurisdiction of the various municipalities from those areas which we are not in a position to take up in the near future—the provisions of the Municipal Act will remain in operation in those places. Therefore, we are limiting the operation of

this Act, as a practical measure, to those areas which we are in a position financially to take up immediately or in the course of the next few years, otherwise the result will be that in particular areas the Municipal Act will cease to operate but, at the same time, we will not be able to take up those areas for improvement.

Hamal, Sj. Bhadra Bahadur
Hansda, Sj. Turku
Jha, Sj. Benarashi Prosad
Kar Mahapatra, Sj. Bhuban Chandra
Lahiri, Sj. Somnath
Mahato, Sj. Bhim Chandra
Majhi, Sj. Chaitan
Majhi, Sj. Jamadar
Majhi, Sj. Ledu
Maji, Sj. Gobinda Charan
Majumdar, Sj. Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mazumdar, Sj. Satyendra Narayan
Mondal, Sj. Haran Chandra
Mukherji, Sj. Bankim
Mukhopadhyay, Sj. Rabindra Nath
Mukhopadhyay, Sj. Samar
Pakray, Sj. Gobardhan
Panda, Sj. Basanta Kumar
Panda, Sj. Bhupal Chandra
Ray, Dr. Narayan Chandra
Ray, Sj. Phakir Chandra
Roy, Sj. Pabitra Mohan
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Rabindra Nath
Roy Choudhury, Sj. Khagendra Kumar
Sahis, Sj. Nakul Chandra
Sen, Sj. Deben
Sen, Sjta. Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Sj. Niranjan
Tah, Sj. Dasarathi

NOES—109.

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee Sjta. Maya
Barman The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syamadas
Bose, Dr. Maitreyee
Bouri, Sj. Nepal
Chakravarty, Sj. Bhabataran
Chattopadhya, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Bijoylal
Chaudhuri, Sj. Tarapada
Das, Sj. Ananga Mohan
Das, Sj. Gokul Behari
Das, Sj. Kanailal
Das, Sj. Khagendra Nath
Das, Sj. Radha Nath
Das, Sj. Sankar
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhara, Sj. Hansadhwaj
Digar, Sj. Kiran Chandra
Digpati, Sj. Panchanan
Dutt, Dr. Beni Chandra
Dutta, Sjta. Sudharani
Gayen, Sj. Brindaban
Ghatak, Sj. Shib Das
Ghosh, Sj. Bejoy Kumar
Golam Soleman, Janab
Gupta, Sj. Nikunja Behari
Hafijur Rahaman, Kazi
Haldar, Sj. Mahananda
Hasda, Sj. Lakshan Chandra
Hoare, Sjta. Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Mrityunjoy
Jehangir Kabir, Janab
Kazem Ali Meerza, Janab Syed
Khan, Sj. Gurupada
Kolay, Sj. Jagannath
Lutfal Hoque, Janab
Mahanty, Sj. Charu Chandra
Mahata, Sj. Surendra Nath
Mahato, Sj. Debendra Nath
Mohibur Rahaman Choudhury, Janab
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Sj. Jagannath
Mandal, Sj. Sudhir
Mandal, Sj. Umesh Chandra
Mardi, Sj. Hakai
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Modak, Sj. Niranjan
Mohammad Giasuddin, Janab
Mondal Sj. Baidyanath
Mondal, Sj. Bhikari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Muhammad Ishaque, Janab
Mukherjee, Sj. Dhirendra Narayan
Mukherjee, Sj. Pijus Kantj
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sj. Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Sj. Jadu Nath
Nahar, Sj. Bijoy Singh
Naskar, Sj. Ardhendu Shekhar
Noronha, Sj. Clifford
Pal, Sj. Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Sj. Ras Behari
Panja, Sj. Bhabaniranjan
Pemantle, Sjta. Olive
Patel, Sj. R. E.
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Prodhan, Sj. Trailokyanath
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Arabinda
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Nepal
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Sj. Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Singha, Sj. Satish Chandra

Saha, Sj. Biswanath
Saha, Sj. Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sarkar, Sj. Amarendra Nath
Sarkar, Sj. Lakshman Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Sj. Santi Gopal
Singha Deo, Sj. Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha Sarkar, Sj. Jatindra Nath
Talukdar, Sj. Bhawani Prasanna
Tarkatirtha, Sj. Bimalananda
Thakur, Sj. Pramatha Ranjan
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Mohammad
Zia-Ul-Huque, Janab Md.

The Ayes being 59 and the Noes 109, the motion was lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 7-3 p.m. till 3 p.m. on Thursday, the 13th March, 1958, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 13th March, 1958, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble Sankardas Banerji) in the Chair, 14 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 206 Members.

UNSTARRED QUESTIONS
(answers to which were laid on the table)

[3—3-10 p.m.]

Number of persons charged under the Untouchability (Offences) Act, 1955, from January to May, 1957

22. (Admitted question No 49.) **Sj. GOBARDHAN PAKRAY:** Will the Hon'ble Minister in charge of the Tribal Welfare Department be pleased to state—

১৯৫৭ সালে ৩১শে মে পর্যন্ত পশ্চিমবঙ্গে অস্পৃশ্যতা বর্জন আইনে কতজন অভিযুক্ত হইয়াছেন?

The Minister for Tribal Welfare (The Hon'ble SIDDHARTHA SANKAR ROY): ১৯৫৭ সালের ১লা জানুআরি হইতে ৩১শে মে পর্যন্ত উক্ত আইনে সমগ্র পশ্চিমবঙ্গে তিনটি মামলায় মোট সাতজন অভিযুক্ত হইয়াছেন।

Proposal for opening a Tribal Welfare Office in Kharba police-station, Malda district

23. (Admitted question No. 679.) **Dr. COLAM YAZDANI:** Will the Hon'ble Minister in charge of the Tribal Welfare Department be pleased to state—

(*a*) whether there is any office of this department in police-station of Kharba in Malda district; and

(*b*) if not, whether the Government consider the desirability of opening a Tribal Welfare Office in police-station of Kharba for the benefit of the tribal people living in this area?

The Hon'ble SIDDHARTHA SANKAR ROY: No.

Dr. Colam Yazdani:
আমি জিজ্ঞাসা করতে চাই, খরবা থানায় ট্রাইবাল ওয়েলফেয়ার অফিস খোলার প্রয়োজনীয়তা স্বীকার করেন না কেন?

Sj. Tenzing Wangdi: We have got a Tribal Welfare Officer for each district and we feel that the existing arrangement is quite sufficient for the purpose.

Dr. Colam Yazdani:
খরবা থানায় ট্রাইব্যাল ওয়েলফেয়ারএর জন্য কিছুই করা হয় না, সেখানে কোন টাকা বরাদ্দ হয় নি এবং ট্রাইব্যালদের জন্য কোন কিছু করতে কেউ কোনদিন দেখে নি, এটা কি সরকার অবগত আছেন?

Sj. Tenzing Wangdi: If the honourable member puts a specific question with regard to Kharba I will find out what action has been taken for the tribal people there.

Dr. Colam Yazdani:
কোন কাজ হয়েছে, এমন কোন হিসাব গত দুই-তিন বছরের আছে কিনা?

Sj. Tenzing Wangdi: I have not got any account for the tribals of that area at present.

Sj. Niranjan Sengupta: What are the rules and regulations under which you open a tribal office in any district or thana or anywhere?

Sj. Tenzing Wangdi: In almost all the districts where we have got tribal concentrations we have a Special Officer or a Tribal Welfare Officer and in addition to these officers we have got Sub-divisional Tribal Welfare Officers.

Sj. Niranjan Sengupta: If the number exceeds six thousand or so, will you consider the necessity of opening a tribal office in any union or thana?

Sj. Tenzing Wangdi: Considering the financial implications we do not think it possible.

Number of cases pending on 10th July, 1957, in the Original Side of the Calcutta High Court

24. (Admitted question No. 659.) **Sj. DASARATHI TAH:** Will the Hon'ble Minister in charge of the Judicial Department be pleased to state—

(ক) কলিকাতা হাইকোর্টের আদিম বিভাগে এ-পর্যন্ত (১০ই জুলাই, ১৯৫৭) কত-সংখ্যক মামলা বিচারাধীন আছে; এবং

(খ) ঐগুলি কোন্ কোন্ মাসে কতগুলি করিয়া দায়ের হইয়াছে?

The Minister for Judicial Department (The Hon'ble SIDDHARTHA SANKAR ROY): (ক) ১৩,৩৫৮-টি মামলা এবং ৫১৬-টি আপীল বিচারাধীন আছে।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Sj. Sunil Das:
এই যে বলা হয়েছে, ১৩,৩৫৮টি মামলা আদিম বিভাগে আছে, এর ভিতর কনস্টিটিউশন ২২৬ ধারার কতগুলি মামলা আছে?

The Hon'ble Iswar Das Jalan:
১১৬টি।

Sj. Sunil Das:
এই ১১৬টির ভিতর ২২৬ ধারার মামলা সরকারী [illegible] দ্বারা দায়ের হয়েছে কতগুলি?

The Hon'ble Iswar Das Jalan: I ask for notice.

Plantation of Babul trees in Berhampore Town

27. (Admitted question No. 552.) **Sj. SHYAMAPADA BHATTACHARJEE:** Will the Hon'ble Minister in charge of the Forests Department be pleased to state—

(*a*) whether Government are aware that Babul trees are being planted by the Forests Department on the banks of the Bhagirathi within the municipal limit of Berhampore Town; and

(*b*) if so, whether Government consider the desirability of removal of these trees and restoring the river sides for the benefit of the local people?

The Minister for Forests and Fisheries (The Hon'ble HEM CHANDRA NASKAR): (*a*) Plantations were raised near Berhampore Town in the years 1953 and 1954. Since then no further extension has been made.

(*b*) No.

Sj. Shyamapada Bhattacharjee:
আপনাদের কি মনে হয় না যে এই গাছগুলি কেটে ফেলার দরকার আছে?

Sj. Smarajit Bandyopadhyay:
ওখানে আমরা একবার যাবো ভাবছি এবং যদি মনে করি যে কেটে ফেলা দরকার তাহলে কেটে ফেলা হবে।

Sj. Haridas Dey:
ওখানকার মিউনিসিপালিটির কি ক্ষমতা আছে সেগুলি কেটে ফেলার এবং সেগুলিকে অন্য কাজে লাগানোর?

Sj. Smarajit Bandyopadhyay:
আগে আমরা গিয়ে একবার দেখি তারপর যা করবার করা যাবে।

Dr. Narayan Chandra Ray:
এই বাবলা গাছগুলি কি বনমহোৎসবে রোপিত বাবলা গাছ?

Sj. Smarajit Bandyopadhyay:
ভূমিক্ষয় নিবারণের জন্য এগুলি করা হয়েছে।

Dr. Hirendra Kumar Chattopadhyay:
এই বাবলা গাছগুলি রোপণ করতে যা খরচ হয়েছিল, কাটতে গেলে কি তার চেয়ে কম খরচ হবে?

[No reply]

Relief measures in Mayna police-station affected by crop failure

28. (Admitted question No. 390.) **Sj. ANANGA MOHAN DAS:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানার প্রায় সমুদয় অংশে গত ১৯৫৬-৫৭ সালের অতিবৃষ্টির ফলে ফসল নষ্ট হইয়াছে, ইহা কি মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এযাবৎ উক্ত থানাতে বিভিন্ন বাবত কিরূপ সাহায্য দেওয়া হইয়াছে,

(২) এ-বৎসর ঐ থানায় কি কি প্রকার সাহায্য করার প্রস্তাবনা হইয়াছে,

(৩) কতগুলি fair price shop ঐ অঞ্চলে খোলা হইয়াছে, এবং

(৪) উহাদের দ্বারা প্রতিমাসে কত লোককে ন্যায্য মূল্যে খাদ্যশস্য সরবরাহ করা হইতেছে?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble PRAFULLA CHANDRA SEN): (ক) হ্যাঁ, ময়না থানার অনেকাংশে অতিবৃষ্টির ফলে ফসল নষ্ট হইয়াছে।

(খ)(১) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(২) খয়রাতি সাহায্য, নিয়ন্ত্রিত মূল্যে চাউল, আটা ও গমের দোকান, টেস্ট রিলিফের কাজ, বিভিন্ন প্রকারের ঋণদান ইত্যাদি।

(৩) এগারটি।

(৪) ৪৩,২৯০ জনকে।

Sj. Ananga Mohan Das:
তাদের যে মাত্র ২৫ টাকা করে দিলেন, এটা কি যথেষ্ট মনে করেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
যা দিয়েছি তাই বলেছি, যথেষ্ট কিনা বলতে পারি না।

Sj. Ananga Mohan Das:
২৫।৩০ টাকা এক-একজনে সাহায্য পেয়েছিল, এটা কি যথেষ্ট পরিমাণে হ'ল?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Ananga Mohan Das:
যে সাহায্য দেওয়া হয়েছিল, সেই সাহায্য কি যথেষ্ট ছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমাদের সাধ্যানুযায়ী যথেষ্ট ছিল।

[3-10—3-20 p.m.]

Sj. Narayan Chobey:
যে সাহায্য দেওয়া হয়েছিল, সেটা কি যথেষ্ট ছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমাদের সাধ্যানুযায়ী যথেষ্ট ছিল।

Sj. Narayan Chobey:
মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি সেখানকার লোকসংখ্যা কত?

The Hon'ble Prafulla Chandra Sen:
এ প্রশ্ন থেকে উঠে না এটা।

Sj. Narayan Chobey:
এই যে আপনি বলেছেন ৪৩ হাজার ২৯০ জনকে দেওয়া হয়েছে, এটা কি উইকলি এবং মান্থলি দেওয়া হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
প্রতি মাসে ৪৩ হাজার ২৯০ জনকে দেওয়া হয়েছে।

Dr. Hirendra Kumar Chattopadhyay:
এই ৪৩ হাজার ২৯০ জন কি ডিফারেন্ট পার্সনস, না, রিপিটেড ডোজএ দেওয়া হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
এখানে তো লেখাই আছে, তাই তো মনে হচ্ছে।

Dr. Hirendra Kumar Chattopadhyay:
আপনার কি মনে হচ্ছে সেটা জানতে চাই নি; মনে হচ্ছে বল্লে চলবে না, আমি জানতে চাচ্ছি.....

The Hon'ble Prafulla Chandra Sen:
আমার যতদূর জানা আছে এই ৪৩ হাজার ২৯০ জন বিভিন্ন লোক।

Sj. Saroj Roy:
যে অঞ্চল সম্পর্কে রিপোর্ট দেওয়া হয়েছে, বর্তমানেও কি সেসব জায়গায় চলছে।

The Hon'ble Prafulla Chandra Sen:
বর্তমানেও আছে।

Sj. Saroj Roy:
বর্তমানে কয়টা দোকান আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
বর্তমানের কথা বলতে পারব না, পূর্বে ১১টি ছিল।

Sj. Saroj Roy:
আমার প্রশ্নের জবাবে আপনি বলেছেন "বর্তমানেও আছে"।

The Hon'ble Prafulla Chandra Sen:
সংখ্যা জানতে চাইলে নোটিশ দিলে বলতে পারব।

Sj. Ajit Kumar Canguli:
কোন্ কোন্ ইউনিয়নএ দেওয়া হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
এ প্রশ্ন থেকে এটা উঠে না।

Sj. Ajit Kumar Canguli:
কোন্ কোন্ ইউনিয়নএ দেওয়া হয়েছে, সেটা কি আপনি জানেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:
ইউনিয়নএর কথা বলতে পারব না।

Sj. Narayan Chobey:
সাধারণতঃ একটা দোকান থেকে কতজন লোককে সাপ্লাই দেওয়া হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:
বিভিন্ন এলেকায় বিভিন্ন সংখ্যায় দেওয়া হয়।

Food crisis in the flood-affected areas of West Dinajpur district

29. (Admitted question No. 404.) **SJ. BASANTA LAL CHATTERJEE:** Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার বন্যাগ্রস্ত অঞ্চলে, বিশেষ করিয়া ইটাহার থানায়, ব্যাপক খাদ্যসংকটের কথা সরকার অবগত আছেন কি;

(খ) থাকিলে, খাদ্যসংকট প্রতিরোধকল্পে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন;

(গ) ঐ অঞ্চলে সরকার আজ পর্যন্ত কোন্ থানায় কত টন খাদ্যশস্য সাহায্য করিয়াছেন এবং কত টাকাই বা ঋণ এবং খয়রাতি সাহায্য বাবত খরচ করিয়াছেন;

(ঘ) কোন্ কোন্ শ্রেণীকে খাদ্যরেশন দেওয়া হয়;

(ঙ) দুই টাকার অতিরিক্ত চৌকিদারী ট্যাক্সদাতা দরিদ্র পরিবার-সমূহকে খাদ্যরেশন দেওয়া হয় কি;

(চ) না হইলে, তাহার কারণ কি;

(ছ) খাদ্যাভাবে অপারগ ব্যক্তিদিগকে কোন খয়রাতি সাহায্য দেওয়া হয় কিনা;

(জ) না হইলে, তাহার কারণ কি; এবং

(ঝ) সরকার ইটাহার থানাকে দুর্ভিক্ষ এলাকা বলিয়া ঘোষণা করার কথা বিবেচনা করেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) সংশ্লিষ্ট অঞ্চলে কোন্ ব্যাপক খাদ্যসংকটের খবর সরকার অবগত নহেন।

(খ) মডিফাইড রেশনিং মারফত চাউল ও গম ন্যায্যমূল্যে বিক্রয়ের ব্যবস্থা চালু করা হইয়াছে। এতদ্ব্যতীত অবস্থাবিশেষে টেস্ট রিলিফের মাধ্যমে ও খয়রাতি সাহায্য হিসাবে চাউল ও গম বিলির ব্যবস্থা ও নগদ টাকা ঋণ ও খয়রাতি সাহায্য বাবত দিবারও ব্যবস্থা আছে।

(গ) বিবিধ সাহায্যের একটি তালিকা এতৎসহ পেশ করা হইল।

(ঘ) হইতে (চ) সমস্ত শ্রেণীর লোকই মডিফায়েড্ রেশনিং-এর সুযোগ গ্রহণ করিতে পারেন।

(ছ) এবং (জ) দুর্গত অঞ্চলে শারীরিক অক্ষমতাহেতু কিংবা মানসিক বিপর্যয় বা অন্য কোন অনিবার্য কারণবশতঃ শ্রমে অপারগ ব্যক্তিমাত্রকেই খয়রাতি সাহায্য দিবার ব্যবস্থা আছে। অন্য ক্ষেত্রে টেস্ট রিলিফ মারফত সাহায্যেরও ব্যবস্থা আছে।

(ঝ) না।

Statement referred to in reply to clause (গ) of unstarred question No. 29

থানা।	১৯৫৭ সালের ১লা এপ্রিল হইতে ৩০শে নবেম্বর পর্যন্ত মণ হিসাবে খাদ্যশস্যের বিলির পরিমাণ।						১৯৫৭ সালের ১লা এপ্রিল হইতে ৩০শে নবেম্বর পর্যন্ত অন্যান্য সাহায্যের হিসাব।	
	মডিফায়েড রেশন।		টেস্ট রিলিফ।		গ্র্যাটুইশাস রিলিফ।			
	চাউল।	গম।	চাউল।	গম।	চাউল।	গম।	ঋণ। টাকা।	খয়রাতি সাহায্য। টাকা।
রায়গঞ্জ ..	১৪,১৫৭	১৫,৯৭৪	১৯২	১,৫৭১	৯০	৩০০	৩৬,৭৪৫	৪১,০১৭
বালুরঘাট ..	১০,২৩৫	৮,৩৪৬	..	৩৬২	২০	৫৩০	২৫,৭২০	১৫,৭৩৮
তপন ..	১,১১০	৯০২	১৫০	১৯৩	২৮	২৭৫	৩৭,৭০০	১৩,০০৪
গঙ্গারামপুর ..	৩,৮১৬	২,১৪০	১৫০	১২১	৫২	৮০০	২৮,৮২০	৯,৬৫৭
ইটাহার ..	৪,৫৪৯	৫,১৬৫	..	৪৫২	২০	৮০	৩১,৯৫০	৬৯,৬৮০
কুমারগঞ্জ ..	১,২৯৪	৯৮১	..	..	৪০	২২৭	১৫,১৪০	৬৯৫
বংশীহারী ..	২,৩৪৭	১,৭৪০	..	..	৮০	১৫৬	২০,৯৭৫	৮৫৩
কুশমণ্ডি ..	১,৯৫১	১,৯০০	..	..	৪০	৫০	১৬,২২৫	৮৫২

Sj. Satindra Nath Basu:
আপনি প্রশ্নের উত্তরে বলেছেন, বন্যাবিধ্বস্ত অঞ্চলে ব্যাপক খাদ্য-সংকট নাই, আমি জানতে পারি কি পশ্চিম-দিনাজপুরে বন্যাবিধ্বস্ত অঞ্চলে কোন্ কোন্ থানা আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
এখানে একটা থানার কথা আছে।

Sj. Satindra Nath Basu:
গ প্রশ্নের উত্তরে বলেছেন, বন্যাবিধ্বস্ত অঞ্চলে সাহায্য দেওয়া হয়েছিল, আমি জানতে পারি কি, রায়গঞ্জের কোন অঞ্চল বন্যাবিধ্বস্ত হয়েছিল কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
নোটিশ দিন।

Sj. Satindra Nath Basu:
আমি মন্ত্রীমহাশয়ের কাছে জানতে পারি কি পশ্চিম দিনাজপুরের বন্যাবিধ্বস্ত অঞ্চলে ইটাহার আছে কিনা? আপনি বলেছেন, গঙ্গারামপুরে বন্যা হয় নি। যদি ইটাহারে বন্যা হয়ে থাকে তাহলে আপনি যে স্টেটমেন্ট দিয়েছেন তার মধ্যে ইটাহার আছে কিনা, কারণ এখানে ইটাহার ছাড়াও অন্য থানার কথাও বলা হয়েছে। আমি জানতে চাই, মন্ত্রীমহাশয়ের কাছে যে, পশ্চিম দিনাজপুরে রায়গঞ্জ থানার কোন অঞ্চল বন্যাবিধ্বস্ত হয়েছিল কিনা, সেটা আপনার জানা আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
ওটা ভুল হয়েছে।

Sj. Satindra Nath Basu:
কিসের ভুল?

The Hon'ble Prafulla Chandra Sen:
বলার ভুল হয়েছে।

Sj. Satindra Nath Basu:
আমার প্রশ্ন ছিল, পশ্চিম দিনাজপুরের রায়গঞ্জ থানার কোন অঞ্চল বন্যাবিধ্বস্ত হয়েছিল কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি তো জবাব দিয়েছি।

Sj. Satindra Nath Basu:
ইটাহার থানা দুর্ভিক্ষগ্রস্ত কিনা, দুর্ভিক্ষ এলেকা বলে ঘোষণা করবেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি তো লিখিত জবাবেই বলেছি, না।

Mr. Speaker:
আর প্রশ্ন হতে পারে না।
No further question can arise.

Sj. Satindra Nath Basu:
সেখানে যদি দুর্ভিক্ষ না থাকে তাহলে ডিস্ট্রিবিউশন কম করলেন কেন?

Mr. Speaker: Question disallowed.

Sj. Basanta Lal Chatterjee:
গ প্রশ্নের উত্তরে বলেছেন, ব্যাপক খাদ্য-সংকটের কথা অবগত নন, আমি জিজ্ঞাসা করছি আগামী বাজেট অধিবেশনে এবিষয়ে এনকোয়ারী করে কোন রিপোর্ট দেবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
প্রশ্ন করলে দেব।

Sj. Basanta Lal Chatterjee:
আপনি বলেছেন, টেস্ট রিলিফএর মাধ্যমে সাহায্য দেবার ব্যবস্থা আছে, এখন টেস্ট রিলিফএ কতটা রাস্তা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
নোটিশ চাই।

Sj. Monoranjan Hazra:
মন্ত্রীমহাশয় বলবেন কি বর্তমানে চালের দর কত ওখানে?

The Hon'ble Prafulla Chandra Sen:
এ-প্রশ্ন এখানে উঠে না।

Sj. Monoranjan Hazra:
আপনি বলেছেন, কোন ব্যাপক খাদ্য-সংকট নাই, সংশ্লিষ্ট অঞ্চলে.....

The Hon'ble Prafulla Chandra Sen:
নোটিশ দিলে জেনে জানাব চালের দর কত।

Sj. Gopal Basu:
বলা হয়েছে, দুর্গত অঞ্চলে শারীরিক অক্ষমতা হেতু এবং মানসিক বিপর্যয়ের জন্য খয়রাতি সাহায্য দেবার ব্যবস্থা আছে, অন্য ক্ষেত্রে দেবার ব্যবস্থা আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
অন্য ক্ষেত্র বলতে কি বলছেন জানি না, টেস্ট রিলিফ দেবার নিয়ম তো জানেন।

Sj. Gopal Basu:
কোথায় কোথায় কি পরিমাণ টেস্ট রিলিফ দেওয়া হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
স্টেটমেন্টএ সব দেওয়া আছে।

Sj. Monoranjan Hazra:
মন্ত্রীমহাশয় বলেছেন, ব্যাপক খাদ্য-সংকটের কথা সরকার অবগত নন, কোনরকম খাদ্য-সংকট আছে কিনা? এবং শারীরিক অক্ষমতা বা মানসিক বিপর্যয় ছাড়া অন্য কোন অনিবার্য কারণে দেওয়া হয় কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
শ্রমে অপরাগ ব্যক্তিমাত্রকে খয়রাতি সাহায্য দেবার ব্যবস্থা আছে।

Dr. Golam Yazdani:
অনেক ব্যক্তিকেই দেওয়া হয় না, এটা জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
স্টেটমেন্টে কোথায় কোথায় কি কি দেওয়া হয়েছে দেখে নিন।

[3-20—3-30 p.m.]

Sj. Hemanta Kumar Ghosal:
যাঁরা বেকার, কাজ পান নাই, অথচ আপনারাও কাজ দিতে পারেন না, তাঁদের কি দেবার ব্যবস্থা আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
তাঁদের শ্রমের বিনিময়ে কাজ দেবার ব্যবস্থা আছে।

Sj. Hemanta Kumar Ghosal:
যাঁরা অক্ষম, বেকার, তাঁদের কি দেওয়া হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
তাঁদের খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে।

Sj. Hemanta Kumar Ghosal:
টেস্ট রিলিফের কাজের মাধ্যমে যে-সমস্ত লোককে এ্যাবসর্ব করেন, তারপরও যাঁরা কাজ পাচ্ছেন না, বেকার থাকেন, তাঁদের কি হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:
আপনি হয় তো স্টেটমেন্টটা ভাল করে পড়েন নাই। এতে সব দেওয়া হয়েছে। এক নম্বর কলমে—মডিফায়েড রেশনিং, দু নম্বরে—টেস্ট রিলিফ, তিন নম্বরে—গ্র্যাচুইটাস রিলিফ ইন কাইন্ড, চার নম্বরে—এগ্রিকালচারাল লোন, পাঁচ নম্বরে—গ্র্যাচুইটাস রিলিফ ইন ক্যাশ।

Sj. Saroj Roy:
আমার প্রশ্ন হচ্ছে, যারা শ্রমে অপারগ নয়, যারা খাটতে পারে অথচ তাদের আপনারা কাজ দিতে পারেন নি, তাদের সম্পর্কে কি ব্যবস্থা করছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
টেস্ট রিলিফ স্কীমে যত লোক কাজ করতে আসে, তাদের সকলকেই কাজ দেওয়া হয়।

Sj. Hemanta Kumar Ghosal:
এটা কি সত্য, টেস্ট রিলিফ স্কীমে যত লোকের কাজ করান সম্ভব, সেই সমস্ত লোককে সেই কাজে আপনারা এ্যাবজর্ব করতে পারেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:
স্পেসিফিক কেস না দিলে বলতে পারবো না।

Sj. Ajit Kumar Ganguli:
যারা টেস্ট রিলিফে কাজ করে, তাদের যে দৈনিক রেট আছে, তা থেকে বেশী কাজ করলে কি বেশী দেওয়া হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:
না, তা দেওয়া হয় না।

Sj. Saroj Roy:
গ্রাম্য যে-সমস্ত মধ্যবিত্ত লোক চাকরী পায় না, কাজ করতে পারে না, যারা টেস্ট রিলিফের মাটি কাটা ইত্যাদি কাজে অভ্যস্ত নয়, এইরকম শিক্ষিত ও অর্দ্ধ-শিক্ষিত মানুষ যারা বেকার রয়েছে, তাদের কাজের কোনরকম ব্যবস্থা আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমাদের টেস্ট রিলিফ বিভাগে তাদের রিলিফের জন্য কোন ব্যবস্থা নাই।

Sj. Niranjan Sen Gupta:
ইটাহারের কার্ড-হোল্ডারদের সবাইকে মডিফায়েড রেশনিংএ চাল ও গম দেওয়া হচ্ছে কিনা সে খবর জানেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
ইটাহারের কোন খবর পাই নাই।

Sj. Niranjan Sen Gupta:
মডিফায়েড রেশনিং শপ মারফৎ যে চাল ও গম দেওয়া হয়, তা সব জায়গায়, সব কার্ড হোল্ডারদের দেওয়া হয় না, সেটা মন্ত্রীমহাশয় জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
অবশ্য সর্বত্র আমরা সকলকে দেবার চেষ্টা করছি। তবে কোথায় একজনকে কি দিল কি দিল না, তা বলতে পারবো না।

Sj. Niranjan Sen Cupta:
ওখানে চালের দাম কত তা কি তিনি জানেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
তা আমার জানা নাই।

Sj. Niranjan Sen Cupta:
ইটাহার ছাড়া অন্য জায়গার খবর পান নাই?

The Hon'ble Prafulla Chandra Sen:
না পাই নি।

Sj. Niranjan Sen Cupta:
কমপ্লেন তো সর্বত্র থেকে আসছে, ইটাহার থেকেও এসেছে, তা জানেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি তো বলেছি, খবর পাই নি।

Sjkta. Manikuntala Sen:
মন্ত্রীমহাশয় এই যে (গ) উত্তরে বলেছেন, ব্যাপক খাদ্য-সংকটের খবর সরকার অবগত নহেন, আর এক সাপ্লিমেন্টারীর উত্তরে বললেন সেখানে চালের দর কত, তিনি জানেন না, তাহলে খাদ্য-সংকট সেখানে আছে কি নাই, তা কি করে বললেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
চালের দামের উপর সব সময় সংকট নির্ভর করে না।

Sjkta. Manikuntala Sen:
যদি খাদ্য-সংকট সেখানে না থাকে, তাহলে সেখানে মডিফায়েড রেশনিং করে, টেস্ট রিলিফ করে, গ্র্যাচুইটাস রিলিফ ইত্যাদি দিয়ে টাকার অপচয় করছেন কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি বলেছি, ব্যাপক সংকট নাই।

Dr. Suresh Chandra Banerjee:
যারা সম্পূর্ণ ইনফার্ম নয়, অথচ টেস্ট রিলিফের কাজে একশো ফুট মাটি কাটতে অসমর্থ, তাদের জন্য কি ব্যবস্থা আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
বিশেষ কোন ব্যবস্থা নাই।

Dr. Suresh Chandra Banerjee:
তাহলে কি তারা না খেয়ে মরবে?

The Hon'ble Prafulla Chandra Sen:
মাটি কম কাটলে কম পায়।

Dr. Suresh Chandra Banerjee:
গ্রামের অনেক বিধবা মহিলা, যারা আগে ঢেঁকিতে ধান ভেঙ্গে খেত, তাদের গ্র্যাচুইটাস রিলিফ দেওয়া হতো, এখন আর তা দেওয়া হয় না। তারা সম্পূর্ণ এখন বেকার হয়ে পড়েছে, তাদের জন্য সরকার কি ব্যবস্থা করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
তাদের জন্য ঢেঁকির পরিকল্পনা আছে।

Dr. Suresh Chandra Banerjee:
সেই পরিকল্পনানুযায়ী কাজ আরম্ভ হয়েছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
অনেক জায়গায় আরম্ভ হয়েছে। তবে সে প্রশ্ন এখানে ওঠে না।

Agricultural loan in Kalimpong subdivision

30. (Admitted question No. 561.) **Sj. RAMA SHANKAR PRASAD:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(*a*) amount of agricultural loan sanctioned for and distributed to the rural areas of Kalimpong subdivision under Darjeeling district during the years 1954, 1955 and 1956;

(*b*) how many peasants of Kalimpong applied for the loan during the said years;

(*c*) total number of peasants covered by the loan during the years 1954, 1955 and 1956; and

(*d*) amount of agricultural loan which has been provided for the current year, and amount already disbursed?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: (*a*) to (*c*) A statement is laid on the Table.

(*d*) Nil.

Statement referred to in reply to clauses (a) to (c) of unstarred question No. 30

Year.	Amount of agricultural loan sanctioned.	Amount of agricultural loan distributed.	Number of peasants who applied for loan.	Total number of peasants who were covered by the loan.
	Rs.	Rs.		
1954-55 ..	Nil	Nil	Nil	Nil
1955-56 ..	Nil	Nil	Nil	Nil
1956-57 ..	200	200	1	1

Sj. Bhadra Bahadur Hamal:
माननीय मंत्री महोदय, क्या बतलायेंगे कि १९५४-५५, १९५५-५६ में एग्रीकल्चर ऋण क्यों नहीं किया गया, क्या मैं जान सकता हूँ ?

The Hon'ble Prafulla Chandra Sen:
कारण तो लिखा ही हुआ है।

Sj. Bhadra Bahadur Hamal:
कहते लिखा ही हुआ है। लेकिन मैं पूछता हूँ कि कृषि-ऋण (एग्रीकल्चर लोन) वहां क्यों नहीं मंजूर किया गया ?

The Hon'ble Prafulla Chandra Sen:
इसलिए नहीं किया गया कि वहां से कोई दरख्वास्त नहीं किया गया था।

Sj. Bhadra Bahadur Hamal:
আমার কোয়েশ্চন হল ১৯৫৪-৫৫, ১৯৫৫-৫৬, এই দু-বৎসর এগ্রিকালচারাল লোন মঞ্জুর না করার কারণ।

The Hon'ble Prafulla Chandra Sen: There were no applications. The number of peasants who applied for loan is nil.

Sj. Ajit Kumar Ganguli:
কালিম্পংএর একজন ১৯৫৭ সালে দরখাস্ত করেছিল, তাকে দুশো টাকা দেওয়া হয়েছে, এটা কিসের টাকা?

The Hon'ble Prafulla Chandra Sen:
এই তো পরিষ্কার লেখা আছে, এগ্রিকালচারাল লোনএর জন্য।

Sj. Ajit Kumar Ganguli:
কোন্ কেস বাবদ এগ্রিকালচারাল লোন দেওয়া হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:
চাষের জন্য, গরু-বলদ কেনার জন্য দেওয়া হয়।

Sj. Ajit Kumar Ganguli:
এ কোন্‌টা?

The Hon'ble Prafulla Chandra Sen:
এ টাকাটি লোন।

Sj. Bhadra Bahadur Hamal:
१९५६-५७ में जो २०० रुपया कृषि-ऋण मंजूर किया गया है, वह रुपया किसको—किसको मिला है क्या मैं जान सकता हूँ?

The Hon'ble Prafulla Chandra Sen:
नोटिस देने से जरूर बतलायेंगे।

Sj. Mihirlal Chatterjee:
জনসাধারণকে কি সরকারী বিভাগ থেকে জানান হয়েছে যে, কালিম্পংএ এগ্রিকালচারাল লোন দেবার ব্যবস্থা আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
তা বলতে পারবো না।

Sj. Monoranjan Hazra:
একথা কি সত্য যে এগ্রিকালচারাল লোনএর জন্য যথেষ্ট সংখ্যক মানুষ দরখাস্ত সত্ত্বেও সেগুলি চেপে রাখা হয়েছিল?

Mr. Speaker: This question does not arise out of this.

Distribution of agricultural loan in Darjeeling district

31. (Admitted question No. 582.) **Sj. BHADRA BAHADUR HAMAL:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(*a*) amount of agricultural loan sanctioned for and distributed to the rural areas of Darjeeling and Kurseong subdivisions under Darjeeling district during the years 1954, 1955 and 1956;

(*b*) how many peasants of each subdivision applied for agricultural loan during the said years;

(*c*) total number of peasants covered by the loan during the years 1954, 1955 and 1956; and

(*d*) amount of agricultural loan which has been provided for the current year, and amount already disbursed?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: (*a*) to (*c*) A statement is laid on the Table.

(*d*) Nil.

Statement referred to in reply to clauses (a) to (c) of unstarred question No. 31

(*a*) Year.			Agricultural loans sanctioned.	Agricultural loans distributed.
			Rs.	Rs.
1954-55	..	Darjeeling	250	250
		Kurseong	2,050	2,050
1955-56	..	Darjeeling	Nil	Nil
		Kurseong	910	875
1956-57	..	Darjeeling	7,165	6,940
		Kurseong	200	200

(*b*) Year.			Number of peasants who applied for agricultural loan.
1954-55	..	Darjeeling	1
		Kurseong	25
1955-56	..	Darjeeling	Nil
		Kurseong	20
1956-57	..	Darjeeling	73
		Kurseong	1

(*c*) Year.			Total number of peasants covered by agricultural loan.
1954-55	..	Darjeeling	1
		Kurseong	25
1955-56	..	Darjeeling	Nil
		Kurseong	19
1956-57	..	Darjeeling	49
		Kurseong	1

Sj. Bhadra Bahadur Hamal:
এখানে যা দিয়েছেন তাতে দেখছি যে ১৯৫৭ সালে দার্জিলিংএর জন্য যে টাকা মঞ্জুর করেছিলেন, সে টাকা সম্পূর্ণ খরচ হয় নি, এর কারণ কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
নেবার লোক নেই।

Sj. Mihirlal Chatterjee:
বাংলাদেশে অন্যান্য জেলায় এগ্রিকালচারাল লোন নেবার জন্য মানুষের কত উৎসাহ দেখতে পাওয়া যায় কিন্তু দার্জিলিংএ এগ্রিকালচারাল লোন নেবার উৎসাহ নেই কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
এটা বলতে পারি না।

Sj. Bhadra Bahadur Hamal:
ये जो आप ऋण पब्लिक को देते हैं वह क्या किसी खास महकमें के द्वारा देते हैं?

The Hon'ble Prafulla Chandra Sen:
हम उस ऋण को सर्कल आफिसर और डिस्ट्रिक मजिस्ट्रेट के द्वारा देते हैं।

Sj. Bhadra Bahadur Hamal:
मंत्री महोदय, क्या बतलायेंगे कि क्या यह बात ठीक है कि जब लोन लेने के लिए दरख्वास्त करने जाया जाता है तो मण्डल दरख्वास्त नहीं करने देता है।

The Hon'ble Prafulla Chandra Sen:
हमें ऐसा मालूम नहीं है।

Sj. Ajit Kumar Canguli:
(এ)এর উত্তরে দেখতে পাচ্ছি, এক জায়গায় একজনকে ২৫০ টাকা দেওয়া হয়েছে। এই দার্জিলিংএ দেখতে পাচ্ছি, আর একজনকে ৮২ টাকা এবং আর একজনকে ৪৩ টাকা দেওয়া হয়েছে। এই পার্থক্য কেন করা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
সেখানের জন্য যেমন ডেপুটি কমিশনার রেকমেন্ড করেন আমরা তাই দিই।

Sj. Ajit Kumar Canguli:
এই লোন নেবার সময় সিকিউরিটিব দরকার হয় কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
অনেক সময় সিকিউরিটি লাগে না। এটা ডিপেন্ড করে লোকের উপর। জয়েন্টলি নিলে লাগে না।

Sj. Ajit Kumar Canguli:
৫ জন কি ১০ জন লোক মিলে এই দরখাস্ত করে তাহলে এই পার্থক্য হয় কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমাদের কাছে যে পরিমাণে ডেপুটি কমিশনার টাকা চায় আমরা সেই পরিমাণে দিই।

Sj. Bhadra Bahadur Hamal:
১৯৫৪-৫৫এ আপনি দার্জিলিংএ ২০০ টাকা মঞ্জুর করেছিলেন কিন্তু ১৯৫৫-৫৬ সালে দার্জিলিংএ কোন টাকা মঞ্জুর করেন নি কেন, তারা ত ঋণ চেয়েছিলেন?

Mr. Speaker: That question has been answered.

Sj. Bhadra Bahadur Hamal:
১৯৫৪-৫৫এ চেয়েছিল এবং ২৫০ টাকা দেওয়া হয়েছিল কিন্তু ১৯৫৫-৫৬এ থোক টাকা মঞ্জুর হল না কেন?

The Hon'ble Prafulla Chandra Sen: I want notice.

[**Further supplementaries on held over *64**]

Sj. Nepal Ray:
মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে, গো-হত্যা বন্ধ করার জন্য একটি কমিটি হয়েছিল, সেই কমিটি কতদূর কি করলো জানাতে পারেন কি?

Sj. Smarajit Bandyopadhyay:
কমিটির রিপোর্ট এখনও পাওয়া যায় নি।

Sj. Nepal Ray:
আপনি কি বলতে পারেন, কত বছরের উপর হলে গরু ও বাছুর কাটবার নিয়ম আছে?

Sj. Smarajit Bandyopadhyay:
ওয়েস্ট বেঙ্গল এ্যানিমেল কন্ট্রোল এ্যাক্ট অনুযায়ী যে বিধান আছে।

Sj. Nepal Ray:
কত বৎসরের উপর বলতে পারেন?

Sj. Smarajit Bandyopadhyay:
১৪ বৎসরের উপর।

Sj. Nepal Ray:
মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি, তিনি ১৮টি মিউনিসিপ্যালিটির কথা বলেছেন, সেখানে এই আইন চালু আছে, এই আইন চালু থাকা সত্ত্বেও প্রত্যেক মিউনিসিপ্যালিটিতে এই আইন ভঙ্গ করা হচ্ছে এবং সেখানে যে-সমস্ত ডাক্তার আছেন, যাঁরা বয়স দেখেন, তাঁরা পয়সা নিয়ে এই সমস্ত জিনিস করেন?

Mr. Speaker: The question is disallowed.

Sj. Nepal Ray:
এই আইন যারা ভঙ্গ করে তাদের শাস্তির কোন ব্যবস্থা করবেন কি না। এই আইন যে ভঙ্গ করা হয় সেটা ডেফিনিট নতুবা বাচ্চা-বাছুর কাটা হোত না। এই নিয়ে আন্দোলন হয়েছে, সারা বাংলাদেশে ব্যাপকভাবে যে এটা বন্ধ করা হোক?

Sj. Smarajit Bandyopadhyay:
এখানে নির্দিষ্ট অভিযোগ থাকলে ব্যবস্থা করা হবে।

Sj. Nepal Ray:
আপনার কাছে অভিযোগ করবো যে এই আইন ভঙ্গ করা হচ্ছে। এমন কি ক্যালকাটা কর্পোরেশনএও এই আইন যাতে ঠিকভাবে ইম্প্লিমেন্টেশন হয় তার ব্যবস্থা করবেন কি, এবং এটা জানেন কি যে পুলিশ সেখানে গিয়ে দেখে কিনা? কারণ কাগজে দেখেছি কর্পোরেশনএর ডাক্তার মোটা টাকা নেয় এবং তার বিছানার নীচে ৪০ হাজার টাকা পাওয়া গিয়েছে।

Mr. Speaker: The question is disallowed. You are not here to give a lecture. You may put proper question.

Sj. Jagannath Majumder:
এই পশুরক্ষা কমিটির কয়টি সিটিং হয়েছে বলতে পারেন কি?

Sj. Smarajit Bandyopadhyay: I want notice.

Sj. Jagannath Majumder:
এখানে লাইব্রেরী টেবলএ ১২টি মিউনিসিপ্যালিটি সম্বন্ধে ফিগারগুলি দেওয়া আছে। যে ফিগার দেওয়া হয়েছে তাতে অন্যান্য মিউনিসপিপ্যালিটি সম্বন্ধে সে ফিগার এখনও চাওয়া হয় নি কেন?

Sj. Smarajit Bandyopadhyay:
তিনটি মিউনিসিপ্যালিটিতে স্লটার হাউস ফাংশন করে নি বলে কোন ফিগার নেই।

Dr. Hirendra Kumar Chattopadhyay:
কালকে মন্ত্রীমহাশয় বলেছিলেন যে, যেখানে স্লটার হাউস ও ভেটারিনারী ডক্টর আছে সেখানে এই আইন চালু করা হবে। আমি কালকে জিজ্ঞাসা করেছিলাম যে, চন্দননগরে স্লটার হাউস ও ভেটারিনারী সার্জন আছে। অতএব ১৮টি মিউনিসিপ্যালিটির জায়গায় ১৯টি মিউনিসিপ্যালিটিতে অর্থাৎ চন্দননগরে চালু করা হয় নি কেন?

Sj. Smarajit Bandyopadhyay:
চন্দননগর মিউনিসিপ্যালিটি চাইলেই চালু করা হবে।

Dr. Hirendra Kumar Chattopadhyay:
মিউনিসিপ্যালিটি চাইলেই কি চালু করা হবে, তাহলে কালকে মন্ত্রীমহাশয় বলেছিলেন, যে মিউনিসিপ্যালিটির যদি স্লটার হাউস ও ভেটারিনারী ডক্টর থাকে তাহলে সেই মিউনিসিপ্যালিটিতে এই আইন চালু করা হবে, অথচ আজ বলছেন মিউনিসিপ্যালিটি চাইলে চালু করা হবে। কেন?

Sj. Smarajit Bandyopadhyay:
মিউনিসিপ্যালিটি চায় কিনা সেটা দেখা উচিত।

Sj. Nepal Ray:
মিউনিসিপ্যাল এলাকার মধ্যে স্লটার হাউসএ না নিয়ে গিয়ে ছোট ছোট বাছুর বিভিন্ন এলাকায়, বিভিন্ন জায়গায় হত্যা করা হয়, এ-খবর মন্ত্রীমহাশয় জানেন কি?

Mr. Speaker: The question is disallowed.

Sj. Nepal Ray:
মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এই আইন কবে থেকে প্রপারলি ইম্প্লিমেণ্টেশন করা হবে?

Mr. Speaker: The question is disallowed. You are going to put supplementary questions. Your question must be a definite one.

Sj. Nepal Ray:
এটা খুব সিরিয়াস ব্যাপার। কারণ বাংলাদেশে এক শ্রেণীর লোক এই ব্যাপারে খুব বিক্ষুব্ধ এবং তারা এই জিনিসটাকে সিরিয়াসলি দেখছে। সেইজন্য আমার প্রশ্ন হচ্ছে যে, এই ওয়েস্ট বেঙ্গল স্লটার কন্ট্রোল রুল কবে থেকে ঠিকভাবে ইম্প্লিমেণ্টেড হবে?

Mr. Speaker: It is impossible to answer it. The question is disallowed.

Sj. Nepal Ray:
এই আইন ঠিকভাবে ইম্প্লিমেণ্টেড হবার জন্য কোন পুলিশের ব্যবস্থা আপনারা করবেন কিনা; এই পরিকল্পনা সরকারের আছে কিনা এবং যে কমিটি করা হয়েছে সেই কমিটির কাছে এই সাজেসশন করেছিলেন কিনা?

Sj. Smarajit Bandyopadhyay:
কমিটির রিপোর্ট পেলে আমরা বিবেচনা করবো।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Allotment and distribution of cattle-purchase loans in Howrah district

***65.** (Admitted question No. *718.) **Sj. ABANI KUMAR BASU:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state—

(*a*) the amount allotted for Howrah district, thana by thana, for the years 1956-57 and 1957-58 on account of cattle-purchase loans; and

(*b*) the amount distributed, thana by thana, on account of the said loans during 1956-57 and 1957-58 up to 31st August, 1957?

The Minister for Agriculture and Animal Husbandry (The Hon'ble Dr. RAFIUDDIN AHMED): A statement is laid on the Library Table.

[3-40—3-50 p.m.]

Dr. Kanailal Bhattacharjee:
এই যে ডিস্ট্রিকটে লোন দেওয়া হয়, এ থানা বেসিসে ডিস্ট্রিবিউট করা হয়, না ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটই করেন?

Sj. Smarajit Bandyopadhyay:
ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটই করেন। এ্যাপ্লিকেশন আসে, সেই অনুযায়ী হয়।

Dr. Kanailal Bhattacharjee:
পপুলেশন রেশিও কি এতে কোন পার্ট প্লে করে?

Sj. Smarajit Bandyopadhyay:
না।

Dr. Kanailal Bhattacharjee:
যেভাবে এ্যাপ্লিকেশন আসে সেইভাবেই?

Sj. Smarajit Bandyopadhyay:
হাঁ।

Distribution of cattle-purchase loans in Mal, Matali and Nagrakata police-stations of Jalpaiguri district

***66.** (Admitted question No. *974.) **Sj. MANGRU BHAGAT:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state—

(*a*) how many peasants of Mal, Matali and Nagrakata police-stations in the district of Jalpaiguri applied for cattle-purchase loans during the current year;

(*b*) total demand for the loan;

(*c*) if it is a fact that no applicant has as yet received the loan; and

(*d*) if not, how many applicants have received the loan up till now and amount paid on an average to each applicant?

The Hon'ble Dr. RAFIUDDIN AHMED: (a)—

		Applicants.
Mal	... ...	... 7
Matali	.. ...	... 12
Nagrakata	... ...	... 7
	Total	... 26

(b)—

		Rs.
Mal		... 2,100
Matali		... 3,600
Nagrakata	... ...	... 2,100
	Total	... 7,800

(c) No.

(d) Twenty-five applicants have received cattle-purchase loan to the extent of Rs 126 each on an average.

Sj. Rama Shankar Prasad: Will the Hon'ble Minister be pleased to state how many of the recipients of cattle-purchase loans were from Mal Police Station?

Sj. Smarajit Bandyopadhyay: Seven

Sj. Ajit Kumar Canguli:
এই যে ডিম্যান্ড করেছেন ৭,৮০০ টাকা এ ডিমান্ড কে করেছিলেন?

Sj. Smarajit Bandyopadhyay:
ডেপুটি কমিশনার।

Sj. Ajit Kumar Canguli:
এই যে টাকা নেওয়া হয়েছিল, এর সবটা বিতরণ হয় নি কেন?

Sj. Smarajit Bandyopadhyay:
সকলের লোন নেবার যোগ্যতা থাকে না, লোন কন্ডিশন পূরণ না করলে সকলে পান না।

Sj. Ajit Kumar Canguli:
কন্ডিশন ত পূরণ করেছিল এবং২৭ জনের মধ্যে ২৬ জন পেয়েছে, একজন মাত্র পায় নি। আমি বলতে চাই এই যে ১২৬ টাকা কোরে দেওয়া হয়েছিল, একি সেখানে হিসাব ক'রে দেওয়া হয়েছিল? কোন অফিসার বা ডেপুটি কমিশনার কি স্ক্রুটিনি করে দেখেছেন এবং ডিমান্ড ঠিক করেছেন। ২৬ জনকে দিলেন, একজনকে দিলেননা কেন?

Sj. Smarajit Bandyopadhyay:
একজন কন্ডিসন ফুলফিল করতে পারে নি বলে তার এ্যাপ্লিকেশন রিজেক্টেড হয়েছে।

Sj. Ajit Kumar Canguli:
কন্ডিশন ফুলফিল করলে ২৬ জন, এজনা ১২৬ টাকা করে দেওয়া হল। একজনকে দেওয়া হ'ল না কেন? ডেপুটি কমিশনার কি দেখেছিলেন?

Sj. Smarajit Bandyopadhyay:
চাইলেই ত দেওয়া হয় না।

Sj. Ajit Kumar Canguli:
এই ডিম্যান্ডে কতটাকা দেওয়া হয়েছিল?

Sj. Smarajit Bandyopadhyay:
যা চেয়েছেন তাই।

Sj. Mangru Bhagat:
क्या माननीय मंत्री महोदय बतलायेंगे कि ये जो १७५ रू० दिया गया है उसमें कितने गोरू मिलेंगे ?

Mr. Speaker: That is not a supplementary.

Conversion of the camping ground at Burdwan into a play-ground

***67.** (Admitted question No. *1010.) **Sj. PRAMATHA NATH DHIBAR:** Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে—

(১) বর্ধমান শহরের camping ground-টি বর্তমানে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে হস্তান্তরিত করিয়াছেন, এবং

(২) ঐ ground-টি বহুকাল যাবৎ play-ground হিসাবে ব্যবহৃত হইতেছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ play-ground-টি কি পশ্চিমবঙ্গ সরকার বর্ধমান শহরের এবং অন্যান্য জেলার আন্তঃজেলা play-ground-রূপে ব্যবহার করিবার জন্য স্থানীয় কোন প্রতিষ্ঠানকে হস্তান্তরিত করিবার কোন পরিকল্পনা করিয়াছেন, এবং

(২) করিয়া থাকিলে, কবে হইতে ইহা কার্যকরী হইবে ?

The Minister for Land and Land Revenue (The Hon'ble BIMAL CHANDRA SINHA): (ক) (১) না।

(২) হ্যাঁ।

(খ) এখন এই প্রশ্ন উঠে না।

Complaint against Kharkusma Attestation Camp, Garbeta

***68.** (Admitted question No. *110.) **Sj. SAROJ ROY:** Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—

(ক) ১৯৫৬ সালে ও ১৯৫৭ সালের জানুআরি মাসে মেদিনীপুর জেলার গড়বেতা থানার ১নং ইউনিয়নের উত্তর বীল মৌজার সাঁজা চাষীদের attestation-এর সময় ভাগচাষী রেকর্ড করানর ব্যাপারে জমির মালিকদের সঙ্গে খড়কুসমার Attestation Camp-এর কর্মচারীদের যোগসাজস সম্বন্ধে তদানীন্তন মন্ত্রিমহাশয়ের নিকট অভিযোগ করিলে তিনি এ-বিষয়ে যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করিবেন বলিয়া আশ্বাস দেন, ইহা কি সরকার অবগত আছেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) যথাযোগ্য ব্যবস্থা কতদিনে গ্রহণ করা হইবে,

(২) খড়কুসমা Attestation Camp-এর Attestation Officer-এর সম্পর্কে যে-সব ঘটনা মাননীয় মন্ত্রিমহাশয়কে জানান হইয়াছিল তাহার কি কোন তদন্ত বা ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে,

(৩) তদন্ত বা ব্যবস্থা গ্রহণ করা না হইলে, কতদিনে করা হইবে,

(৪) যে-সমস্ত মৌখিক ভাগা ও সাঁজা বিলির জমি হইতে চাষীদের মালিকেরা উচ্ছেদ করিয়াছে, তাহাদের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন, এবং

(৫) ঐরূপ ঘটনার জন্য সরকার হইতে কোনরূপ সরেজমিন তদন্তের ব্যবস্থা করা হইবে কি ?

The Hon'ble BIMAL CHANDRA SINHA:
(ক) হ্যাঁ।

(খ) (১) তদন্ত করিয়া দেখা গিয়াছে যে, Attestation Camp-এর কর্মচারীদিগের কোনও যোগসাজস নাই, বরং তাঁহাদের আহ্বান সত্ত্বেও প্রজারা তাঁহাদের স্বত্বের কোনও প্রমাণ উপস্থিত করে নাই। এ-বিষয়ে আর কিছু করিতে হইলে প্রজারা জমিদারি গ্রহণ আইনের নূতন ৪৪(২)(ক) ধারা মতে প্রমাণ সহ সংশ্লিষ্ট Revenue Officer-এর নিকট দরখাস্ত করিতে পারেন।

(২) তদন্ত হইয়াছে। ইহাতে দেখা গিয়াছে যে, এই অভিযোগে কোন সত্যা নাই।

(৩) প্রশ্ন উঠে না।

(৪) জমিদারি দখল আইনের ৪৪(১) ধারা মতে নির্দিষ্ট সময়ের মধ্যে আপত্তি দেওয়া থাকিলে এবং ৪৪(২)ক) ধারা মতে রেভিনিউ অফিসারের দ্বারা আপত্তির নিষ্পত্তির পরে অসন্তুষ্টির কারণ থাকিলে উক্ত আইনের ৪৪(৩) ধারা অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে আপত্তি করা চলে।

(৫) ৪৪ ধারা মতে আপত্তির শুনানির সময় প্রয়োজনমত সরেজমিন তদন্তের ব্যবস্থা রহিয়াছে আছে।

Sj. Saroj Roy:
মন্ত্রীমহাশয় জবাবে বলেছেন যে তদন্ত হয়েছে, মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি সেই ১২নং ক্যাম্পে যে তদন্ত করিয়েছেন সেটা স্থানীয় কোন অফিসার দিয়ে, অথবা প্রাদেশিক অফিসার দিয়ে ?

The Hon'ble Bimal Chandra Sinha:
স্থানীয় ডিস্ট্রিক্ট অফিসার দিয়ে।

Sj. Saroj Roy:
মন্ত্রীমহাশয় জবাবে বলেছেন যে আহ্বান করা সত্ত্বেও প্রজারা তাদের স্বত্বের কোন কিছু উপস্থাপিত করেনি। এটা কি এনকোয়ারি রিপোর্ট থেকে বলেছেন ?

The Hon'ble Bimal Chandra Sinha:
এইটা আমার সংবাদ।

Sj. Saroj Roy:
মন্ত্রীমহাশয়ের বোধহয় স্মরণ আছে যে তাঁকে কিছু 'ডকুমেন্ট' দেখান হয়েছিল ঐ রাইটার্স বিল্ডিংসএ। সেই কথা স্মরণ করিয়ে জিজ্ঞাসা করছি যে যদিও প্রজারা কোন 'ডকুমেন্ট' দেখাতে যায় নি তথাপি মন্ত্রীমহাশয়ের কাছে নিজেদের ডকুমেন্ট দেবার পরে এনকোয়ারি করার ব্যবস্থা হয় নি। তার পরে কি কোরে এনকোয়ারি রিপোর্ট পেলেন যে প্রজাদের আহ্বান করা সত্ত্বেও তারা উপস্থিত হয়নি ? এ রকম রিপোর্ট পেয়ে আর কোন তদন্ত করা প্রয়োজন ব'লে মনে করেন কি ?

The Hon'ble Bimal Chandra Sinha:
সেখানে সেটলমেন্ট অফিসারকে কোন ডকুমেন্ট দেখাতে পারেনি যে ওদের কি ডকুমেন্ট আছে। তাদের স্বত্ব প্রমাণ করতে তারা উপস্থিত হয় নি। মাননীয় সদস্য মহাশয় গতবৎসর উপস্থিত হয়েছিলেন। তাঁর কাছে যে দুই একজন উপস্থিত হয়েছেন তাদের সম্বন্ধে এনকোয়ারি করা হয়েছে।

Sj. Saroj Roy:
মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি তাঁর কাছে যে সমস্ত ডকুমেন্ট উপস্থাপিত করা হয়েছিল কৃষকেরা সেই সমস্ত উপস্থাপিত করা সত্ত্বেও সেগুলো কেন আমল দেন নি?

The Hon'ble Bimal Chandra Sinha:
সে কথা অনুসন্ধান করে প্রমাণিত হয়নি।

Sj. Saroj Roy:
মন্ত্রীমহাশয় ৫নং প্রশ্নের জবাবে বলেছেন "৪৪ ধারা মতে শুনানির সময় প্রয়োজনমত সরেজমিন তদন্তের ব্যবস্থা বলবৎ আছে" এ বিষয়ে কোন রকম তদন্ত করেছেন কি? ইউনিয়নে বা গ্রামে যা বলা হয়েছে সেখানে কোন দিনও কোন রকম সরেজমিন তদন্ত হয়েছিল কিনা?

The Hon'ble Bimal Chandra Sinha:
সে সম্বন্ধে এখন ঠিক বলতে পারব না। কারণ সে সম্বন্ধে এখনও কোন সংবাদ পাই নি। অফিসারেরা মনে করছেন শুধু 'ডকুমেন্ট' এর উপর নির্ভর না কোরে সাধারণ লোকের সাক্ষ্য নিয়েও বিচার করবেন।

Sj. Ananga Mohan Das:
নূতন আইনের ফলে যে সময় বেশী দেওয়া হয়েছে সেটা কি ভালভাবে প্রচার করা হয়েছে?

The Hon'ble Bimal Chandra Sinha:
আমরা ২½ লক্ষ প্যাম্পলেট পাঠিয়েছি বিভিন্ন জায়গায় ক্যাম্পএ ছড়িয়ে দেবার জন্য। দ্বিতীয়তঃ আমরা যখন আইনের সংশোধন করেছিলাম তখন মাননীয় সদস্যদের অনুরোধ করেছিলাম তাঁরা যেন নিজ নিজ এলেকায় প্রচার করেন।

Sj. Apurba Lal Majumdar:
মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে, তদন্ত করার কথা বলা সত্ত্বেও সেখানে রেভিনিউ অফিসার যেতে অস্বীকার করে যে, ওখানে গেলে সমস্ত চাষীদের লোকাল এনকোয়ারীতে কিছু বুঝা যাবে না, কাজেই যেতে চাই না।

The Hon'ble Bimal Chandra Sinha:
তাঁর ব্যক্তিগত মতে তিনি মনে করেছিলেন কিন্তু অনায়াসে তদন্ত করতে পারতেন, কোন বাধা নাই।

Sj. Apurba Lal Majumdar:
এমন কোন সংবাদ কি পৌঁছায় নি যে অনুরোধ সত্ত্বেও তারা যেতে নারাজ হয়েছে?

The Hon'ble Bimal Chandra Sinha:
সে কথা বলছি না। এখন কথা হচ্ছে যাবেন কি যাবেন না সে ডিসিক্রিশন অফিসারএর উপর দেওয়া আছে, প্রয়োজন বোধ করলে তিনি যাবেন, প্রয়োজন না বোধ করলে আলাদা কথা।

Sj. Ananga Mohan Das:
৪৪(১) ধারামতে যারা দরখাস্ত করেছিল তাদের বিচার আরম্ভ হয়েছে কি?

The Hon'ble Bimal Chandra Sinha:
কোথাকার?

Sj. Ananga Mohan Das:
মেদিনীপুর জেলার কথা বলছি।

The Hon'ble Bimal Chandra Sinha:
সব জেলার এক অবস্থা নয়।

Sj. Apurba Lal Majumdar:
যদি তারা দরখাস্ত দিয়ে বলে যে তদন্তের প্রয়োজন, সে-ক্ষেত্রে সেখানে এনকোয়ারী করার নির্দেশ দিবেন কিনা?

The Hon'ble Bimal Chandra Sinha:
এটা থিওরেটিকাল প্রশ্ন, যদি কোন কেস আসে তাহলে দেখা যাবে।

Sj. Satindra Nath Basu:
মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন 88(২)(ক) ধারামতে প্রমানসহ সংশ্লিষ্ট রেভেনিউ অফিসাবএর নিকট দরখাস্ত করিতে পারেন—কি কি প্রমাণসহ বলবেন কি?

The Hon'ble Bimal Chandra Sinha:
যে-কোন উকিলকে জিজ্ঞাসা করলে বলে দেবেন, আপনিও বলতে পারেন।

Sj. Satindra Nath Basu:
আপনি বলেছেন ডি.পি. নোটস নিয়ে দরখাস্ত করতে হবে, এখন তা পাওয়া যাচ্ছে না, সমস্ত চলে গেছে সদর অফিসএ, ডি.পি. নোটস না পাওয়ার জন্য সময়মত দরখাস্ত করতে পারেন না যে?

The Hon'ble Bimal Chandra Sinha:
সময় সেজন্য ৩ মাস থেকে ৬ মাস বাড়িয়ে দেওয়া হয়েছে, ডি.এল.আর-এর কাছে সার্কুলার গেছে, সমস্ত ক্যাম্পএ ছড়িয়ে নেই সমস্ত ক্যাম্পএ ছড়িয়ে দিলে দায়িত্বহীন কর্মচারীর হাতে যদি থাকে রেকর্ডএর সেফটি সম্বন্ধে যথেষ্ট সন্দেহের কারণ হয়।

Sj. Satindra Nath Basu:
মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে সব জায়গার রেভেনিউ অফিসারকে নির্দেশ দেওয়া আছে কিনা যে ডি.এল.আর-এর সার্কুলার আছে যখন দেখতে চাইবে তখনই দেখান হবে?

The Hon'ble Bimal Chandra Sinha:
দেখতে যখন চাইবে দেখা হবে কিন্তু বহু জায়গায় ছড়িয়ে রাখা সম্ভব নয়, রেকর্ডএর কপি দেওয়া সম্ভব নয়।

Sj. Satindra Nath Basu:
আমার কথা হচ্ছে ডি.পি নোটস নিয়ে সমস্ত রেকর্ড পাঠিয়ে দিয়েছেন সদর অফিসএ, কোথায় গেলে ডি.পি নোটস পাবে?

The Hon'ble Bimal Chandra Sinha:
যেখানে সেন্ট্রাল ক্যাম্প আছে সেখানে এলেই তারা জানতে পারবে।

Sj. Ajit Kumar Canguli:
তদন্তের সময় অভিযোগকারীকে ডাকা হয় কিনা?

Mr. Speaker: Question disallowed.

Sj. Ajit Kumar Canguli:
গোপনে তদন্ত হলে কি করে হবে?
Mr. Speaker: It must arise out of ...
বলুন ইয়েস আর নো।

Sj. Ajit Kumar Canguli:
স্যার, এই যে অভিযোগ করা হয়েছে, তদন্ত হয়েছে, এই তদন্ত হওয়ার সময় অভিযোগকারীকে ডাকা হয়েছিল কিনা?

The Hon'ble Bimal Chandra Sinha:
যেখানে অফিসারএর উপর ভার দেওয়া আছে সেখানে প্রত্যেক পদে গভর্নমেন্ট ইন্টারাপ্ট করে না কিন্তু এখন কাকে জিজ্ঞাসা করা হবে সে বিষয়ে অভিযোগ যদি থাকে যে অফিসার তাঁর দায়িত্ব পালন করেন নি তাহলে সেই অফিসার সম্বন্ধে যথাযথ দায়িত্ব গভর্নমেন্টএর।

[3-50—4 p.m.]

Sj. Ajit Kumar Canguli:
অভিযোগকারীকে ডাকেন কিনা, ইয়েস অর নো এটা বলুন।

The Hon'ble Bimal Chandra Sinha:

আমি বলতে পারি অন্তত ৫ জনের কেসে ডাকা হয়েছে অভিযোগকারীকে। অন্য জায়গার কথা উল্লেখ করেও বলতে পারি যে, ডাকা হয়েছে কিন্তু কাকে কাকে ডাকবে এটা যখন বিচার করবে তখন তাঁদের নির্দেশ দেওয়া যায় না।

Sj. Saroj Roy:

এই অভিযোগটা মন্ত্রী মহাশয়ের কাছে আমার ছিল এবং সেই ক্যাম্প সম্পর্কে অত্যন্ত গুরুতর অভিযোগ করা হয়েছিল। সেটা সম্পর্কে যখন তদন্ত হ'ল তখন কেন আমাকে খবর দেওয়া হয় নি?

Mr. Speaker: Question disallowed.

Sj. Saroj Roy:

আপনি উত্তর দিয়েছেন যে, বাইরের কর্মচারীকে দিয়ে তদন্ত করা হয়েছিল, স্থানীয় কর্মচারীকে দিয়ে নয়—এই যে জবাব দেওয়া হয়েছে এতে আমাদের যথেষ্ট সন্দেহ রয়ে গেছে বলে প্রশ্ন করছি যে, এই যে বাইরের সরকারী কর্মচারীকে দিয়ে তদন্ত করা হয়েছিল সেটা কি কোন প্রাদেশিক সরকারী কর্মচারী না জেলার কর্মচারী?

The Hon'ble Bimal Chandra Sinha:

চার্জ অফিসার একথা আমি বলেছি।

Sj. Pravash Chandra Roy:

যেসব জায়গায় মালিক ঠিকা, গুলো বা ভাগচাষীদের রসিদ না দেওয়ায় চাষীরা ডকুমেন্ট প্রডিউস করতে পারে নি সেসব ক্ষেত্রে চাষীদের মৌখিক বা গ্রাম্য লোকের সাক্ষ্যের ভিত্তিতে রেকর্ড তাদের নামে করা হবে কিনা মন্ত্রী মহাশয় কি বলবেন?

Mr. Speaker: It is a hypothetical question.

Sj. Pravash Chandra Roy:

এই রকম ঘটনা প্রাকটিকাল ক্ষেত্রে ঘটছে, সেজন্য ক্যাটিগরিক্যালি আমি বলছি।

Mr. Speaker: The question would have been: Is the Government aware of this? Government would have said 'Yes or no'.

Sj. Pravash Chandra Roy:

মন্ত্রী মহাশয় এটা জানেন কি যে রসিদ না থাকাতে যারা ঠিকা, গুলো বা ভাগচাষী তাদের নাম রেকর্ড করা হচ্ছে না?

The Hon'ble Bimal Chandra Sinha:

এ প্রশ্ন এই ক্যাম্পের অভিযোগ থেকে উঠে না কারণ এর মধ্যে এসব বিষয় কিছু নেই। এ বিষয়ে প্রশ্নকর্তাকে অনেকবার বলেছি যে, আলাদা প্রশ্ন করবেন কিম্বা তাঁকে আমি চিঠি লিখে জানাতে পারি। এ বিষয়ে যথাযথ নির্দেশ আছে এবং তা যদি না থাকতো তাহলে আজকে বর্গাদারের সংখ্যা এরমধ্যে ৬ লক্ষ ৯৮ হাজার হ'ত না। আমার কাছেও এই রকম অভিযোগ আসে এবং যখনই আসে তখনই আমি তদন্ত করেছি। কোন জায়গায় অভিযোগ মিথ্যা, কোন জায়গায় সত্য বলে প্রমাণিত হয়েছে এবং সেখানে যথাযথ ব্যবস্থা হয়েছে।

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Barti Beel

32. (Admitted question No. 227.) **Sj. CHITTO BASU:** Will the Hon'ble Minister in charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, আমডাঙ্গা, জগদ্দল ও নোয়াপাড়া থানার মধ্যবর্তী "বরাতির বিলস্থ" জমির ফসল জল-নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থার অভাবে নষ্ট হয়;

(খ) সত্য হইলে, তাহার আনুমানিক গড় বাৎসরিক পরিমাণ কত;

(গ) এই বিল কখনও সার্ভে করা হইয়াছিল কিনা; এবং

(ঘ) জল-নিষ্কাশনের ব্যবস্থার জন্য সরকারের কোন দীর্ঘ-মেয়াদী অথবা স্বল্প-মেয়াদী পরিকল্পনা আছে কি?

The Minister for Irrigation and Waterways (The Hon'ble AJOY KUMAR MUKHARJI): (ক) এবং (গ) হ্যাঁ।

(খ) ৮,৪০০ মন।

(ঘ) হ্যাঁ। নউই ও সুতী খালের অববাহিকার উন্নতির জন্য দুইটি পৃথক পরিকল্পনা প্রস্তুত করা হইয়াছে এবং উহা তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত করার জন্য চেষ্টা করা হইবে।

Sj. Chitto Basu:
গ-এর প্রশ্নে বলেছেন সার্ভে হয়েছিল, সার্ভে কবে হয়েছিল?

The Hon'ble Ajoy Kumar Mukharji:
আমি তারিখটা ঠিক বলতে পারি না, তবে সার্ভে করে প্রোজেক্ট তৈরি হয়ে গেছে।

Sj. Chitto Basu:
কোন্ সালে?

The Hon'ble Ajoy Kumar Mukharji:
২-৩ বছর আগে হয়েছে, ফাইভ ইয়ার প্ল্যানে পাঠিয়েছিলাম, ঠিক ডেট বলতে পারি না।

Sj. Chitto Basu:
দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার আগে সার্ভে করা হয়েছিল?

The Hon'ble Ajoy Kumar Mukharji:
হ্যাঁ।

Sj. Chitto Basu:
তবে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার সামনে পেশ করার কি অসুবিধা ছিল?

The Hon'ble Ajoy Kumar Mukharji:
পেশ করলেও সবগুলি তাঁরা গ্রহণ করছেন না।

Sj. Chitto Basu:
আপনি কি এটা পেশ করেছিলেন?

The Hon'ble Ajoy Kumar Mukharji:
নোটিস চাই।

Mr. Speaker: Question time over. Held over for the next day.

[4—4-10 p.m.]

Adjournment Motions.

Dr. Suresh Chandra Banerjee:
স্যার, আমি একটা এ্যাডজোর্নমেন্ট মোশনএর নোটিস দিয়েছিলাম, আপনি তাতে কনসেন্ট রিফিউজ করেছেন, আমি কি এডজোর্নমেন্ট মোশনটা পড়তে পারি?

Mr. Speaker: Yes.

Dr. Suresh Chandra Banerjee: My motion runs thus: "That the business of the House do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, namely, the serious situation that has

been created in the various refugee camps at Bistupur, the district of Burdwan and the district of Birbhum due to stoppage of doles and attempt by Government to send them outside West Bengal."

Sj. Dasarathi Tah:
স্যার, আমিও একটা এডজোর্নমেন্ট মোশান দিয়েছিলাম।

Mr. Speaker: I have disallowed that also. You can read the motion.

Sj. Dasarathi Tah: My motion runs thus: "The Assembly do now adjourn for the purpose of discussing an urgent matter of public importance and of recent occurrence namely the decision of the Government to close down the pharmaceutical centre at Burdwan with effect from the 14th March, 1958, and giving of notice to the students of the centre to prepare themselves to leave for Jalpaiguri.
স্যার, এখন কি বলতে পারব না?

Mr. Speaker:
না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
পরে কাট মোশানএ আপনি বলতে পারবেন।

Sj. Dasarathi Tah:
আমি এখনই বলতে চেয়েছিলাম।

Sj. Mihirlal Chatterjee: Sir my motion reads thus:

"That the House do now stand adjourned to discuss a matter of urgent public importance and of recent occurrence namely,—

Wanton lathi charge made by the police on helpless camp refugees of Kachujore refugee camp within P.S. Suri, District Birbhum while they were demonstrating against arbitrary stoppage of cash-dole of some refugees and removal of some refugees against their will to camps outside the State."

Sj. Apurba Lal Majumdar:
স্যার, একটা বিষয়ে পুলিস মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা দরকার—আমি একটা পয়েন্ট অব অর্ডার.....

Mr. Speaker: I wish to draw the attention of the honourable members to the fact that they should know the procedure that we have got to follow in this House. Is it a point of order?

Sj. Apurba Lal Majumdar:
এটা পয়েন্ট অব অর্ডার নয়, আপনার পার্মিসন নিয়ে কিছু বলতে চাই।

Mr. Speaker: I want to tell every honourable member that I am following the procedure laid down for my guidance and I would request the honourable members not to request me to break the rules of the House. If it is a point of order, you can certainly raise it. If it is not a point of order, you cannot speak.

Sj. Apurba Lal Majumdar:
আমি আপনার পার্মিশন নিয়ে দু'-একটা কথা বলতে চাই।

Mr. Speaker: What is it about? Not the subject matter. Is it a point of order?

Sj. Apurba Lal Majumdar:
পয়েন্ট অব অর্ডার নয়। আপনি পার্মিশন দিলে বলতে পারি।

Mr. Speaker:
পার্মিশন এখন এভাবে দিতে পারি না।

Sj. Apurba Lal Majumdar: It is a matter very much of public interest.

Mr. Speaker: May be a matter of public importance according to you but it may not be so according to me. I would request the honourable members to follow the procedure of the House. Sometimes there arise matters of importance when I allow them to be raised in the House. As a matter of fact about that colliery disaster it was really a matter which was of grave public concern and you were all anxious to know about that. When that question was raised before the House although it was not a point of order, I allowed it to be raised. If you only condescend to come to my chamber and explain to me the position, I may consider the matter. But you cannot jump up on the floor of the House and say that police has beaten some people or anybody else has beaten some people. That has no concern with the House.

Sj. Sunil Das: Sir, I rise on a point of information arising out of questions and answers.....

Mr. Speaker: Kindly come to my chamber.

Sj. Sisir Kumar Das: On a point of order, Sir. Under what authority you can ask the honourable members to come to your chamber.

Mr. Speaker: I am not going to answer that question of yours.

Ruling re: the statement of the Inspector-General of Police.

Mr. Speaker: I am going to give my ruling that I promised to give to the House regarding that statement made by the Inspector-General of Police. I propose to read it out. I would request the honourable members to kindly listen to me.

But before I read my ruling I will tell you something. So far as my ruling is concerned I have touched every little point and I have tried to give the best reply that I am capable of. I will remind honourable members that some of them possibly in course of discussion stated as also in this motion it is mentioned that they are innuendoes about the Chief Minister. Well, I have not been able to follow what the innuendoes are. But perhaps the Chief Minister may be inclined to give some information on the point to the House. But I have dealt with in detail the statement of the Inspector-General of Police in my ruling.

Firstly I would request the honourable members to apply their mind to the special motion that was placed before me. The special motion is in these terms: "The Assembly notes with concern the statement of the Inspector-General of Police published in December 1957 in the Statesman in connection with the law and order situation in Howrah accusing political parties and indirectly members of the Legislature and influential people of giving protection to the anti-social elements". The statement also contained innuendoes against the Chief Minister. Now I received the the special motion from Mr. Jyoti Basu signed by five honourable members of this House, namely, Mr. Jyoti Basu, Mr. Deben Sen, Mr. Hemanta Kumar Basu, Mr. Jotin Chakravorty and Shri Subodh Banerjee. One thing I will tell you that no date has been given as to when it appeared in the Statesman. Kindly now listen to the ruling given. The note for special motion refers to an alleged statement of the Inspector-General of Police published in the Statesman in December, 1957. The date of publication though not mentioned in the motion is perhaps the 27th of December 1957.

[4-10—4-20 p.m.]

The honourable members requested me not to be too technical and I have not been too technical but the ruling is here. The Staff Reporter of the 'Statesman' has sought to reproduce the result of the discussion which he had with the Inspector-General of Police. Strictly speaking, this cannot be considered to be a statement of the Inspector-General of Police himself. Even assuming that the report which appeared in the 'Statesman' amounts to a statement by the Inspector-General of Police, in my view, no privilege of the honourable members of this House is intringed—no honourable members have been attacked individually nor any political party has been attacked by name. All that the statement goes to show is that due to interference of influential persons police is finding it difficult to discharge its duties. There is also mention that many of the criminals are stated to have worked during the election when they were organised and the criminals became more powerful with financial and other support. I am quoting these things verbatim from the 'Statesman'. This, in my view, does not infringe the privilege of the members of the House.

From the reference to the last general election it may however be inferred that candidates for election and possibly some who have been elected are involved. Even if there is such a charge it cannot be said that any breach of privilege has been committed. Because, the charge, if there be any, is not against the members in their capacity as members for their conduct in relation to the business of the House. The following passage from May's Parliamentary Practice, 15th Edition, page 125, will be sufficient to dispose of this aspect of the matters as shown below.

> "Analogous to molestation of Members on account of their behaviour in Parliament are speeches and writings reflecting upon their conduct as Members. On 26th February, 1701, the House of Commons resolved that to print or publish any libels reflecting upon any member of the House for or relating to his service therein, was a high violation of the rights and privileges of the House.
>
> 'Written imputations, as affecting a member of Parliament, may amount to breach of privilege, without, perhaps being libels at common law' but to constitute a breach of privilege a libel upon a Member must concern the character or conduct of the Member in that capacity, and the conduct or language on which the libel is based must be actions performed or words uttered in the actual transaction of the business of the House.
>
> * * * * * *
>
> For example, aspersions upon the conduct of Members as magistrates or officers in the army or navy or as counsel or otherwise than in relation to Parliament, are not fit subjects for complaints to the House of Commons, even if the inference is to be drawn that they are unworthy to sit in Parliament.
>
> A charge that the Commons included men 'who draw .....their living and their notoriety from the steady perpetration of crimes' was rules not to be a case of privilege."

I have quoted four paragraphs from May's Parliamentary Practice and I have given you the page number. These are no quotations of mine.

Another point which may be noted in connection with the report in the 'Statesman' is that any complaint of a breach of privilege must be made at the earliest opportunity. I am quoting from May, 15th Edition,

page 364 "The Speaker requires to be satisfied, both that there is a prima facie case that a breach of privilege has been committed; and also that the matter is being raised at the earlier opportunity."

In this case I hold that this is inadmissible and I have refused consent. I may tell you one thing that incidentally some members mentioned in this House about 'Jugantar'—an article under the heading 'Nepathya Darsan' appeared in it. In the special motion as drafted and tabled in this House no mention has been made of Jugantar or of the heading 'Nepathya Darsan'. All that has been stated is that this statement of the Inspector-General made in December 1957 says something which I cannot condone and I think the House also wants to know something about it—at least the House strongly wanted to know—very vocally—whether the reference to Chief Minister was correct. We would like to know something from the Chief Minister.

Sj. Bankim Mukherjee:

মাননীয় স্পীকার মহোদয়, আপনি একটা পয়েন্ট মিস করেছেন। জ্যোতি বাবু প্রভৃতি তাঁরা স্পেশাল মোশন দিয়েছিলেন, তাঁরা কোন প্রিভিলেজ মোশন দেন নি। নেপাল বাবুরটা হচ্ছে প্রিভিলেজ মোশন।

এইটা আমার অনুরোধ আপনার কাছে এই এ্যাসেম্বলীতে এই ব্যাপারটা সম্বন্ধে আলোচনা করতে চাই। কোন প্রিভিলেজএর প্রশ্ন ওর মধ্যে ছিল না।

আপনি ডিলের কথা বলেছেন। কিন্তু যখন আমাদের বাজেট ডিসকাশন চলছিল, তার মধ্যে এ সম্বন্ধে বলা হয়, স্পেশালি আমাদের দিক থেকে বিশেষভাবে এই ঘটনার কথা বলি এবং আশা করেছিলাম গভর্নমেন্টের পক্ষ থেকে সে সম্বন্ধে উত্তর দেওয়া হবে। কিন্তু সেই উত্তর তাঁদের পক্ষ থেকে পাওয়া যায় নি, তারই জন্য . . . .

Mr. Speaker: I will tell you one thing. I will allow a complete discussion on this particular matter when the supplementary budget comes up. I will not gag any of you so that the members of the House may not lose the chance of telling what they want to say.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I confess I did not see this statement. Let me say at the outset that I do not think that the Directorate or the Secretariat should say anything for the Press. In this case I understand from the Inspector-General of Police that he had not made any formal statement exclusively for the report of the Statesman. On the 26th December several Reporters came to see him to find out what has been done with regard to the affairs in Howrah. Many members are aware that there had been two murders in Howrah in December, 1957—both are day-light murders and naturally I had asked the Inspector-General of Police to take special action against those miscreants. It appears that in Howrah there have been two gangs of goondas who have been at loggerheads with each other, and they have been somehow or other supplied with fire-arms and ammunition, etc. Of these groups, one gentleman called Danu Bose had been implicated in 1953 and I see from my record that he had written to me a letter to intervene in his case. My order was that, after making enquiries from the I.-G. (Police) the case must be taken up and the Court must decide about his guilt. Probably members know that he had been sentenced to imprisonment for two years. This was confirmed by the District Judge. But then on appeal to the High Court the case was ordered to be retried and in the meantime he was allowed to go on bail. He was a powerful man and he got himself elected into the municipality. As far as I could gather after reading the report here it seems to me that all that the I.-G. of Police tried to convey was to assure his subordinates that there will be no possible interference by influential people in the discharge

of their duties. This man, after getting such important post as Commissioner of the Howrah Municipality, had almost been terrorising the people there. I have asked specifically the I.-G. (Police) whether he had mentioned it to the Reporter that I had interfered with his case and he said that he never did so. There were other Reporters with him, for instance, Reporters of the Amrita Bazar Patrika, they did not report this matter.

[4-20—4-30 p.m.]

The difficulty is this. Today you must have seen in the Amrita Bazar Patrika a statement about the Village Resistance Group. People are anxious to know what steps are being taken in this province for protecting the ordinary citizens against violent dacoity, robbery, murder, theft and so on. The Village Resistance Group is one that has been developed by the Police Department and has been doing very good work. But my police people do not realise perhaps that newspaper reporters are awful people. They know how to cross-examine an interviewer and bring out answers which may not be to the liking of the person interviewed. For instance, they ask a person "Have you ceased beating your wife?" If he says 'Yes', then he had been beating his wife as before but now he has not been beating her. If he says 'No', then he admits his guilt. I have issued strict instructions that in future if any reporter goes to any department, the department will not meet him or give him any information. If they want any information, they must go either to the Minister concerned or to me or to the Chief Secretary. Sir, I have read and re-read the paper, but I find—of course, it would have been better if he had not given that interview, it would have been better if the matter had been dealt with by us—that there is nothing to connect me with any of the statements made, except, as I said, that this gentleman Danu Bose was a person who had applied to many people, had applied to me to intervene so that the case may not be proceeded with and the order that I gave I have already told you. The position, therefore, is this that in future—and I say this deliberately because we have got the newspaper reporters here—the reporters will not get any information from any of the Secretaries or Directors or those who are in charge of the various departments because they are supposed to carry out the policy—they are not supposed to indicate the policy. The policy is to be indicated by the Minister concerned. This is all I have got to say.

Sj. Deben Sen:

আমি যে স্পেশাল মোশন পাঠিয়েছিলাম, আমি ভাবিনি এর উপর আপনি রুলিং দেবেন। রুলিং যদি দেওয়াও হয়, তাহলেও আমার বক্তব্য হচ্ছে, যে কোটেশন আপনি দিয়েছেন মেজ পার্লামেন্টারি প্রাকটিস থেকে, তাতে এ ছাড়া অন্য কোটেশনও আছে—আমাকে কি সেটা উল্লেখ করতে দেবেন?

Mr. Speaker: I have understood you. A motion, if it is at all to be discussed in any shape or form, must be admitted first by the Speaker and must be in the agenda paper. I have fully considered the matter. Even Mr. Jatin Chakravorty approached me and he asked me whether it would be possible to discuss this matter before I give my ruling. I have applied my mind to this matter and I find that the motion is not in order. As the motion is not in order, therefore, there cannot be any discussion on it. As in the case of an adjournment motion, there is no discussion—the Speaker either allows it or disallows it—similarly, here also there cannot be any discussion. The Rules do not say that as regards a special motion a debate can be allowed before the Speaker has come to a decision as to whether it is in order or not. Apart from other points, there is one point which cannot possibly be overcome, viz. the point of delay. This statement appeared as far back as the 27th of December, 1957.

Sj. Deben Sen:

আপনি আমার মোশনটা রিজেক্ট করেছেন কারণ সেটা আউট অব অর্ডার। এই একটা পয়েন্ট। সেই সংগে আপনি কতকগুলি জিনিষ উপস্থিত করেছেন যা ভবিষ্যতে আমাদের বাঁধবে। যেমন আপনি বলেছেন কারও নাম মেনশন করা হয় নি। কিন্তু মেজ প্র্যাকটিস সেখানে বলছে নাম মেনশন না করলেও আমাদের সেগুলি আলোচনা করবার সুযোগ দেবেন। অবশ্য আপনি বলে দিতে পারেন স্পেশাল মোশনটা আউট অব অর্ডার। সেই রুলিং তো থেকেই যাচ্ছে। কিন্তু সেই সংগে যদি বলেন নাম মেনশন করতে হবে তাহলে আমাদের প্রিভিলেজের উপর হস্তক্ষেপ করা হবে।

Mr. Speaker: No.

Sj. Deben Sen:

সেই রুলিংয়ের ২টা পয়েন্ট আছে।

Mr. Speaker: If you will kindly read my ruling, I have rejected it on merits; it means that it has been rejected on facts. Therefore, it can never be a precedent and, if you like, I would like to add that this ruling is never to serve as a precedent. This will not be a precedent—point of law may be a precedent.

Sj. Bankim Mukherjee:

এটা বরাবরই হচ্ছে আপনি যখনই রুলিং দিয়েছেন সেখানেই গোড়া থেকেই ধরে নিয়েছেন যে মোশন দিলেই সেটা মোশন অব প্রিভিলেজ।

Mr. Speaker:

এটা মনে করার কি কারণ থাকতে পারে?

Sj. Bankim Mukherjee:

সেটা আমাদের সকলেরই জানাশুনা যে, আপনার সমস্ত রুলিং সেখানে আপনি গোড়া থেকে সাসপেক্ট করেছেন যে, সেটা প্রিভিলেজের ব্যাপার হতে পারে। জ্যোতিবাবু যেটা বলেছিলেন—এই স্পেশাল মোশন বিষয়ে আপনি বলেছিলেন যে, পুলিস মিনিস্টার যদি আপত্তি না করেন, তাহলে ডিসকাস হতে পারে। এখানে আর একটি পয়েন্ট বলেছেন, ডিলে। অথচ সে সম্বন্ধে আমরা দেখেছি যখন বাজেট ডিসকাশন হয় তখন এই ডিলের প্রশ্ন ওঠে না। আমরা এ্যাডজোর্নমেন্ট মোশন দিলে পর আপনি বলেন বাজেট ডিবেটএর মধ্যে বলতে পারব।

Mr. Speaker: This should have been placed, if at all, when the House met.

Sj. Bankim Mukherji:

স্যার, আমাদের অসুবিধা হচ্ছে এইসব বিষয় নিয়ে এই হাউসএ যদি হাফ এ্যান আওয়ার ডিবেটও হ'ত তাহলে এসবের প্রয়োজন হয় না। আমাদের পক্ষে এ্যাডজোর্নমেন্ট মোশন আনা ছাড়া উপায় কি? যখন নন-অফিসিয়াল রেজলিউশন এনে কিছু বলা সম্ভব নয়—ডিবেট করার কোন স্কোপ পাওয়া যায় না কোন নন-অফিসিয়াল রেজলিউশনএর উপর। তারপর এই রকম স্পেশাল মোশন সাধারণতঃ আনা হয় না। গুরুতর ব্যাপারেই স্পেশাল মোশন আনা হয়। আপনার নিজের যদি আপত্তি না থাকত—কিন্তু আমাদের অসুবিধা হচ্ছে—আপনিই আপত্তি করছেন যদি গভর্ণমেন্ট আপত্তি করত—

Mr. Speaker: I have given my ruling on merits. There is no question of privilege. You wanted to debate the matter as a special motion—you wanted to go into the question as a special motion. I have rejected it not on the ground of privilege but I have rejected it on merits. I will allay your apprehension and I will put it down in the ruling that this will not serve as a precedent because I have rejected it on merits.

Sj. Apurba Lal Majumdar:

আমার জিজ্ঞাস্য হচ্ছে অন এ পয়েন্ট অব ইনফর্মেশন, স্যার—এটা জানতে পারি কি?

Mr. Speaker: No interrogation; by trying to seek information you cannot interrogate.

Sj. Apurba Lal Majumdar:
স্যার, আমি বলতে চাই অন এ পয়েন্ট অব ইনফর্মেশন।

Mr. Speaker: I do not think further discussion is permissible.

Sj. Apurba Lal Majumdar:
মুখ্যমন্ত্রী মহাশয় এইমাত্র বললেন যে, ১৯৫৩ সালে তাঁর কাছে দানু বসু একটা চিঠি লিখেছিলেন। কিন্তু গত ডিসেম্বর মাসে যেসব বিভৎস কাণ্ড হাওড়ায় হচ্ছে এবং সেখানে যে অরাজকতা চলছে সে সম্বন্ধে কোন এনকোয়ারী হয়েছে কি? এবং এই সব ব্যাপারে কোন ইনফ্লুয়েন্সিয়াল লোক তাকে এ্যাপ্রোচ করেছেন কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On a point of order. Does a point of information give any member right to get up at any time on a point of information?

Mr. Speaker: No.

Dr. Jnanendra Nath Majumdar:
স্যার, ইংরাজীতে বলে দিলেন আপনার রুলিং। বাংলাতে দিলে সকলেরই সুবিধা।

Mr. Speaker:
ডাঃ মজুমদারের যদি অসুবিধা হয়, তাহলে সেটাকে বাংলা করে নেবেন এবং ভালভাবে বুঝে নেবেন। এখানটা ত শেখাবার জায়গা নয়।

[4-30—4-40 p.m.]

Sj. Apurba Lal Majumdar:
আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি—আই. জি. বলেছেন—

Mr. Speaker: Mr. Majumdar, I see the temper of the House when you won't allow the Speaker to speak. In that case the net result will be that I will do exactly the same thing which I did yesterday. I will adjourn the House.

Sj. Hemanta Kumar Chosal:
আপনি কি আপনার খুসীমতন প্রতি আধ ঘণ্টা পরেই বলবেন—হাউস এ্যাডজোর্ন করব?

Mr. Speaker: If members start shouting at me at the same time and I cannot control the House, the only alternative is to adjourn the House.

Sj. Hemanta Kumar Chosal:
চেয়ারএর প্রতি আমাদের সকলকারই যথোচিত রেসপেক্ট আছে। বার বার হাউস এ্যাডজোর্ন করে দিলে সে রেসপেক্ট থাকতে পারে কি?

Sj. Apurba Lal Majumdar:
অন এ পয়েন্ট অব ইনফর্মেশন, স্যার, আমি হাওড়া জেলা থেকে এসেছি—হাওড়া জেলাই আমার বাসস্থান। সেখানে গত ডিসেম্বর মাস থেকে যেভাবে দিনের পর দিন গুণ্ডামি চলেছে সেই সম্পর্কে আই-জি বলেছেন কোন ইনফ্লুয়েন্সিয়াল ম্যান ডাঃ রায়কে এ্যাপ্রোচ করেছেন। উনি বলেছেন—

Mr. Speaker:
ইনফ্লুয়েন্সিয়াল ম্যানএর সম্বন্ধে যা বলার উনি তা বলে দিয়েছেন, এ সম্বন্ধে নো মোর ইনফর্মেশন ইজ এ্যাভেলেবল।

Sj. Apurba Lal Majumdar:

চীফ মিনিস্টারএর কাছে আমি জানতে চাই উনি যে বলেছেন ১৯৫৩র কথা, সে সম্বন্ধে আমার কিছু জিজ্ঞাসা নাই। এই ১৯৫৭এর ডিসেম্বরে যে গুণ্ডামী আরম্ভ হয়েছে এবং বর্তমানেও চলছে সে সম্পর্কে গত জানুয়ারি কি ফেব্রুয়ারিতে কোন ইনফ্লুয়েন্সিয়াল ম্যান ডাঃ রায়কে এ্যাপ্রোচ করেছিলেন কিনা?

Mr. Speaker:

স্টেটসম্যানএ এটা বেরোয় ডিসেম্বরে, তারপর জানুয়ারি-ফেব্রুয়ারি পার হয়ে গেছে The motion that has been tabled was with reference to a matter published in December.

Sj. Apurba Lal Majumdar:

উনি বলেছেন দুটি পার্টি আর এ্যাট লগার হেডস সে সম্পর্কে আমি জানতে চাইছি যে, কোন ইনফ্লুয়েন্সিয়াল ম্যান ওঁকে এ্যাপ্রোচ করেছিল কিনা—শুধু এইটে জানতে চাই এবং আর একটা কথা এইসঙ্গে এসে পড়ে—

Mr. Speaker: I will not allow a discussion.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It is very unusual for a member to get up in this fashion.

Sj. Apurba Lal Majumdar:

আপনি জবাবটা দিলেই ত হয়ে যায়।

Mr. Speaker: If the members want to contravene every rule they have the liberty to do so

Sj. Jatindra Chandra Chakravorty:

আমার স্যার, আপনার কাছে

Mr. Speaker: I will not allow you to get up.

Sj. Apurba Lal Majumdar:

উনি দাঁড়িয়ে উঠে বলুন ওঁকে এ্যাপ্রোচ করেছিল কিনা?

Mr. Speaker:

ওঁর যা বলার তা বলেই ত দিয়েছেন।

Sj. Apurba Lal Majumdar:

আপনি ওঁকে বলতে আদেশ দিলে উনি কি করে জবাব না দিয়ে পারবেন?

Mr. Speaker:

এক্ষেত্রে আদেশের কোন প্রশ্নই ওঠে না।

Sj. Jatindra Chandra Chakravorty

স্যার আমি আপনার কাছে জিজ্ঞাসা করছি ডাঃ রায়ের কাছে নয়—

Mr. Speaker: If it is not possible for me to conduct the affairs of the House in an atmosphere of peace I do not think it is worth proceeding with the proceedings at all. I will respectfully tell the members that I am trying to be as dutiful as I can. The Chief Minister has made a statement and you have heard it. It is for him to say if anybody approached him in January, February or December, it is not for me to answer. If members get up and ask me hundreds of questions and the rules do not allow it—if you want to do it, you do it.

Sj. Bankim Mukherjee: The Chief Minister is trying to hang a curtain but it is too thin. He did not satisfy us.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I cannot help it.

Sj. Bankim Mukherjee:
স্যার, আপনার মাধ্যমে গভর্নমেন্টের কাছ থেকে জানতে চাই—আমরা এ সম্বন্ধে মোশন যদি এমনভাবে দিই যাতে আপনার আপত্তি না হয় অর্থাৎ অর্ডারলি হয়, তাহলে এ বিষয়ে তাঁরা আলোচনা করতে রাজী আছেন কিনা? এবং এখানে আলোচনার প্রয়োজন। গভর্নমেন্ট পক্ষ সেই আলোচনার জন্য প্রস্তুত আছেন কিনা?

Mr. Speaker:
এর উত্তর আমি দিতে পারি না।

Sj. Bankim Mukherjee:
এ বিষয়ে ইউ ক্যান আস্ক দি ট্রেজারী বেঞ্চেস।

Mr. Speaker: I have told you in very clear terms that so far as lies in my power, I will allow discussion on this subject when on Saturday next the budget is going to be discussed and there will be no obstruction coming from my side. I have also told Mr. Jyoti Basu that so long as discussion is not possible, the issue should not be raised.

Sj. Jatindra Chandra Chakravorty:
আমি যখনই কিছু বলতে চাইছি বা বলবার জন্য চেষ্টা করছি, বার বার আপনি আমাকে বসতে বলেছেন বা আমার দিকে নজর দিচ্ছেন না। তাই আই এাম লেড টু থিংক যে, চিৎকার করলে যদি আপনি শোনেন তাই এত জোরে চিৎকার করে বলতে বাধ্য হচ্ছি।

Mr. Speaker:
চিৎকার করুন।

Sj. Jatindra Chandra Chakravorty:
আমি চিৎকার করতে চাই না, কোন রকম আপত্তিকরও কিছু করতে চাই না। আমি অনেক বার চেষ্টা করেছি আমার দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করাতে। আই-জির সম্বন্ধে উনি যা বলেছেন আর স্টেটসম্যানএর যা রিপোর্ট তা থেকে বোঝা যায় ডাঃ রায় যে স্টেটমেন্ট দিয়েছেন সে হোয়াইট ওয়াসিং ছাড়া আর কিছু নয়।

Mr. Speaker: Just a minute. For this reason the Government is responsible to explain every statement made by any Government servant anywhere and it will make no precedent that the Inspector-General had said something.

Sj. Jatindra Chandra Chakravorty:
আমার কথা হচ্ছে ডাঃ রায় বলেছেন অন্য কাগজে ত বেরোয় নি এবং সে রিপোর্ট সম্বন্ধে অনেক কথা বলেছেন। আমি রিপোর্টারের দোষ দিচ্ছি না। কিন্তু আমার কথা হচ্ছে ২৭এ তারিখে ডাঃ রায়ের নাম উল্লেখ করে যে রিপোর্ট তাতে আই-জির কথা যা বলা হয়েছে ২৮এ তারিখে স্টেটসম্যানএর রিপোর্টারকে ডেকে কেন তিনি আপত্তি করেন নি, প্রতিবাদ করেন নি?

Mr. Speaker: Firstly it was not here that Dr Roy made the statement I did not read the statement. We must take him at his words that he did not say that the I.-G. did not contradict and I do not think there is any reason to contradict.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There is no question of contradiction. The case refers to 1953 and that is what the I. G. means. The language is a threatening complaint against police by some interested quarters who try to move Dr. Roy.

Sj. Jatindra Chandra Chakravorty: You have said that.
আপনি আপনার স্টেটমেন্টএ বলেছেন যে, অন্য কাগজে বেরোয় নি, স্টেটসম্যানএ যে জিনিসটা বেরিয়েছে সেটা আই-জি বলেন নি।

Tre Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have never said that.

Sj. Jatindra Chandra Chakravorty: You have said that.

[At this stage the House became uproarious]

Sj. Bankim Mukherjee:
আপনার কাছে আমার একটা অনুরোধ ছিল, মিঃ স্পীকার, স্যার।

Mr. Speaker: I find the members are whispering and talking on both sides of the House. I would request the honourable members to keep quiet. If they do not understand their duty, I am sorry.

Sj. Bankim Mukherjee:
আমার অনুরোধটা হ'ল সাপ্লিমেন্টারি বাজেটএ বহু গ্রান্ট আছে। মাত্র একটা দিন যদি তার আলোচনার জন্য স্থির হয় তাহলে সে দিনটে শুধু ঐ বিষয়ের উপর ডিসকাস করতেই লেগে যাবে। সেই জন্য আপনার কাছে অনুরোধ একটা দিন এই বিষয়ের জন্য দিন, আর একটা দিন বাজেট আলোচনার জন্য আমরা চাই।

Mr. Speaker: On such other time.

[4-40—4-50 p.m.]

Dr. Hirendra Kumar Chattopadhyay:
স্যার, আমি এটুকু শুধু বলবো যে, মুখ্যমন্ত্রী মহাশয় বললেন হাওড়ায় দু'টো দল আছে, আই-জি, পি যে স্টেটমেন্ট দিয়েছে তাতে বলেছেন ৬টি গ্যাংগ আছে। দ্বিতীয়তঃ হচ্ছে এই যে, ইনফ্লুয়েন্সিয়াল পারসন্স সেটা প্লুরাল নাম্বার—উনি শুধু একজনের কথা বলেছেন, প্লুরাল নাম্বার এটা—আমরা জানতে চাই কারা?

Sj. Subodh Banerjee: Sir, I want to know something.

Mr. Speaker: Kindly see me in my chamber.

Sj. Subodh Banerjee: Not from you, Sir. Had it been the case with you, I would have gone to your chamber.

Mr. Speaker: Order, order. Clause 3 of the Bill will now be taken up. Mr. Sasabindu Bera may now speak.

Dr. Hirendra Kumar Chattopadhyay: Sir, he has used singular number—one case; the Inspector-General has said in plural number.

Sj. Subodh Banerjee:
আপনার সঙ্গে ব্যাপার হ'ল একবার কেন ২০ বার যেতে পারি। চীফ মিনিস্টার একটা স্টেটমেন্ট পড়েছেন—আমরা আলোচনা করব।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
আমি আর কিছু বলব না—

[Noise.]

Sj. Subodh Banerjee:
আমার শুধু বক্তব্য ডাঃ রায় একটা স্টেটমেন্ট দিয়েছেন, এটাই কি আপনার রুলিং হচ্ছে যে, আমরা আলোচনা করতে পারব?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
কেন ওয়েস্ট করছেন সময়, বাজেট এস্টিমেট আলোচনা করার সময় এটা আলোচনা করতে পারবেন।

Sj. Subodh Banerjee:
এটা রিজনেবলই হোক আর আনরিজনেবলই হোক, কিছু মেম্বারের মধ্যে এই ফিলিং রয়েছে, সেজন্য কতকগুলি ফ্যাক্ট জানার দরকার আছে। ইজ ইট এ ফ্যাক্ট যে, চীফ মিনিস্টার তারা আই-জিকে জিজ্ঞাসা করছেন ডেফিনিটলি কাগজের রিপোর্টারদের কাছে দু'জন এম এল এ-র

নাম করেছেন কিনা? ডাঃ রায়কে রিকোয়েস্ট করছি তিনি এত কথা জিজ্ঞাসা করেছেন তার আই-জিকে কিন্তু তিনি কি ক্যাটিগরিক্যালি জিজ্ঞাসা করেছেন
whether that gentleman named two M.L.As.
আপনি যদি নাও বলেন—আমি বলছি যে তারা
Of course not belonging to our side, that much I can say.

Mr: Speaker: I have asked you to speak, Mr. Bera

COVERNMENT BILL.

The Calcutta Slum Clearance Bill, 1957, as reported by the Joint Committee.

Clause 3.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 3(1), line 1 after the word and comma "structure," the words "which has no masonry floor and yard" be inserted.

Sir, I also beg to move that in clause 3(1), lines 4 and 5 the words and comma "cemented brickwork," be inserted.

Sir, I also beg to move that in clause 3(1), line 6 after the word "materials" the comma and words ",but includes any building the walls of which are constructed of plain or corrugated iron sheets" be inserted.

মাননীয় স্পীকার মহাশয়, আমার রুজ (৩)তে ৩২, ৩৫ এবং ৩৬ এই তিনটি এ্যামেন্ডমেন্ট আছে, এই তিনটি এ্যামেন্ডমেন্ট দ্বারা রুজ (৩)তে হাটএর যে ডেফিনিসন দেওয়া হয়েছে সেটা সংশোধন করতে চাচ্ছি। এই হাটের ডেফিনিসন করবার সময় সতর্কতা অবলম্বন করা দরকার বলে মনে করি। কলকাতার বাড়ির মধ্যে যেসমস্ত বাড়িগুলিকে অপসারণ করা প্রয়োজন সেদিকে দৃষ্টি রেখে এই হাটের ডেফিনিসন রচনা করা দরকার। এখানে হাটের ইন্ডাইরেক্ট ডেফিনিসন দেওয়া হয়েছে। হাটের সম্বন্ধে বলা হয়েছে সাবস্ট্যান্সিয়াল পার্ট যদি ম্যাসনরি, রিইনফোর্সড কংক্রীট, ফেরো কংক্রীট ইত্যাদি দ্বারা তৈরি না হয় তাহলেই হবে হাট। অস্বাস্থ্যকরতার দিক থেকে, অপরিচ্ছন্নতার দিক থেকে যে গৃহগুলি অপসারণ করা প্রয়োজন বলে মনে হয় সেগুলিকে হাট নয় যাদের বলা হয়েছে তাদের সংজ্ঞার আওতা থেকে বাদ দেওয়া প্রয়োজন। অর্থাৎ হাটের ডেফিনিসন বলতে সেই বাড়িগুলির মেজ পাকা হওয়া, দেওয়াল পাকা হওয়া প্রয়োজন; পাকা বলতে যেসমস্ত মেটিরিয়ালসএর উল্লেখ এখানে করা হয়েছে সেসব দিয়ে তৈরি বোঝাচ্ছে।

কিন্তু এখানে যে ডেফিনিসন দেওয়া হচ্ছে সেই ডেফিনিসনের দিকে যদি দৃষ্টিপাত করেন তাহলে দেখবেন যে, হাট না হওয়ার মূল শর্ত বলতে আমরা মোটামুটি যা বুঝি যে, পাকা দেওয়াল এবং মেঝে ইত্যাদি হওয়া উচিত সেই শর্ত পূরণ করে নি এই ডেফিনিসনটা। কলকাতা শহরে এমন অনেক বাড়ি আছে যার দেওয়ালগুলি করোগেটেড সীটের দ্বারা তৈরি এবং মেজে পাকা নয়। বস্তি এলাকায় এরকম বাড়ির অভাব নেই এটা আমার জানা আছে। এখন এরকম একটা বাড়ি যার মেজে পাকা নয় এবং টীন দিয়ে তৈরি যার দেওয়ালগুলি—এই ডেফিনিসনটা যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন যে, সেই বাড়ি এই ডেফিনিসন অনুযায়ী হাটের পর্যায়ে পড়বে না, কারণ তার সাবস্ট্যান্সিয়াল পার্ট আয়রন দিয়ে তৈরি। অবশ্য সিলেক্ট কমিটিতে আসবার পূর্বে হাটের যে ডেফিনিসন ছিল তাতে এই অংশটুকুও ছিল
but includes any building constructed of plain or corrugated iron sheets
কিন্তু এটুকু যথেষ্ট নয় বলে আমি মনে করি। কারণ একটা বিল্ডিংএর উপরের ছাদে যদি টীন ব্যবহার করা হয় তাহলে সেটাই বাড়িটাকে হাটের পর্যায়ে ফেলবার যথেষ্ট কারণ না হতে পারে বলে আমি মনে করি। অন্যদিক বিচারে সেই বাড়ি যদি বসবাসের উপযোগী হয় তাহলে সেটা হাট হবে সেজন্য এই ডেফিনিসনের সঙ্গে আমি সংযুক্ত করতে চেয়েছি যে, হাট মিন্স এনি স্ট্রাকচার এর পরে সংযুক্ত করতে চাচ্ছি হুইচ হ্যাজ নো ম্যাসনরি ফ্লোর এ্যান্ড ইয়ার্ড।

তারপর আমার ৩৬ নম্বর সংশোধনী প্রস্তাবে আমি খানিকটা অংশ সংযোজিত করতে চাচ্ছি, সেটা হচ্ছে

but includes any building the walls of which are constructed of plain or corrugated iron sheets

এটুকু সংযোজিত করা অত্যন্ত প্রয়োজন বলে আমি মনে করি তা না হ'লে হাটের ডেফিনিসনটা সম্পূর্ণ হবে না।

এরপর আমি আমার ৩৫ নম্বর এ্যামেন্ডমেন্ট সম্বন্ধে একটুখানি বলতে চাই যে, যেসমস্ত মেটিরিয়ালস দিয়ে বাড়ি তৈরি হ'লে পর সেটা হাটের পর্যায়ে পড়বে না সেই সমস্ত মেটিরিয়ালসের ক্ষেত্রে উল্লেখ আছে ম্যাসনরি রিইনফোর্সড কংক্রীট, ফেরো কংক্রীট, সিমেন্টেড ব্রীক ওয়ার্ক—আমি এখানে সিমেন্টেড ব্রীক ওয়ার্ক কথাটা বাদ দিতে চেয়েছি এইজন্যে যে ম্যাসনরির মধ্যে সিমেন্টেড ব্রীক ওয়ার্ক পড়ে। ওয়েবস্টারের ডিকসনারীতে ম্যাসনরির ডেফিনিসন যা আছে, তাতে এই দেওয়া আছে যে,

anything constructed of the materials as stone, brick, or tiles used by masons

ম্যাসনরির অর্থ সম্বন্ধে অনেকের মনে হয়ত প্রশ্ন থাকতে পারে কিন্তু ম্যাসনরির প্রকৃত অভিধানগত অর্থ হচ্ছে

anything constructed of the materials as stone, brick, or tiles used by masons

সেখানে যদি ম্যাসনরির ডেফিনিসন এই হয় তাহলে আবার সিমেন্টেড ব্রীক ওয়ার্ক এ কথাটা থাকা রিডানডান্ট এটা থাকবার কোন প্রয়োজন নেই বরং এটা থাকলে এর অর্থটাকে আরও জটিল করে তোলে। আমি আশা করি মন্ত্রী মহাশয় হাটের যে সংজ্ঞা দেওয়া হয়েছে সেটাকে ভাল করে বিচার বিশ্লেষণ করে দেখবেন এবং আমি যে সংশোধনী প্রস্তাবগুলি দিয়েছি সেগুলিকেও একটু ভাল করে বিচার করে দেখবেন এই আমার বক্তব্য।

[4-50—5 p.m.]

Sj. Basanta Kumar Panda: Sir, I beg to move that in clause 3(1), line 2, after the word "excluding" the words "the floor and" be inserted.

I also move that in clause 3(5), line 1, after the word "containing" the words "a hut or" be inserted.

I move that in clause 3(5), lines 2 and 3, the words "used or intended to be used for human habitation" be omitted.

I also move that in clause 3(6), line 1, after the words "any area" the words "where the major portion of the lands are slums and" be inserted.

Sir, I am not satisfied with the definition of the word "hut". The working of this Act will depend upon the correct definition of the words 'hut' and 'slum'. The definition of hut which appears in clause 3 is taken from section 568 of the Calcutta Municipal Act of 1951 with a little addition because the definition of hut appearing there means any building no substantial part of which excluding the walls up to a height of 18 inches above the floor or floor level, is constructed of masonry, reinforced concrete, ferro-concrete etc. You have only added 'or any combination of these materials', as if in 1951 when that Act was passed these huts were not prepared by the combination of these materials. Again in this Act there is no definition of the word structure. We have to depend upon the dictionary meaning of it. The definition of hut in the Calcutta Municipal Act of 1951 was dependant upon the word 'building' which included house, out-house, stable, privy, urinal, everything. So what is meant ..... by structure is not clearly given. To that extent the definition is defective. There is another defect. You have said 'no substantial part of which excluding the walls up to a height of 18 inches..... etc.' If the floor is not made of that thing it shall not come within the definition of 'hut'. So it should have been more precise.

With regard to my next amendment clause 3(5), the definition of slum in the original definition was 'slum' means any land containing collection of huts. Now a hut may cover a wide area occupying several cottahs of land; whether that will be a hut I think the law shall not be applicable there. Therefore, I have made an addition. Slum means any land containing a hut or a collection of huts. You simply said a land containing a collection of huts. So in the case of a land whatever its area may be if there is one hut, you cannot touch it and this Act shall not be applicable there. I think the suggestion I have made will serve the best purpose I have also proposed in another amendment for the deletion of the last few words used or intended to be used for habitation. I shall retain this portion—slum means any land containing a hut or collection of huts or other structure. Just put a full-stop there. There are the words' used or intended to be used for human habitation'. The word 'intended' is very vague. Suppose there is a hut. It cannot be proved definitely for which purpose it is intended. The purpose contained in the provisions of an Act makes the Act generally nugatory, because if you cannot substantiate for what purpose a particular hut was intended, then seldom that can be called a slum area. If that is not slum the law shall not be applicable. Therefore, by deleting this portion you shall make this Act more effective

Then with regard to sub-section (6) I have proposed an amendment Slum area means any area declared as such by the State Government under section 4. This is a very wide power given in the hands of the State Government and this power is unrestricted. If the State Government in its wisdom or whims declares that this is a slum area, it will at once become a slum area Therefore, I have proposed to add a rider to it to give some indications as to the land which may be declared by the State Government as the slum area Therefore, I have tried to add these things. Slum area means any area where the major portions of the lands are slums declared by the State Government under section 4. So if this rider is there, then the Government shall have some consideration before declaring any area to be a slum area The consideration is that the major portion of the land will be slum If the major portion of the land is not slum, then it shall not be called slum area and if the Government or the officials appointed for the purpose apply this Act or violate these things, then it will be at once solved by a proper writ or other remedy which is available to the persons who are interested there. Therefore, I have stated where the major portions of the lands are slums and declared as such by the State Government. These are all important amendments with regard to Clause 3.

[5—5-10 p.m.]

Sj. Haran Chandra Mondal:

মাননীয় স্পীকার মহোদয়, এই (৫৫) নম্বর এ্যামেন্ডমেন্টের উপর আমার বক্তব্য রাখতে চাই। এই বিলের সাধারণ আলোচনায় বিরোধী পক্ষ থেকে বরাবর বলা হয়েছে বস্তির অপসারণ নয়, বস্তি উন্নয়নই হচ্ছে বস্তিসমস্যা সমাধানের একমাত্র পন্থা। এবং সেই উন্নয়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ভার আমরা সরকারের উপর ছেড়ে দিতে ভরসা পাচ্ছি না। কারণ আমরা দেশ শাসনের বিভিন্ন কার্যক্রমে দেখছি সরকার আমাদের সামনে সুন্দর শিব গড়ার পরিকল্পনা হাজির করেছেন। কিন্তু বাস্তবে যখন সেই পরিকল্পনাগুলি কার্যকরী না হয়, তখন দেখা যায় যে, শিবের বদলে বাঁদর তৈরি হয়েছে। তাই আলোচ্য বিল আইনে পরিণত হ'লে, সেই আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ভার সরকারের উপর ছেড়ে দেওয়া উচিত হবে বলে আমি আদৌ মনে করি না। সেজন্য এই আইনসভা, আইন পরিষদ ও কলিকাতা কর্পোরেশন, কলিকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এবং সরকারের প্রতিনিধি নিয়ে বস্তি ইমপ্রুভমেন্ট বোর্ড গঠনের যে সংশোধনী প্রস্তাব এই সভার সামনে রাখা হয়েছে তা আমি পুরাপুরি সমর্থন করছি।

আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে বস্তির ভাড়াটেদের বিকল্প বাসস্থানের ভাড়া সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় অবশ্য সস্তা ভাড়ার মৌখিক প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু সরকারী প্রতিশ্রুতির মূল্য কি, তা আমরা হাড়ে হাড়ে জানি। মন্ত্রী মহাশয়দের শুকনো কথায় তো আর ভাড়াটেদের চিড়ে ভিজবে না। সত্যই যদি সস্তা ভাড়ায় বিকল্প বাসস্থান দেবার আন্তরিকতা সরকারের থেকে থাকে, তাহলে স্ট্যান্ডার্ড রেন্টের যে সংজ্ঞা সংশোধনী প্রস্তাব হিসাবে রাখা হয়েছে, আমি সরকারকে সেই প্রস্তাব মেনে নিতে অনুরোধ করছি।

স্ট্যান্ডার্ড প্ল্যান সম্পর্কে আমার তৃতীয় বক্তব্য হচ্ছে, স্ট্যান্ডার্ড প্ল্যানের সংজ্ঞা দিয়ে যে সংশোধনী প্রস্তাব এই সভার সামনে রাখা হয়েছে, তার সমর্থনে আমি আগেই বলেছি আমরা বস্তির উন্নয়ন চাই এবং তার জন্যে, ঠিকা প্রজাদের বস্তি বাড়ি গঠনের জন্য এই স্ট্যান্ডার্ড প্ল্যান ও প্রয়োজনীয় ক্ষেত্রে উপযুক্ত পরিমাণ ঋণ দানের ব্যবস্থা থাকা দরকার। এই ব্যবস্থা না থাকলে বহু উদ্বাস্তু ও নিম্ন মধ্যবিত্ত পরিবার, যারা নিজেদের চেষ্টায় বস্তিতে নিজেদের মাথা গোঁজবার ঠাঁই করে নিয়েছেন, তারা উৎখাত হবেন। ফলে তারা আবার এক নূতন ধরনের উদ্বাস্তুতে পরিণত হবে। আলোচ্য বিলে পুনর্বাসনের কথা রাখা হ'লেও উদ্বাস্তু পুনর্বাসনের নমুনা আমরা যা দেখছি, তারপরে আর কোন সাধারণ জ্ঞানসম্পন্ন লোকের এই সরকারী পুনর্বাসনের আশ্বাসের উপর আস্থা রাখা সম্ভব নয়। তাই আমি স্ট্যান্ডার্ড প্ল্যানের সংজ্ঞা দিয়ে যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তার প্রতি পূর্ণ সমর্থন জানাচ্ছি।

[At this stage the House was adjourned for 15 minutes]

[*After adjournment*]

[5-10—5-20 p.m.]

Sj. Haridas Mitra: Sir, I beg to move that in clause 3(4), lines 1 and 2, for the words "any person authorised by the State Government" the words "An Autonomous Board comprising of the representatives of the Legislatures, Calcutta Improvement Trust and the State Government" be substituted

মিঃ স্পীকার, স্যার, এখানে আমার বক্তব্য হচ্ছে যে, যদি শুধু গভর্নমেন্টের উপর ভার থাকে তাহলে বর্তমান সরকারের যেসকল দুর্নীতি রয়েছে সেই দুর্নীতিও বর্তমান ইমপ্রুভমেন্টএর সময় বা বস্তি সংস্কার অথবা বস্তিকে যখন সরান হবে, সেই সময় সেগুলি আসবে, এবং কন্সিডারেশন এ সম্বন্ধে যতটা হওয়া উচিত তা হবে বলে আমাদের মনে হয় না। এটাও একটা অটোনমাস বডির উপর থাক। ক্যালকাটা কর্পোরেশন, যাদের এলাকার মধ্যে এই বস্তি প্রথম পরিষ্কার করার কথা হচ্ছে, এবং যে কলকাতা কর্পোরেশনের রেজলিউশন হয়েছে এই বস্তি সংস্কার সম্বন্ধে, তাদের মতামত আমরা প্রথমে পাবো।

দ্বিতীয় কথা ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট যারা গত সাত, আট বছর ধরে এই বস্তি পরিষ্কারের কাজ করছেন, তাদের একটা এক্সপিরিয়েন্স আমাদের সঙ্গে থাকবে। তারপরে এই বিধান সভার ভিতর থেকে, স্টেট লেজিসলেচার থেকে আমরা মেম্বার নেবার কথা বলেছি, তাতে বিরোধী পক্ষের সদস্যরা থাকবেন এবং ট্রেজারী বেঞ্চএর সদস্যরাও থাকবেন। তার ফলে এই যে একটা বোর্ড, যার মাধ্যমে সমস্ত জিনিসটা এসে ভবিষ্যতে বস্তি অপসারণ কিভাবে করা যেতে পারে, যেটা অপসারণের অত্যন্ত প্রয়োজন এবং কিভাবে উন্নয়ন করা যেতে পারে, সংস্কার করা যেতে পারে, এ সম্বন্ধে বিচার-বিবেচনা একটা বোর্ড মারফত হ'লে সেই বিচারটা আরও সুষ্ঠুভাবে হ'তে পারে। কিন্তু শুধু যদি সরকারের তরফ থেকে হয় এবং সরকার যদি এটার হর্তাকর্তা হয়ে পড়েন তাহলে এর ভিতর যেসমস্ত দোষত্রুটি এবং অনাচার আসতে পারে, সেগুলি বাধা দেবার, রুকবার কোন ব্যবস্থা থাকবে না।

স্টেট লেজিসলেচারএর মেম্বাররা যদি এর মধ্যে থাকেন, বিরোধী দলও থাকেন, সরকারী দলও থাকেন, তাহলে সরকারী এবং বিরোধী উভয় পক্ষে যারা সদস্য আছেন, তারা পরিষ্কারভাবে তদন্ত করতে পারেন এবং এই অপসারণ অথবা সংস্কার যখন প্রয়োজন, এখন যাতে সুষ্ঠুভাবে হয়, সেই ব্যবস্থার দিকে তারা নজর রাখতে পারবেন। এইজন্য আমি একটা অটোনমাস বোর্ডের

কথা বিশেষ করে বলেছি। আমার এই সংশোধনী প্রস্তাব গ্রহণ করবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করি। এটা করলে কার্যকরী জিনিস হবে এবং এর ভিতর দুর্নীতি আসবার সুযোগ খুব কম থাকবে; যা বর্তমান সরকারের দুর্নীতি প্রতিটি রন্ধ্রে রন্ধ্রে এসে হাজির হয়েছে।

Dr. Pabitra Mohan Roy: Sir, I beg to move that in clause 3(4), lines 1 to 4, for the words beginning with "any person authorised" and ending with "under this Act", the words "an Autonomous Board comprising of two representatives each of the State Government, State Legislative Assembly, Calcutta Improvement Trust and Corporation of Calcutta", be substituted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ঐ (৩) নম্বর ক্লজের (৪) নং উপধারা সম্বন্ধে বলছি। প্রেসক্রাইবড অথরিটির যে ডেফিনিসন সরকার দিয়েছেন সেখানে তার পরিবর্তে,

State Government Legislative Assembly

থেকে এবং কলকাতা কর্পোরেশন থেকে ও কলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট থেকে, এর প্রত্যেকটি থেকে দু'জন করে রিপ্রেজেন্টেটিভ নিয়ে, প্রতিনিধি নিয়ে, আমি বলছি যে, একটা অটোনমাস বোর্ড করা হোক। এই ৮ জনে যে অটোনমাস বডি হবে, এরা আমার মনে হয় সেই কাজ করতে পারবেন সরকার নিজে যেটা করতে যাচ্ছেন।

Any person authorised by the State Government,

বলে যে ডেফিনিসন দিয়েছেন। অর্থাৎ যাদের দিয়ে কাজ সরকার করাতে যাচ্ছেন, তাঁরা কাদের প্রতিনিধি হবেন আমরা বুঝতে পারছি না বলে, আমি মনে করি এই বিধান পরিষদ এবং বিধান সভার সদস্যদের অধিকার রয়ে গিয়েছে তাদের সেখানে প্রতিনিধি থাকার।

কলকাতা কর্পোরেশনের এলাকার মধ্যে তাদের অধিকার রয়ে গিয়েছে বলে, তাদের প্রতিনিধি থাকার এবং ইমপ্রুভমেন্ট ট্রাস্ট কাজ করছেন বলে তারও অধিকার থাকা উচিত এবং সরকার এইগুলি চালনা করবেন বলে সরকারেরও দুইজন প্রতিনিধি থাক। কিন্তু যদি তা না হয়, তাহলে আমরা বিশ্বাস করি যে সরকার কিছুতেই এটাকে সুষ্ঠুভাবে করতে পারবেন না, এবং সেখানে নানা রকম ঘুষ দুর্নীতি ইত্যাদি আরও বেশি বেড়ে যাবে। সেইজন্য আমার সংশোধনী প্রস্তাব মাননীয় মন্ত্রী মহাশয়কে রাখতে বলছি।

Sj. Subodh Banerjee: Sir, I did not want to move my amendment but since the Minister says that he is going to accept my amendment, I move it.

I move that in clause 3(4), line 1, for the word "authorised" the word "appointed" be substituted.

Sj. Panchanan Bhattacharjee: Sir, I beg to move that in clause 3(5), line 1, for the word "means" the word "mean" be substituted.

I move that in clause 3(5), line 1, the word "any" be omitted.

I move that in clause 3(5), line 1, for the word "land" the word "lands" be substituted.

I move that in clause 3(5), line 1, the words "a collection of" be omitted.

Sir, the purpose of the amendments tabled by me is to make the purview of the relevant clause much more elastic and they are to be taken together, but unfortunately there is a printer's devil. So I am reading out the suggested amendment in the resultant form: "'slums' mean lands containing huts or other structures used or intended to be used for human habitation." I can say from personal knowledge that there are hundreds of huts in Calcutta each of which stretches over a bigha of land or more than that, and in many cases the owner of the hut is the owner of the land. In order to bring such huts under the purview of this Act it should be much more elastic. That is why I suggest these amendments.

[5-20—5-30 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty: I beg to move that in clause 3(1), lines 1 to 6 for the words beginning with "no substantial" and ending with "materials" the words "the floor of which is not constructed of cemented work and does not stand at a height of 2 feet from the ground and the walls of which are not constructed of masonry, reinforced concrete, ferro-concrete, cemented brick work, steel, iron or other metal or any combination of these materials and do not stand at a height of 10 feet from the floor level" be substituted.

I move that in clause 3(5), line 2, the words "or other structures" be omitted.

I move that in clause 3(6) the following sub-clause be added, namely,—

"(7) the Board means the Bustee Improvement Board which shall be a statutory body of 25 members to be constituted in the following manner—

(a) eleven members to represent the Legislative Assembly and two members to represent the Legislative Council to be elected on the basis of proportional representation;

(b) eight members to represent the Councillors of Calcutta Corporation to be elected on the basis of proportional representation;

(c) two members nominated by the Calcutta Improvement Trust; and

(d) two members nominated by the West Bengal Government.

(8) 'Standard Plan' means the specification to be provided by the State Government under this Act for the improvement, development or remodelling of the existing huts as well as for the improvements in ventilation conservancy, sanitation, water-supply, road laying and such other arrangements in any slum area.

(9) 'Standard Rent' means the average rent per living room as ascertained by the Statistical Survey of Calcutta Bustees in 1956 by the State Statistical Bureau, Government of West Bengal, plus ten percentum of the said average rent."

Sj. Pramatha Nath Dhibar: Sir, I beg to move that in clause 3(4), line 1, for the words "any persons" the words "statutory slum improvement Board consisting of representatives of State Legislature, State Government, Calcutta Corporation, Improvement Trust and Slum representative" be substituted.

[5-30—5-40 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty:

স্যার, এই ৩নং ক্লজএ আমার অনেকগুলি এ্যামেন্ডমেন্ট আছে ৩৩, ৩৭, ৪৬, ৫৫ এবং ৩টা নূতন ক্লজ এই সঙ্গে যোগ করে দেবার জন্য বলেছি। আমি সবগুলির উপর আমার যা বক্তব্য সেটা আপনার সামনে উপস্থিত করছি। প্রথমে আমি ৩নং সেকশন, ক্লজ আই-এ হাট-এর যে ডেফিনিসন রয়েছে সে সম্বন্ধে আমি এই সংশোধনী প্রস্তাব দিয়েছি এবং এটার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলের মধ্যে যে ডেফিনিসন রয়েছে হাট-এর, এটা হুবহু ক্যালকাটা মিউনিসিপাল এাক্ট থেকে তুলে দেওয়া হয়েছে এবং, স্যার, আপনি জানেন এখন কালকাটা মিউনিসিপাল এাক্ট যেভাবে রয়েছে এবং যার ফলে যারা বস্তির বাড়ির মালিক বা বাড়িওয়ালা, তারা বস্তিগুলির উন্নতি করার জন্য বা সংস্কার করার জন্য যথেষ্ট সুযোগ তারা পান না -ক্যালকাটা মিউনিসিপাল এাক্টএ আইনগত বাধা রয়েছে সেজন্য। এবং সেইজন্যই এই সংশোধনী এনেছি যে এখানে ১৮ ইঞ্চি পর্যন্ত মাত্র ইট দেওয়া দেওয়াল তৈরি করবার অধিকার

দেওয়া আছে, সেই জায়গায় আমি বলেছি যে পাকা মেজ ২ ফুট পর্যন্ত এবং ঐ মেজ থেকে ১০ ফুট পর্যন্ত পাকা দেওয়াল তৈরি করবার জন্য তারা যাতে সুযোগ পায়, এই উন্নয়ন যাতে করতে পারেন তারজন্য আমি এই সংশোধনী প্রস্তাব এনেছি।

এরপর আমার ৩৭নং যে সংশোধনী প্রস্তাব ক্লজ ৩, সাব-ক্লজ ৪, যেখানে প্রেসক্রাইবড অথরিটি তার যে ডেফিনিসন যে

any person authorised by State Government

তার পরিবর্তে আমি সংশোধন করতে চেষ্টা করেছি যে, জুডিসিয়াল অফিসার্স অব পার্মানেন্ট কেডার। এইজন্য করেছি যে এই সরকার যখন কোন অফিসার অর ব্যক্তিকে অথরাইজ করেন তাহলে তখন থেকে যদি জুডিসিয়াল অফিসার, যাদের উপর আপনাদের বিচার বিভাগ আছে, যাদের আমরা মনে করি, তাদের উপর কিছুটা নির্ভর করা যেতে পারে, বিশ্বাস করা যেতে পারে। সেইজন্য আমি এই প্রস্তাব এনেছি। কারণ সরকার এই আইনকে যেভাবে এনেছেন, তা থেকে আমরা বার বার বলেছি, সরকারের উপর আমাদের আস্থা কম; তাদের যে উদ্দেশ্য আছে, সেই উদ্দেশ্য সম্বন্ধে ঘোষণা করা হয়েছে—সে সম্বন্ধে আমাদের মনে সন্দেহ আছে। সেইজন্য আমরা মনে করি যদি অথরাইজড বাই দি স্টেট গভর্নমেন্ট এই কথা থাকে, তাহলে তার ফাঁক দিয়ে কিছু অবিচার ও অন্যায় হতে পারে। সেইজন্য আমি এখানে জুডিসিয়াল অফিসার্স অব পার্মানেন্ট কেডার এই সংশোধনী প্রস্তাব দিয়েছি কারণ যে সীমাবদ্ধ সুযোগ আছে, তার মধ্যে যতটুকু অন্যায়, অবিচারকে বাধা দেওয়া যায়। এর পর ৫৬নং সংশোধনী প্রস্তাব—ক্লজ ৩(৫) এবং সাব-ক্লজ ৫ সেখানে স্লাম বলতে—

any land containing collection of huts or other structures

আমি এই আদার স্ট্রাকচার এটাকে বাদ দিতে বলেছি।

Mr. Speaker: My attention is drawn to the fact that your amendment is out of order because judicial officer of permanent cadre বলে কোন বস্তু পৃথিবীতে নেই।

Sj. Jatindra Chandra Chakravorty:

এখানে আমার এটা বলার উদ্দেশ্য হচ্ছে গভর্নমেন্ট যাকে ইচ্ছা তাকে অথরাইজ করবেন এটা না করে গভর্নমেন্টের প্রতি আমাদের যে অনাস্থা আছে, সন্দেহ আছে সে কথা আমরা বার বার পরিষ্কার ভাষায় বলেছি বিশেষ করে, সেখানে যে উদ্দেশ্য ঘোষণা করা হয়েছে, এই বিল সম্পর্কে, সেই উদ্দেশ্য সম্পর্কে আমাদের মনে সন্দেহ আছে। সেইজন্য যতটুকু পারা যায় ওঁদের নিজেদের অথরাইজড লোক দিয়ে এটা করার সময় যে অবিচার ও অন্যায় হবে, তা যতটা পারা যায় বাধা দিতে চাই এবং সেইজন্যই জুডিসিয়াল অফিসার্স কথাটা রেখেছি অর্থাৎ বিচার বিভাগের উপর সরকারের প্রভাব কম। এটা আমরা মনে করি এই আস্থা আছে বলেই এই জুডিসিয়াল অফিসার কথাটা বলেছি। হয়ত ঠিকভাবে এই সংশোধনী প্রস্তাব দিতে পারি নি যার জন্য এই সংশোধনী গ্রহণযোগ্য হয় সেটা হয়ত বলতে পারি না কিন্তু আমার উদ্দেশ্য আমি আপনার কাছে পেশ করলাম।

৪৬নং সংশোধনী প্রস্তাবে অর্থাৎ স্লামকে আপনারা বলছেন

collection of huts and other structures,

এই জায়গায় আদার স্ট্রাকচারটা বাদ দিতে বলেছি। কারণ এইজন্যই বাদ দিতে বলেছি যে, একটা এলাকায় হয়ত বস্তি আছে, ঘর আছে, সেটা হয়ত মনে করা যেতে পারে যে, ভাঙ্গা উচিত—সেখানেও হয়ত কয়েকটা পাকা বাড়ি আছে সেজন্য সব না ভেঙ্গে, যে পাকা বাড়িগুলি ভাঙ্গা উচিত নয়, সেগুলি এর ভিতর থেকে বাদ দেওয়া উচিত। কারণ যদি এখানে এই আদার স্ট্রাকচার কথাটা রাখা হয়, তাহলে সবই হয়ত ভেঙ্গে দিতে পারেন, এই আশঙ্কা আমাদের আছে।

এরপর ৫৫নং আমার সংশোধনী প্রস্তাব সেটা যদি আপনি দেখেন, তাহলে দেখবেন যে, ৬নং ক্লজএর উপর স্টেট গভর্নমেন্ট যা কিছু ডিক্লেয়ার করবেন স্লাম এরিয়া বলে——

Mr. Speaker:

৬নং সাব-ক্লজ?

Sj. Jatindra Chandra Chakravorty:

৬নং সাব-ক্লজএর দ্বারা গভর্নমেন্ট যে-কোন এলাকাকে স্লাম এরিয়া বলে ডিক্লেয়ার করতে পারবেন। একথা আমরা আগেই বলেছি—গভর্নমেন্টের উপর আস্থা দুর্ভাগ্যবশতঃ আমাদের খুবই কম। সেইজন্য এই বোর্ডের প্রস্তাব যা এর মধ্যে রেখেছেন সেই বোর্ড অত্যন্ত গণতান্ত্রিক রীতিতে, গণতান্ত্রিক পদ্ধতিতে গঠিত হবে। এজন্য প্রোপরসনাল রিপ্রেজেন্টেশনের কথা মন্ত্রী মহাশয় থেকে আরম্ভ করে অর্থাৎ যিনি এই বিল এনেছেন তাঁর থেকে মুখ্যমন্ত্রী পর্যন্ত সকলেই মুখে এই কথা বলেন। দুর্ভাগ্যবশতঃ এই বিলের আলোচনা আরম্ভ হওয়ার আগে এটা গণতান্ত্রিক যে কতখানি তা বুঝতে পারছি, কেন না তাঁরা প্রেসকে গ্যাগ করার চেষ্টা করছেন। যতটুকু ফ্রিডম অব দি প্রেস ছিল সেটাকে গ্যাগ করার জন্য তিনি আজ এই নির্দেশ দিয়েছেন যে, তাঁর সেক্রেটারীর ডিপার্টমেন্টের কাছ থেকে রিপোর্টারেরা গিয়ে কোন তথ্য পাবে না। আমরা মনে করি এটায় ফ্রিডম অব দি প্রেসকে নষ্ট করা হবে।

Mr. Speaker: There is a little omission about the remuneration to the 11 members of the Assembly.

ঐযে ২৫ জন মেম্বর, তার মধ্যে এসেম্বলীর ১১ জন মেম্বর, তাঁদের রেমুনারেশন কি হবে, সেটা বলতে ভুলে গেছেন।

Sj. Jatindra Chandra Chakravorty:

তার পরে আমি স্ট্যান্ডার্ড প্ল্যান সম্বন্ধে সংশোধনী দিয়েছি এবং স্ট্যান্ডার্ড রেন্টস সম্বন্ধেও বলেছি। আপনি স্যার, জানেন যে, সার্ভে অব ক্যালকাটা বস্তি ইন নাইনটিন-ফিফটি—যেটা স্টেট স্ট্যাটিসটিক্যাল বুরো করেছিলেন সেখানে দু' রকমের স্ট্রাকচারএর কথা আছে। পাকা স্ট্রাকচার আর কাঁচা স্ট্রাকচার পার হান্ড্রেড স্কোয়ার ফুট অব লিভিং রুম যদি কাঁচা স্ট্রাকচার হয়, তাতে ভাড়া দিত ৮ ৯২ টাকা—একে সেখানে রেন্ট বলে বলা হয় আর পাকা স্ট্রাকচারএর বেলা ৯·৯৭ টাকা রেন্ট তাহলে ১০ টাকার কাছাকাছি হয়। যদিও সেদিন কংগ্রেস দলের নেপাল রায় মহাশয় খুব জোর গলায় বোঝাবার চেষ্টা করেছিলেন যে,, ১৫-১৬ টাকা পর্যন্ত রেন্ট আছে। কিন্তু স্টেট স্ট্যাটিসটিক্যাল বুরোর সম্প্রতি যে তথ্য তাতে ২-১টা জায়গায় বেশি ভাড়া আছে কিন্তু সাধারণভাবে দেখা গিয়াছে যে, ১০ টাকার কাছাকাছি রেন্ট আছে, যদিও সরকারের যে তথ্য সে তথ্য আমরা স্বীকার করি না। তার সম্বন্ধেও আমাদের সন্দেহ আছে। কিন্তু যদিই আমরা স্বীকার করে নিই তর্কের খাতিরে যে, সরকারী তথ্য নির্ভুল, তাহলে আমরা দেখতে পাব যে, কাঁচা স্ট্রাকচারএর ৮·৯২ এবং পাকা স্ট্রাকচারএর ৯·৯৭ অর্থাৎ ৮৷৷ টাকা থেকে ১০ টাকার মধ্যে রেন্ট আছে। সুতরাং স্ট্যান্ডার্ড রেন্ট যদি করতে হয় তার কাছাকাছিই রাখতে হয়। সেইজন্য আমি সংশোধনী প্রস্তাবে দিয়েছি যে, তার উপরে মাত্র ১০ পার্সেন্ট হবে এ্যাভারেজ রেন্ট, তার বেশি চাপান যেতে পারে না। তার মানে ১১ টাকার বেশি স্ট্যান্ডার্ড রেন্ট যেন না হয়। তারপর আরও ৩টা ক্লজ এর সাথে যোগ করতে বলেছি।

Mr. Speaker:

নিউ ক্লজ এখন নয়।

Sj. Somnath Lahiri: Sir, I beg to move that after clause 3(6), the following new clause be inserted, namely:—

"(7) The Board means the Slum Improvement Board which will be a Statutory Body of 21 members to be constituted by the Government in the following manner:—

(a) 11 Members to be representatives of the Legislative Assembly and 2 of the Legislative Council to be elected according to the principle of proportional representation,

(b) 2 members to represent the Calcutta Improvement Trust,

(c) 2 members to represent the Calcutta Corporation, and

(d) 4 members to be nominated by the West Bengal Government.

[5-40—5-50 p.m.]

আমার অ্যামেন্ডমেন্ট ৪৯-৫৩নং। এটা হচ্ছে যে একটা স্ট্যাটুটরি বোর্ড করা হউক। স্লাম ইমপ্রুভমেন্টএর সম্বন্ধে গাইডিং ডাইরেকশনস দেবেন। অ্যাসেম্বলি এবং কাউন্সিল থেকে ১১ জন আর ২ জন মেম্বার নির্বাচিত হবেন, ইমপ্রুভমেন্ট ট্রাস্টএর এবং কর্পোরেশন থেকে ২ জন ক'রে এবং ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টএর ৪ জন—এই নিয়ে একটা বোর্ড করা হউক, একটা স্ট্যাটুটরি বোর্ড। গভর্নমেন্ট একটা হাউসিং বোর্ড অ্যাপয়েন্ট করেছেন। বস্তি ভেঙ্গে বাড়ি হ'লে তার ভাড়া কি হবে সে সম্বন্ধে বা বাসস্থান কি ধরনের হবে, কোন্ বস্তি ভাঙ্গা হবে না হবে, সেসব সম্বন্ধে এই আইনের মধ্যে কোন ধারা নেই। বলা হচ্ছে, রুলস তৈরি হ'লে তখন করা হবে। কাজেই সমস্ত জিনিস অনির্দিষ্ট। [illegible] সবচেয়ে বড় দরকার যেটা সেটা তুলে রাখছেন কিন্তু বোর্ড তুলে রাখছেন না, অর্থাৎ ঘোড়া পাওয়ার আগেই চাবুক ঠিক করে রাখছেন। অর্থাৎ হাউসিং বোর্ডএর স্কীম, এটা অলরেডি ঠিক। সে সম্বন্ধে এখানে অ্যানাউন্স করলেন না। পাছে আমরা এখানে অ্যানাউন্স করলে অ্যামেন্ডমেন্ট রাখি সেইজন্য আগে থাকতেই বোর্ড গঠন করছেন। এর কাজ হবে (২৩এ ফেব্রুয়ারির খবরের কাগজে দেখলাম) ভাল বাসস্থানের ব্যবস্থা, এবং বিলে যে উদ্দেশ্য এনভিসেজ করেছেন, সেই উদ্দেশ্য পরিপূর্ণ করবার জন্য এই বডি তাঁরা আগে থাকতেই তৈরি করে রাখছেন। এই যে সেভেন মেম্বার্স বডি, সেই বডিটা হবে মুখ্যমন্ত্রী এবং অন্য মন্ত্রীদের ইয়েসম্যান নিয়ে গঠিত। এর নামগুলি একটু প'ড়ে যাই, তা হ'লে বুঝবেন।

চেয়ারম্যান শ্রীশৈলকুমার মুখার্জি, তিনি মাসিক ১,০০০ টাকা ভাতা পাবেন। এ সম্বন্ধে সেদিন এই কথা জ্যোতিবাবু ওঠাতে বিধানবাবু বলেছিলেন শৈলবাবুকে করেছি বটে, কিন্তু তিনি মাহিনা পাবেন না। দেখা যাচ্ছে মাহিনা না পেলেও ভাতা পাবেন এবং ভাতার পরিমাণ ১,০০০ টাকা। গভর্নমেন্ট বস্তি উচ্ছেদ ক'রে দিয়ে এ সম্বন্ধে কার্য নির্ধারণের ভার কি রকম লোকের উপর দিলেন দেখুন। যে ভদ্রলোক এখানে স্পীকারের আসন অলংকৃত করার পরও তাঁর কনস্টিটিউয়েন্সির ইলেকটরসএর দ্বারা রিজেকটেড হয়েছিলেন গত ইলেকশনএ, সেই রকম ভদ্রলোক আমাদের গভর্নমেন্টএর আস্থাভাজন এবং তাঁকে দিয়ে বস্তিবাসীর ভাগ্য অনেকখানি নির্ধারিত হবে। নিজের কনস্টিটিউয়েন্সি থেকে রিজেকটেড হয়েও তিনি এক হাজার টাকা ভাতা নিয়ে গরিব লোকদের মাতব্বরী করবেন এ ক্ষমতা সরকার দিচ্ছেন। আর বাকি যাঁরা তাঁরাও ঐ গভর্নমেন্টএর হাতের লোক হবেন। (১) হচ্ছেন শ্রীঅক্ষয়কুমার বসু, ডিরেক্টর, কনস্ট্রাকশন বোর্ড; (২) শ্রীশচীন বন্দ্যোপাধ্যায়, কনস্ট্রাকশন বোর্ড, (৩) শ্রীসুবোধ বোস, কলিকাতা কর্পোরেশনএর অবসরপ্রাপ্ত ইঞ্জিনিয়ার, (৪) শ্রীকরুণাময় রায়, যাদবপুর কলেজের অধ্যাপক; (৫) শ্রীবিশ্বনাথ বসাক; (৬) খড়্গপুর ইনস্টিটিউট অব টেকনোলজির অধ্যাপক শ্রীনরেশচন্দ্র বসু।

শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজের অধ্যাপক অর্থাৎ সবাই প্রায় বিধানবাবুর অধীনস্থ চাকুরে, যাঁদের চাকরি অনেকখানি বিধানবাবুর খেয়ালখুশির উপর নির্ভর করে। এই ধরনের সম্পূর্ণ ইয়েসম্যান দিয়ে গঠিত বোর্ড ৬ লক্ষ বস্তিবাসীর বস্তি থাকবে কি না, সেই ভাগ্য তাদের নির্ধারণ করবেন, অথচ আমরা যদি সংশোধন আনি যে আপনারা একটা স্ট্যাটুটরি বোর্ড গঠন করুন যাতে অন্ততপক্ষে বস্তিবাসীদের প্রতিনিধিরা কিছু পরিমাণে সেখানে থাকতে পারে এবং বর্তমান কাউন্সিল ও অ্যাসেম্বলির ইলেকশন মারফত কয়েকজন থাকবেন তা হ'লে সরকারের প্রবল আপত্তি হবে। এটা খুব আশংকাজনক। প্রথম থেকে বিধানবাবু বক্তৃতা দিয়েছেন যে আশংকা করবার কিছু নেই। যখন বস্তি ভাঙ্গা হবে তখন আমরা পরামর্শ করব। কার সঙ্গে পরামর্শ করবেন? বললেন যে কর্পোরেশনএর বরো কাউন্সিলরদের সঙ্গে কনসাল্ট করা হবে। আমি অবাক হলাম যে এর মধ্যে এ কথা বেরুল না যে কলিকাতার বস্তি অঞ্চল থেকে যেসমস্ত এম-এল-এ নির্বাচিত হয়েছেন, যাঁরা বস্তিবাসীদের এবং অন্যান্য জনসাধারণের প্রতিনিধিরূপে এখানে এসেছেন, তাঁদের সঙ্গে পরামর্শ করা হবে। এ কথা তাঁর মুখ থেকে বেরুল না। বেরুল কি? না, কর্পোরেশনএর বরো কাউন্সিলর অর্থাৎ কর্পোরেশন নির্বাচনে অ্যাডাল্ট ফ্র্যানচাইজ না থাকার ফলে যাঁরা মোটের উপর বস্তিবাসীদের প্রতিনিধি নন, যাঁরা বেশির ভাগ কলিকাতা শহরের অপেক্ষাকৃত অবস্থাপন্ন সম্প্রদায়ের প্রতিনিধি, তাঁদেরই পরামর্শ নেওয়া হবে। তার কারণটা বোধ হয় এই যে, কর্পোরেশন কাউন্সিলরদের মধ্যে কংগ্রেসের মেজরিটি [illegible]। সুতরাং বরো কাউন্সিলর যাঁরা তাঁদের কনসাল্ট করা হবে।

[5-50—6 p.m.]

যেসমস্ত এম-এল-এ নির্বাচিত হয়েছেন কলকাতা থেকে অ্যাডাল্ট ফ্র্যানচাইজএর দ্বারা তাঁদের কনসাল্ট করা হবে এ কথাটা পর্যন্ত মুখে তাঁদের বেধে গেল। এখন বক্তব্য হচ্ছে, এই হাউসিং বোর্ড গঠন সম্বন্ধে বস্তিবাসীর মনে যদি সন্দেহ থাকে যে এটা হচ্ছে বস্তিবাসীর প্রতি সুবিচার করবার জন্য নয়, বরং তাদের সমস্ত আশাকে ধূলিসাৎ করার জন্য, মন্ত্রিমণ্ডলী নিজেদের খেয়ালখুশিমত যাকে খুশি যখন খুশি উচ্ছেদ করতে পারেন এবং যা ইচ্ছে হুকুমজারি করতে পারেন এবং সমস্ত ক্ষমতা রেখে দিতে চান সেই সন্দেহ দূর করার জন্যই এই সংশোধনী প্রয়োজন। এ কথাটা আইনের ভিতর ঢুকিয়ে দিতে বা বিধিবদ্ধ করতে অনবরত আপত্তি করছেন, তাই সংশয় উপস্থিত হওয়া স্বাভাবিক। এ বিষয়ে ভেবে দেখতে সরকারকে আমি অনুরোধ করব। বস্তিবাসী যাতে সুবিচার পায়, তাদের প্রতি অন্যায় যাতে না হয় এবং ঠিকভাবে বোর্ড পরিচালিত হয়, এই আশা-ভরসা তাদের দিন। আর দেবার প্রয়োজনও আছে। তারা দেখছেন হাজার হাজার বস্তিবাসী দল বেঁধে এসেছে নিবেদন করতে। তাদের আশংকা দূর করার একটা রাজনৈতিক প্রয়োজন আছে। তারা ভুল করবেন যদি মনে করে থাকেন যে এই হাজার হাজার লোকের আশংকাকে তাঁরা হেসে উড়িয়ে দিতে পারবেন। কারণ আজকেই দিন শেষ হয়ে যাচ্ছে না। আবার নির্বাচন আসবে তখন সমস্ত ঘানা ফেস করতে হবে। তাঁদের মনে যদি ভুল ধারণা থাকে আমি সাজেস্ট করব এখনও হাউসিং গঠন সম্বন্ধে আমার যে সংশোধনী প্রস্তাব যে অ্যাসেম্বলি থেকে, কাউন্সিল থেকে, কর্পোরেশন থেকে, ইমপ্রুভমেন্ট ট্রাস্ট থেকে প্রতিনিধি নিয়ে বোর্ড গঠিত হোক সেটা গ্রহণ করুন। কথাটা তো এ নয় যে মেজরিটি তাঁদের হাতে থাকবে, কিন্তু বস্তিবাসী যাতে তাদের বক্তব্য নিয়ে এখানে উপস্থিত হ'তে পারে, একেবারে অন্যায়-অবিচার না হ'তে পারে তার গ্যারান্টি হিসাবে অন্তত এটুকু ব্যবস্থা করবেন এটা নিশ্চয়ই আশা করতে পারি।

Sj. Sunil Das:

মাননীয় স্পীকার মহাশয়, আমি ক্লজ ৩(৬)-এর পরে আর একটা নূতন ক্লজ ইনসার্ট করতে বলছি। আমার পূর্ববর্তী বক্তা সোমনাথবাবু যা বললেন প্রায় সে ধরনেরই, সামান্য একটু রদবদল থাকতে পারে। যখন মুখ্যমন্ত্রী মহাশয় কন্সিডারেশন স্টেজএ আমাদের বিতর্কের উপর জবাব দিয়েছিলেন অটোনমাস বোর্ড সম্বন্ধে তিনি আপত্তি জানিয়ে বলেছিলেন, কেন্দ্রীয় গভর্নমেন্ট রাজ্যসরকারকে টাকা দেবেন, সুতরাং রাজ্যসরকারের উপর নাস্ত দায়িত্ব কি ক'রে আর একটা অটোনমাস বোর্ডএর উপর দিতে পারবেন। কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারের হাতে আড়াই কোটি টাকা তুলে দেবেন। এখন রাজ্যসরকারের দুশ্চিন্তার কারণ হ'ল, কি ক'রে তা একটা স্বতন্ত্র বোর্ডএর হাতে তুলে দেবেন? বোর্ড সম্পর্কে মুখ্যমন্ত্রী মহাশয় তাই বললেন, যেসমস্ত প্রশ্ন এখানে উঠেছিল ইতিপূর্বে তার জবাব দেবার চেষ্টা করেছিলেন। আমার বক্তব্য হ'ল, এই যে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ হাউসিং সম্পর্কে যেসমস্ত পরিকল্পনা রাখা হয়েছে সে পরিকল্পনা কার্যকরী করবার জন্য তাঁরা হাউসিং কর্পোরেশনএর কথা বলেছেন। হাউসিং বোর্ড আর হাউসিং কর্পোরেশন এক জিনিস নয়। হাউসিং বোর্ড ডিপার্টমেন্টএর কুক্ষিগত বোর্ড হবে, ডিপার্টমেন্টএর নির্দেশে সব পরিচালিত হবে। আর হাউসিং কর্পোরেশনএর যে ক্ষমতা তা অনেক বিস্তৃত এবং কিছুটা তার স্বাতন্ত্র্যও থাকবে, কিছুটা স্বাধীনতা থাকবে। সুতরাং কেন্দ্রীয় সরকার যেখানে এই বিভিন্ন হাউসিং স্কীমগুলি কার্যকরী করবার জন্য হাউসিং কর্পোরেশনএর কথা বলেছেন সেখানে কি ক'রে মুখ্যমন্ত্রী মহাশয় আপত্তি তুললেন, এটা আমার বোধগম্য হ'ল না। আর ইতিপূর্বে কোন বোর্ড ইমপ্রুভমেন্টএর-উন্নয়নের জন্য গঠিত হয় নি তাও নয়। আপনারা ক্যালকাটা ইমপ্রুভমেন্ট অ্যাক্টএর কথা জানেন।

মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে ১৯১১ সালের আইনে একটা বোর্ড গঠিত হয়েছে, যে বোর্ডএ শুধু যে স্টেট গভর্নমেন্টএর রিপ্রেজেন্টেটিভ রয়েছে তা নয়, সেখানে চেয়ারম্যান না হয় স্টেট গভর্নমেন্ট অ্যাপয়েন্ট করেন, সেখানে Commissioner of Corporation *ex-officio*, members of the Corporation, two members represented by the Chamber of Commerce and four other members রয়েছেন। এইভাবে বিভিন্ন স্বার্থের সঙ্গে সংশ্লিষ্ট প্রতিনিধিদের দ্বারা তাঁরা সেই বোর্ড গঠন

করেছেন এবং সেই বোর্ডএর হাতে যে ফান্ডস আছে তার একটা অংশ মিউনিসিপ্যাল ফান্ড থেকে আসে। এই যদি হয় যে যাদের টাকা তারা সেই টাকা ব্যয় করবার অধিকারী, তা হ'লে ক্যালকাটা কর্পোরেশন তো অনায়াসে বলতে পারেন যে—ঐসব বোর্ড নিয়ে দরকার নেই, আমাদের কাছ থেকে যখন টাকা নেয় তখন আমরাই সমস্ত ইমপ্রুভমেন্ট কার্য পরিচালনা করব। এবং ১৯১১ সালের আইন পালটে দিয়ে আমাদের সেখানে খবরদারী করবার অধিকার দাও। সুতরাং এই যুক্তি আমাদের কাছে একটা যুক্তি ব'লেই মনে হয় না। যে কথা আমার পূর্বে মাননীয় সদস্যরা বলেছেন তা ছাড়াও আর একটা বড় কথা রয়েছে। সেটা হল এই যে, ধরুন কোন এলাকায় সাত-আটশো টেনামেন্ট তৈরি হ'ল, বস্তি উচ্ছেদ করা হ'ল এবং তারপরে বস্তিবাসীরা যে সেখানে যাবে সেটা নির্ধারণের দায়িত্ব যদি এই ধরনের বোর্ডএর উপর না দেওয়া হয়, যে বোর্ডএ বিধানসভার সদস্য রয়েছেন, যে বোর্ডএ কর্পোরেশনএর প্রতিনিধিরা রয়েছেন, যে বোর্ডএ ইমপ্রুভমেন্ট ট্রাস্টএর প্রতিনিধিরা রয়েছেন, তা হ'লে সেখানে বস্তিবাসীদের অত্যন্ত বিপর্যয় দেখা দেবে নূতন টেনামেন্টএ তাদের বাসস্থান পাওয়া সম্পর্কে। কারণ আমরা আমাদের অভিজ্ঞতা থেকে দেখেছি যে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট বস্তি অপসারণ করেছে, নূতন নূতন বাড়ি তৈরি করেছে। সেখানে যে এলাকার লোককে সরিয়ে নূতন বাড়ি তৈরি করা হ'ল সেই এলাকার বস্তির লোক সেখানে ঠাঁই পায় নি। এখানে আমার পূর্বে মাননীয় সদস্যরা করাপশনএর কথা বলেছেন এবং অন্যান্য আশংকা প্রকাশ করেছেন। সুতরাং বস্তিবাসীদের যদি সেই টেনামেন্টএ জায়গা পেতে হয় তা হ'লে এরকম একটা বোর্ড থাকা দরকার যে বোর্ডএ জনপ্রতিনিধিরা থাকবেন, বিশেষ ক'রে যে বোর্ডএ বিধানসভার সদস্যরা থাকবেন। এই যুক্তি রাজ্যসরকারের গ্রহণ করা উচিত। রাজ্যসরকার যদি এই যুক্তি গ্রহণ না করেন এবং এই ধরনের একটা বোর্ড গঠন না করেন, শুধুমাত্র মুখ্যমন্ত্রী যে যুক্তি দিয়েছেন সেই যুক্তি দিয়ে যদি আমাদের সংশোধনী প্রস্তাব উড়িয়ে দেবার চেষ্টা করেন তা হ'লে আমি বলব যে তাঁরা যে কোটি কোটি টাকা খরচ করতে যাচ্ছেন তা সমস্তই জলে যাবে এবং তাতে বস্তিবাসীরা যদি বিপর্যস্ত হয়ে যায়, যদি তারা সেইসমস্ত নূতন টেনামেন্টএ ঠাঁই না পায় তা হ'লে তার জন্য সরকার দায়ী থাকবেন। আমি আবার অনুরোধ করব মন্ত্রিমহাশয়কে এবং রাজ্যসরকারকে যাতে তাঁরা এই সংশোধনী প্রস্তাবগুলি গ্রহণ করেন এবং ক্যালকাটা ইমপ্রুভমেন্ট অ্যাক্ট অনুযায়ী দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় হাউসিং কর্পোরেশন অনুযায়ী তাঁরা একটা বোর্ড গঠন করেন এবং সেই বোর্ডএর হাতে সমস্ত দায়িত্ব ন্যস্ত করেন।

[6—6-10 p.m.]

Sj. Dhirendra Nath Dhar:

মাননীয় স্পীকার মহাশয়, এখানে যে বোর্ডএর কথা বলা হয়েছে এর সঙ্গে সমস্ত বিলের সম্পর্ক আছে। এই কয়দিনের আলোচনা থেকে এটা পরিষ্কার হয়ে গেছে যে, এই যে বিল আসছে এই বিল সম্পর্কে নানা ধরনের সন্দেহ, আশংকা এবং নানা ধরনের প্রশ্ন উঠেছে। কথা হচ্ছে, এই যে সরকার সমস্ত কাজটাই করতে চাচ্ছেন কোন ব্যক্তিবিশেষের মারফত অথবা কোন আমলার মারফত, তাদের খেয়ালখুশির উপর ছেড়ে দিতে চাচ্ছেন কলকাতা শহরের ৫-৬ লক্ষ মানুষের ভাগ্য। কাজেই এখানে আমরা প্রস্তাব করেছি যে একটা বোর্ড গঠন করা হোক এবং সে বোর্ডএ এমন লোকেরা থাকবেন যাঁদের উপর জনসাধারণের বিশ্বাস আছে, যাঁরা জনসাধারণের সেবা করেন—তাঁরা যে-কোন পক্ষেরই হউন না কেন।

তার জন্য ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টএর কথা বলা হয়েছে। যাঁরা সিটি প্ল্যানিংএর কাজে মাথা ঘামাচ্ছেন বছরের পর বছর, বলা হয়েছে ক্যালকাটা কর্পোরেশনের কথা, কারণ কলকাতা শহরে মিউনিসিপ্যাল ব্যাপারে কর্পোরেশনএর দায়িত্ব সবচেয়ে বেশি এবং তার সঙ্গে সঙ্গে বলা হচ্ছে যে, এই যে বিধানসভা এবং রাজ্যসভার যাঁরা সব সভ্য আছেন তাঁদের প্রতিনিধি তার মধ্যে থাকবে। এর ফলটা এই হবে, সকলের সহযোগিতায় সরকারের যদি কোন সদিচ্ছা থাকে যে কলকাতায় [illegible] জন্য সত্যি সত্যি তাঁরা যদি কোন ব্যবস্থা করতে চান তা হ'লে সকলের পরামর্শ নিয়ে, সকলের কাছ থেকে উপদেশ নিয়ে, সকলের অভিজ্ঞতা নিয়ে সহজভাবে এই কাজটা করতে পারেন। এবং তাতে যে [illegible] মনে আজকে একটা সন্দেহ

ভাব রয়েছে সেটা নিরসন হ'তে পারে। আমি মনে করি যে বক্তব্য ডাঃ রায় এবং মিঃ জালান কয়েকদিন আগে করেছেন, সে বক্তব্যের মধ্যে যদি কোন সত্যতা থাকে, তার উপর যদি তাঁরা নির্ভর করতে বলেন বস্তিবাসীদের এবং আমাদের তা হ'লে নিশ্চয়ই এই অ্যামেন্ডমেন্ট অন্তত তাঁরা গ্রহণ করবেন। এবং এই ডেফিনিশন গ্রহণ ক'রে পরে অ্যামেন্ডমেন্ট যেমন যেমন আসবে গ্রহণ করা দরকার। যদি তাঁরা করেন তা হ'লে এই বিলের সম্পর্কে যা বলেছেন সেই কথার সত্যতা প্রমাণিত হ'তে পারে।

Sj. Apurba Lal Majumdar: Sir, I beg to move that in clause 3(1), line 1, the word "substantial" be omitted.

I further beg to move that in clause 3(4), line 1, after the words "Persons" the words "not lower than the rank of a Subordinate Judge" be inserted.

I also beg to move that in clause 3(5), in line 2, after the words "or other" the word "Kutcha" be inserted.

এইসবগুলি অ্যামেন্ডমেন্ট আমি একসঙ্গে বলছি ৩২(এ), ৪০(বি) অ্যান্ড ৪৬(এ)। ৩২(এ)- এই অ্যামেন্ডমেন্টটা হ'ল হাট সম্পর্কে। হাটের ডেফিনিশন দিতে গিয়ে অরিজিনাল বিলে বলা হয়েছে যে, নো সাবস্ট্যানশিয়াল পার্ট অব হুইচ। এখানে, সাবস্ট্যানশিয়াল পার্ট—এই কথাটা অত্যন্ত ভেগ, এবং ১৮ ইঞ্চির উপরে যদি কোন সাবস্ট্যানশিয়াল পার্ট অব দি ওয়াল পাকা না হয় তা হলে সেক্ষেত্রে হাটএর আখ্যার মধ্যে ফেলা হয়েছে। আমি এখানে বলতে চাইছি, সাবস্ট্যানশিয়াল কথাটা তুলে দেওয়া দরকার। এবং তা দিলে যে ভেগ ডেফিনিশন রয়েছে তা পরিষ্কার হয়ে যায়। কেন এই কথা বলছি। এইজন্য বলছি যে যখন এই বিল প্রথম উত্থাপিত হয় তখন বলেছিলাম যে সরকারের উচিত এবং বিশেষ ক'রে যখন আমাদের দেশে গৃহসমস্যা একটা গুরুতর সমস্যা, তখন রিমডেলিংএর দিকে আমাদের দৃষ্টি বেশি দেওয়া দরকার। এবং সেই দিকে দৃষ্টি রেখে কলকাতার সমস্ত বস্তিগুলির দিকে যদি আমরা দৃষ্টি নিক্ষেপ করি তা হ'লে দেখব যে শতকরা ২৮ ভাগ বাড়ির ওয়াল পাকা। এই বস্তিগুলিকে যদি আমরা ভেঙ্গে না ফেলে রিমডেলিং বা সংস্কারের চেষ্টা করি তা হ'লে আমাদের দেশে যখন দারুণ গৃহসমস্যা রয়েছে, এই সময় তার কিছুটা সুরাহা হ'তে পারে। তাই আমার বিশেষ-ভাবে অনুরোধ যেন তিনি হাটএর আখ্যাতে সাবস্ট্যানশিয়াল কথাটা বাদ দিয়ে দেন এবং যেসমস্ত পাকা বাড়ি আছে হাওড়া এবং কলকাতাতে তাদের অন্তত বাঁচিয়ে রেখে রিমডেলিংএর ব্যবস্থা করেন।

তারপরে ৪০(বি) যে অ্যামেন্ডমেন্ট, যেখানে প্রেসক্রাইব্ড অথরিটি, এখানে মূল বিলে আছে any persons authorised by the State Government.
এখানে অনেক সদস্য তাঁদের বক্তব্য রেখেছেন, আমি শুধু কোয়ালিফাই ক'রে দিচ্ছি। এনি পার্সনস অথরাইজড—এই কথাটা বাই দি স্টেট গভর্নমেন্ট, এখানে আমি বলেছি যে সেই persons must not be lower than the rank of a Subordinate Judge
মাননীয় সদস্য যতীন চক্রবর্তী মহাশয় ঠিক এই ধরনেরই একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছিলেন। আমার অ্যামেন্ডমেন্ট বিশেষ ক'রে তাঁরই যুক্তির উপরই ভিত্তি ক'রে বলছি যে আমরা দেখছি ইদানীং কালে সরকারের—বিশেষ ক'রে একজিকিউটিভ সাইডএ লোকদের উপরে ভার দেন এইসমস্ত বিচার-বিশ্লেষণ করবার জন্য, যাদের হাতে ন্যায়বিচার আমরা অনেকক্ষেত্রে পাই না। গতবারও দেখেছি যে অ্যাক্ট ১৬ অব ১৯৫১-এ, অর্থাৎ উদ্বাস্তু উচ্ছেদের ক্ষেত্রে যেখানে কমপিটেন্ট কোর্টএর অর্থাৎ ডিস্ট্রিক্ট জজএর র‍্যাঙ্কএর উপরে যখন ভার ন্যস্ত ছিল সেটা কমিয়ে তিনি সেখানে একজিকিউটিভ অফিসারকে ভার দিলেন যে উদ্বাস্তুদের সেখান থেকে সরিয়ে নিয়ে অন্য জায়গা দেওয়াটা সংবিধানের যুক্তিযুক্ত কিনা—আমরা তখনই এই ব্যবস্থার ঘোরতর আপত্তি করেছিলাম। ইদানীং কালে আমরা দেখছি সরকার জুডিশিয়ালএর উপর নির্ভর না করে তাঁরা একজিকিউটিভকে দেন যাতে তাঁরা তাঁদের ইচ্ছানুযায়ী কাজ করিয়ে নিতে পারবেন এবং এমন লোককে তাঁরা নিযুক্ত করেন। সেইজন্য যে এক্সিকিউটিভএর কাজ থেকে আমরা জুডিশিয়াল ফ্রেম অব মাইন্ড, তাঁদের ইন্ডিপেন্ডেন্ট ভিশন, জাজমেন্ট পেতে পারি—এই ধরনের

একজন অফিসার নিযুক্ত হওয়া দরকার। সরকারের কাছে এই আবেদন জানাই, অন্তত এখানে যেন একটা ম্যাজিস্ট্রেট, যিনি একজিকিউটিভ অফিসার বা ঐ ধরনের কোন অফিসার নিযুক্ত না করে যার একটা জুডিসিয়াল ফ্রেম অব মাইন্ড আছে, অন্তত এই ধরনের একজন সাবর্ডিনেট জজএর পর্যায়ভুক্ত একজন লোককে তিনি যেন ভার দেন।

নেকস্ট অ্যামেন্ডমেন্ট আমার ৪৬(এ)। পরের অ্যামেন্ডমেন্টটা হ'ল যেখানে সেকশন ৩, সাব-ক্লজ (৫)এ বলেছেন আদার স্ট্রাকচার। স্যার, এই আদার স্ট্রাকচার অত্যন্ত সাংঘাতিক এবং মারাত্মক ধরনের কথা। এইজন্য বলছি, আদার স্ট্রাকচার বললে কি মানে হয়? এনি স্ট্রাকচার সেটা পাকা হউক, কাঁচা হউক, যে ধরনের স্ট্রাকচারএর মধ্যে ইনক্লুড করে যাচ্ছে। এইজন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি আদার স্ট্রাকচার না করে ওখানে একটা কোয়ালিফাইং অ্যাডজেকটিভ বসান না কেন। কাঁচা স্ট্রাকচার বলুন না কেন? আদার কাঁচা স্ট্রাকচারস। কারণ ঐ স্লাম এরিয়ার মধ্যে দোতালা, পাঁচতালা বাড়ি থাকে। তা হ'লে ঐ আদার স্ট্রাকচারএর মধ্যে পড়ে গেল। কাজেই অন্তত এইসমস্ত বাড়িগুলি বাঁচাবার চেষ্টা করুন। তিনি তো নিশ্চয়ই স্বীকার করবেন, সারা পশ্চিমবঙ্গে আমাদের গৃহসমস্যা অত্যন্ত বেশি। লো-ইনকাম হাউসিং গ্রুপ, ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীম কোন ব্যবস্থায় আমরা সমস্যার সমাধান করতে পারছি না। এইক্ষেত্রে অন্তত তাদের বাঁচিয়ে রাখার জন্য যেসমস্ত পাকা বাড়ি বা পারশিয়ালি পাকা বাড়ি আদার স্ট্রাকচারএর নামে সমস্ত বাড়িগুলি ধূলিসাৎ করে না ফেলে অন্তত তাদের দিকে একটু দৃষ্টি দিন জালান সাহেব। যাতে করে কলকাতায় যেখানে এত কনজেশন এবং গৃহের সমস্যা এত বেশি সেখানে অন্তত কাঁচা স্ট্রাকচারই ভাঙ্গুন। পাকা স্ট্রাকচার আদার স্ট্রাকচারএর বেনামীতে যেন পাকা বাড়ির উপর হাত দেবার যে চেষ্টা হচ্ছে তার হাত থেকে বাংলাদেশের দরিদ্র মানুষ বাঁচুক—এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Basanta Kumar Panda: On a point of information, Sir. In the lists of amendments which have been circulated there are some motions under the heading "clause 3" and there are some motions under the heading clause 34".

Mr. Speaker: They will be treated separately.

[6-10—6-20 p.m.]

Dr. Narayan Chandra Ray:

মাননীয় স্পীকার মহাশয়, ৪৯ এবং ৫৩-এর মধ্যে আমার সংশোধনী প্রস্তাবগুলির উপর আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বোর্ডএর কথা বারেবারে বলা হয়েছে, আমি বোর্ডএর সম্বন্ধে আরেকটু বলে যাব যে আমরা আমাদের কথার মারফতে বারেবারে দুটো জিনিস প্রতিফলিত করেছি—আপনাদের এই প্রক্রিয়ার মধ্যে সন্দেহ, আর দ্বিতীয়, একটা বিকল্প কর্মপদ্ধতির ইঙ্গিত। এইজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি যে এখানে বারবারে এই কথাটা উচ্চারণ হতে দেখেছেন যে বস্তি লোকেদের মনে সন্দেহ। আপনারা বোর্ডটাকে রেগুলেশনএর মধ্যে না রেখে ঐ ডেফিনিশনএর মধ্যে শুধু এটা উল্লেখ করে গেলে, আইনের মধ্যে রাখলে সন্দেহের অনেকখানি নিরসন করতে পারেন।

সন্দেহ সমস্ত আগাগোড়া মধ্যে—দুটো জিনিসে থাকবে আপনাদের এই সন্দেহ। আর একটা পরিকল্পনা পাস—এই দুটো জিনিস বারবার পাস করাতে থাকবেন। সেইজন্য আমি এই কথা আনতে চাই—কলকাতার শান্তিপূর্ণ পরিবর্তন চাই আপনারা এই হোপ দেন। রেগুলেশনএর মধ্যে না রেখে ডেফিনিশনএর মধ্যে উল্লেখ করে গেলে, আপনারা আইনের মধ্যে রাখলে সন্দেহ অনেকখানি নিরসন করতে পারেন। আমাদের মনে বিশ্বাস হতে পারে ভবিষ্যতে এই বিলের পরের ধারাগুলির মধ্যেও কিছু পরিবর্তন হতে পারে। তাই আমার অনুরোধ এই বিল সম্বন্ধে যথেষ্ট বলা হয়েছে। আপনি ডেফিনিশনএ 'বোর্ড' কথাটা রাখলে আমরা ওটা ডিলিট করে নিতে পারব।

The Hon'ble Iswar Das Jalan: Sir, in regard to clause 3, there have been some amendments in the definition of the Act. We have preserved the definition which is found in the Calcutta Municipal Act since 1923 and we did not want to disturb that definition in this Act because "bustees" should have one definition under the Calcutta Municipal Act as well as under this Bustee Act. Therefore we have tried to preserve that very definition.

"Substantial" we have got to keep because unless we keep the word "substantial" even a slight masonry work may bring it outside the word "hut". Therefore we have put the word "substantial". It has got a meaning which is well understood what is substantial and what is not substantial, but even if it is vague, there is no other word which I could put to exclude a small masonry structure somewhere in the hut. This word "substantial" is in existence for so many years.

Now, we have excluded walls up to a height of 18 inches even if they are masonry. The rest is a simple copy of the definition in the Calcutta Municipal Act because it may be necessary to act in collaboration with that definition in order to give effect to this Act and if there are two definitions there may be difficulty in its practical application.

The next question is, who should be the prescribed authority? It is suggested that there should be a man of the judiciary to be the prescribed authority, but my friends forget that the function which has been assigned to the prescribed authority is not of a judicial nature. It is of an executive nature and naturally the prescribed authority should be a man who should be an executive rather than a judicial person. Take for instance the prescribing of restrictions and conditions. All these things are done by an executive authority. It is not a question of decision of any dispute between two parties, nothing of the sort. Therefore I believe that it is not necessary to curb or restrict the choice of the prescribed authority. It may be that a judicial officer is appointed, it may be that an executive officer is appointed. But there is no necessity of restricting it because we believe that it is an executive act and there is no harm in appointing an executive officer for this purpose.

The next amendment is of Mr. Subodh Banerjee who wants to substitute the word "appointed" instead of the word "authorised", and I accept that suggestion. There is one clerical mistake. The wording is "any persons" and it should be "any person".

With regard to slums, the objection is that "or other structures" should not be put. As a matter of fact, this was an amendment made by the Select Committee. What happens is that in a slum—when you take up a slum for acquisition purposes—there may be 90 per cent. of huts and only one pucca structure. You cannot build a house in that area if you do not include even that structure. Therefore these words "or other structures" were added by the Select Committee in order to prevent a loophole or to prevent a difficulty which may arise in the midst of a collection of huts. There may be one solitary structure and the building cannot then be erected if you do not include that thing. Therefore these words have to be used. With regard to collection of huts, a suggestion is that there should be one hut. One hut is too small a thing for acquisition. A bustee is generally 12, 15 or 18 cottahs. We are taking up bustees and not individual huts and it is the definition that is given in the Calcutta Municipal Act. With regard to slum areas, we have already mentioned that the slum area is to be declared not aribitrarily but under section 4. Therefore that arrangement is necessary.

With regard to the appointment of a board, suggestions have been made that the entire administration of the Act should be in the hands of an autonomous board. That is a matter to which we gave our best consideration and we came to the conclusion that the executive authority to carry on a plan or scheme must be an executive body consisting of as few persons as possible. It is not a deliberative body at all. Take for instance, the Calcutta Improvement Trust. Now, the Calcutta Improvement Trust is a statutory body and its responsibility is taken by the Calcutta Improvement Trust itself and not by the Government. It works out in a particular way and it is also more or less an official body consisting of only 11 persons out of which 4 are appointed by the Government, 4 are appointed by the Corporation and two are appointed by the various Chambers. So far as the Corporation is concerned, you realize that the Corporation pays a huge amount as tax to the Calcutta Improvement Trust. Rather, the major portion of the income of the Calcutta Improvement Trust comes out of the Calcutta Corporation. It is really the Calcutta Corporation's duty which has been entrusted to the Calcutta Improvement Trust. In Bombay the duty of the Improvement Trust is now vested in the Bombay Corporation itself.

[6-20—6-30 p.m.]

Therefore being part and parcel of the work of the Calcutta Corporation, the Corporation was given the right to choose a certain number of its representatives to work in that Body because they provide the finance. Now let us come to this question—the finance is to be provided by the Central Government to the State Government. The responsibility for the payment thereof is of the State Government, not of any other body. Naturally the State Government if it is responsible for the payment of the loan must have the predominant voice in the application of that loan to the purposes which are before us. Therefore we are not in favour of constituting an autonomous board in which the entire responsibility should be vested. The Government cannot be divested of the responsibility. Therefore, naturally the Government has to exercise it. The Board which has been constituted as a Housing Board is simply for the purpose of executing the plan. The plan is that of the Government. So far as the Government is concerned, the responsibility of all its actions is subject to the scrutiny of this House and subject to the scrutiny which has been provided under the Constitution. Well, if there be no trust in this Government, there is no other remedy save and except to suffer until this Government is replaced. So long as this Government exists you have to put faith whether you like it or not and Government itself has to function whether anybody likes it or does not like it. So far as we are concerned we are subject to the discipline and the criticisms of this House. If we go wrong you are perfectly entitled to criticise us. In this very House I have heard remarks being made whenever an autonomous corporation has been made that the Government wants to shift its responsibility to an autonomous body so that the function of that autonomous body may not be subject to the criticism of this House. Take for instance the Finance Corporation, take for instance the Development Corporation. I have heard remarks made by members of the opposition in this House "Why are you doing it? Simply because you want to keep it out of the pale of the criticism which may be levelled in this House?" Now, the same remarks will apply to another autonomous body. There is another objection to that Board. That Board we do not want to be a talking board. What is the difficulty in regard to big bodies like the Calcutta Corporation? Various interests assemble together. Naturally there is difficulty in

executing a job. The Legislative Assembly is for deliberative purposes not for executive purposes. Therefore so far as the Legislature is concerned it may be a big body but if executive powers are given to a body it must always be a small body. Therefore, I am sorry that in spite of our friends vehement support in favour of a Board, I will request them not to insist upon it but to see and watch as to how things progress. After all elimination of slums is not a matter of a year or two. It will be a matter which will develop itself and all adjustments which are necessary for the judicious exercise of this power and proper exercise of this power will be subject to the review of this House from time to time and whichever Government may for the time being be in existence. Therefore please take it that this autonomous board for the time being is not necessary. What we propose to do is that at the time of execution it may be that we may constitute some sort of an advisory body so that we may be able to get advice for the executionn thereof.

With these words, Sir, I oppose all the amendments except the amendment of Sj. Subodh Banerjee which I accept and I hope that this clause will be accepted by the House.

Mr. Speaker: I have asked the Hon'ble Minister to postpone voting on this clause, clause 3—today because there is some substance in considering as to whether it would be wise to retain the words 'or other structures' there—the expression 'or other structures' that was introduced in the Select Committee. I can say that there will be a great deal of difficulty unless this matter is carefully considered. I have explained and given my reasons to him and the Hon'ble Minister has said that he will consider it. So let there be no voting on this clause today.

Now we will proceed to new clauses 3A, 3B and 3C.

Mr. Speaker: Mr. Jatin Chakravorty, your amendment is out of order.

Sj. Jatindra Chandra Chakravorty: Why, Sir?

Mr. Speaker: Because under Article 207 of the Constitution Governor's recommendation has not been taken. So, Mr. Sen will move his amendment.

Sj. Deben Sen: Sir, I beg to move that after clause 3 the following new clause be inserted, namely:—

"3A. The State Government shall appoint a statutory board consisting of twenty three persons for the purpose of carrying into effect the provisions of this Act composed as follows:—

Thirteen persons from the Legislative Assembly and three from the Legislative Council, elected on the basis of proportional representation;

Two persons nominated by the Calcutta Corporation;

One person nominated by the Calcutta Improvement Trust;

Four persons nominated by the Government of West Bengal."

সভাপাল মহোদয়, আমি বেশি কিছু বলতে চাই না। আমার মনে হয় গতকল্য মুখ্যমন্ত্রী মহাশয় একবার বলেছিলেন হাউসিং বোর্ড করবার ধারণা তাঁদের আছে। সুতরাং হাউসিং বোর্ড যদি করেন আর আমাদের সাজেশন যদি গ্রহণ করেন তা হলে সবাই মিলে একটা বোর্ড হতে পারে। এবং সেই বোর্ড যদি হয় তা হলে এই বিল সম্বন্ধে লোকের মনে সন্দেহ দূর করে অনেক দূর অগ্রসর হতে পারবেন। তাই আমি যে অ্যামেন্ডমেন্ট উপস্থিত করেছি, আশা করি সেটা গৃহীত হবে।

Sj. Basanta Kumar Panda: I beg to move that after clause 3 the following new clause be inserted, namely:—

"3A. The provisions of this Act shall have effect notwithstanding anything to the contrary contained in any other law or in any contract or instrument and notwithstanding any custom or usage to the contrary."

Sir, my purpose to introduce this amendment is to avoid conflict of law. Unless the Calcutta Thika Tenancy Act of 1949 and other laws are not repealed the conflict will be there. The conflict will arise in this way. By this Act we have made provision for payment of compensation. After the Fourth Amendment of the Constitution in 1955 a new Article 31A has been introduced in the body of the Constitution whereby the payment of compensation is not justiciable, but there may be simple payment whatever may be the amount. The Calcutta Thika Tenancy Act which is also another Bengal Act makes provision for payment of certain compensation. Under section 4—proviso—of the Calcutta Thika Tenancy Act, 1949, if the owner of the land wishes to do away with the thika tenants and wants to make buildings thereon then he will have to pay compensation and the quantum of the compensation will be determined by the court—that is, the market value. Under the provision of this Act except the owners of the land and the bharatiya of the lessee all the persons who have made any construction on the land on slum areas fall within the category of thika tenancy. According to provisions of that Act, that is, the Calcutta Thika Tenancy Act, compensation is the market value and according to the provision of this Act compensation will be in the slab system and the payment will be not in cash always but in bonds and in instalments.

[6-30—6-40 p.m.]

Therefore, there will be this conflict between these Acts. Of course, after the passing of this Act the necessity of the Calcutta Thika Tenancy Act, 1949, will almost disappear but you are not repealing that Act just now. Now in some of the recent Acts there has been a great conflict because under the Bengal Agricultural Income-Tax Act the amounts of a person which is made liable to taxation is 50 per cent., because under Section 6 of the Act it is provided that the owner of the land shall be deemed to have got half of the produce of the land. But thereafter you passed the Bargadars Act of 1950 wherein that half share of the owner was minimised but at present under Section 16 of the Land Reforms Act you have provided that for the purpose of sharing the owner will get 40 per cent. of the crop and the bargadar will get 60 per cent. of the crop. So according to the taxation law, i.e., the Agricultural Income-Tax Act, you deem that the owner has got 50 per cent. of the crops but in another subsequent Act you say that the owner will get 40 per cent. of the crop. Both are existing Acts in the State and there has been a conflict as the Thika Tenancy Act is there for some time in the Statute Book. Then over the quantum of compensation as is going to be given under this Act there will be a conflict. These conflicts should always be avoided. There are hundreds of cases in the High Court for the conflict of law. Now if you accept this amendment that the provisions of this Act will have effect notwithstanding anything to the contrary or provisions of any other law to the contrary, then those may be affected and the provisions of this Act or the application of this Act will be easy.

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that after clause 3 the following clause be inserted, namely,—

"3A. All slums within the municipal limits of Calcutta and in all other municipal areas within West Bengal shall be required by

the Government on payment of compensation as hereinafter specified and subject to other provisions of this Act, notwithstanding anything contained in any other Act in force at the time repugnant to this provision of this Act.

On the acquisition of Slums by the Government and in cases where the owners of the huts carry out improvement in their huts according to Government specification, occupancy rights will vest in the owners of huts in these slums notwithstanding anything contained in any other Act in force at the time except in cases where the Board may decide that the slum requires to be demolished and completely remodelled or replaced by buildings to effect minimum improvements."

মিঃ স্পীকার, ৫৮-৬০ পর্যন্ত যে অ্যামেন্ডমেন্ট আমি তা মুভ করছি। আমাদের এই সংশোধনীতে আমি প্রথম কথা এই বলেছি যে কলকাতা এবং অন্য মিউনিসিপ্যাল এরিয়ার মধ্যে যেসমস্ত বস্তি অঞ্চল আছে সেসবগুলি গভর্নমেন্ট নিয়ে নিন। এবং যেহেতু গভর্নমেন্ট ক্ষতিপূরণ দেবেন সেখানে আমরা বলেছি, কি ক্ষতিপূরণ দেওয়া হবে, সেই ক্ষতিপূরণের কি হার হবে সেটা পূর্ববর্তী অধ্যায়ে আমরা উল্লেখ করেছি। সেই ক্ষতিপূরণ দিয়ে গভর্নমেন্ট নিয়ে নিন। আর যেখানে ঠিকা টেনান্টরা গভর্নমেন্টএর স্পেসিফিকেশন অনুসারে ঘরবাড়িগুলি মেরামত করে রিমডেল করতে প্রস্তুত আছে সেইসব ঠিকা টেনান্টদের অকুপ্যান্সি রাইট দিতে হবে। অকুপ্যান্সি রাইট দেবার ফলে তাদের মন থেকে আশঙ্কা কমে যাবে এবং তার ফলে তারা নিজেদের বস্তির উন্নতি নিজেরাই করতে পারবে। এবং যেসমস্ত ঠিকা টেনান্ট তা করতে প্রস্তুত নয়, সেইসব ঠিকা টেনান্টদের বাড়িগুলি ভেঙ্গে গভর্নমেন্ট পাকা বাড়ি করতে পারেন। এ কথা বলছি এইজন্য, এই বিলের উপর ডাঃ রায় যা বলেছেন তা গোড়া থেকে আমরা যে কথা বলে আসছি সেই কথাটাই সুস্পষ্টভাবে ডাঃ রায় মেনে নিয়েছেন। গভর্নমেন্ট বিলে বলেছেন, গভর্নমেন্ট রিমডেল করবেন। সেখানে আমরা বলছি, শুধু গভর্নমেন্ট কেন, প্রাইভেট এফর্টএর দ্বারাও সেটা হতে দিন। এবং তার জন্য ঠিকা টেনান্টদের সেই অধিকার দিন। ডাঃ রায়ের কথা যা তা যদিও এই আইনে নাই, তাঁর মনের কথা যে ঠিকা টেনান্টরা যদি কো-অপারেটিভ গঠন করে তা হলে আমরা সেটা মানতে রাজী আছি। এ কথা ডাঃ রায় সুস্পষ্টভাবে বলে গেলেন, আমরা যেখানে টাকা দিচ্ছি প্রাইভেট এফর্ট মবিলাইজ করার দরকার আছে যাতে কম সময়ে, কম টাকায় বস্তির উন্নতি করতে পারা যায়। এবং হঠাৎ বস্তিগুলিকে ধ্বংসাৎ করার দরকার হবে না সে কথা ডাঃ রায় মেনেছেন। কিন্তু আইনে তার কোন ব্যবস্থা নাই। আমি এটা এইভাবে করছি--

"in cases where the owners of the huts carry out improvements in their huts according to Government specification".

[6-40—6-50 p.m.]

আমার এখানে এটা বলবার উদ্দেশ্য হচ্ছে ডাঃ রায় সেদিন যা বলেছেন--ডাঃ রায় হাসছেন--এসমস্ত বিলটিলের পেছনে বহুদিন ধরে আছি। ডাঃ রায়ের নিজের যে ধারণা নানা কারণে আমাদের কাছে বলেছেন, আমি এখানে বলতে চাই সেটা যদি ডাঃ রায়ের নিছক কথার কথা না হয়, যদি তিনি এই মনে করেন যে ঠিকা টেনান্টদের এরকম অধিকার দেওয়া যেতে পারে তিনি কো-অপারেটিভ করুন। আমি তা হলে বলব, বিলের মধ্যে সেরকম ব্যবস্থা স্পষ্টভাবে থাকা দরকার। নইলে ব্যাপারটা শুধু অ্যাসেম্বলির বক্তৃতায় পর্যবসিত হয়ে যাবে, ঠিকা টেনান্টরা কিছুই পাবে না।

দ্বিতীয় কথা আমি যেটা বলছি, ডাঃ রায়ের যুক্তির মধ্যে একটা ফাঁক রয়ে গেছে। সেটা হচ্ছে এই—ডাঃ রায় বলেছেন কো-অপারেটিভ গঠন করতে হয় তারা গঠন করতে পারবে। আমি যেখানে বলছি তারা যখন করতে যাবে তখন ঠিকা টেনান্সি অ্যাক্ট অনুসারে উচ্ছেদ হয়ে যেতে পারে। ঠিকা টেনান্টদের জমির উপর কোন স্বত্ব নাই, কোন অধিকার নাই। সে অধিকার যদি তাদের না দেওয়া যায় তা হলে কি করে করবে? আর কেনই বা করবে? তা না হলে

করতে গেলে পর খামকা বিপদের মধ্যে ফেলার দরকার কি? সেজন্য আমি বলছি অকুপ্যান্সি রাইট তাদের দিন। আমি এ কথা বলছি না যে তারা শুধু কো-অপারেটিভ করলেন এবং তাদের বাড়ির উন্নতি করলেন তাতেই গভর্নমেন্টকে নিজে ঘাড়ে দায়িত্ব নিতে হবে। তারা উচ্ছেদ হয়ে যাবে, সম্পূর্ণ খেসারত করতে যে খরচ লাগবে তা গভর্নমেন্টকে করতে হবে। সুতরাং এরকম অবস্থায় অকুপ্যান্সি রাইট যদি তাদের দেন তা হ'লে এ জিনিস অনায়াসে হ'তে পারে। সেদিন বঙ্কিম কর মহাশয় বলেছিলেন কংগ্রেস বেঞ্চ থেকে যে রিমডেলিং কথাটা তো বিলের মধ্যেই আছে। সেটা আছে, কিন্তু স্পষ্টভাবে নেই—অশ্বত্থামা গজঃ হতঃ ইতি এর মতই হয়ে আছে। বলা আছে,

"Buildings so erected or huts remodelled under sub-section (6)"

যেটা ৬নং ধারার ৩নং উপধারায় আছে সেটা আমি আর একটু পরিষ্কার ক'রে দিচ্ছি এবং যতটা গভর্নমেন্টএর দায়িত্ব সে দায়িত্ব থেকে বলছি যে ঠিকা টেনান্টদের সুযোগসুবিধা দিন, অধিকার দিন, দায়িত্ব দিন; তা হ'লে পর বস্তির উন্নয়ন অতি দ্রুত কম পয়সায় করতে পারবেন এবং আমি মনে করি যে ডাঃ রায়ের বক্তৃতা স্মরণ ক'রে জালান সাহেব এ জিনিস গ্রহণ করবেন। কারণ যে কথা তাঁরা মুখে বলেছেন সেটা আমি কাগজে-কলমে লিপিবদ্ধ করেছি এবং একটা আঙ্কারিক রূপ দিয়েছি। সুতরাং জালান সাহেবকে অনুরোধ করছি যে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সংশোধনী, এটা তাঁর গ্রহণ করা উচিত।

Sj. Dhirendra Nath Dhar:

মাননীয় স্পীকার মহাশয়, আমার অ্যামেন্ডমেন্টএ খুব প্র্যাকটিক্যাল সাজেশনস দেওয়া আছে সেগুলি সরকারের যদি সদিচ্ছা থাকে তা হ'লে তারা গ্রহণ করতে পারেন। এখানে সরকার সমস্ত দায়িত্ব নিজে নিচ্ছেন এবং অভিযোগ করেছেন যে যারা জমিদার ছিল তারা কিছু করে নি, অতএব বস্তির উন্নতি হয় নি; অভিযোগ করেছেন ক্যালকাটা কর্পোরেশন কিছু করে নি, ইমপ্রুভমেন্ট ট্রাস্ট কিছু করে নি, অতএব বস্তির উন্নতি হয় নি। এখানে বলা হচ্ছে, এরা ছাড়াও আর একটা পার্টি আছে, তারা হচ্ছে হাট-ওনার, তাদের কথা ভুললে চলবে না। কলকাতা শহরে এবং মফঃস্বলে দেখা যায় যে হাট-ওনাররা যে কোন উপায়ে হোক—আইনত হোক বা বেআইনীভাবে হোক তারা তাদের বাসস্থানের উন্নতি করছে। সব সময় যে তারা সব আইন মেনে চলছে তা চলছে না, কিন্তু নিজেদের বাঁচার জন্য উন্নতি করছে। এখানে সরকারের তরফ থেকে দেখা দরকার যে যেখানে যেখানে এই হাট-ওনাররা অসুবিধার মধ্যে রয়েছে সেখানে তাদের সেই অসুবিধা দূর করতে হবে। ডাঃ রায় সেদিন বলেছিলেন যে যদি কোন বস্তির ড্রেনএর উন্নতি করতে হয় তা হ'লে কোন পার্টিকুলার হাট-ওনারএর পক্ষে তা করা সম্ভব নয়। এ কথা সত্য। কোন বস্তিতে জলের উন্নতি করতে হ'লে কোন বিশেষ হাট-ওনারএর পক্ষে তা করা সম্ভব নয় এটা সত্য কথা। সেখানে যদি সরকার সেইসমস্ত দায়িত্ব নেন—রাস্তা ক'রে দেবার বা ওয়াটার মেন অথবা ড্রেনএর মেন করবার—তা হ'লে পর হাট-ওনাররা তা ক'রে নিতে পারেন কম খরচে। সরকার যদি মনে করেন যে কোন পার্টিকুলার বস্তিতে দশ জন হাট-ওনার রয়েছে, সেখানে যা খরচ হবে ড্রেন করতে বা ওয়াটার মেন করতে, সেটা যদি অ্যাপোরশন ক'রে দিতে পারেন দশ জন হাট-ওনারএর মধ্যে তা হ'লে তার জন্য যা খরচ হবে সেটা তাদের পক্ষে বহন করা সম্ভব এবং এইভাবে বস্তির উন্নতি করা যেতে পারে। আমার বক্তব্য হচ্ছে, জালান সাহেব সেদিন বলেছিলেন যে আমাদের এত অর্থ নেই, কাজেই এত জিনিস করতে পারেন না। সত্যই টাকা নেই, সেক্ষেত্রে আমার মনে হয় যে বস্তির যে হাট-ওনার তাদেরও কিছু খরচ করা উচিত এবং সরকারেরও তাদের সাহায্য করা উচিত। আমার মনে হয় সরকারের তরফ থেকে সেটা যদি কিছুটা সহযোগিতা আসে তা হ'লে পর হাট-ওনাররা উৎসাহী হয়ে উঠবে এবং কোলকাতা ও মফঃস্বল টাউনএ খুব তাড়াতাড়ি এইসমস্ত বস্তিগুলি দুরবস্থার হাত থেকে রেহাই পাবে। কাজেই এই অ্যামেন্ডটাকে আমি সরকারকে—মিঃ জালানকে গ্রহণ করতে অনুরোধ করছি।

Dr. A. M. O. Ghani: I believe I should bring to the notice of the honourable members two slight mistakes which I want to correct in my amendment No. 61—in the second line the word "Board" should be changed

to "authority concerned"—and in the fourth line of my amendment, last but one word, "avoidable" should be changed to "available". So I beg to move that after clause 3, the following new clause be inserted, namely—

"3A. Notwithstanding anything contained in any other Acts for the time being applying to Calcutta or any other part of West Bengal, the authority concerned shall decide within a period of six months from the commencement of this Act, the minimum number of public water-taps, privies, street lights, bath rooms and other conveniences that must be available per every hundred of population in each slum and if any slum lacks such a minimum number of conveniences, the State Government shall have the power to make and shall make necessary arrangements for fulfilling the minimum".

Sir, I would appeal to Sj Jalan that as he accepted the amendment of Sj. Subodh Banerjee with good grace, he should also accept my amendment with the same good grace, because I do not want to change the spirit of his Bill. I am trying to add something to remove a gap from the Bill and it will act like a healing ointment on the gaping wound. The other day I tried to convince the Hon'ble Minister that will all his good intentions, and with all the good intentions and assistance from the Government of West Bengal as well as the Government of India he will take a very long time before he can achieve these objectives—perhaps one, two, three or four centuries. So if he adds this amendment to the Bill he will be justifying what has been stated in the objectives of the Bill that it is meant to remove the difficulties, the inconveniences, the great miseries in which the slum people have to live, because, after all, you are going to build pucca tenements in small instalments and very small number of bustee people would be accommodated in the near future and for a long period they must remain in the same misery. If that authority takes these things into consideration, and guarantees essential services in the bustees, I think this amendment will adorn your Bill, it will make life more tolerable for the period for these poor people.

With these few words I commend this amendment to the Bill to the Hon'ble Minister and I would be very happy to hear from him that he has accepted it.

[6-50—7-2 p.m.]

Dr. Narayan Chandra Ray:

মন্ত্রিমহাশয়ের সামনে এটা পেশ করার সময় এটা স্মরণ করাচ্ছি যে আমাদের পর পর তিনটা নতুন কুজ দেওয়ার মধ্যে একটা পারপাস আছে। সেটাতে আমাদের একটা কনস্ট্রাকশনএর লাইন আমরা দিচ্ছি। আমরা যেমন বলেছি আগের ধারাগুলিতে, আর এই ধারাতে বলতে চাচ্ছি যে আপনারা অন্য জায়গায় বস্তি ভাঙবার আগে যেখানে যেখানে সুটেবল ফাঁকা জায়গা আছে সেই জায়গায় যদি আপনারা কনস্ট্রাকশনটা আগে করেন তা হ'লে মানুষকে বিব্রত করা হয় না, বাড়ি ক'রে সাতিকারের কম ভাড়াতে যদি আপনি তাদের স্থান দেন তা হ'লে কাউকে তাড়াবার কথা হয় না, আমরা প্ররোচনা দিলেও আপনার সঙ্গে পারব না। এখানে আমাদের যদি ভুল মানুষের কাছে প্রমাণ করতে চান, যদি মানুষকে বাস্তুচ্যুত করতে না চান, যদি আপনার কনস্ট্রাকশনএর কোন ধারণা থাকে এবং সেই ধারণাটা সত্য ব'লে প্রমাণ করাতে চান আগে অন্য জায়গায় বাড়ি করুন কারও বাড়ি না ভেঙ্গে। আমাদের পরীক্ষা করুন, যদি মানুষ ডিসলোকেটেড না হয়, মানুষের যদি অর্থনৈতিক বিপর্যয় না ঘটে আমরা হয়তো এখনি জানাতে পারি আমরা শুধু বিরোধিতা করবার জন্য বলি না। এটা আপনারা প্রমাণ ক'রে দিতে পারেন যে মানুষের জীবনে সুখ আসবে, তাদের খরচ বাড়বে না, তাদের কোন বিপর্যয় ঘটবে না। আমরাই হয়তো তখন আপনার পাশে দাঁড়িয়ে সাহায্য করব। সেইজন্য আমাদের কুজএ আমরা বলছি যে ফাঁকা জায়গায় বাড়ি করুন, এবং সে জায়গাগুলিতে বাড়ি তৈরি করুন, কারণ তা হ'লে মানুষই চলে

যাবে যদি কম ভাড়ায় হয় এবং আপনাকে তারা নিজেরাই হালকা ক'রে দেবে। সেইজন্য আপনার আগের দু'টো ধারাতে বস্তির মধ্যে রিকনস্ট্রাকশন বাই দি বস্তি-ডোয়েলার্স—এই কথাটা আগেরগুলিতে তুলে দিন। আমি মাননীয় বন্ধু ডাঃ রণেন সেনের কথার উপর একটা কথা যোগ ক'রে দিচ্ছি। আমি আপনাকে এর আগে প্রশ্ন করেছিলাম এবং মাননীয় মুখ্যমন্ত্রীর জবাবে তার জবাব হয় নি। কো-অপারেটিভ বারেবারে দিতে চান, ঐখানে রিমডেলিংএর বন্দোবস্ত করতে চান। আমি আপনাকে জিজ্ঞাসা করেছিলাম যে, আপনি এখানে এইটুকু যোগ করতে পারেন কি পারেন না যে ঐ বস্তির মানুষ যদি কো-অপারেটিভ করে তাদেরকে দেবেন, না অন্যকে দেবেন? আমার জানা আছে আপনি যদি চান আমি আলাদা আপনাকে জায়গা ব'লে দেব যেখানে বাহিরের লোক, তারা ছোট ছোট কো-অপারেটিভএর বন্দোবস্ত করছে অলরেডী বস্তি রিমডেলিংএর ভার নেবে ব'লে। আমার জানা আছে তাদের কিছু কিছু লোক আপনাদের বন্ধুবান্ধব। এইজন্য সত্যই আমাদের মনে একটা আশঙ্কা আছে যে কো-অপারেটিভ ক'রে যখন করবার কথা বলেন কো-অপারেটিভএর লোন হয়তো ভবিষ্যতে পাবে এবং করবার সুযোগ পাবে, কিন্তু সেটাতে বস্তির মানুষ বঞ্চিত হবে। সেইজন্য আমার আগেকার সংশোধনী ছিল এবং ডাঃ সেনের সংশোধনীর মধ্যে ঐ মানুষকে ঠিকা প্রজা আইনকে সংশোধন ক'রে স্থায়ী স্বত্ব দিয়ে তাকে নিশ্চিন্ত ক'রে তাকে উদ্বুদ্ধ করুন এবং তারা যাতে কো-অপারেটিভ করতে পারে সে কথাটা আমি পরে আনব। আমি আবার বলছি ফাঁকা জায়গায় বাড়ি ক'রে মানুষকে আগে তাদের থাকার মত বন্দোবস্ত ক'রে দিন, ভাড়া কম করুন, তারপরে অন্য জায়গায় যেখানে স্লাম ব'লে ডিক্লেয়ারড করবেন সেখানে যাতে ঐ মানুষ থেকে নিজেরা কো-অপারেটিভ করে, নিজেদের টাকায় বা সরকারের টাকায় লোন নিয়ে যাতে তারা পুনর্গঠন করতে পারে সেই লাইনএ আপনি করুন। এই ব'লে আমার সংশোধনী প্রস্তাব আপনার সামনে পেশ করলাম।

Clause 4

Sj. Sunil Das: Sir, I beg to move that in clause 4, for the words "State Government" the words "Autonomous Board" be substituted wherever it occurs.

I also move that after clause 4(3) the following new sub-clause be inserted, namely—

"(4) That a Register of all Slum-dwellers be prepared immediately after a notified area has been declared a slum area under sub-section (3) above."

I also move that in clause 4(3), line 1, after the word "consideration" the words "and hearing" be inserted.

স্যার, আমার কয়েকটা অ্যামেন্ডমেন্ট আছে, আমি একসঙ্গেই বলছি। এটা পূর্বে আমি বোর্ড সম্বন্ধে বলেছি, এইজন্য এটা একটা কন্সিকোয়েন্সিয়াল চেঞ্জ। অবশ্য যদি আগের অ্যামেন্ডমেন্টটা বাতিল হয়ে থাকে। এর সম্বন্ধে বক্তব্য বেশি কিছু নাই। আর অ্যামেন্ডমেন্ট নং ৮১—তাতে আমি বলেছি। এর তাৎপর্য হ'ল এই যে রিপ্রেজেন্টেটিভ আসবে, কন্সিডার তো করবেন, কিন্তু সেই সঙ্গে সঙ্গে বলছি বিবেচনার পদ্ধতিটা কি হবে? দুই রকমভাবে আমরা কোন রিপ্রেজেন্টেশন বিবেচনা করতে পারি—একটা হ'ল লিখিতভাবে একটা রিপ্রেজেন্টেশন পাঠিয়ে দেওয়া হ'ল এবং সেই লিখিত রিপ্রেজেন্টেশনএর উপরে প্রেসক্রাইব্ড অথরিটি, তাঁরা বিবেচনা করলেন এবং তাঁদের মতামত তার উপর ব্যক্ত করলেন। প্রেসক্রাইব্ড অথরিটি হয় সেই রিপ্রেজেন্টেশন গ্রহণ করলেন, না হয় সেই রিপ্রেজেন্টেশন বর্জন করলেন। কিন্তু আরও একটা রিপ্রেজেন্টেশনএর পদ্ধতি আছে। সেটা হ'ল এই যে লিখিত রিপ্রেজেন্টেশনএর সঙ্গে সঙ্গে তেমনি যেই লিখিত রিপ্রেজেন্টেশন গ্রহণ-বর্জনের সময় এল সেই সময় যিনি রিপ্রেজেন্টেশন দিলেন তাকে উপস্থিত হবার একটা সুযোগ দিতে হবে সেই প্রেসক্রাইব্ড অথরিটির সামনে মৌখিক তার রিপ্রেজেন্টেশনএর সমর্থনে বক্তব্য নিবেদন করার জন্য। সেইজন্যই বলছি শুধু কন্সিডারেশন বললেই চলবে না, তার সঙ্গে সঙ্গে তাকে একটা হিয়ারিং দিতে হবে যাতে কন্সিডারেশনটা পরিপূর্ণ হ'তে পারে, সম্পূর্ণ হ'তে পারে। তা না হ'লে কন্সিডারেশনটা আংশিক হয়ে যায়।

অনেক সময় আমাদের অভিজ্ঞতা থেকে জানি, মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন শুধু লিখিতভাবে কেস-এর কাজ চলে না, ক্রস-একজামিনেশন হয়, সওয়াল-জবাব হয়, উইটনেসএর ডিপোজিশন ইত্যাদি হয়। তার ফলে কন্সিডারেশনএর মূল্য অনেক পরিমাণে বেড়ে যায়। যেটা অনুল্লিখিত থাকে রিপ্রেজেন্টেশনএ সেটা উল্লেখ করবার সুযোগ সে পায়। যে লিখিত রিপ্রেজেন্টেশন চায় তার সামনে রিপ্রেজেন্টেশনএর বক্তব্যটা তা হ'লে ভালভাবে বিচার্য হ'তে পারে। রিপ্রেজেন্টেশনকারীর উপস্থিত হওয়ার ফলে সেটা হয়তো গৃহীত হ'তে পারে। সেইজন্য আমি বলছি কন্সিডারেশন আন্ড হিয়ারিং দুটোই পাশাপাশি থাকা দরকার। এটি কোন গুরুতর ব্যাপার নয়। আমার মনে হয় মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করতে পারেন এবং এই ক্লজএর উদ্দেশ্য পরিপূর্ণ করতে পারেন।

আর ৮৬ নম্বর আমেন্ডমেন্ট হ'ল এই :

to move that after clause 4(3) the following new sub-clause be inserted:—

That a register of all slum dwellers be prepared immediately after a notified area has been declared a slum area under section 3 above.

এখন এটার উদ্দেশ্য খুব স্পষ্ট। আমি বলতে চাই একটা এলাকা যখন নোটিফায়েড এলাকা —যখন স্লাম এলাকা ব'লে ঘোষিত হ'ল, তখন সেই স্লাম এলাকার যারা অধিবাসী, তাদের শুধু সংখ্যা নির্ণয়ের জন্য একটা রেজিস্টার করা দরকার। নামধাম, বাপের নাম, বয়স ইত্যাদি সমস্ত কিছু একটা লিখিতভাবে রেজিস্টার করা দরকার। কারণ নোটিফায়েড এরিয়া হওয়ার সংগে সংগে কোন দলিল যদি না থাকে কারা এই স্লামএ বাস করত, কারা এই স্লাম-ডোয়েলার্স, কারা এই স্লাম হাউ-ওনার তার যদি একটা লিখিত ডকুমেন্ট না থাকে, এমন সম্ভব হ'তে পারে, এমত হয়েছে অতীতে যারা প্রকৃত স্লাম-ডোয়েলার্স, যে টেনেমেন্ট তাদের বসবাসের জন্য তৈরি করা হ'ল সেখানে বসবাসের জন্য তারা জায়গা পেল না। অথচ যারা বাইরের লোক, যারা কোনকালে সেখানে ছিল না তারা সেখানে জায়গা পেয়ে গেল। রিফিউজি রিলিফ ব্যাপারে এই রকম অভিজ্ঞতা আমাদের হয়েছে। আমি দেখেছি, আমি জানি অনেকক্ষেত্রে যারা প্রকৃত উদ্বাস্তু তারা সেখানে সেখানে জায়গা পেল না, কিন্তু যারা উদ্বাস্তু নয় তারা উদ্বাস্তু নাম ক'রে সেখানে জায়গা পাচ্ছে। এটা খুব একটা দুঃখের কথা। আমার যে কথা সেটা ভারত সরকারের কথা। এটা সবাই আপনারা জানেন এই ধরনের অভিযোগ বারবার হয়েছে। তার মীমাংসা আমরা করতে পারি নাই। তাই সময় থাকতে প্রতিকার করতে বলছি। শুধু বললেই হবে না স্লাম ভেংগে দাও, বাড়ি তৈরি হবে, একমাসের মধ্যে বাড়ি তৈরি হচ্ছে, তোমরা সেখানে কমপেয়ারেবল রেন্টএ বসবাস করবে। এইসমস্ত কথা বললেই হবে না। কলিকাতা কর্পোরেশনএর, ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টএর ইন্টালি এলাকার কাছে বাড়ি তৈরি হয়েছে টেনেমেন্ট ভেংগে। সেখানে সেই এলাকার স্লাম-ডোয়েলারএর কত পারসেন্ট স্থান পেয়েছে? আমার মনে হয় কেউই নয়। পূর্বে যে স্লাম ছিল সেই সংখ্যা কমে গিয়েছে। ১৯৫১ সালের সেন্সাস রেজিস্টারএ যে স্লামের সংখ্যা দেওয়া আছে তার চেয়ে ১৯৫৬ সালে তিন হাজার কমে গেছে। আমি জিজ্ঞাসা করি এই স্লাম-ডোয়েলাবরা গেল কোথায়? কলকাতার বাইরে পাঠিয়ে দেওয়া হয়েছে, না এখানে স্থান দেওয়া হয়েছে? এই ব্যবস্থা অযৌক্তিক অস্বীকার করতে পারেন? কাজেই যারা প্রকৃত স্লাম-ডোয়েলার্স এখনই তাদের নামধাম টুকে ফেলা দরকার, আইডেন্টিফাইএর ব্যবস্থা করা দরকার। তা হ'লে যখন এই স্লাম-ডোয়েলারদের জন্য টেনেমেন্ট তৈরি হবে তখন তারা এসেই দাবি করতে পারবে এবং কোন বাইরের লোক আর এসে দাবি করতে পারবে না। আশা করি মন্ত্রিমহাশয় আমার এই সংশোধন প্রস্তাব গ্রহণ করবেন। তা যদি তিনি না করেন তা হ'লে মনে করব তারা স্লাম-ডোয়েলারদের সেখানে স্থান দিতে চান না। যেমন রিফিউজি রিলিফএর ব্যাপারে হয়েছে এখানেও তেমনি হবে, বাইবের লোককে গ্রহণ করা হবে। এই আন্দাজ আমরা পাচ্ছি, তার আভাস আমরা পাচ্ছি। আমাদের সংশয়মুক্তি করার জন্য আমার এই সংশোধন প্রস্তাব তাঁদের গ্রহণ করতে বলছি।

Mr. Speaker: I wish to tell you, honourable members, something just in passing. I can visualise such difficulties as will never be overcome.

However, for tomorrow's business in the first place we will finish the unfinished Resolution. After that we will take up the two Bills, one of Sjkta. Mani Kuntala Sen and the other of Sj. Satyendra Narayan Mazumdar. After we finish the Bills, we will go on with the Slum Clearance Bill. There will be no questions.

Adjournment

The House was then adjourned at 7-2 p.m. till 2-30 p.m. on Friday, the 14th March, 1958, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 14th March, 1958, at 2-30 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 14 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 205 Members.

[2-30—2-40 p.m.]

Mr. Speaker: I propose to take up the non-official Bills first, then the unfinished resolutions and then the Slum Clearance Bill.

Statement regarding Inspector-General of Police's statement

Sj. Jatindra Chandra Chakravorty: Sir, I rise on a point of privilege. গতকাল মুখ্যমন্ত্রী মহাশয় যে স্টেটমেন্ট দিয়েছিলেন, তাতে বলেছিলেন যে, আই-জি অফ পুলিশ যে প্রেস কনফারেন্স ডেকেছিলেন, তাতে শুধুমাত্র স্টেটসম্যান কাগজই নয়, অন্য কাগজের রিপোর্টাররাও ছিল। আমি সংবাদ নিয়েছি এবং সেই সংবাদ অনুসারে এখানে বলতে পারি যে সেই স্টেটমেন্ট কেবলমাত্র, এক্সক্লুসিভলি স্টেটসম্যান রিপোর্টারএর কাছেই দেওয়া হয়েছিল। সুতরাং মুখ্যমন্ত্রী মহাশয় এই সভাকে যে মিসলিড করেছেন তারজন্য আমি মনে করি এই হাউসএর প্রিভিলেজ বা অধিকার, তার দ্বারা ক্ষুণ্ণ করা হয়েছে।

Mr. Speaker: That is not a point of privilege.

NON-OFFICIAL BILLS

The West Bengal Prohibition of Dowry Bill, 1958

Sjkta. Manikuntala Sen: Sir, I beg to leave to introduce the West Bengal Prohibition of Dowry Bill, 1958.

[Secretary then read the title of the Bill.]

Sjkta. Manikuntala Sen: Sir, I beg to move that the West Bengal Prohibition of Dowry Bill, 1958, be taken into consideration.

স্যার, একটি বিশেষ উদ্দেশ্য নিয়ে আমি এই বিলটি আনতে চাচ্ছি। এটা আমাদের দেশের অত্যন্ত পুরাতন একটি সামাজিক প্রথার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য আনা। এই প্রথাটা বহুদিনের পুরান—জানি না কতদিনের পুরান এই প্রথা—৫০ কি ১০০ বছর কি তারও বেশী। কিন্তু এইটুকু সকলেই এখন লক্ষ্য করে যে, আমাদের সমাজ ব্যবস্থা অনেক এগিয়ে গেছে, পুরানো দিনের মত আর নেই। বিবাহ প্রথার মধ্যে অনেক পরিবর্তন এসেছে। আগেকার দিনে হিন্দু সমাজে যে বিবাহ প্রথা ছিল সে বিবাহ প্রথার অনেক পরিবর্তন ঘটেছে। শুধু যে বিবাহ প্রথার পরিবর্তন ঘটেছে তা নয়, নারী সমাজেরও অনেক পরিবর্তন ঘটেছে। অর্থাৎ শিক্ষা এবং অর্থনৈতিক ক্ষেত্রে নারীদের মধ্যে অনেক পরিবর্তন ঘটেছে। শিক্ষার দিক থেকে দুঃখের বিষয় যে এখনও পর্যন্ত আমাদের দেশের মেয়েরা খুব বেশী সংখ্যায় শিক্ষিতা নয় এবং সমস্ত শিক্ষিতের মধ্যে এখনও পর্যন্ত মেয়েদের শিক্ষার হার অত্যন্ত কম আছে। কিন্তু তা সত্ত্বেও এটা সুখের বিষয় যে, আমাদের সমাজে এখন বহু উচ্চ শিক্ষিতা মেয়েরও স্থান আছে। বহু উচ্চ শিক্ষিতা মেয়েরা এখন একটা গৌরবজনক স্থান নিয়ে আছেন। এই পরিবর্তন আনন্দের সঙ্গে নিশ্চয় সকলেই লক্ষ্য করেন। অর্থনৈতিক ক্ষেত্রেও সঙ্গে সঙ্গে মেয়েদের একটা পরিবর্তন এসেছে। আগে যেমন ছিল যে, [illegible]

ক্ষেত্রে মেয়েরা শুধু অপরের উপর নির্ভরশীল ছিল, কিন্তু এখন সে যুগেরও পরিবর্তন হচ্ছে। মেয়েরা স্বাবলম্বী হচ্ছেন এবং পরিবার পরিজনকেও পোষণ করে থাকেন। সুতরাং সেদিক থেকে যথেষ্ট পরিবর্তন নারী সমাজের মধ্যে ঘটছে। অথচ আজ এত পরিবর্তন সত্ত্বেও এই পণ-প্রথার মতন একটা কু-প্রথা তার সমস্ত রকম দৌরাত্ম নিয়ে আজও পর্যন্ত এটা সমাজের বুকে আছে। এর বিরুদ্ধে প্রতিবাদ এবং জনমত যথেষ্ট আছে এবং এটা বহুকাল আগে থেকেই আছে। এর বিরুদ্ধে নানারকম সভা-সমিতি, আন্দোলন ইত্যাদির মারফৎ জনমত অভিব্যক্তি লাভ করেছে। শুধু তাই নয়, যারা এই সমস্ত কু-প্রথার শিকার, সেই সমস্ত হতভাগ্য মেয়েরাও পর্যন্ত নিজেদের আত্মাহুতি দিয়ে এই প্রথার বিরুদ্ধে তাদের শেষ কথা জানিয়ে যেতে বাধ্য হয়েছে। বাংলাদেশ তার হতভাগ্য কুমারী কন্যা স্নেহলতাকে নিশ্চয় বিস্মৃত হয় নি। সেই স্নেহলতাকে জ্বলন্ত আগুনে আত্মাহুতি দিতে হয়েছিল এই পণ-প্রথার অত্যন্ত মর্মান্তিক শিকার হিসেবে। শুধু তাই নয়, সেই স্নেহলতার যুগ থেকে আরম্ভ করে সেও প্রায় আজ ৫০ বছর—আজ পর্যন্ত বহু অভিমত ব্যক্ত হয়েছে। অর্থাৎ শুধু স্নেহলতাই নয়, আরও অনেক কুমারী কন্যা এইরকম কু পণ-প্রথার শিকারে পরিণত হয়েছেন। আমাদের দেশের যাঁরা মনীষী, তাঁরাও এই প্রথার বিরুদ্ধে তীব্রভাবে তাঁদের মত ব্যক্ত করেছেন। রবীন্দ্রনাথ থেকে আরম্ভ করে বাংলাদেশের সমস্ত মনীষীরাই এই প্রথার বিরুদ্ধে তাঁদের মত জ্ঞাপন করেছেন। কিন্তু আশ্চর্যের বিষয় যে এই প্রথার আজও পর্যন্ত কোন পরিবর্তন ঘটে নি, বরং এটাই দেখা যায় যে, এই প্রথার সম্পর্কে আরও বেশী দৌরাত্ম্য এখন দেখা যাচ্ছে। এমন কি এটা অত্যন্ত লজ্জার বিষয় যে, সে চেতনা যেন সমাজ থেকে চলে গেছে, বরং এই নিয়ে গর্ব করতেও দেখা গেছে। কিন্তু এর ফল কি হচ্ছে? যাঁরা কন্যার পিতা-মাতা, তাঁদের কি দুর্দশা হচ্ছে সে সম্পর্কে আমাদের সমাজে যে কিছু অজানা আছে তা নয়। পিতা-মাতার ট্রাজেডি বহু সংসারেই দেখা যায়। অনেক সময় এর জন্য সর্বস্বান্ত হতে হয়েছে, ঘটি বাটি বিক্রি করতে বাধ্য হয়েছে, জমিজমা ও বসতবাটি বিক্রি করতে হয়েছে এইরকম বহু পিতা-মাতার সঙ্গে আমাদের সমাজ বিশেষভাবে পরিচিত। শুধু তাই নয়, বর্তমানে মানুষের আর্থিক অবস্থার ফলে এখন এই প্রথা এমন একটা পরিস্থিতির সৃষ্টি করেছে যে, বিবাহযোগ্য এবং বিবাহযোগ্যা পুরুষ-নারীর বিয়ে হওয়া কঠিন জিনিস হয়ে দাঁড়িয়েছে। বিশেষ করে মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্তের ঘরে এবং গ্রামাঞ্চলে যারা সিডিউল্ড কাস্ট, তাদের মধ্যে এই পণ-প্রথার জন্য বর-পণ এবং কন্যা-পণ বিয়েটাই একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এখন গ্রামাঞ্চলে গেলে বহু জায়গায় দেখা যায় যে, সেখানে মেয়েরা এখন পর্যন্ত লেখাপড়া শিখবার সুযোগ পায় নি, সেখানে দেখা যায় যে তারা লেখাপড়া করতে পাচ্ছে না, চাকরী করায়ত্ত্বের কোন সুযোগ নেই, কিন্তু তাদের বিয়ে হচ্ছে না। অর্থাৎ তাদের বাবা-মা পণ বা যৌতুক দিতে হবে বলে বিয়ে দিতে পারেন না।

[2-40—2-50 p.m.]

গ্রামাঞ্চলে বিশেষ করে মধ্যবিত্ত ঘরে, এবং আরো নিম্নে যাঁরা গ্রামাঞ্চলে থাকেন, ধরুন সিডিউলড্ কাস্ট, তাঁদের মধ্যে এই পণ-প্রথা, বর-পণ এবং কন্যা-পণ এ দুইই একটা বৃহত্তর সমস্যা হয়ে দাঁড়িয়েছে। বহু জায়গায় দেখা যায়, গ্রামাঞ্চলে গেলে, সেখানে এখন পর্যন্ত মেয়েরা লেখাপড়া শেখার সুযোগ পায় না, সেইজন্য লেখাপড়া শিখে চাকরী-বাকরী করার কোন সুযোগ তাদের নেই ; অথচ বিয়েও তাদের হতে পারছে না, কারণ বাপ-মা পণ দিতে পারেন না বা যৌতুক দিতে পারেন না, কাজেই তাদের বিয়েও তাঁরা দিতে পারেন না, গ্রামের মেয়েদের সেইজন্য আজ বেশীর ভাগ ক্ষেত্রেই ২০।২২ বা ২৫ বছর পর্যন্ত অপেক্ষা করতে হয়, এই হচ্ছে আজ গ্রামাঞ্চলের পরিস্থিতি। এ-কথা সকলেই জানেন, এখনো পর্যন্ত যা নাকি আমাদের সামাজিক প্রথা তাতে করে মেয়েদের জীবিকা সংস্থানের জন্য বিবাহই করতে হয়। যারা নিজেরা চাকরী করেন, নিজেদের জীবিকার্জন করেন, তাঁদের সংখ্যা অতি কম। ছেলেদের দেখা যায় বয়স হলে বাপ-মায়ের উপর নির্ভরশীল হয়ে থাকা তাদের আত্মসম্মানে যেন লাগে। মেয়েদের যদি বয়স হলে বিবাহ না হয় তাহলে তাদের মনেও সেই অনুভূতি আসে, তখন বাপ-মায়ের উপর নির্ভরশীল হয়ে থাকা তাদের পক্ষে একটা মর্মান্তিক দুঃখের কারণ হয়ে দাঁড়ায়।

অন্যদিকে, কন্যা-পণ যাদের মধ্যে প্রচলিত আছে, সেখানে দেখা যায় দু'তিন কুড়ি টাকা যোগাড় করতে না পারার জন্য, বিশেষতঃ কৃষকদের মধ্যে ৪০।৪৫ বয়স পার হয়ে যায় এবং যেহেতু তাদের সমাজে বয়স্থা মেয়ে পাওয়া যায় না সেইহেতু ১০।১২ বছর বয়সের মেয়েকে বিবাহ করতে হয়। এ একটা ট্রাজেডি। এটা সমাজের পক্ষে সুস্থ ব্যবস্থা নয়। এবং একমাত্র পণ-প্রথা এই বিপর্যয় সৃষ্টি করে থাকে। এ-কথা সকলেই জানে এবং প্রায় সকলেই এ-বিষয়ে ভুক্তভোগী, অথচ যখন নিজের সময় আসে তখন জিনিসটা তারা ভেবে উঠতে পারেন না। কন্যার বিবাহ দেবার বেলায় কন্যার পিতা যে পরিস্থিতি মর্মে মর্মে উপলব্ধি করেন, তিনিই যখন আবার পুত্রের পিতা হন তখন তিনি সে কথা সম্পূর্ণ ভুলে যান, তিনি যে আঘাত পেয়েছেন নিজের বেলায় সেই আঘাতটাকে যেন ফিরিয়ে দেবার জন্য পুত্রের পিতা হিসেবে পণ হাঁকেন। যেন একটা ক্রিয়া এবং তার প্রতিক্রিয়া সেইভাবে এই প্রথা চলে আসছে এবং সম্পূর্ণ দাপটের সঙ্গে চলে আসছে। যেমন জিনিসপত্রের দাম বাড়ছে সঙ্গে সঙ্গে পণের পরিমাণও তেমনি বাড়ছে। পণেরও যেন মূল্য বৃদ্ধি হচ্ছে, এইভাবে প্রথাটাও বেড়ে চলেছে। সবচেয়ে বড় কথা, বিবাহ সম্পর্কের মধ্যে যদি এই প্রথা থাকে, তার চেয়ে অসম্মানজনক জিনিস আর নাই। যেটা নরনারীর জীবনে সবচেয়ে ঘনিষ্ঠ সম্পর্ক, সেই ঘনিষ্ঠ সম্পর্ককে টাকা-পয়সার সামগ্রী, দেনা-পাওনার সামগ্রী করে তোলা, এর মতন নীচতা আর কিছু থাকতে পারে না। অথচ জেনেশুনে আমাদের সমাজ এই নীচতা সহ্য করছে এবং প্রায় সর্বস্তরেই বহাল রেখেছে। আমি রবীন্দ্রনাথ ঠাকুরের একটা লেখার অংশ আপনাদের সামনে উপস্থিত করতে চাই, এর চেয়ে তীব্র ভাষায় এই প্রথার বিরুদ্ধে কেউ নিন্দা করে নি। তাঁর "বিলাসের ফাঁস" প্রবন্ধের মধ্যে এক জায়গায় তিনি বলেছেন –

> "এমন লজ্জাকর ও অপমানকর প্রথা আর নাই। জীবনের সর্বাপেক্ষা ঘনিষ্ঠ সম্বন্ধ দোকানদারি দিয়া আরম্ভ করা, যাহারা আজ বাদে কাল আমার আত্মীয় শ্রেণীতে গণ্য হইবে, আত্মীয়তার অধিকার স্থাপন লইয়া তাহাদের সঙ্গে নির্লজ্জভাবে, নির্মমভাবে দরদাম করিতে থাকা এমন দুঃসহ নীচতা যে সমাজে প্রবেশ করিয়াছে সে সমাজের কল্যাণ নাই, সে সমাজ নিশ্চয়ই নষ্ট হইতে আরম্ভ করিয়াছে।"

এই কথা রবীন্দ্রনাথ বলেছেন। আরো অনেক কথা তিনি বলেছেন, এইটুকু শুধু তুলে দিলাম। এর চেয়ে তীব্র কষাঘাত সমাজের বিরুদ্ধে আর কেউ করেন নি। সমাজের নিয়ম হিসেবে এই জিনিস আজ চলছে। এ যদি অপমানের বিষয় হয়, লজ্জার বিষয় হয়, তাহলে কেন মেয়েরা বরদাস্ত করছে? তার কারণ বিবাহিত জীবনে এ নিয়ে সুখে আছে, এ-কথা উঠতে পারে। প্রত্যেকেরই বিবাহিত জীবন যে একেবারে বিপর্যস্ত হয়ে যাচ্ছে, এ-কথা আমি বলতে চাই না। কিন্তু এ-কথা ঠিক যে, আমাদের দেশে সামাজিক নিয়ম হিসেবে এটাকে অগত্যা মেনে নিতে বাধ্য হয়। এবং এই সামাজিক নিয়ম মেনে নিয়েও সুখে-স্বচ্ছন্দে ঘরসংসার করে। কিন্তু এই নিয়মের ক্রীড়নক হিসেবে, যন্ত্র হিসেবে যারা তাদের আত্মসম্মানে আঘাত করে, সেই লোকদের তারা খুব ভাল বলে ভাবতে পারে না। কোন মেয়ের বাপ-ভাই শোষণের দ্বারা যখন সর্বস্বান্ত হয় তখন সে তার আত্মমর্যাদার উপর এত বড় আঘাত পায় যে সে তার আত্মীয়স্বজনকে, শেষ পর্যন্ত তার স্বামীকে পর্যন্ত সে ক্ষমা করতে পারে কি? পারে বলে আমি বিশ্বাস করি না। এই কারণে এ-প্রথার অবসান হওয়া দরকার। আজ এই কথা আমরা সকলেই বিশ্বাস করি যে, এই পণ-প্রথা খারাপ, এর অবসান হওয়া দরকার অথচ আশ্চর্য আজো পর্যন্ত কোথাও থেকে সুরু হয় নাই এর অবসানের চেষ্টা। আমরা জানি সামাজিক চেতনাবোধ ছাড়া এর অবসান অসম্ভব। তাহলেও রাষ্ট্রের ও সরকারের কিছু দায়িত্ব আছে। যারা এই পণ-প্রথার শিকার হিসেবে নিপীড়িত ও বঞ্চিত তারা যদি সরকারের কাছে সাহায্য প্রার্থনা করে, সরকার নীরব থাকতে পারেন না। তারা যদি আইনের আশ্রয় প্রার্থনা করে তাহলে সরকারের নিরপেক্ষ থাকা সম্ভব নয়।

দ্বিতীয়তঃ, কোথাও কোথাও থেকে এই প্রথার বিরুদ্ধে আঘাত ঘোষণা করার দরকার আছে। এইজন্য আমি মনে করি এই প্রথার বিরুদ্ধে একটা আইন থাকা উচিত, বিশেষতঃ যেখানে নারী-পুরুষের অসমান সম্পর্ক এবং সামাজিক ব্যবস্থা বর্তমান, যদিও সেই অসমান

সম্পর্ককে ক্রমশঃ সমান করে আনবার দিকে আমাদের সকলেরই আজ সজাগ ও সচেষ্ট দৃষ্টি রয়েছে। ভারতবর্ষের সংবিধানে নারী-পুরুষের সমান অধিকার স্বীকার করা হয়েছে এবং এখনই সেটাকে কাজে লাগাবার জন্য হিন্দু-বিবাহ প্রথা পরিবর্তিত হয়েছে। আগে যেটা ছিল, সেটা এখন নাই। এবং পৈতৃক সম্পত্তিতে মেয়েদের অধিকার সাব্যস্ত হয়েছে।

[2-50—3 p.m.]

আমরা আন্দোলন করে থাকি, নারী এবং পুরুষের মধ্যে যেন শ্রমিকদের ক্ষেত্রে কোন অসাম্য না থাকে, মজুরের ক্ষেত্রে কোন অসাম্য না থাকে, এই শ্রমিক আন্দোলন করে থাকি, এই স্লোগান দিয়ে ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে আন্দোলন হয়ে থাকে। অর্থাৎ যে যে ক্ষেত্রে নর এবং নারীর মধ্যে সামাজিক, অর্থনৈতিক পার্থক্য, আছে, রাজনৈতিক পার্থক্য আছে—যে পার্থক্যগুলো আজও পর্যন্ত আমাদের সমাজে আছে, সেই পার্থক্য ঘুচিয়ে দেবার জন্য নর এবং নারীকে আপন মর্যাদায় প্রতিষ্ঠা করার জন্য সমাজের দৃষ্টি আজ নিশ্চয়ই সচেষ্ট এবং সেদিক থেকে সরকার অনেকখানি সহায়ক হয়েছেন। লোকসভায় এই আইন দুটি গৃহীত হয়েছে। সুতরাং এই অবস্থায় এখন প্রথাটা থাকার কোন যুক্তি নাই। আগে এটা ছিল, যখন মেয়েদের পৈতৃক সম্পত্তির উপর অধিকার ছিল না। সেই সময় সেই মেয়ের বিবাহের সময় তার পিতামাতা কিছু দেবেন মেয়েরা এটা আশা করত এবং তাদের পরিবারের লোকও আশা করত। এখন সে অবস্থা নেই, তারা পৈতৃক সম্পত্তির অধিকারী হয়েছে, বাপ-মা ইচ্ছা করে বিয়ের সময় দিলেন বা না দিলেন, পৃথক করে দান হিসাবে দেওয়ার প্রশ্ন আসে না। তবে যাদের কিছু নাই তাদের মেয়েদের কিছু দেওয়ার প্রশ্ন আসে না, তার উপর কোন বাধ্যবাধকতা সৃষ্টি করার কোন ক্ষেত্র থাকে না বরং তাদের এ কু-প্রথার হাত থেকে প্রটেকশন দেওয়ার দরকার। সেজন্য এ উদ্দেশ্য নিয়ে এ বিল এই হাউসের সমানে উত্থাপন করেছি, এখন আইন পাশ করতে গেলে মুশকিল আছে, আমি জানি। একটা প্রথা আমাদের দেশে চলতি আছে, তার কোন আইনসঙ্গত অধিকার নাই—প্রথা হিসাবে চলতি আছে। সুতরাং এই প্রথার ভালমন্দ নানা দিক আছে, এটা আইন দিয়ে বন্ধ করতে যাওয়ার খুব মুশকিল আছে এবং আশা করি আইন পাশ করে সমস্যার সমাধান হবে না, হতে পারে এ-কথাও বলি না—এ-কথা কেউ বিশ্বাস করে না এবং আমিও বলি না। আমি অভিনন্দন জানাই অন্ধ্রের বিধানসভাকে, যে বিধানসভা পণ-প্রথার বিরুদ্ধে ভারতের মধ্যে সর্ব প্রথম আইন পাশ করেছে। আমি অভিনন্দন জানাই কেরালার বিধানসভাকে, কারণ তারা এ-প্রথার বিরুদ্ধে বিল উত্থাপন করেছে, আর অভিনন্দন জানাই অন্ধ্র বিধানসভার এ আইনের যে রচয়িতা শ্রীকালেশ্বর রাওকে। তাঁর এ চিন্তাধারা আজ নূতন নয়, তাঁর এ চিন্তাধারার সঙ্গে আমরা আগেই পরিচিত ছিলাম। তিনি ১৯৪৫ সালে প্রথম চেষ্টা করেছিলেন মেয়েদের সামাজিক অবস্থার পরিবর্তন করতে, বিবাহ বিধির পরিবর্তনের জন্য। তাঁর সেই চেষ্টার কথা আমাদের মনে আছে—যখন ১৯৪৫ সালে রাও বিল কেন্দ্রীয় আইন সভায় আসল, তাতে অসবর্ণ বিবাহের কথা বিলের মধ্যে ছিল। সেই বিলের সমর্থনে সমস্ত ভারতবর্ষব্যাপী বিরাট আন্দোলনের সৃষ্টি হয়েছিল, সে-কথা স্মরণ করে দেখুন, তখন বাংলাদেশ অবিভক্ত ছিল, বাংলাদেশে রাও বিলের সমর্থনে ১৬টি মহিলা সমিতি আন্দোলন করে। সেই আন্দোলনের ফলে ৬০ হাজার স্বাক্ষরযুক্ত একটি দরখাস্ত রাও কমিটির কাছে পাঠান হয়। রাও কমিটি এখানে এসে শত শত মেয়েদের সাক্ষ্য গ্রহণ করে। যারা এই কু-প্রথার জন্য অত্যন্ত নির্যাতিত জীবন-যাপন করতে বাধ্য হয়েছে, সেইসব মেয়েদের সাক্ষ্য গ্রহণ করে। তথাপি সেই সময় ১৯৪৫ সালে সেই আইন পাশ করা সম্ভব হয় নি, তার কারণ আমাদের দেশে একদিকে যেমন প্রগতিশীল চিন্তাধারা ছিল তেমনি পাশাপাশি আবার রক্ষণশীল চিন্তাধারাও ছিল। সেই রক্ষণশীল অংশ তখন প্রতিরোধ গড়ে তুলেছিল, এটা বাংলাদেশে আমরা প্রত্যক্ষ করেছিলাম। সেই সময় বাংলাদেশে রাও বিলের সমর্থনে আন্দোলনে যিনি নেতৃত্ব করতে এসেছিলেন, তিনি হচ্ছেন আমাদের শ্রদ্ধেয়া স্বর্গীয়া সরোজিনী নাইডু। তাঁর মত ওজস্বিনী বাগ্মীকেও হিন্দু মহাসভার তীব্র প্রতিক্রিয়াশীল প্রতিরোধের সামনে স্তব্ধ হতে হয়েছিল। এত বিরোধিতার সামনে তখনকার ইংরেজ শাসনকালে সেই বিল পাশ করা সম্ভব হয় নি। কিন্তু আজ হয়েছে। আজ থেকে লোকসভায় নারীদের পৈতৃক সম্পত্তিতে অধিকার আইন আমরা

পেয়েছি এবং লোকসভায় এই হিন্দু-বিবাহ বিল পরিবর্তন করে অসবর্ণ বিবাহ আইনসঙ্গত করে তার মধ্যে মেয়েদের পৈতৃক সম্পত্তিতে অধিকার দিয়ে সেই বিল আমরা পেয়েছি। সুতরাং অবস্থার অনেক পরিবর্তনের জন্য এসব আজকে সম্ভব হয়েছে, এই অবস্থা পরিবর্তনের জন্য আজ এই বিল এনে পণ-প্রথার বিরুদ্ধে আইন পাশ করা সম্ভব। আগে হলে হয়ত এটা সম্ভব হত না, কিন্তু প্রগতিশীল চিন্তাধারা আমাদের সমাজে আজকে বড় হয়ে উঠেছে, অনেক বেশী শক্তিশালী হয়ে উঠেছে এবং মেয়েদের মধ্যেও শক্তিশালী হয়ে উঠেছে। মেয়েদের মধ্যেও যে জাগরণ দেখা যাচ্ছে, সামাজিক চেতনার যে অগ্রগতি দেখা যাচ্ছে, সেই অগ্রগতির সামনে নিশ্চয়ই এরকম আইন তাঁদের সহায়ক হবে। আমি এটুকু বলতে চাই যে, এই আইন সমস্যার সম্পূর্ণ সমাধান করবে না কিন্তু তা সত্ত্বেও এই আইন প্রগতিশীল চিন্তাধারাকে সাহায্য করবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। এই উদ্দেশ্যে আমি এই বিল এনেছি, এর মধ্যে কোন রাজনীতি নেই, এটা সকলে নিশ্চয়ই স্বীকার করেন। সামাজিক সংস্কারের দিক থেকে, সেই দৃষ্টিভঙ্গী থেকে এই বিল আমি এখানে উপস্থিত করেছি। এর মধ্যে স্টেটের বা সরকারের স্বার্থ জড়িত নেই। সুতরাং এর মধ্যে সরকার পক্ষ বনাম বিরোধী পক্ষের কোন সম্পর্ক, সেটা আমি চাই না বরং আমি দেখেছি এই বিল আনবার সঙ্গে সঙ্গে আমি উভয়পক্ষের সদস্যদের কাছ থেকে অনেক বেশী উৎসাহ, সমর্থন এবং অভিনন্দন পেয়েছি, বিশেষ করে আমি মহিলা সদস্যাদের কথা বলছি, ওঁদের কাছ থেকে আমি অনেক বেশী উৎসাহ পেয়েছি। শ্রীমতী অঞ্জলি খান, শ্রীমতী অনিমা হোর এবং শ্রীমতী লাবণ্যপ্রভা ঘোষ, এঁদের সঙ্গে আমার অনেক আলোচনা হয়েছে এবং এই বিলকে তাঁরা সমর্থন জানিয়েছেন। একে কি করে উন্নত করা যায় এবং এর ত্রুটিবিচ্যুতি কিভাবে দূর করা যায়, এ-সম্পর্কে তাঁরা অনেক উপদেশ ও পরামর্শ দিয়েছেন। আমি শ্রীমতী পূরবী মুখার্জীকে বলতে শুনেছি ডাঃ রায়ের মুখের উপর, তিনি যখন বলেছিলেন যে, এই বিলকে সার্কুলেশনে দেবেন তখন শ্রীমতী পূরবী মুখার্জী তাঁকে বলেছিলেন, যদি একে সার্কুলেশনে দেওয়া হয় তাহলে আই উইল বি দি ফার্স্ট পার্সন টু অপোজ ইট। তাহলে বুঝতে পারছেন নীতিগত দিক থেকে এর বিরোধিতা করেন, এই হাউসে এমন লোক সম্ভবতঃ নেই। বিশেষতঃ বাংলাদেশের যে প্রগতিশীল চিন্তাধারা, সেই প্রগতিশীল চিন্তাধারার স্বপক্ষে আজকে অন্ততঃ এই আইনসভার যাঁরা সদস্য, তাঁরা থাকবেন এইটুকুন আমি আশা করতে পারি। সেদিক থেকে আমি এই বিলটা হাউসের সামনে উপস্থিত করছি এবং আশা রাখি যে, অন্ধ্রের মত পশ্চিম বাংলায়ও আমরা এই বিল পাশ করতে পারবো। আমার বিলের ত্রুটী যথেষ্ট আছে, খুব তাড়াতাড়ি করে আমি এই ড্রাফটা করেছি। সুতরাং সেদিক থেকে ত্রুটী থাকা স্বাভাবিক এবং হয়ত সকল দিকে আমি লক্ষ্য রাখি নি। সেই ত্রুটীগুলি সংশোধনীর মারফত সংশোধন করা যায় এবং এ বিষয়ে আমার কোন আপত্তিও নেই। আমি ত্রুটীর দিক থেকে উল্লেখ করে যাচ্ছি। প্রথম ত্রুটী হয়েছে এখানে বরপণ এবং কন্যাপণ দুটোর বিষয়ে উল্লেখ করা হয় নি, কেবল বরপণ ধরা হয়েছে, কন্যাপণ ধরা হয় নি। এই দুটোই সমানভাবে আমাদের সমাজে কু-প্রথা হিসাবে আছে, এটা আইনের মধ্যে উল্লেখ করা দরকার এবং উভয়ক্ষেত্রে যাতে এই আইন প্রযোজ্য হয় তার ব্যবস্থা করতে হবে। দ্বিতীয় হচ্ছে, এই আইন প্রয়োগের ব্যাপারে অনেক খুঁটিনাটি বিষয় আছে যা আমার নজরে পড়ে নি এবং পড়া সম্ভবও নয়, সেগুলি আরো বিস্তৃতভাবে আলোচনা হওয়ার ক্ষেত্র আছে, প্রয়োজন আছে এবং হওয়া উচিত। তা ছাড়া এই বিলের মধ্যে লক্ষ্য রাখা দরকার মুসলমান এবং খ্রীস্টান সম্প্রদায়, তাঁদের প্রথার উপর কোন আঘাত না আসে, সেটা এই বিলের মধ্যে লক্ষ্য রাখার দরকার হবে, সেটা সম্পর্কে হয়ত আমি চিন্তা করি নি। এ ছাড়া বিতর্কমূলক অংশ আছে, সেগুলি আপনার সামনে আমি রাখতে চাই।

3—3-10 p.m.]

চ্যাপ্টার ১(এ) যেখানে আছে ইন ক্যাশ, সেখানে বিতর্কের অবকাশ রয়েছে। আমি এ-নিয়ে শুধু আইনসভার সদস্যদের সঙ্গে আলোচনা করেছি তাই নয়, বাইরেও—এমন কি, মহিলা সম্মেলনেও আলোচনা করেছি ; সেখানে সম্প্রতি একটা খুব জোরালো মতামত প্রকাশ করা

হয়েছে। সেখানে আলোচনা করে দেখেছি, এ-বিষয়ে একটা মতভেদ আছে, ক্যাশ টাকা দেওয়া বা বরপণ দেওয়া, এ-সম্পর্কে তীব্র আপত্তি সকলেরই আছে, কিন্তু যৌতুক হিসাবে বা জিনিসপত্র দেওয়া হয় সেটা একেবারে নাকচ হয়ে যাবে, এ-সম্পর্কে মতভেদ আছে এবং মতভেদের অবকাশও আছে। সুতরাং আরো আলোচনা ও চিন্তা করা উচিত কিভাবে সবদিক বজায় রাখা যায়, সকলের মতকে সন্তুষ্ট করা যায়, এসবদিকে দৃষ্টি দিতে হবে। তারপর, ২নং যেখানে ২ হাজার টাকার জিনিস অন্ততঃ দেওয়া যাবে বলে কথা হয়েছে, সেখানে অনেকে অনেক মত প্রকাশ করতে দেখা গিয়েছে, এমন কি এই আইন যদি পাশ হয়, ক্যাশ ইন কাইন্ড দিতে পারবে না, এই যদি আইন পাশ হয় তাহলে অনেকে পয়েন্ট আউট করেছেন যে, মেয়ের বিয়ের সময় একটা গলার হার বা সোনার বালাও দিতে পারবে না, মা-বাপ খুসী হয়ে যা দিতে পারবে তাও দেবার অধিকার থাকবে না। এ-সম্পর্কে অনেক মতামত আছে। ২ হাজার টাকার ব্যাপারটা সম্পূর্ণ ডিলিট করে দিন ; কেউ বলেন, আগে থেকে ৫০০ টাকার পরিমাণ পর্যন্ত রেখে দেওয়া হোক, এরকম এ্যাডভাইস পাচ্ছি, এবং এরকম অনেক মতামত শুনতে পাচ্ছি। সুতরাং ২ হাজার টাকা ফাইন্যাল হওয়া উচিত নয়, এবং ৫০০ টাকাও ফাইন্যাল হওয়া উচিত নয় বা একেবারে ডিলিট করার প্রস্তাব তাও ফাইন্যাল হওয়া উচিত নয়, আরো বেশী করে আলোচনা না করে, আরো অনেক বেশী লোকের মতামত না নিয়ে, আরো চিন্তা না করে কোনটাই বন্ধ করা উচিত নয়। অবশ্য এটা ঠিক যে, ২ হাজার টাকা যদি রেখে দেওয়া হয় তাহলে সমস্ত অর্থাৎ বেশীর ভাগ লোক, মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত, যাঁদের প্রটেকশনের জন্য এই বিল রচনা করা হয়েছে, তাঁদেরই প্রটেকশন হবে না, কারণ, ২ হাজার টাকা দেওয়া তাঁদের পক্ষে কষ্টকর, অথচ অপরদিকে যাঁরা কিছুটা দিতে পারবে যদি তারজন্য কোন প্রভিশন না থাকে, এই বিলে তাহলে তাঁদের দেবার কোন সুযোগ থাকে না, এই একটা উভয়সংকট এর মধ্যে আছে। তাই আমি বলছি, এ-সম্পর্কে সকলে মিলে বিবেচনা করে সুচিন্তিত মতামত দেওয়া কর্তব্য। তবে একটা জিনিস করা যেতে পারে—যেখানে দেবার ক্ষমতা আছে এবং যাঁরা দিতে চান তাঁদের এই দেওয়াকে যদি তাঁরা গিফট হিসাবে দেন তাহলে চলতে পারে ; গিফট হিসাবে যদি দেন তাহলে সরকারের ঘরেও অর্থ আসবে, কারণ গিফটের উপর ট্যাক্স আছে এবং সরকারের তাতে কোন লোকসান নাই। আরো বিশেষ করে এখন যখন মেয়েরাও উত্তরাধিকারী হবে, তখন দেবার পথে বাধা কিছু হবে না। বিবাহের সময় কিছু দিতে চেয়েছিলেন, সেই যে প্রতিশ্রুতি তা পূরণ হওয়ার কিছু মুস্কিল হবে, কিন্তু মেয়েরা তো এখন ইনহেরিট করবে। সুতরাং তাঁদের খুব বেশী ভাবনা-চিন্তার দরকার হবে না। ভাবনা বেশী করে তাঁদেরই হবে যাঁদের কিছু নাই দেবার, ২ হাজার টাকা কেন, ১০০ টাকাও যাঁরা দিতে পারবেন না তাঁদের হবে ভাবনা। সেই ভাবনা থেকে মুক্ত করতে পারা যায় যদি একটা প্রভিশন রাখা যায় এবং তাহলে একটা সীমা নির্দেশ করাও উচিত হবে। আমি এসম্পর্কে এটুকু বলেই এই বিতর্ক শেষ করছি যে, যখন সুযোগ হবে আলোচনা করার, এবং যখন বিস্তৃততর মতামত মানুষের কাছ থেকে সংগ্রহ করা হবে একমাত্র তখনই এই সম্পর্কে বলা যাবে এবং এই সমস্ত বিতর্কের সমাধান হতে পারে—যদি এই বিল সিলেক্ট কমিটিতে দেওয়া হয় এবং এই সিলেক্ট কমিটিতে দিলে এই বিলের যে-সমস্ত ত্রুটি-বিচ্যুতি আছে তা সংশোধন করা যেতে পারে অথবা এই বিলের মধ্যে যে-সমস্ত বিতর্কমূলক ধারা এবং ত্রুটিযুক্ত যে-সমস্ত ওমিশন আছে, সেসবগুলি সিলেক্ট কমিটিতে সমাধান হতে পারে। এটা কোন মস্ত বড় বিষয় নয়, আমার মনে হয়, এর সমাধান সহজেই হতে পারে। আসল বিতর্ক হচ্ছে এই যে, এই আইন করার আদৌ কোন প্রয়োজনীয়তা আছে কিনা, এখনো এই বিষয়ে একটা মতভেদ আছে, এই আইন করলে কোন মঙ্গল হবে কিনা, অর্থাৎ এই আইন করলে পণপ্রথা রদ হবে কিনা, অথবা আরো বেশী মানুষের উপর অত্যাচার হবে এইরকম একটা আশঙ্কা দেখা যায়। অনেকের কাছ থেকেই এইরকম কথা শুনেছি এবং এমন কি আরেকটা মতামত দেখা যায় যে,

Mr. Speaker: Sjkta. Sen, one minute please. Mr. Mullick will occupy the Chair.

(At this stage Sj. Ashutosh Mullick, Deputy Speaker, occupied the Chair.)

Sjkta. Manikuntala Sen:

এই আইন করার নীতিটারই বিরোধিতা করছেন, এও দেখা যায়, এমন কি, আমি একজন বিশিষ্ট আইনজ্ঞের কথা বলতে পারি, ডাঃ রায় তাঁকে চেনেন, তিনি এই অভিমত প্রকাশ করলেন যে, যদি যৌতুক বন্ধ করা আইন পাশ হয় তাহলে—

I shall be the first person to break that law.

এটা তিনি বলেছেন, অর্থাৎ এরকম নানা মতামত আছে। আমার কথা হচ্ছে, এটা জানা কথা, আইন পাশ করে এই কু-প্রথার মূলোচ্ছেদ করা যাবে না, তা অসম্ভব। কোন একটা আইন পাশ করে এর মূলোচ্ছেদ করা সম্ভব নয় বলেই মনে করা যেতে পারে। যতক্ষণ পর্যন্ত না সামাজিক চেতনা বাড়ান যাবে, বিশেষ করে মেয়েদের শিক্ষায়-দীক্ষায় স্বাবলম্বী করা যেতে পারে, সমস্ত রকম বৈষম্য দূর করা যায়, ততক্ষণ পর্যন্ত এই পাপ ও কু-প্রথায় মূলোচ্ছেদ করা যাবে না, একথা সকলেই জানেন। কিন্তু একটা জিনিস দরকার, এই প্রথা যে পাপ প্রথা সেটা ঘোষণা করা দরকার, এই প্রথা জঘন্য প্রথা সেটা ঘোষণা করা দরকার, কিন্তু সেটা আজ পর্যন্তও ঘোষণা করা হয় নি, আজ পর্যন্ত কেউ বলেন নি পণপ্রথা অত্যন্ত মারাত্মক ও জঘন্যধরণের সমাজবিরোধী প্রথা। এখানে আমি স্নেহলতার কথা উল্লেখ করব। এই প্রথার, এই এ্যান্টি-সোশ্যাল ক্রাইমের বিরুদ্ধে অভিযোগ জানাতে গিয়ে সে হাওড়ার পুলের উপর থেকে ঝাঁপ দিয়েছিল, তাকে উদ্ধার করল প্যাট্রোল পুলিশ। কোর্টের বিচারে আত্মহত্যার চেষ্টার অপরাধে তাকে টিল রাইজিং অফ দি কোর্ট এই সাজা নিতে হল।

আর যে কারণে তাকে আত্মহত্যা করবার জন্য উদ্বুদ্ধ করেছিল, যার জন্য সে বাধ্য হয়েছিল, কই তার তো কোন খোঁজ হল না, সাজা হল না? সুতরাং এই প্রথাটা যে একটা মস্ত বড় জঘন্য অপরাধ, সে কথা ঘোষণা করবার দরকার আছে এবং এই সম্পর্কে সাজা দেবারও দরকার আছে। আমাকে কেউ কেউ বলেছেন যে তাতে কি হবে? এই সাজার যদি ব্যবস্থা করা হয়, তাতে বরং উল্টো ফল হবে। এই সাজা দেবার ব্যবস্থা যদি থাকে, তাহলে মানুষকে পণও দিতে হবে এবং পুলিশকে ঘুষও দিতে হবে। সুতরাং লাভ কিছু নাই।

[3-10—3-20 p.m.]

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি বলতে চাই, যেহেতু ভারী মুস্কিল, যেহেতু আমাদের দেশের পুলিশের ব্যবস্থা অত্যন্ত খারাপ, যেহেতু আমাদের দেশের পুলিশ ঘুষ খায়, সেইহেতু কোন অপরাধকে অপরাধ বলতে পারবো না! এতো ভয়ানক মারাত্মক কথা! সেইজন্য অপরাধীর সাজা দিতে পারবো না? পুলিশ তো সর্বত্র ঘুষ খায়, তার জন্য কি তাহলে কোন আইন করা যাবে না? চুরি-ডাকাতি, খুন ইত্যাদি ব্যাপারে পুলিশ ঘুষ খেয়ে থাকে, তাহলে তো এর বিরুদ্ধে কোন আইন পাশ করা চলে না। কাউকেই তাহলে সাজা দেওয়া চলে না! এ দোষ তো সাধারণ মানুষের নয়। এর জন্য দায়ী সরকার: এর দায়িত্ব সরকারের নিতে হবে। কেন পুলিশ ঘুষ খায়? কেন পণপ্রথা নিবারণ করতে গেলে পুলিশের ঘুষ খাবার রাস্তা খুলে যাবে? একথা বলা হয় কেন? তার জন্য সম্পূর্ণ দায়ী সরকার নিজে। পুলিশ যাতে এই সমস্ত দোষ থেকে মুক্ত হয়, তার জন্য সমস্ত ব্যবস্থা সরকারকেই করতে হবে, তার জন্য অপরাধীর ক্ষমা হতে পারে না; তার জন্য এই জঘন্য প্রথাকে চলতে দেওয়া যায় না। আইন করে চুরি-ডাকাতি বন্ধ করবার চেষ্টা হয়েছে। অনেকে বলবেন আইন করলে কি তা বন্ধ হবে? একথা ঠিক যে, চুরি-ডাকাতি প্রভৃতির বিরুদ্ধে সাজার ব্যবস্থা করেও দেশ থেকে তা নিশ্চিহ্ন করা যায় নি। খুন-হত্যার বিরুদ্ধেও সাজার ব্যবস্থা করে, আইন করে সাজা দিয়েও এই হত্যা, খুন বন্ধ করা যায় নি। সুতরাং সেই ক্ষেত্রে আইন করে পণপ্রথা বন্ধ করা যাবে এমন দাবী আমি করি না। কিন্তু তবুও চেষ্টা হবে, সেদিকে পদক্ষেপ হবে এবং সমাজের চেতনা ফিরিয়ে আনবার জন্য, এই পণপ্রথা যে একটা জঘন্য সমাজবিরোধী অপরাধ, তার ঘোষণার দরকার আছে এবং তার সাজারও দরকার আছে।

আমাকে অনেকে জিজ্ঞাসা করেছেন—আইন করা সম্পর্কে আপনার এত কি মোহ? না, আইন সম্পর্কে আমার কোন মোহ নাই। আমাদের দেশে যেভাবে আইন হয় এবং তা যেভাবে কার্যকরী করা হয়, তা দেখে দেখে আমাদের ও বাইরের লোকের কোন মোহ নাই।

তবুও আমি সেই সাজা চাচ্ছি এইজন্য যে, এই পাপ কাজ, ঘৃণিত কাজ যারা করে, তারা এই করে সমাজের মেরুদণ্ড ভেঙ্গে দেয়। যারা এই কাজ করে, আমাদের নারী সমাজকে লাঞ্ছিত করতে সাহস পায়, আমাদের সমাজের এইরকম সম্মানজনক যে সম্পর্ক, সেই সম্পর্ককে অপমান করতে সাহস পায়, তারা সমাজের চোখে ও আইনের চোখে ঘৃণিত প্রতিপন্ন হোক এইজন্যই এই দাবী আমি করি। এইজন্যই আমার এই দাবীর পেছনে জনমত অত্যন্ত সুস্পষ্ট, জনমত জানতেও কোন অসুবিধা নাই। সমস্ত জনমত, যা প্রকাশ তারা করেছেন তা হচ্ছে এই গরীব গৃহস্থ, মধ্যবিত্ত মানুষ, তারা এই পণপ্রথার অত্যাচার থেকে অব্যাহতি লাভ করুক। সামাজিক প্রচেষ্টা দেশের আইনের প্রচেষ্টার জন্য স্থগিত থাকবে না। আইন দিয়ে সমস্ত পাপ দূর করা যায় না সত্য। সামাজিক প্রচেষ্টা—এই পণপ্রথার বিরুদ্ধে প্রচার দীর্ঘদিন ধরে চলেছে, আরো চলবে, এখনো চলছে।

সেদিন আমাদের ও-পক্ষের বন্ধুরা মেয়েদের সম্মেলন করে এলেন কাকদ্বীপে। সেখানেও এই সম্পর্কে সর্ববাদীসম্মত প্রস্তাব পাশ হয়েছে। এই সেদিন আমরাও সোশ্যাল ক্যাম্পের সম্মেলন করলাম। সেখানে দাঁড়িয়ে মেয়েরা ঘোষণা করলেন, মহিলা ফেডারেশনের পক্ষ থেকে যে, তাঁরা পণ নেবেনও না, দেবেনও না। এটা সামাজিক প্রচার। এই সমস্ত প্রচার করলে সমাজের উপর তার একটা সুস্থ প্রভাব নিশ্চয়ই হয়। শুধু তাই নয়; এই প্রচারের সঙ্গে সঙ্গে জনমত সংগ্রহ করবার চেষ্টা বহুবার হয়েছে, আরো হবে এবং এখনো হচ্ছে। তার একটা নমুনা হিসেবে, মাননীয় ডেপুটী স্পীকার মহোদয়, আপনার সামনে পনের হাজার স্বাক্ষরযুক্ত একটা গণ-দরখাস্ত উপস্থাপিত করতে চাই। এই স্বাক্ষর তুলেছেন মহিলা ফেডারেশন। তাঁরা মুখ্যমন্ত্রী মহাশয়কে জানিয়েছেন এই পণপ্রথা নিষিদ্ধ করে অবিলম্বে একটা আইন প্রণয়ন করা হোক। এই আবেদন তাঁরা করেছেন। এই আবেদনে নারী-সমাজ সভা-সমিতি ইত্যাদি করে, যে মতামত ব্যক্ত করেছেন, তাতে জনমত জানতে অসুবিধা হয় না। এতে করে সুস্পষ্ট জনমত পাওয়া যাচ্ছে, এটা বন্ধ করা হোক। সেইজন্য আমার অনুরোধ এই বিল মুখ্যমন্ত্রী মহাশয় বিবেচনা করুন এবং এই বিল এই সভায় আনুন এবং সংশোধিত আকারে গ্রহণ করুন। এই সঙ্গে পনের হাজার স্বাক্ষরযুক্ত একটা গণ-দরখাস্ত আপনার টেবিলে রাখছি, সেটা আপনি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে দেবেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
এই স্বাক্ষর কি মেয়েদের, না ছেলেদের?

Sjkta. Manikuntala Sen:
মেয়েদের।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
সব মেয়েদের স্বাক্ষর আনলে হবে না, ছেলেদেরও চাই।

Sjkta. Manikuntala Sen:
তা কোথা থেকে হবে? অর্ধেকের উপর তো পুরুষ।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, at the outset I desire to place the view-point of ourselves on this Bill. The prohibition of dowry by means of a Bill—to control it in certain cases—is long overdue. There are four provinces today which have already passed a Bill of this type, namely, Bihar, Sind, Kerala and I believe Andhra. After all, it is clear that a Bill of this type in order to be effective must have at its background a fairly well-developed social conscience. What may happen is that there will be always an attempt at evasion and not only that, there may be occasions where in a village evasions of this type might be utilised by a village antagonist for the purpose of creating difficulties at the time of marriage. Without going into the private discussions I had with Shrimati Manikuntala Sen and others with whom she came I may say that I have this view that some Bill of this type must be brought in. Perhaps the emphasis that is laid in this Bill may

have to be enlarged in some respects and controlled in other respects so that while oppressive dowry may be controlled, a willing present from the parents may not be interfered with or taken advantage of by the village enemy. There is no doubt also that we are going through a social revolutionary change in various aspects. The recent Hindu Code Bill has given the authority or rather made a provision that the girls would inherit as much as the boys do and, therefore, there is not so much necessity that there should be a system of dowry prevailing because originally it enables the parents to provide the daughter at the time of marriage with a certain sum of money. But we also know that this has been the cause of gradual discontent, because there is oppression not merely at the time of marriage but even after. Therefore, I have no doubt whatsoever in my mind that we should follow with the time. I have promised Shrimati Manikuntala Sen to bring in a Bill at the next session. I have handed over the provisions of her Bill to our Legal Advisers.

[3-20—3-30 p.m.]

I have told them that they should draw up a Bill so that it might as far as possible avoid any oppressive clauses and, at the same time, provide for the prevention of forcible realisation of dowry at the time of marriage.

Sir, with these remarks I suggest to my honourable friend Sjkta. Manikuntala Sen to withdraw this Bill. I promise to bring in a new Bill at the next session. I have also told her that before the provisions of the Bill are finally drawn up, we shall consult her and other women and men also regarding the provisions so that when we bring the Bill, it might have a unanimous passage in the Assembly. I am also very keen to find out how a similar Act has operated in Bihar, for instance, where the Act has been in operation since 1951. I have written to Sree Babu, the Chief Minister, to give me his impression as to how the Act has worked there. Sind I cannot communicate with although they passed this Act in 1939. Kerala, of course, has just started. So, we won't get much information from there although I may write to them also. I am also going to write to Andhra as to how they propose to avoid the pitfalls and, at the same time, ensure protection that Sjkta. Sen wants to ensure so far as dowry is concerned.

Sir, with these words, I hope that Sjkta. Sen will agree to withdraw the Bill.

Sjkta. Manikuntala Sen:

স্যার, মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি। তিনি এই যে আশ্বাস দিলেন একটা বিল আনবেন—আমি জানতে চাই সেটা জুন মাসে আসবে কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

হ্যাঁ।

Sjkta. Manikuntala Sen:

যখন উনি বলছেন যে জুন মাসে আর একটা বিল আসবে তখন আমার উইথড্র করবার আপত্তি নেই। আশা করি তখন একটা পূর্ণাঙ্গ বিল আসবে।

Mr. Deputy Speaker: Leave has been asked for by Mrs. Sen to withdraw her Bill. I think the House has no objection.

[There was no objection]

The West Bengal Prohibition of Dowry Bill, 1958, was, then, by leave of the House, withdrawn.

The West Bengal Maternity Benefit (Tea Estates) (Amendment) Bill, 1958

Sj. Satyendra Narayan Mazumdar: Sir, I beg to introduce the West Bengal Maternity Benefit (Tea Estates) (Amendment) Bill, 1958.

[Secretary then read the title of the Bill.]

Sj. Satyendra Narayan Mazumdar: Sir, I beg to move that the West Bengal Maternity Benefit (Tea Estates) (Amendment) Bill, 1958, be taken into consideration.

স্যার, এ বিল সম্বন্ধে বক্তব্য হচ্ছে যে, চা-বাগানের প্রসূতিদের যে ভাতা দেওয়া হয়, সেই ভাতা নিয়ন্ত্রণ করে একটা আইন আসে, সেটা হচ্ছে আমাদের পশ্চিমবঙ্গের আইন, ১৯৪৮ সালে সেই আইনটা হয়। এই আইনে তখন ঠিক করা হয়েছিল, এর আগের ৬ মাস ও পরের ৬ মাস, এবং মাঝের ৬ সপ্তাহকে সপ্তাহে ৫।০ টাকা ভাতা দেওয়া হবে। এই ৫।০ টাকা কিভাবে ঠিক হয়েছিল, সেটা আইনে বলা নেই; অন্য কোথাও বিশেষ পাই না। তবে অঙ্কটা দেখে হিসাব করে এই থেকে যা মনে হয় যে, তখন দার্জিলিংএ স্ত্রী-শ্রমিকদের যে নিম্নতম মজুরি ছিল, তার সঙ্গে সম্পর্ক রেখে, তার ভিত্তিতে এই বিলটা তৈরি হয়। কাজেই সেটা ছিল নিম্নতম, অর্থাৎ দার্জিলিংএর স্ত্রী-শ্রমিকরা তখন যা মজুরি পেতেন, তার চেয়ে ডুয়ার্স ও তরাইয়ের স্ত্রী-শ্রমিকদের দৈনিক মজুরি বেশী ছিল। তাদের ছিল ৸৵০ আনা। কাজেই নিম্নতম যেটা ছিল, তার ভিত্তিতেই এই আইনটা পাশ হয়। তারপর বহু বৎসর হয়ে গেল, জিনিসপত্রের দাম অনেক গুণ বেড়ে গিয়েছে আমরা জানি এবং নিম্নতম মজুরিও এর মধ্যে ২।৩ বার সংশোধিত হয়েছে। কিন্তু প্রসূতি-ভাতা এপর্যন্ত সংশোধিত হয় নি। সেটা সপ্তাহে সেই ৫।০ টাকাই রয়ে গিয়েছে। এই ব্যাপারটা পরিবর্তন হওয়া একান্ত প্রয়োজন। এখন এই বিলে আমি একটা সংখ্যা বা পরিমাণের প্রস্তাব করেছি, ৭৸৵০ করে। এই প্রস্তাবটা আমিই করেছি, খানিকটা এই হিসাবে, যদিও ৭৸৵০র আরও একটু বেশী হওয়া উচিত। দার্জিলিংএ যেটা স্ত্রী-শ্রমিকদের নিম্নতম মজুরি, তার সঙ্গে হিসাব করে এই জিনিসটা প্রস্তাব করেছি। কিন্তু আমি মনে করি, এটা আরও একটু বেশী হওয়া উচিত। আমি শুনেছি, কিছু কিছু সদস্যের মত এইরকম যে, এই ভাতার হার আরও বাড়ান উচিত। আমিও সে সম্বন্ধে সম্পূর্ণ একমত যে, ডুয়ার্স ও তরাইয়ের হিসাবে হওয়া উচিত, তাহলে সেটা ৯ টাকা কয়েক আনা পর্যন্ত এসে যাবে। কিন্তু আমি পরিমাণটা কম করে বলেছি এইজন্য যে, আমি আশঙ্কা করেছিলাম, নানাদিক থেকে, মালিকদের দিক থেকেও বিরোধিতা হতে পারে। সরকার এ-সম্বন্ধে কি মনোভাব নেবেন, আমি এখনও জানি না। অন্ততঃ সরকারীভাবে জানি না। কাজেই আমি এই বিলটার যখন খসড়া করি, এই নোটিশ দিই, তখন নিম্নতম যেটা সেটাই দিয়েছিলাম এই আশায়, যে এর বিরুদ্ধে বিরোধিতা না হয়, যাতে গ্রহণযোগ্য হয় এবং যাতে এখন থেকে পাশ হয়। এখন এই প্রসঙ্গে আরও কতকগুলি কথা বলবার আছে অর্থাৎ প্রশ্ন উঠতে পারে, আমি জানি না, আমি দেখলাম শ্রীযুক্তা মৈত্রেয়ী বসুর নামে একটা সংশোধনী দেওয়া আছে যে, এটা জনমত সংগ্রহের জন্য সার্কুলেশনে দেওয়া হোক। তিনি যখন সংশোধনী তুলবেন, তখন তাঁর বক্তব্য শুনব এবং শুনে তখন বুঝব তিনি কি বলতে চাইছেন। কিন্তু এর সঙ্গে অন্য যে-যে প্রস্তাব আসতে পারে, প্রশ্ন আসতে পারে, সেই সম্বন্ধে আমি কিছু বলতে চাই, যাতে কোন সন্দেহ না থাকে এবং সরকারপক্ষের মনে যদি কোন সন্দেহ থাকে বা সংশয় থাকে কতকগুলি ব্যাপারে, তা নিরাকরণের জন্য। প্রথম আইনগত দিক যদি ধরি, যে এইরকম একটা প্রস্তাব উঠতে পারে যে, মিনিমাম ওয়েজ এ্যাক্ট আছে, সেই মিনিমাম ওয়েজ এ্যাক্টের মধ্য দিয়েই এটা হবে। কিন্তু তা নয়। সেটা মনে করার কোন কারণ নাই। কেন না, এই মেটারনিটি বেনিফিটের জন্য সম্পূর্ণ স্বতন্ত্র আইন এই পশ্চিমবঙ্গ আইন-সভা পাশ করেছিল ১৯৪৮ সালে। সুতরাং মিনিমাম ওয়েজ এ্যাক্টের সঙ্গে এর কোন সম্পর্ক নেই। মিনিমাম ওয়েজের সঙ্গে সম্পর্ক যেটুকু রয়েছে সেটুকু হচ্ছে, প্রসূতি-ভাতার পরিমাণ ঠিক করার ব্যাপারে। কিন্তু মিনিমাম ওয়েজ এ্যাক্টের সঙ্গে এর কোন সম্পর্ক নেই। এবং সম্পর্ক যে নাই, আইনগত দিক থেকে তার কতকগুলি জিনিস আমি বলছি যে, যেমন চা-বাগানের নিম্নতম মজুরি সম্বন্ধে সরকারকে পরামর্শ দেবার জন্য

দুটো কমিটি হয়েছিল। একটা কমিটির কাজ শেষ হয়ে গিয়েছে, আর একটা কমিটির কাজ এবার শেষ হবে। তাদের যে বিষয়গুলি তদন্ত করে, বিবেচনা করে সরকারকে পরামর্শ দিতে বলা হয়েছিল, তার মধ্যে প্রসূতি-ভাতার কোন প্রশ্ন ছিল না এবং সেইজন্য তারা এটা বিবেচনা করে নি। এবং সেই কমিটির সামনে এই প্রশ্ন আদৌ উত্থাপিত হয়েছিল কিনা, আমি অবশ্য সঠিক জানি না, আমার মনে হয়, হয় নি। কিন্তু তারা এ-বিষয়টা নিয়ে বিবেচনা করে নি, মাথা ঘামায় নি। এই যে একটা এ্যানোমেলি, এর ফল হয়েছে এই যে, মজুরি বেড়ে গিয়েছে, জিনিসপত্রের দাম অনেক গুণ বেড়ে গিয়েছে, অথচ প্রসূতি-ভাতা, সেটা সেই দশ বছরের আগের হিসাবেই দিয়ে যাচ্ছেন। তার ফলে তাদের এখন পর্যন্ত অনেক লোকসান হচ্ছে। দ্বিতীয় কথা হচ্ছে যে, ম্যাটারনিটি বেনিফিট আইনকে প্রয়োগের ব্যাপারে এন্তিয়ার দেওয়া হয়েছে ফ্যাক্টরী ইন্সপেক্টরকে। মিনিমাম ওয়েজ এ্যাক্ট ব্যাপারে দেওয়া হয় লেবার কমিশনার বা এ্যাসিস্টান্ট লেবার কমিশনার ইত্যাদিকে। কিন্তু এটা প্রয়োগের অধিকার দেওয়া হয়েছে ফ্যাক্টরী ইন্সপেক্টরকে। দ্বিতীয় যেটা বাগিচা আইনে আছে, প্ল্যান্টেশন লেবার এ্যাক্ট, তাতেও আলাদা করে ম্যাটারনিটি বেনিফিট সম্বন্ধে লেখা আছে যে, ম্যাটারনিটি বেনিফিট, এটার এই ৩২ ধারায় আছে যে, সেটা রাজ্য-সরকার যে আইন বা নিয়ম করবেন, সেই অনুসারেই সেটা ঠিক হবে। তারপর আমাদের পশ্চিমবঙ্গ সরকারের দপ্তরে ১৯৫৬ সালে চা-বাগান আইন অনুযায়ী প্ল্যান্টেশন লেবার এ্যাক্ট অনুযায়ী যে নিয়মগুলি বা আইনগুলি করেছিলেন, প্ল্যান্টেশন লেবার রুলস তার ৭৬নং রুলে এটা বলে দিয়েছেন যে, চা-বাগানের প্রত্যেক নারীশ্রমিক তারা পশ্চিমবঙ্গের যে ম্যাটারনিটি বেনিফিট এ্যাক্ট, ১৯৪৮ সালের আছে, সেটার অনুযায়ী এই প্রসূতি-ভাতা পাবে।

[3-30—3-40 p.m.]

সুতরাং আইনগত প্রশ্নে এখানে এরকম আইন উত্থাপন করার কোন বাধা নাই, বাধা থাকতে পারে না। এটা সরকারপক্ষকে পরিষ্কারভাবে বলতে চাই। আর একটা প্রশ্ন উঠতে পারে; প্রশ্নটা অসঙ্গত তা বলছি না। যখন দেখা গেল যে, চটকলে বা অন্যান্য শিল্পে নারী-শ্রমিকদের কিছু কিছু সুবিধা দিয়ে আইন পাশ করার ফলে মালিকেরা সে জিনিসটাকে এমনভাবে নিচ্ছেন যাতে নারীশ্রমিকের সংখ্যা কমে গিয়েছে। নারীশ্রমিকদের ছাঁটাই করা, তাদের না নেওয়া, ইত্যাদি অনেক জিনিস তাঁরা করেছেন, তার ফলে এরকম একটা আশঙ্কা আসতে পারে, সঙ্গতভাবে আসতে পারে, অসঙ্গতভাবে বলছি না, এরকম আইন পাশ করলে ফল অধিক খারাপ হবে। কিন্তু এ-সম্বন্ধে বলতে চাই, চা-বাগানের অভিজ্ঞতা থেকে, যে চট-শিল্পের সঙ্গে চা-শিল্পের তুলনা হয় না। চা-শিল্পে নারীশ্রমিকের সংখ্যা শতকরা ৪৬, এবং চা পাতা তোলার কাজ নারীশ্রমিকই করে, তাদের দক্ষতা সে-বিষয়ে বেশী। এই যে শ্রমিকের নিম্নতম বেতন ঠিক আছে, তার মধ্যে সেই শ্রমিক পরিবারে ক'জন মুখাপেক্ষী বা ডিপেন্ডেন্ট আছে বা শ্রমিক পরিবারে ক'জন উপার্জক আছে, এই সমস্ত হিসাব কোরে সেই নিম্নতম মজুরি ঠিক হয়। এই ব্যাপারে চা-শিল্প সংক্রান্ত যে সর্বোপরি কমিটি আছে, সেখানে কিছু আলোচনা এবং সম্প্রতি যে লেবার কনফারেন্স হয়ে গেল, সেখানে তাদের নিম্নতম মজুরি বদলে ন্যায্য মজুরি দেওয়ার প্রশ্ন আসে। সেই হিসাব, মজুরি দেওয়া সম্বন্ধে, সকল নারীশ্রমিক, পুরুষশ্রমিক, এবং প্রাপ্তবয়স্ক ছেলেমেয়ে, এ্যাডোলসেন্টস সকলে যে উপার্জন করে এবং মোট যা আয় তার ফ্যামিলি বাজেট কোরে এবং তাদের মুখাপেক্ষী ক'জন তা হিসাব কোরে তাদের সেটা নির্ধারিত হয়েছে। কাজেই আমি বলছি, এই আইন যদি আপনারা পাশ করেন তাহলে চা-বাগানের মালিকেরা নারীশ্রমিকদের চা-বাগানের কাজ থেকে বাহিরে বার কোরে দেবেন, ছাঁটাই করবেন, বা কাজ দেবেন না, এটা খুব গুরুতর সম্ভাবনা বলে মনে হচ্ছে না।

তারপরে প্রশ্ন উঠতে পারে এই যে, এ ব্যাপারে মালিকদের সঙ্গে পরামর্শ করা হয় নি, বা মালিকদের সঙ্গে আলোচনা করার যে প্রথা রয়েছে, সেই আলোচনার জন্য এবং কতকগুলি যে প্রতিষ্ঠান রয়েছে, কতকগুলি মেশিনারী রয়েছে, তার মধ্য দিয়ে আলোচনা হওয়া দরকার। ত্রি-দলীয় আলোচনা বা দু-পক্ষীয় আলোচনা হয় এ আমরা চাই। কিন্তু এই

জিনিসটা বিশেষ মনে রাখতে হবে মিনিমাম ওয়েজ এ্যাডভাইসরী কমিটিতে এ প্রশ্ন ওঠে নি, অন্যান্য ত্রি-দলীয় যে আলোচনা তাও হয় নি; কেন না, এই প্রসূতি-ভাতা ১৯৪৮ সালের আইন অনুযায়ী চলে আসছে। তার ফলে ১০ বছর হয়ে গেল, অথচ ১০ বছরের হিসাব যা আছে, তখন যে জিনিসপত্রের দাম ছিল সেই অনুসারে প্রসূতি-ভাতা হয় নি; কাজেই কার্য্যতঃ অনেক লোকসান হয়েছে। এ-সম্বন্ধে কার দোষ তা বলতে চাই না। কিন্তু কার্য্যতঃ এটা বিবেচনা করা উচিত এবং মালিককেও এ-কথা বলতে হবে, এ-বিষয়ে অনেক আগে থেকে সচেতন হলে কয়েক বছর আগে থেকে নারীশ্রমিকেরা খুব বেশী পরিমাণে প্রসূতি-ভাতা পেত, কিন্তু সেটা থেকে তারা বঞ্চিত হয়েছে। সেদিক থেকে তারা যে ক্ষতিগ্রস্ত এই দৃষ্টিভঙ্গী রাখতে হবে।

তারপরে বলছি, নারীশ্রমিকদের ব্যাপারে আরও অনেক প্রশ্ন রয়েছে। যেমন নারী-শ্রমিকদের ব্যাপারে কোন আইন প্রণয়ন করতে গেলে শুধু প্রসূতি-ভাতা বাড়ানোর আইন নয়, নারী এবং পুরুষদের সমান মজুরির প্রশ্ন আসে সঙ্গতভাবে এবং সেটা খুব জরুরী হয়েছে। এইজন্য যে চা-বাগিচা সম্বন্ধে তদন্ত কমিশন যে সুপারিশ দিয়েছেন, কোন এক কাজের জন্য নারী-পুরুষদের নিম্নতম মজুরির ভিতর তফাৎ থাকা উচিত নয়। কাজেই তদন্ত কমিশন যে সুপারিশ করেছেন, সেই সুপারিশ অনুযায়ী সরকারের কাজ করা কর্তব্য ছিল। কাজেই এইসব বিবেচনা কোরে আমি বলছি, এই আইনটা অনেক দেরীতে আসলেও ভাল, যদিও আরও অনেক আগে এই ধরণের আইন আসা উচিত ছিল, এবং এটা করতে আর বেশী দেরী করা যুক্তিসঙ্গত নয়।

সুতরাং সংশোধন দিয়ে আইনে এই পরিমাণ যে বাড়াতে চান তাতে আমাদের একটুকুও আপত্তি নাই। তবে পরিমাণ কম করে দিয়েছি এই মনে করে সে পরিমাণ কম রাখলে বিরোধ কম হবে। মালিকপক্ষ প্রচেষ্টার বিরোধিতা করবেন না, যদিও যুক্তিসঙ্গতভাবে ৭৸৵০ আনা থেকে আরও অনেক বেশী তারা পেতে পারত।

এই বলে আমার মোশনটা বিবেচনার জন্য হাউসের সামনে রাখছি।

Dr. Maitreyee Bose: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th of June, 1958.

I congratulate the honourable member, Sj. Satyendra Narayan Mazumdar, for introducing this Bill in this session. It is a very timely Bill and I agree with him that this Bill should have been introduced much earlier. Whether the amount that he has suggested is lower than what it should be—there is no difference of opinion on that point. He has suggested calculating on the minimum wage that is being paid to the Darjeeling workers. But in fact the Act really provides that the calculation should be made on the minimum wage, on the daily rate that is being paid to the worker concerned. The daily rate multiplied by six and divided by seven is the basis of the daily payment as maternity benefit. When we talk of maternity benefit, we perhaps make a mistake in thinking that the maternity benefit is a benefit to the individual mother concerned. We never seem to realize that the woman gives birth to a child not only for her own sake, but for the sake of the society and the family. It is an act of great social importance and as such, society owes a great debt to the mother, and to bring up a child healthy in body and mind is the duty of the society itself and not of the parents only. Under the circumstances, this Act is of a very important nature and I would suggest circulation not for eliciting public opinion only, but for creating public opinion in its favour so that the employers cannot raise unnecessary objection. According to my calculation, the rate should be Rs. 9-9 as. per week calculated on the basis of daily wage rate of the Dooars workers. They get a higher pay and this has been done through successful negotiation in a tripartite body, and in this tripartite body which is really set up under the Minimum Wages Act various things htve been discussed, sometimes successful and sometimes, of course,

not so successful. Sometimes I am constrained to say that a resolution passed by majority of votes has been neglected and laid on the shelf. Very important resolutoins have been shelved even though passed at the tripartite body.

[3-40—3-50 p.m.]

Unfortunately it has been so. But in spite of that this tripartite body is a successful body from various angles, especially some tripartite bodies are very successful. So I would suggest to the Government that this Bill or the suggestion of such a Bill be referred to a specially set up tripartite body or to give it to the existing Tripartite Minimum Wages Body which can negotiate on this issue. At the same time I would request the Government that not only the Tea Estates but also the coal fields be included in it. These are two separate Acts and we have demanded from the Indian National Federation of Mine Workers that the maternity benefit payment should be at the rate of Rs. 3 per day. Now-a-days it is not only that living index has gone higher up than before but also social conscience is more awakened and the woman giving birth to a child previously paying Rs. 3 to a Dai would have been quite enough but now-a-days everybody is conscious of some boric cotton and some other necessary materials and all that sort of things. Everywhere hospital is not available. So a woman is to provide for everything out of her maternity benefit. And there in the coal fields also quite a lot of women are employed. So after eliciting public opinion by the 30th June I would request the Government to provide not only for the Tea Estates but also for the coal fields and if possible for the rice mills also. There too a number of women are employed. This would be an act of great social importance and the employees must see that the children of today who would be labourers tomorrow have a good physique and a good background. This is a request which I hope the Government will keep in mind and during the budget session of June and July these Bills can be introduced.

I would suggest another thing. The Bill was passed in 1948 originally and then amended in 1950. There 4 weeks was amended to six weeks: I do not suggest that in all cases of normal child birth six weeks previously and six weeks afterwards should be enhanced. They may remain so. But there should be a provision, if necessary in the rules, that in cases of abnormal child birth, in cases of Eclampsia pregnancy and in cases of anaemic pregnancy and in other such complicated cases, this maternity benefit should be extended to a further period, as we have done in the case of injury to the dockers. Injury may be sustained by any labourer but dock work is hazardous. Therefore it has gone beyond the Workmens' Compensation Act and leave with full pay is given to the dock workers to the extent of four months which is denied to other labourers. So in cases of such abnormal child birth associated with Eclampsia or anaemic pregnancy or I can cite many other instances which perhaps will bore the members here, but in such cases there should be a provision that this benefit may be extended.

Another difficulty that arises sometimes should also be guarded against if necessary in the Act or perhaps in the rules that after six weeks when some women do not come and join work their maternity benefit sometimes is cut because they have not joined after this stipulated six weeks. So this is a thing which must also be guarded against. I would request the Government to keep this point in mind and to introduce a comprehensive Bill separately if necessary, as it is not now, for coal workers, tea estate workers and rice mill workers and thus give protection to the future generation of West Bengal.

Dr. Ranendra Nath Sen:

মিঃ স্পীকার, স্যার, আমি এই বিলের সমর্থনে দুই-একটি কথা বলতে চাই। এখন ব্যাপার হল যে

Rule 76 of Plantation Labour Rules, 1956,

এতে স্টেট গভর্নমেন্টের অধিকার ছিল মেটারনিটি সম্পর্কে সুষ্ঠু ব্যবস্থা করার। আগে শ্রীসতোন মজুমদার বলে গিয়েছেন এই যে রেট ৫ টাকা চার আনা, যা বর্তমানে দেওয়া হয় এটা অত্যন্ত কম, তখনও কম ছিল, এখন এটাকে আরও কম বলা উচিত। কিন্তু দুঃখের বিষয় ১৯৫৬ সালে রুল হবার পরেও এপর্যন্ত গভর্নমেন্ট বিশেষ কিছু করেন নি। তবে হাঁ, এটা ডাঃ মৈত্রেয়ী বসুর বক্তৃতা থেকে পরিষ্কার হ'ল যে, এই হাউসের দুই পক্ষ থেকেই, হয়ত গভর্নমেন্টও অনুভব করেছেন যে, এটা বাড়ান দরকার, এবং এ সম্পর্কে সুষ্ঠু ব্যবস্থা করা দরকার, কিন্তু আমি একটা কথা বলতে চাই—মিনিস্টার উঠে বলবার আগে—কারণ এটা আমার মনে হল যে গভর্নমেন্ট হয়ত ভাবতে পারেন যে টি-র উপরে ট্রিপারটাইট মিনিমাম ওয়েজেস কমিটি আছে তারা এ বিষয়ে ব্যবস্থা করতে পারে। কিন্তু আমার যতখানি জানা আছে, এ ব্যবস্থা এ কমিটি করতে পারে না। ডাঃ বসু অবশ্য বলে গেলেন যে, তারা এটা করতে পারে, তবে আমার যতখানি জানা আছে এ কমিটির অধিকারের মধ্যে এ বিষয়টা পড়ে না।

দ্বিতীয় কথা হচ্ছে, হয়ত এই ধরনের একটা ব্যবস্থা হতে পারে যে স্টেট লেবার এড্‌ভাইজরী বোর্ডের সামনে এটা উপস্থিত করা হোক, আমি পরে এটা ভেবে দেখলাম যে স্টেট লেবার এড্‌ভাইজরী বোর্ডে ঠিক এই জিনিষ আলোচিত হয়ে এর কিছু হতে পারে কি না। সে বিষয়ে একটু সন্দেহ আছে, সেটা মন্ত্রী মহাশয় একটু ভেবে নেবেন। আমি একটা কথা ভাবছিলাম যে সিলংএ যে কনফারেন্স হোল সেই কনফারেন্সে আমাদের মিনিস্টারও ছিলেন এবং গুলজারীলাল নন্দ সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে ছিলেন। তিনি একটা সাজেশন দিয়েছেন যে, টী-এর একটা ওয়েজ বোর্ড গঠন করা উচিত এবং সেটা প্রত্যেকটা স্টেটে হতে পারে। আমার মনে হয় সেইরকম একটা ওয়েজ বোর্ড যদি গঠন করেন গভর্নমেন্ট যেটা সেন্ট্রাল গভর্নমেন্টের সিদ্ধান্ত এবং ফিফ্‌টিন্‌থ লেবার কনফারেন্স যেটা দিল্লীতে হয়ে গেল সেপ্টেম্বর মাসে সেখানে যে সিদ্ধান্ত হয় যে কয়েকটা ইন্ডাস্ট্রীতে ওয়েজ বোর্ড গঠন করতে হবে, তাহলে সেই ওয়েজ বোর্ডটা বোধহয় ঠিক একটা প্রপার অরগানাইজেশন হবে। সেটা করতে পারেন, তবে আমি বলবো যে, স্টেট লেবার এড্‌ভাইজরী বোর্ডে এটা তোলা যেতে পারে, তাদের একটা রেকমেন্ডেশন হোক এবং টী-এর যদি একটা ওয়েজ বোর্ড হয় তাহলে এটা বোধহয় খুব ভালভাবে হতে পারে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এর মধ্যে মেটারনিটি বেনিফিটটা কি আসবে?

Dr. Ranendra Nath Sen:

লিগাল পয়েন্টটা আমি বলতে পারছি না, তবে আমার যতটুকু জ্ঞান আছে তাতে মনে হচ্ছে যে এটা আসতে পারে। সুতরাং এ বিষয়ে অনারেবল মিনিস্টার যদি তাঁর বক্তব্যটা রাখেন তাহলে একটু ভাল হয়।

[3-50—4 p.m.]

The Hon'ble Abdus Sattar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীসতোনবাবু যে প্রস্তাব এনেছেন এবং তার উপরে শ্রীযুক্তা মৈত্রেয়ী বসু মহাশয়া যে সংশোধনী প্রস্তাব এনেছেন, সে সম্পর্কে আমি বলতে চাই যে, এই বিল সম্পর্কে আমাদের সহানুভূতি আছে। কিন্তু এ সম্পর্কে তাড়াহুড়া কিছু না করে বিশেষ বিবেচনা সহকারে বলা দরকার এবং সেজন্য যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে জনমত সংগ্রহের জন্য তা আমি সমর্থন করছি। আমি বলতে চাচ্ছি ব্যাপারটা আমাদের রাজ্যের যে শ্রম উপদেষ্টা বোর্ড আছে সেই বোর্ডের সামনে রাখা যেতে পারে এবং প্রয়োজন হলে পরে, আমি স্পষ্ট ক'রে বলতে চাচ্ছি, এই সম্পর্কে একটা বিশেষ ত্রিদলীয় কমিটি নিযুক্ত করা যেতে পারে, যাঁরা সমস্ত বিবেচনা করে সকল দিক দেখে সরকারকে পরামর্শ দেবেন। কারণ শুধু তাড়াতাড়ি ক'রে আমরা আইন পাশ করে দিলেই তো হবে না, এটা তো সরকার দেবে না দেবে যারা চা-বাগানের মালিক, যারা কাজ করান, তাদেরও একটা দিক আছে সেটাও ভাবতে হবে। সেইজন্য এ

প্রস্তাব এনেছেন তার যা মূল বক্তব্য তা আমি সমর্থন করছি এবং আমি বলছি যে, আমাদের স্টেট লেবার এডভাইসরী বোর্ড আছে তার সামনে কিম্বা প্রয়োজন মনে করলে আমরা একটা স্পেশ্যাল কমিটি নিযুক্ত করব। এই বলে আমি, যে সংশোধনী প্রস্তাব এনেছেন, তা সমর্থন করছি।

Sj. Satyendra Narayan Mazumdar:

মাননীয় ডেপুটী স্পীকার, স্যার, এটা দেখা গেল যে, ডাঃ মৈত্রেয়ী বসুর সার্কুলেশন প্রস্তাবের উপরও তিনি একটী দিন নির্দিষ্ট করে দিয়েছেন যে, এই বছরের ৩০এ জুনের মধ্যে জনমত সংগ্রহের জন্য কিম্বা উনি যা বললেন জনমত গঠনের জন্য—কাজেই সাত্তার সাহেব যা বললেন—এবং তিনি যদি আরেকটু পরিষ্কার করেন যে চেষ্টাটা অন্তত করবেন ৩০এ জুনের মধ্যে এই ব্যাপারটার একটা মীমাংসা করতে, সেটা যদি বলেন তাহলে তখন জিনিষটাকে বিবেচনা করা যাবে।

The Hon'ble Abdus Sattar:

তিরিশে জুনের আগে সম্ভবপর হলে সরকারের যা মত এ সম্বন্ধে তা স্পষ্ট করে ব্যক্ত করা হবে।

Sj. Satyendra Narayan Mazumdar:

যাক, তাহলে তো ভালই। কাজেই এ জন্য আমি ডাঃ মৈত্রেয়ী বসুকে ধন্যবাদ দিচ্ছি এবং শ্রমমন্ত্রী সাত্তার সাহেবকেও দিচ্ছি। তবে ধন্যবাদের সঙ্গে সঙ্গে তাদের দায়িত্বটাও আমি একটু মনে করিয়ে দিতে চাই। কেন না এটা হয়েছেও অনেক দেরী। দ্বিতীয় ব্যাপারটা হচ্ছে, এটা ওভার সাইটই বলুন আর যাই বলুন কার্যত গাফিলতিই হয়েছে। প্ল্যানটেশন লেবার এ্যাক্টএ ছিল যে, আইন করেই সরকার পরিমাণটা ঠিক করতে পারেন। প্ল্যানটেশন লেবার রুলস করা হয়েছে তখনও জিনিষটা দৃষ্টির আড়ালে চলে গিয়েছে। তারপরে এতদিন পরে দৃষ্টি এল এবং দৃষ্টিটা এল কি পরিস্থিতিতে? সেটা হচ্ছে যখন মেটার্নিটি বেনিফিট এ্যাক্ট বা মিনিমাম ওয়েজেস এ্যাক্ট পাসড হয়েছিল তারপরে দৃষ্টিভঙ্গি বদলে গেছে আরও। এবার যে লেবার কনফারেন্স হ'ল সেই লেবার কনফারেন্সে যেটা আমি আগেই বলেছি যে ন্যায্য মজুরীর প্রশ্ন এসেছে, ন্যায্য মজুরীর দৃষ্টিভঙ্গি দিয়ে দেখলে মজুরী অনেক বাড়বে এবং প্রসূতি-ভাতা আরও অনেক বাড়বে, আমি যা বলেছিলাম ৯ টাকা কয়েক আনা তার থেকে বাড়বে এবং মালিক পক্ষকে এই জিনিষটাও বলে দিতে হবে এবং মালিকপক্ষের সদিচ্ছার উপরও আবেদন করতে পারেন কিংবা তাদের বাস্তবটা স্মরণ করিয়ে দিতে পারেন। আমি দিচ্ছি এই বলে যে ন্যায্য মজুরীর যে প্রস্তাব লেবার কনফারেন্সে গৃহীত হয়েছে, ন্যায্য মজুরী হলে হবে কি? তাহলে অনেক বেশী দিতে হবে। কেন না চা-বাগানে মজুরী ঠিক করা হয় একজন শ্রমিকের উপরে তিনজন পোষ্য এই হিসাব করে।

Mr. Deputy Speaker:

আপনি তাড়াতাড়ি শেষ করুন।

Sj. Satyendra Narayan Mazumdar:

হাঁ, স্যার, আমার হয়ে গিয়েছে। আমি এটা কেবল স্মরণ করিয়ে দিতে চাই মালিক পক্ষকে যে, তাদের আরও অনেক বেশী দিতে হতে পারে। সুতরাং সেই দিক দিয়ে আর সাত্তার সাহেবও যখন বলেছেন যে, ৩০এ জুনের আগেই এই ব্যাপারে স্টেট লেবার এ্যাডভাইসরি বোর্ড এই জিনিষ পাঠাবেন। আমি শুনলাম এপ্রিল মাসেই একটা মিটিং আছে, সেখানেই উত্থাপন করুন, এ না হলে তারপরে যখন স্পেসাল বোর্ড করবেন কোরে জুনের আগে এ সম্বন্ধে মত গঠন করে আসবেন। যখন সরকার সহানুভূতিসম্পন্ন এবং যখন প্রতিশ্রুতি দিচ্ছেন তখন আমি ডাঃ মৈত্রেয়ী বোসের যে প্রস্তাব সেটা মেনে নিচ্ছি।

The motion of Dr. Maitreyee Bose that the West Bengal Maternity Benefit (Tea Estates) (Amendment) Bill, 1958, be circulated for the purpose of eliciting opinion thereon by 30th June, 1958, was then put and agreed to.

Mr. Deputy Speaker: The other motion falls through.

Non-official Resolution

Mr. Deputy Speaker: Let us take up the next business namely, non-official Resolution.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, the question of giving relief to political prisoners has been before the Government for many years. In 1948 Shri Nalini Ranjan Sarkar issued a statement which I will take the opportunity of reading because many of us probably have not read it. He said—in my budget speech I made some general observation regarding decision of the Government to render assistance to political sufferers of the family. The term 'political sufferer' has a rather undefined and comprehensive connotation and the Government policy is to render assistance to such persons or their families as have suffered or demonstrably made sacrifice during the struggle for independence. The number of such persons is quite large and within the limited resources of this Government it is not obviously possible for the Government to come to the aid of all of them. The Government, therefore, propose to render assistance to such of them as have spent most part of their lives as wholetime workers in the struggle for freedom and are now left in acute financial distress having nothing to fall back upon as a consequence of their political activities. The scheme, however, will not apply to those who are still active as political workers. Nevertheless, whatever the Government may be able to do for these patriots, the Government recognise that such aid can never be a true measure of the services these patriots have rendered to the cause of the country or adequate compensation for their sacrifices. After having taken into consideration all the facts, the Government propose to divide political sufferers as are to come within the ambit of the scheme broadly into three categories. 1. (a) Those who as a result of their participation in the struggle for the country's independence have been maimed or disabled; (b) or have given a wholetime service to the country's struggle for independence and have now become old, infirm and unfit for work. 2. Families of those who were hanged, died in prison or detention as a result of their participation in the struggle for independence. 3. Those who are educationally qualified and are physically fit and capable but are in acute distress for want of employment. Regarding categories 1(a) and (b) provisions for monthly pension will be made in special cases. The Government may pay a lump sum as a gratuity. Regarding category 2, widows may be granted a monthly allowance for life and some allowance for each son till he attains majority and each daughter till she is married. In all those cases standard can only be on the basis of fair subsistence in view of the limited resources available to the Government. The procedure will be—application for such assistance of political sufferers should be sent to the Government—to the Finance Department—by the 15th of May, 1948, in a prescribed form along with recommendation from a respectable person of standing who is personally aware of the activities and the financial condition of the applicant or of a deceased in respect of whose political sufferings the pension or gratuity is being applied for and who can vouch for the correctness of the statement made in the application. The Government will consider all these applications on their merits and decide the nature and extent of the assistance to be rendered within the limit of the financial resources available.

[4—4-10 p.m.]

As regards rendering assistance to institutions in West Bengal which have suffered losses in the 1942 movement by destruction, occupation or confiscation of properties as a result of official action, the Government in the Finance Department will receive applications from such institutions, in

the first instance, and, after having considered the details of loss or damage sustained, will decide the nature and extent of assistance to be rendered which may be in the form of a lump-sum grant.

As regards assistance to political sufferers, there are five categories of applicants: (a) Men who received bodily injuries in the course of the struggle and are now maimed or disabled; (b) Men who did not receive injuries in the course of the struggle but have now become old, infirm or unfit for work; (c) Families of sufferers who were hanged, killed or died in the service of the nation; (d) Men who are educationally qualified and physically fit but are in acute distress owing to lack of employment, and (e) Institutions which suffered losses during the 1942 movement. The tests that are to be applied in each case are the following. For category (a), the applicant must be in distress, i.e., in such financial condition that he cannot have subsistence without aid from the Government. The applicant must be maimed or disabled and the bodily injuries must have been received in the course of the struggle or imprisonment. For category (b), the applicant must be in distress. The applicant must be old, infirm or unfit to work and must have suffered imprisonment, detention or internment for at least five years on account of his participation in the struggle for independence.

Sir, these are the tests that were applied and at that time a capital expenditure of Rs. 5 lakhs for the first year and a recurring expenditure of Rs. 1 lakh was sanctioned by the Government. Sir, the total number of pensioners—it is better that the members should know it—now on the roll is 597, the total number of persons receiving T.B. allowance is 133, the total number of persons granted lump grants is 335 and the total number of institutions that have received help is 76. In the year 1948-49, the amount that was paid was Rs. 1,31,138. The next year it was Rs. 4.79 lakhs and in the third year it was Rs. 7.20 lakhs—in that year not only pension but aid to different institutions was also included. Since then the amount paid has varied between Rs. 4.40 lakhs and Rs. 4.80 lakhs per year as pension. Therefore, it will be seen that although we started with the idea of paying every year Rs 1 lakh as pension, we are actually paying something like Rs. 4.40 lakhs per year. Up till now, we have altogether paid about Rs. 50 lakhs to the pensioners, apart from any other help given *ad hoc*.

Sir, the point that I want to make clear is that it is not that the Government do not desire that they should be able to pay pension to a larger number of political sufferers or to increase the pension rates because of the economic difficulties, but our main difficulty is that we are not able to go much beyond Rs. 4.40 lakhs or 4.50 lakhs a year to be given as pension.

Sir, some members wanted to know as to how the aid was given. The aid was given through a small Cabinet Sub-Committee of five Ministers who in the initial stages considered all these applications of those persons who had been given pension before but wanted to increase their pension or of those persons who had not been given pension but wanted pension to be given to them. They were placed before the Cabinet Sub-Committee which considered these applications. As far as I have been able to make out, there is no question of any political group or of any political party on whose recommendations the aid is given. All applications are considered and in many cases the applications are sent by friends both inside the Assembly and outside who do not belong to any political party.

This is just what I wanted to

Sj. Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাবটি শ্রীনরেন সেন মহাশয় এনেছেন এবং যার উপরে শ্রীনিরঞ্জন সেন মহাশয় সংশোধনী প্রস্তাব এনেছেন, আমি সেই সংশোধনী প্রস্তাবটি সমর্থন করছি। এবং প্রস্তাবক শ্রীনরেন সেন মহাশয়কে অনুরোধ করবো তিনি যে উদ্দেশ্য নিয়ে এই প্রস্তাবটা এনেছেন সেই উদ্দেশ্য আরও ভালভাবে সফল হবে যদি শ্রীনিরঞ্জন সেন মহাশয়ের সংশোধনীটা তিনি গ্রহণ করে নেন। এই প্রস্তাবের মধ্যে দিয়ে এটা প্রকাশ পাচ্ছে যে ভারতবর্ষের স্বাধীনতা, বিশেষ করে বাংলার যে আন্দোলন, স্বাধীনতার আন্দোলন সেই আন্দোলনে যাঁরা যোগদান করেছিলেন, যাঁরা ত্যাগ স্বীকার করেছিলেন, যাঁরা কারাবরণ করেছিলেন, যাঁরা ফাঁসী গিয়েছেন, কি গুলি খেয়ে মরেছেন, তাঁদের পরিবারগণ যাতে দুঃখ কষ্ট না পায়, তারা যাতে স্বচ্ছন্দে জীবনযাপন করতে পারে, তারই চেষ্টা করা। সেইরকম চেষ্টা যে সরকারের একেবারে ছিল না তা নয়, তা হয়েছে। যা কাজ হয়েছে তা মুখ্যমন্ত্রী মহাশয় জানিয়েছেন। নিরঞ্জন সেন মহাশয়ের প্রস্তাবে এই কথাই জানিয়ে দিচ্ছেন যে, সেটা আরও ভালভাবে করা হোক। সরকারের দৃষ্টিটা আরও সেদিকে যাতে আসে, সেদিকে তাঁদের নজর পড়ে এবং যারা দুঃখ কষ্ট ভোগ করছেন, সেই সমস্ত দেশকর্মীরা, তারা যাতে আরও সাহায্য পায়, সেই কথা তাঁর সংশোধনীতে বলা হয়েছে। আমি এই কথা বলবো যাঁরা ভারতবর্ষের স্বাধীনতার জন্য সংগ্রাম করেছেন, তাঁরা নিজেরাইত সেদিন পুরস্কৃত হয়েছেন, যেদিন ইংরাজ এদেশ থেকে চলে গিয়েছে। সে পুরস্কার তারা পেয়েছে। কিন্তু তাদের কাজের প্রতি আমাদের সরকারের শ্রদ্ধা ও সম্মান জানান এবং তাদের সাহায্য করা উচিত। সেই জন্য আমি এই কথা বলবো, যে সামান্য সাহায্য আমরা দিই, তার দ্বারা তাদের সংসার চলে না, এবং যে সামান্য সাহায্য আমরা দিই তাতে সংসার চালান সত্যিই সম্ভবপর নয়।

[4-10—4-20 p.m.]

এর পূর্বে মুখ্যমন্ত্রী মহাশয় জানিয়েছেন, অভাবের কথা। আমিও স্বীকার করি আমাদের দেশে আমাদের সরকারের হাতে টাকা এখন কম। আমি, যদিও একটা প্রস্তাব আকারে নয়, যদি তাকে একথা বলি, সরকার থেকে যে সাহায্য দেওয়া হচ্ছে, দেওয়া হোক—তার সঙ্গে বে-সরকারীভাবে তিনি একটা তহবিল সৃষ্টি করুন, মুখ্যমন্ত্রীর নামে একটা তহবিল সৃষ্টি হোক এবং তিনি একটা কমিটি করে নিন যে কমিটির মধ্যে আজ সেদিনের যারা মানুষ ছিল, তারা থাকবে এবং তাদের সঙ্গে পরামর্শ করে আরও কত বেশী লোককে সাহায্য দিতে পারা যায় তার চেষ্টা তিনি করুন। আর একটা কথা আমি বলব এই সুযোগে বাংলা সরকারের উচিত বাংলার যে স্বাধীনতা সংগ্রাম হয়েছিল, তার একটা সঠিক ইতিহাস রচনা করা। সেটা অত্যন্ত জরুরি কাজ বলে মনে করি। আজকের দিনে সাধারণ মানুষ ভুলে যাচ্ছে কি আন্দোলন হয়েছিল, বাংলাদেশের কোন পথে আমরা স্বাধীনতা পেয়েছিলাম—তা ভুলে যাচ্ছি। সেটাকে জানাবার সরকারের প্রয়োজন আছে। সেদিন কোন এক মতে নয়, কোন এক পথে নয়—বহু দল, বহু ভাবে, বহু পথে, ভারতবর্ষের তথা বাংলাদেশের স্বাধীনতা এনেছিল। তাদের সকলকে স্বীকৃতি দেওয়া উচিত। ইতিহাস রচনার সময় কিভাবে সত্যই স্বাধীনতা এসেছে—সেদিন আমার বন্ধু প্রস্তাবক শুরু করেছিলেন, ১৯০৫ সালের কথা আমি বলি সে ইতিহাস রচনা করবার সময় যেন পলাসির যুদ্ধের মোহনলালকে তারা স্মরণ করেন, সিপাহী বিদ্রোহের কথা তারা স্মরণ করেন; রাজা রামমোহন রায় থেকে শুরু করে ঋষি রাজনারায়ণ বোস, ঋষি বঙ্কিমচন্দ্র, শ্রীশ্বিজেন্দ্রনাথ ঠাকুর, রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ, শ্রীঅরবিন্দ, ব্রহ্মবান্ধব উপাধ্যায়, বিপিন পাল, শ্যামসুন্দর থেকে শুরু করে 'যুগান্তর' ও অনুশীলন-এর সমস্ত নেতা ও কর্মীদের স্মরণ করে ইতিহাস রচনা করা উচিত এবং তার প্রয়োজনও আছে। দেশবন্ধু, দেশপ্রিয়, দেশগৌরব,—তাঁদের কথা স্মরণ করা উচিত। তাঁদের স্মরণ করার আজকে দিন এসেছে। এবং এটা সরকার পক্ষ থেকে স্মরণ করা উচিত। এটা অস্বীকার করা যায় না যে, ভারতবর্ষে যে স্বাধীনতা এসেছে, সেই স্বাধীনতায় এক দিকে মহাত্মা গান্ধীর যারা অনুগামী ছিলেন, তাদের এবং সঙ্গে সঙ্গে চট্টগ্রামের সেই বিপ্লবী বীরেরা যারা জীবনমরণ পণ করে এগিয়ে গিয়েছিল, তাদেরও দান আছে। আমরা কি কোন দিন তাদের কথা চিন্তা করেছি? চট্টগ্রামের সেই প্রীতিলতার স্মরণে কোন স্মৃতি-রক্ষার চেষ্টা সরকার করেছেন? করেন নি। এই ইতিহাস রচনা করা উচিত—[illegible]

প্রতিকৃতি ও প্রতিমূর্তি—যেটার পরিকল্পনা ছিল মহাজাতি সদনে করবার—সেটা যাতে তাড়াতাড়ি সেখানে কাজ করা হয়, তার চেষ্টা করা উচিত। আর একটা কথা আমি বলব। ডাঃ রায় যে কথা বলেছেন—আমি মুখ্যমন্ত্রীকে এই অনুরোধ করব যে, এই সাহায্য করবার সময় কোন দল বা কোন দলাদলির মনোভাব যেন আমরা চিন্তা না করি। তারা যে দলের মানুষই হোক তাদের কাছে আমরা তাদের অভাবের দিকে চেয়ে সাহায্য পৌঁছে দেব। আর একটা কথা—আমরা সাহায্য যখন করব, তখন এমন বাধ্যবাধকতা তার উপর থাকবে না যে, তারা সক্রিয়ভাবে রাজনীতিতে যোগদান না করতে পারে। তাদের পূর্ণ অধিকার থাকবে। তারা যে কাজ করেছে, সেই কাজের জন্য তাদের আজ যে অভাব আছে, সেইজন্য তাদের আজ সাহায্য দিচ্ছি। কিন্তু তারা কোন পথে দেশের কাজ করবে সেই পথ বেছে নেবার সম্পূর্ণ অধিকার তাদের থাকবে ও তা থাকা উচিত এবং সরকার যেন সেখানে কোন বাধা সৃষ্টি না করেন। আমি এই দুটী কথা বলেই নতুন ভাবে কমিটি যে কাজ করবে সেই কমিটি যাতে নতুনভাবে আরও ভাল কাজ করে, সেইদিকে নজর দিতে অনুরোধ করব এবং প্রয়োজন হলে, আমি যে কথা বলেছি একটা বে-সরকারী কমিটির কথা, সেটা যেন আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় চিন্তা করে দেখেন। তিনি যদি একটা বে-সরকারী তহবিল, এই রাজনৈতিক নির্যাতিত কর্মীদের সাহায্যের জন্য করেন সকল দলের মানুষ নিয়ে, তাহলে তিনি তার মধ্য দিয়ে আরও অনেকের সেবা করতে পারবেন, আরও অনেকের সাহায্য করতে পারবেন—এ সম্বন্ধে আমি নিশ্চিত।

Sj. Jagannath Mazumder:

স্পীকার মহাশয়, আজকে আমাদের বন্ধু, শ্রদ্ধেয় নরেন সেন যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবের উপর দু'-একটা কথা বলতে চাই। আজকে যে প্রস্তাব এসেছে, সেটা খুবই প্রয়োজনীয় প্রস্তাব কারণ বাংলাদেশ স্বাধীনতার যুদ্ধে সমস্ত ভারতবর্ষের অগ্রণী এবং বাংলাদেশের কর্মীরা এই স্বাধীনতার যুদ্ধে ভারতবর্ষকে পথ দেখিয়েছে। আজকে সেইসব কর্মী, যারা এখনও জীবিত আছেন, অথচ দুঃখ-কষ্টের মধ্য দিয়ে কালাতিপাত করছেন, তাদের কর্মের স্বীকৃতি এবং তাদের উপকার করা আজ বিশেষ করে দরকার। কিছুক্ষণ আগে ডাঃ রায়, আমাদের মুখ্যমন্ত্রী, এই সম্বন্ধে তাঁর বিবৃতি তিনি পেশ করেছেন। নরেনবাবুর যে প্রস্তাব সেই প্রস্তাবের ভিতর এই রাজনৈতিক কর্মীদের অর্থনৈতিক পুর্বাসনের কথা বিশেষভাবে বলা হয়েছে। এর ভিতর রাজনৈতিক কোন জিনিষ নাই। তাদের অর্থনৈতিক পুনর্বাসন চাই, এই হচ্ছে প্রস্তাবের প্রধান কথা এবং বর্তমানে যে পেন্‌সন পদ্ধতি চলেছে, এই পেন্‌সন অকিঞ্চিৎকর এবং এর পরিবর্তন দরকার এই প্রস্তাবের এই হচ্ছে মর্ম-কথা। এবং তার জন্য তিনি বলেছেন—কতকগুলি উন্নততর পরিকল্পনার প্রয়োজন। এই পেন্‌সন ব্যবস্থাকে উন্নয়ন করতে হবে। যারা পেন্‌সন পাচ্ছে দেখা যায় অনেক সময় ১০।১৫ টাকা থেকে আরম্ভ করে ৪০।৫০ টাকা পর্যন্ত আছে কিন্তু বর্তমান সময়ে এই পেন্‌সন অত্যন্ত অকিঞ্চিৎকর। সেইজন্য প্রয়োজনবোধে এই পেন্‌সন বাড়াতে হবে। যারা সক্রিয়ভাবে কোন রাজনৈতিক দলে নাই—সেইসব লোক এবং যাদের কর্ম-ক্ষমতা নেই, তাদের পেন্‌সন দেওয়া দরকার। এবং এই পেন্‌সন প্রয়োজনবোধে বৃদ্ধি করা প্রয়োজন। এ ছাড়া যারা অসুস্থ—বা দুরারোগ্য রোগে ভুগছেন, সেইসব রাজনৈতিক কর্মীদের জন্য চিকিৎসার ব্যবস্থা করা প্রয়োজন। এককালীন সাহায্য দেওয়া প্রয়োজন এবং তাদের হাসপাতালে ভর্তি ইত্যাদি, এইসব ব্যবস্থাও করা প্রয়োজন। ডাঃ রায় কিছুক্ষণ আগে যে বিবৃতি দিয়েছেন, তাতে টাকার অঙ্ক আছে, কিন্তু টাকা সাহায্য ছাড়াও অন্যান্য রকম ভাবেও এই [illegible] কর্মীদের সাহায্য করা যেতে পারে। যে সব রাজনৈতিক কর্মী কর্মক্ষম আছেন অথচ রাজনীতি করেন না, তাঁদের শিক্ষার উপযুক্ত তাঁদের চাকরি দেওয়া প্রয়োজন। আমাদের বহু [illegible] বন্ধু আমরা দেখেছি—তাঁরা চাকরির অভাবে বড়ই কষ্ট পাচ্ছেন অথচ তাঁদের প্রচুর শিক্ষা-দীক্ষা আছে, উপযুক্ত কর্মের অভাবে তাঁরা দুঃখে দিন কাটাচ্ছেন। এই সব লোকদের জন্য উপযুক্ত চাকরির প্রয়োজন। এই সম্বন্ধে যদি সংশ্লিষ্ট বিভাগ সব রাজনৈতিক কর্মী—যাদের উপযুক্ত শিক্ষা-দীক্ষা আছে—তাঁদের একটা তালিকা তৈরি করেন এবং তাঁদের উপযুক্ত চাকরির ব্যবস্থা করেন—তাহলে এই সব রাজনৈতিক কর্মীদের অনেক উপকার করা হয়।

[4-20—4-30 p.m.]

সেদিক থেকে টাকার দরকার হবে না। কিন্তু এইসব কাজের জন্য এই বিভাগকে সক্রিয় করে তুলতে হবে। এইসব রাজনৈতিক কর্মী এখন পর্যন্ত কর্মের অভাবে কষ্ট পাচ্ছেন, তাদের তালিকা প্রস্তুত করা দরকার এবং শিক্ষাদীক্ষা অনুযায়ী উপযুক্ত চাকরি তাদের দেওয়া দরকার। তা ছাড়া আরো কিছু কিছু প্রভিশন এইসব কর্মীদের জন্য করা যেতে পারে। যেমন সরকারী চাকরীতে এইসব কর্মীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে। এবং বেসরকারী চাকরীতেও যাতে তাঁরা ঢুকতে পারেন তার ব্যবস্থাও করা দরকার। রিফিউজি সম্বন্ধে যেমন বয়সসীমা শিথিল করে দেওয়া হয়েছে এইসব রাজনৈতিক কর্মীর ক্ষেত্রেও বয়স শিথিল করে দেওয়া হোক যাতে তাঁরা সরকারী কর্মে ও বেসরকারী কর্মে প্রবেশ করতে পারেন। তা ছাড়া সরকারী ঠিকাদারী এবং বেসরকারী ঠিকেদারীতে যাতে এই কর্মীরা এন্‌লিস্টেড হয়—

[At this stage the blue light was lit.]

মিঃ ডেপুটী স্পীকার, স্যার, আমাকে একটু সময় দিতে হবে। যে কথা বলছিলাম, সরকারী এবং বেসরকারী ঠিকেদারীর কাজে এই রাজনৈতিক কর্মীদের যদি এন্‌লিস্ট করা যায় তাহলে কিছু কিছু ঠিকেদারীর কাজ তাঁরা করতে পারবেন। এবং প্রয়োজন হলে তাঁদের অগ্রাধিকার দেওয়া উচিত এবং আবশ্যকমত অর্থসাহায্যও যেন দেওয়া হয়। তা ছাড়া ট্যাক্সী পার্মিট ও বাস রুট পারমিট ইত্যাদি ব্যাপারেও যদি রাজনৈতিক কর্মীদের অগ্রাধিকার দেওয়া হয় তাহলে তাঁরা উপকৃত হতে পারেন। দুঃস্থ রাজনৈতিক কর্মীদের ছেলে-মেয়েদের সর্বস্তরে বিনা বেতনে শিক্ষার ব্যবস্থা করা উচিত। বিশেষ করে এই বিষয়টার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করে আমি বলছি যে দুঃস্থ রাজনৈতিক কর্মীদের পুত্র-কন্যাদের স্কুল-কলেজের সর্বস্তরে বিনা-বেতনে শিক্ষার ব্যবস্থা করে দেওয়া উচিত। আর যে সব গৃহহারা নির্যাতিত রাজনৈতিক কর্মী আছেন তাঁদের গৃহ নির্মাণের জন্য ঋণ বা দানের ব্যবস্থা করা দরকার। এবং অন্যেরা যে হারে ঋণ পায় তার চেয়ে কিছু বেশী হারে তাঁদের দেওয়া উচিত। পূর্ববঙ্গ থেকে আগত যেসব রাজনৈতিক কর্মীরা আছেন, তাঁরা এদিক দিয়ে কিছু কিছু ব্যবস্থা করতে পেরেছেন। কিন্তু পশ্চিমবাংলায় যাঁরা রাজনৈতিক কর্মী ছিলেন তাঁরা সেরকম কোন সুবিধা ক'রে উঠতে পারেন নি, সেইসব রাজনৈতিক কর্মীরা যাতে গৃহনির্মাণ ঋণ ও ব্যবসা-ঋণ পেতে পারেন তার ব্যবস্থা করা উচিত। আমরা দেখেছি এন-ই-এস ব্লক ও ডেভেলপমেন্ট ব্লক প্রভৃতি সমাজ কল্যাণমূলক কাজে যাঁরা এসেছেন, নেকটাই বেঁধে বুশসার্ট পরে তাঁরা গ্রামে গ্রামে ঘুরে বেড়ান, তাঁদের গ্রামের সঙ্গে কোন সম্পর্কই নাই। অথচ অনেক রাজনৈতিক কর্মী আছেন যাঁরা গ্রামেই থাকেন, তাঁদের এইসব কাজে না গিয়ে গ্রাম সম্বন্ধে যাঁদের অভিজ্ঞতা কিছুই নাই তাঁদের নিয়ে আসতে হবে? যারা দেশের কাজে আত্মনিয়োগ করে যথাসর্বস্ব বিসর্জন দিয়েছেন আজ দেশের প্রকৃত কল্যাণ হতে পারবে এবং আমাদের দেশের প্রকৃত কল্যাণ হোক এই হচ্ছে আমাদের সকলকার কাম্য।

Dr. Pabitra Mohan Roy:

মাননীয় ডেপুটী স্পীকার মহোদয়, আমি শ্রদ্ধেয় নরেন্দ্র সেন মহাশয় যে প্রস্তাব এনেছেন এবং তাঁর সেই প্রস্তাবের উপর আমাদের নিরঞ্জনবাবু যে সংশোধনী এনেছেন, আমি নিরঞ্জনবাবুর সেই সংশোধনী প্রস্তাবসহ নরেনবাবুর প্রস্তাব সমর্থন করছি। বিধানসভার গত অধিবেশন আরম্ভ হবার সময় শ্রদ্ধেয় বরেণ্য রাজনৈতিক কর্মীদের একটা সংগঠন থেকে একটা চিঠি আমাদের কাছে বিলি করা হয়, তাঁদের অভাব অভিযোগ জানাবার জন্য। সেই চিঠির উপর ভিত্তি করে আমি আমাদের মন্ত্রিসভার কাছে কতকগুলি প্রশ্ন রেখেছি। দুর্ভাগ্যের বিষয় সেসব প্রশ্নের জবাব আজও তাঁরা দেন নি। সেই প্রশ্নের জবাব যদি পেতাম, তাহলে আজকে যেসব কথা অনেক শ্রদ্ধেয় বন্ধু বল্লেন তার জবাব সেই প্রসঙ্গেই পেয়ে যেতেন। রাজনৈতিক কর্মীদের জন্য আমরা বিশেষ দাবী কেন করছি, এবং দাবী করব কিনা সে সম্পর্কে একটা ঘটনার কথা আমার মনে পড়ে, ঠিক স্বাধীনতা লাভের পরবর্তী কালে অল-বেঙ্গল পলিটিক্যাল সাফারার্স কনফারেন্স দমদমে হয়েছিল। এবং সেই কনফারেন্সে বাংলাদেশের

সেই বিপ্লবী যুগ থেকে আরম্ভ করে এ পর্যন্ত যাঁরা বহু নির্যাতন সহ্য করেছেন বহু কষ্ট স্বীকার করেছেন সেই সব কর্মীর অনেক কর্মী সেই দমদম সম্মিলনে উপস্থিত ছিলেন। কুমিল্লার শ্রদ্ধেয় উল্লাসকর দত্ত মহাশয়ও সেই সম্মেলনে এসেছিলেন এবং ঘণ্টাখানেক থাকার পর, আমাদের কথাবর্তা শুনে যাবার সময় বলে গেলেন—আপনারা এটাকে পলিটিক্যাল সাফারার্স কনফারেন্স কেন বলছেন? আমরা কি একটা বিশেষ শ্রেণী হয়ে বেঁচে থাকবার জন্য রাজনীতি করতে গিয়েছিলাম? আমিও ঠিক উল্লাসকর দত্ত মহাশয়ের কথা স্মরণ করে এই কথা বলব—আমাদের এই দেশে রাজনীতি করে যাঁরা ফাঁসীকাষ্ঠে জীবন দিয়ে, পুলিসের নির্মম অত্যাচার সহ্য করে গিয়েছেন, তাঁরা বিশেষ শ্রেণী হবার জন্য রাজনীতি করতে আসেন নি। তাঁরা নিজেদের আত্মসম্মান বজায় রেখে দেশের স্বাধীনতার জন্য লড়াই করে গিয়েছেন। তাঁরা দেশের জন্য যে আত্মোৎসর্গ করে গিয়েছেন এবং তার সুযোগ নিয়ে যে স্বাধীনতা দেশবাসী লাভ করেছে তারই ফলে আজ আপনারা মন্ত্রীত্বের গদিতে আসীন হতে পেরেছেন। সেইজন্য আপনাদের কর্তব্য রয়েছে নির্যাতিত রাজনৈতিক কর্মী যাঁরা তাঁদের উপর। কিন্তু আমরা এমন ঘটনা জানি যেখানে বহু রাজনৈতিক কর্মী বহু প্রকারের সাহায্য চেয়েছেন এবং সরকার ঠিক করেছেন সাহায্য তাঁরা করবেন, আর্থিক এবং অন্যভাবে, কিন্তু এরকম ঘটনা আমাদের কাছে রয়েছে—যে তাঁরা দল হিসেবে, মত হিসেবে বর্তমান সরকারের সব কিছু সমর্থন বা পোষণ করছেন না বলে তাঁরা পুরাপুরি সাহায্য পান নি। আমার কথা হচ্ছে, যারা দেশের জন্য, দেশের স্বাধীনতা সংগ্রাম চালিয়ে যাবার জন্য অনেক কিছু কষ্ট সহ্য করেছেন, অনেক স্থলে নিজেদের সর্বস্ব দিতে কুণ্ঠিত হন নি তাঁদের প্রতি আমাদের যথোচিত কর্তব্য করতে হবে।

[At this stage the blue light was lit.]

আমাকে আর একটু সময় দিতে হবে, স্যার।

[4-30—4-40 p.m.]

এখন আমি আর একটা ঘটনার কথা বলছি। ১৯৩১ সালের হিজলি ক্যাম্পের ঘটনার কথা, অবশ্য সে কথা নতুন করে এখানে বলবার কিছু নাই।

১৯৩১ সালের পর গত দু'তিন বছর আগে যখন শ্রীজ্ঞান ঘোষ মহাশয় এখানে ডাইরেক্টর ছিলেন আমি সেখানে গিয়েছিলাম। উনি সমস্ত জায়গাগুলি ঘুরিয়ে দেখিয়েছিলেন এবং যে জায়গায় তারকেশ্বর ও সন্তোষ মিত্রকে গুলি করা হয়েছিল সেই জায়গাগুলি এখনও সেখানে রয়েছে, সে সমস্ত দেখলাম। সেখানে রাস্তা, ওয়ার্ড ইত্যাদি করে হিজলীর ভিতর আমাদের বহু শ্রদ্ধেয় নেতার নামে সব কিছু হয়েছে, কিন্তু তারকেশ্বর বা সন্তোষ মিত্রের নামে আমরা সেগুলি দেখাই। কারণ তারা বিপ্লবে বিশ্বাস করতেন, অহিংসা ধর্মে বিশ্বাস ছিল না। এই যদি করা হল তা হলে আমি বলব যে এটা উঠিয়ে দিন, কারণ এ সাহায্য একটি বিশেষ শ্রেণীর জন্যই হচ্ছে। আমি একথা বলতে বাধ্য হচ্ছি এ জন্য যে আজাদ হিন্দ ফৌজের বহু কর্মী সুদূর মালয় দেশ থেকে, বার্মা থেকে এসে আমাদের এই বাংলাদেশে আছে, তারা আশা করেছিল যে, আমাদের সরকার তাদের সাহায্য করবেন। কেউ পেয়েছে এরকম খবর অন্তত আমাদের বাংলা-দেশে আমার কাছে নেই। আজাদ হিন্দ ফৌজের যারা বাংলাদেশে আছে তাদের প্রত্যেকের সঙ্গে আমার সংযোগ রয়েছে, তারা কেউ সাহায্য পায় নি। আজাদ হিন্দ ফৌজের একজন ভদ্রলোক ইম্ফল ফ্রন্টে সুভাষবাবুর আদেশে যখন লড়াই করছিলেন তখন ইংরেজের বোমার আঘাতে তার একটি হাত উড়ে যায়। সেই ভদ্রলোক এখনও কলকাতা সহরে আছেন। পেনসন চেয়েছিলেন কিন্তু পান নাই। তার নাম হরিপদ ভৌমিক। সেই ভদ্রলোক মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের কাছে গিয়েছিলেন, ইন্টারমিডিয়েট পাশ, এসে বলেছিলেন যে এক সময় আমার মাস্টারী বৃত্তি ছিল, যদি কর্পোরেশনে একটা ব্যবস্থা করে দিতে পারেন তো ভাল হয়। মুখ্যমন্ত্রী মহাশয় চিঠি দিয়ে ডেপুটী মেয়রের কাছে পাঠিয়ে দেন। ছ'মাস ধরে ডেপুটী মেয়রের সঙ্গে দেখা সাক্ষাৎ করলেন, আজ নয় কাল বলে আজ পর্যন্ত তার কিছু হয় নাই। ছ'মাস পরে আমারই অনু-রোধে তিনি আবার মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করেন, তিনি দ্বিতীয় বার চিঠি দিয়ে ডেপুটী মেয়রের কাছে পাঠান, কিন্তু দুঃখের বিষয় তিন বছর হয়ে গেল তদানীন্তন ডেপুটী মেয়র দরকার মনে করেন নি সেই অনুরোধ পর্যন্ত রক্ষা করার এবং এরকম একটা ঘটনা থেকে

আমাদের বুঝতে কঠিন হয় না আজাদ হিন্দ ফৌজের লোকদের প্রতি কংগ্রেস সরকারের কি ব্যবহার। অবশ্য আমরা আশ্চর্য হই না কারণ আজাদ হিন্দ ফৌজের আদর্শের সঙ্গে কংগ্রেসের আদর্শের কোন মিল নাই। সেজন্য তাদের এই বিরূপ মনোভাব। এই কংগ্রেসের যিনি জনক মহাত্মা গান্ধী তিনি সকলের জীবন রক্ষার জন্য সব কিছু করেছেন, কিন্তু আমাদের বর্তমান কংগ্রেস সরকার এতটা উদাসীনতা দেখাচ্ছেন যে এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি আর একটা ঘটনার উল্লেখ করব। দিনাজপুর জেলে ১৯৪৩ সালে একজন ওয়ার্ডার ছিল, তার নাম রামস্বরূপ মিছির। এই মিছির ১৯৪৩ সালে যখন বাংলাদেশে এবং ভারতবর্ষে কুইট ইণ্ডিয়া মুভমেন্ট ইত্যাদি আন্দোলনগুলি চলছে তখন দিনাজপুর জেলে যেসমস্ত রাজনৈতিক বন্দী ছিলেন মিছির তখন তাদের যথেষ্ট সাহায্য করেছিল। যখন কিছুদিন বাদে সেটা প্রকাশ পায় তখন তাকে চাকরী থেকে বরখাস্ত করা হয়, পরে তাকে জেলে রাখা হয়, দিনাজপুর এবং অন্যান্য জেলে রাখা হয়। তারপর তার চাকরী চলে যায়। এই লোকটা তারপর থেকে বিভিন্ন জায়গায় রাজনৈতিক কর্মীদের সাহায্য পেয়েছেন কিন্তু সরকারের কাছে বিভিন্ন সময়ে দরখাস্ত করেও আজ পর্যন্ত কোন সাহায্য পান নি, স্বাধীনতা পাবার পর তাঁকে চাকরীতে নেওয়ারও কোন ব্যবস্থা আমাদের সরকার করেন নি, বা অন্য ভাবেও তাঁকে সাহায্য করেন নি। আমাদের এই বিধানসভায় গত অধিবেশনে সভ্য ছিলেন এরকম বন্ধুরা তাঁর জন্য বলেছেন—শ্রদ্ধেয় অতীনবাবু বলে গেছেন, এখন সভ্য রয়েছেন আমাদের শ্রদ্ধেয় সুনীল দাস মহাশয় তাঁর জন্য সরকারের কাছে চিঠি লিখেছেন কিন্তু তাঁর সম্বন্ধে কিছু ব্যবস্থা করা হয় নি। এই রকম বহু ঘটনা আমি রাখতে পারি যে নিজেদের দলের লোক না হলে সরকার সাহায্য করতে চাচ্ছেন না। আজকে রাজনৈতিক কর্মীদের সাহায্য দেওয়ার ক্ষেত্রে তাঁরা যেন সমস্ত দলাদলির ঊর্ধ্বে থাকেন এই অনুরোধ আমি করবো। আমি একথাও বলেছিলাম যে যাঁরা পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তু হয়ে এখানে এসেছেন তাঁদের মধ্যে অনেকেই আগে পলিটিক্যাল সাফারার ছিলেন এবং তাঁদের অনেকের ঘরবাড়ী নেই। আজকে তাঁদের ছেলেপিলেরা শিক্ষার কোন সুযোগ পাচ্ছে না। তাঁদের পুনর্বাসনকে একটা ভিন্ন ক্যাটিগরীতে ফেলে যদি দেখা হয়, উদ্বাস্তু ছাড়াও তাঁরা পলিটিক্যাল সাফারারস একথা সরকার মনে রেখে যদি তাঁদের ছেলেপিলেদের শিক্ষাদীক্ষার জন্য কিছু করে টাকা দেন এবং লোন দিয়ে বাড়ীঘর তৈরী করায় সুযোগ করে দেন তাহলে আমার মনে হয় সেটা কিছু অন্যায় করা হবে না। সমস্ত রকম রাজনৈতিক কর্মী, সমস্ত শ্রেণীর রাজনৈতিক কর্মীকে সাহায্য করার জন্য আমি অনুরোধ করবো। যাঁরা একটু শিক্ষিত লোক যাঁদের অবস্থা একটু ভাল তাঁদের জন্য বলার অনেক লোক আছেন কিন্তু যাঁরা খুব গরীব তাঁদের জন্য বলবার কেউ নেই। তাঁদের নাম ঠিকানা যেন সরকার খোঁজ করে জেনে নেন। এই কথা বলে আমার বন্ধু শ্রদ্ধেয় নিরঞ্জনবাবুর সংশোধনীসহ আমি নরেনবাবুর প্রস্তাব সমর্থন করছি।

[4-40—5-5 p.m.]

Sj. Phakir Chandra Ray:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী নির্যাতিত রাজনৈতিক কর্মীদের সম্পর্কে সরকারী নীতির যে সম্বাদ দিলেন কয়েকটি ঘটনা থেকে আমি দেখাবো যে, সেই নীতি অনুসারে কাজ হয় না। কিছুদিন পূর্বে আসানসোলের এক ভদ্রলোক, নির্যাতিত রাজনৈতিক কর্মী, নাম শ্রীশশাঙ্কলাল মুখোপাধ্যায় ; যক্ষ্মা রোগাক্রান্ত হয়ে তিনি সরকারের কাছে সাহায্যের জন্য আবেদন করেন, তাঁকে এককালীন একশো' টাকা দিয়ে বিদায় করা হয়েছে। শ্রীকরুণা সরকার, বিষ্ণুপুরে বাড়ী, তাঁকে ২৫ টাকা করে মাসিক সাহায্য দেওয়া হবে এই কথা বলা হয়। কয়েক-মাস দেওয়ার পর এই সাহায্য বন্ধ করে দেওয়া হয়েছে। মালদার সবচেয়ে পুরাতন কংগ্রেস কর্মী শ্রীদেবেন্দ্রনাথ সা, তাঁর ফ্যামিলি মেম্বার হচ্ছে ১০।১২ জন। সরকারের কাছে তিনি সাহায্য প্রার্থনা করেছিলেন, এককালীন কিছু টাকা তাঁকে দেওয়া হয়, তারপর ৩০ টাকা মঞ্জুর করা হয় কিন্তু তিনি সেই ৩০ টাকা গ্রহণ করেন নি। বিগত নির্বাচনের আগে যে সাধারণ নির্বাচন হয়েছিল তাতে তিনি কংগ্রেস প্রার্থীর বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন।

তাহলে এর মধ্যে রাজনীতি নাই একথা কি করে বলা যায়? যেখানে যাঁরা কিছু সাহায্য পেয়েছেন তাঁদের রাজনৈতিক জীবন শেষ হ'য়ে গিয়েছে, তাঁরা মনে হয় সরকারের কেনা গোলাম

হয়ে গিয়েছেন, কারণ তাঁরা সরকারের বিরুদ্ধে কোন কথা বলেই যে সাহায্য পাচ্ছেন সেই সাহায্য পাওয়াটা বন্ধ হয়ে যাবে। যাঁরা সত্যিকারের রাজনীতি করেন, যাঁরা প্রকৃতই নির্যাতিত তাঁদের সাহায্যদানের কোন ব্যবস্থা নাই। যাঁরা সত্যিকার নির্যাতিত রাজনৈতিক কর্মী তাঁদের প্রতি একটু শ্রদ্ধা থাকা দরকার, তা না হ'লে সত্যিকারের সাহায্য এতে হবে না তাঁদের। যাঁরা ১৯০৫ সালে নির্যাতন ভোগ করেছে, যাঁরা [illegible] কর্মের জন্য কংগ্রেস থেকে নির্যাতন ভোগ করেছে, আই-এন-এতে নেতাজীর নেতৃত্বে কাজ করেছে, যাঁরা দেশবিভাগের জন্য লাঞ্ছিত হয়েছে, তাঁদের আমি মনে করি বিশেষ কন্সিডারেশন পাওয়ার দাবি আছে। এই ব'লে নরেন সেন মহাশয় যে প্রস্তাব এনেছেন, নিরঞ্জন সেনগুপ্ত মহাশয়ের সংশোধনীসহ তা আমি সমর্থন করছি।

The motions of Sj. Niranjan Sen Gupta that in line 2 of the Resolution, after the words "political sufferers", the words "during the British regime" be inserted; and

That the following be added at the end of the Resolution, viz.,—

"and that this Assembly is further of opinion that —

(1) Economic and other aids should be granted to political sufferers without any condition attached to the same;

(2) While rendering aids, no discrimination should be made between one political sufferer and another on political grounds; and

(3) A non-official committee consisting of one representative from each political party and group inside the State Legislature should be set up to advise the Government on all matters in connection with granting of aids to political sufferers.",

were then put and lost

The motion of Sj. Narendra Nath Sen that this Assembly is of opinion that better facilities should be provided for the economic rehabilitation of the political sufferers by increased pensions and other economic assistance and that the Government should take early steps to revise their policy with regard to granting of political pensions to the political sufferers, to provide all possible economic assistance to them for their rehabilitation in life and also to utilise for this purpose the services of those political sufferers or their dependants who are physically fit in the various development projects undertaken by the Government, was then put and agreed to.

[The House was then adjourned for 20 minutes]

[*After adjournment*]

[5-5—5-15 p.m.]

Revised programme of business

Sj. Bankim Mukherji:

এই মাত্র যে বিজনেস প্রোগ্রাম বেরুল তাতে আমরা অবাক হয়ে দেখছি, কালকে আপনি যে এসুরেন্স দিয়েছিলেন যে, বাজেট ডিসকাশনের উপর দুইদিন পাওয়া যাবে, কিন্তু এখানে রয়েছে ভোটিং অন ডিম্যান্ডস .....

Mr. Speaker: I will give you full facilities. There will be no guillotine tomorrow and I will carry it over till Monday.

Sj. Bankim Mukherji:

তাই আমার প্রস্তাব হচ্ছে, শনিবার দিন আমরা পুলিস বাজেট নেব না, শনিবার দিন অন্যান্য গ্র্যান্ট নিয়ে আলোচনা করব এবং সোমবার দিন পুলিস বাজেট নিয়ে আলোচনা হবে।

Mr. Speaker: I will give you full facilities. There is no going back on what I said.

Sj. Jyoti Basu:
স্পীকার মহাশয়, এই যে প্রোগ্রাম দেওয়া হয়েছে তাতে আমরা নতুন করে দেখছি যে প্রথমে ১৯এ ও ২০এ তারপর আবার ২৪এ ও ২৫এ এবং ফ্রাইডে আর সাটারডেতে নাই। আমরা শুনলাম—ঠিক কি না জানি না, মুখ্যমন্ত্রী দিল্লী চলে যাবেন, সেজন্য আর ঐ দিন হাউস থাকছে না।

Mr. Speaker: On Thursday will be taken up business remaining from the 18th.

Sj. Jyoti Basu: I know, there will be debate on the Second Five-Year Plan on that day.

Mr. Speaker: It is true that Dr. Roy will not be here and that is why 24th has been fixed. Mr. Siddartha Sankar Roy came and saw me; he asked me if he could make a statement in the House. I told him that he could do so. I even asked him if it would suit him he could make a statement even on the 24th March, if that is the last date of sitting. Mr. Basu asked me, supposing a no-confidence motion is tabled. If that is done, I shall fix a date for discussion.

[5-15—5-25 p.m.]

Sj. Jyoti Basu:
আপনি এটা পরিষ্কার করে দিন। আমরা সত্যিই এটা বুঝতে পারছি না। ভারী খারাপ লাগছে, মুখ্যমন্ত্রী মহাশয় যেহেতু দু'-দিন থাকবেন না, সেই হেতু সে কয়দিন হাউস হবে না, বিজনেস থাকা সত্ত্বেও?

Mr. Speaker:
ঐদিন কাজ নেই কি না।

Sj. Jyoti Basu:
আপনি মনডে ফিক্স করছেন মোশন দেওয়ার দিন, ঐ কয়দিন বাদ দিয়ে। কিন্তু আপনি হয়ত জানেন না, আমাদের এখানে, এই হাউসে এই রকম বহুবার হয়েছে, যেটা আমাদের মোটেই পছন্দ হয় না। একজন মন্ত্রী না থাকলে, তিনি মুখ্যমন্ত্রী হলেও, কাজ হবে না? হাউসের কাজ বন্ধ থাকবে?

Mr. Speaker: It may be necessary for the Chief Minister to make a statement before the House.

Sj. Jyoti Basu:
না, না। আমি এই কথা বলছি, ও'র যদি এ্যাপয়েন্টমেন্ট বিভিন্ন জায়গায় থাকে, সেগুলি সেইভাবে এডজাস্ট করুন। তাঁর কাজ থাকে, তিনি করুন, আপত্তি নেই। কিন্তু তাই বলে, তাঁর অনুপস্থিতিতে হাউসের কাজ হঠাৎ বন্ধ হয়ে যাবে, এটা ঠিক নয়। আমি এই জন্য বলছি, এটা সম্পূর্ণ গণতান্ত্রিক পদ্ধতি বিরোধী। কারণ, আমরা এগুলো জেনে ফেলি, এবং সাধারণ মানুষও জেনে ফেলে যে একজন মুখ্যমন্ত্রী থাকলেন না বলে, বা হঠাৎ তাঁকে দিল্লী যেতে হল বলে, হাউসের সব কাজ বন্ধ হয়ে গেল। এটা ঠিক নয়।

আগে এইরকম বহুবার হয়েছে। কংগ্রেস সেসনের সময়, হাউসের কাজ বন্ধ ছিল। আমাদেরও পার্টি কংগ্রেস আছে, পার্টি মিটিং আছে, তখন কি হাউসের কাজ বন্ধ থাকবে? আমরা রিকোয়েস্ট করলেও বন্ধ হবে না। সুতরাং আপনি বুঝতে পারছেন, এগুলি খুব আপত্তিকর, বিশেষ করে গণতান্ত্রিকের দিক থেকে খুব অসুবিধা হয়। ও'দের যদি কিছু থাকে, তাহলে সেজন্য আমাদের রিকোয়েস্ট করা উচিত। এবং তাহলে সেইভাবে হাউসের কাজ আগে থেকে ফিক্স হতে পারে।

Mr. Speaker:
আমি এই মাত্র প্রোগ্রাম পেলাম।

Sj. Jyoti Basu:

আপনি মনে রাখবেন এটা একটা গুরুত্বপূর্ণ কথা—মুখ্যমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত নেই। আমি আবার চতুর্থবার বলতে বাধ্য হচ্ছি শ্রীসিদ্ধার্থ রায়ের কথা তুলতে। আমি আপনাকে জিজ্ঞাসা করেছিলাম এবং আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়কেও বলেছিলাম যে, আমাদের সুযোগটা কোথায়, উনি যদি একেবারে শেষ দিনে একটা বিবৃতি দেন? আপনি বললেন, আমি সুযোগ দেবো।

Mr. Speaker:

সার্টেনলি, দেবো। আপনারা তো নো-কনফিডেন্স মোশন আনতে চান?

Sj. Jyoti Basu:

কিন্তু, আমরা সময়টা কোথা থেকে পাবো? ধরুন, আপনি ২৪এ তারিখে পাঁচটার সময় শ্রীসিদ্ধার্থ রায়কে বিবৃতি দিতে বললেন। তারপর হাউস এড্‌জোর্ন করে দিলেন। আমাদের তো এক দিনও সময় থাকলো না সেটা কন্সিডার করবার। কারণ তার পরে তো আমাদের আর কোন বিজনেসই থাকছে না। সেই জন্য আমাদের অনুরোধ আপনার কাছে,—আপনি মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে আলোচনা করে আজকেই বলে দিন। এবং তার চেয়ে আরও ভাল হচ্ছে ও'র আগে, যদি তাঁকে বিবৃতিটা দিতে দেন।

ফ্রাইডে বা পরের সোমবার হতে পারে অন্য বিজনেস বন্ধ রেখে। আমরা দু'-এক দিন সময় পেলে, ও'র স্পীচটা কন্সিডার করে অনাস্থা প্রস্তাব মন্ত্রিমণ্ডলী বা কোন মন্ত্রীর বিরুদ্ধে আনবো, কি না আনবো, সেটা ঠিক করতে পারি। আমরা যদি অনাস্থা প্রস্তাব আনি, তাহলে আপনি একটা ডেট ফিক্স করতে পারেন, যখন আমরা তা নিয়ে আলোচনা করতে পারি; 'উইদিন টেন ডেজ' এটা রুলে আছে যে কোন এই ধরনের স্পীচএর উপর বক্তৃতা হতে পারে। এইজন্য আমি বলছি এটা আগে দেওয়া উচিত ছিল, কারণ তখন আপনি আর সময় পাবেন না, এবং আমাদের প্রতি অবিচার হবে।

Mr. Speaker:

আপনাদের একটা অপর্চুনিটি দিতে হবে।

Sj. Jyoti Basu:

সেইজন্যই তো আমি বলছি, এই অপর্চুনিটি কি করে আমাদের দেওয়া যায়, তার জন্য আপনি মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে আলোচনা করুন। মুখ্যমন্ত্রী মহাশয়ের বক্তৃতা শুনে আমাদের ঠিক করতে হবে যে, তাঁদের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনবো কি না? তিনি বোধ-হয় সে দিকে গুরুত্ব দিচ্ছেন না। উনি বলেছেন, আপনারা তো ইচ্ছে করলে নেক্সট সেসনে আনতে পারেন? কিন্তু আমরা বলতে চাই এটা নেক্সট সেসনের ব্যাপার নয়। আমরা এই সেসনেই আনতে চাই, এবং আশাকরি আপনি আমাদের সেই সুযোগ দেবেন।

Mr. Speaker:

আপনাকে আমি সোমবার বলবো।

Sj. Jyoti Basu:

আর একটা কথা জানতে চাচ্ছি। আজকে সকালে ক্যাবিনেট মিটিং ছিল, সেই ক্যাবিনেট মিটিংএ শ্রীযুক্ত সিদ্ধার্থ রায়ের পদত্যাগপত্র গৃহিত হয়েছে কি না? এবং তাঁকে সে কথা জানিয়ে দেওয়া হয়েছে কি না? আপনি এ সম্বন্ধে কিছু জানেন কি না, বলবেন।

Mr. Speaker:

আপনাকে বলতে পারি আমি এ সম্বন্ধে এখনও পর্যন্ত কোন ইন্টিমেশন পাই নি। শ্রীসিদ্ধার্থ রায় আজ সকালে পৌনে এগারটা, কি বারটার সময় আমার চেম্বারে এসেছিলেন, তাঁর সঙ্গে কথাবার্তা হয়েছিল, কিন্তু তিনি আমাকে বলেন নি যে তাঁর রেজিগনেশনটা গৃহীত হয়েছে কি না। এবং আমি সরকারের তরফ থেকেও এখনও পর্যন্ত কোন ইন্টিমেশন পাই নি।

Sj. Sudhir Chandra Ray Choudhuri:
আপনার সদিচ্ছা সম্বন্ধে আমাদের বিন্দুমাত্র সন্দেহ নেই। আপনি যে আমাদের সময় দিতে চান, সে বিষয় মোটেই সন্দেহ হচ্ছে না। কিন্তু অবস্থাটা এমন দাঁড়িয়েছে, এই সময় হয়ত আমরা পাবো না। কারণ আজকে সকালে যা ঘটেছে, আপনি হয়ত তা জানেন না। আমরা বাইরের লোক, আমাদের কাছ থেকে খবরটা নিন, আজ সকালে কেবিনেট মিটিংএ সিদ্ধার্থ রায়ের পদত্যাগপত্র গৃহীত হয়েছে।

Mr. Speaker:
এটা কন্ফিডেন্সিয়াল ব্যাপার।

The Hon'ble Purabi Mukhopadhyay: On a point of order, Sir. Can we discuss Cabinet meeting affairs here?

Sj. Sudhir Chandra Ray Choudhuri:
এটা সত্য কথা।
Let somebody deny it.

The Hon'ble Purabi Mukhopadyay: There is no question of denying it.

Sj. Sudhir Chandra Ray Choudhuri:
সুতরাং এর থেকে সরকারের চক্রান্ত প্রতীয়মান হচ্ছে। আজ যদি সেটা গৃহীত হয়ে থাকে, তাহলে দু'-তিন দিনের মধ্যেই তাঁরা সেটা প্রোগ্রামের মধ্যে আনছেন না কেন? কারণ, প্রোগ্রামের মধ্যে সেটা আনলে, আমরা তাঁদের প্রতি কোন অনাস্থা প্রস্তাব আনবো কি না, ঠিক করতে পারি; সেই অবকাশ তাঁরা দেবেন না বলেই, আজকে পদত্যাগপত্র গৃহীত হওয়া সত্ত্বেও, এটা তাঁরা চেপে রেখে দিচ্ছেন। যাকে বলে টালবাহানা করছেন। তা চলবে না। স্পীকার মহোদয়, আপনি ভাল করে জেনে নিন এবং সময়মত ঠিক করুন। শেষকালে আমরা বোকা বনে চলে যাবো। ২৪এ তারিখ পর্যন্ত হাউস আছে, তারপরে আপনি কি করে আমাদের সময় দেবেন? তারপরে আমরা একটা নো-কনফিডেন্স মোশন দেবার অপর্চুনিটি পাবো না, আপনিও বলবেন নিরুপায়। আপনার সদিচ্ছা থাকা সত্ত্বেও, আপনি বলতে বাধ্য হবেন, আমি নিরুপায়। সুতরাং আমরা আশা করি, স্পীকার মহাশয়, এই নিরুপায় অবস্থার মধ্যে আসার পূর্বেই আপনি যা কথা দিয়েছেন তার ব্যবস্থা করবেন।

Mr. Speaker:
তাঁর সঙ্গে আলোচনা করে আমি সোমবার দিন আপনাকে জানাবো।

Sj. Jyoti Basu:
স্পীকার মহোদয়, মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে এক্ষণিই ত আপনি আলোচনা করতে পারেন। তিনি ত আর লুকিয়ে নেই, হাউসের কোথাও আছেন।

Sj. Sudhir Chandra Ray Choudhuri:
তিনি তাঁর ঘরে লুকিয়ে বসে আছেন কেন? সব শুনতে ত পাচ্ছেন আমরা কি বলছি। তাঁকে ডেকে পাঠান না, তিনি এখানে এসে কথা বলুন।

Sj. Jatindra Chandra Chakravorty:
মুখ্যমন্ত্রী মহাশয় বোধ হয় এমবারাস্‌ড ফিল করছেন, লজ্জিত বোধ করছেন, যার জন্য তিনি এখানে আসছেন না।

Sj. Sudhir Chandra Ray Choudhuri:
আমরা দু'-একটা ইন্টিমেশন দিয়ে রাখতে চাই।

Sj. Bankim Mukherji:
স্পীকার মহোদয়, আমরা সত্যিই জানতে চাই মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে সিদ্ধার্থ রায়ের ব্যাপারটা। তাঁর রেজিগনেশন এ্যাকসেপ্টেড হয়েছে, কি হয় নি? তিনি ত এইটুকু খবর এখানে এসে বলতে পারেন। তাঁকে খবর দিলেই ত তিনি এসে বলতে পারেন।

মাননীয় স্পীকার মহোদয়, আমার এখানে একটা বক্তব্য আছে—এই হাউস থেকে আমরা একটা মাইক চীফ মিনিস্টারকে দিতে রাজী হই। মাইক ইন হিজ রুম রাখা হয়েছে, তার মানে হচ্ছে, চীফ মিনিস্টারকে দরকার হ'লে পর, তাঁকে এই হাউসের সামনে পাওয়া যাবে। এখন সেই কথা অনুভব করে তাঁকে জানিয়ে দিন। আমরা আপনাকে অনুরোধ করছি, আপনি চীফ হুইপকে পাঠিয়ে দিন তাঁকে এখানে উপস্থিত হবার জন্য। তা না হলে চিরকাল যেমন হাউসের ব্যবস্থা ছিল, সেই রকম হোক, ঐ মাইক সেখান থেকে রিমুভ করে দিন।

GOVERNMENT BILL

The Calcutta Slum Clearance Bill, 1957

Mr. Speaker: Let us now begin the Calcutta Slum Clearance Bill.

Sj. Jatindra Chandra Chakravorty:
স্পীকার মহোদয়, তার আগে (৪৬) এ্যামেন্ডমেন্টের উপর মাননীয় মন্ত্রী মহাশয়ের জানাবার কথা ছিল।

Mr. Speaker:
আপনি ব্যস্ত হচ্ছেন কেন? জানান হবে।
The voting has been reserved.

[5-25—5-35 p.m.]

Clause 4

Sj. Dhirendra Nath Dhar: Sir, I beg to move that in clause 4(1), line 1, for the words "State Government" the word "Board" be substituted.

মিঃ স্পীকার, স্যার, এই সম্পর্কে গত কাল কেন বোর্ড করা দরকার সেটা ডেফিনিসন আলোচনার সময় বলেছিলাম। আজকে সেকশন ৪ আলোচনার সময়েতে আর একবার সে সম্পর্কে বলার সুযোগ হয়েছে। কথাটা হচ্ছে, সরকার বিলের মারফত যে কথা বলবার চেষ্টা করেছেন, সেটা হচ্ছে সরকারের বিবেচনায় সমস্ত কিছু নির্ভর করছে কয়েকজন আমলা বা অফিসারের খেয়ালখুশির উপর। হাট কোন্‌টা ভাঙ্গতে হবে, কলকাতার বস্তি কোন্‌টা আনফিট আনহাইজেনিক, এই সমস্ত বিচার করবেন কয়েকজন ব্যক্তিবিশেষ, যাদের খেয়ালখুশির উপর সমস্ত বস্তিবাসীর ভাগ্য নির্ভর করবে। সেইজন্য বলা হয়েছে এমন বোর্ড করা হোক যারা সমস্ত বস্তিবাসীদের সম্পর্কে সমবেদনার মনোভাব নিয়ে এ জিনিসটা দেখবেন এবং তারজন্য যাদের কথা বলা হয়েছে তারা হচ্ছেন, এসেম্বলীর সভ্য, আপার হাউসের সভ্য, অথবা কলকাতা পৌরসভার সভ্য অথবা ইমপ্রুভমেন্ট ট্রাস্টএর সভ্য। তাদের নিয়ে বোর্ড করার কথা বলা হয়েছে। শুধুমাত্র সদিচ্ছা বা সমবেদনাই নয় তার সংগে সংগে থাকবে যাদের কলকাতার হাউসিং সম্পর্কে, মফঃস্বলের হাউসিং সম্পর্কে, হাউসিং কনস্ট্রাকশনের সম্বন্ধে জ্ঞানগম্য আছে, অভিজ্ঞতা আছে তাদের এর মধ্যে আনা উচিত। এই রকম লোক যদি রাখার ব্যবস্থা হয়, তাহলে শুধু কনস্ট্রাকশনই নয়, সংগে সংগে যেসমস্ত বস্তিবাসীদের মনে আজকে সন্দেহ উপস্থিত হয়েছে যে, সরকার কেবলমাত্র আমাদের উচ্ছেদ করবার জন্য এই বিল এনেছেন, সেই সন্দেহ দূর হতে পারে। এইজন্য আমি সেকশন ৪ আলোচনার সময় আর একবার বোর্ডের প্রস্তাব উপস্থিত করলাম। আশা করি, মিঃ জালান এই এ্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন।

Sj. Jatindra Chandra Chakravorty: Sir, I beg to move that in clause 4(1)(a), line 1, the words "or other structures" be omitted.

I also beg to move that in clause 4(a)(b), line 2, the words "or other structures" be omitted.

I also beg to move that in clause 4(1), line 8, for the words "State Government" the word "Board" be substituted.

I also beg to move that in clause 4(2), line 2, for the words "two months" the words "six months" be substituted.

I also beg to move that in clause 4(3), line 2, after the word "Government" the words "on the advice of the Board" be inserted.

মাননীয় সভাপাল মহাশয়, আমার যে সংশোধনী প্রস্তাব সেটা ৪নং ক্লজএর সাব-ক্লজ (১) লাইন ১এ স্টেট গভর্নমেন্টএর জায়গায় আমি বোর্ড করার জন্য যে সংশোধনী প্রস্তাব দিয়েছি সেই বোর্ডের কথা বিবেচনা করা হোক। কাল আমি এই সম্পর্কে যে বক্তৃতা দিয়েছিলাম, তখন বলেছিলাম যে, গণতান্ত্রিক রীতি অনুসারে বোর্ড তৈরি করা হোক বিভিন্ন প্রতিনিধিদের নিয়ে এবং প্রোপোর্শনাল রিপ্রেজেন্টেশনের ভিত্তিতে এই বোর্ড গঠিত হোক এবং এসেম্বলীর যারা মেম্বর, কাউন্সিলের যারা মেম্বর, কলকাতা কর্পোরেশনের যারা কাউন্সিলার, ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টএর যারা মেম্বর, এবং পশ্চিমবঙ্গ সরকারের ২ জন রিপ্রেজেন্টেটিভ যাতে থাকে এই রকমভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে প্রোপোর্শনাল রিপ্রেজেন্টেশনের ভিত্তিতে এই বোর্ড গঠিত হোক। কারণ সরকার যাতে তাদের খামখেয়ালিতে কোন একটা এলাকাকে হাট বলে ঘোষণা না করতে পারেন, এবং সরকার যে উদ্দেশ্যের কথা ঘোষণা করছেন বিলের মধ্যে, সেটার আন্তরিকতা সম্বন্ধে আমাদের সন্দেহ আছে এবং সেকথা প্রতিদিন আমরা বলেছি যে, এর পিছনে রাজনীতিক উদ্দেশ্য থাকা অসম্ভব নয়। একথা আমরা বার বার বলেছি। সেইজন্য গভর্নমেন্টের পরিবর্তে আমি বোর্ডের কথা বলেছি।

দ্বিতীয় কথা—সাব-ক্লজ (১)(এ) এবং সাব-ক্লজ (১)(বি), তাতে আছে আদার স্ট্রাকচার্স—এই সমস্ত কথাগুলি আছে—সেগুলি আমি বাদ দিতে বলেছি। এইজন্য বলেছি—গতকাল আমি যেকথা বলেছিলাম আমার ৪৬নং সংশোধনী প্রস্তাব উপলক্ষে সেটার আবার আমি পুনরুক্তি করছি যে, কোন একটা বস্তি এলাকায় যদি পাকা বাড়ি থাকে, তাহলে সেই সমগ্র এলাকাকে যদি হাট এ্যান্ড আদার স্ট্রাকচার্স এই কথা থাকে তাহলে সেখানের সেই পাকা বাড়িগুলি ভেঙ্গে দিতে পারবেন। সেইজন্য আদার স্ট্রাকচার কথাটা বাদ দিতে বলেছিলাম যাতে এই সমস্ত পাকা বাড়ি এর আওতার মধ্যে না আসে বা এমন যদি কোন স্ট্রাকচার থাকে, যা মানুষের বাসোপযোগী সেই স্ট্রাকচারগুলি যাতে এই ক্লজের আওতার বাইরে রাখা যায়, সেইজন্য আদার স্ট্রাকচার কথাটা বাদ দেওয়া হয়েছিল। আমার ৭৩ এ্যামেন্ডমেন্ট এবং ৮২ এ্যামেন্ডমেন্ট সম্বন্ধে বিশেষ কিছু বলার নেই। কারণ উহাতে গভর্নমেন্টের পরিবর্তে বোর্ডের কথা বলেছি অন দি এ্যাডভাইস অব দি গভর্নমেন্টএর জায়গায় অন দি এ্যাডভাইস অব দি বোর্ড এই সংশোধনী প্রস্তাব এনেছি। এখানে স্টেট গভর্নমেন্টএর পরিবর্তে বোর্ড কথাটা ব্যবহার করুন। এই পরিবর্তন করার প্রয়োজন আছে বলেই আমি ৭৩ ও ৮২ এই দুটি সংশোধনী প্রস্তাব দিয়েছি।

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that after clause 4(1)(b), the following be added namely—

"(c) it is necessary to bring about improvements in its ventilation, conservancy, sanitation, water-supply, road laying and such other arrangements."

I also beg to move that in clause 4(3), line 4, after the words "a slum-area" the words "giving the reasons in writing and in detail for not accepting the representation" be inserted.

সভাপাল মহাশয়, আমার সংশোধনী প্রস্তাবের সঙ্গে সঙ্গে আমি রনেন সেন মহাশয়ের প্রস্তাব ৭২ মুভ করছি। সেটাও বলছি এবং আমারটা হচ্ছে ৮৩।

সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের সামনে এই প্রস্তাব রাখছি। এই সংশোধনীর মধ্যে আপনার সঙ্গে সহযোগিতা করার মনোভাব সম্পূর্ণভাবে ফুটে উঠেছে। আপনি

"if the State Government is satisfied that in an area"

বলে যে সংজ্ঞা দিয়েছেন এ ও বি—এই দুটো কারণে আমাদের গভর্নমেন্ট যে-কোন এলাকাকে স্লাম বলে ডিক্লেয়ার করতে পারবেন। আমি এখানে আপনার আগের কথা নিয়ে একটা কথা ধরে নিচ্ছি যাতে আপনার বস্তি ইমপ্রুভমেন্ট করার সুবিধা হতে পারে। যেমন কোন কোন জায়গা

unfit for human habitation, unhealthy atmosphere,

বাস করার পক্ষে এসব কথা যেমন ঠিক এটা হচ্ছে নেগেটিভ এ্যাপ্রোচ আর পজিটিভ এ্যাপ্রোচ হ'ল, বস্তিতে এমন কতকগুলি অল্পবিস্তর হস্তক্ষেপ করলে, নালা, কল, রাস্তা এইগুলি করলে বস্তির মধ্যে ইমপ্রুভমেন্ট হয়। এইজন্য এই সংশোধনী প্রস্তাব রেখেছি। আপনি নিশ্চয় অবগত আছেন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে কথা বলেছিলেন যে, কলকাতা কর্পোরেশনের উপর ভার থাকা সত্ত্বেও তারা এটা করতে পারে নি। শুধু মুখ্যমন্ত্রী মহাশয়ই একথা বলেছিলেন তা নয় কয়েকদিন পূর্বে ক্যালকাটা কর্পোরেশনের মিটিংএ ইমপ্রুভমেন্ট ট্রাস্টএর শৈবাল গুপ্ত তিনিও বলেছিলেন যে, কর্পোরেশনের এই বিলের বিরোধিতা করার কোন অধিকার নেই যখন তাদের যা করণীয় ছিল তারা তা করতে পারে নি। তিনি সেদিন যেকথা বলেছিলেন, যে শব্দ ব্যবহার করেছিলেন, সেটা হচ্ছে

we have no right because we did not utilise these laws.

এর তারিখটা আমি বলে দিচ্ছি, তারিখটা হচ্ছে ২রা মার্চ ১৯৫৮-এর স্টেটসম্যান।

Where Corporation did not utilise the provisions; we cannot honestly say that we have done what we should have done.

সুতরাং এখানে আপনার সঙ্গে আমরাও একমত- কতকগুলি কারণ সেটা আপনি বিবেচনা করবেন কর্পোরেশন করে নি। স্লামের এই যে সংজ্ঞা দিয়েছেন তাতে সরকার ছাড়া অন্য কোন মালিক থাকবে না। কর্পোরেশনের দায়িত্বে হোক বা কো-অপারেটিভএর মাধ্যমেই হোক যদি এর উন্নতি করতে হয় এবং সেগুলিকে যদি এর আওতায় আনতে হয় তাহলে (এ) ও (বি)এর পরে (সি) যোগ করতে হবে—

It is necessary to bring about improvements in its ventilation, conservancy, sanitation, water-supply, road laying and such other arrangements.

[5-35—5-45 p.m.]

যেগুলি করলে বস্তি ইমপ্রুভমেন্ট হতে পারে, কর্পোরেশনের এবং ল্যান্ডলর্ডের বিরোধিতা হতে পারে না। আপনারা যদি স্লামকে ক্লিয়ার করবার অধিকার নেন সেগুলির এটাতে সুবিধা হবে। কাজেই আশা করি আপনি এই গঠনমূলক প্রস্তাব নেবেন।

তারপর ৮৩নং এ্যামেন্ডমেন্ট বলছি। আপনি যেখানে বলেছেন স্লাম বলে ডিক্লেয়ার্ড হবার পর ওদের তরফ থেকে দরখাস্ত যদি হয় এবং আপনি যদি তাতে স্যাটিসফাইড না হন এবং আপনার প্রথম আদেশ বহাল রাখেন তাহলে

"you can by notification declare such area or any portion thereof to be a slum area."

আমি সেখানে চেক দিচ্ছি, আপনি সেটা বাধ্যতামূলকভাবে স্লাম এরিয়ার পরে জুড়ে দিন—

"giving the reasons in writing and in detail for not accepting the representation"—

কোন্ কারণে সেটা অগ্রাহ্য করেছেন তা জানবার অধিকার মানুষের আছে। কারণ, এই বিলে আমাদের মত মানুষের মনে সন্দেহ আছে। কারণ, আপনারা আজ ৪৫ বছর রক্তখেকো বাঘের মত ব্যবহার করে আসছেন। আজ বাঘের চামড়ার উপর নামাবলী চড়ালেও ভিতরকার বাঘের চরিত্র দেখা যাবে। কাজেই আপনি যে বাঘ নন তা অন্তত একটা জিনিস দিয়ে বুঝিয়ে দিন।

Sj. Deben Sen: I beg to move that in clause 4(2), line 2, for the word "two" the word "three" be substituted.

আমার এ্যামেন্ডমেন্ট ছোট। এই যে ২ মাস আছে, দু' মাসের জায়গায় আমি ৩ মাস চাইছি—

"Upon the publication of such a notification and within two months of such publication the person or persons will be entitled to make representation."

এখন একটা এরিয়াকে আপনারা স্লাম এরিয়া বলে জানিয়েছেন; লোককে ত সময় দিতে হবে। হয়ত গেজেটে বা কোন কোন পেপারে বেরুতে পারে। কিন্তু তারা জানবে কি ক'রে? তাদের জানবার জন্য সাফিসিয়েন্ট টাইম দেওয়া দরকার। তা না হলে তারা এসে প্রতিবাদ জানাবে কি ক'রে? এই সেকশনটার সাব-ক্লজ (২) সেটা ভেরি ইম্পরটেন্ট, আপনি স্লাম এরিয়া বলে

জানাবেন, লোককে সাবধান হতে হবে, ওরা এসে বাধা দিতে পারে বা প্রতিবাদ করতে পারে, যদি প্রতিবাদ স্বীকার করা হয় ত লোকগুলো বেঁচে যাবে। সুতরাং আমি বলছি যে, দু'মাস টাইম খুব কম হবে, ৩ মাস দেওয়া উচিত। আরও বেশি দেওয়া উচিত ছিল। কিন্তু আমি বেশি বাড়াতে ভয় পাচ্ছি; আমি মনে করি আপনি এই এ্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন।

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 4(2), line 3, for the words "will be entitled to" the word "may" be substituted.

আমার সংশোধনীটা ভাষার ব্যাপার—এখানে ল্যাংগুয়েজটা ঠিক হয় নি।

"Upon the publication of such a notification and within two months of such publication the person or persons affected by such notification will be entitled to make representation."

এরকম লিগ্যাল ল্যাংগুয়েজ থাকে না। সেখানে থাকে 'মে মেক রিপ্রেজেননটেশন' সেইজন্য আমি 'মে' বসাতে চাইছি, এ জায়গায় 'মোর অর লেস' এটা ভাষায় সংশোধন, আর কিছু নয়।

Sj. Niranjan Sengupta: Sir, I beg to move that after clause 4(3) the new sub-clause be inserted, namely—

"(4) The State Government shall immediately after declaring a Slum-area under Sub-section (3) above organise and take a census of all Slum-dwellers of such a Notified area for the purpose of determining the actual residents of the area".

এটা আমি মুভ করতে চাই এজন্য যে, স্পীকার মহাশয়, আপনি জানেন যে স্লামতে বা বস্তিতে যারা বাস করে তারা কোন রসিদ পায় না; এই সব কারণে আজকে স্লাম এরিয়া ডিক্লেয়ার্ড হওয়ার পরে যদি ইমিডিয়েটলি তাদের সবার নাম একটা রেজিস্ট্রীভুক্ত করা না হয়, তাহলে ভবিষ্যতে তারা যে বস্তিতে বাস করেছিল সে কথা উড়ে যাবে, এবং ভবিষ্যতে তারা কোন ক্লেইম পেতে পারবে না। সেইজন্য আশা করি আমার এই সামান্য এ্যামেন্ডমেন্ট জালান সাহেব গ্রহণ করবেন। কারণ, স্লাম এরিয়া ডিক্লেয়ার্ড হলে রেজিস্ট্রী কোরে তাদের নাম পর পর সাজিয়ে রাখতে হবে, যাতে ভবিষ্যতে তাদের দাবীটা কেউ ফাঁকি দিতে না পারে।

Mr. Speaker:

এখানকার এ্যাভারেইজ পপুলেশন এরা আসছে, চলে যাচ্ছে, এদেরও কি রেজিস্ট্রী হয়?

Dr. Narayan Chandra Ray:

যখন ডিক্লারেশন করবেন সে দিনের রেজিস্ট্রেশন কেন নেবেন না?

Mr. Speaker:

আপনারা জানেন যে বস্তিতে অনেকভাবে থাকে। তাদের থাকার স্থিরতা নেই। তাদের রেজিস্ট্রী করা কিরকমে হয়? আমাদের আপত্তি নেই, আরও কতকগুলি লোক রেজিস্ট্রী করবে, যাদের নাম ঢোকাবার ঢুকবে, কারও কাটবে।

Sj. Niranjan Sengupta:

এ না করলে তাদের সব নষ্ট হয়ে যাবে।

Dr. Abu Asad Md. Obaidul Chani: Sir, I beg to move that after Clause 4(3), the following new sub-clauses be inserted, namely—

"(4) Along with the notice issued under clause 4(1), the State Government shall issue another notice in the official Gazette specifying as to whether the area which the State Government has the intention to declare to be a slum-area is to be operated as laid down under clause 6(1) or 6(5) or 6(6) giving—

(a) boundaries of the area comprised in the scheme;

(b) a map of the area comprised in the scheme;

(c) the amount of the land concerned;

(d) the number of huts included;

(e) the number of people likely to be affected;

(f) a description of and full particulars relating to the scheme and the complete plans and estimates of the cost of executing the scheme; and

(g) a statement of the arrangements made or proposed for the temporary re-housing of the slum-dwellers affected."

মিঃ স্পীকার, স্যার, আগে অনেক সংশোধন প্রস্তাব, দুঃখের বিষয়, জালান সাহেব গ্রহণ করেন নি। কিন্তু এটা তিনি দেখুন। ক্লজ ৪(৩)এতে যা বাকী আছে সেটা এখানে উল্লেখ করতে চাইছি। আপনারা স্লাম এরিয়া ডিক্লেয়ার করছেন, সমস্ত বাড়ি ঘর ভাঙ্গতে চাইছেন, অন্তত লোকজনদের জানিয়ে দিন যে, ওখানে কি করবেন, পাকা বাড়ি করবেন, না পাবলিক পার্পাসএ ব্যবহার করবেন, না হাটসএর ইমপ্রুভমেন্ট করবেন? এগুলি যদি জানিয়ে দেন তাহলে বস্তি-বাসীরা বুঝতে পারবে আমাদের উপর কি বিপদ আসবে। তা ছাড়া আপনারা স্লাম এরিয়া ডিক্লেয়ার করছেন, অথচ তার বাউন্ডারী বলছেন না, কতটা এরিয়াকে স্লাম এরিয়া ডিক্লেয়ার করবেন সেটা জানিয়ে দেওয়া দরকার, আর ক'টা বাড়ি বা হাটস ইমপ্রুভড হচ্ছে, ক'জন লোক এ্যাফেকটেড হচ্ছে তাও জানান দরকার। এইগুলি সংশোধন প্রস্তাবে আছে। বিলে এ ত দেওয়া হয় নি। শুধু ডার্কনেস বা অন্ধকারে না রেখে যাতে জিনিসটা ইলুমিনেটেড হয়, তা করলে মানুষের মন একটু সন্তুষ্ট হবে, কি করা যাবে, কি করা হচ্ছে বা কি করা উচিত তা জানিয়ে দেবার কথায়—এইটা সংশোধন প্রস্তাবে আছে। আশা করি শ্রীজালান এটা গ্রহণ করবেন এবং তার ফল ভালই হবে।

Sj. Deben Sen: Sir, I beg to move that in clause 4(3), at the end, the following be inserted, namely—

"giving the reasons in writing for not accepting the representation".

I further beg to move that after clause 4(3) the following be added, namely—

"(4) Along with the notice issued under section 4(1), the State Government shall issue another notice in the Official Gazette specifying as to whether the area which the State Government has the intention to declare to be a slum-area is to be operated as laid down under section 6(1) or section 6(5) or section 6(6) giving—

(a) boundaries of the area comprised;

(b) a map of the area;

(c) the amount of the land concerned;

(d) the number of huts included;

(e) the number of people likely to be affected;

(f) the description of and full particulars relating to the scheme in question and the complete plans and estimates of the cost of executing the scheme; and

(g) a statement of the arrangements made for the re-housing of the slum-dwellers affected."

এটা আমি এ্যাড করতে চাই। লোকে যখন রিপ্রেজেন্টেশন দেবে গভর্নমেন্ট যদি সেটা এ্যাকসেপ্ট না করেন, না করার কারণ, রিজেক্ট করার কারণ, এটা একটা কাগজে লিখে দেবেন—এটুকু শুধু আমি এ্যাড করতে চাই। এটাই আমার এ্যামেন্ডমেন্ট, যদি কারণ জানতে পারে, যদি ইন রাইটিং দেওয়া হয়, রিপ্রেজেন্টেশন কেন রিজেক্ট হ'ল তাহলে দে মে প্রসিড ইভেন ফার্দার। গভর্নমেন্ট খালি বলে দেবেন কেন এপ্লিকেশন রিজেক্ট করা হ'ল। এতে কোন লোকসান নাই। অথচ

লোকের পক্ষে এটা খুব ইমপরট্যান্ট, কাজেই আমি বলি শুধু রিজেক্ট না করে কারণটাও লিখে দিন। এটা ইমপরট্যান্ট আমি মনে করি
to protect the rights of the people concerned.
আমার সংশোধনী হচ্ছে এই ক্লজ ৪এতে আমি এটুকু মাত্র দেবার চেষ্টা করেছি যে, সমস্ত বস্তি এখনি গভর্নমেন্ট নিয়ে সেগুলি ভেঙ্গে চুরে নূতন করে করতে পারবেন না—অর্থাৎ এখন সমস্ত বস্তি নিতে পাচ্ছেন না এবং এখনি সেগুলিকে রিবিল্ড করতে পাচ্ছেন না। অপোজিশন থেকে কেউ কেউ বলেছেন যে, ৫০-১০০ বছর লাগবে সেটা করতে গভর্নমেন্টের পক্ষে। যে এস্টিমেট দেওয়া হয়েছে তাতে ২৫ বছরের আগে হবে না, অবশ্য ২½ কোটি টাকা খরচ করে কেন, আরও বেশি খরচ করলেও ২০-২৫ বছর লাগবে। কিন্তু ততদিন এসমস্ত বস্তিতে মিউনিসিপ্যালিটি এ্যাক্ট অনুযায়ী সেগুলি করতে পারত কিন্তু এই এ্যাক্ট পাস হয়ে যাবার পর সেটা তুলে দেওয়া হচ্ছে, ইনঅপারেটিভ হয়ে যাচ্ছে। সেই জায়গায় আমি এটুকু রাখছি যে, সেখানে যখন মিউনিসিপ্যালিটি এ্যাক্ট প্রভৃতি আছে সেগুলিকে স্লাম ক্লিয়ারেন্স এ্যাক্টের ভিতর আনতে চাচ্ছি। অর্থাৎ কোন এরিয়াকে বস্তি বলে ডিক্লেয়ার করার পর এ্যাকোয়ার করতে হবে, তখন কম্পেন্সেশন দিতে হবে, নাও হতে পারে। নূতন করে শুধু ইমপ্রুভমেন্টের জন্য দুটো উপায় সাজেস্ট করছি। একটা হচ্ছে, সেই সমস্ত জায়গায় ল্যাট্রিন, ইউরিনাল, থরোফেয়ার ইত্যাদি করা; নোটিস প্রত্যেককে দেবেন—যে কথা ডাঃ রায় বলেছেন। কর্পোরেশন তো পারে নি, কর্পোরেশনএ ৩৫ বছর কংগ্রেস পার্টি রাজত্ব করছে কিন্তু তারা পারে নি। আমার সেজন্য এ্যামেন্ডমেন্ট একসঙ্গে সব পার্টির উপর, ল্যান্ডলর্ড, লেসি, সাব-লেসি, টেনান্টস সবার উপর নোটিস দেবেন এবং দেবার পর যদি ৬ মাসের ভিতর এই ইমপ্রুভমেন্টগুলি না করে তাহলে পর প্রেসক্রাইবড অথরিটি মারফৎ স্টেট গভর্নমেন্ট সেগুলি করবেন—সেটা কর্পোরেশনও হতে পারে, ইমপ্রুভমেন্ট ট্রাস্টও হতে পারে—তারা ইমপ্রুভমেন্টগুলি করবেন। করার পর তারা চার্জ করবেন এবং আদায় করবেন লেসির কাছ থেকেই হোক, সাব-লেসির কাছ থেকেই হোক, আর মালিকের কাছ থেকেই হোক। এর ফল

হবে কি? ফল হবে যেসমস্ত বস্তি এখন ডিমলিস করে নূতন করে করতে পাচ্ছেন না, অন্তত তার কিছু সেনিটারি ইমপ্রুভমেন্ট করা সম্ভব হতে পারে। তার মানে এই নয় যে, আমি বলছি যে ইমপ্রুভমেন্ট করলেই বস্তিগুলি স্টেবিলাইজড হয়ে যাবে, মোটেই হবে না। সামান্য কিছু ইমপ্রুভমেন্ট করলে পর, বস্তির চেহারা, চরিত্র শেষ হয়ে যাবে না, অতএব সেসব করা সত্ত্বেও গভর্নমেন্টের হাতে যথেষ্ট ফান্ড থাকবে, ডিমলিস করতে পারবেন। আমার এ্যামেন্ডমেন্টএ তার কোন বাধা নাই। সেদিক থেকে তার কোন আপত্তি থাকা উচিত নয়। এসমস্ত করবার পর বস্তিগুলি এ্যাকোয়ার করে ডিমলিস করা যাবে না এরকম কোন বাধা হবে না। এই রকম যতক্ষণ পর্যন্ত রিবিল্ড করা না যাচ্ছে কোন বস্তি, ততক্ষণ পর্যন্ত তার ইমপ্রুভমেন্ট করা সম্ভব হতে পারে এই হচ্ছে আমার এ্যামেন্ডমেন্টের একমাত্র অর্থ। আমাদের ধারণা বস্তির ইমপ্রুভমেন্ট করাই গভর্নমেন্টের উদ্দেশ্য, বস্তি ভাঙ্গাটা তাদের উদ্দেশ্য নয়—অবশ্য আমি মনে করি যে, বস্তি ভেঙ্গে রিবিল্ড করলে পর সত্যসত্যই বস্তি থেকে সেগুলিকে উদ্ধার করা যেতে পারে কিন্তু যেহেতু সেটা এখনই সম্ভব নয় অথচ কিছু কিছু বস্তির এরকমভাবে ইমপ্রুভমেন্ট করা সম্ভব সেই হেতু আমি মন্ত্রী মহাশয়কে এটা বিশেষভাবে বিবেচনা করে দেখতে বলি। আমার এ্যামেন্ডমেন্ট গ্রহণ করলে পর এই বিলের চরিত্রের কিছুমাত্র এদিক ওদিক হবে না বরং তারা যে উদ্দেশ্য বলছেন এই স্লাম ক্লিয়ারেন্সের, তার সঙ্গে কিছুটা স্লাম ইমপ্রুভমেন্ট আছে, সেই স্লাম ইমপ্রুভমেন্ট কিছু হতে পারে বলে আমি মনে করি এবং তাঁকে বিবেচনা করতে বলি অন্তত এই এ্যামেন্ডমেন্টটা গ্রহণ করতে পারেন কিনা।

Mr. Speaker: I am putting the new sub-clause to vote.

Sj. Jyoti Basu: He has not stated whether he accepts or rejects it.

The Hon'ble Iswar Das Jalan: I am sorry I cannot accept the amendment.

Enquiry regarding the resignation of Judicial Minister

Sj. Jyoti Basu:

স্পীকার মহোদয়, আমি বলছিলাম আমার কথাটার জবাব মুখ্যমন্ত্রী মহাশয় দিয়ে দিন। তিনি এতক্ষণ হাউসে ছিলেন না, এখন আছেন। সুতরাং উনি জবাবটা দিয়ে দিন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I heard that some harsh words were said. I only want to say that hard words do not break any bones. The point is that if my friends do not read the Constitution, I cannot help it. I have mentioned on Tuesday that I have got the letter of resignation. It is not for me to overstep the bounds of decency and ask the Governor to accept the resignation immediately. I must give a gentleman a little chance, though I know he will not come. Therefore it is nothing very unusual to ask a colleague of mine to think over the matter and not to show as if I am anxious to accept his resignation and ask the Governor to accept it. Yesterday I sent the letter to the Governor. According to the Constitution, the Governor appoints a Minister on the recommendation of the Chief Minister and the Minister shall hold office during the pleasure of the Governor. It has nothing to do with the Cabinet, nothing to do with any other person except the Governor. I sent the letter yesterday to the Governor and have made enquiries. I think the Governor's Secretariat is going to issue formal intimation of the acceptance of the letter of resignation.

Sj. Deven Sen:

কেবিনেট তাঁর রেজিগনেশন একসেপ্ট করে নিয়েছেন এই ত আমাদের খবর।

The Calcutta Slum Clearance Bill, 1957

Clause 5

Sj. Jatindra Chandra Chakravorty: Sir, I beg to move that for clause 5(1) the following be substituted, namely—

"5. (1) Within one year after an area has been declared a slum area under sub-section (3) of section 4—

(a) The State Government may acquire such land comprised in such area together with all huts standing thereon, which, in the opinion of the Board, cannot be remodelled without complete demolition, by publishing in the Official Gazette and in such other manner as may be prescribed a notice to the effect that the State Government has decided to acquire such land together with all huts standing thereon;

(b) The State Government may, by a notice in the prescribed manner, direct the owner of the hut, save as those mentioned in (a) above, in such area to reconstruct or remodel their respective huts according to the Standard plan within a period of five years from the date of notice:

Provided that the State Government shall advance such loans at low interest rates, repayable at easy instalments to such owner of hut as are required for remodelling as per the standard plan and or shall supply materials at subsidised rates to such owner of hut:

Provided further that the owner of such remodelled or reconstructed hut shall not charge rent at a rate higher than the standard rent;

(c) In the event of any owner of hut failing to comply with the provisions of sub-section (b) above, the State Government may acquire such hut and land over which such huts stands, comprised in such area by publishing in the official gazette and in such other means as may be prescribed a notice to the effect that the State Government has decided to acquire such land together with the hut standing thereon".

I also move that in clause 5(3), line 1, after the words "as aforesaid" the words "in sub-section 5(1)(a) and 5(1)(c)" be inserted.

I also move that in clause 5(3), line 4, and line 5, the words "and other structures" be omitted.

I also move that in clause 5(4)(a), line 2, the words "or other structure" be omitted.

I also move that in clause 5(4)(b), line 4, the words "or other structure" be omitted.

I also move that in the proviso to clause 5(4), line 3, the words "as near as may be" be omitted.

I also move that in the proviso to clause 5(4), lines 5 to 9, the words starting from "which" in line 5 and ending in "locality" in line 9 be omitted.

I also move that the following further proviso be added to clause 5(4), namely—

"Provided further that on remodelling of such hut or erection of multistoreyed building on such requisitioned land, such occupier shall have prior claim to be accommodated in such remodelled

hut or in such building at the standard rent, subject to such occupier agreeing to vacate the alternative accommodation, if any, provided by the State Government."

I also beg to move that in the proviso to clause 5(3), line 3, the words "or other structure" be omitted.

I also move that in clause 5(5), line 2, the words "and other structures" be omitted.

I also move that the following proviso be added to clause 5(5), namely—

"Provided that the State Government shall provide for the economic rehabilitation of all persons who might have been engaged in any small, cottage, handicraft or other industry or trade in the slum area and whose calling might have been affected by his ejectment from the slum."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ক্লজ ৫, সাব-ক্লজ (১)এ যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি সেটা যদি আপনি পড়েন তাহলে দেখবেন যে, আমরা বার বার যে কথা বলেছি এবং আজও বলছি যে, শুধু-মাত্র বস্তি উচ্ছেদ করলে হবে না, বস্তির উন্নয়ন করতে হবে এবং তারজন্য রিমডেলিংএর সুযোগটা রাখতে হবে সেই কথাই আছে। স্যার, আপনি ত শুনছেন না। আমার বক্তব্য, কি করে বলি বলুন?

Mr. Speaker:

আপনাকে আমার শুনতেই হবে। কারণ আপনাকে আমার রুল অফ করতে হবে।

[6-40—6-50 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty:

আমার সংশোধনী প্রস্তাবের মধ্যে সেইজন্য আমি সাব-ক্লজ দিয়েছি। তাতে দেখবেন, আমি বলেছি যে, স্টেট গভর্নমেন্ট, সরকার সেই জমিগুলি বস্তিসহ দখল করুক, যেটা আমরা যে বোর্ডের প্রস্তাব করেছি সেই বোর্ডের অভিমত অনুসারে যে বস্তিগুলিকে বা যে হাটগুলিকে রিমডেল করা যাবে না কেবলমাত্র সেই জমি এবং বস্তিগুলিকে সরকার দখল করবেন। এবং অফিসিয়াল গেজেটে সেই এলাকার কথা ঘোষণা করা হউক। এটাই আমি প্রস্তাবের মধ্যে রেখেছি। এবং এও রেখেছি সরকার এটাও করতে পারবে যে, বস্তির মালিককে যেখানে সম্ভবপর রিমডেল করার জন্য নির্দেশ দিতে পারবে এবং তার সঙ্গে সঙ্গে একথাও আমরা রেখেছি যে, যদি রিমডেল করবার সুযোগ দেওয়া হয় তাহলে সরকারকে ঐ বস্তির মালিককে রিমডেলিং করার জন্য, বস্তি উন্নয়ন করার জন্য লোন দিতে হবে অল্প সুদে এবং যাতে সহজ কিস্তিতে সেই লোন পরিশোধ করতে পারে। রিমডেলিং যেটা করবে সেই রিমডেলিংএ যে স্ট্যান্ডার্ড প্ল্যান আছে, সেই স্ট্যান্ডার্ড প্ল্যান অনুসারে সে রিমডেল করবে। অবিশ্যি আমাদের যিনি সিলেক্ট কমিটির চেয়ারম্যান ছিলেন সেই চেয়ারম্যান ঐ সিলেক্ট কমিটিতে বার বার জিদ দেখিয়েছেন যে, কিছুতেই এই লোন দেওয়া হবে না। এবং তাঁর নাকি যে তিক্ত অভিজ্ঞতা আছে উদ্বাস্তুদের জন্য লোন দিতে গিয়ে, সেই অভিজ্ঞতা থেকে তিনি নাকি লোন দেওয়ার বিরুদ্ধে বস্তির মালিকদের। সুতরাং চেয়ারম্যানের সেই অসঙ্গত জিদ সেটা আমরা দেখেছি। সেই অন্যায় এবং অসঙ্গত জিদ তিনি এখনও এখানে দেখিয়ে যাচ্ছেন। আমাদের মাননীয় মন্ত্রী জালান সাহেব, যিনি এই বিলটা পাইলট করেছেন তিনিও ঐ চেয়ারম্যানের অসঙ্গত জিদের সামনে মাথা নত করেছেন। উদ্বাস্তুদের ঋণ দেবার সময় যে অভিজ্ঞতা হয়েছে, আমি ভেবেছিলাম যেভাবে উদ্বাস্তুদের ঋণের টাকা সদ্ব্যবহার করেছেন আমাদের সরকার, এই এ্যামেন্ডমেন্টটা যদি ওনারা গ্রহণ করতেন, সেইভাবে সদ্ব্যবহার করবার সুযোগ তারা পেতেন। যেভাবে উদ্বাস্তুদের ঋণ দেবার টাকা নিয়ে ছিনিমিনি খেলা হয়েছে এবং ভাগ বাটোয়ারা করে নেওয়া হয়েছে এবং যেভাবে তার অপব্যবহার হয়েছে, আমার এই সংশোধনী প্রস্তাব গ্রহণ করলে আরেকটা অকল্যান্ড হাউস এবং ৪ জন ডেপুটি মিনিস্টার, স্টেট মিনিস্টার রেখে তাঁরা সেই টাকার সদ্ব্যবহার করতে পারতেন। দুইজন স্টেট মিনিস্টার আর দুইজন ডেপুটি মিনিস্টার রাখতে পারতেন। কিন্তু সেটা করবেন কিনা জানি না। এর সঙ্গে সঙ্গে আমি একথাও রেখেছিলাম আমার প্রস্তাবের মধ্যে যে, যদি কোন বস্তির মালিককে রিমডেল করার জন্য ঐরকম লোন দেওয়া হয় তাহলে সেই মালিক রিমডেল করবার পর

স্ট্যান্ডার্ড রেন্ট যেটা আছে তার থেকে যাতে ভাড়া বেশি না বাড়ায় সেই প্রভিশনটাও আমার এ্যামেন্ডমেন্টের মধ্যে আমি রেখেছি। এটাও আমি রাখতে চেয়েছি যে, কোন বস্তির মালিক ঐ সেকশনের সাব-ক্লজ (বি) অনুসারে, সরকার যাকে নির্দেশ দেবেন স্ট্যান্ডার্ড প্ল্যান অনুসারে বস্তিকে রিমডেলিং করবার জন্য যদি সেই নির্দেশ কোন বস্তির মালিক মানতে অস্বীকার করে কিম্বা অপারগ হয় তাহলে সরকার সেই ক্ষেত্রে কেবলমাত্র সেই বস্তি এবং সেই জমি সেটাকে দখল করে নিতে পারবেন। আমরা যেকথা বার বার বলেছি বস্তি উচ্ছেদের মধ্যে নয়, বস্তি উন্নয়ন করতে হবে তবেই সত্যিসত্যি বস্তি সমস্যার সমাধান হতে পারে। সেই কথাটাই এই প্রস্তাবের মধ্যে দিয়ে আমি বলতে চেয়েছি। এর পরে আমি আমার ৯৯, ১০০ এই দুটি এ্যামেন্ডমেন্ট আপনার কাছে রাখছি। ক্লজ ৫ (৩)তে লাইন (১) আপনি দেখুন অ্যাজ অ্যাফোরসেইড এই কথাটার জায়গায় আমি ইন সাব-সেকশন ৫(১)(এ) এ্যান্ড ৫(১)(বি) এই কথাটা রেখেছি, আর ইন ক্লজ ৫(৩) লাইন ৪ এবং ৫এ আবার সেই আদার স্ট্রাকচার্স এই কথাটা রয়েছে। এই আদার স্ট্রাকচার্স সম্পর্কে আগেও বলেছি। ঐ বস্তি এলাকা ঘোষণা করার সাথে সাথে মনুষ্যবাসের উপযোগী যেসমস্ত পাকা বাড়ি আছে সেগুলিকে যাতে না ভাঙ্গা হয় সেই উদ্দেশ্যে এর আগের সেকশনে ঐ আদার স্ট্রাকচার্স কথাটা বাদ দিতে বলেছিলাম। এবং একদিন সময় নিয়েও অনেক বিচার বিবেচনা করেও জালান সাহেব শেষ পর্যন্ত রায় দিলেন আমাদের সিলেক্ট কমিটির চেয়ারম্যান যে অসঙ্গত জিদ দেখিয়েছিলেন, সেই জিদকেই তিনি সমর্থন করেছেন।

[6-50—7 p.m.]

এখানেও এটা গৃহীত হবে না এটা আমাদের ধারণা। তবুও এই সংশোধন প্রস্তাব আমি রাখছি।

তারপর, স্যার, ১০৭ নম্বর এ্যামেন্ডমেন্ট আছে, ১০৯ আছে। আমার ১০৭ নম্বর এ্যামেন্ডমেন্টটা যদি দেখেন তাহলে তাতে দেখবেন যে, ইন দি প্রোভাইসো আছে—ক্লজ ৫(৩) লাইন ৩, অর আদার স্ট্রাকচার—ঐ যে কথাগুলি আছে আদার স্ট্রাকচার, সেটা বাদ দিতে বলছি।

তারপর ১০৯ নম্বর এ্যামেন্ডমেন্টটা, তাতে ক্লজ ৫(৪)(এ), লাইন ২, সেখানেও আদার স্ট্রাকচার কথা আছে, সেটাও অমিট করতে বলছি।

তারপর ১১০ নম্বর এ্যামেন্ডমেন্ট, সেখানেও ক্লজ ৫(৪)(বি), লাইন ৪, তাতেও সেই আদার স্ট্রাকচার কথা আছে, সেটাও বাদ দেবার জন্য বলেছি।

তারপর ১১৫ নম্বর এ্যামেন্ডমেন্টএ দেখুন ঐ ক্লজ ৫(৪), লাইন ৩, তাতে আমি এ্যাজ নিয়ার এ্যাজ মে বি, এই কথাগুলি অমিট করবার জন্য বলেছি।

তারপর আমার এ্যামেন্ডমেন্ট নং ১২৫, ক্লজ ৫(৪), 'এ' এই কথাটাকে দি স্ট্যান্ডার্ড কথা দিয়ে সাবস্টিটিউট করতে বলেছি।

তারপর ১২৯ নম্বর।

[এ ভয়েসঃ উনি একাই স্লাম ক্লিয়ার করছেন, স্যার।]

এই ক্লজ ৫(৪), লাইন ৫ টু ৯ ইন লাইন ৫, হুইচ এ্যান্ড এন্ডিং ইন লোকালিটি এই সমস্ত লাইনটা আমি বাদ দিতে বলছি।

(এ ভয়েসঃ সবই বাদ দিয়ে দিন।)

তারপর হচ্ছে ১৩৬ নম্বর। ইন এ্যামেন্ডমেন্ট নং ১৩৬, ক্লজ ৫(৪), সেটার সঙ্গে এটা নূতনভাবে জুড়ে দেবার জন্য আমি বলেছি—

"Provided further that on remodelling of such hut or erection of multi-storied building on such requisitioned land, such occupier shall have prior claim to be accommodated in such remodelled hut or

in such building at the standard rent, subject to such occupier agreeing to vacate the alternative accommodation, if any, provided by the State Government."

এই প্রভিশনটা ওখানে যোগ করে দেওয়া অত্যন্ত জরুরী বলে আমি মনে করি।

তারপর হচ্ছে ১৩৯ এবং ১৪৬, ক্লজ ৫(৫), লাইন ২, সেখানেও ঐ আদার স্ট্রাকচার কথা আছে। আমি এই আদার স্ট্রাকচার কথাটা এখান থেকে বাদ দেবার জন্য এই সংশোধনী প্রস্তাব দিয়েছি। তারপর আদার স্ট্রাকচার যে কথাটা আগে বলেছি, যে-কোন একটা এলাকাকে স্লাম এরিয়া বলে যদি ঘোষণা করা হয়, তাহলে সেখানে হয়ত এমন অনেক পাকা বাড়ি থাকতে পারে, যেমন ধরুন কোন কীর্তনের ঘর থাকতে পারে, সেগুলি, যেখানে মহাপ্রভুর নামগান হয় বা হরিসভা হয়, সেইসব আদার স্ট্রাকচারও এর মধ্যে পড়ে। সুতরাং কোন একটা এলাকাকে যদি স্লাম এরিয়া বলে ঘোষণা করা হয় তাহলে সেখানে ঐ মহাপ্রভুর ভক্তদের কীর্তনের মণ্ডবও পড়ে যেতে পারে। তাই আমি সেখানে এটা রাখতে চাই।

তারপর ১৩৯, সেখানেও ঐ আদার স্ট্রাকচার বলতে কি বোঝায় তাই বলেছিলাম। সেখানে কোন পাকা বাসোপযোগী বাড়ি আছে, জায়গা আছে, যেখানে মহাপ্রভুর ভক্তরা কীর্তন করে, তা যদি এই আদার স্ট্রাকচারএর আওতায় বাদ দেওয়া না হয়, তাহলে ঐ মহাপ্রভুর ভক্তদের ধর্ম-বিশ্বাসের উপর আঘাত লাগতে পারে। সেইজন্য আমি বলতে চাই ঐগুলি বাদ দেওয়া দরকার।

তারপর আমার লাস্ট এ্যামেন্ডমেন্ট নং ১৪৭, ক্লজ ৫(৫)এ আছে—

"Provided that the State Government shall provide for the economic rehabilitation of all persons who might have been engaged in any small, cottage, handicraft or other industry or trade in the slum area and whose calling might have been affected by his ejectment from the slum."

Mr. Speaker: Are you reading from amendment No. 147?

Sj. Jatindra Chandra Chakravorty: Yes, Sir.

Mr. Speaekr: It is out of order.

Sj. Jatindra Chandra Chakravorty:
এতক্ষণ তো বলেন নি।

(এ ভয়েসঃ তোমার বারটা বেজেছে!)

আমার যেগুলি আউট অব অর্ডার নয়, ঐ এ্যামেন্ডমেন্ট ১৪৭, বিশেষ করে ঐ যে আদার স্ট্রাকচার সম্বন্ধে যে যুক্তি দিলাম, হয়ত ট্রেজারী বেঞ্চের বা ঐ দলের অনেকে আছেন যাঁরা ঐ কীর্তন করেন মহাপ্রভুর ভক্ত, তাঁদের মুখের দিকে চেয়ে অন্তত জালান সাহেব আমার সংশোধন প্রস্তাবটি গ্রহণ করুন।

Sj. Ganesh Ghosh:
স্যার, আজকে এখানে থাক।

Mr. Speaker:
এত ভাল বক্তৃতা হচ্ছে—শুনবেন না?

[LAUGHTER.]

Mr. Speaker: The House stands adjourned till 9 a.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 7 p.m. till 9 a.m. on Saturday, the 15th March, 1958, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 15th March, 1958, at 9 a.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 14 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 203 Members.

[9-9—10 a.m.]

Supplementary Estimate for the year 1957-58

DEMANDS FOR GRANTS

Major Head: 4—Taxes on Income other than Corporation Tax and Estate Duty

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,600 be granted for expenditure under Grant No. 1, Major Head "4—Taxes on Income other than Corporation Tax and Estate Duty" during the current year.

Sir, as will be noticed from the Supplementary Estimate that has been circulated to the honourable members, this additional demand is due partly to the additional dearness allowance sanctioned to the low-paid Government employees and partly to meet contingencies—to meet costs awarded by Courts.

I hope that this demand will be accepted.

Major Head: 8—State Excise Duties

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,41,300 be granted for expenditure under Grant No. 3, Major Head "8—State Excise Duties" during the current year.

Major Head: 10—Forest

Sj. Smarajit Bandyopadhyay: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 47,000 be granted for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" during the current year.

Sir, while the original grant sanctioned was for Rs. 97,25,000 only, the final expenditure will, it is expected, be of the order of Rs. 97,72,000 and a supplementary grant of Rs. 47,000 will, therefore, be required for the remainder of the year.

Sj. Saroj Roy: Sir, I beg to move that the demand of Rs. 47,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" during the current year be reduced by Rs. 100.

Mr. Speaker: All the Grants will be moved; then the discussion will follow and then voting will take place at the end.

Major Head: 13—Other Taxes and Duties

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,10,000 be granted for expenditure under Grant No. 8, Major Head "13—Other Taxes and Duties" during the current year.

Sj. Sunil Das: I beg to move that the demand of Rs. 2,10,000 for expenditure under Grant No. 8, Major Head "13—Other Taxes and Duties" the current year be reduced by Rs. 100.

Major Heads: XVII—Irrigation, etc.

The Hon'ble Ajoy Kumar Mukherjee: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 84,12,001 be granted for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working expenses—18—Other Revenue Expenditure financed from Ordinary Revenues—51B—Other Revenue Expenditure connected with Multipurpose River Schemes—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-commercial)—80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account" during the current year.

Sj. Hemanta Kumar Ghosal: Sir, I beg to move that the demand of Rs. 84,12,001 for expenditure under Grant No. 10, Major Heads: "XVII—Irrigation Working expenses—18—Other Revenue Expenditure financed from Ordinary Revenues—51B—Other Revenue Expenditure connected with Multipurpose River Schemes—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-commercial)—80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account" during the current year be reduced by Rs. 100.

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that the demand of Rs. 84,12,001 for expenditure under Grant No. 10, Major Heads: "XVII—Irrigation Working expenses—18—Other Revenue Expenditure financed from Ordinary Revenues—51B—Other Revenue Expenditure connected with Multipurpose River Schemes—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-commercial)—80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account" during the current year be reduced by Rs. 100.

Dr. Pabitra Mohan Roy: Sir, I beg to move that the demand of Rs. 84,12,001 for expenditure under Grant No. 10, Major Heads: "XVII—Irrigation Working expenses—18—Other Revenue Expenditure financed from Ordinary Revenues—51B—Other Revenue Expenditure connected with Multipurpose River Schemes—68A—Construction of Irrigation, Navigation, Embankment and drainage Works (Non-commercial)—80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account" during the current year be reduced by Rs. 100.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 84,12,001 for expenditure under Grant No. 10, Major Heads: "XVII—Irrigation Working expenses—18—Other Revenue Expenditure financed from Ordinary Revenues—51B—Other Revenue Expenditure connected with Multipurpose River Schemes—68A—Construction of Irrigation, Navigation, Embankment and drainage Works (Non-commercial)—80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account" during the current year be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 84,12,001 for expenditure under Grant No. 10, Major Heads: "XVII—Irrigation Working expenses—18—Other Revenue Expenditure financed from Ordinary Revenues—51B—Other Revenue Expenditure connected with Multipurpose River Schemes—68A—Construction of Irrigation, Navigation, Embankment and drainage Works (Non-commercial)—80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account" during the current year be reduced by Rs. 100.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 84,12,001 for expenditure under Grant No. 10, Major Heads: "XVII—Irrigation Working expenses—18—Other Revenue Expenditure financed from Ordinary Revenues—51B—Other Revenue Expenditure connected with Multipurpose River Schemes—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-commercial)—80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account" during the current year be reduced by Rs. 100.

Major Head: 25—General Administration

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,50,000 be granted for expenditure under Grant No. 13, Major Head "25—General Administration" during the current year.

Major Head: 28—Jails and Convict Settlements

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,52,000 be granted for expenditure under Grant No. 15, Major Head "28—Jails and Convict Settlements" during the current year.

Sj. Niranjan Sengupta: Sir, I beg to move that the demand of Rs. 3,52,000 for expenditure under Grant No. 15, Major Head "28—Jails and Convict Settlements" during the current year be reduced by Rs. 100.

Major Head: 29—Police

The Hon'ble Kali Pada Mookerjee: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 44,04,000 be granted for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year.

Major Head: 30—Ports and Pilotage

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,70,000 be granted for expenditure under Grant No. 17, Major Head "30—Ports and Pilotage" during the current year.

Sj. Rabin Mukherjee: Sir, I beg to move that the demand of Rs. 3,70,000 for expenditure under Grant No. 17, Major Head "30—Ports and Pilotage" during the current year be reduced by Rs. 100.

Major Head: 36—Scientific Departments

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,000 be granted for expenditure under Grant No. 18, Major Head "36—Scientific Departments" during the current year.

Sj. Panchanan Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 2,000 for expenditure under Grant No. 18, Major Head "36—Scientific Departments" during the current year be reduced by Rs. 100.

Major Head: 37—Education

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,09,88,000 be granted for expenditure under Grant No. 19, Major Head "37—Education" during the current year.

Sj. Satyendra Narayan Mazumdar: Sir, I beg to move that the demand o Rs. 1,09,88,000 for expenditure under Grant No. 19, Major Head: "37—Education" during the current year be reduced by Rs. 100.

Sj. Mihirlal Chatterjee: Sir, I beg to move that the demand o Rs. 1,09,88,000 for expenditure under Grant No. 19, Major Head: "37—Education" during the current year be reduced by Rs. 100.

Major Head: 47—Miscellaneous Departments—Fire Services

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,11,000 be granted for expenditure under Grant No. 30, Major Head "47—Miscellaneous Departments—Fire Services" during the current year.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 3,11,000 for expenditure under Grant No. 30, Major Head "47—Miscellaneous Departments—Fire Services" during the current year be reduced by Rs. 100.

Major Head: 47—Miscellaneous Departments—Excluding Fire Services

The Hon'ble Abdus Sattar: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 11,69,000 be granted for expenditure under Grant No. 31, Major Head "47—Miscellaneous Departments—Excluding Fire Services" during the current year.

Major Head: 54—Famine

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 86,96,000 be granted for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" during the current year.

Sj. Renupada Halder: Sir, I beg to move that the demand of Rs. 86,96,000 for expenditure under Grant No. 33, Major Head: "54—Famine" during the current year be reduced by Rs. 100.

Sj. Satyendra Narayan Mazumdar: Sir, I beg to move that the demand of Rs. 86,96,000 for expenditure under Grant No. 33, Major Head: "54—Famine" during the current year be reduced by Rs. 100.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 86,96,000 for expenditure under Grant No. 33, Major Head: "54—Famine" during the current year be reduced by Rs. 100.

Sj. Bhupal Chandra Panda: Sir, I beg to move that the demand of Rs. 86,96,000 for expenditure under Grant No. 33, Major Head: "54—Famine" during the current year be reduced by Rs. 100.

Sj. Hemanta Kumar Basu: Sir, I beg to move that the demand of Rs. 86,96,000 for expenditure under Grant No. 33, Major Head: "54—Famine" during the current year be reduced by Rs. 100.

Major Head: 55—Superannuation Allowances and Pensions

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 7,58,000 be granted for expenditure under Grant No. 35, Major Head "55—Superannuation Allowances and Pensions" during the current year.

Major Head: 57—Miscellaneous—Contributions

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 31,69,000 be granted for expenditure under Grant No. 38, Major Head "57—Miscellaneous—Contributions" during the current year.

Dr. Pabitra Mohan Roy: Sir, I beg to move that the demand of Rs. 31,69,000 for expenditure under Grant No. 38, Major Head: "57—Miscellaneous—Contributions" during the current year be reduced by Rs. 100.

Sj. Mihirlal Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 31,69,000 for expenditure under Grant No. 38, Major Head: "57—Miscellaneous—Contributions" during the current year be reduced by Rs. 100.

Major Head: 63—Extraordinary Charges of India

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 27,80,400 be granted for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary Charges in India" during the current year.

Sj. Renupada Halder: Sir, I beg to move that the demand of Rs. 27,80,400 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary Charges in India" during the current year be reduced by Rs. 100.

Major Head: 80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account Damodar Valley Project.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 4,63,75,000 be granted for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" during the current year.

Major Heads: XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 33,87,000 be granted for expenditure under Grant No. 46, Major Heads "XLVIA—Receipts from Road and Water Transport Schemes—Working Expenses—82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account" during the current year.

Sj. Sunil Das: Sir, I beg to move that the demand of Rs. 33,87,000 for expenditure under Grant No. 46, Major Heads "XLVIA—Receipts from Road and Water Transport Schemes—Working Expenses—82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account" during the current year be reduced by Rs. 100.

[9-10—9-20 p.m.]

Major Head: 85A—Capital Outlay on State Schemes of Government Trading.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 4,23,17,000 be granted for expenditure under Grant No. 47, Major Head "85A—Capital Outlay on State Schemes of Government Trading" during the current year.

Sj. Sunil Das: Sir, I beg to move that the demand of Rs. 4,23,17,000 for expenditure under Grant No. 47, Major Head: "85A—Capital Outlay on State Schemes of Government Trading" during the current year be reduced by Rs. 100.

Sj. Niranjan Sengupta: Sir, I beg to move that the demand of Rs. 4,23,17,000 for expenditure under Grant No. 47, Major Head: "85A—Capital Outlay on State Schemes of Government Trading" during the current year be reduced by Rs. 100.

Sj. Mihirlal Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 4,23,17,000 for expenditure under Grant No. 47, Major Head: "85A—Capital Outlay on State Schemes of Government Trading" during the current year be reduced by Rs. 100.

Mr. Speaker: Discussion on cut motions will now follow. I will request honourable members that each time a particular honourable member wishes to speak on any particular motion he will kindly indicate the Head and the number of cut motion so that I can tell him straightway whether it is in order or not.

Sj. Natendra Nath Das:

মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষা খাতে আমি যে কাট মোশান দিয়েছি সেটা আমি একটু পড়ে দিচ্ছি। সেটা হল এই যে

To raise a discussion about irregular payment of Grant-in-aid to Secondary Schools and indiscriminate cuts in school bills resulting in gradual indebtedness of the School Committee.

আমি এডুকেশন সম্বন্ধে বলছি—এডুকেশনএ
cut motion No. 8 standing in my name.
কাঁথিতে চন্দ্রামনি ব্রাহ্ম বালিকা বিদ্যালয়—যেটা প্রায় ৫০ বছর আগে স্থাপিত হয়েছিল এবং প্রায় ১৫-১৬ বছর আগে সেটা একটা প্রায় পূর্ণাঙ্গ উচ্চ বিদ্যালয় হয়েছে এবং তাতে ইলেভেন-ইয়ার কোর্স প্রবর্তিত হয়েছে বলে একটা বিদ্যালয় আছে। এই স্কুলকে নমুনাস্বরূপ ধরে মাননীয় স্পীকার মহাশয়, আপনার সামনে রাখতে চাই যে, কিভাবে বড়ীঘরের জন্য গভর্নমেন্ট যথেষ্ট টাকা দিচ্ছেন, কিন্তু স্কুল বোর্ড এবং এখানে এডুকেশন ডাইরেক্টরেট-এর মধ্যে পরস্পর সংগতি ও সহযোগিতা না থাকার ফলে এবং সেকেন্ডারী বোর্ড থেকে ইচ্ছামত স্কুলের বিলকে কেটে দিয়ে তাদের টাকা এমনভাবে কমিয়ে দেয় যে তাতে ক্রমশঃ স্কুল কমিটিগুলি ঋণগ্রস্ত হয়ে যাচ্ছে। এর ফলে শিক্ষকরা যথাসময়ে বেতন পাচ্ছেন না। এইসব নিয়ে একটা চিত্র আমি আপনার সামনে রাখতে চাই। এখন যে বাৎসরিক গ্র্যান্ট-ইন-এড সেটা সাধারণতঃ বছরে তিন বারে দেওয়া হয় এবং তার শেষ বারের গ্রান্ট-ইন-এডটা সাধারণতঃ সেই ফাইনানসিয়াল ইয়ারএ দেওয়া হয় না, প্রায় পরবর্তী ফাইনানসিয়াল ইয়ারএ দেওয়া হয়।

Mr. Speaker: Mr. Das, your amendment is out of order.

Sj. Natendra Nath Das:

মাননীয় স্পীকার মহাশয়, তাহলে আমি সাধারণভাবেই বলে যাচ্ছি, কাট মোশানের উপরে না বলে। গ্রান্ট-ইন-এড রুলএ একটা নিয়ম আছে যে ২০ জন ছাত্রীর উপরে একজন শিক্ষক বা শিক্ষয়িত্রী নেওয়া যায়। সেইভাবে আমার এই বিদ্যালয়ে ১৪ জন শিক্ষয়িত্রী আমরা পাই। একটা রুল মাঝখানে করে সেকেন্ডারী বোর্ড লিখে পাঠালেন যে নিউ টিচার্সএর যখন এ্যাপয়েন্টমেন্ট হবে তখন তার তিন মাস আগে থেকে স্যাংশান নিতে হবে। কিন্তু দেখুন এটা কত বড় অসুবিধাজনক ব্যাপার। কারণ কত ছাত্রী জানুয়ারী মাসে নতুন অ্যাডমিশান নেবে তা শিক্ষক-শিক্ষয়িত্রী নিযুক্তের সময় কি করে জানবেন? তাহলে তিন মাস কি স্কুল বসে থাকবে, কোন কাজ চলবে না? এবং সেই বেশী ছাত্রীদের নিয়ে কম শিক্ষক বা শিক্ষয়িত্রীদের দিয়ে কি করে আপনারা কাজ চালাবেন? এই সমস্ত কথা তাঁদের জানাতে তাঁরা বললেন যে আপনারা যদি ২০ জন ছাত্রী পিছু একজন শিক্ষক বা শিক্ষয়িত্রী নিয়ে নেন তাহলে এ টাকা আমরা পরে মঞ্জুর করব। সেই অনুযায়ী যে মঞ্জুরী আমরা ১৯৫৫ সালে করেছি আজ ১৯৫৮ সাল হতে চলল তার অ্যাপ্রুভ্যাল আমরা পাই না। এ বিষয়ে পুনঃপুনঃ লেখালেখি করাতে জেলা ইনস্পেক্টরস বলছেন যে আমরা এটা মঞ্জুর করে পাঠিয়ে দিয়েছি, কিন্তু সেকেন্ডারী বোর্ড

বলছেন যে তাঁরা এটা পান নি। এর ফলে দুইটি শিক্ষক শিক্ষয়িত্রী আজ দুই-তিন বছর ধরে বেতন পাচ্ছেন না এবং কমিটি তাঁদের বেতন দিয়ে চলেছেন। এইভাবে কমিটির দেনাও সেখানে হচ্ছে। তারপর ডোমেস্টিক সায়েন্স ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচারএর কথা। এঁদের বেতন এঁরা ট্রেন্ড স্কেলএ পাবেন এবং সেটা চিফ ইনস্পেকটর অব উইমেন্স এডুকেশন বলেছেন, সেইভাবে আমরা তাকে বেতন দিয়ে গেলাম। কিন্তু বৎসরের শেষে এখন দেখছি যে তিনি ট্রেন্ড হিসাবে বেতন না পেয়ে গ্র্যাজুয়েট স্কেলএ বেতন পাবেন—অর্থাৎ গ্র্যাজুয়েট ডোমেস্টিক সায়েন্স ট্রেন্ড হিসাবে তিনি পাবেন না। আমরা যখন এ কথা নিয়ে সেকেন্ডারী বোর্ডএ গিয়ে আলোচনা করলাম তখন তারা বললেন যে আমরা

since September 1956, Secretary to the Education Department.

এর সঙ্গে করেসপন্ডেন্স করছি, কিন্তু তাঁরা কিছু জানাচ্ছেন না এবং তাঁরা অগাস্ট ১৯৫৭এ বলছেন যে

this matter is being considered.

১৯৫৬ সালে সেকেন্ডারী এডুকেশন বোর্ড, সেক্রেটারী এডুকেশন ডিপার্টমেন্টকে চিঠি লিখলেন যে গ্র্যাজুয়েট যদি ডোমেস্টিক সায়েন্স ট্রেন্ড হয় তাহলে তাকে ট্রেন্ড স্কেল-এ বেতন দেওয়া উচিত কিনা সেটা আপনারা জানাবেন। কিন্তু এঁদের কাজের এতই তৎপরতা যে সেটা অগাস্ট ১৯৫৭এ তার রিপ্লাই গেল যে

this matter is being considered.

১৯৫৮এ আমি এখন গিয়ে দেখি যে আমাদের বিল কেটে সেখানে অর্ডিনারী গ্র্যাজুয়েটএর বেতন রাখা রয়েছে। অতএব কতগুলি টাকা যে স্কুল কমিটি এই ব্যাপারে দিল সেটা আপনারা বিবেচনা করে একবার দেখুন। কালকে আমি চীফ ইনসপেকট্রেস অব উইমেনস এডুকেশনএর কাছ থেকে ফোন করে জেনেছি যে ট্রেন্ড স্কেলএ তাঁরা বেতন পাবেন। তারপর শিক্ষক শিক্ষয়িত্রীদের ইনক্রিমেন্ট দেওয়া হয় এভরী টু ইয়ার্স অন্তর। এখন প্রেজেন্ট স্কেলএ যা ইনক্রিমেন্ট হয়েছে তাতে বি.এ. বি-টিরা ৫ টাকা করে এভরী টু ইয়ার্স অন্তর তাঁরা পান এবং তিন টাকা করে ম্যাট্রিকুলেশন ট্রেন্ড প্রভৃতিরা পান। কিন্তু বছরের পর বছর চলে যাচ্ছে সেই ইনক্রিমেন্ট কেউ পাচ্ছেন না এবং সেইসব ইনক্রিমেন্ট তাঁরা যে কবে পাবেন তার কোন ঠিক নেই। আমাদের কাঁথিতে আগে একটা স্টেট অর্ফানেজ যেটা ছিল সেটাকে এখন ওয়েলফেয়ার হোম বলা হয় এবং তা থেকে প্রতি বছর ৪০-৫০ জন ছাত্রীকে আমাদের বিদ্যালয়ে পাঠান হয়। আগে ডি. পি. আই. তাদের হয়ে লিখতেন এবং এখন রিফিউজি ডিপার্টমেন্ট থেকে তাদের হয়ে লেখা হয় যে এদের আপনারা নিয়ে নিন। এখন এই রিফিউজি এবং ওয়েলফেয়ার হোমকে তাঁরা একটা আইটেমএর মধ্যে কি করে আনছেন তা জানি না। আগে ওয়েলফেয়ার হোম থেকে স্টুডেন্টস ডি. পি. আই. পাঠাতেন, আর রিফিউজিদের রিফিউজি ডিপার্টমেন্ট পাঠাবেন, কিন্তু এখন তাঁরা দুটোকে এক করে নিয়েছেন। যাই হোক ১৯৫০ সালে যাদের আমরা পড়ালাম তাদের জন্য ৪৬৪ টাকা বেতন হিসাবে বাকী আছে। এই বেতনটা সরকার দেন এবং তাদের স্লেট পেন্সিলের খরচও সরকার দেন। এতদিন ধরে আন্দোলন করেও আমরা সেই ৪৬৪ টাকা পেলাম না এবং আমরা এখানে সোস্যাল ওয়েলফেয়ারএর এডুকেশন ডাইরেকটরেটএ মিস রায়এর সঙ্গে দেখা করে কালকে জানলাম যে ১৯৫৬ থেকে সেটা রিফিউজি রিহ্যাবিলিটেশান ডিপার্টমেন্টএ চলে গেছে বলে তিনি তাদের সঙ্গে করেসপন্ডেন্স করছেন। কিন্তু আজ এক-দেড় বছর ধরে করেসপন্ডেন্স করেও তিনি তার পাত্তা পাচ্ছেন না। অথচ মাঝখান থেকে সেই টাকাটা কমিটিকে দিতে হল। আমরা এর কোন হদিস খুঁজে পাই না। এইরকমভাবে শিক্ষয়িত্রীরা বেতন পাচ্ছে না এবং গ্র্যাল্ট-ইন-এডএর টাকাটা ইচ্ছামত কাটা যাচ্ছে। কিন্তু মজা হচ্ছে এই যে টাকাটা যখন কাটেন তখন সেটা যদি আগে থেকে জানান যে এজন্য এটা কাটা হয়েছে তাহলে ভাল হয়, অথচ তা জানবার উপায় নেই। অর্থাৎ যেখানে আমরা বছরে ৬ হাজার টাকা পাই সেখানে আমাদের জন্য মাড়ে চার হাজার টাকা মঞ্জুরী হয়েছে। প্রত্যেকটা আইটেমএ কমে যাওয়াতে আমি নিজে সেকেন্ডারী এডুকেশন বোর্ডএ আলোচনা করে দেখিয়েছি যে এগুলো পাওয়া উচিত। কোনটার জন্য ওখান থেকে এডুকেশন ডাইরেকটরেট স্যাংশান করে পাঠান নি, কোনটার জন্য ডিস্ট্রিক্ট ইন্সপেক্টরএর রেকমেনডেশান এসে পৌঁছায় নি বলে এইসব হচ্ছে। এই যে একটা এলোমেলো

কাণ্ড চলেছে এর ফলে প্রত্যেক বছর স্কুল কমিটির দেনা হচ্ছে, শিক্ষক শিক্ষয়িত্রীরা যথাসময়ে মাহিনা পাচ্ছেন না। আমার নিজের স্কুলের জন্য গভর্নমেন্ট থেকে ৮১ হাজার টাকা দেবেন বলে ৬০ হাজার টাকা দিয়েছেন এবং তাতে প্রকাণ্ড বাড়ী তৈরী হচ্ছে।

[9-20—9-30 a.m.]

তারপর ইলেভেন-ইয়ার কোর্স করবার জন্য ৫০ হাজার আমরা ইন্ডিয়া গভর্নমেন্ট থেকে পাচ্ছি। সেখানে যে প্রকাণ্ড বাড়ী হয়েছে তা দেখে কমিশনার, বর্ধমান ডিভিসান, বলেছেন যে one of the finest school buildings in West Bengal.
কিন্তু মজা হচ্ছে এই যে টিচার্সদের বেতন দুই মাসের বাকী পড়ে যাচ্ছে, আর বড় বড় বাড়ী হচ্ছে। শিক্ষা বিভাগের যাঁরা কর্মচারী, মন্ত্রী, সেক্রেটারী প্রভৃতি আছেন তাঁদের আমি জিজ্ঞাসা করি যে ডাইরেক্টরেট, স্কুল বোর্ড, সেকেন্ডারী বোর্ডএ যারা কাজ করেন তাঁদের তো মাহিনা এক মাসের বেশী পড়ে থাকে না, এক মাস শেষ হলেই পরবর্তী মাসের ১লা তারিখেই পেয়ে যান, অথচ দরিদ্র শিক্ষক শিক্ষয়িত্রীদের সাধারণ ইনক্রিমেন্টএর টাকা কেন তারা পান না? দুটি শিক্ষকের যে বেতন বাকী পড়েছে তাঁরা ডি, এ, ঠিক পেয়ে যাচ্ছেন, কিন্তু বেতন তাঁরা ঠিক মতন পাচ্ছেন না এবং দু বছর ধরে এ জিনিস চলেছে। এর ফলে প্রতি বছরে আমরা যে দুটি শিক্ষককে প্রতি মাসে ১২০ টাকা করে দিয়ে চলেছি তাহলে আপনি ভাবুন যে দু বছরে কত টাকা স্কুল কমিটির হাত থেকে গেছে। কিন্তু সে টাকা মঞ্জুরীর সম্ভাবনা এখন আর নেই, কবে যে হবে সেটা ভগবান জানেন। এই যে জিনিস চলছে এর একটা পরিসমাপ্তি হওয়া উচিত এবং আমি মনে করি আমাদের নতুন শিক্ষামন্ত্রী তিনি এ বিষয়ে দৃষ্টি দেবেন। এডুকেশন ডাইরেক্টরেট এবং সেকেন্ডারী বোর্ডএর সঙ্গে সহযোগিতা থাকা উচিত, সেকেন্ডারী এডুকেশন বোর্ডএর মেয়াদ ফুরিয়ে এসেছিল, কিন্তু আবার দেখছি যে তার ৬ মাসের মেয়াদ বাড়িয়ে দেওয়া হয়েছে। আবার সেকেন্ডারী এডুকেশন বিলএ কিভাবে বোর্ড গঠন হবে সেটা পরের কথা, কিন্তু এই ক' মাস যাতে এদের মধ্যে পারস্পরিক সহযোগিতা হয়, টাকাগুলো কমিটি ঠিক ঠিক পায় এবং শিক্ষকদের বিনা বেতন থাকতে যাতে না হয় ইত্যাদি সব দিকে আশা করি শিক্ষামন্ত্রী মহাশয় নজর দেবেন। গভর্নমেন্ট থেকে ইনস্ট্রাকশান দেওয়া আছে যে রিফিউজী মেয়ে হলে তারা ফ্রি পাবে এবং তাদের টাকা গভর্নমেন্ট দেবেন, কিন্তু সেইসব মেয়েদের আর স্টেট ওয়েলফেয়ার হোমএর মেয়েদের টাকা কেন বাকী পড়ে থাকে? এইসব কথা বিবেচনা করে শিক্ষামন্ত্রী মহাশয়কে আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো যে তিনি যেন এ বিষয়টা ভাল করে তলিয়ে দেখেন। আর মাধ্যমিক বিদ্যালয়গুলির বাড়ীঘর আপনারা করে দিচ্ছেন, ইলেভেন-ইয়ার কোর্স করবেন বলে যে ব্যবস্থা করেছেন কিন্তু তার টাকাগুলো কেন যে দেবার ব্যবস্থা হচ্ছে না সে বিষয়ে আমি আশা করি, শিক্ষামন্ত্রী মহাশয় নজর রেখে কাজ করবেন।

Mr. Speaker: Mr. Roy, your cut motion No. 2 is out of order.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 86,96,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" during the current year be reduced by Rs. 100. I move this to raise a discussion about the failure of the Government to sanction more money for gratuitous relief and other relief operations in West Bengal.

I also beg to move that the demand of Rs. 86,96,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to take all necessary measures to check the distress of West Bengal.

মাননীয় সভাপাল মহাশয়, আমি যে কাট মোশান দিয়েছি তা এজন্য দিয়েছি যে দুর্ভিক্ষ প্রতি বছর আমাদের বাংলাদেশে দেখা দেয়, কিন্তু যে পরিমাণ টাকা সরকারের বরাদ্দ করা উচিত তা করেন নি এবং আমি প্রতি বছরই যখন বাজেট আলোচনা হয় তখন দুর্ভিক্ষ খাতে আরও বেশী টাকা বরাদ্দ করার জন্য বারবার দাবী করি। কিন্তু আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী

মহাশয় এ কথা বলেন যে, বাংলাদেশে সংকট তেমন নেই যার জন্য বেশী টাকা বরাদ্দ করার প্রয়োজন আছে। এই বলে আমি যেসব দাবী করি তা তিনি অগ্রাহ্য করেন। কিন্তু যখন ক্রমশঃ মাসের পর মাস সংকট বেড়ে যেতে থাকে তখন দাবী অনুযায়ী আবার কিছু কিছু টাকা বরাদ্দ বাড়ান, তার প্রমাণস্বরূপ আপনার মাধ্যমে আমি এই উপস্থিত করতে চাই যে ১৯৫৫-৫৬ সালে প্রথমে দু কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল, তারপর অতিরিক্ত বাজেটে এক কোটি টাকা বাড়িয়ে তিন কোটি টাকা করা হয়।

Mr. Speaker: You number 2 is out of order.

Sj. Provash Chandra Roy:

আমি স্যার জেনারেলভাবে বলছি। স্যার আমি প্রমাণস্বরূপ আপনার কাছে উপস্থিত করছি যে খাদামন্ত্রী মহাশয় প্রথমে সংকটকে অস্বীকার করেন এবং পরে সংকট যখন বেড়ে যেতে থাকে এবং আমাদের তরফ থেকে বরাদ্দ বাড়ানোর জন্য দাবী উঠতে থাকে তখন অতিরিক্ত কিছু কিছু করে টাকা বাড়ান হয়। প্রমাণস্বরূপ বলছি—প্রথমে ১৯৫৫-৫৬ সালে এক কোটি বাড়িয়ে তিন কোটি হয়। তারপর ১৯৫৬-৫৭ সালে প্রথমে এক কোটি ২৫ লক্ষ টাকা বরাদ্দ করেন এবং সে বছর ব্যাপক বন্যা পশ্চিমবাংলায় দেখা দেয়, ফলে সংকট যখন ক্রমে ব্যাপক হয়ে উঠে, যখন আরও বেশী টাকা বরাদ্দ করা দরকার হয় তখন প্রথমে খাদামন্ত্রী মহাশয় সংকট অস্বীকার করলেন কিন্তু সংকটের চাপে পড়ে যখন দেশময় ব্যাপক আন্দোলন গড়ে উঠে তখন অতিরিক্ত বাজেটে ছয় কোটি ৯১ লক্ষ টাকা বরাদ্দ করতে বাধ্য হন। ১৯৫৭-৫৮ সালে প্রথমে এক কোটি ৭৫ লক্ষ ৫৮ হাজার যখন বরাদ্দ করেন তখন আমরা বলেছিলাম যে পশ্চিমবাংলায় যে ব্যাপক অনাবৃষ্টি দেখা দিয়েছে তাতে অদূর ভবিষ্যতে আরও তিন-চার কোটি টাকা বরাদ্দ করা প্রয়োজন হবে যদি পশ্চিমবাংলার মানুষকে খাদ্য সংকট থেকে, দুর্ভিক্ষ ও বেকারী থেকে বাঁচাতে হয়। কিন্তু সরকার আমাদের সেই দাবী অগ্রাহ্য করেন এবং মাত্র ৮৬ লক্ষ ৯৬ হাজার টাকা অতিরিক্ত বরাদ্দ করেন, আবার সেই অতিরিক্ত ৮৬ লক্ষ ৯৬ হাজার টাকার মধ্যেও দেখা যায় মাত্র ৩২ লক্ষ টাকা তারা রিলিফ খাতে প্রকৃতপক্ষে খরচ করেছেন। সেজন্য আমার বক্তব্য হচ্ছে যে সরকার প্রতি বছরই সংকটকে ছোট করে দেখেন, প্রতি বছরই তারা ফেমিন খাতে টাকা কম করে ধরেন। সংকট এ বছর এখন থেকে যেভাবে দেখা দিয়েছে তার জন্য আরো বেশী টাকা বরাদ্দ করার প্রয়োজন ছিল। আমি আপনার মাধ্যমে আমাদের প্রধানমন্ত্রী এবং খাদ্যমন্ত্রীর নিকট জানাচ্ছি যে আজকে পশ্চিমবাংলায় ফাল্গুন মাস শেষ হোতে না হোতে গ্রামে চারিদিকে ব্যাপকভাবে অনাহার অর্ধাহারের অবস্থা দেখা দিয়েছে এবং গ্রাম থেকে মানুষ চলে আসছে, এমনকি গ্রামে বহু লোকের ইতিমধ্যে অনাহারে মৃত্যু ঘটতে সুরু হয়েছে এবং গ্রামের চারিদিকে বেকারী অবস্থা দেখা দিয়েছে। গত বছর যেখানে চালের দাম ২৮-২৯ টাকায় শেষ হয়েছিল, এ বছর সেখানে চালের দাম আরম্ভ হয়েছে ২৫-২৬ টাকা থেকে এবং কোলকাতায় ২৯-৩০ টাকা থেকে চালের দাম শুরু হয়েছে। সুতরাং প্রথম ধানচাল উঠার সময়ও ইতিমধ্যে মফঃস্বলে ২৫-২৬ টাকা দরে চাল বিক্রী হচ্ছে এবং কোলকাতা শহরে ২৯-৩০ টাকা দরে বিক্রী হচ্ছে। কাজেই এই সংকট ক্রমশঃ বাড়তে থাকবে এবং ইতিমধ্যে এই সংকট সমগ্র পশ্চিমবাংলায় ছেয়ে পড়েছে। সেদিক থেকে আপনার মাধ্যমে আমি দাবী করছি যে আজকে পশ্চিমবাংলায় গ্রামে যে ব্যাপকভাবে অনাহার অর্ধাহার সুরু হয়েছে এবং মানুষের ক্রয় ক্ষমতা কমে যাবার ফলে মানুষ যে খাদ্য কিনতে পারছে না এবং তার ফলে যে সংকট দেখা দিয়েছে তাকে কমাবার জন্য অবিলম্বে গ্রামে ব্যাপকভাবে রিলিফের এবং সস্তায় রেশন চালু করতে হবে। গ্রামে এখনও পর্যন্ত কোন কোন জায়গায় দুই-একটা মাত্র সামান্য টেস্ট রিলিফের কাজ চালু হয়েছে কিন্তু ব্যাপকভাবে টেস্ট রিলিফের কাজ চালু করা প্রয়োজন। কৃষিঋণও আরো ব্যাপকভাবে কৃষকদের মধ্যে দেওয়া প্রয়োজন। গত বছর ভালভাবে কৃষিঋণের ব্যবস্থা না করার জন্য কৃষি সংকট আরো বেড়ে গেছে। সেজন্য এ বছর ব্যাপকভাবে কৃষকদের কৃষিঋণ দেবার জন্য আপনার মাধ্যমে আমি দাবী করছি। আজকে আমরা দেখতে পাই যে সরকার যে সামান্য টেস্ট রিলিফের কাজ শুরু করেছেন তার মজুরীও অত্যন্ত কম—১ টাকা মাত্র। আজকের দিনে যেখানে দিনের পর দিন ক্রমশঃ ধানচালের দাম বেড়ে যাচ্ছে সেখানে এক টাকা মজুরী দিয়ে কি করে চলে? সেদিক থেকে আমরা কমপক্ষে দেড় টাকা মজুরী দাবী করছি। আজকে যে ব্যাপকভাবে গ্রামে সার্টিফিকেট জারী করা হচ্ছে কৃষিঋণ আদায় করার

জন্য, সেই সার্টিফিকেট জারী অবিলম্বে বন্ধ করা হোক। এবং ২৪-পরগনার বহু জায়গায় যেমন বারুইপুর, বিষ্ণুপুর, বজবজ, সোনারপুর, ক্যানিং, হাসনাবাদ, হারোয়া প্রভৃতি অঞ্চলে আদৌ চাষ হতে পারে নি—সেইসব এলাকায় খাজনা আদায় স্থগিত রাখা উচিত এবং সার্টিফিকেট জারী বন্ধ করা উচিত, সেখানে রেশনের দোকানে চাল বা আটা কোন কোন সপ্তাহে যায়, আবার কোন কোন সপ্তাহে আদৌ যায় না, এই অবস্থা চলছে।

আজকে র‍্যাশনএর দোকানে এখন পর্যন্ত র‍্যাশনএর চাল বা আটা সরবরাহ করার ব্যবস্থা কোন কোন সপ্তাহে যায় কোন কোন সপ্তাহে আদৌ যায় না—এই অবস্থায় চলছে। অধিকাংশ মানুষ র‍্যাশনএর দোকান থেকে চাল বা গম পাচ্ছে না এটা অবিলম্বে ব্যবস্থা করা দরকার। অবিলম্বে কৃষিঋণ এবং টেস্ট রিলিফএর কাজ চালু করা দরকার। আজকে যে সামান্য রিলিফ এবং র‍্যাশনএর ব্যবস্থা হয় তার মধ্যে যে দুর্নীতি চলছে তা বন্ধ করবার জন্য অবিলম্বে নির্বাচিত জনপ্রতিনিধি এবং বিভিন্ন দলের প্রতিনিধি নিয়ে নির্বাচিত কমিটি মারফত দুর্নীতি দূর করবার জন্য চেষ্টা করা উচিত। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[9-30—9-40 a.m.]

Mr. Speaker: I draw the attention of every honourable member to the arrangement regarding discussion on various grants. It has been agreed that the Opposition will talk today for two hours—till 11 o'clock. Government side including the Hon'ble Ministers will talk for an hour—up to 12 and half an hour would be devoted to voting. The Police Grant will be held over till Monday—there will not be any discussion on Police today. Anybody who wants to talk about Police will kindly do it on Monday. There will be discussion on Police for two hours—3 p.m. to 5 p.m. and after that reply will be given and then after voting the Appropriation Bill will be taken up. Let us not confuse matters.

Sj. Bhakta Chandra Roy: Sir, I am speaking on relief.

আমাদের বর্ধমান জেলায় বিভিন্ন জায়গাতে যে বন্যা হয়েছিল, সেই বন্যায় বিভিন্ন জায়গা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। এই সমস্ত বন্যার প্রতিকারস্বরূপ তখনই কিছু সাহায্য দেওয়া হয়েছিল, কিছু কিছু জায়গায় টেস্ট রিলিফ ওয়ার্কও করা হয়েছিল, কিন্তু সেটা অত্যন্ত সাময়িক এবং প্রয়োজনের অনুপাতে অত্যন্ত কম। আমার বক্তব্য যে সমস্ত জায়গায় যে হাউস বিল্ডিং লোন দেবার কথা তখন হয়েছিল সেই সমস্ত লোন একটা জায়গায়ও দেওয়া হয় নি। যে সমস্ত ইট তৈরি করবার জন্য প্রথমে উৎসাহ দেওয়া হয়েছিল সেখানে কয়লা সাপ্লাই করা হয় নি। যদিও লোকে ইট তৈরির কাজে কিছু কিছু এগিয়ে এসেছিল সরকারের তরফ থেকে ঠিকভাবে তাদেরকে উৎসাহ দেওয়া তাদেরকে সাহায্য করা, প্রয়োজনীয় মালমসলা তাদেরকে সাপ্লাই করার অভাবে তারা কাজ করতে পারে নি। আমি তাই সরকারের এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। এবং এই সমস্ত জায়গায়, পশ্চিমবঙ্গের এই সমস্ত অধিবাসী যারা কিছুমাত্র সাহায্য পেলে হয়তঃ তাদের ঘরবাড়ী তৈরী করতে পারত—তারা তা করতে পারে নি। উপরন্তু তাদের ঋণের বোঝা আরও চেপে বসে আছে। সেই রিলিফএর সময় যে সমস্ত টাকা লোন হিসেবে তাদের দেওয়া হয়েছিল এগ্রিকালচারাল গ্রুপ লোন হিসেবে তাদের দেওয়া হয়েছিল সেই সমস্ত টাকা আজকে আদায় করবার জন্য কোন কোন জায়গায় সার্টিফিকেট জারী হচ্ছে, কোন কোন জায়গায় তাদের উপর পীড়নমূলক পন্থা অবলম্বন করা হচ্ছে। কিন্তু আমি কর্তৃপক্ষকে বলতে চাই এখন পর্যন্ত টাকা পরিশোধ করবার ক্ষমতা তাদের হয় নি। একে বন্যায় তারা ক্ষতিগ্রস্ত হয়েছে তার পরে এ বছর অনাবৃষ্টিহেতু ঐ সমস্ত জায়গাতেই দ্বিগুণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, কারণ তাদের ফসল হয় নি। কাজেই গত দুই বছর ধরে তাদের ঋণের বোঝা চেপে যাচ্ছে অথচ সরকার যদি সে সমস্ত ঋণ আদায় করবার জন্য পীড়াপিড়ি করেন তাহলে আমি মনে করি অন্যায় করা হবে। আজ আমি অনুরোধ করব সেই সমস্ত ঋণ আদায় স্থগিত রাখা হউক। যেখানে যেখানে লোকে দরখাস্ত করছে তাদের খাজনা মকুব করা হউক। এবং তাদের তদন্ত করে আরও কৃষিঋণ দেওয়া উচিত। বিশেষ করে কো-অপারেটিভ ব্যাঙ্ক মারফত যে সমস্ত ঋণ সেখানে দেওয়া হয়েছিল

তার এস, টি, লোনএর টাকাও তারা আদায় করতে পারবে না এবং রিজার্ভ ব্যাঙ্ক এই অনাদায় হেতু তাদেরকে পুনরায় টাকা দিতে চাইছেন না সেইহেতু আমি সরকারকে অনুরোধ করব যাতে পুনরায় এরা ঋণ পেতে পারে তার দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Sj. Renupada Halder:

মাননীয় স্পীকার, স্যার, সাপ্লিমেন্টারী বাজেট আলোচনা করতে উঠে, আমি প্রথমে সরকারের বাজেট প্রয়োগ নীতি সম্পর্কে বিরোধীতা করছি। ১৯৫৭-৫৮ সালে যেখানে মূল রাজস্ব বাজেট ছিল ৭১ কোটি ৭২ লক্ষ ২ হাজার টাকা সে ক্ষেত্রে এই বছরে যে সাপ্লিমেন্টারী এস্টিমেট ধরা হয়েছে সে সাপ্লিমেন্টারী এস্টিমেটএ ১৫ কোটি ২১ লক্ষ ৭৭ হাজার ৭০০ টাকা হয়েছে। আমার জিজ্ঞাস্য হচ্ছে এর পূর্বে সরকার জানতেন যে এই রকম ধরনের অবস্থা ঘটবে এবং সেই সমস্ত ব্যয়বরাদ্দ করতে হবে, এটা জানা সত্ত্বেও সরকার সেই সমস্ত দিকে কোন নজর দেয় নি। এই এস্টিমেট দেখলে, আমার মনে হয় যে সরকারের দূরদৃষ্টির যথেষ্ট অভাব রয়েছে। এই সম্পর্কে যে ফ্যামিন আমাদের দেশে আসবে—এই কথা বারবার এই সভায় আমরা আলোচনা করেছি এবং বিরোধীপক্ষ থেকে আমরা বারবার সরকারকে জ্ঞাত করেছি যে, আমাদের দেশে দুর্ভিক্ষ আসছে এটাকে রুখতে হলে ব্যয়বরাদ্দ বেশী করতে হবে, কিন্তু সরকার সেদিকে কোন কর্ণপাত না করে আমাদের কোন কথা গ্রহণ করেন নি। আজকে আমরা দেখছি সরকার সেই খাতে ব্যয়বরাদ্দ দেখিয়েছেন। এই সম্পর্কে আগে থেকে সরকার ব্যবস্থা করতে পারতেন, এই খাতে যে বাড়তি টাকা চাওয়া হয়েছে সেটা হচ্ছে ৮৬ লক্ষ ৯৬ হাজার টাকা, এই টাকার মধ্যে আমরা দেখি যে সরকার বেশীর ভাগ টাকা যে সমস্ত কর্মচারী নিয়োগ করার ব্যাপারে তাদের মাহিনা, ভাতা এবং কন্টিনজেন্সির ব্যাপারে বেশী করে ধরেছেন। আমি এটা বুঝতে পারি না যে খাদ্যের ব্যাপারে এত বেশী টাকা কি কোরে [illegible] ব্যাপারে খরচ হয়। আজকে দুর্ভিক্ষ যেখানে আমাদের দেশে বিরাট আকার ধারণ করেছে, সংকট যখন বেশী তখন আমার মনে হয় যে কর্মচারীদের এই বরাদ্দ করা উচিত নয় যেখানে সাধারণ লোকদের দুর্দশা এত বেশী। আমি এই বিষয়ে বিশেষ করে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

এরপরে ইরিগেশন সম্বন্ধে আমার কিছু বক্তব্য আছে। ইরিগেশনএর ব্যাপারে সরকার যে বাড়তি ব্যয় বরাদ্দ দেখিয়েছেন, সেটা হচ্ছে ৮৪ লক্ষ ১২ হাজার ১ টাকা। এখানে আমরা দেখেছি প্রতি বছরই আমাদের দেশে ইরিগেশনএর ব্যাপারে যে অবস্থার সৃষ্টি হয়, চাষের যে ক্ষতি হয়, বাঁধ মেরামতের অভাবে এবং বাঁধ বাউন্ডারী ভেঙ্গে গিয়ে নোনা জল ঢুকে চাষের যে ক্ষতি করে সে অবস্থায় আমাদের দেশে প্রতি বছরই একইভাবে চলেছে। গত বছর আমরা সরকারের কাছে বারবার জানিয়েছিলাম যে আমাদের এই বাঁধ বাউন্ডারী মেরামত না করলে ইরিগেশনএর সুষ্ঠু ব্যবস্থা না করলে আমাদের দেশে চাষ আবাদ নষ্ট হবে এবং দুর্ভিক্ষ দেখা দেবে। এ সমস্ত কথা জানা সত্ত্বেও এবং জানান সত্ত্বেও সরকার থেকে বাজেটে তখন বেশী ব্যয়বরাদ্দ করেন নি। আজকে আমরা দেখতে পাচ্ছি তিনি বেশী ব্যয়বরাদ্দ চাইছেন।

যখন দেশের বাঁধ ভাঙ্গা সুরু হয়েছিল এবং সেই সমস্ত অঞ্চলের ফসল নষ্ট হয়ে যাচ্ছিল, সেই সময় যদি এইরকম টাকা ব্যয়ের বরাদ্দ থাকতো, তাহলে তার দ্বারা সমস্যা সমাধানের খানিকটা সুরাহা হতো। পরে টাকা বরাদ্দ হওয়ার ফলে সেই সমস্ত অঞ্চলে টাকা পৌঁছাতেই দেরী হয়ে গেছে এবং তারপরে কাজ আরম্ভ করতেও আরো খানিকটা দেরী হয়ে গেছে। টাকাও তারা চেয়ে আরো বেশী খরচ হয়েছে। বেশী টাকা খরচ করতে সরকার বাধ্য হয়েছেন। সেইজন্য আমি বলবো—এই ধরনের এস্টিমেট না নিয়ে এসে আগে থেকে সেটা বাজেট বরাদ্দের মধ্যে নিয়ে আসুন।

[9-40—9-50 a.m.]

Sj. Ajit Kumar Ganguli:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সরকার শিক্ষা বাবদ ব্যয় করেন শিক্ষার মনোন্নয়ন এবং শিক্ষা প্রসারের জন্য। কিন্তু আপনি শুনলেও অবাক হবেন—ব্যয়ের কত টাকা যে দুর্নীতি ও লুটের পেছনে খরচ হচ্ছে। সে ব্যাপারে গুটিকয়েক তথ্য আমি আপনার কাছে হাজির করবো।

গোবরডাঙ্গা কলেজের একজন স্বনামধন্য অধ্যক্ষ মহাশয় হচ্ছেন অমিতেশবাবু। সেখানে শিক্ষার নামে কিভাবে টাকার অপব্যয় হয় সে কথা আপনি শুনলে অবাক হবেন। ফার্দোসী নামে একটা ছেলে—ঐ কলেজে আই, এ, পড়তেন, কিন্তু ফেল করেছেন। তবে ভাগ্যবান তিনি, আই এ, ফেল করেও বি, এ, পরীক্ষা দেবার সুযোগ পেলেন। এই ধরনের সুযোগ ইনি একাই পেয়েছেন, তা নয়, আরো অনেকে পেয়ে থাকেন। এই কলেজে সেই ছেলেটি পড়তেন, প্রিন্সিপ্যাল তাঁকে চিনতেন। তবুও তিনি বি, এ, পরীক্ষা দেবার চান্স পেলেন। কিন্তু দুর্ভাগ্য তাঁর, তাতেও তিনি অকৃতকার্য হয়েছেন।

তারপর লিলিপ্রভা নামে একটা মেয়ে তিনি লেডী ব্রাবোর্ণ কলেজে পড়তেন। সেখানে তিনি টেস্টে প্রাইমারিলি ফেল করেন। তারপর তাঁকে দেখা যায় গোবরডাঙ্গা কলেজে টেস্ট দিচ্ছেন। যদিও শেষ পর্যন্ত সেখানেও তিনি ডিসঅ্যালাউ হয়েছেন। আমরা অবাক হয়ে যাই এই সমস্ত বিষয়ে অভিযোগ করলেও অভিযুক্ত ব্যক্তির কিছু হয় না, হয় যাঁরা অভিযোগ করেন। এ সম্বন্ধে ডাঃ রায়কে বলা হলে তিনি তখন দাগ দিয়ে দিয়ে রাখলেন এবং উত্তরে বললেন—না, তিনি দোষী নন, ভাইস প্রিন্সিপ্যাল দোষী। তার কারণ তিনি ডাঃ বিধান রায়ের স্নেহভাজন এবং ডাঃ জীবন-রতন ধরের আওতায় এখনো তিনি কলেজের প্রিন্সিপ্যাল হয়ে আছেন। জীবনবাবু অস্ত যাওয়ার সাথে সাথে তিনিও অস্ত গেছেন। ঘটনা এখানেই শেষ হয় নাই। সেখানে সরকারী টাকা নিয়ে ছিনিমিনি খেলা হয়, এর সম্বন্ধে অভিযোগ ডাঃ রায়ের কাছে রাখা হয়েছে। অভিযোগ হচ্ছে সেন্টার থেকে কলেজের সায়েন্টিফিক অ্যাপারেটাস প্রভৃতির জন্য যে সমস্ত টাকা দেওয়া হয়, সেই টাকা নিয়ে নিজের স্বার্থে নিজের কাজে—খরচ করা হয়। সে কাহিনী ডাঃ রায়কে বলা হয়েছে। তার তদন্তের ফলে হলো এই যে অভিযোগ এস্টাবলিসড হয় নাই। এটার এখানেই শেষ নয়। এ বি দাশগুপ্ত যিনি কলেজ ইন্সপেক্টর, তিনি অভিযোগ করলেন ফিজিক্সএর [illegible] ডিপার্টমেন্টের খাতাপত্র দেখবার কিছু প্রয়োজন হলে, ঘরের মধ্যে গিয়ে কেবল প্রিন্সিপ্যাল ও তিনি খাতাপত্র দেখে রায় দিয়ে দিলেন সব ঠিক আছে। এইভাবে শিক্ষা বিভাগের সেই সমস্ত টাকা অপচয় হচ্ছে, লুট হচ্ছে, এইভাবে যদি চলতে থাকে, তাহলে এই টাকা কোথায় গিয়ে দাঁড়াবে? শিক্ষার কি উন্নতি হবে? শিক্ষার মান কি হবে? শিক্ষার প্রসার কি করে হবে? এইসব কথা বিবেচনা করবার জন্য বলছি।

তারপর গোবরডাঙ্গা একটা গার্লস হাই স্কুল আছে। সেখানে রিফিউজি স্টাইপেন্ডএর টাকা মোর দ্যান টেন থাউজেন্ড ডিফলকেটেড হয়েছে, মিসঅ্যাপ্রোপ্রিয়েটেড হয়েছে। এ বিষয়ে অবিলম্বে একটা স্পেশ্যাল অডিট হওয়া উচিত। বহুদিন আগে সে অভিযোগ করা হয়েছিল। কয়েক বছর অতীত হয়ে গেল, আজ পর্যন্ত তার কোন হদিশ হল না। কেন? সেখানকার অন্যতম কংগ্রেস নেতা প্রমোদ মিত্র মহাশয় এই টাকার সঙ্গে জড়িত। সেই স্কুলের প্রধান শিক্ষক বলছেন আমি জানি না, ম্যানেজিং কমিটি জানেন। যে মেয়ে ফেল করেছেন, তিনি টাকা ড্র করেছেন। যে নামে কোন মেয়ে ঐ অঞ্চলে নাই, যিনি ঐখানে জন্মেছেন বলে কেউ জানেন না, তার নাম সেখানে রোল লিস্টে রয়েছে এবং তিনি টাকা নিচ্ছেন। এই সমস্ত টাকার কোন হদিশ হবে না জানি। কারণ হদিস করতে গেলে প্রফুল্লবাবুর স্নেহভাজন লোক যিনি অকল্যান্ড রয়েছেন, তিনি এর মধ্যে জড়িয়ে পড়বেন। শিক্ষা বাবত যদি খরচ এইভাবে হয়, তাহলে শিক্ষার মান কোথায় গেল? শিক্ষার প্রসার কি করে হবে?

হাই স্কুলের সাহায্যের জন্য প্রতিদিন অনেকে দৌড়াদৌড়ি করছেন। যদি সরকারী দপ্তরের স্নেহভাজন না হন, যদি নিজস্ব কোন ব্যক্তি সেখানে না থাকে, যদি অমিতেশবাবুর মত ব্যক্তি না থাকে, তাহলে সেখানে সাহায্য পাওয়া কঠিন। এই হচ্ছে শিক্ষা বাবদ ব্যয়ের বরাদ্দ।

আপনার মারফতে সমস্ত মাননীয় সদস্যকে বিশেষ করে শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়কে জানাতে চাচ্ছি যে আজ ভাববার দিন এসেছে। যখন সমস্ত মানুষ শিক্ষার জন্য ব্যাকুল, শিক্ষা গ্রহণের জন্য উন্মুখ, তখন শিক্ষার জন্য বরাদ্দ টাকা যদি এইভাবে ব্যয় হয়, লুট হয়, অপচয় হয়, তাহলে সে বিষয়ে আপনি কোন ব্যবস্থা অবলম্বন করতে পারেন কিনা? আপনি যদি কিছু না করেন এ ব্যাপারে, তাহলে আমি বলবো দেশের মানুষ এখনো মরে নাই, তাঁরা আর চুপ করে থাকবার জন্য প্রস্তুত নয়, তাঁরা বুঝে নেবেন। সাধারণ মানুষের জন্য শিক্ষা জগতে যে টাকা

বরাদ্দ হয়, সেই টাকা যদি এইভাবে লুট হয়, অপচয় হয়, এবং মন্ত্রী দপ্তর কর্তৃক যদি তার তদন্ত না হয়, তাহলে জনসাধারণের দ্বারা তদন্ত করাবার পর ঠিক পথ গ্রহণ করবার জন্য উপযুক্ত ব্যবস্থা তাঁরা অবলম্বন করবেন। আজ সমস্ত দিকে, সমস্ত মানুষ এইভাবে চেষ্টা করছেন। সমস্ত মানুষ তার জন্য প্রস্তুত হচ্ছে। এ কথা আপনাকে এখানে জানাতে চাই।

Mr. Speaker: In a supplementary demand the scope of discussion is rather limited, as I find from May's Parliamentary Practice. For instance, I find a very happy illustration. There was a sum of money wanted for the Embassy in Constantinople but that would not give the honourable members the right to discuss the whole sphere of the activities of the Government. It must be limited to that. Please try to restrict the scope of your debate. Because of what has happened in Gobardanga you cannot say anything and everything.

[9-50—10 a.m.]

Sj. Chitto Basu:

স্পীকার মহোদয়,

Grant No. 30—Fire Services

সংক্রান্ত ব্যাপারে আমি কিছু বলতে চাই। আমি বিশেষ করে এখানে কুচবিহার ফায়ার সার্ভিস সম্পর্কে আপনার মারফত সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আমি আকর্ষণ করি। কুচবিহারে যখন রাজার আমল ছিল, তখন সেখানকার ফায়ার সার্ভিসের দায়িত্ব তদানীন্তন রাজা গ্রহণ করেছিলেন। কিন্তু যখন পশ্চিমবঙ্গের সঙ্গে কুচবিহার জেলা অন্তর্ভুক্ত হল তখন রাজার আমলে যে ফায়ার বিগ্রেড ছিল তার অবলুপ্তি হয় এবং সেটাকে এখন জলপাইগুড়িতে ট্রান্সফার করা হয়। অথচ আজ পর্যন্ত সেখানে অন্য কোন রকম ব্যবস্থা করা হয় নি যার ফলে এখন সেখানে যে অভাব রয়েছে তা দূর করা সম্ভব হচ্ছে না। আমার কাছে সংবাদ আছে যে সেখানে সম্প্রতি এক বিরাট অগ্নিকাণ্ডের ফলে প্রায় ২ কোটি টাকার সম্পত্তি এবং বাড়ীঘর নষ্ট হয়ে গেছে। সেখানে তড়িৎ গতিতে ফায়ার বিগ্রেডের সাহায্য না পাওয়ার জন্য এটা সম্ভব হয়েছে। সম্প্রতি সরকারের কাছে এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে বলা হয় যে সেখানে ফায়ার ব্রিগেড প্রতিষ্ঠা করবার জন্য বাড়ীঘর তৈরী করা প্রয়োজন। কিন্তু সেখানে বাড়ীঘর তৈরী করবার মতন জায়গা বা বসতি নেই। আমি সম্প্রতি কুচবিহার শহরে গিয়ে দেখেছি যে সেখানে অনেক নতুন নতুন সরকারী বাড়ী তৈরী হচ্ছে এবং অনেক সুযোগসুবিধা আছে, কিন্তু তা সত্ত্বেও এইরকম ধরনের একটা প্রয়োজনীয় ব্যাপারে কেন যে সরকার অবহিত হয়ে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করবেন না তার কোন কারণ আমরা বুঝতে পারছি না।

Mr. Speaker:

আপনার ক্রিটিসিজমটা ঠিক হচ্ছে না। কারণ

we are not concerned.

অর্থাৎ কুচবিহার ফায়ার সার্ভিসের সঙ্গে এর কোন সম্পর্ক নেই।

Sj. Chitto Basu:

সেখানে ফায়ার ব্রিগেড নেই বলেই বলছি।

Mr. Speaker:

সেটা জুন মাসে বলবেন।

Sj. Chitto Basu:

তাহলে গ্র্যান্ট নম্বর নাইনটিন সম্বন্ধে বলি। এই গ্র্যান্টের অধীনে ১ লক্ষ ৯০ হাজার টাকার কথা বলা হয়েছে এবং এটা মিউনিসিপ্যাল ও লোক্যাল এলাকায় প্রাথমিক শিক্ষার জন্য খরচ হবে। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন যে গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষার দায়িত্ব সরকার গ্রহণ করেছেন। কিন্তু শহরাঞ্চলে মিউনিসিপ্যাল এলাকায় সেখানকার লোকসংখ্যা প্রায় ৮০ লক্ষ থেকে এক কোটি, সেখানে এই সামান্য গ্র্যান্ট অকিঞ্চিৎকর এবং এর ফলে এই সমস্ত অঞ্চলে প্রাথমিক শিক্ষার পর্যাপ্ত ব্যবস্থা করা হচ্ছে না।

তৃতীয়তঃ
Grant No. 33—Famine.

মাননীয় স্পীকার মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে আমাদের দেশে যে ধরনের অবস্থা সৃষ্টি হয়েছে তাতে সরকারী টাকা থেকে পর্যাপ্ত ব্যবস্থা অবলম্বন না করলে অবস্থা আরও খারাপের দিকে যাবে। গ্র্যাচুইটাস রিলিফ বা খয়রাতি সাহায্য যা দেওয়া হয় তাতে অনেক জায়গায় দুর্নীতি রয়েছে এবং যাদের পাওয়া উচিত তারা পাচ্ছে না। আমার কাছে স্পেসিফিক সংবাদ আছে যে বসিরহাট মহকুমায় ইন্ডিডা অঞ্চলে যেখানে প্রত্যেকের সাড়ে চার সের পর্যন্ত গ্র্যাচুইটাস রিলিফ পাবার কথা ছিল সেখানে তারা তা দুই-আড়াই সের করে পাচ্ছে এবং কৃষিঋণ ইত্যাদি আদায় করবার জন্য বিভিন্ন অঞ্চলে সার্টিফিকেট জারী করা হচ্ছে। এমন কি বারাসাত মিউনিসিপ্যাল এলাকাতেও আজ সেই বাকী খাজনা আদায়ের জন্য সার্টিফিকেট জারী করা হচ্ছে, ক্রোক করার ব্যবস্থা করা হচ্ছে। সুতরাং আমি শেষে বলব যে, এইসব ব্যবস্থার অবসান না করতে পারলে দুর্ভিক্ষের অবস্থা আরও সংকটের সৃষ্টি করবে।

Sj. Bhuban Chandra Kar Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু ফ্যামিন এবং ইরিগেশনএর উপর বলছি। মাননীয় প্রধানমন্ত্রী আজ আমাদের কাছে ১৯৫৭-৫৮ সালের অতিরিক্ত বাজেট উপস্থিত করেছেন, অতিরিক্ত ব্যয়ের মঞ্জুরীর জন্য। আমার মনে হয় এটা প্রয়োজন হত না যদি তিনি এবং তাঁর বিভাগীয় মাননীয় মন্ত্রীগণ ঐকান্তিক আন্তরিকতার সঙ্গে বাংলার দরিদ্র জনসাধারণের অর্থের উপর দরদ এবং কর্তব্যবোধ রেখে দরিদ্র জনসাধারণের প্রয়োজনের সময় অপচয়ের দিকে সুতীক্ষ্ণ নজর দিয়ে ১৯৫৭-৫৮ সালের বাজেটের মঞ্জুরীর টাকা খরচ করতে পারতেন। মাননীয় প্রধানমন্ত্রী এবং তাঁর বিভাগীয় মন্ত্রীগণ দরিদ্র জনসাধারণের উপকারের জন্য প্রচুর টাকা ১৯৫৭-৫৮ সালের মঞ্জুরী বাজেট অনুযায়ী খরচ করতে হাতে পেয়েছিলেন। কিন্তু টাকার বিরাট অঙ্ক তুলনা করে দেখলে জনসাধারণের উপকার তেমন উল্লেখযোগ্যভাবে করতে পারেন নাই। তাদের সুখসুবিধার ব্যবস্থা করতে তাঁরা ব্যর্থ হয়েছেন। এর দৃষ্টান্তস্বরূপ আমি টেস্ট রিলিফ কার্যে অর্থ ব্যয়ের আলোচনা করছি।

১৯৫৭-৫৮ সালে বাংলাদেশের দুঃস্থ জনসাধারণের প্রয়োজন মেটাবার মতন যে অর্থ বরাদ্দ হয়েছিল প্রয়োজনের তুলনায় সেই অপ্রচুর অর্থ সরকার যথাসময়ে এবং সমস্তটা দুঃস্থ জনসাধারণের হাতে দিতে পারেন নাই। সেই বরাদ্দ অর্থের এক মোটা অংশ আত্মসাৎ করেছে সরকারের নিয়োজিত ডিলার পে-মাস্টার, সুপারভাইজার এবং আর এক শ্রেণীর জীব যাঁরা কংগ্রেসের কোন নিয়মনীতির ধার ধারে না, কিন্তু কংগ্রেসী ফতোয়ার জোরে সরকারী [illegible] আশ্রয়ে টেস্ট রিলিফ কার্যে মোড়লী করে ঘুরে বেড়ায়। জনসাধারণের উপকারের জন্য যেখানে সরকারী অর্থ বরাদ্দ সেখানেই এঁদের দেখি, আর এঁদের দেখি কংগ্রেসী দলের ভোট সংগ্রহের প্রয়োজনের সময়। সাধারণতঃ কার্তিক, অগ্রহায়ণ মাসে ধান্য ফসলের অবস্থা দেখে টেস্ট রিলিফ কার্যের উপযুক্ত স্থান স্থির হয়ে যায়। কিন্তু ধান্য ফসল উঠার ঠিক পরেই টেস্ট রিলিফের কাজ আরম্ভ না হয়ে আরম্ভ হয় ঠিক বর্ষার কিছু পূর্বে। বর্তমান বছরেও এই অবস্থা চলেছে। চৈত্র মাস হল কিন্তু এখনও টেস্ট রিলিফের কার্য উল্লেখযোগ্যভাবে আরম্ভ করা হয় নি। টেস্ট রিলিফের কাজ বেশিরভাগ মাটি কাটার কাজ এবং বর্ষা আরম্ভ হলেই তা বন্ধ হয়ে যায়। বৃষ্টি হলে চুরির হাত খুলে যায় এবং চুরি যারা করে তারা নিরাপদ হয়ে যায়—কেন না পিটগুলি মেপে চুরি ধরবার বিশেষ সুবিধা হয় না। প্রচুর টাকা খরচা করে যে রাস্তা বা কৃষি বাঁধ প্রভৃতি প্রস্তুত বা মেরামত করা হয় সেগুলি প্রায়ই অসম্পূর্ণ থেকে যায়। এখানে দুঃস্থ জনসাধারণের শ্রমের বিরাট অপচয় হয়, কিন্তু আমরা এই এসেম্বলীর মধ্যে টেস্ট রিলিফের প্রস্তুত রাস্তা বাঁধের পরিমাপের সরকারী হিসাব দেখে অবাক হয়ে যাই। আমাদের বলা হয় না যে কত পরিমাপের রাস্তা বা বাঁধ সম্পূর্ণ হয়েছে বা কত অসম্পূর্ণ রয়ে গেছে। দরিদ্র জনসাধারণের প্রতিনিধি বলে যে সরকার এই এসেম্বলীর মধ্যে আস্ফালন করেন সেই সরকারের এই অর্থ খরচের পরিমাপগুলি দেখে জনসাধারণই বলে গৌরী সেনের টাকা। সুতরাং এর চেয়ে লজ্জার বিষয় আর কি হতে পারে।

তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, দিল্লী থেকে আরম্ভ করে কোলকাতা পর্যন্ত কংগ্রেসী সরকারের কর্ণধারগণ বলতে আরম্ভ করেছেন যে ফসল বাড়াতে হবে। কোটি কোটি টাকা খরচ করে যে বড় বড় নদী পরিকল্পনাগুলি সম্পন্ন বা আধা সম্পন্ন করা হয়েছে তার সুখ্যাতির আচ্ছাদন এখন পেছনে পড়ে গেছে। রাসায়নিক সার প্রয়োগের ফলে, উন্নত ধরনের বীজ সরবরাহ করে যে ধান্য ফসল বৃদ্ধি পেয়েছে—তাই এখন সরকারী প্রচারের একমাত্র লক্ষ্য। ফসল বৃদ্ধির জন্য কোটি কোটি টাকা খরচ করে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ব্যর্থতার পরে এখন ছোট ছোট ইরিগেশান স্কীম গ্রহণ করার উপযোগিতা স্বীকৃতিলাভ করেছে। কিন্তু পশ্চিমবাংলার সরকারের স্বীকৃতি কেবল মুখে, কাজে তেমন ব্যবস্থা দেখি না। দৃষ্টান্তস্বরূপ উল্লেখ করছি আমার এলাকার দুরদা বেসিনের কথা। দুরদা বেসিনের জমির পরিমাণ ২০ হাজার একর। জল নিষ্কাষণের পরিকল্পনার অভাবে প্রায় প্রত্যেক বৎসর আবাদ হয়েও ফসল নষ্ট হয়ে যাচ্ছে। দুরদা বেসিনের সংবাদ এই হাউসে অনেকবার পরিবেশিত হয়েছে। কংগ্রেসী দলের অনেকে বিশেষ করে যাঁরা মেদিনীপুর থেকে নির্বাচিত হয়ে এসেছেন তাঁরা সকলেই দুরদা বেসিনের সংবাদ জানেন। আমাদের সেচমন্ত্রী মহাশয় দুরদা বেসিনের ব্যবস্থা করে দেবেন বলে লোভ দেখিয়ে দুরদা বেসিনের দুঃস্থ লোকেদের হাতের মালা পরেছেন কিনা জানি না, কিন্তু তাঁর দলের অনেকে মালা পরেছেন। এইবারের নির্বাচনের অব্যবহিত পূর্বে মাননীয় সেচমন্ত্রীর দলের লোক নির্বাচনের পরে দুরদা বেসিনের ব্যবস্থা করে দেবেন লোভ দেখিয়ে বেসিন অঞ্চলের সর্বাধিক ভোট সংগ্রহ করেছেন। কিন্তু দুরদা বেসিন যে তিমিরে সেই তিমিরে। কারণ তার কোন ব্যবস্থা জন্য মূল বাজেট বা সাপ্লিমেন্টারী বাজেটের টাকা ধরা হয় নি, কিম্বা ১৯৫৮-৫৯ সালের অসম্পূর্ণ বাজেট যা আমাদের হাতে দেওয়া হয়েছে তাতেও কোন ব্যবস্থা করা হয় নি। অবশ্য এই দুরদা বেসিন নিয়ে প্রায় প্রতি বছরই দরিদ্র পশ্চিমবাংলার অর্থ দুঃস্থ জনসাধারণের সাহায্যের অজুহাতে নানাভাবে অপচয় হয়ে যাচ্ছে কিন্তু সুষ্ঠু কার্যকরী কোন পরিকল্পনা গ্রহণ করলে এই অর্থের অপচয় বন্ধ হতে পারত। দুরদা বেসিন নিয়ে বহুবার মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এবারও আমি আপনার মাধ্যমে তাঁর সদয় দৃষ্টি এর প্রতি আকর্ষণ করছি।

সর্বশেষে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দৃঢ় বিশ্বাস যে পশ্চিমবাংলার সরকার ব্যয় নির্বাহের জন্য যে অর্থ ১৯৫৭-৫৮ সালের বাজেটে মঞ্জুরী পেয়েছিলেন ন্যায্যভাবে খরচ করলে ঐ অর্থই যথেষ্ট হত এবং সাপ্লিমেন্টারী বাজেট করে অর্থের প্রয়োজন হত না। সুতরাং আমি এই সাপ্লিমেন্টারী বাজেটের বিরোধীতা করছি।

[10—10-10 a.m.]

Sj. Bijoylal Chattopadhyay:

স্পীকার মহোদয়, আজকে এই বাজেটের সাধারণ সমালোচনায় আমি ২।১টি কথা আপনার সামনে পেশ করছি।

Mr. Speaker:

আমি বলছি এটা সাধারণ নয়, অসাধারণ সমালোচনা।

Sj. Bijoylal Chattopadhyay:

তা হ'লে একটা বিষয়ের উপর বলি। কিছুদিন আগে যে একটা কনফারেন্স হয়ে গেছে সেই কনফারেন্সে পৃথিবীর ছাগলরা মিলে ঠিক করেছে যে, পিতৃদের ব্রহ্মার কাছে তারা একটা ডেপুটেশন পাঠাবে। ডেপুটেশনের অর্থ হচ্ছে যে, পৃথিবীর মানুষের তাদের দেখলেই খেতে ইচ্ছা করে এবং তারা খায়। অতএব মানুষদের হাত থেকে যাতে ব্রহ্মা তাদের রক্ষা করেন সেজন্য তারা তাঁর কাছে ডেপুটেশন পাঠাবে। তারপর কনফারেন্সের পরে একটা নধরকান্তি ছাগশিশু ডাকতে ডাকতে স্বর্গলোকে ব্রহ্মার কাছে উপনীত হয়ে বলল যে, পিতামহ, নরলোকের মানুষেরা আমাদের দেখলেই তাদের জিহ্বায় জল আসে এবং আমাদের মাংস তারা কেটে কেটে খায়।

আপনি আমাদের রক্ষা করুন। ব্রহ্মা খানিকক্ষণ তার দিকে তাকিয়ে থাকলেন। তাকিয়ে থেকে কোন কিছু কথা বললেন না। তখন ছাগশিশু বললে—আমার আর্জি তো আপনার কাছে

পেশ করেছি—আপনি তো কিছুই জবাব দিলেন না। তখন রক্ষা ব'লে উঠলেন—তুই শীঘ্র আমার কাছ থেকে সরে যা, তোকে দেখে আমার তোকে খেতে ইচ্ছা করছে। স্পীকার মহোদয়, আমাদের দেশের চাষীদের অবস্থা ঐ ছাগশিশুরই মতন, যার দৃষ্টি তার দিকে পড়ে তারই তাকে খেতে ইচ্ছা করে। আমি এখন এই দরখাস্ত আপনার নিকট পেশ করছি—আমি গ্রামে গ্রামে দেখেছি—সেখানে যেসমস্ত হাট হয় সেই সমস্ত হাটে চাষীদের কাছ থেকে লোকে "তোলা" আদায় করে। নগদ পয়সায় খাজনা তো আদায় করেই, তার পরে ইজারাদার নানা রকম চাপ দিয়ে চাষীদের কাছ থেকে যথেষ্ট তোলা আদায় করে; এবং সেই তোলা আদায় যদি বন্ধ না হয় তা হ'লে চাষীরা "অধিক শস্য ফলাও"আন্দোলনে কখনই যোগ দিতে পারবে না। কারণ আমরা জানি, আমাদের দেশের চাষীদের অবস্থা খুব খারাপ, তারা মাথার ঘাম পায়ে ফেলে যে ফসল উৎপাদন করে সেই ফসল যখন তারা হাটে নিয়ে যায় তখন ইজারাদারেরা যদি তাদের কাছ থেকে যথেচ্ছ তোলা আদায় করে তা হ'লে চাষীদের আর কোন উপায় থাকে না। এ নিয়ে [illegible] সঙ্গে আলোচনা করেছি, প্রধানমন্ত্রীর কাছে চিঠি লিখেছি। বাংলাদেশের গ্রামাঞ্চলের অসংখ্য চাষীদের পক্ষ থেকে আমি আজ নিবেদন করছি আপনার কাছে, নিবেদন করছি মন্ত্রীদের কাছে, নিবেদন করি দেশের জনগণের প্রতিনিধি হয়ে যাঁরা আমরা এখানে এসেছি তাঁদের কাছে চাষীদের এই তোলার হাত থেকে রক্ষা করতে হবে। সেজন্য স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে বিশেষ ক'রে রাজস্বমন্ত্রীর কাছে নিবেদন করছি—এই জিনিস নিয়ে তিনি যেন একটু মাথা ঘামান। এই রকম কোন একটা ব্যবস্থা আমাদের অনতিবিলম্বে হওয়া উচিত, যাতে এই তোলা আদায়ের অত্যাচার চিরকালের মতন বন্ধ হয়ে যায়। হয় তারা খাজনা দেবে, না হয় তো তোলা দেবে—এর একটা জিনিস বরং থাকলেও থাকতে পারে। কিন্তু ইজারাদারেরা খাজনাও আদায় করবে—আবার সঙ্গে সঙ্গে তোলাও নিতে থাকবে—

Mr. Speaker:
বিজয়বাবু, তোলা আদায় হতে পারবে না—এই নিয়ে আপনি কি কাট মোশন দিয়েছেন?

Sj. Bijoylal Chattopadhyay:
না, এ ব্যাপারে নাই। স্পীকার মহাশয়, আমি আর একটা ব্যাপার সম্বন্ধে কয়টি কথা বলতে চাই। আমাদের দেশে অনেক অনাথা বিধবা ঢেঁকিতে ধান ভেনে কোনরকমে গ্রাসাচ্ছাদন চালায়। এখন আমরা দেখতে পাচ্ছি গ্রামাঞ্চলে হাস্কিং মেশিন—চালের কল দেখা দিয়েছে, তার ফলে যেসমস্ত দুঃস্থ মেয়েরা, অনাথা বিধবারা এতদিন ধ'রে ঢেঁকিতে ধান ভেনে তাদের গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা ক'রে আসছিল—যেমন একদল হরিণীর মধ্যে সহসা বাঘ এসে পড়লে সেই হরিণীদলের যে অবস্থা হয় এই কল-বাঘ আসবার ফলে গ্রামাঞ্চলের সেই অনাথা বিধবাদের অবস্থাও বাঘ-আক্রান্ত হরিণী দলের অবস্থায় পরিণত হয়েছে।

[At this stage the blue light was lit.]

স্পীকার মহাশয়, আমি আপনার কাছে আর কয়েক মিনিট সময় চাই।

Mr. Speaker:
আমি আর সময় আপনাকে দিতে পারব না।

Sj. Bijoylal Chattopadhyay:
আর এক মিনিট সময়ও দেবেন না?

Mr. Speaker:
বললুমই তো আর সময় দিতে পারব না।

Sj. Bijoylal Chattopadhyay:
আচ্ছা, যদি আর একপাঁমিনিট না দিতে পারেন, তবে কয়েক সেকেন্ড দিন [হাস্য]। আমার বিরোধী বন্ধুদের অনেকেই সমালোচনায় বলেছেন যে, আমাদের এই গভর্নমেন্ট জনগণের জন্য কিছুই করেন নি, ও'দের প্রায় সকলের বক্তৃতার ভিতরই এই রকম একটা ধুয়া শুনতে পেয়েছি, যদিও এই ধুয়া ইলেকশন ক্যাম্পেনে সাহায্য করবার পক্ষে একটা প্রকাণ্ড অস্ত্র, আমি এই কথা আপনার মাধ্যমে বিরোধীপক্ষের অতি প্রীতিভাজন ও শ্রদ্ধাভাজন বন্ধুদের কাছে বলতে

চাই—নিন্দাবাদের দ্বারা জনসাধারণের কোন উপকার আপনারা করতে পারবেন না। জনসাধারণের দ্বারা নির্বাচিত হয়ে যাঁরা এখানে এসেছেন তাঁরা নিজের নিজের এলেকার চাষীদের উপর যেসমস্ত অন্যায় চলছে তার বিরুদ্ধে দাঁড়িয়ে, সেই অন্যায়কে প্রতিহত করার প্রচেষ্টা করে, যদি চাষীদের ভিতর সমাজচেতনা জাগাতে পারেন, তা হ'লে জনগণের উপর অত্যাচার ও অবিচারের প্রতিকার তারা নিজেরাই করতে পারবে। জনগণের মধ্যে বিশেষ ক'রে চাষীদের মধ্যে সেই সমাজ-চেতনা জাগানো সহজ কাজ নয়। সেটা তপস্যাসাপেক্ষ এই কথা তাঁদের স্মরণ করিয়ে দিয়ে স্পীকার মহাশয়, আপনি যে আমাকে একটু সময় দিলেন তার জন্য ধন্যবাদ দিচ্ছি।

Mr. Speaker: Your amendment No. 12 in Grant No. 10 is out of order.

Sj. Bhupal Chandra Panda:

মানীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে ইতিপূর্বে মাননীয় সদস্য বিজয়বাবু যা বললেন, তার উপর জোর দিয়ে জানাতে চাই—

Mr. Speaker:

আপনি তাঁকে ভুলে যান।

Sj. Bhupal Chandra Panda:

তাঁকে ভুলে যাচ্ছি, কিন্তু তাঁর কথাগুলি কি ক'রে ভুলি? কেননা—আজ বাস্তব ঘটনা কি? কংগ্রেসের সমাজতান্ত্রিকতার ফলে গ্রামাঞ্চলে যেসমস্ত জমিদারশ্রেণী জোতদারশ্রেণী যারা নাকি চিরকাল ছিল অকৃষক, আজ তারাই কৃষক-প্রজা হয়েছে এবং যারা দীর্ঘদিন ধরে রায়ত-প্রজা ছিল—

Mr. Speaker:

আপনার অ্যামেন্ডমেন্ট তো 'আউট অব অর্ডার'।

Sj. Bhupal Chandra Panda:

আমাকে বলতে দিন, ভবিষ্যতে আপনার উপকারে লাগবে।

Mr. Speaker:

আপনার নিজের ভবিষ্যত দেখুন।

Sj. Bhupal Chandra Panda:

আমি জেনারেলভাবে বলছি। জলসেচ বিভাগ সম্বন্ধে বলব। সেচবিভাগের দিকে তাকিয়ে দেখুন সেচব্যবস্থার অব্যবস্থার ফলে আজ আমাদের দেশে হাজা শুকা নাম দুটো বাৎসরিক সমস্যা হয়ে দাঁড়িয়েছে। গেল বছর অতিরিক্ত জলের চাপে, বন্যা এবং অতিবৃষ্টির ফলে ফসলহানি হয়েছে, তার জন্য সরকারের বিশেষ দৃষ্টি সেদিকে দেওয়া উচিত ছিল। কৃষকদের খাজনা রেহাই করা এবং সেচব্যবস্থা যতদিন পর্যন্ত রেগুলার না হয় ততদিন পর্যন্ত কৃষকদের রিলিফ যাতে হয় সেটা করা দরকার। সেচবিভাগ যেসমস্ত পুকুর কেটে জলসেচের ব্যবস্থা হয়েছে ব'লে নিজেদের দপ্তরে রেকর্ড করেছেন বাস্তবিক সেসমস্ত পুকুর দ্বারা জলসেচের কোন ব্যবস্থা হয় নাই। সেইজন্য এদিকে যে টাকা খরচ দেখানো হয়েছে সেটা বাজে ব্যয়। এ নিয়ে আমি বিস্তারিত আলোচনা করতে চাই না। আমি দাবি করছি প্রকৃতপক্ষে যেখানে জলসেচ হয় নাই সেখানে সাঁজা চাষী ও ভাগচাষীদের উপর যে জলকর ধরা হয়েছে সেটা রহিত করা হোক।

[10-10—10-20 a.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই যে, আজকে ইরিগেশনএ যথেষ্ট পরিমাণ টাকা নেই ব'লে অনেক কাজ ওরা বন্ধ হয় না। এঁরা বড় বড় সেচ পরিকল্পনা করছেন, বড় বড় সমাজতন্ত্রবাদের কথা বলছেন—বড়দিকে দৃষ্টি অনেক বেশি—কিন্তু ছোট ছোট ক্ষুদ্র সেচ পরিকল্পনার কাজ টেস্ট রিলিফ ওয়ার্ক মারফত হতে পারে। আমার বক্তব্য হচ্ছে, স্পীকার মহাশয়, ছোট ছোট সেচ পরিকল্পনায় ইরিগেশন বিভাগ থেকে যদি টাকা না পাওয়া যায় তা হ'লে

টি আর ওয়ার্কের মাধ্যমে অনেক খাল নালা ইত্যাদি পরিষ্কার করা যেতে পারে এবং সেচ ব্যবস্থারও উন্নতি করা যেতে পারে কিন্তু আমি দেখতে পাচ্ছি যে, টেস্ট রিলিফ ওয়ার্ক তাঁর এমন সময় করান যখন বর্ষা প্রায় আসন্ন। অজয়বাবু বলছেন—টেস্ট রিলিফ ও'র নয়, কিন্তু আমার দুটো কাট মোশন আছে একটা ফ্যামিনেও আছে। সুতরাং টেস্ট রিলিফ ওয়ার্ক সম্বন্ধে বলা আউট অব অর্ডার নয়। আমার কথা হচ্ছে ইরিগেশনএ যদি টাকা বেশি না থাকে—অল্প ব্যয়ে যাতে বেশি কাজ হয় সেদিকে নজর দিন। সেজন্যই বলছি—টেস্ট রিলিফ ওয়ার্ক বাংলা-দেশে শুরু হয় নি, কোন কোন জায়গায় সামান্য কিছু কিছু হয়েছে; আমি যা চাইছি সেটা হচ্ছে ফসল উঠার পর থেকে বর্ষা পর্যন্ত যদি টেস্ট রিলিফ ওয়ার্কএর কাজ হ'ত তা হ'লে অল্প ব্যয়ে সেচ বা নিকাশের অনেকগুলি ভাল ব্যবস্থা হ'তে পারত। সেদিকে সরকারের দৃষ্টি নাই—এটাই হয়েছে সমালোচনা।

দ্বিতীয় জিনিস, যতক্ষণ পর্যন্ত এই ব্যবস্থা না হচ্ছে ততক্ষণ পর্যন্ত তাদের রিলিফএর ব্যবস্থা, কাজ দেবার ব্যবস্থা তাদের করতে হবে। কারণ তা না হ'লে দুর্দশাগ্রস্ত মানুষ কিছুতেই রিলিফ পেতে পারে না। তারপর আমার কথা হচ্ছে ব্যাপকভাবে যেসমস্ত জমিদার, বড় বড় জমির মালিক, জমি লুকিয়ে ফেলেছে তা ধরার ব্যবস্থা কোথায়? এই ব্যবস্থা তাঁরা করতে পারেন অতি সহজে, যদি তাঁরা সেটেলমেন্ট পরচা বিলি করেন। বৃটিশ আমলে যা যা ছিল সেই পরচা ব্যবস্থা আজকে চালু না করার ফলে ব্যাপক দুর্নীতি এবং ঘুষের ব্যবস্থা এর ভিতর দিয়ে চলেছে। এই সেটেলমেন্টএর ভিতর দিয়ে সব শেষ হয়ে গেল। আমি বলছি যেখানে যেখানে সেটেলমেন্ট শেষ হয়ে গেল সেখানে যদি পরচা দেওয়া হ'ত তা হ'লে কিভাবে রেকর্ড হচ্ছে না হচ্ছে চাষীরা জানতে পারত এবং সেটা জানবার জন্য আর খরচ করতে হ'ত না।

তারপর আর একটি সবচেয়ে বড় গাফিলতি হচ্ছে এই সরকার আমলাতন্ত্রের উপরই নির্ভর করেন। আমি বলতে চাই, সেচ পরিকল্পনার ক্ষেত্রে এবং টেস্ট রিলিফ ওয়ার্কএর ক্ষেত্রে এবং বিভিন্ন কাজে যদি স্থানীয় কমিটি তৈরি করে তার মারফত কাজ করেন তা হ'লে অনেক অপচয়ের হাত থেকে রক্ষা পাবেন, বাস্তবে কিছু কাজ হবে, কাজ সহজতর হবে।

Sj. Sunil Das:

মাননীয় স্পীকার মহাশয়, আমি গ্রান্ট নম্বর ১৩, ৩ নম্বর কাট মোশন আর গ্রান্ট নম্বর ১৯, ৭ নম্বর কাট মোশনের উপর সাধারণভাবে বলতে চাই। প্রথমে আমি বলতে চাচ্ছি যে, এই যে সাপ্লিমেন্টারি বাজেট আনা হয়েছে তার ভেতর দুটো অসংগতি আমার চেয়ে পড়েছে—আমি সেটা আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর কাছে পেশ করছি। আমি জানি না, এটা আমার ভুল, না অর্থমন্ত্রীর ভুল—সেটা উনি আমাকে একটু বলে দেবেন। গ্রান্ট নম্বর ৩৩, মেজর হেড ৫৪—ফেমিন.....

Mr. Speaker: That is out of order.

Sj. Sunil Das: What is to be done. Mr. Speaker, Sir,

আমি আগে দুটো অসংগতির কথা বলছি, তারপর সাধারণভাবে অন্য কথা বলছি। গ্রান্ট নম্বর ৩৩এর কথা বলছিলাম ১৯৫৭-৫৮ সালের যে রেড বুক আছে তার ৬ পৃষ্ঠায় ৭ কলমে বাজেট এস্টিমেট ছিল ১ কোটি ৭৫ লক্ষ ৫৮ হাজার টাকা, আর ১৯৫৮-৫৯ সালের যে রেড বুক তাতে দেওয়া হয়েছে সেই সংখ্যা ৬ পৃষ্ঠার ৫ কলমে এসেছে এবং সেখানে বাজেট এস্টিমেট দেখা যাচ্ছে ২ কোটি ৫১ লক্ষ ৮ হাজার টাকা—এই ডিসক্রিপেন্সিটা বুঝতে পাচ্ছি না। এর ফলে রেভিনিউ এক্সপেন্ডিচারেও একটা ডিসক্রিপেন্সি দেখা যাচ্ছে, সেটা আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টিগোচর করতে চাই। সেটা হ'ল ১৯৫৭-৫৮ সালের বইতে পাওয়া যায় ৭১ কোটি ৪২ লক্ষ ২ হাজার টাকা। এই হ'ল রেভিনিউ এক্সপেন্ডিচার আর আজকে সেই রেভিনিউ এক্সপেন্ডিচার ১৯৫৮-৫৯ সালের বইতে দেখতে পাচ্ছি ৭২ কোটি ৬৪ লক্ষ ৩৬ হাজার টাকা, এটার কারণ বুঝতে পাচ্ছি না। তারপরে আমি বলতে চাচ্ছি, বাজেট এস্টিমেট এবং রিভাইজড এস্টিমেটের যা ডিফারেন্স সেটা সাপ্লিমেন্টারি বাজেটের হিসাবে আসবে বলে আমাদের ধারণা, কিন্তু আমি দেখতে পাচ্ছি সবক্ষেত্রে তা হয় নি। আমি দেখতে পাচ্ছি ১০টা গ্রান্টের ক্ষেত্রে বাজেটের সঙ্গে রিভাইজড্এর যা ডিফারেন্স সাপ্লিমেন্টারিতে সম-পরিমাণ বরাদ্দ আনা হয়েছে, আর ৬টা গ্রান্টের ক্ষেত্রে রিভাইজড এস্টিমেট ইজ লেস দ্যান দি

বাজেট এস্টিমেট। কিন্তু তা সত্ত্বেও সাপ্লিমেন্টারি আনা হয়েছে, এটার কারণ বুঝতে পাচ্ছি না। রিভাইজড এস্টিমেটটা বাজেট এস্টিমেটের চেয়ে কম, তা সত্ত্বেও কেন সাপ্লিমেন্টারি আনা হ'ল? ২, ১৪, ২২, ২৬, ৩২, ৪৫ প্রভৃতি গ্রান্টের ক্ষেত্রে এটা ঘটেছে। ছয়টি গ্রান্টের ক্ষেত্রে supplementary demand is less than the difference between Revised and Budget Estimate.

তা হ'লে কি এইসব ক্ষেত্রে আর একটা সাপ্লিমেন্টারি আসবে, না একসেস গ্রান্ট হিসাবে আমাদের কাছে মঞ্জুরির জন্য আসবে যে বেশি টাকা খরচ হয়েছে, তোমরা টাকা মঞ্জুর ক'রে দাও। এখানে ৩টা গ্রান্টের ক্ষেত্রে সাপ্লিমেন্টারিটা রিভাইজড এবং বাজেটের যে ডিফারেন্স তার চেয়ে অনেক বেশি। এডুকেশনে দেখছি ১ কোটি টাকা বেশি, এইভাবে বিশ্লেষণ করলে দেখা যাবে বাজেটটা অর্থহীন হয়ে দাঁড়ায়।

Mr. Speaker:

এক্সপ্লানেটরি মেমোরান্ডামটা যদি পড়েন তা হ'লে বুঝতে পারবেন।

Sj. Sunil Das:

মিঃ স্পীকার, স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, এক্সপ্লানেটরি মেমোরান্ডাম অত্যন্ত ইনসাফিসিয়েন্ট এবং আমার যে কাট মোশন ছিল এডুকেশন গ্রান্টের উপর কাট মোশন তাতে আমি ভেবেছি সাপ্লিমেন্টারি বাজেটের ২০ পৃষ্ঠায় সেখানে লেখা আছে W(ii) Improvement of the condition of service of teachers. গ্রান্টস ইন এড ৯ লক্ষ টাকা—এটা কিসের জন্য বা কোন্ টিচার—কলেজ টিচার, না স্কুল টিচার—কাদের জন্য? সেজন্য আমি আমার কাট মোশনে বলেছি যে, ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন কলেজ টিচারদের জন্য যে গ্রান্ট দিতে প্রস্তুত আছেন সেই গ্রান্ট বাংলা সরকার সদ্ব্যবহার করছেন কিনা। এটা কি সেই গ্রান্ট? এটা আমি আমার কাট মোশনে দিয়েছিলাম কিন্তু জানতে পারলাম যে, সেই কাট মোশন আপনি অনুগ্রহ ক'রে আউট অব অর্ডার করেছেন।

[10-20—10-30 a.m.]

এমন অকিঞ্চিৎকর এক্সপ্লানেশন রয়েছে যার উপর কোন কাট মোশন দেওয়া চলে না, তাই আমি মনে করব, চোখে ধুলা দিয়ে টাকা স্যাংশন করবার ব্যবস্থা এই বাজেটের মধ্যে রয়েছে। প্রত্যেকটা হেডএ আমি দেখিয়ে দেব, স্পীকার, স্যার, আপনি যদি আমায় সময় দেন—প্রত্যেকটি হেডএ আমি দেখিয়ে দেব কোনরকম এক্সপ্লানেশন দেওয়া হয় নি। সেই হিসাবেই বলছি, ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন ফার্স্ট এপ্রিল থেকে টাকা দেবার জন্য বসে আছেন—তাঁরা রাজ্য-সরকারকে বলেছেন, আমরা জুলাই মাস থেকে টাকা দিচ্ছি তোমরা নিয়ে যাও, আমরা ফিফটি পারসেন্ট দিচ্ছি, তোমরাও ফিফটি পারসেন্ট দেবে। তাঁরা কলেজ টিচার্সদের ২০০—৫০০ মিনিমাম গ্রেড ক'রে দিয়েছেন যাকে আমাদের লেবারএর পরিভাষায় বলা হয় নীড-বেসড, অর্থাৎ মিনিমাম ওয়েজ—নিম্নতম প্রয়োজনের যে অপরিহার্য মান সেই মানের ভিত্তিতে তাঁরা ২০০—৫০০ ক'রে দিচ্ছেন এবং তার জন্য তাঁরা গ্রান্ট নিয়ে বসে আছেন। আমার ধারণা ছিল আমাদের বাংলা সরকারের ৯ লক্ষ টাকার প্রয়োজন আছে, ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনএর দেয় টাকার ম্যাচিং গ্রান্ট হিসেবে। আমি সেজন্য একটু ক্লারিফিকেশনএর উদ্দেশ্যে এই কাট মোশন এনেছিলাম। কলকাতায় এবং বাংলাদেশে কতগুলি বড় বড় কলেজ আছে যারা ইউনিভার্সিটি গ্রান্টস কিমশনএর যেসমস্ত কন্ডিশন সেইসমস্ত কন্ডিশন পূরণ করতে নারাজ ছিল ব'লে আমরা জেনেছি এবং ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনএর শর্তের উপর —

Mr. Speaker: Your cut motion runs thus:

"to raise a discussion about the failure of the State Government to avail of the grants sanctioned by the University Grants Commission towards enhancement of the scales of pay of the teachers of the colleges of West Bengal."

If you look at page 21, you will find that no money has been asked for that in this supplementary budget.

Sj. Sunil Das: I am coming to that. This comes under the item "Expenses out of the grant from the Government of India for Centrally sponsored Schemes outside the State Plan".
এর ভেতর ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনএর টাকা আসবে কিনা সেটা বুঝার মত অন্ততঃ আমার বুদ্ধি নাই—

Mr. Speaker:
সেজন্য তো এক্সপ্লানেটরি স্টেটমেন্ট রয়েছে।

Sj. Sunil Das:
নাই ব'লেই তো আমার এই অভিযোগ। এই এক্সপ্লানেটরি স্টেটমেন্ট আরও এক্সপ্লানেটরি হওয়া উচিত। এখানে কি লেখা আছে? এখানে আছে—
These schemes have been taken up outside the State Plan at the instance of the Government of India. What are those schemes—
তা কি লেখা আছে? এখানে কি তার কোন এক্সপ্লানেশন দেওয়া আছে? তা হ'লে আমরা কি ক'রে বুঝব—আমরা কি অন্তর্যামী? শিক্ষামন্ত্রীর মনের ভিতর কি আছে আমাদের পক্ষে বোঝা সম্ভব নয়। মন্ত্রিমহাশয় দয়া ক'রে বলবেন কি, বইএ লেখা না থাকলে আমরা কি ক'রে বুঝব কোন্ স্কীমের কথা বলছেন—হাজার হাজার স্কীম নিয়ে তাঁরা কাজ করছেন—তাই এটা বলা না থাকলে আমাদের পক্ষে বুঝা মুশকিল—

Mr. Speaker: I myself do not profess to be a great expert in these matters. But I think the correct reading would be that all these relate to basic training. Development Schemes—(ii) Second Five-Year Plan—Basic Training Institutions—Grants-in-aid, etc.—so much; Improvement of the condition of service of teachers—grants-in-aid, etc.—so much; Multipurpose Schools—Grants-in-aid, etc.—so much; Improvement and expansion of Library Service and Training—Contingencies—so much, Grants-in-aid, etc.—so much. What more explanation do you want? It is quite clear.

Sj. Sunil Das:
কি ক'রে বুঝব। অনেক ডিপার্টমেন্টাল স্কীম আছে—
Centrally sponsord schemes, Second Five-Year Plan, Basic Training Scheme Improvement of the condition of service of teachers.
ইত্যাদি অনেক কিছুই তো আছে.....
'These' relate to the Centrally sponsored schemes. Are those schemes exhaustively mentioned here?' Are there also schemes which might not have been mentioned here?' So, 'these' relate to Centrally sponsored schemes.

Mr. Speaker:
মিঃ দাস, শুনুন, আমি যা বলেছি আগে সেটা একটু দেখবেন।
I think that is the correct reading of the budget.

Sj. Sunil Das:
আপনি যে হেডের কথা বললেন, সেই হেডে রয়েছে
Centrally sponsored scheme.
এই লিস্টটা কি একজসটিভ্, না সেম্পলিং স্পনসর্ড আরও স্কীম আছে? মাননীয় স্পীকার মহাশয়, আমার অনেক সময় নষ্ট হয়েছে, আমাকে কিছু সময় দিতে হবে।

Mr. Speaker:
আমি তো সময় দিতে পারব না।

If you were saying something which was not accurate, as a Speaker it was my duty to check it.

Sj. Sunil Das:

তারপর, যা বলছিলাম, ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনএর কথা—ম্যাচিং গ্রান্ট সম্পর্কে বাংলা সরকার কি করছেন জানি না, অথচ ৩১এ মার্চের ভিতর এই গ্রান্টএর মেয়াদ ফুরিয়ে যাবে। এ সম্পর্কে বাংলা সরকারের কি প্রস্তাব আছে আমি তা জানি না। বাংলাদেশের কতগুলি কলেজ ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনএর এবং পশ্চিমবঙ্গ সরকারের শর্ত পালনে প্রস্তুত আছে আমি জানি, অথচ সেই কলেজগুলিকে বর্ধিত স্কেলে বেতন দেবার জন্য টাকা দেওয়া হচ্ছে না কেন বুঝতে পারি না। আমি জানি ৫টা বড় কলেজের আপত্তির জন্য এই কাজ হচ্ছে না। আমি জানি তাদের যে সারপ্লাস রয়েছে সেই টাকা দিয়ে তাদের হয়তো ২।৩ বৎসর চলতে পারে। আমি বলব কেন অবশিষ্ট কলেজগুলিকে গ্রান্ট দেওয়া হচ্ছে না মাননীয় শিক্ষামন্ত্রী এ বিষয়ে আমাদের অবহিত করবেন।

Sj. Radhanath Chattoraj:

মাননীয় স্পীকার মহাশয়, সেচ সম্পর্কে আমি প্রথমেই বলতে চাই যে, ময়ূরাক্ষী পরিকল্পনায় ৬ লক্ষ একর জমিতে জল দেওয়ার কথা ছিল, কিন্তু এ পর্যন্ত মোট ৩ লক্ষ ৪০ হাজার একর জমিতে জল দেওয়া হয়েছে। এর মধ্যে ৩ লক্ষ ছিল ধানী জমি আর বাকি ছিল রবিতে। কিন্তু এখন পর্যন্ত মোটামুটি ৩ লক্ষ একর জমিতে জল দেওয়া হয়েছে। ক্যানেলের অব্যবস্থার জন্য এত বড় ও সুন্দর একটা পরিকল্পনার কাজে কিরকম গাফিলতি হচ্ছে তা কহতব্য নয়। এসবই হচ্ছে মিসম্যানেজমেন্টএর জন্য। মূল ক্যানেলের দ্বারা চাষীরা সেচের জল পায় না, এবং যেখানে ক্যানেলটা কাটা প্রয়োজন ছিল সেখানে কাটা হয় নি এবং তার জন্য চাষীরা জল নিয়ে মারামারি করে। সরকারী ওভারসিয়ার গিয়ে জল সেচনের সীমারেখা দিয়ে আসছে, কিন্তু ভিলেজ চ্যানেল না থাকায় চাষীরা জল পায় না। তাই আমি বলছি, ক্যানেল যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় তার ব্যবস্থা করা দরকার। বহু জায়গায় এমনভাবে ক্যানেল কাটা হয়েছে যার জন্য সেটা পরিত্যক্ত হয়ে পড়ে আছে, সেখানে ক্যানেলএর জল যায় না। সেইসব জায়গা ভরাট ক'রে দিয়ে চাষের উপযুক্ত ক'রে তোলার প্রয়োজন আছে। তারপর সাঁকোর ব্যবস্থাও খুব খারাপ। এই সরকার ব'লে থাকেন যে, তাঁরা জনগণের সরকার, কিন্তু তাঁরা কোনদিন জনগণের কথা চিন্তা করেন না। এখানে সেচমন্ত্রী সেবারে বলেছিলেন, জেলা ম্যাজিস্ট্রেটের সঙ্গে পরামর্শ ক'রে এই সাঁকোগুলি তৈরি করা হয় কিন্তু চাষীদের সঙ্গে কোন পরামর্শ করা হয় নাই। এই সাঁকো সম্পর্কে খুব তীব্র একটা আপত্তি রয়েছে জনসাধারণের মধ্যে। দুই রকমের সেচব্যবস্থা হয় ; একরকম হয়, ইরিগেশন অ্যাক্ট অনুযায়ী, সেটা চাষীর ইচ্ছার উপর ছেড়ে দেওয়া হয়। আরেকরকম হয় বি ডি অ্যাক্ট অনুযায়ী। এই দুইরকম ব্যবস্থা বলবৎ থাকলে কি ক'রে সুষ্ঠু সেচব্যবস্থা হ'তে পারে বুঝতে পারি না। তা ছাড়া, সরকারের গাফিলতির জন্য কর আদায় বন্ধ হয়ে আছে।

[10-30—10-40 a.m.]

একসঙ্গে সমস্ত কর আদায় করতে গেলে চাষীদের যথেষ্ট কষ্ট হবে। সেইজন্য এ সম্পর্কে একটু চিন্তা ক'রে কিস্তিবন্দীতে কর আদায়ের ব্যবস্থা করতে হবে। সরকার তাঁদের খুশিমত যখন তখন বলেন, রবিশস্য চাষ করতে হবে। কিন্তু সেটা তাঁরা কি ক'রে করবেন, যদি চক-বন্দী চাষ না করেন। যেখানে চক-বন্দী চাষের প্রয়োজন, সেখানে তার ব্যবস্থা সরকার না ক'রে শুধু হুকুম দিয়ে দেন চাষ করবার জন্য।

ক্যানাল এরিয়ার জন্য ৯ কোটি, ১০ কোটি টাকা খরচ বরাদ্দ ছিল এবং বলা হয়েছিল এর কাজ ১৯৫২ সালে শেষ হবে। কিন্তু আজ পর্যন্ত তার কাজ সম্পূর্ণ হ'ল না এবং খরচের অঙ্কও প্রায় ত্রিগুণ হয়ে গেল। আবার দেখা যায় ক্যানাল যেখানে কাটা হয়েছে, সেটা কখনও কোন গ্রাম বা রাস্তার উপর দিয়ে চলে গিয়েছে। আমি একটা জায়গার কথা জানি, সেটা হচ্ছে ঠিবা ইউনিয়নের বাঘা গ্রামের মধ্যে দিয়ে ক্যানাল চলে গিয়ে এক গভীর খাদ সৃষ্টি করেছে। এইগুলির ব্যবস্থা করা একান্ত প্রয়োজন।

আমাদের জেলায়, কেশেরা গ্রামে একটা সাঁকো নির্মাণ করবার কথা হয় এবং তার জন্য মন্ত্রিমহাশয়ের কাছে ডেপুটেশন এসেছিল, বহুবার আবেদন নিবেদন করা হয়েছিল, কিন্তু মন্ত্রিমহোদয় সে সম্বন্ধে কেয়ার করেন নি। এটা যাতে শীঘ্র হয় তার জন্য ব্যবস্থা করা দরকার।

আমাদের ঐ অঞ্চলে বীরভূম, মুর্শিদাবাদ ও বর্ধমান জেলার মিলন স্থানে কুয়ে নদীর মোহনা মজে যাওয়ার ফলে ৪০ হাজার একর জমি অনাবাদী হয়ে গিয়েছে। ১৯৫০ সালে সেই মোহনার আংশিক সংস্কারের ফলে কিছুটা জমির ফসল ভাল হয়েছিল। সুতরাং বাকি অংশটুকু সংস্কার করলে পর ঐ অঞ্চলের একটা বিরাট জায়গা আবাদযোগ্য হয়। সেইজন্য ঐ মোহনাটির সংস্কার একটু তাড়াতাড়ি করার প্রয়োজন।

(Dr. RADHAKRISHNA PAUL :
দাদা কোথাকার কথা বলছেন?)

বীরভূম, মুর্শিদাবাদ ও বর্ধমান এই তিনটি জেলার কথা বলছি। এখান দিয়ে যে ক্যানাল গিয়েছে, সেটাকে সংস্কার করবার জন্য আমি বলছি। বীরভূম, মুর্শিদাবাদ ও বর্ধমানে ক্যানালএর জল সাপ্লাই করবার জন্য একটি ক্যানাল কমিটি করা দরকার এবং সেই ক্যানাল কমিটির কাজ হবে ক্যানালএর কোথায় কি অব্যবস্থা আছে তা নিরীক্ষণ করা ও সেই সম্পর্কে সরকারের কাছে নিয়মিত রিপোর্ট পেশ করা এবং সেই অনুসারে সরকারের সুব্যবস্থা করা—এইটা হ'ল আমার বক্তব্য।

ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পরিকল্পনার জন্য সরকার মামুলি ধরনের ১০ হাজার টাকা স্যাংশন ক'রে দিয়েছেন। কিন্তু তাতে কোন কাজ ঠিকমত হচ্ছে না। ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পরিকল্পনাগুলি যদি রূপায়িত করা হয়, তা হ'লে বহু এলাকা ইরিগেট করা যেতে পারে। সেইজন্য এই খাতে ১০ হাজারের চেয়েও আরও বেশি টাকা বরাদ্দ করা উচিত ব'লে আমি মনে করি। এই পরিকল্পনার জন্য যে খরচ হবে, তার ½অংশ পাবলিক দেবেন এবং বাকি ½অংশ সরকার দেবেন —এইভাবে কাজে অগ্রসর হওয়া উচিত।

আমি আশা করি সরকার এদিকে বিশেষ দৃষ্টি দেবেন।

Sj. Basanta Lal Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি (৩৩) নম্বর গ্র্যান্ট ফেমিন ও (১০) নম্বর গ্র্যান্ট ইরিগেশনএর উপর আমার বক্তব্য রাখছি।

সারা বাংলায়, বিশেষ ক'রে পশ্চিম দিনাজপুরে দুর্ভিক্ষ ভীষণভাবে দেখা দিয়েছে। ১৯৫৪, '৫৫, '৫৬ সালের বন্যায় এবং ১৯৫৭ সালে অনাবৃষ্টির জন্য লোকের কষ্ট অত্যন্ত বেড়েছে এবং এবার আবার দেখা যাচ্ছে ধানের ফলন মাত্র দু আনা পরিমাণ হয়েছে, প্রয়োজনের তুলনায় অনেক কম।

সারা পশ্চিম দিনাজপুরে মাত্র তিনটা টেস্ট রিলিফএর ব্যবস্থা হয়েছে। যেখানে ৮০ হাজারের উপর লোকের বাস, সেখানে মাত্র একটি রাস্তা হয়েছে। অর্থাৎ প্রয়োজনের তুলনায় কিছুই হয় নি।

তারপর খাদ্য সম্বন্ধেও শুনতে পাই ঐরূপ ব্যবস্থা। সমস্ত ইউনিয়নের মধ্যে মাত্র কয়েকটিতে টেস্ট রিলিফ ও মডিফায়েড রেশনিংএর বন্দোবস্ত করা হয়েছে। ইটাহার থানায় ১১টার জায়গায় ৬টায় হয়েছে, সেখানে আরও প্রয়োজন আছে।

বর্তমান অবস্থায় লোকে খাজনা দিতে পারছে না। এজন্য তাদের কিছু সময় বাড়িয়ে দেওয়া দরকার এবং ঋণও স্থানিকটা মকুব করা দরকার। কো-অপারেটিভ ব্যাঙ্কএর অবস্থা অত্যন্ত খারাপ। প্রতি বছর এখানে লোকের খাদ্যাভাব ও অনাহারের জন্য, চার, পাঁচ জন ক'রে আত্মহত্যা করে। তাদের এই অনাহারের হাত থেকে বাঁচানোর জন্য, সমস্ত বিষয় একটা পাকা তদন্ত করে, একটা সুষ্ঠু পরিকল্পনা নিয়ে ব্যবস্থা করার প্রয়োজন রয়েছে।

তারপর ইরিগেশনএর দিক। পাম্পিং মেসিন, স্লুইস গেট এবং টিউব-ওয়েলএর ভাল বন্দোবস্ত না করলে সেই সমস্ত জায়গার জমিতে মোটেই আবাদ হবে না। প্রথমত স্লুইস গেট ও ছোট ছোট সেচের ব্যবস্থা করা অনিবার্য হয়ে পড়েছে। তা ছাড়া চাষের জন্য বীজ, ঋণ, খাদ্য প্রভৃতির সাহায্য তাড়াতাড়ি দেওয়া একান্ত প্রয়োজন।

মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন এখানে শিক্ষার ব্যবস্থা অতি শোচনীয়। ইটাহার থানায় প্রায় ৮০ হাজার লোকসংখ্যা, অথচ সেখানে একটিও হাই স্কুল হয় নি। সেইজন্য আমার দাবি, পশ্চিম দিনাজপুর জেলায় যেখানে যেখানে হাই স্কুল হয় নি, সেই সমস্ত জায়গায় অবিলম্বে হাই স্কুল স্থাপন করা হোক। বালিকা বিদ্যালয়ের সংখ্যা এই সমস্ত এলাকায় অত্যন্ত কম। আরও বালিকা বিদ্যালয় খোলার বন্দোবস্ত করা উচিত।

ইসলামপুর মহকুমা পশ্চিম দিনাজপুরে এসেছে। সেখানে প্রাথমিক শিক্ষকদের বেতন, রায়গঞ্জ ও বালুরঘাটের তুলনায় অনেক কম দেওয়া হচ্ছে। যাতে এখানে প্রাথমিক শিক্ষকদের বেতন সমভাবে দেওয়া যায় তার জন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কাজেই এই যে বাজেট উত্থাপিত হয়েছে, তাতে দেখা যায়, বহুক্ষেত্রে প্রয়োজনের তুলনায় টাকা অনেক কম দেওয়া হয়েছে। সর্বত্র সকল কাজ যাতে সুষ্ঠুভাবে পরিচালনা হয় এবং টাকার অপচয় না হয়, তার জন্য বিশেষভাবে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

এ ছাড়া আরও যেসমস্ত জায়গায় দুর্ভিক্ষ বিরাটভাবে দেখা দিয়েছে, তার প্রতিকারের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন।

সম্প্রতি কেৎলা ও চোপড়া থানা থেকে টেলিগ্রাম এসেছে যে, সেখানে চুরি-ডাকাতি ভীষণ-ভাবে বেড়ে গিয়েছে। ইটাহার থানা ও অন্যান্য জায়গায়, পশ্চিম দিনাজপুর ও মালদহের সমস্ত জেলায় চুরি, ডাকাতি ভীষণভাবে হচ্ছে। এই সমস্ত জায়গার লোকেরা নানাপ্রকার অভাবের তাড়নায় পড়ে যাতে অসাধুতার পথে না যায়, তার জন্য সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা একান্ত প্রয়োজন। এই হ'ল আমার বক্তব্য।

Sj. Panchanan Bhattacharjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্র্যান্ট নাম্বার টেন সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে—এই যে টাকা বরাদ্দ করা হয়েছে, তা সবই তুলনামূলক ব্যাপার। টাকা খরচ করা হয়, কিন্তু আসল কাজ বিশেষ কিছু হয় না।

ইরিগেশন এবং পাবলিক ওয়ার্কসএর ক্ষেত্রে দেখা গিয়েছে এর জন্য বাজেটে টাকা পাশ হয়, তারপর বর্ষার পরে টেন্ডার কল করা হয়, এবং তারপর টেন্ডার দেখে জুলাই মাসে কাজ আরম্ভ হয়। কাজ হ'তে হ'তে বছর শেষ হয়ে যাবার পর, যখন যৎকিঞ্চিৎ কাজ আরম্ভ হয়, তখন নূতন বাজেটের জন্য সেই কাজ বন্ধ হয়ে থাকে, ফলে সেই কাজ বর্ষার জলে ধুয়ে চলে যায়। বছর বছর ধ'রে এই রকম অব্যবস্থা চলে আসছে এবং এতে বহু অর্থ অপচয় হয়। এই যে অদ্ভুত ব্যবস্থা আছে, এর পরিবর্তন একান্ত প্রয়োজন। ইরিগেশন অ্যান্ড পাবলিক ওয়ার্কসএর কাজ সাধারণত জুলাই মাস থেকে ধরা হয়। সুতরাং বাজেটে আগে থেকে আমাদের পশ্চিম বাংলা সরকার বিশেষভাবে এই ইরিগেশন ডিপার্টমেন্টএর জন্য ব্যয়বরাদ্দটা যদি জুলাই মাস থেকে ধরেন তা হ'লে মহাভারত কি অশুদ্ধ হয়ে যায়? সেইভাবে কাজ করলে রাজ্যের অর্থের অপচয় অনেক কম হ'তে পারে এবং সঙ্গে সঙ্গে কাজগুলিও সুষ্ঠুভাবে সম্পন্ন হ'তে পারে।

দ্বিতীয় জিনিস হ'ল, আমরা এ পর্যন্ত যেসমস্ত সরকারী পরিকল্পনা দেখে আসছি, গঙ্গার পূর্বদিকে মুর্শিদাবাদের শেষ সীমা থেকে আরম্ভ ক'রে ২৪-পরগনার শেষ সীমায়, অর্থাৎ পদ্মানদী থেকে আরম্ভ ক'রে সুন্দরবন পর্যন্ত সমস্ত এলাকা বরবাদ ক'রে রাখা হয়েছে। সেদিন এক প্রশ্নের উত্তরে ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় বললেন, পিয়ালী, মাতলার পরিবর্তে আরাপাঁচ-সোনারপুর স্কীম করা একান্ত প্রয়োজন, তা না হ'লে ঐ অঞ্চলে যে নদী মরে আছে, তা থেকেই যাবে।

আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে, গ্র্যান্টস নাম্বার এইটিন অ্যান্ড নাইনটিন—এডুকেশন সম্বন্ধে। প্রথমটা হচ্ছে শিক্ষামন্ত্রী মহাশয় কিছু টাকা দেন বিভিন্ন প্রতিষ্ঠানকে। কিন্তু আমি জানি অন্ততঃ একটা প্রতিষ্ঠানের কথা, সেটা হচ্ছে বঙ্গীয় বিজ্ঞান পরিষদ। যে টাকা তাদের দেন, তাতে তাদের বাড়ি ভাড়াই কুলায় না, অথচ এ'রা পাইওনিয়ার ওয়ার্ক করছেন। সত্যেন বোস মহাশয় এর পিছনে ছিলেন এবং এ'রা নানারকম বইটই ছাপিয়েছেন।

আমার বক্তব্য বিশেষ ক'রে যাদবপুর ইউনিভার্সিটির প্রতি। আচার্য সত্যেন বোস বলার পরে—উচ্চশিক্ষা বাংলার একমাত্র ভাষা এবং যে ভাষার মাধ্যমে উচ্চশিক্ষার সমস্ত ব্যবস্থা করা যেতে পারে। তাঁর এই কথা বলার পরে বঙ্গীয় বিজ্ঞান পরিষদের পাবলিকেশনএর জন্য আরও কিছু বেশি টাকা সাহায্য করেন এবং তার বাড়ি তোলার জন্য কিছু বেশি টাকা সাহায্য করেন।

তারপর এসিয়াটিক সোসাইটি সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে, এটা বই রাখবার একটা প্রতিষ্ঠান। কিন্তু এখানে পুঁথিগুলি অত্যন্ত অব্যবস্থায় রাখা হয়েছে। এই অব্যবস্থার কথা কাগজে প্রকাশ ও বহুবার আলোচনা হবার পর কেন্দ্রীয় সরকার কিছুটা সাহায্য করতে রাজি হয়েছেন এবং পশ্চিমবঙ্গ সরকারও কিছু টাকা সাহায্য দিচ্ছেন।

জানি অন্ততঃ একটা প্রতিষ্ঠানের কথা, সেটা হচ্ছে বঙ্গীয় বিজ্ঞান পরিষদ। যে টাকা তাদের তারা পাবে, তাতে বাড়ি হয়তঃ মেরামত হবে। কিন্তু সেখানে ঐ সকল বই, পুঁথিগুলি যদি ঠিকভাবে রাখার বন্দোবস্ত না করা হয়, তা হ'লে আমাদের অনেক ভ্যালুএবল বইয়ের ক্ষতি হয়ে যাবে।

তাদের বাড়ীর অবস্থা অত্যন্ত শোচনীয় এবং যে টাকাটা দেওয়া হয় তার অধিকাংশই বাড়ী মেরামত হতে ব্যয়িত হয়। কিন্তু পুঁথিগুলি ঠিক মতন রাখার ব্যবস্থা যদি না হয় তাহলে আমাদের বহু অমূল্য সম্পদ চলে যাবে। বাংলা, সংস্কৃত, আরবী, ফারসী ইত্যাদি নানান ভাষার পুঁথি আছে। এই ব্যাপারে তাঁকে বলব যে, সেখানে আরও কিছু সাহায্যের ব্যবস্থা করে যাতে প্রপার ক্যাটালগিং হয় তার জন্য চেষ্টা করুন, কেন না তাতে ভবিষ্যতে গবেষকদের অনেক সুবিধা হবে।

[10-40—10-50 a.m.]

তৃতীয় জিনিস—গ্র্যান্ট নাম্বার নাইনটিন সম্বন্ধে আমি বলব। আমার এক নম্বর বক্তব্য হল যে, যদিও সেটা এর মধ্যে আসছে না, কিন্তু তবুও সে জিনিসটা দেখতে পাচ্ছি না বলে বলছি যে, সেকেন্ডারী এডুকেশন বোর্ড-এ বছরের পর বছর লাভ বাড়ছে, অথচ সেখানকার কর্মচারীদের মাহিনা অত্যন্ত জঘন্য। সেজন্য বলব যে, সেখানে তাঁরা টাকা সাহায্য করে কর্মচারীদের মাহিনে বাড়াবার চেষ্টা করুন। সেকেন্ডারী এডুকেশন বোর্ড বই পাবিলিকেশন করেন। বাংলা ভাষার দাবী নিয়ে আমরা একযোগে কেন্দ্রীয় সরকারের সঙ্গে লড়াই করতে চাচ্ছি, কিন্তু এদিকে আমাদের বাংলা ভাষার কোন স্ট্যান্ডার্ড গ্রামার নেই। বিভিন্ন গ্রামারিয়ান এক-এক জিনিসের এক-এক পরিভাষা সৃষ্টি করার ফলে যদি কোন অবাঙ্গালী বাঙ্গলা ব্যাকরণ পড়তে যায়, তাহলে তাতে তার মাথা খারাপ হয়ে যাবে। সেজন্য এইসব দিকে তাঁকে দৃষ্টি দেবার জন্য বলব। তারপর বে-সরকারী কলেজকে সাহায্য দেবার ব্যাপারে যে একটা আইটেম আছে সেটার সম্বন্ধে কিছু বলব। তাঁরা যখন বে-সরকারী কলেজে সাহায্য করেন তখন তার এ্যাকাউন্ট ইনস্পেকশন-এর ব্যবস্থা করুন। বে-সরকারী কলেজে সায়েন্টিফিক এ্যাপারেটাস, ফার্নিচার ইত্যাদি কেনবার জন্য কি ধরণের খরচ হয়, সেগুলোর যদি প্রত্যক্ষভাবে তাঁরা তদন্ত করেন তাহলে হয়তঃ কিছু জানতে পারবেন। দ্বিতীয় জিনিস হল, বে-সরকারী কলেজে তাঁরা টাকা দেন, কিন্তু তাঁরা শুনলে অবাক হবেন যে, এখানকার একজন কেরাণীকে সরকারী একজন পিওনের সমান মাইনে দেওয়া হয়। আবার আর একটা জিনিস হচ্ছে যে—আমার জানা আছে, কোন কোন বে-সরকারী কলেজে পুরোপুরি ব্যবস্থা চালাবার জন্য ৪ সিফট্-এ ক্লাশ হচ্ছে এবং এসব এমন কায়দায় হচ্ছে যে সাধারণভাবে ধরবার উপায় নেই। অর্থাৎ সকালে এক সিফট্ এবং দু' সিফট্ হয়—বেলা ১০টায় আরম্ভ হয়, বেলা ১২টায় আর একটা সিফট্ আরম্ভ হয়, আবার বিকেলে একটা সিফট্ হয়। এই ৪ সিফট্

ছাড়াও কোথাও কোথাও ৫ সিফট-এ ক্লাশ চালানোর জন্য চেষ্টা করা হচ্ছে। এইভাবে সায়েন্টিফিক এ্যাপারেটাস, লাইব্রেরী বুকস ইত্যাদিতে প্রচুরভাবে তাদের এ্যাকাউন্ট ফেঁপে উঠছে, আর কর্মচারীরা মারা যাচ্ছে। মাস্টাররা পাইকারী হারে বিভিন্ন বে-সরকারী কলেজে পড়ান এবং যৎকিঞ্চিৎ বেতন পান। সুতরাং এ-ক্ষেত্রে পড়ানোর দিকে তাঁদের নজর দেওয়ার সময় হয় না। এদিক থেকে আমি শিক্ষামন্ত্রীকে বিশেষভাবে অনুরোধ জানাব যে, তিনি যেন এইসব বিষয়ে অনুসন্ধান করে এইসব গলদ দূর করার জন্য চেষ্টা করেন। অবশ্য আমি তাঁদের এ্যাডমিনিস্ট্রেশনের উপর কর্তৃত্ব করতে বলছি না। কিন্তু ২।১টি কলেজ সম্বন্ধে আমাদের কাছে যে নালিশ আসে সে সম্বন্ধে প্রত্যক্ষ অভিজ্ঞতা অর্জন করে যথাযথ ব্যবস্থা তিনি অবলম্বন করুন এটাই আমরা চাই।

সর্বশেষে, আমি আর একটা কথা বলতে চাই যে, স্কুল--কলেজে মধ্যবিত্ত শিক্ষিত বেকারদের সমস্যা দূর করবার জন্য ইকুইপমেন্ট, এ্যাপারেটাস ইত্যাদি ক্রয়ের অনেক ব্যবস্থা আছে, কিন্তু মধ্যবিত্ত শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে যে ছাঁটাই বাড়ছে তার জন্য কি ব্যবস্থা হচ্ছে? ডালহৌসী স্কোয়ার অঞ্চলে হলেরিথ মেসিন এবং অন্যান্য টাইম সেভিং ব্যবস্থা গ্রহণের ফলে লোক ছাঁটাই হয়ে যাচ্ছে। আমরা জানলাম যে বি, এন, এলিয়াস এ্যান্ড কোম্পানীতে প্রচুর লোক ছাঁটাই হয়েছে; জি, এ্যাথারটন এ্যান্ড কোম্পানীতে প্রায় ১০০ লোক ছাঁটাই হয়েছে। সুতরাং একদিকে যন্ত্রপাতি ক্রয় করে মধ্যবিত্ত শিক্ষিত বেকার সমস্যা বাড়াবেন, অপরদিকে ছাঁটাই হতে থাকবে। সেজন্য বলব যে, শ্রমদপ্তর থেকে এইদিকে নজর দিন যাতে ছাঁটাই বন্ধ করা যায়।

Janab S. A. Farooquie:

মিঃ স্পীকার, স্যার, আমি গ্রান্ট নাম্বারস থার্টিন এ্যান্ড থার্টি-ওয়ান-এর উপর বলব। মিউনিসিপ্যালিটির ব্যাপারে বলতে চাই যে, মিউনিসিপ্যালিটিতে ইলেকশনটা এ্যাডাল্ট ফ্র্যানচাইজ-এ না হয়ে শুধু যারা বাড়ীওয়ালা, বা যারা হোল্ডিং ট্যাক্স দেয় তারাই ভোট দেয়। এটা থাকার দরুন লিমিটেড ভোটার্স হয়। এদের ভোটে যাঁরা কমিশনার হন, তাঁরা তাঁদের ভোটারদের এগেনস্ট-এ কিছু করতে পারেন না বা সেই সমস্ত কমিশনারদের বড় বড় লোকের হাতে থাকতে হয় বলে বিশেষ কাজকর্ম করা তাঁদের পক্ষে সম্ভব হয় না। দ্বিতীয় জিনিস হয় কিনা সাধারণ লোকের, যাদের ভোট দেবার অধিকার আছে, তাদের সেই অধিকার না থাকাতে ভাল লোক সেখানে পাঠান যায় না, যারা বাড়ীর মালিক, যাদের দু-পয়সা আছে, তারাই সেখানে যায়। সাধারণ লোক পাঠালে পরে মিউনিসিপ্যালিটির কিছু কাজকর্ম হতে পারে কিন্তু সেই ধরণের লোক না পাঠানোর জন্য বিভিন্ন জায়গায় কাজকর্মের ব্যাঘাত হয়। অনেক জায়গায় দেখা গেছে যে, কমিশনার যাঁরা গিয়েছেন, তাঁরা নিজেরা দলাদলি ও ঝগড়া করার জন্য মিউনিসিপ্যালিটি চালাতে পারেন নি। আবার অনেক জায়গায় এ্যাডমিনিস্ট্রেটর রাখা হয়েছে। এ্যাডমিনিস্ট্রেটর যেখানে রাখা হয়েছে সেখানে আবার অন্য রকমের ব্যাপার হয়। এ্যাডমিনিস্ট্রেটর পাঠানো হয় সেখানে যেখানে কংগ্রেসের প্রতিনিধিরা বোর্ড দখল করতে পারেন নি অর্থাৎ যেখানে বামপন্থীদের হাতে মিউনিসিপ্যালিটি গেছে সেখানেই এ্যাডমিনিস্ট্রেটর পাঠান হয়েছে। কিন্তু এই এ্যাডমিনিস্ট্রেটর পাঠিয়ে কোন কাজ হয় নি। গার্ডেনরীচ মিউনিসিপ্যালিটির ব্যাপারে আমি বলতে পারি যে, সেখানে আগে যা কাজ হত এখন এ্যাডমিনিস্ট্রেটর গিয়ে তার চেয়ে আরও খারাপ হয়েছে। এ্যাডমিনিস্ট্রেটর যিনি সেখানে গিয়েছেন, তিনি নিজের জানাশুনা, আত্মীয়স্বজন ইত্যাদি লোককে চাকরী দিয়ে টপ হেভি এ্যাডমিনিস্ট্রেশন চালাচ্ছেন। অর্থাৎ টাকা-পয়সা যত ওঠে সে সবই লোকজন রেখে খরচ হয়ে যাচ্ছে। অথচ সেখানে সাধারণ রাস্তা মেরামত, ড্রেন পরিষ্কার ইত্যাদি কাজকর্ম কিছুই হচ্ছে না। সেখানে লাইব্রেরী, স্কুল ইত্যাদিদের যা এইড দেওয়া হত সে-সব কিছু হচ্ছে না। বরং সেখানে শুধু কতকগুলো নূতন লোক অন্য জায়গা থেকে এনে ভর্তি করাতে, তাদের মাহিনা দিতে সমস্ত টাকা খরচ হয়ে যাচ্ছে এবং মিউনিসিপ্যালিটির এক পয়সা কোন কাজেই লাগছে না। এইসবের দরুন সেখানে রাস্তা অন্ধকার হয়ে রয়েছে, ড্রেন একেবারেই পরিষ্কার হচ্ছে না। এইসব ব্যাপার নিয়ে ওনার কাছে বলতে গেলে উনি বলেন যে, সব মিউনিসিপ্যালিটিতেই এই অবস্থা হয় এবং এর চেয়ে ভাল কাজ আর হবে না। আবার

অনেক সময় উনি বলেন যে, আমি খুব পুরাণো লোক, আমি জানি কিভাবে কাজ চালাতে হয় এবং আমি বহু জায়গায় দেখেছি যে, সেখানে কাজ কিভাবে হয়। তা ছাড়া ওখানকার এ্যাম্বুল্যান্স-এর জন্য যে গাড়ী রয়েছে, সেটা উনি নিজের কাজেই ব্যবহার করেন, ওঁকে বাড়ী থেকে নিয়ে আসে ও নিয়ে যায়, রুগীদের জন্য পাওয়া যায় না। তাও আবার অনেক সময় সেটা খারাপ হয়ে থাকে। তারপর আবার শুনছি যে, ওনার নাকি ওখানে থাকবার টাইম বেড়ে যাচ্ছে। অনেকবার সেখানকার জনসাধারণ বলেছেন এতদিন তো এ্যাডমিনিস্ট্রেটর আছেন এখন ইলেকশন হোক। এ-বিষয়ে আমি এখানে একটা প্রশ্নও করেছিলাম, কিন্তু তার কোন উত্তর পাওয়া যায় নি। সেখানে যে-সময় মিউনিসিপ্যালিটিতে নির্বাচিত বামপন্থী কমিশনাররা ছিলেন, তাঁরা সে-সময় বলেছিলেন যে, আপনারা আমাদের ৬ মাসের সময় দিয়ে দেখুন যে আমরা কাজ করতে পারি কি না পারি এবং বাকী মিউনিসিপ্যাল ট্যাক্সও অমরা আদায় করে দেব। কিন্তু তাদের সেই সময় না দিয়ে জালান সাহেব সেখানে এ্যাডমিনিস্ট্রেটর পাঠিয়ে দিলেন এবং সেই এ্যাডমিনিস্ট্রেটর যা ইচ্ছা তাই করে যাচ্ছেন।

দ্বিতীয় জিনিস হল যে, গার্ডেন রীচে যে ৩টি চটকল ছিল সেগুলো বন্ধ হয়ে যাওয়াতে কত লোক বেকার হয়ে গেছে। এই বেকার হয়ে ওখানকার অবস্থার আরও খারাপ হয়েছে। সেখানে আর একটা ইন্ডাস্ট্রি বা ক্র্যাফট্ যা রয়েছে সেই টেলাররা তাদের রেডি-মেড কাপড় যা তৈরী করে তা বাহিরে পাঠাত, কিন্তু সেটাও আর পাঠান যাচ্ছে না। এই অবস্থার সঙ্গে সঙ্গে চটকল বন্ধ হওয়াতে প্রায় ১২ হাজারের মতন লোক মেটিয়াবুরুজে এখন বেকার হয়েছে। এইসবের জন্য সেখানে নানারকম প্রব্লেম উঠছে। যখন জুটমিলগুলো ক্লোজার হচ্ছিল, তখন গভর্নমেন্ট থেকে বলা হল যে, এইরকম হলে সেই জিুট-মিল ওয়ার্কারদের, যাদের রিট্রেঞ্চমেন্ট হবে তাদের অন্য আর এক জায়গায় কাজ দিতে হবে। কিন্তু দেখা গেল যে, জুট-মিল থেকে যে ওয়ার্কার ছাঁটাই হয়ে গেছে তারা কেউ কোন কাজ পায় নি। অর্থাৎ তারা আজ বেকার হয়ে মেটিয়াবুরুজে ঘুরে বেড়াচ্ছে। সেজন্য এটা সেখানকার একটা মস্ত বড় প্রব্লেম হয়ে দাঁড়িয়েছে।

[10-50—11 a.m.]

Dr. Ranendra Nath Sen:

মিঃ স্পীকার, স্যার, আমি গ্র্যান্টস নং ৪৬ স্টেট ট্রান্সপোর্টের উপর বলছি। আমি বেশী বলছি না। আমি নির্দিষ্ট একটা কাটমোশন দিয়েছি। সেইটার সম্বন্ধেই বলছি।

আমাদের এই সভায় বহুবার এই স্টেট ট্রান্সপোর্টের কীর্তিকলাপ সম্বন্ধে বলা হয়েছে। তথাপি আর একবার আমাদের যিনি ডি, জি, আছেন, তালুকদার মহাশয়, তাঁর কীর্তিকলাপের কথা এখানে উপস্থাপিত করছি। আমাদের মন্ত্রী হেম নস্কর মহাশয়ের বাড়ীর কাছে ৩৫ ও ৩৫(এ) বাসের টার্মিনাস। ওখান থেকে এক ফার্লং সি, আই, টি বিল্ডিংএ প্রায় ৫০০ পরিবার বাস করে। তাদের অনেকের বেশী রাত্রিতে এবং বৃষ্টিতে চাকরী থেকে বাড়ী ফিরতে হয়। বহু মেয়েও ঐ জায়গার চাকরী-বাকরী করে। তারা এক বৎসর থেকে দরখস্ত করছে ডি, জির কাছে যে, বাসের টার্মিনাস পিছিয়ে দিলে আমাদের অনেকের সুবিধা হয়।

Mr. Speaker:

এগিয়ে না পিছিয়ে?

Dr. Ranendra Nath Sen:

এগিয়ে-পিছিয়ে যা হয় বলুন, আমরা পিছিয়েই বলে থাকি। আমাদের বাংলায় একরকম, আর হিন্দীতে আর একরকম। যাই হউক, পাড়ার লোকেরা ডি, জির কাছে যায়, আমরাও সঙ্গে ছিলাম। ডি, জিকে সব বুঝিয়েছিল। তিনি বললেন, ধরুন এক ফার্লং এক ট্রিপে হলে পর আমাদের ২৭ খানা বাস আছে, এবং এক-একখানা বাস দৈনিক ৮ বার যদি ট্রিপ দেয় তাহলে ২৭ মাইলের বেশী রাস্তার পেট্রোল খরচ হবে। এ পয়সা কে দেবে? তাহলে ভাড়া এক পয়সা বাড়াতে হবে। এই সঙ্গে জানাতে চাই তার এক মাস পরে ১০(এ) বাস রুট নিয়ে নিলেন, ১৬নং করলেন ১০(এ)। এই সার্ভিস নিয়ে এক ফার্লংএর বেশী রাস্তা কমালেন। অথচ ভাড়া বাড়ল সাত পয়সার জায়গায় আট পয়সা, ৯ পয়সার জায়গায় ১২ পয়সা, আর

১০ পয়সার জায়গায় ১৪ পয়সা। এই হচ্ছে তাঁর বিচার। তিনি একজন ঝানু আই,সি,এস; তাঁর কাছে গেলে লোকের সুরাহা হয় না। তিনি এক জায়গায় দেখালেন যে এক পয়সা ভাড়া বাড়াতে হবে, এক ফার্লং-এর জন্য, আর এক জায়গায় এক ফার্লং কমন—এই ১৬নং রুটে, ১লা জানুয়ারী থেকে সেখানকার জনসাধারণ অভিযোগ করেছে, তাঁর কাছে করেছে এবং মন্ত্রিসভার কাছেও করেছে যে কেন ৯ পয়সার জায়গায় ১২ পয়সা হল, আর ১০ পয়সার জায়গায় ১৪ পয়সা হল। এরকম অফিসারকে কেন রাখা হয়? ডাঃ বি, সি, রায়, যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী, তাঁর কাণে এ-কথা পৌঁছায় না? তিনি এইরকম ব্রিটিশ আমলের পুরান ঝানু জেনে পয়সা বাড়াবার জন্য রেখেছেন। অথচ শেষ পর্যন্ত হিসাবে দেখবেন আমাদের পয়সা বাড়ল না, বরং কিঞ্চিৎ লোকসান যাচ্ছে। কাজেই আমি এ-প্রশ্ন ডাঃ রায়ের কাছে তুলে তার জবাব চাই।

দ্বিতীয় নম্বর প্রশ্ন হচ্ছে, এই প্রসঙ্গে দুই-একটা বাস-রুট, বিশেষ করে ৬নং ও ৯নং ইত্যাদি। কলিকাতায় এই যে-সমস্ত বাস চলে, তার লাস্ট বাস ৯টা বা ৯টাতে ডিপো থেকে ছেড়ে চলে যাবে, আর ঐ-সমস্ত রুটই গভর্নমেন্ট নিয়ে নিয়েছেন। অফিসিয়ালি বাড়ছে, অথচ বাস কমছে, আর তার লাস্ট টাইম যে রুটে এক লাখ, দেড় লাখ লোক বাস করে এবং তার ভিতর দিয়ে বাস যায়, রাত্রি ৯টাতে সেই বাস-রুটের টার্মিনাস বন্ধ হয়ে যায়। ৯-২০ মিনিটে যদি কোন লোক যেতে হয় টালিগঞ্জে, তাহলে সে পারবে না। সেইরকম ৯নং রুটেও অসুবিধা হচ্ছে। গত বছর যখন প্রাইভেট বাস ছিল তখন রাত্রি ১১টা পর্যন্ত বাস চলত। এবং আজও ৩নং রুটে তারা সেইরকম চালিয়ে থাকে। সুতরাং আমি বলছি যে এ-বিষয়ের প্রতিকার দরকার।

Sj. Mihirlal Chatterjee:

আমি গ্র্যান্ট নং ৩৮ সম্বন্ধে বলতে চাই। আমার এ্যামেন্ডমেন্টে আছে—

"To raise a discussion about utter uselessness of the contribution of Rs. 65,000 to the West Bengal Branch of the Commonwealth Parliamentary Association".

স্যার! বাজেট এস্টিমেটে দেখি—

Commonwealth Parliamentary Association of West Bengal

এর জন্য বরাদ্দ ছিল ৫ হাজার টাকা। অথচ সাপ্লিমেন্টারী এস্টিমেটে দেখছি ৬৫ হাজার টাকা চাওয়া হয়েছে, অর্থাৎ যা বরাদ্দ ছিল তার ১৩ গুণ বেশী, যারা বাজেট এস্টিমেট তৈরী করেন ও বাজেটের টাকা খরচ করেন, তাঁদের নিশ্চয় বাহাদুরী আছে বলতে হবে। কারণ বাংলাদেশে এমন কোন অস্বাভাবিক অবস্থার উদ্ভব হয় নি এবং এমন কোন অস্বাভাবিক কাজ এই পার্লামেন্টারী এসোসিয়েশন করে নি যার জন্য ৫ হাজার টাকা বরাদ্দের স্থানে ৬৫ হাজার টাকা খরচ করতে হবে অতিরিক্ত হিসাবে।

Mr. Speaker: You pass on to some other points. There is no need to talk all about that.

Sj. Mihirlal Chatterjee:

এই পার্লামেন্টারী এ্যাসোসিয়েশন ফর্মড হয়েছিল ১৯৫২ সালের একটা এ্যাসেম্বলী মিটিং-এ। ১৯৫২ সালের পর থেকে ১৯৫৮ সাল পর্যন্ত এই পার্লামেন্টারী এ্যাসোসিয়েশনের কোন এ্যাক্টিভিটি আমরা কিছুই জানি না। স্যার! আমি নিজেই এ্যাসেম্বলীর লাইব্রেরীতে অনুসন্ধান করতে গিয়েছিলাম। ওয়েস্ট বেঙ্গল পার্লামেন্টারী এ্যাসোসিয়েশনের কাজের কোন রিপোর্ট কিংবা কোন সংবাদ পেলাম না। টাকা-পয়সা কি হয়, কিভাবে খরচ হয় সেটার কিছুই জানতে পারলাম না। ১৯৫২ সালের সেপ্টেম্বর মাসে যে রিপোর্ট তৈরী হয়েছিল, সেই সময় থেকে এপর্যন্ত কোন রিপোর্ট দেখতে পাই নি। কাজেই যে এ্যাক্টিভিটির দরুণ আমরা পরিচিত নই, সে এ্যাসোসিয়েশন কি কাজ করে তা জানি না।

Mr. Speaker:

যারা মেম্বর, তারা পায়, আপনি নন।

Sj. Mihirlal Chatterjee:
তাহলে জানা দরকার কে-কে মেম্বর।

Mr. Speaker: It is open to all. If you do want to become a member, then it is a different thing. There is no compulsion on anybody.

Sj. Mihir Lal Chatterjee:
সেটা আমরা জানি।

আমি বলছি যে আমি পড়েছি, অর্থাৎ সেটা আমি জানি। সেটা আমাকে বলার দরকার নেই। আমি বলছি স্যার! এই এ্যাসোসিয়েশনের কত টাকা আদায় হয়, তা আমরা জানি না। বাংলাদেশে একটা টিউব-ওয়েল করাতে হলে ৫০ পার্সেন্ট কন্ট্রিবিশন দিতে হয়; একটা রাস্তা করতে হলে ৫০ পার্সেন্ট কন্ট্রিবিউশন না দিলে হয় না; একটা প্রাইমারী স্কুল করতে হলে জমি না দিলে হয় না, একটা হাসপাতাল করতে হলে তার জন্য জমি না দিলে হয় না; আর এই একটা আজানা চিরমৃত এ্যাসোসিয়েশন, তার জন্য ৬৫ হাজার টাকা খরচ। সেই এ্যাসোসিয়েশনের জন্য বার্ষিক ৫ হাজার টাকা খরচের বরাদ্দ আছে, ক'জন তার মেম্বর আছে আমরা জানি না। সেই এ্যাসোসিয়েশন, সে খরচ পর্যন্ত জানাতে পারে না, তার কোন রিপোর্ট আমরা পাই না। আর ৫ হাজার টাকার মত যে এ্যাসোসিয়েশনের জন্য বরাদ্দ, সেই এ্যাসোসিয়েশনের কোন কথা না জানিয়ে বা কোন কথা জানবার সুযোগসুবিধা না দিয়ে ৬৫ হাজার টাকা যদি বরাদ্দ করা হয়, খরচ করার জন্য তাহলে সেটা আশ্চর্য্যের কথা। ডাঃ রায় বলেন অল্প অল্প ট্যাক্স বসিয়ে রাজস্ব বৃদ্ধি করার কথা। ছোট ছেলেরা প্রাইমারী স্কুলে পড়ছে, তাদের শ্লেট-পেন্সিলের উপর ট্যাক্স বসিয়ে টাকা সংগ্রহ করছেন। এইভাবে যেখানে ট্যাক্স আদায় হচ্ছে সেখানে বাৎসরিক ৫ হাজার টাকা পার্লামেন্টারী এ্যাসোসিয়েশনের জন্য খরচ করছেন, বাংলাদেশের করদাতাদের কোন্ উপকারের জন্য? আবার এখন ৬৫ হাজার টাকার অতিরিক্ত দাবী এসেছে এবং আমাদের তা মঞ্জুর করতে হবে। এ একটা অদ্ভুত ব্যবস্থা। এইভাবের সাপ্লিমেন্টারী বাজেট দেখে মনে হয় আমরা যে প্রবাদ-বাক্য শুনে এসেছি "বার হাত কাঁকুড়ের তের হাত বীচি", এই ঠিক সেইরকম, ৫ হাজার টাকা অরিজিন্যাল বাজেট-এর ৬৫ হাজার টাকা সাপ্লিমেন্টারী। চমৎকার!

[11—11-10 a.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
স্যার, যে-সমস্ত ছাঁটাই প্রস্তাব উত্থাপন করা হয়েছে বা সমালোচনা করা হয়েছে, তার মধ্যে নটেন দাস মহাশয়ের সংশোধনী প্রস্তাবের উত্তর প্রথমে দিচ্ছি। তিনি বলেছেন, মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে যে সাহায্য দেওয়া হয় তা ঠিক সময়ে দেওয়া হয় না, তাতে স্কুলগুলির অসুবিধা হচ্ছে, এমন কি শিক্ষকরা সময়মত বেতন পান না। তিনি আরও বলেছেন যে, ইন্ডিসক্রিমিনেট কাটস ইন স্কুল বিলস, যে-সমস্ত বিল আসে, তাতে যে-সমস্ত খরচ বাদ দেওয়া হয়, কি কারণে বাদ দেওয়া হয় তার উল্লেখ থাকে না, কাজেই স্কুলের কর্তৃপক্ষ বুঝতে পারেন না, এ দুটোই ঠিক বা ঠিক নয়।

প্রথম কথা হচ্ছে, মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে যে সাহায্য বিভিন্ন স্কুলে দেওয়া হয়, সে সাহায্য তিন দফায় দেওয়া হয়। প্রথম দফা দেওয়া হয় আনুমানিক বার্ষিক সাহায্যের শতকরা ৫০ টাকা। দ্বিতীয় দফায় দেওয়া হয় বাকীর অর্দ্ধেক অর্থাৎ শতকরা ২৫ টাকা। আর বাকী যে থাকে শতকরা পঁচিশ টাকা (২৫ পার্সেন্ট) সেটা দেওয়া হয় তৃতীয় দফায়। এই তৃতীয় দফায় যে টাকা দেওয়া হয়, সেটাই মাত্র দেওয়া হয় বছরের শেষে এবং যতক্ষণ পর্যন্ত সেটার এ্যাকাউন্ট অর্থাৎ খাঁটী বা চূড়ান্ত হিসেব না হয় ততক্ষণ পর্যন্ত শিক্ষা-বিভাগ সেই টাকা শিক্ষা বোর্ডকে দিতে পারেন না। সেজন্য শেষ দফার টাকা দিতে কিছু বিলম্ব হয় মাত্র। প্রথমে যে টাকা দেওয়া হয়, শতকরা ৫০ পার্সেন্ট টাকা এবং দ্বিতীয় দফায় যে টাকা দেওয়া হয়, শতকরা ২৫ টাকা সেটা এস্টিমেট-এর উপর অনুমান করেই দেওয়া হয়, কাজেই অসুবিধা কোন বিশেষ কারণে, বিশেষ স্থলে হলেও সকল স্কুলে হয় না বা

হওয়া সম্ভব নয়। তবে কোন স্কুল-এর বিলে যদি এমন কিছু থাকে যে তদন্ত করতে বেশীদিন সময় লাগে, সেক্ষেত্রে নিশ্চয়ই তার অসুবিধা হতে পারে কিন্তু সেটা স্কুল-এর এ্যাকাউন্ট রাখার দোষে হতে পারে, তাতে বোর্ডের বা শিক্ষা-বিভাগের কি করে দোষ হতে পারে বুঝতে পারি না। আমার সামনে একটা মেমো রয়েছে, তাতে কতকগুলি হেডস রয়েছে, এগুলি বিবেচনা করে দেখলে দেখবেন কোনও গণ্ডগোল হতে পারে না। হেডসগুলি হচ্ছে—

Serial No., Names of Teachers, Qualifications, Monthly Pay on 1st March 1955 or 1956, whatever it may be, date of increment and total pay for the year.

শিক্ষকদের বেতন সম্বন্ধে যেভাবে বিল দেওয়া হয়, এবং বিল মঞ্জুর করা হয়, সে নির্দিষ্ট প্রো-ফরমা অনুসারে করা হয়, তা ছাড়া ডিটেলস অব আদার এক্সপেন্ডিচার, বিভিন্ন খাতে যে ব্যয় মঞ্জুর করা হয় তার পৃথক টাকা হেডস বা দফা আছে, এর প্রত্যেক দফায় যদি কোন টাকা কর্তন করা হয়, বাদ দেওয়া হয়, সেখানে উল্লেখ থাকে। এখানে বিলে দেখতে পাচ্ছি—

one teacher, matric, under-qualified,

অতএব ডাইরেক্টরেট তার বেতন মঞ্জুর করেন নি, তার পাশেই ফাঁক রয়েছে দেখলেই বুঝতে পারবেন কোন্ দফায় মঞ্জুরী পাচ্ছেন বা না এটা পরিষ্কার বুঝতে পারা যায়; সুতরাং কোন দফায় কোন টাকা কেন মঞ্জুর হয় নি তা জানা যায় না, ইন্ডিসক্রিমিনেট কাটস করা হয়, এটা ঠিক বা বিচারসহ কথা নয়। বুঝতে যদি না পেরে থাকেন, তাহলে বুঝতে হবে বুঝবার চেষ্টা করেন নি।

আর দ্বিতীয় সমালোচনা করেছেন অজিত গাঙ্গুলি মহাশয়। গোবরডাঙ্গা থেকে তিনি প্রতিনিধি হয়ে এসেছেন, তিনি নানা অভিযোগ করেছেন গোবরডাঙ্গা কলেজ সম্পর্কে, যথা, কলেজের টাকা নিয়ে ছিনিমিনি করা হচ্ছে, পৃষ্ঠপোষকতা চলছে, ইত্যাদি। গোবরডাঙ্গা কলেজে শিক্ষা-বিভাগ তদন্ত করেন, তারপর বিশ্ববিদ্যালয়ের ইন্সপেক্টরও তদন্ত করেছেন, তদন্তের ফল রিপোর্ট করে জানিয়েও দিয়েছেন। প্রথমতঃ আমাদের শিক্ষা-বিভাগ থেকে যে তদন্ত হয়েছিল, শিক্ষা-বিভাগের পক্ষ থেকে ইন্সপেক্টর যে তদন্ত করেছিলেন তা ট্রাভেলিং অডিটর এগ্‌জামিন করেছিলেন, স্টক রেজিস্টার এগ্‌জামিন করেছিলেন, ভাউচার সমস্ত এগ্‌জামিন করেছিলেন, পরীক্ষা করেছিলেন, কোন ইরেগুলারিটি পান নি।

তারপর ইউনিভার্সিটি থেকে যে তদন্ত হয়েছিল, তাতেও খারাপ রিপোর্ট কিছু পাওয়া যায় নাই। কাজেই কারও হয়ত কাদা-ছিটানোর অভ্যাস থাকতে পারে কিন্তু তদন্ত হয় নি এটা সত্য নয়। বিশ্ববিদ্যালয় থেকে তদন্ত করেছেন কিন্তু তাঁরা কিছু ইরেগুলারিটি পান নি। দুইজন ছাত্র সম্বন্ধে, যারা পরীক্ষা দিয়েছে অথচ তাদের পরীক্ষা দেবার যোগ্যতা ছিল না, তারা আগে ফেল করেছিল, এসব অভিযোগ সম্বন্ধে বিশ্ববিদ্যালয় তদন্ত করছেন, আমরা এখনও কোন রিপোর্ট পাই নি। এ-বিষয়ে তদন্ত করার কথা শিক্ষা-বিভাগের নয়। কাজেই কাদা যদি ছিটানো হয় তাহলে সেই কাদা গিয়ে [illegible] গায়ে পড়বে, আমাদের গায়ে পড়বে না, এটা মনে রেখে দেবেন (কমিউনিস্ট পার্টির বেঞ্চ হইতে তুমুল হট্টগোল)। গোবরডাঙ্গা গার্লস হাই-স্কুল যে সাহায্য পান শিক্ষা-বিভাগ থেকে, তাতে কেউ কোন গোলমালের কথা উল্লেখ করেন নি, উল্লেখ করেছেন যেটা পুনর্বাসন-বিভাগ থেকে সাহায্য পান, তার মধ্যে অনেক টাকা তছনছ করা হয়েছে, এটা ও'রা কিছু নূতন সংবাদ দেন নি এবং এ-সম্বধে পুনর্বাসন-বিভাগ যে চুপ করে বসে আছেন তা মনে করবার কোন হেতু নেই। যেহেতু সে-সম্বন্ধে তদন্ত করা হয়েছে এবং তদন্তের ফলে জানা গেছে যে, যিনি প্রধান-শিক্ষয়িত্রী, তাঁর ত্রুটীর জন্য কয়েক হাজার টাকা গরমিল হয়েছে, সঠিক সংবাদ পাওয়া যায় নি। সে-সম্বন্ধে পুনর্বাসন-বিভাগ থেকে ফার্দার স্টেপ নেওয়া হচ্ছে অর্থাৎ আরও অনুসন্ধান নাকি করা হচ্ছে। কাজেই পশ্চিমবঙ্গ সরকার নাকে সরষের তেল দিয়ে নিদ্রা যাচ্ছেন, সেটা মনে করবেন না। কাদা ছুঁড়তে গেলে সেই কাদা নিজের গায়েও পড়তে পারে এটা মনে রাখবেন [কমিউনিস্ট পার্টির বেঞ্চ হইতে পুনরায় তুমুল হট্টগোল]।

Mr. Speaker:

আপনারা যদি এত ইন্টারাপ্ট করেন তাহলে উনি কি করে বলবেন?

The Hon'ble Md. Sirazuddin Hoda Chaudhuri:

শ্রীযুক্ত [illegible] কিছু সমালোচনা করেছেন। তাঁর সমালোচনা [illegible]

Expenses out of the grant from the Government of India for Centrally sponsored Schemes outside the Plan.

এটা কোন স্কীম, তিনি কিছু উল্লেখ করা হয় নি, কাজেই আপনারা কি করে অর্থ মঞ্জুর করবেন? এখানে যে-সব স্কীমের টাকার প্রয়োজন তার প্রত্যেকটা উল্লেখ করা হয়েছে, অতএব আমি বলছি এটা একটু ভাল করে পড়েশুনে বক্তৃতা করলে ভাল হয়, আগে থেকে হাত-পা ছুড়ে লাভ কি? এখানে যে-যে দফার জন্য টাকা দাবী করা হয়েছে, প্রত্যেকটা দফায় উল্লেখ করা হয়েছে। গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়ার কাছ থেকে ডেভেলপমেণ্ট প্ল্যানে ২ রকমে আমরা সাহায্য পেয়ে থাকি, একটা হচ্ছে স্টেট প্ল্যানস, যেখানে গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়া অর্ধেক বা এরকম টাকা দেন পরে আমরা রাজ্যসরকার থেকে অর্ধেক বা বাকী টাকা দিই। কোন কোন ব্যাপারে হয়ত তাঁরা ৬০ পার্সেণ্টও দিয়ে থাকেন। আর একটা হচ্ছে সেণ্ট্রালি স্পনসোর্ড বা গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়ার, স্পনসোর্ড স্কীম। কাজেই আপনাদের একটু ভাল করে পড়াশুনার অভ্যাস করা দরকার, কারণ এখানে যাঁরা আছেন, তাঁরা রেসপন্সিবল লেজিসলেটরস। সুতরাং তাঁদের একটু পড়াশুনা করে এখানে বক্তৃতা করা উচিত। এখানে পরিষ্কার লেখা আছে—

Expenses out of the grant from the Government of India for Centrally sponsored schemes.

[বিরোধীপক্ষের বেঞ্চ হইতে হট্টগোল]

[11-10—11-20 a.m.]

ম্যাচিং গ্রান্ট সম্বন্ধে তিনি কতগুলি বড় বড় কলেজকে টাকা দেবার জন্য, কিন্তু আমরা তাদের এ্যাকাউণ্টস এখনো পাই নি। আর, অন্যান্য অনেক কলেজকে ম্যাচিং গ্রান্টস দিতে দিয়েছেন সেটা হচ্ছে ৯ লক্ষ টাকার। আর ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন যে হিসাব দিয়েছেন তাতে দেখা যাচ্ছে ৬·৮৫ ল্যাকস্—নয় লক্ষ টাকা নয়; আর আমাদের স্টেট গভর্নমেণ্ট-এর সবগুলিতে যদি দিতে হয় তাহলে ৫·৬১-এর বেশী হবে না। কিন্তু আমাদের বাধা হচ্ছে, যেসমস্ত কলেজ সাহায্য পান তাদের হিসাবপত্র আমরা জানি এবং তাঁদের ম্যাচিং গ্রান্ট দেবার সম্পূর্ণ দায়িত্ব আমরা নিয়েছি; কিন্তু যাঁরা আমাদের কাছ থেকে সাহায্য পান না তাঁদের এ্যাকাউণ্টস্ বা হিসাবপত্র সম্বন্ধে আমরা কিছুই জানি না। এখানে দাসমহাশয় বলেছেন, আমরা টাকা দিতে প্রস্তুত আছেন, সেতো ভাল কথা, এ-কথা আমরা ইউনিভার্সিটিকে, অর্থাৎ ভাইস-চ্যান্সেলার মহাশয়কে জানিয়েছি যে, সমস্ত কলেজগুলির এ্যাকাউণ্টস্ কি তা আমাদের জানান হোক, তাদের অডিটেড এ্যাকাউণ্টস দাখিল করতে বলা হোক আমাদের কাছে এবং তাদের এ্যাকাউণ্টস ইনস্পেকশন করতে দেওয়া হোক। তা যদি না হয়, তাঁদের ম্যাচিং গ্রান্ট দেবার বিষয়ে আমরা কেমন করে বিবেচনা করব। আমরা কেমন করে বুঝতে পারব তাঁরা কি দিতে পারবেন বা না পারবেন? আমরা ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনকে যে টাকা দিয়েছি বড় বড় কলেজগুলির গ্রান্ট যদি দিতে হয় তাহলে কিছু অতিরিক্ত সময় লাগবে আমাদের।

তারপর, সমালোচনা করেছেন শ্রীপশুপতি ভট্টাচার্য মহাশয়। তিনি

improvements of the services of the teachers.

সম্বন্ধে বিশেষ কিছু বলেন নি। তিনি অন্যান্য বিষয়ে বলেছেন, তাঁর প্রথম কথা হচ্ছে, যে-সরকারী কলেজগুলিতে যে সাহায্য দেওয়া হয় তা ভালভাবে তদন্ত করা প্রয়োজন। আমরা এখানে অনেক রকম কথা শুনছি, সরকারী সাহায্য দিতে হবে, আর বিলম্ব করা উচিত হবে না, আমার কখনো শুনেছি যে-সরকারী কলেজে যে সাহায্য দেওয়া হয় তার সম্বন্ধে ভাল করে তদন্ত হওয়া দরকার, আমরা তদন্ত না করে কোন সাহায্য দিই নেই, আমাদের ডাইরেক্টরেট বিনা তদন্তে কোন টাকা দেন না।

তারপর, বঙ্গীয় সাহিত্য পরিষদকে টাকা দেবার কথা বলা হয়েছে। আমরা আগে থেকেই ৩½ হাজার টাকা তাঁদের দিয়ে থাকি, এবং আরো ২ হাজার টাকা তাঁদের দেওয়া হচ্ছে—
for publication of books.
সুতরাং তাঁদের কিছু দেওয়া হয় না এ-কথা সত্য নয়।

তারপর, শিক্ষকদের বেতন বৃদ্ধি—

Mr. Speaker: I would like to tell Mr. Rai Chaudhuri and other Hon'ble Ministers that a lot of irrelevant things have been said. I would like you to answer to only relevant things and not to answer to irrelevant things. It does not strictly arise out of the Supplementary Grants.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
টিচার্সদের স্যালারীর ইম্প্রুভমেন্ট সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। কিন্তু এ-কথা কি সকলের জানা আছে যে, ১৯৪৬-৪৮ সাল অর্থাৎ স্বাধীনতার আগে প্রাইমারী "এ" ক্লাশ টিচারদের ৩২½, "বি" ক্লাশ ২৪½, "সি" ক্লাশ ২০½ টাকা, এই হারে বেতন ধার্য ছিল, আর এখন তাঁদের স্কেলস অফ পে হচ্ছে, এ ক্লাশ ৬৭॥·, বি ক্লাশ ৬২॥· আর সি ক্লাশ ৫২॥· অর্থাৎ আগে যা ছিল গত কয়েক বৎসরে তার দ্বিগুণেরও বেশী হয়েছে। আমরা অবশ্য এ-কথা স্বীকার করি এটাও যথেষ্ট নয়, আরো দিতে পারলে ভাল হত, আমাদের রাজ্যপালিকাও সে-কথা বলেছেন। সুতরাং কাজ কিছুই হচ্ছে না এ-কথা সত্য নয়। সেকেন্ডারী টিচারদের বেতন সম্প্রতি বাড়ান হয়েছে। প্রি-ইন্ডিপেন্ডেন্স ডে-তে ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচারদের কলকাতার স্কুলে ছিল ৬০, আর মফঃস্বলে ৫০, তারপর ১৯৪৮ সালে যখন ডাঃ রায়ের প্রথম মন্ত্রীমণ্ডল কার্য্যভার গ্রহণ করলেন, তখন সেই বৎসরেই সেকেন্ডারী টিচার্সদের বেতন প্রথম বাড়ান হ'ল, শুধু তাই নয়, তার ক্রমবর্দ্ধিত হারও (স্কেলস) ধার্য্য করা হয়, তার আগে ক্রমবর্ধমান হারে বেতন কখনও দেওয়া হ'ত না। আবার এবারেও নূতন স্কেলস ধার্য করে বেতন বাড়ান হয়েছে। ফলে একজন ট্রেন্ড গ্র্যাজুয়েট-এর স্কেল এখন হচ্ছে ১০০ টাকা থেকে ২২৫ টাকা। সুতরাং শিক্ষকদের বেতন বৃদ্ধি করা হচ্ছে না এ-কথা সত্য নয়। মাননীয় স্পীকার মহাশয়, আমার আর কিছু বলার নাই, এই বলেই আমি আসন গ্রহণ করছি।

Dr. Hirendra Kumar Chattopadhyay:
আপনি টিচার্স কনস্টিটিউয়েন্সি থেকে দাঁড়ান, আপনি তাঁদের জন্য এত কাজ করেছেন।

The Hon'ble Ajoy Kumar Mukherjee:
মাননীয় স্পীকার মহাশয়, সেচ-বিভাগের ব্যয়-বরাদ্দ মঞ্জুরের জন্য দফায় দফায় কোন খাতে কত টাকা চাওয়া হয়েছে তা বইয়ে ছেপে দেওয়া হয়েছে এবং তা নিয়ে আজকে এখানে কোন প্রশ্নও করা হয় নি। গোপালবাবু ট্যাঙ্ক ইরিগেশন, আর টেস্ট রিলিফ সম্বন্ধে কয়েকটা কথা বলেছেন; এগুলো সেচ-বিভাগের ব্যাপার নয়, কাজেই এ-সম্পর্কে কোন কথা আমি বলতে চাই না। পঞ্চানন ভট্টাচার্য মহাশয় গঙ্গার পূর্বদিকে কিছু করা হচ্ছে না বলে অভিযোগ করেছেন। তিনি বলেছেন, ছোট ছোট দুটো স্কীম মাত্র করা হয়েছে। বাগজোলা ও সোনারপুর এই দুটো স্কীমে প্রায় ২॥ কোটি টাকা খরচ করা হয়েছে। তাঁর মতে এগুলি ছোট ছোট হতে পারে, কিন্তু আমরা তা মনে করি না। রাধানাথবাবু মরুরাক্ষী পরিকল্পনার কথা বলেছেন যে, ৬ লক্ষ একর জমিতে জল দেবার কথা ছিল। আমি তো বলেছি, সেচের এলেকা ক্রমশঃ বাড়িয়ে দেওয়া হচ্ছে, এখন ৩½ লক্ষ একর জমিতে জল দেওয়া হচ্ছে, তবে এটা আরো বাড়ান হবে। ভিলেজ চ্যানেল গ্রাম্য খালগুলি, যেগুলি আমাদের প্রজেক্টএর ভিতর নাই, সেগুলি সম্বন্ধে আমরা কিছু করতে পারি না। ভারতবর্ষের কোন রিভার ভ্যালি প্রজেক্ট-এর মধ্যে এগুলি ধরা হয় নি, এগুলি গ্রামের লোকের দ্বারাই করাতে হবে। মরুরাক্ষীর জন্য কোনরকম বৈষম্যমূলক ব্যবস্থা করার কথা বলা ঠিক হবে না, কারণ ইরিগেশন এ্যাক্ট-এ তাই নিয়ম করা হয়েছে। বর্তমানে ডেভেলপমেন্ট এ্যাক্ট প্রযুক্ত এলাকায় কর আদায় বন্ধ আছে এ-কথা ঠিক। ডেভেলপমেন্ট এ্যাক্ট-এর নিয়ম হল কয়েক বছরের গড় ফলন অনুসারে কর ধার্য্য করা। ইরিগেশন এ্যাক্ট প্রযুক্ত এলাকায় কিছু কিছু কর আদায় করা

হয়েছিল। এখানে একটা সাঁকোর কথা বলা হয়েছে। হাজার হাজার সাঁকো হয়েছে। এ-সম্বন্ধে আমি বলতে পারি সবসময় সবজায়গায় না হতেও পারে; এগুলি আমাদের সুপারিন্টেন্ডিং ইঞ্জিনীয়ার জেলা ম্যাজিস্ট্রেট-এর সঙ্গে পরামর্শ করে করেন। কুইয়া খালের কাজ খানিকটা হয়েছে, এখন পর্যন্ত যে কাজ হয়েছে তার ফলাফল ওয়াচ করা হচ্ছে। এখনো কাজ বাকী আছে। সেচ-বিভাগ সম্বন্ধে আর কোন কথা বলা হয় নি। সুতরাং আমি আমার বক্তব্য এখানেই শেষ করলাম।

[11-20—11-30 a.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে তিনটী ডিম্যান্ডস মুভ করেছি, সে সম্বন্ধে মাননীয় সদস্যদের কেউ বিশেষ কিছু বলেন নাই। গ্র্যান্ট নং ৫৪—ফ্যামিন সম্বন্ধে একটা কথা উঠেছে। আরো বেশী টাকা এই খাতে বরাদ্দ হ'ল না কেন? যদি বেশী টাকা হ'ত, তখন বলতেন কেন এত টাকা বরাদ্দ করলেন? আবার যদি টাকা বেঁচে যায়, তখন বলবেন, কেন এই টাকা খরচ করতে পারলেন না? ফ্যামিন-এ টাকা বরাদ্দ হয়, বন্যা হ'লে পর সেই বন্যা-পীড়িত লোকদের সাহায্যের জন্য, ড্রাউট হলে তাতে দুঃস্থ মানুষদের সাহায্যের জন্য, ঝড়ঝঞ্ঝায় ক্ষতিগ্রস্ত লোকদের সাহায্যের জন্য। আমাদের খনার বচনে অনেক কিছু লেখা থাকে সত্য। কিন্তু আমরা আগে থাকতে তা জানতে পারি না যে বন্যা হবেই, হবে, ঝড় হবে, ঝঞ্ঝা হবে। ফ্যামিন খাতে মোটামুটি কিছু পরিমাণ টাকা আমরা ধার্য্য করি। তারপর যখন বন্যা, শুখা হয়, রুখো হয় বা ঝড়ঝঞ্ঝা হয়, তখন খরচ করি এবং এই হাউসের সামনে পরে অতিরিক্ত ডিম্যান্ড নিয়ে আসি। এ-সম্বন্ধে আর বেশী কিছু বলার নাই।

তারপর কেউ কেউ বলেছেন টেস্ট রিলিফ-এর কাজ আরম্ভ হয় নি; আবার কেউ কেউ বলেছেনে কাজ আরম্ভ হয়েছে বটে, তবে ভাল করে হয় নাই। আমরা টেস্ট রিলিফের কাজ সব জেলাতেই মোটামুটি আরম্ভ করেছি এবং সেই সমস্ত জেলায় যাতে টেস্ট রিলিফের বেশী করে লোক আসে, তারজন্য নূতন নূতন স্কীম করে কাজ আরম্ভ করা হচ্ছে। আমার মনে হয়, এপ্রিল-মে মাসে টেস্ট রিলিফের কাজ বেশী হবে। তারজন্য এই টাকা ধার্য্য করা হয়েছে, বরাদ্দ করা হয়েছে।

Sj. Hemanta Kumar Ghosal:

কাজ বন্ধ আছে কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

কাজ বন্ধ আছে বলে যদি মাননীয় সদস্য আমাদের খবর দেন, তাহলে নিশ্চয়ই আমি সেটা দেখব।

তারপর,—

63—Extraordinary charges in India.

এতে যে টাকা চেয়েছি, এটা মামলার জন্য, কোর্টের ডিক্রিট্যাল এ্যামাউন্ট-এর জন্য, [illegible] মাইনের জন্য চাই নি। অনেক দিনের পুরানো হিসেব এ্যাডজাস্ট করেছি। [illegible] যে সাবসিডাইজড রেট-এ খাদ্য দেওয়া প্রয়োজন হয়, তারজন্য চেয়েছি, [illegible] বেতনের জন্য চাই নাই। বেতন কম দিলে বলবেন কেন কম দিচ্ছেন? বৃদ্ধি করা হোক। আবার বেশী বেতন দিলে বলবেন, কেন এত বেশী দেওয়া হচ্ছে। কাজেই এ-সম্বন্ধে বেশী কিছু বলবার নাই।

আমার আর একটা ডিম্যান্ড আছে—

85A—Capital Outlay on State Schemes of Government Trading.

এ-সম্বন্ধে কেউ কিছুই বলেন নি। এই টাকার সমস্তটাই আমরা ফেরত পাব। আমরা বেশী বেশী যে মডিফায়েড রেশনিং স্কীম চালু করেছি, নূতন যে প্রোকিউরমেন্ট-এর পরিকল্পনা নিয়েছি, তারজন্য এই টাকা চেয়েছি। এর অধিকাংশ টাকা আমরা জিনিস বিক্রয় করে পাব। আর কিছু বলবার নাই।

যে কাট মোশন দেওয়া হয়েছে, আমি তার সবগুলির বিরোধীতা করছি এবং আমার সাপ্লিমেন্টারী মঞ্জুরীর জন্য সকলকে অনুরোধ করছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I will address the House in the first instance with regard to some general observations regarding the supplementary estimate. The scope for discussion in the case of supplementary estimate is not the same as the scope for discussion when the ordinary budget is presented and the cut motions are discussed. Even there the procedure is that general discussion for three or four days is not limited to any particular item of cut motion on the Demand for Grant but to general discussion of the budget and so on. In the supplementary estimate the scope is even more limited to my mind as you have observed, Sir, that we follow the practice of the House of Commons and it is clear that there they only comment upon such demands that have been made by the Government on particular heads and they do not discuss any question of general policy, because the demand is not for the department itself but for individual item in a particular demand.

My friend Sj. Sunil Das is rather puzzled as to why in a particular item, the figure which was given in the Budget (Red Book) 1957-58 as the Budget estimate is shown as something more in the Budget Estimate of 1958-59. Perhaps he has overlooked the fact that: take for instance the demand under the head Famine Originally when the Budget was presented in March 1957, the amount provided for was 1 crore 75 lakhs 58 thousand That was the Budget Estimate under the Head "Famine". But when the Budget was discussed in June we felt that the need of that particular head would be more and we asked the Assembly and the Assembly agreed to increase the figure from 1 crore 75 lakhs to 2 crores 51 lakhs. Therefore when the figure for the budget estimate was put in the Red Book for 1958-59 we had to take the figure that has been ultimately agreed upon by the Assembly, namely, 2 crores 51 lakhs and not 1 crore 75 lakhs. I hope that he will be able to understand now what things are, and that will remove the difficulty that he has with regard to this particular item.

My friend Shri Mihirlal Chatterjee has waxed eloquent and said that why this increased demand of Rs 65,000 as a contribution to Commonwealth Parliamentary Association. After all West Bengal does not remain separated or isolated from the rest of the other States in India and West Bengal or India itself is a Member of the Commonwealth Parliamentary Association. When this Association decided to have a joint meeting in Delhi and also to travel in different parts of India and in different States a certain amount of assessment of the probable expenditure was made by the Central Government and each State, in fact, had to pay a certain extra sum for the particular occasion when the Parliamentary Association met. It is open to any member to say "We do not want the Parliamentary Association". That is a different matter. But we are members of the Parliamentary Association and when the Government of India decided to invite the Parliamentary Association to hold its sitting in Delhi and asked us for contribution, as every State has done, there was no reason why we should stand behind.

I do not think Shri Mihirlal Chatterjee is right in saying that whenever there is a tube-well to be put in we ask for contribution. Certainly not. In many areas, particularly flood affected areas we have put in tube-wells without any contribution—about 1,600 of them In a very large number of cases primary schools are established and recurring and non-recurring expenditures have been undertaken by Government without any contribution. A large number of hospitals are being

erected without any contribution. It is no use waxing eloquent and trying to put a particular proposition before the House because the House may be misled into thinking in a particular manner which is not quite correct.

Now, I would refer to one or two other general points which have been touched in the amendments although the members might not have pressed them before the House. For instance, the question of whether there is a double taxation on certain consumer goods and the policy in general. Sir, it is our settled policy in this State that we do not put double taxation in any particular region as they do in other States, particularly in Bombay and Madras. Ours is a single point tax system and usually the tax is levied at the last point of sale by registered dealers to other registered dealers of Bengal except that in case of certain specified commodities like Vanaspati, sugar, etc., the tax is at the point of sale by either manufacturers or importers. Sales tax in West Bengal is levied only at the last point and therefore there is no question of double taxation.

[11-30—11-40 a.m.]

There is another question which has been raised about the Transport Department. There is a mention in the cut motion about the contribution to the Ganga Brahmaputra Transport Board which was established sometime in 1951 by a joint endeavour of the States of Bihar, U.P. and West Bengal and the Government of India. It was set up in April 1951 for the purpose of having a Board to control the traffic along with both Ganga and Brahmaputra. The Board was entrusted with the work of going into the problems connected with transport and navigation on the Ganga and Brahmaputra rivers, and it was decided that the work of the Board would be financed from contribution of the Central Government and the participating Governments. The Central Government agreed to pay 2 lakhs a year and the participating States 1 lakh a year. The contribution was made by the State Government of Rs. 1 lakh a year for the years 1952-53, 1953-54, 1954-55. For the years 1955-56 and 1956-57, we held back the contribution because we felt that West Bengal was not being benefited by the programme of the Board as pursued by the Government of India. We suggested to the Board that we would be benefited if arrangements are made for pilot experiment in Sunderbans and survey of inland waterways in West Bengal and purchase of dredgers for clearing up bottlenecks. The Government of India agreed to purchase dredgers and also increase their contribution from 2 lakhs to 12 lakhs. We then agreed to pay to the Board 2 lakhs instead of 1 lakh. We are hoping that the Board would be able to do some good work so far as our river transport system is concerned.

There is another item about which I ought to mention before the House and that is the demand for the State Transport service in Calcutta and Cooch Behar. The extra provision is necessary for increased depreciation charges, etc., but there is a demand on the capital head of 13 lakhs which the Government of India has sanctioned as a loan—which is credited on the loan side—for the purchase of 80 buses for expansion of the State Bus Service in Calcutta. They actually have agreed to pay Rs. 30 lakhs and we are drawing upon 13 lakhs of that amount. The Government of India made a condition that the balance of the cost should be met by the State Government, and 800 East Bengal refugees, of whom at least 600 should be from camps, should be given employment. We have accepted that loan. The share of the Government which is about 20 lakhs will be provided from the depreciation reserve fund of the State Transport. The scheme will take

two years for implementation. Already we have placed order for chassis and a number of them will be reaching Calcutta this month. Therefore 13.38 lakhs of the loan is being drawn in order to meet the cost.

As regards the point mentioned by Dr. Ranen Sen regarding bus route No. 35 I shall look into the matter afterwards. Sir, I think there is hardly any other item which needs reply. I hope I have mentioned all that I wanted to, and I also hope that the demands put forward before the House will be accepted.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 3,600 be granted for expenditure under Grant No. 1, Major Head "4—Taxes on Income other than Corporation Tax and Estate Duty" during the current year, was then put and agreed to.

The motion of the Hon'ble Pratulla Chandra Sen that a sum of Rs. 1,41,300 be granted for expenditure under Grant No. 3, Major Head "8—State Excise Duties" during the current year, was then put and agreed to.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 47,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Smarajit Bandyopadhyay that a sum of Rs. 47,000 be granted for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" during the current year, was then put and agreed to.

DEMAND FOR CANT NO. 8,

Major Heads: 13—Other Taxes and Duties

Mr. Speaker: Cut motions are out of order.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 2,10,000 be granted for expenditure under Grant No. 8, Major Head "13—Other Taxes and Duties" during the current year, was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 10

Major Heads: XVII—Irrigation, etc.

Mr. Speaker: Cut motions 2, 3, 4 and 8 are out of order.

The motion of Sj. Hemanta Kumar Ghosal that the demand of Rs. 84,12,001 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Natendra Nath Das that the demand of Rs. 84,12,001 for expenditure under Grant No 10, Major Heads "XVII—Irrigation, etc ", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Pabitra Mohan Roy that the demand of Rs. 84,12,001 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc.", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand of Rs. 84,12,001 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc.", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 84,12,001 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc.", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Provash Chandra Roy that the demand of Rs. 84,12,001 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc.", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Ajoy Kumar Mukherjee that a sum of Rs. 84,12,001 be granted for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working expenses—18—Other Revenue Expenditure financed from Ordinary Revenues—51B—Other Revenue Expenditure connected with Multipurpose River Schemes—68A—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-commercial) —80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account" during the current year, was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 13

Major Head: 25—General Administration

Mr. Speaker: Cut motions Nos. 2, 3, 4 and 5 are out of order.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 3,50,000 be granted for expenditure under Grant No. 13, Major Head "25—General Administration" during the current year, was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 15

Major Head: 28—Jails and Convict Settlements

The motion of Sj. Niranjan Sengupta that the demand of Rs. 3,52,000 for expenditure under Grant No. 15, Major Head: "28—Jails and Convict Settlements", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 3,52,000 be granted for expenditure under Grant No. 15, Major Head "28—Jails and Convict Settlements" during the current year, was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 17

Major Head: 30—Ports and Pilotage

The motion of Sj. Rabindra Nath Mukhopadhyay that the demand of Rs. 3,70,000 for expenditure under Grant No. 17, Major Head: "30—Ports and Pilotage" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 3,70,000 be granted for expenditure under Grant No. 17, Major Head: "30—Ports and Pilotage" during the current year, was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 18

Major Head: 36—Scientific Departments

The motion of Sj. Panchanan Bhattacharya that the demand of Rs. 2,000 for expenditure under Grant No. 18, Major Head: "36—Scientific Departments" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 2,000 be granted for expenditure under Grant No. 18, Major Head: "36—Scientific Departments" during the current year, was then put and agreed to.

[11-40—11-45 a.m.]

DEMAND FOR GRANT NO. 19

Major Head: 37—Education

The motion of Sj. Mihirlal Chatterji that the demand of Rs. 1,09,88,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Satyendra Narayan Mazumdar that the demand of Rs. 1,09,88,000 for expenditure under Grant No. 19, Major Head "37—Education" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 1,09,88,000 be granted for expenditure under Grant No. 19, Major Head "37—Education" during the current year was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 30

Major Head: 47—Miscellaneous Departments—Fire Services

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 3,11,000 for expenditure under Grant No. 30, Major Head "47—Miscellaneous Departments—Fire Services" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 3,11,000 be granted for expenditure under Grant No. 30, Major Head "47—Miscellaneous Departments—Fire Services" during the current year was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 31

Major Head: 47—Miscellaneous Departments—Excluding Fire Services

The motion of the Hon'ble Abdus Sattar that a sum of Rs. 11,69,000 be granted for expenditure under Grant No. 31, Major Head "47—Miscellaneous Departments—Excluding Fire Services" during the current year was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 33

Major Head: 54—Famine

The motion of Sj. Renupada Halder that the demand of Rs. 86,96,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Satyendra Narayan Mazumdar that the demand of Rs. 86,96,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Provash Chandra Roy that the demand of Rs. 86,96,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Provash Chandra Roy that the demand of Rs. 86,96,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bhupal Chandra Panda that the demand of Rs. 86,96,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Hemanta Kumar Basu that the demand of Rs. 86,96,000 for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 86,96,000 be granted for expenditure under Grant No. 33, Major Head "54—Famine" during the current year was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 35

Major Head: 55—Superannuation Allowances and Pensions

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 7,58,000 be granted for expenditure under Grant No 35, Major Head "55—Superannuation Allowances and Pensions" during the current year, was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 38

Major Head: 57—Miscellaneous—Contributions

The motion of Dr. Pabitra Mohan Roy that the demand of Rs. 31,69,000 for expenditure under Grant No. 38, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Mihirlal Chatterji that the demand of Rs. 31,69,000 for expenditure under Grant No. 38, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 31,69,000 be granted for expenditure under Grant No. 38, Major Head "57—Miscellaneous—Contributions" during the current year was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 42

Major Head: 63—Extraordinary Charges in India

The motion of Sj. Renupada Halder that the demand of Rs. 27,80,400 for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary Charges in India" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 27,80,400 be granted for expenditure under Grant No. 42, Major Head "63—Extraordinary Charges in India" during the current year was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 44

Major Head: 80A—Capital Outlay, etc.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 4,63,75,000 be granted for expenditure under Grant No. 44, Major Head "80A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" during the current year, was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 46

Major Heads: XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc.

The motion of Sj. Sunil Das that the demand of Rs. 33,87,000 for expenditure under Grant No. 46, Major Heads "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc.", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Dr Didhan Chandra Roy that a sum of Rs. 33,87,000 be granted for expenditure under Grant No. 46, Major Heads "XLVIA —Receipts from Road and Water Transport Schemes—Working Expenses—82B—Capital Outlay on Road and Water Transport Schemes outside the Revenue Account" during the current year, was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 47

Major Head: 85A—Capital Outlay on State Schemes of Government Trading

The motion of Sj Sunil Das that the demand of Rs 4,23,17,000 for expenditure under Grant No. 47, Major Head "85A—Capital Outlay on State Schemes of Government Trading" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Niranjan Sen Gupta that the demand of Rs. 4,23,17,000 for expenditure under Grant No. 47, Major Head "85A—Capital Outlay on State Schemes of Government Trading" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Mihirlal Chatterjee that the demand of Rs. 4,23,17,000 for expenditure under Grant No. 47, Major Head "85A—Capital Outlay on State Schemes of Government Trading" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 4,23,17,000 be granted for expenditure under Grant No. 47, Major Head "85A—Capital Outlay on State Schemes of Government Trading" during the current year, was then put and agreed to.

Mr. Speaker: On Monday we are not having any questions. We will devote the entire time on the Police Budget and the Appropriation Bill. We will sit from 2-30 and discuss the Police Budget till about 5-15; thereafter there will be voting. After that we will take up the Appropriation Bill and will sit till 7 o'clock or, if necessary, a little longer.

Adjournment

The House was then adjourned at 11-45 a.m. till 2-30 p.m. on Monday, the 17th March, 1958, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 17th March, 1958, at 2-30 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 14 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 211 Members.

Supplementary Estimate for the year 1957-58

DEMAND FOR GRANT

Major Head: 29—Police.

[2-30—2-40 p.m.]

Mr. Speaker: I do not find Shri Hemanta Ghosal here. Mr. Jyoti Basu will kindly speak.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to maintain law and order in West Bengal, particularly in Howrah.

স্পীকার মহোদয়, আপনি অবগত আছেন যে, আমরা একটা বিশেষ দিন ধার্য করবার জন্য বলেছিলাম যাতে আমরা পুলিশের কার্যকলাপ বিশেষভাবে আলোচনা করতে পারি। আপনি সে অনুমতি দিতে পারেন নি। তবুও আপনি বলেছেন, আজ অতিরিক্ত বাজেট আলোচনাকালে এবিষয়ে কিছু আমরা বলতে পারবো। আমি আশা করি আমরা যখন এদিক থেকে বলবো—তাতে আপনি হঠাৎ যেন অন্যান্য সময়ের মত ইরারিলিভ্যান্ট বলে বন্ধ করার চেষ্টা না করেন একটু আধটু ইরারিলিভ্যান্ট হলেও আমার অনুরোধ, আপনি আমাদের বলতে দিন—এপক্ষ থেকে যারা বলবেন।

Mr. Speaker:

মিঃ বোস, একটু জিজ্ঞাসা করে নেই, আমার ইনফরমেশন হচ্ছে আজকের প্রোগ্রাম—২-৩০ মিঃ থেকে ৫টা পর্যন্ত ডিবেট, ৫টা থেকে ৫-১৫ মিঃ রিসেস এবং ৫-১৫মিঃ থেকে ৬-১৫ মিঃ—এ্যাপ্রোপ্রিয়েশন বিল।

Sj. Jyoti Basu:

এতে ২।৪ মিনিট এদিক ওদিক হলেও অবান্তর হচ্ছে মনে করে বন্ধ করবার চেষ্টা করবেন আরও বেশী সময় লাগবে এজন্য বলছি যে, আপনি অনুমতি দিন।

স্পীকার মহাশয়, পশ্চিমবাংলায় এবং বিশেষ করে হাওড়ায় যে আইন শৃঙ্খলার অবাবস্থা সে বিষয়ে অতিরিক্ত বাজেটে বলতে গিয়ে দু'-চার কথা বলবো। এ-বিষয়ে আমার কাট মোশনও আছে। আপনার মনে আছে যে ১৭ই ফেব্রুয়ারী রাজ্যপাল তাঁর বক্তৃতার সময় একথা বলেছিলেন সন্তোষ প্রকাশ করে বলেছিলেন এই আইন ও শৃঙ্খলার বিষয়ে

"In the sphere of law and order the situation in the State was on the whole peaceful. There were welcome signs of growing co-operation between the police and the public."

এটা তিনি বলেছিলেন। আমি তখন বলেছিলাম, এর সঙ্গে বাস্তবের বিশেষ কোন সম্পর্ক নেই। কিন্তু আজ আমি এটা বলতে চাই যে রাজ্যপাল যখন এই বক্তৃতা দেন তখন নিশ্চয়ই আমাদের পুলিশমন্ত্রী বা মুখ্যমন্ত্রী জানতেন যে, তিনি এবিষয়ে আইন ও শৃঙ্খলার ব্যাপারে

বলবেন। আমার প্রথম অভিযোগ পুলিশমন্ত্রীর বিরুদ্ধে যে তিনি ইচ্ছাকৃতভাবে যাতে আমাদের মিসলিড করা যায়, যাতে জনসাধারণকে মিসলিড করা যায় এবং নিজের দোষ, নিজের ডিপার্টমেন্টের দোষ ঢাকবার জন্য তাঁকে দিয়ে এই বক্তৃতা দিইয়েছেন। তা না হ'লে এরকম লেখা কি করে বেরুল? ১৭ই ফেব্রুয়ারী তার মুখ দিয়ে কি করে বেরুল? আমার মনে হয় এটা দোষ ঢাকবার বিষয় নয়। হাওড়ার সমস্ত কিছু দেখে, আই জি-র স্টেটমেন্ট জড়িয়ে পুলিশমন্ত্রী জানতেন বিশেষ করে তিনি কত বড় অপরাধী, তিনি জানতেন, যদি অন্য কিছু বলেন, অর্থাৎ যদি তিনি বলতেন, আইন ও শৃঙ্খলার অবস্থা অন্ততঃ কোন কোন জায়গায় খারাপ, জনসাধারণের সহযোগিতা যদি চাইতেন, তা হলে যদি একটা সম্মেলন ডাকতেন, তিনি হয়ত বলতেন অনেক কিছু ও'র বিষয়ে কীর্তিকলাপের বিষয়ে অনেক কিছু ফাঁস হয়ে যেত। উনি যাদের বাঁচাতে চাইছেন সেই সমস্ত বড় বড় লোক, যে-সমস্ত প্রভাবশালী লোক যাদের তিনি বাঁচাতে চাইছেন, তারা হয়ত বাঁচত না, এবং উনিও মারা পড়তেন এবং পদত্যাগ করার মত অবস্থায় নিশ্চয়ই পড়তে হত, যদি তার বিন্দুমাত্র লজ্জা থাকে, সেইসব নেই বুঝেই তিনি এরকম একটা অবস্থার বর্ণনা করতে দিয়েছেন, অন্তত তিনি আপত্তি জানান নি, যখন বক্তৃতা লেখা হয়। সেজন্য আমি প্রথমেই বলে রাখি আমরা মনে করি অবস্থার অবনতি ঘটেছে, বিভিন্ন জায়গায় হাওড়ায় বিশেষ করে, এবং এর জন্য নিশ্চয়ই আমি বলবো, কোন অফিসারকে দায়ী করার আগে যে পুলিশমন্ত্রীই দায়ী। যিনি এই ডিপার্টমেন্টএর চার্জএ আছেন, আমরা পরবর্তীকালে এটাই দেখবো যে, তিনি হচ্ছেন পৃষ্ঠপোষক, তিনি হচ্ছেন বন্ধু এই সব সমাজ-বিরোধী লোকের।

আমি বলব উনি হচ্ছেন তাদের পেট্রোন-ইন-চীফ। এত জিনিস ২।১ ঘণ্টায় বলা যায় না, সময় থাকলে সব কিছু আপনার কাছে তুলে ধরতাম। আমি বিশেষ করে হাওড়ার কথা বলছি যে সেখানে আইন শৃঙ্খলা দিনের পর দিন এক বছর ধরে ব্যাহত হচ্ছে, কাগজে এইসব বেরিয়েছে। স্বাধীনতা পত্রিকার কথা আমি বলছি না, আমি বলছি যুগান্তর, আনন্দবাজার, অমৃতবাজার, স্টেটসম্যান এইসব কাগজের কথা যারা মোটামুটিভাবে অন্ততঃ মূলগত ব্যাপারে কংগ্রেস সরকারকে সমর্থন করে। সেই সংবাদপত্রে বিভিন্ন সময়ে নভেম্বর, ডিসেম্বর, জানুয়ারী মাসের কাগজ খুলে আপনাকে পড়ে শুনিয়ে দেবো যাতে আপনি বুঝতে পারেন। ঘটনাগুলি আমি বলছি না, হেডিংগুলি শুধু বলছি। গত বছরের ডিসেম্বর মাসের ২০এ তারিখে এইভাবে আনন্দ-বাজারে বেরুল—"হাওড়া শহরে অরাজকতা", আবার ১৭ই তারিখে দেখলাম, "হাওড়ায় দুষ্কৃতের ক্রিয়াকলাপ, বোমা বিস্ফোরণে এক মাসের তিনটি শিশু আহত", আবার ১৪ই তারিখে "চায়ের দোকানে চা পানরত যুবকের উপর রিভলবার হইতে গুলীবর্ষণ, বোমা নিক্ষেপ করিয়া দুর্বৃত্তের পলায়ন", ২৩এ তারিখে "হাওড়ায় গুণ্ডার রাজত্ব, গুলীতে একজন নিহত, পুলিশ এসম্পর্কে কাহাকেও গ্রেপ্তার করিয়াছে বলিয়া সংবাদ পাওয়া যায় নি"। এই রকমভাবে ২২এ, ২৫এ তারিখের যুগান্তরে বেরুল, আনন্দবাজারে ২৪এ তারিখে প্রায় একই রকম ভাষায় বেরুল যে, "অরুণা ব্যানার্জি নাম্নী ১৮ বছর বয়স্কা এক যুবতী রাত্রি আন্দাজ ২ ঘটিকার সময় মাতার নিকট হইতে কতিপয় দুষ্কৃত কর্তৃক অপহৃত হইয়া ছুরিকাঘাতে নিহত হইয়াছে বলিয়া প্রকাশ"। এই সংবাদই শুধু বেরুল না "নেপথ্যে দর্শন"এ যা তারপরে বেরিয়েছে তা মন্ত্রী মহাশয় বোধহয় দেখে থাকবেন যে, তারা একটার পর একটা ওয়াগন ভাঙ্গে, সেই রকম তাঁরা কতকগুলি হিসাব দিচ্ছেন, গত বছর, তার আগের বছর ১২ লক্ষ, ৫ লক্ষ টাকা ওয়াগন ভেঙ্গে দুর্বৃত্তেরা নিয়ে গেছে। আমার এত পড়বার সময় নাই। তবে এটা মনে করলে ভুল হবে যে এগুলি আকস্মিক ঘটনা, কতকগুলি দুর্বৃত্ত মিলে এই জিনিষ করছে এবং তাঁরা বলতে চাচ্ছেন যে এই সব ঘটনার পিছনে বড় বড় কতকগুলি দল আছে, কিছু পৃষ্ঠপোষক আছেন এবং এরা বড়বাজার থেকে আরম্ভ করে বিহার, ইউ পি সমস্ত জায়গায় ফাংসন করে, বিশেষ করে যে সমস্ত রেলওয়ে সেন্টার আছে—খড়গপুর বলুন, কাঁচরাপাড়া বলুন, আসানসোল বলুন, হাওড়া বলুন—এইসব জায়গায় এগুলি হচ্ছে। সেদিন দেখলাম ইলেকট্রীক ওয়ার চুরি হয়ে যাচ্ছে হাওড়ায় যেখানে নূতন ইলেকট্রীক ট্রেন হচ্ছে সেই সংক্রান্ত ব্যাপারে সংবাদপত্রে আমরা এটা দেখলাম। এবং এসব নিয়ে তাঁরা শুধু সংবাদই দিলেন না, তাঁদের রিপোর্টার মন্তব্য করলেন খোঁজ খবর নিয়ে যে, এতগুলো যে হত্যাকাণ্ড হয়ে গেছে এর পেছনে বিভিন্ন রকমের রাজনৈতিক লোক আছেন, এর পেছনে পৃষ্ঠপোষকতা আছে, বড়লোক আছেন—এই সমস্ত কথা ও'রা বলছেন।

[2-40—2-50 p.m.]

আমি নবেম্বর, ডিসেম্বর, জানুয়ারীর কথা বলছি। এই তিন মাসের যদি খবর নেওয়া যায় তাহলে দেখতে পাওয়া যাবে এই রকম হেডলাইন দিয়ে সমস্ত খবর ছাপা হয়েছে এবং এইরকম তার বিশ্লেষণ করা হয়েছে। "নেপথ্যে দর্শনে" এসব বলা হয়েছে এবং অন্যান্য খবরও দেওয়া হয়েছে। কেউ কি একথা বলতে পারে যে, এসব কথা সবই সত্য তা কি করে আপনারা জানলেন? আমি জিজ্ঞাসা করি কালিপদবাবু কি এগুলির তদন্ত করেছেন, আই জি কি এগুলির তদন্ত করেছেন? আমরা এবিষয়ে পাবলিকলি কিছুই শুনি নি। অনেকে বলেন আমরা অনেক খবর দিই, কিন্তু পুলিশের নিষ্ক্রিয়তার জন্য কিছুই হয় না। আমি বলি এটাকে নিষ্ক্রিয়তা বল্লে ভুল করা হবে, তারা শুধু অকর্মণ্য একথা বলাও ভুল হবে—তারা নিষ্ক্রিয়ও নয়, অকর্মণ্যও নয়; এসম্বন্ধে তাদের একটা পলিসি, একটা নীতি আছে। যখন প্রয়োজন হয় তখন তারা নিষ্ক্রিয় হন, আবার পার্টির প্রয়োজনে, গদিতে বসে থাকবার প্রয়োজনে, তারা এ্যাকটিভ হন। মন্ত্রী থেকে আরম্ভ করে, আই জি থেকে আরম্ভ করে সাধারণ পুলিশ কনস্টেবল পর্যন্ত এই জিনিস আমরা দেখতে পাই। শেষ অবধি দাঁড়াল, আই জি একটা স্টেটমেন্ট দিলেন স্টেটসম্যানএর রিপোর্টারএর কাছে। প্রথমে আমি বলব, আমরা এজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। তিনি এইরকম একটা বিবৃতি দিয়েছিলেন বলে। তাতে তিনি, এতদিন আমরা যেসব কথা বলে এসেছি, আমরা বিরোধীপক্ষ থেকে কংগ্রেস সরকারের বিরুদ্ধে বলে এসেছি যে, তারা এই এ্যাডমিনিস্ট্রেটিভ মেসিনারী শাসনযন্ত্রকে নিজেদের প্রয়োজনে ব্যবহার করেন, তিনিও সেই কথাই বলেছেন। তাঁরা গুণ্ডাদের পোষণ করেন নির্বাচনের কাজে লাগাবার জন্য, তাঁরা সমাজবিরোধী লোকদের পয়সা দিয়ে রাখেন। আজ এইসব কথা আই জির মুখ দিয়ে হঠাৎ বেরিয়ে পড়েছে, তিনি ইচ্ছা করে এসব কথা বলেন নি। এবং ভবিষ্যতে তিনি যদি এভাবে কোন কথা না বলতে পারেন তার জন্য নিশ্চয়ই ব্যবস্থা করা হবে। মুখ্যমন্ত্রী খবরের কাগজের রিপোর্টারদের কোনপ্রকার ধন্যবাদ পর্যন্ত দেন নি। তাঁরা যদি এসব খবর না দিতেন তাহলে কোন ইনভেস্টিগেসন হত? ৩ হাজার লোককে আপনারা গ্রেপ্তার করেছেন—৩ হাজার লোককে ধরা হয়েছে মাত্র একটি জায়গায়; অন্য জায়গায় আপনারা এখনো তো হাত দেন নি, দেওয়া উচিৎ বলে আমরা মনে করি। সংবাদপত্রের লোকেরা ঘুরে ঘুরে এই সব খবর নিয়েছেন, তাঁরা তাঁদের কর্তব্য পালন করেছেন—এজন্য তাঁদের ধন্যবাদ দেওয়া উচিত ছিল, কিন্তু মুখ্যমন্ত্রী তা করলেন না। তা না করে তিনি পুলিশমন্ত্রীকে আশ্রয় দিলেন, তিনি আই জিকে আশ্রয় দিলেন এবং এভাবে সমস্ত এ্যাডমিনিস্ট্রেশনকে বাঁচাবার চেষ্টা করলেন। আমি জিজ্ঞাসা করি তাঁরা কি নিজে থেকে এই তিন হাজার লোককে গ্রেপ্তার করেছেন, তাঁরা নিজেরা ইচ্ছা করে করেন নি। আমি তো বুঝতে পারি না সংবাদপত্রের কি দোষ হল। কোনরকম শালীনতাবোধ যদি থাকত মুখ্যমন্ত্রীর তা হ'লে কখখনো তিনি যারা সংবাদপত্রে ছাপিয়েছেন তাদের গালাগালি করতেন না। আমি জিজ্ঞাসা করি এই প্রশ্নটা আমার মনে জেগেছে মুখ্যমন্ত্রীর বক্তৃতা শোনার পর—যখন আই জি সব ব্যাপার জানতে পারলেন তিনি কি মুখ্যমন্ত্রীকে সব [illegible]? একদিনে এই ঘটনা হতে পারে না। বহুদিনের রাহাজানি, গুণ্ডামি পুঞ্জীভূত হয়ে একদিন তার বহিঃপ্রকাশ হয়েছে। সেখানে যে গুণ্ডারা ফানকসন করছে তিনি কি একথা কোনদিন মুখ্যমন্ত্রীর নোটিশে এনেছিলেন, মুখ্যমন্ত্রী কি তা প্রত্যাখ্যান করেছিলেন এসব কথা আমরা জানতে চাই। আমি বলি, হয় মন্ত্রীকে পদত্যাগ করতে হয়, না হয় আই জিকে পদত্যাগ করতে হয়, তাঁকে অন্য জায়গায় সরিয়ে দিতে হয়—আর না হয়, দুইজনকেই পদত্যাগ করতে হয়। তাঁরা হাজার হাজার টাকা মাইনে নেবেন আর কোন কাজ করবেন না এটা কি করে চলতে পারে?

তারপর, দানু বোস না কে একজন লোক, এখানে তার নাম করা হ'ল। আমরা শুনেছি এটা নাকি ১৯৫৩ সালের ঘটনা। এখনকার একটা ঘটনারও নাম করেন নি, কারণ তা হ'লে কংগ্রেস নেতাদের নাম করতে হয়। কংগ্রেসের নেতাদের নাম তো করা যায় না, তাঁরা তো নির্বাচনের সময় গুণ্ডাদের পোষণ করেন। আমি বলি আপনারা যদি সত্যিই এ্যাডমিনিস্ট্রেশন চালাতে চান তা হলে এই নামের লিস্টটা আমাদের দিন। যদি আপনাদের সংসাহস থাকে তা হ'লে একটা ইনভেস্টিগেশন কমিশন করুন আজকে যে পশ্চিমবঙ্গের গ্রামে শহরে ফ্যাক্টরীতে গুণ্ডামী রাহাজানি অরাজকতা সৃষ্টি হয়েছে, একটা গুণ্ডারাজত্ব সৃষ্টি হয়েছে, আমি বলি এ সম্পর্কে

একটা ইনভেস্টিগেশন কমিশন হোক, এবং আমরাও তার মধ্যে থাকতে চাই। কংগ্রেসের লোকও থাকুক, আমরাও থাকি। আমি বলছি আপনাদের ৬ মাসের মধ্যে ক্যালকাটাকে ক্লিন করে দেব। আমরা এই কমিশন নিয়ে পাড়ায় পাড়ায় যাব, মানুষের সহযোগিতা কামনা করব—আমরা যদি তাদের অভয় দিতে পারি তা হলে তারা নিশ্চয়ই সহযোগিতা করবেন—আমরা তাঁদের বলব, কারা কারা সমাজবিরোধী কাজ করে তাদের নাম বলুন। কারা কারা প্রসটিটিউট কোয়ার্টার্স বাঁচিয়ে রেখেছে তাদের নাম বলুন আমাদের। আমি বলতে পারি এই যদি আমরা করতে পারি তা হ'লে ৬ মাসের মধ্যে কলিকাতা ক্লিন হয়ে যাবে, যা কংগ্রেস সরকার দশ বৎসরের মধ্যে করতে পারেন নি। অনেকে পুলিশের নিষ্ক্রিয়তার কথা বলেছেন। আমি বলি, না, তাঁরা নিষ্ক্রিয় নয়। নিমাই মিত্রের যখন খুন হয়, তখন তাঁরা কোন ইনভেস্টিগেশন করেন না, তাঁরা কোন সাক্ষী পান না। বেলঘরিয়ায়, নির্বাচনের আগে একটি খুন হয়, আজ পর্যন্ত তার কোন কিনারা হল না, তার কোন ইনভেস্টিগেশন হয় নি, কোন মামলা হয় নি। যারা এই ঘটনা করেছিলেন বিধানবাবু তাদের ব্যক্তিগতভাবে জানেন, পরে তারা কংগ্রেসে যোগদান করেছিল। আমি এই ঘটনা জানি, তাই আমি এটা বলতে পারি। তারা কর্মচঞ্চল হয়ে উঠেন যখন শ্রমিকদের উপর হামলা করতে হয়, চা-বাগান এলেকায়, কয়লাখনি এলেকায় যখন অভিযান চালাতে হয় তখন তারা এ্যাক্টিভ হয়ে উঠেন, তখন তো তাদের নিষ্ক্রিয় থাকতে দেখি না, তখন এই কালিপদবাবু তাঁর শত ব্লাড প্রেসার নিয়েও এ্যাকটিভ হয়ে উঠেন। এই প্রফুল্লবাবুর বন্ধু বিশুয়া গুণ্ডা, তিনি তার সঙ্গে ছবি তোলেন, তাদের তো ধরবার কোন ব্যবস্থা হয় না। নির্বাচনের সময় মুখ্যমন্ত্রী বৌবাজারে সফর করেন শ্রেষ্ঠ গুণ্ডাকে সঙ্গে নিয়ে। ট্রেড ইউনিয়নএর ব্যাপারে যখন কোন ইনসিডেন্ট ঘটনাও ঘটে, তখন সেখানে আক্রমণের পর আক্রমণ চালান হয়। ৫০০।১০০০ লোককে তখন গ্রেপ্তার করা হয়। পুলিশমন্ত্রী একসময় লেবার মিনিস্টার ছিলেন, তিনি কি জানেন না যে, মালিকেরা গুণ্ডা পুষে থাকেন যদিও কারখানায় তাদের কাজ থাকে না সময় বিশেষে তারা কাজে লাগবে বলে?

[2-50—3 p.m.]

যখন দেখেছি নির্বাচনের সময় মুখ্যমন্ত্রী বৌবাজারে সফর করেন শ্রেষ্ঠ গুণ্ডাদের নিয়ে, তখন দেখেছি কোন সক্রিয় ব্যবস্থা এদের বিরুদ্ধে করা হয় না। সেইজন্য আমি বলছিলাম ট্রেড ইউনিয়ন আন্দোলন যখন হয়, সেখানে আমরা দেখেছি আক্রমণের পর আক্রমণ আপনারা করেন। একদিনে দু'-দিনে পাঁচশো', হাজার লোক আপনারা গ্রেপ্তার করেন। কালীপদবাবু তিনি লেবার মিনিস্টার ছিলেন, তিনি কি জানেন না প্রতিটা ফ্যাক্টরী এলাকায় মালিকের দল তারা সমস্ত গুণ্ডা পুষে রাখে। তাদের কারখানার ভেতরে বিশেষ কোন কাজ করতে হয় না স্ট্রাইক ব্রেকার হিসাবে রাখা হয়। টেক্সমাকোতে এই রকম আছে, তা কি তিনি জানেন না? তিনি কি জানেন না বিভিন্ন ফ্যাক্টরীতে ফ্যাক্টরীতে ২৪-পরগনার ব্যারাকপুর অঞ্চলে আমরা এ জিনিষ দেখেছি। তিনি কি জানেন না চৌধুরীরা যারা আছে, তারা কলকাতায় বড় বড় বাড়ী করে ফেলেছে। গুণ্ডার সমস্ত সর্দার যারা লরী থেকে পয়সা নেয়, বিভিন্ন রকম রাহা-জানি করে, এই সমস্ত গ্যাংগস্টার হেড যারা আছে, তারা ও'র বন্ধু। কিন্তু আমরা জানি যখন এ'দের কেউ ধরা পড়েন, যখন এদের মধ্যে ফাটল হয়। অর্থাৎ যখন দু'-তিন দলে তারা ভাগ হয়ে যায়, তখন একজন আর একজনের বিরুদ্ধে পুলিশকে বলে দেয়। এই রকম সমস্ত জিনিষ পুলিশের জানা আছে, সমস্ত লোকের নাম তারা জানে। কিন্তু কোন এ্যাকসন তাদের বিরুদ্ধে পুলিশ নেয় না এবং লোক দেখানো একশন মাঝে মাঝে তাঁরা নেয়। যেমন হাওড়াতে তাঁরা বহু মানুষকে ধরলেন, কিন্তু শুনছি শতকরা ৯০ ভাগ তাঁরা ছেড়ে দিয়েছেন। এই প্রহসন বারে বারে আমরা দেখছি। এবং তারপর তাদের নিজেদের গ্রিপএর মধ্যে নিয়ে আসেন এবং বলেন যে আমরা ধরেছিলাম কিন্তু ছেড়ে দিয়েছি। ছেড়ে দিয়েছি এইজন্য যে তোমরা আমাদের এবং স্থানীয় কংগ্রেসের আজ্ঞাবহ হয়ে চলবে। এইভাবে তাদের সঙ্গে ভাগবাটোয়ারা হয়। এইভাবেই ওয়াগন থেকে যে চুরির মাল আনা হয় তা ভাগ বাটোয়ারা হয়। এবং এই-গুলো কতদূর উপরে ওঠে তা আমি বলতে পারবো না। ঠিক সেইভাবে আমরা দেখেছিলাম একজন ম্যাজিস্ট্রেট বলেছিলেন যে ছবি বোস বলে ভাঙ্গড় থানায় একজন, কালিপদবাবু তাকে চেনেন। ফার্স্ট ইনফরমেশন রিপোর্টে তিনি একজনকে খুন করেছেন বলে শোনা যাচ্ছে। একটা ফিসারির ব্যাপার নিয়ে একটা এফ আই আর তার বিরুদ্ধে হলো। ম্যাজিস্ট্রেট বললেন,

এই লোকটিকে ধরা হল না বাকী লোকগুলোকে কেন ধরা হল? কিন্তু আজ পর্যন্ত কিছুই হয় নাই। শুনেছি মিনিস্টার নাকি তাকে ব্যাক করেন। আমরা জানি যে পুলিশ সব সময় নিষ্ক্রিয় থাকে না। বাস্তুহারাদের বেলায় দেখলাম যে রাত ১২টার সময় হাওড়া ব্রীজের তলায় লাঠিসোটা নিয়ে গিয়ে পুলিশ তাদের ঘরগুলোকে তচনচ করে দিল। বিস্টুপুরে দেখেছি মায়েদের কাছ থেকে শিশুদের ছিনিয়ে নিয়ে মায়েদের সেলের মধ্যে ভরে রেখে দিচ্ছে, আর শিশুদের বাইরে রেখে দিচ্ছে। সেইজন্য এই কথা যদি কেউ বলেন যে পুলিশ নিষ্ক্রিয় তারা কি করবে! কিন্তু একথা বললে তো চলবে না? আমরা বলি যে ম্যাডনেসএর ভেতরও একটা মেথড আছে। তাই এইভাবে সংগঠিত হচ্ছে বাংলাদেশের ল অ্যান্ড অর্ডার সংগঠিত করবার ব্যবস্থা, এইজন্য আমি জিজ্ঞাসা করি আপনাদের আই বি, ডি বি এস বি ইত্যাদি সব ব্যবহৃত হচ্ছে আমাদের বিরুদ্ধে। এই যে রাহাজানি হচ্ছে ল অ্যান্ড অর্ডার ডেটিরিওরেট করছে এর জন্য কি এদের লাগাতে পারেন না? তা না, আমাদের কমিউনিস্ট পার্টির আপিসের আশেপাশে রেখে দেন, আমাদের পেছনে ঘুরিয়ে মারেন, আমাদের বাড়ীগুলো এদের দ্বারা ওয়াচ করান। কিন্তু এরা যদি আপনাদের দু'-চার জনের পেছনে ঘুরতো তা হ'লে জানি না, এরা কোথায় গিয়ে হাজির হতো! এখনো আপনারা অতিরিক্ত বরাদ্দতে ৪০ হাজার টাকা চাচ্ছেন এবং হাজার হাজার টাকা আপনারা এদের পেছনে খরচা করছেন। কিন্তু সমাজবিরোধী কার্যকলাপ যাঁরা করেন, তাদের বিরুদ্ধে তো এদের লাগাচ্ছেন না! কারণ তারা হচ্ছে আপনাদের বন্ধু এবং তাদের আপনাদের প্রয়োজন হয়।

স্পীকার মহাশয়, সময়ের অভাব, তা না হলে কয়েক ঘণ্টা ধরে এইসব কথা বলতে পারতাম। কালীপদবাবু লেবার মিনিস্টার থেকে হলেন পুলিশ মিনিস্টার; কালীপদবাবু, আপনাকে মনে করিয়ে দেই যে, ডিকসন লেনে একটা মার্ডার হয়েছিল—বেশ কয়েক বৎসর আগে, আপনি সেটা বেশ জানেন এবং তাদের আপনি চেনেন। যারা মাতাল হয়ে দিনের বেলায় ৮।১০ জন সেখানে গিয়ে খুন করেছিল, তাদের আপনি চেনেন এবং আপনার বন্ধু বান্ধব দু'-চার জন মন্ত্রীও তাদের খুব ভাল করে চেনেন। সেই মার্ডারের সময় আপনারাই তো মন্ত্রী ছিলেন। তার তো কিছু হয় নাই। কারো সাজা হয় নি। ইউথ কনফারেন্সএর জন্য ইউরোপ থেকে কত ডেলিগেট এসেছিলেন, ঘরের ভেতর ঢুকে কতকগুলো যুবক একজনকে মেরে ফেললো। কিন্তু তার কিছুই হয় নি। হাওড়ায় যখন ঘটনা হলো, তখন কতকগুলো পুলিশ অফিসারকে ডেকে নিয়ে তিনি রাইটার্স বিল্ডিংসে সম্মেলন করলেন। কিন্তু এ সম্মেলন কিসের? আপনিই তো সমস্ত গুণ্ডাদের নাম দিতে পারেন। আপনার সে সব লোক জানা আছে। যারা নির্বাচনের সময় লরী লরী ফলস ভোটার আপনাদের সাপ্লাই করে, তাদের কেন ধরিয়ে দিতে পারেন না? কিন্তু এখানে ন্যাকামী করে বলা হচ্ছে আমরা তো কিছু জানি না। আরো বলা হচ্ছে, আমরা এ বিষয়ে জনসাধারণের সহযোগিতা চাই। একথা বলাতে বিজয়বাবুর বুঝি একটু রাগ হচ্ছে। আমি বলছি, হাওড়াতে আপনার একজন সাপোর্টার সম্প্রতি ধরা পড়েছে।

(A VOICE: Noise.)

(মিথ্যাকথা।)

সে আমার সঙ্গে দেখা করতে এসেছিল। আমি বললাম, বিজয়বাবুর কাছে যাচ্ছেন না কেন? কারণ আপনি তাঁর সাপোর্টার, নির্বাচনের সময় আপনি তাঁকে সমর্থন করেছিলেন। তিনি বললেন, বিজয়বাবুকে হাম্ বহুৎ কোসিস কিয়া উনকো পাস জানেকে লিয়ে, উনকো সমঝানেকো লিয়ে, ও থোড়া ঘাবড়ায়া গিয়া।

[হাস্যধ্বনি]

আমি কারো নাম করতে চাই না। সে বঙ্কিম করের নাম করলো, শৈল মুখার্জিরও নাম করেছে। আমি জানি না তা সত্য কি মিথ্যা। বেণীবাবু এখনে আছেন, তাঁরও নাম আমরা শুনেছি। সেইজন্য আমি বলবো যে আপনারা বলুন যে সত্য ঘটনাটা কি! আর কংগ্রেসী এম-এল-এ-দের নাম আজ আই-জি থেকে করা হয়েছে।

আর একটী কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো এবং সেটা না বলে আমি পারছি না। সেটা হচ্ছে এই নিষ্ক্রিয়তার কথা যদি বলেন, দোলের সময় কয়েকদিন আগে ডোভার লেনে

দেখলাম একটী লরী থামলো, তা থেকে পুলিশ নামলো, নেমে চার বছরের একটী শিশুর হাত থেকে পিচকারীটা কেড়ে নিয়ে গেল, রংএর বালতি রাস্তার মধ্যে ফেলে দিয়ে ছেলেটাকে ফেলে দিয়ে, বালতি আর পিচকারী নিয়ে থানায় চলে গেল। তারপর ছেলেটী চীৎকার করতে করতে তার বাপ-মার কাছে চলে গেল। তার বাবাকে আবার পিচকারী রং ইত্যাদি কিনে দিতে হল। আমি বলি পুলিশের এবিষয়ে কত বাহাদুরী। এই পুলিশ অফিসারকে আপনাদের সাসপেন্ড করা উচিত। তার বাবা বলছেন যে, প্রয়োজন হলে মামলার জন্য আমি এক হাজার টাকা খরচা করবো এবং চেষ্টা করে দেখবো পুলিশের এই অরাজকতা বন্ধ করা যায় কি না! কাজেই একথা আমি বলবো না যে পুলিশ একেবারে নিষ্ক্রিয়।

আই-জি অব পুলিশের কথা আজ আমার মনে পড়ছে। ১৯৫০ সালে আমি যখন জেল থেকে বেরোই, বাড়ী গেলাম, হাইকোর্টে রায়ে ছাড়া পেলাম, দেখলাম যে একটী গাড়ী আমার বাড়ীর সামনে দাঁড়িয়ে, পুলিশ তাতে বসে আছে এবং দিনের পর দিন সেই গাড়ী আমার পেছনে পেছনে আসছে যাচ্ছে। অর্থাৎ আমি যদি রাস্তা দিয়ে হেটে হেটে যাই, সেই গাড়ী আমার পেছনে পেছনে আসে। যদি ট্রামে উঠি, গাড়ী পাশ দিয়ে যায়, যদি সিনেমায় যাই, যদি বাজার করতে যাই, গাড়ী আমার পেছনে পেছনে যায়। কত প্রতিহিংসামূলক আপনাদের ব্যবস্থা যে সেই ভদ্রলোককে আপনারা আজো ভুলতে পারেন নি। কংসারী হালদার, তিনি এম-পি হয়েছেন, কেস করছেন, তার পেছনে পেছনে গাড়ী যাচ্ছে। তারপর রিপ্রেসেন্ট করে অনেক খোসামোদ করে সেই গাড়ী আমাদের সরাতে হ'ল। সেইজন্য আমি বলবো এইরকম আই-জি, এই রকম পুলিশ মিনিস্টার, এই দু'জনের এক্ষুণি আজকে পুলিশ মিনিস্টারের বলা দরকার, আমি আজ ইস্তফা দিলাম, আমি আমার কর্তব্য কাজ করতে পারি নাই। শুধু করতে পারেন নি তা নয়, আমার অভিযোগ এই যে, গুণ্ডার সর্দার যদি কেউ থাকে, সে হচ্ছেন আমাদের পুলিশ মিনিস্টার, এ ছাড়া আমি আর কিছু বলতে পারি না।

Sj. Renupada Halder: Sir, I beg to move that the demand of Rs. 44,04,00 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

Sj. Somnath Lahiri: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

Sjkta. Manikuntala Sen: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

Sj. Ajit Kumar Ganguly: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

Sj. Niranjan Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

Sj. Niranjan Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

Sj. Panchanan Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

Sj. Rama Shankar Prasad: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

Janab S. A. Farooquie: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

Sj. Sunil Das: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

Sj. Jatindra Chandra Chakravorty: Sir, I beg to move that the demand of Rs. 44,04,000 for expenditure under Grant No. 16, Major Head "29—Police" during the current year be reduced by Rs. 100.

[3—3-10 p.m.]

Sj. Deben Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য বলবার আগে আমি বাংলাদেশের সেই সমস্ত সংবাদ-পত্র ও সাংবাদিক সহকর্মীদের আমাদের তরফ থেকে, এদিককার সভ্যদের তরফ থেকে, ধন্যবাদ জানাচ্ছি। তাঁরা নির্ভীকতার সঙ্গে, নিষ্ঠার সঙ্গে, অত্যন্ত নিপুণতার সঙ্গে, বাংলাদেশের বিভিন্ন স্থানে, বিশেষ করে, হাওড়ায় যে গুণ্ডামি চলছিল, তার সত্যতা জনসাধারণের সম্মুখে উদ্ঘাটিত করে দিয়েছে। তাদের আরও বেশী শ্রদ্ধা জানাই এইজন্য, এই উপলক্ষে এখানে মুখ্যমন্ত্রী মহাশয়ের রোষবহ্নি তাদের উপর নিপতিত হয়েছে, জানি না তাদের ভাগ্যে কি আছে। কিন্তু এই কথা বলতে চাই যে আজকে মুখ্যমন্ত্রী মহাশয়, তার রাইটার্স বিল্ডিংসে বসে এই অর্ডার দিতে পারতেন যে কোন সাংবাদিক আমাদের অফিসারদের কাছে যাবে না, কিন্তু তিনি আজকে এসেম্বলীর সম্মুখে তার দাম্ভিকতা প্রকাশ করে এই এ্যাসেম্বলীতেও অপমান করেছেন। আমি তাঁকে বলব যে তিনি তাঁর দাম্ভিকতা এখানে প্রত্যাহার করুন এবং যা করতে হয়, তা রাইটার্স বিল্ডিংসে করুন। নইলে এ্যাসেম্বলীর প্রতি অবমাননা করা হয়। আমার বক্তব্য আমি প্রধানত ৪টা বিষয় নিয়ে আলোচনা করব। প্রথম যেটা সেটা হচ্ছে এই সব গুণ্ডামি কোন আকস্মিক ঘটনা নয়, এ কোন রোয়াকে বসে বখাটে ছেলেদের ফাজলামি নয়, এ কোন দরিদ্র নিপীড়িত হঠাৎ কয়েকজন লোকের খাদ্য হরণের প্রতিক্রিয়া নয়—যা চলেছে, তা দীর্ঘ দিন ধরে কোন কোন পত্রিকায় বলেছে, ১৭ বৎসর ধরে এই গুণ্ডার দল তাদের কাজ করে চলেছে। তাদের এ্যাক্সিস হচ্ছে, গুণ্ডা, পুলিশ, শক্তিশালী লোক, বিত্তশালী লোক। এই হচ্ছে আমার থিওরী। এবং এই ঘটনা আজকে পত্রিকার লোকরাও প্রকাশ করেছে। তার প্রতিবাদ হয় নি। হাওড়ার গুণ্ডামি ও বাংলার গুণ্ডামি আকস্মিক ঘটনা নয় এবং তার এ্যাক্সিস হচ্ছে গুণ্ডা, পুলিশ, শক্তিশালী ও বিত্তশালী লোক এবং তাদের হাতে ১০০ তরুণী আছে। এবং তাদের হাতে টাকা আছে। তাদের পশ্চাতে যারা বিত্তশালী লোক, তারা কেবল হাওড়ায় বাস করে, তা নয়, তারা কেবল আসানসোলে বাস করে, তা নয়। তাদের আড্ডা বাগবাজারে, বড়বাজারে এবং যে বড়-বাজার আমাদের বাংলাদেশের চোরা কারবারের রাজধানী, সেখানেই তাদের প্রধান আড্ডা। এবং এদের গুণ্ডামি সংঘটিত হয়, কয়েকটি বিশেষ স্থানে, সব জায়গাতে হয় না। ঠিক সেই-খানে হয়, যেখানে রেলওয়ে টাউন সংগঠিত হয়েছে, যেখানে রেলওয়ে টাউন গড়ে উঠেছে। অর্থাৎ হাওড়ায় হবে, আসানসোলে হবে, খড়গপুরে হবে এবং আরও যদি কোন রেলওয়ে টাউন হয় সেখানে হবে। সুতরাং আমাদের সম্মুখে মামলা পরিষ্কার। যদি মনে করেন, সরকার যদি মনে করেন, পুলিশমন্ত্রী মহাশয় যদি মনে করেন, আমাদের এই থিওরী মিথ্যা কিংবা এই অভিযোগ মিথ্যা তা হলে তাদের এই সব সংবাদের প্রতিবাদ করা উচিত, এই সব

সংবাদের সম্পর্কে কেস করা উচিত এবং কেস করে কি ঘটেছে বলা উচিত। মুখ্যমন্ত্রী মহাশয়ও তাঁর বিবৃতিতে বলেছেন, হাওড়ায় ২টি দল আছে। কি করে জানলেন? যদি জানেন ২টি দল আগে, কবে থেকে আছে— আমরা শুনতে চাই। মুখ্যমন্ত্রী মহাশয় যে বলেছেন, দুটো দল আছে, আই-জিও বলেছেন দল আছে। দল যদি থেকেই থাকে, তবে ধরা হয় নি কেন? তার কৈফিয়ৎ কে দেবে? মুখ্যমন্ত্রী মহাশয় কি কৈফিয়ৎ দেবেন, আজকে পুলিশমন্ত্রী মহাশয় কৈফিয়ৎ দেবেন যে এই যে দল ছিল, সেই দল ধরা হচ্ছে না কেন? সুতরাং আজকে পুলিসের উপর আমার এর পরে চার্জ হচ্ছে যে পুলিশ যে শুধু অক্ষম তা নয়। পুলিশ যে কেবল নিষ্ক্রিয়, তা নয়, পুলিশ আজকে সহ-অবস্থান চুক্তিতে আবদ্ধ গুণ্ডাদের সঙ্গে; তারা জানে তারা ভাগ-বাটোয়ারা নেয়, এবং কনেস্টবল, হাবিলদার, এস-আই থেকে আরম্ভ করে উঁচু কত দূর চলে গিয়েছে জানি না, কিন্তু আমাদের সংবাদ উচ্চস্তরেও চলে গিয়েছে। সুতরাং আমাদের চার্জ খোলাখুলি করছি, এখানে আমার প্রিভিলেজ আছে বলে করছি তা নয়, পত্রিকায় ' করা হয়েছে, যুগান্তর করেছে, আনন্দবাজার করেছে, তাদের বিরুদ্ধে আপনারা কেস করুন। খোলাখুলিভাবে তারা বলেছে যে পুলিশ সহ-অবস্থান চুক্তিতে আবদ্ধ এই গুণ্ডাদের সঙ্গে। আমি এখানে ঘটনাগুলির কয়েকটা বলছি। হাওড়ায় একদিনে ২টী হত্যা হয়েছে, ৫ ঘণ্টার ব্যবধানে। এবং দু'টোই দিনদুপুরে, দুটোতেই রিভলবার ব্যবহৃত হয়েছে। তৃতীয় যে খুন হাওড়ায় হয়েছে তা বীভৎস, উপরে ছাদের টালি খুলে গুণ্ডারা ঢুকেছে ঘরে, ঘুমন্ত মা, তার বুকে ঘুমন্ত কন্যা—যুবতী কন্যাকে মুখে কাপড় দিয়ে বের করে নিয়ে গিয়েছে, বাইরে গিয়ে ছোরা দিয়ে মেরেছে। এর কোন প্রতিকার নেই—গভর্নমেন্ট চুপ করে বসে আছেন। বাংলা-দেশও কি চুপ করে বসে থাকবে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I want to point out to you that the two murder cases are sub judice.

Sj. Deben Sen:

সাব-জুডিস হলে বলবেন আমরা সে পয়েন্টএ আসব না। আমরা বলছি মন্ত্রী মণ্ডলীর পতন হওয়া উচিত এই ঘটনার পরে। কোন রাইট নেই আপনাদের থাকবার। পুলিশমন্ত্রীর নেই—আপনারও নেই। যেখানে ঘুমন্ত মায়ের বুক থেকে মেয়েকে নিয়ে যায়, নিয়ে গিয়ে খুন করে—তারপরও আপনারা এখানে বসে থাকবেন? রাইট নাই আপনাদের এখানে থাকবার—অধিকার নেই এখানে থাকবার। এই হল হাওড়ার ঘটনা। আসানসোলে ১৯৫৭ সালে ১১টী খুন। তার মধ্যে একটা অফিসার-ইন-চার্জ, আসানসোল, একটা কনস্টেবল, ২টি মহিলা। আমার কাছে ১১ জনেরই নাম আছে। আমি এটা নন-অফিসিয়ালী কলেক্ট করেছি—আমার ধারণা, আরও বেশী খুন হয়েছিল। কিন্তু এই ১১টীর মধ্যে একটী অফিসার-ইন-চার্জ, আসানসোল, মতিলাল দাস। মুখ্যমন্ত্রী মহাশয় সেদিন ছিলেন সেখানে। খুন যেদিন হয়েছে, সেদিনের কথা বলছি না, তার পরের দিন তিনি সেখানে গিয়েছিলেন।

(A voice:—তিনি খুন করেছেন?)

না—তিনি খুন করেন নি। সে সার্টিফিকেট তাকে আমরা দিচ্ছি। কিন্তু মতিলাল খুন হল কেন? রাত্রি দুটোর সময় তিনি বেরিয়ে গেলেন, থানার কেউ জানল না, টেক্সিওয়ালাকে ডেকে। সেই ট্যাক্সিওয়ালা পরিচিত লোক, ডাইভার পরিচিত। তাদের গ্রেপ্তার করা হল না। কোথায় নিয়ে গেল মতিলালকে তা জানা গেল না। খবর দিল সুপারিন্টেন্ডেন্ট অব পুলিশ এবং পোস্ট-মরটেম এক্সামিনেসনে হল আত্মহত্যা। পুলিশ অফিসারও বলল, আত্মহত্যা। তার পর যখন চাপ পড়ল, তখন সেই চাপ পড়লে এখান থেকে অফিসার গেল এবং এখানকার সেই অফিসারের রিপোর্ট হচ্ছে যে এটা আত্মহত্যা নয়, খুন। এটা আই জির কাছে এসেছে। আই জি কেন চেপে রাখছেন? এ অভিযোগের উত্তর দিতে হবে পুলিশমন্ত্রীকে যে মতিলাল দাসের হত্যা সম্পর্কে বর্ধমানের এস পি এবং আসানসোল থেকে কোন রিপোর্ট এসেছে কিনা এবং সেই রিপোর্ট অনুযায়ী কোন এ্যাকশন নেওয়া হয় নি। এবং সেই রিপোর্টে এটা আত্মহত্যা নয়, এটা খুন—বলা হয়েছে কি না! তারপর দুই জন মেয়ের কথা। একজন মেয়েকে রাস্তায় নিহত অবস্থায় পাওয়া যায়। আর একটা মেয়ে অভাগিনী।' সিনেমা থেকে ফিরছে—সঙ্গে তার আর একটি সঙ্গিনী। আক্রমণ করে তাকে খুন করা হয়েছে—গয়নাপত্র ছিনিয়ে নেওয়া হয়েছে। সুতরাং আসানসোলে

এইসব ঘটনা হয়েছে এবং ১৯৫৬ সালে ৮টী খুন হয়েছে, তার মধ্যে একজন আসানসোলের অফিসার-ইন-চার্জ। অর্থাৎ এই সরকার এমনি যে মেয়েদের রক্ষা করতে পারে না, নিজেদের অফিসারদের রক্ষা করতে পারে না, পুলিশ কনেস্টবলকে রক্ষা করতে পারে না, জনসাধারণকে রক্ষা করতে পারে না। তারপর আসছি কলকাতায়। আমি কলকাতার বেশী খবর দেব না। আমার বাড়ীর পাশে দুটো খুন হয়েছে। দুটোই ঠিক থানার সামনে, পঞ্চাশ হাতের ভিতর। থানার দারোগারা জানে কারা খুন করেছে। সে লোকের নাম আমিও শুনেছি। যারা খুন করেছে, তারা কেউ গ্রেপ্তার হয় নি। তারপর আসুন, এই ৭ দিন আগে কিভাবে দৌরাত্ম্য চলেছে এবং গুণ্ডারা কি রকম বে-পরোয়া হয়েছে দেখুন। এনটালী মার্কেটের সম্মুখে রাত্রে একটী মহিলা দাঁড়িয়ে আছে ট্রাম ধরবে বলে। দুইজন গুণ্ডার মধ্যে বাজী হল যে কে ঐ মহিলাটীকে চ্যাংদোলা করে রাস্তার ঐপারে নিয়ে যেতে পারে। এবং একজন দৌড়ে এসে মহিলাটীকে চ্যাংদোলা করে রেখে এল রাস্তার ঐপারে বাহাদুরি করে। এর পরও আপনারা বলছেন, আপনাদের রাজত্বে বাস করতে হবে বিপ্লব না করে, আপনারা বলছেন যে, এসেম্বলীতে আপনাদের বিরুদ্ধে কিছু না বলে চুপ করে থাকতে হবে?

[3-10—3-20 p.m.]

আপনাদের পদত্যাগ ছাড়া কোন পথ নাই—একথা বল্লে অত্যুক্তি হবে না। এই সমস্ত জিনিসটার উত্তর আপনাদের কাছে চাই। আজ কলকাতার উপর এবং বাংলাদেশে কেন এমন অত্যাচার ও গুণ্ডামীর রাজত্ব চলতে থাকে? যদি সবগুলি পর্যালোচনা করেন তাহলে দেখা যাবে—যে কথা প্রথমে বলেছি, পুলিশ সব গুণ্ডাদের জানে এবং চেনে। হাওড়ায় যে সমস্ত গুণ্ডাদের ঘাঁটি—পত্রিকায় দিয়ে দিয়েছে, মজার কথা, যেখানে পুলিশের আউট-পোস্ট সেখানেই গুণ্ডাদের ঘাঁটি। ব্যাটরাতেও তাই, শিবপুরেও তাই, হাওড়া প্রপারেও তাই। যেখানে পুলিশ আউট-পোস্ট সেখানেই গুণ্ডাদের কিছু কিছু ঘাঁটি। এবং একটা জায়গার মাল কিছুতেই সরানো যাবে না রেলওয়ে গোডাউন থেকে পুলিশের আউট-পোস্টএর ভিতর দিয়ে ছাড়া, চুরি করতে গেলে, সেই চুরির মাল পুলিশ আউট-পোস্টএর ভিতর দিয়ে নিয়ে যেতে হবে!! এই কথা যারা পত্রিকায় লিখেছে—তাদের বিরুদ্ধে কি কোন একশন নেওয়া হয়েছে? যেসব পুলিশ অফিসার-এর বিরুদ্ধে এইসব লেখা হয়েছে—তাদের বিরুদ্ধে সেই পুলিশ অফিসারেরা কি কোন একশন নেবার চেষ্টা করেছে? সুতরাং এসব কথা সাধারণ লোকের সহজেই বিশ্বাস হয়। সেই সমস্ত চোরাই মাল যে পুলিশ আউট-পোস্টএর ভিতর দিয়ে পাচার করা হচ্ছে তার কোনই প্রতিকার দেখতে পাচ্ছি না। আমরা কোন রাস্তায় যাব? এর মধ্যে সেটার পাল্টা জবাব দেওয়া হয়েছে, আই জি বলেছেন—ব্যক্তিত্বশালী লোকেরা, ক্ষমতাশালী লোকেরা তাদের পশ্চাতে রয়েছে তাই আমরা প্রতিকার করতে পারছি নে। সেইসব ব্যক্তিত্বশালী, ক্ষমতাশালী লোকদের নাম সরকার জানেন, তাদের নাম আমরা আই জি-র কাছে পেতে পারি, তবু তাদের গ্রেপ্তার কেন করা হবে না? হাওড়ার জনসাধারণ যে সব পুলিশ অফিসারএর বিরুদ্ধে অভিযোগ এনেছে সেই সব অভিযোগের উপর ভিত্তি করে সংশ্লিষ্ট পুলিশ অফিসারদের গ্রেপ্তার করা হবে না কিংবা কোন এনকোয়েরী, কোন তদন্ত করা হবে না, তা হলে লোকেই বা কি বলবে, আমরাই বা কি শুধু পুলিশকে গালাগালি করব? দায়িত্ব কার—বা কোথায়, কেউ কিছু জানতে পারবে না? একি একটা প্রহসন? একজন পকেট-মার ধরা পড়ে, আর একজন সহকর্মী চিৎকার করতে থাকে—"পকেট-মার, পকেট-মার"। আপনারা কি সেই রকমই করবেন? আপনারা ঠিক করে নিয়েছেন আই জিকে আপনারা গাল দেবেন, আর আই জি আপনাদের গাল দেবেন—এই করেই আপনারা নিস্তার পেয়ে যাবেন? আজ আমরা আপনাদের সামনে দাবী উপস্থিত করেছি। জ্যোতিবাবু যে ইনভেস্টিগেশন কমিটির কথা বলেছেন, সেটা আমরা সমর্থন করছি। কিন্তু সঙ্গে সঙ্গে আমরা একটা জিনিষের কথা বলছি, সেই ইনভেস্টিগেশন কমিটির সামনে টার্মস অব রেফারেন্স হবে—(১) গুণ্ডামির এনকোয়ারি, (২) পুলিসের যোগসাজস আছে কি না তার অনুসন্ধান, এবং (৩) যারা দোষী তাদের কঠোর শাস্তি।

দ্বিতীয়ত এনকোয়েরী কমিটি বসাবার আগে আমরা চাই হাওড়া ও আসানসোলে তদানীন্তন যে সমস্ত পুলিশ অফিসার সেই সমস্ত পুলিশ অফিসারদের সাসপেন্ড করা হোক। এতে কারো কারো উপর হয়ত অবিচার হতে পারে, কিন্তু প্রত্যেকটী অফিসার যারা সে সময়

ছিল তাদের সাসপেন্ড করতেই হবে। আমি জানি সে সময়ে আসানসোলে পুলিশের এস আই প্রভৃতি যারা ছিল তারা সকলেই মতিলাল দাসের হত্যার ষড়যন্ত্রে লিপ্ত ছিল। রেলওয়ে ওয়াগন ভেঙ্গে মাল অপহরণের বিষয়টা এস আই মতিলাল দাস উদ্ঘাটন করে দিচ্ছিল—তারি জন্য তাকে জীবন দিতে হয়েছে। সেই হত্যার পিছনে কারা ছিল? এস আই, হাবিলদার, কনেস্টবল প্রত্যেকেই ছিল, তাদের শুধু ট্রান্সফার করলেই হবে না, ট্রান্সফার করলেও তারা বেঁচে যাবে, আমরা চাইছি, প্রত্যেকে তারা সাসপেন্ডেড হয়ে থাক pending decision of the enquiry Committee.

তৃতীয়ত আই জি-ও অপসারিত হোন। পেন্ডিং ইনভেস্টিগেশন তাঁকে আপনারা সরিয়ে রাখুন। এবং মুখ্যমন্ত্রীরও পদত্যাগ হোক। আপনারা চান এটা? সবাই চান।

আমি আশ্চর্য হয়ে যাচ্ছি একটা বিষয়ে যে এই সমস্ত অত্যাচারের জন্য প্রতিবাদ উঠছে না দু' জায়গা থেকে, এক হচ্ছে ধনিকদের প্রতিষ্ঠান—ইনডিয়ান চেম্বার্স অব কমার্স, মারোয়াড়ী চেম্বার্স অব কমার্স, বা ভারত চেম্বার্স অব কমার্স, এর কোনখান থেকেই প্রতিবাদ আসে নি। আর প্রতিবাদ উঠতে দেখছি না, কংগ্রেসের তরফ থেকে। [হাস্য] আপনারা হাসছেন? কিন্তু আমি জানতে চাই কেন কংগ্রেস কমিটি থেকে এই অত্যাচারের কোন প্রতিবাদ করা হয় নি? আমরা জানতে চাই কোন চেম্বার থেকেই কেন প্রতিবাদ হয় নাই। যত ধনিকের দল জুট মিলস প্রভৃতি কোন প্রতিবাদ করছে না। কেন? কারণ তারাই নিজেদের স্বার্থ সাধনের জন্য গুন্ডাদের টাকা যোগায়। গুন্ডাদের ডেকে নিয়ে কাজে লাগায়। আজকের খবরের কাগজে বেরিয়েছে—তাদের আড্ডা কোথায়? বোটানিকাল গার্ডেনের একজন উচ্চপদস্থ অফিসার এই সকল কারবার করেন এবং তিনি গুন্ডাদের বিরুদ্ধে যাতে কোন এ্যাকশন না নেওয়া হয় তার চেষ্টা করছেন, একথা খোলাখুলিভাবে বলেছে যে পত্রিকা সেই পত্রিকার বিরুদ্ধে আপনারা একশন নিতে পারেন না? আপনারা কি এই বিষয়ে এনকোয়েরী করে দেখতেও পারেন না?

সুতরাং আমি বলতে চাই আজ বাংলাদেশের যে অবস্থা সে অবস্থা আমার মনে হয় ধনীর দল চোরাকারবারী যারা, যারা আমাদের ভাতে মারছে সেই সব ধনিকের দলই গুন্ডা নিযুক্ত করে লোকের নৈতিক জীবন পঙ্গু করে দিচ্ছে। আজ বাংলাদেশের অবস্থা রোম সাম্রাজ্য পতনের সময় যে অবস্থা হয়েছিল এই অবস্থাই ঘটেছে, একদিকে অপরিসীম দারিদ্র্য আর একদিকে আকাশ জোড়া ধনদৌলৎ। সমস্ত অফিসার্স আজকে করাপ্ট হয়েছে। সমস্ত পুলিশ করাপ্ট, মন্ত্রীমন্ডলী করাপ্ট, অন্যান্য লোকও করাপ্ট। রাস্তা দিয়ে মেয়েরা নির্ভয়ে যেতে পারে না। খাদ্য নাই। শিক্ষা নাই। সুতরাং আমি এ্যাপিল করছি, অনুরোধ করছি—ঐদিককার বন্ধুদের, এ অবস্থার প্রতিকার আমরা দু'দিক দিয়ে করতে পারি যদি সিদ্ধার্থ-শঙ্কর রায়ের মতন আপনারা এদিকে চলে আসেন (ফ্রম দি কংগ্রেস বেঞ্চেস—বেশ, বেশ) কেন ভয় পাচ্ছেন আপনারা? আমি বলছি—আসবেন। আপনাদের ভিতর অনেক ভাল লোক আছেন, অনেক সাধু লোক আছেন, অনেক সত্যবাদী লোক রয়েছেন। আপনাদের মধ্যে তাঁদের ফেরাতে পারবেন না। আমাদের সঙ্গে কথাবার্তা হয়েছে। আপনাদের দল ভেঙে সিদ্ধার্থ রায়ের মতন লোক আমাদের দিকে চলে আসবেন। [হাস্য] আমি খোলাখুলি এ্যাপিল করছি বাংলাদেশকে বাঁচাবার জন্য আপনারা আসুন, তবেই দুর্নীতিপরায়ণ মন্ত্রীমন্ডলীকে সরিয়ে দিতে পারবেন। নৈলে আমাদের যেতে হবে বিপ্লবের পথে, তার জন্য সকলে প্রস্তুত হোন। এই বলে আমার বক্তৃতা শেষ করে আমি আসনগ্রহণ করছি।

Dr. Kanailal Bhattacharjee:

মিঃ স্পীকার, স্যার, আমি পুলিস খাতে যে অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবি আমাদের সামনে উপস্থিত করা হয়েছে তার বিরোধিতা করছি। যেভাবে পশ্চিম বাংলায় বিশেষত হাওড়ায় যে গুন্ডামি চলছে এবং যেভাবে রেল ওয়াগনের সিল ভেঙে, সেই মালগাড়ি থেকে কয়লা চুরি এবং অন্যান্য বহু রকমের জিনিস চুরি করা হচ্ছে তা বিবেচনা ক'রে আমি মনে করি এই বিভাগের জন্য আর অতিরিক্ত ব্যয় করা উচিত নয়। হাওড়ায় সম্প্রতি যে গুন্ডামি ও রাহাজানি হয়ে গেছে এবং এখনও হচ্ছে, সে সম্পর্কে আই-জির বিবৃতি সম্বন্ধে আলোচনাকালে যেভাবে বলেছেন এবং যেভাবে দেখানোর চেষ্টা করেছেন, আমি মনে করি এটা এত সহজ নয়, এত ছোট-খাট ব্যাপার নয়, যেভাবে সিল ভেঙে ওয়াগন থেকে মাল পাচার করার রাহাজানি এতদিন ধ'রে

চলেছে। কিন্তু গত কয় মাস ধ'রে আমরা দেখতে পাচ্ছি গুণ্ডারা অত্যন্ত বেপরোয়া হয়েছে। তারা শান্তিপ্রিয় নাগরিকদের মধ্যে পর্যন্ত তাদের ক্রিয়াকলাপ চালাবার চেষ্টা করছে, তাদের বিরোধী যেসব শান্তিপ্রিয় নাগরিক বিশেষ ক'রে তাদের মধ্যে ব্যাপ্ত ক'রে দিচ্ছে—যার ফলে হাওড়ার অবস্থা অত্যন্ত খারাপ হয়েছে। শান্তিপ্রিয় নাগরিকরা অত্যন্ত ভীত হয়ে গেছে এবং বার বার পুলিসের কাছে এ সম্বন্ধে কমপ্লেন জানিয়েছে, কিন্তু পুলিসকে সম্পূর্ণ নিষ্ক্রিয় থাকতে দেখা গেছে এবং গুণ্ডাদেরই সাহায্য করেছে। হাওড়ার সেই সমস্ত কেন্দ্র যেসমস্ত কেন্দ্রে মদ চোলাই হয়, জুয়াখেলা হয় এবং ওয়াগনের সিল ভেঙে সমস্ত মাল পাচার করা হয় সেসমস্তের আড্ডা হাওড়ার বিভিন্ন অলিগলিতে আছে।

মাননীয় স্পীকার মহোদয়, দু-একটা আড্ডার কথা আমি এখানে বলছি - শিবপুরে এইরকম একটা আড্ডা আছে।

[3-20—3-30 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আমি দু-একটি আড্ডার কথা বলি আপনার সামনে। শিবপুর যাদবদাস লেনে এরকম একটা আড্ডা আছে। গত ২৩-১০-৫৭ তারিখে অলিম্পিক ফেরত বিখ্যাত সাঁতারু শচীন নাগ শিবপুর যাদবদাস লেনের গুণ্ডাদের দলে তাঁর বন্ধুপুত্রকে মিশতে দেখে বারণ করেছিলেন। তাঁকে ধরে প্রকাশ্য দিবালোকে এসমস্ত গুণ্ডারা প্রহার করে, পুলিসে জানানো হয়, পুলিসের পক্ষ থেকে কোন স্টেপ নেওয়া হয় না। এরকম আড্ডা শিবপুর রোডে আছে। সেই গুণ্ডাদল থেকে একদিন পাশের দোকানে টেলিফোন করতে আসে, মালিককে জিজ্ঞাসা না করায়, মালিক বাধা দেয়, সেজন্য তারা শাসিয়ে যায়। তারপর ৮-৩০টার সময় বাড়ি ফেরার সময় তাঁকে ধরে তারা প্রহার করে। পুলিসকে জানানো হ'ল, পুলিস কিছুই করলে না। উপরন্তু দোকানের বাইরে যে মারকারি বাল্ব ছিল, দাম প্রায় ১০০ টাকা তা ভেঙ্গে দেওয়া হ'ল। আমার বাড়ির সামনে এরকম ধরনের একটা মদ চোলাইয়ের আড্ডা আছে। সেখানে শুধু মদ চোলাই হয় না। তার সামনে ৮।১০টি প্রাইভেট ট্যাক্সি দাঁড়িয়ে থাকে জনসাধারণকে পরিবহণ করবে বলে, কিন্তু আসলে তাদের কাজ হচ্ছে সারা রাত্রি চোলাই মদ এবং ওয়াগন ভেঙ্গে যেসমস্ত জিনিসপত্র আসে তা গন্তব্যস্থানে পৌঁছে দেওয়া। পুলিসকে বারবার বলা হয়েছে, তা সত্ত্বেও পুলিসের তরফ থেকে কোন অ্যাকসন নেওয়া হয় নি। যে দুটো খুন গত ২১এ ডিসেম্বর হাওড়ায় অনুষ্ঠিত হ'ল, মাননীয় স্পীকার মহাশয়, দুর্ভাগ্যবশতঃ সে দুটি আমারই নির্বাচনকেন্দ্র। কিন্তু গত কয়েক মাসের মধ্যে পুলিস সেই সমস্ত গুণ্ডাদের সংগে সহযোগিতা করেছে, নিষ্ক্রিয়তা দেখিয়েছে তাতে প্রত্যক্ষ-দর্শী যারা আছে তারা পুলিসের কাছে সাক্ষী দিতে রাজি হয় নি। পুলিসকে তারা স্পষ্ট-ভাষায় জানিয়ে দিয়েছে যে, আজ যদি আমরা সাক্ষী দিই কালকে যেভাবে মামলা সাজাবেন তাতে গুণ্ডারা ফিরে আসবে এবং আমাদের প্রাণ নেবে, তখন আপনারা এভাবে আবার রিপোর্ট নিতে তদন্তে আসবেন এবং সহানুভূতি জানিয়ে চলে যাবেন। কাজেই তারা সাক্ষী দেয় না। তারপর স্থানীয় এম-এল-এ হিসাবে আমার বাড়িতে যায় এবং বলে আপনি এদের সাক্ষী দিতে বলুন। আমি বলি, আমার বাড়ির সামনে যে জুয়ার আড্ডা আছে সেটা যদি তুলে দিতে পারেন তা হ'লে দেখতে পারি নইলে আমি কিছু করতে পারব না। তিনি প্রতিশ্রুতি দেন যে, সাত দিনের মধ্যে তিনিই সেই আড্ডা তুলে দেবেন। তখন আমি জনসাধারণকে বলি সমস্ত দায়িত্ব আমার, আপনারা পুলিসের কাছে সাক্ষী দিন। কিন্তু দুঃখের বিষয় সাত দিন দূরের কথা দু'মাস হ'তে চলল জুয়ার আড্ডা আজও তেমনি রয়েছে, সেই জুয়ার পাণ্ডা পকেটে পয়সা বাজিয়ে বলেছে যতদিন পয়সা আছে পুলিস আমার মুঠোর মধ্যে, কানাই ভট্টাচার্য আমার কিছুই করতে পারবে না। এ ধরনের অবস্থা হাওড়ার মধ্যে সৃষ্টি হয়েছে। আনন্দবাজার পত্রিকার হাওড়ার প্রতিনিধি সমস্ত ব্যাপার জনসাধারণের গোচরীভূত করবার জন্য যেভাবে তিনি এগিয়ে আসেন এবং যেভাবে আনন্দবাজার পত্রিকায় দিনের পর দিন তথ্য পরিবেশন করেন এবং সংগে সংগে অন্যান্য পত্রিকাও যেভাবে হাওড়ার সমস্ত তথ্য পরিবেশন করতে শুরু করে তাতেই দেখা যায় আমাদের মন্ত্রিমণ্ডলীর টনক নড়ে; তারা রাইটার্স বিল্ডিংসেএ কনফারেন্স করেন এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর বাংলোতে কনফারেন্স করেন—আমি জেলাশাসককে জানিয়েছিলাম যে, আমরা সহযোগিতা করতে রাজি আছি। তিনি বলেছিলেন, বিভিন্ন জায়গায় জায়গায় পাবলিক মিটিং করা হবে। কিন্তু একটিমাত্র মিটিং করার পর আর কোন মিটিং ডাকলেন না—যে সাহায্য

আমরা দিতে চেয়েছিলাম তা গ্রহণ করলেন না। হাওড়ায় হঠাৎ টনক নড়ল—হাজার হাজার গ্যালন চোলাই মদ পুলিস হস্তগত করল, তিন হাজার লোক ধরা হল, হঠাৎ কুম্ভকর্ণের ঘুম ভেঙ্গে গেল। এই ঘুম ভাঙ্গানোর জন্য পত্রিকাকে বিশেষভাবে ধন্যবাদ জানাই। তাঁরা যদি দু' হাতে সাহস সঞ্চয় ক'রে এগিয়ে না আসতেন তা হ'লে আমরা জানি যে, এই যে মন্ত্রিমণ্ডলীর যেসমস্ত অফিসার তাঁরা নিশ্চয়ই এ কাজে হাত দিতেন না এবং হাওড়ায় গুণ্ডামি অব্যাহতভাবে চলতে থাকত।

সেজন্য স্পীকার মহাশয়, যুগান্তর পত্রিকা যেসমস্ত তথ্য নিরপেক্ষের মাধ্যমে পরিবেশন করেছেন সেই সমস্ত তথ্য পরিবেশন করার জন্য পুলিসের তরফ থেকে আজকে মানহানির মামলা করা হয়েছে। আমি জানি সেই মামলা এখন বিচারাধীন। আমি এ বিষয়ে বিশেষ কিছু বলতে চাই না তবুও আমি এইটুকু বলব যে, এই মামলা চালাতে গিয়ে যেসমস্ত তথ্য উদ্ঘাটিত হবে তার দ্বারা হাওড়ার পুলিসের এই সমস্ত গুণ্ডাদের সঙ্গে যোগাযোগ যে কত ঘনিষ্ঠ তা বিশেষভাবে প্রমাণিত হবে।

মাননীয় স্পীকার মহাশয়, আমি আর একটা বিষয় আপনার সামনে তুলে ধরতে চাই যার দ্বারা বুঝতে পারা যাবে যে, হাওড়া পুলিসের সঙ্গে ঐ গুণ্ডাদের যোগাযোগ কতখানি ঘনিষ্ঠ। মালিপাঁচঘরা থানায় ধর্মতলা রোডে যে ভিলেজ ডিফেন্স পার্টি আছে সেই দলের ক্যাপ্টেন অনুরুদ্ধ সিং। সেই অনুরুদ্ধ সিং ১০ বছর আগে মার্ডার কেসে জড়িত হয়ে এক বছর হাজতে ছিল। ১৯৫৫ সালে বোমা মারার কেসে সে দুই মাস হাজতে বাস করেছে এবং গত বছর আর একটা বোমার কেসে কুড়িদিন হাজতে বাস করেছে। অবশ্য পুলিস তার কোন কেস প্রমাণ করতে পারে নি কারণ তার সঙ্গে পুলিসের সহযোগিতা ছিল। এ সম্বন্ধে হাওড়ার এস-পিকে বলতে তিনি বললেন, কাঁটা দিয়ে কাঁটা তুলতে হবে, ভিলেজ ডিফেন্স পার্টিতে এই সমস্ত গুণ্ডা রেখে আমরা গুণ্ডা দমন করব। আমাদের হাওড়া জেলায় যে গুণ্ডামি চলে তার জন্য বিশেষভাবে দায়ী সুপারিন্টেন্ডেন্ট অব পুলিস মহাশয়, যিনি সাব-ইন্সপেক্টর অব পুলিস থেকে এস-পি হয়েছেন। কালীপদ মুখার্জি মহাশয় আর লোক পেলেন না, তিনি ছাগল দিয়ে যব মাড়াতে চান, তারজন্য যে বলদের দরকার হয় এটা তাঁকে জানিয়ে দিচ্ছি। এই একজন এস-পিকে হাওড়ার মত শহরে প্লেস করলেন যার ফলে আমি মনে করি হাওড়ায় গুণ্ডামি এবং রাহাজানি এইভাবে বেড়ে গেছে। এরপর আমার বক্তব্য হচ্ছে যে, আজকে হাওড়ায় প্রায় ৩ হাজার লোক ধরা পড়েছে, তার মধ্যে একশ' আছে, বাদবাকি সমস্ত ছেড়ে দেওয়া হয়েছে। এর মূল কারণ কি, সেটা দেখতে হবে। যেকথা দেবেনবাবু বলেছেন সেটা আজকের আনন্দবাজার পত্রিকায় বেশ ভালভাবে বেরিয়েছে যে, বোটানিকাল গার্ডেনে একটা পাপচক্র সৃষ্টি হয়েছে—কিছু কিছু তরুণীকে কেন্দ্র ক'রে সেখানে মদ ইত্যাদি প্রচলিত ক'রে যে একটা মধুচক্রের সৃষ্টি হয়েছে সেই মধুচক্রের সঙ্গে রাইটার্স বিল্ডিংসএর অনেক অফিসার এবং হাওড়া জেলার বড় বড় অফিসাররা সংশ্লিষ্ট হয়ে পড়েছেন। কাজেই আমি মনে করি এদিকে সরকারের দৃষ্টি দেওয়া উচিত।

[3-30—3-40 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় সভাপাল মহাশয়, বিভিন্ন মাননীয় সদস্য পুলিস দপ্তরে উপরতলা থেকে নিচের তলা পর্যন্ত যে দুর্নীতি রয়েছে সে সম্পর্কে বললেন, আমি আমার বক্তব্য সীমাবদ্ধ রাখতে চাই পুলিস দপ্তরের যিনি সবথেকে বড়কর্তা আই-জি অব পুলিস তাঁর সম্বন্ধে। মাননীয় পুলিসমন্ত্রী মহাশয় এক জায়গায় বলেছেন, কিছুদিন আগে যখন তাঁর সম্বন্ধে বিধানসভায় আলোচনা হ'ল যে—আমি কি করব, আমার অধীনস্থ যেসমস্ত কর্মচারী আছেন তাঁদের আমাকে প্রোটেকসন দিতেই হবে। আমার অনুরোধ তিনি বিবেচনা ক'রে দেখুন যে, আজকে কিরকম অফিসার—আই-জি অব পুলিসকে তিনি প্রোটেকসন দিচ্ছেন। তিনি এতখানি অযোগ্য এবং অপদার্থ যে, যখন বিপদে পড়েন তখন সেই বিপদ থেকে বাঁচবার জন্য, সেই বিপদকে ঢাকবার জন্য তিনি ডিজঅনেস্টির আশ্রয় পর্যন্ত নিতে কুণ্ঠিত হন না এবং তার জন্য যদি দরকার হয় তিনি ডকুমেন্ট পর্যন্ত টেম্পার করেন এবং তাতে মন্ত্রীদের পর্যন্ত জড়ানো হয়। মাননীয় স্পীকার মহাশয়, আমি ছোট্ট দুটি ঘটনা দিচ্ছি। প্রথম কথা, আপনি জানেন যে, ও মাসের ২৬এ তারিখে সোনারপুরে যেদিন অ্যাক্সিডেন্ট হ'ল সেদিন প্রথমে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে,

পুলিসমন্ত্রী এবং ইন্সপেক্টর-জেনারেল তদন্ত করছেন। তাঁরা তদন্ত ক'রে আসবার পর নিহতের সংখ্যা আমি বলব। এবং তাঁরা আসবার পর তাঁদের কাছ থেকে জেনে নিয়ে মুখ্য-মন্ত্রী বলেছিলেন যে, ৫ জন আগে মারা গিয়েছে এবং একজন হাসপাতালে মারা গিয়েছে। সবশুদ্ধ ৬ জন মারা গিয়েছে, সেদিন এটা জেনেও রাজ্যসভায় রেলমন্ত্রী বিবৃতি দিয়েছেন, কেবলমাত্র ৫ জন মারা গিয়েছে এবং শুধু তাই নয়, ২॥টার সময় সেই খবর সংবাদপত্র অফিসে আসে এবং তা সত্ত্বেও বেলা ৫॥টার সময় এই বিবৃতি দিয়েছেন। মাননীয় পুলিসমন্ত্রী বা আই-জি এটা তদন্ত করা প্রয়োজন মনে করেন নি এবং হাসপাতালেও যান নি। এবং একজন সাব-ইন্সপেক্টরএর কাছ থেকে খবর নিয়ে মুখ্যমন্ত্রী এই মিসলিডিং স্টেটমেন্ট দিয়েছেন। এবং এই সাব-ইন্সপেক্টর ম্যাজিস্ট্রেটএর কাছেও যেতে পারতেন, তিনি যান নি ব'লে ম্যাজিস্ট্রেট রিসেন্টমেন্ট প্রকাশ করেছেন। আমরা বুঝতে পারি নি কেন রাজ্যসভায় একরকম বিবৃতি দেওয়া হয় এবং এখানে মুখ্যমন্ত্রীকে একটা এমব্যারাসিং পজিসনএ ফেলা হয়। তারপর, একটা রেলওয়ে কমিউনিক বার করা হয় যে, ৫ জন মারা গিয়াছে, ৬ জন নয় এবং হাসপাতালে কোন মৃত্যু হয় নি। সেদিন আমাদের মুখ্যমন্ত্রী, ইন্সপেক্টর-জেনারেল স্টেটসম্যানএর রিপোর্টারএর কাছে যে বিবৃতি দিয়েছিলেন সে সম্পর্কে একটা সাফাই গাইবার জন্য একটা বিবৃতি দেন। মুখ্যমন্ত্রীর এই বিবৃতির একটা কপি আমি অ্যাসেমব্লি লাইব্রেরি থেকে নিয়ে এসেছি। তাতে দেখছি ইন্সপেক্টর জেনারেল পরিষ্কারভাবে মুখ্যমন্ত্রীকে বিভ্রান্ত করেছেন মিথ্যা সংবাদ সরবরাহ করে। তিনি বলেছেন,

In this case I understand from the Inspector-General of Police that he had not made any formal statement exclusively for the reporter of the Statesman.

এও বলেছেন মুখ্যমন্ত্রী

I have asked him specifically whether he mentioned to the reporter that I had interfered with his case and he said that he never did so.....there were other reporters for instance reporter of the Amrita Bazar Patrika.

অমৃতবাজার পত্রিকায় যে খবরটা বেরিয়েছিল এখানে আই-জি অব পুলিস তাঁকে ভুল ক'রে বুঝিয়ে তাঁকে দিয়ে এই অসত্য বিবৃতি দিতে বাধ্য করেছেন রেকর্ড ট্যাম্পার করে। সেদিন মুখ্যমন্ত্রী এই উপলক্ষে যে কথা বলেছেন সেটি আমি উল্লেখ করতে চাই। তিনি বলেছেন, এর পর আর কোন অফিসার সংবাদপত্রের রিপোর্টারের সঙ্গে দেখা করতে পারবেন না। মাননীয় স্পীকার মহাশয়, কংগ্রেস যে সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছে তাঁদের বহু দুর্নীতি সত্ত্বেও তা এখনও তাঁরা কয়েকটা নীতি সম্পূর্ণভাবে বর্জন করেন নি ব'লেই তাঁরা এখনও পর্যন্ত ফ্রিডম অব প্রেস রেখেছেন, ফ্রিডম অব স্পীচ রেখেছেন। অথচ আজকে যে ফ্রিডম অব প্রেস অনুসারে সংবাদ সংগ্রহ করবার অধিকার রিপোর্টারদের আছে, সেই অধিকারকে ক্ষুণ্ণ করা হচ্ছে এবং ১৫ই তারিখের স্টেটসম্যানএর এডিটোরিয়ালএ যে মন্তব্য করা হয়েছে তার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করি—তাতে অত্যন্ত ক্ষোভ প্রকাশ করা হয়েছে। সমস্ত সংবাদপত্রের রিপোর্টারদের মুখ্যমন্ত্রী অফুল পিপল বলেছেন। প্রেস ক্লাব এই সম্পর্কে একটা প্রস্তাব গ্রহণ করেছেন মুখ্যমন্ত্রীর এই নির্দেশের বিরুদ্ধে—এর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ যেটুকু আমি সেটা পড়ে শোনাচ্ছি—সেই প্রস্তাবে লেখা হয়েছে—সরকারের পক্ষে অসুবিধাজনক সংবাদ প্রকাশ হওয়ার পর সাধারণতঃ তা অস্বীকার করার এবং নিয়ন্ত্রিত ব্যবস্থার মাধ্যমে সংবাদ প্রদান সীমাবদ্ধ করার প্রচেষ্টা হয়ে থাকে একথা সম্পূর্ণ সত্য। আজকে এইভাবে সংবাদপত্রের অধিকারকে ক্ষুণ্ণ করা হচ্ছে। এই আই-জি সম্বন্ধে বহু তথ্য দিতে পারতাম। যাকে ২,২৫০ টাকা মাইনে দেওয়া হয়, যা নাকি চীফ সেক্রেটারি ও হোম সেক্রেটারি পান না, তার এফিসিয়েন্সি কোথায় দেখুন। তাঁর চূড়ান্ত দায়িত্বহীনতা ও অসাধুতার কথা যা আমি আগেও বলেছি, তা আমরা যারা এত রাজনৈতিক সুবিধা পাই না তাদের মধ্যেও দেখতে পাই না। এঁর আমলে নিয়োগ ও বদলির ব্যাপারে কোন সুচিন্তিত পরিকল্পনা নাই। কোন জায়গায় কোন পুলিস কর্মচারীকে দিতে হবে, যার জন্য আই-জিকে রাখা হয়েছে, সেটাও তিনি করতে পারেন না। ১৯৪৪ সালে একবার পুলিস স্ট্রাইক হয়েছিল এবং গত বছর আরেকবার স্ট্রাইক হ'তে যাচ্ছিল এবং এই স্ট্রাইকএর প্রাক্কালে মুখ্যমন্ত্রীর কাছে মেদিনীপুর, ২৪-পরগনা ও হাওড়া জেলার পুলিসের লোক যে চিঠি পাঠিয়েছিল, সেই চিঠির মধ্যে যেসমস্ত খবর ও তথ্য সরবরাহ করা

হয়েছিল তার অন্ততঃ কিছুটাও যদি সত্য হয়, তা হ'লে এই আই-জিকে অবিলম্বে পদ থেকে অপসারিত করা উচিত। রাষ্ট্রীয় বৌভাতের কথা যা যুগান্তরে বেরিয়েছিল এবং গত অধিবেশনে মাননীয় সুবোধ ব্যানার্জি যার উল্লেখ করেছিলেন সেটা তো আপনি জানেন, স্যার। একজন এ, আই-জি, মিঃ দত্ত, এই ব্যাপারের সমস্ত দায়িত্ব নিলেন এই কাজ করার জন্য এবং পুলিসমন্ত্রী এখানে দাঁড়িয়ে তাঁর সম্পর্কে তিনি যে জবাব দিয়েছিলেন সেটাই বললেন। সেই এ-আই-জিকে ডি-আই-জি ক'রে দেওয়া হয়েছে—তিনি অকৃতজ্ঞ নন। একজন ডি-আই-জি এখনও সারপ্লাস হয়ে আছেন। তাই আমি বলব এই ইন্সপেক্টর-জেনারেলকে পেন্ডিং এনকোয়ারি সাসপেন্ড করা হোক, অথবা তাঁকে ছুটি দেওয়া হোক।

[3-40—3-50 p.m.]

Dr. Beni Chandra Dutt:

মাননীয় স্পীকার মহাশয়, পুলিস খাতে যে অতিরিক্ত ব্যয় দাবি করা হয়েছে সেটা আমি সমর্থন করি। এই প্রসঙ্গে পুলিস বিভাগে কিভাবে উন্নয়ন আনয়ন করা যায় সে সম্বন্ধে কয়েকটা কথা আপনার সামনে আমি রাখতে চাই। আজকে এই হাউসে আমরা এসে দেখছি হাওড়ায় যে অরাজকতা সৃষ্টি হয়েছিল তা নিয়ে এবং আই-জি যে বিবৃতি দিয়েছিলেন তা নিয়ে অনেক আলোচনা হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে হাওড়ায় যে অবস্থার সৃষ্টি হয়েছে সে সম্পর্কে দু-একটা কথা বলা আবশ্যক মনে করি। ১৯৫৪ সালে পুলিস বাজেট আলোচনার পর আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ ক'রে হাওড়ার কথা বলি। তিনি তখন আমাকে বলেছিলেন, একটা লিখিত বিবৃতি দিয়ে যাও। সেই বিবৃতির একটা কপি আমার কাছে আছে—তা থেকে কিছু আমি আপনার কাছে পেশ করছি

As Howrah is an industrial area, its population is cosmopolitan. Various types of men have taken up different types of criminal activities to eke out their existence. The following types of crimes and anti-social works are rampant in Howrah.

There are various types of crimes—Ram Gambling, Pick-pocketing, Railway Ticket Fraud, Smuggling of Opium, Ganja, Dacoity, Railway Wagon Breaking and removing articles from dock siding and timber from Shalimar Timber Yards including River Crimes.

Possessing unlicensed guns and ammunition, unlicensed taxis and lorries, cycle-theft and theft of iron structures. As regards Dana Gambling, there are altogether four dens in the town of Howrah. For obvious reasons, I cannot give out their names and addresses.

Sj. Deben Sen: Please read out the names.

Dr. Beni Chandra Dutt: I am sorry, I cannot read out the names. Would you give me protection?

Sj. Deben Sen: The House will give you protection.

Dr. Beni Chandra Dutt: I am sorry I cannot give them.

Sj. Ganesh Ghosh:

স্পীকার মহোদয়, আমি একটা কথা আপনাকে জিজ্ঞাসা করছি। উনি কতকগুলি গ্যাম্বলিং ডেনস ও আরও কতকগুলি জিনিসের নাম করলেন। স্বভাবতঃই, আমরা জানতে চাই ঐগুলির ঠিকানা কি? তাতে উনি আমাদের কাছ থেকে প্রোটেকশন চাচ্ছেন।

"He wants protection from us before the Chief Minister and the Minister of Police".

চীফ মিনিস্টার উঠে ও'কে অ্যাসিওরেন্স দিন।

Mr. Speaker:

উনি নাম বলতে আনউইলিং বলেছেন। জোর ক'রে তো তা আপনি আদায় করতে পারেন না।

Sj. Jyoti Basu:

স্পীকার মহোদয়, ও'র কাছ থেকে আমরা জোর ক'রে কিছু আদায় করতে চাই না। কিন্তু এই হাউসের একজন সদস্য বলছেন, 'উইল ইউ গিভ মি প্রোটেকশন'? উনি কিসের প্রোটেকশন চাচ্ছেন?

[নয়েজেস অ্যান্ড ডিস্টারব্যান্সেস]

Mr. Speaker:
অর্ডার প্লিজ, আপনারা দয়া ক'রে একটু চুপ করুন। ওঁকে বলতে দিন।

Sj. Jyoti Basu:
অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, এখানে দাঁড়িয়ে একজন এম-এল-এ কি এই কথা বলতে পারেন যে, আমার প্রোটেকশন নেই, আমি যদি গুণ্ডাদের গ্যাম্বলিং ডেনসএর নাম ক'রে দিই, তা হ'লে তাঁকে তারা গুলী ক'রে দেবে। তাঁর এত ভয় কিসের? আপনি কি তার প্রোটেকশন দিতে পারেন না?

Dr. Beni Chandra Dutt: This is a statement which I submitted to the Chief Minister. I wanted to point out that we are alert to the situation prevailing in Howrah and we are not sitting idle over the matter.

Sj. Sisir Kumar Das: Once he has disclosed a part of a document, we are entitled to have the whole of it.

Dr. Hirendra Kumar Chattopadhyay: Sir, we are entitled to have the entire document.

Sj. Jyoti Basu:
উনি যা বলেছেন আপনি তা বোঝেন নি। উনি বলছেন, একটা দলিল যখন পড়া হচ্ছে তখন তার সবটুকুই পাড় উচিত।

[Interruptions and noise]

Mr. Speaker: If so many members try to speak at the same time, it is impossible to follow the debate.

Sj. Jyoti Basu:
আমি এই কথা বলছিলাম উনি যখন ডকুমেন্ট থেকে পড়ছেন একটা নিয়ম আছে, আপনি জানেন, এটা হাউসের প্রপার্টি হয়ে যায়। এটা হাউসের সামনে যখন প্লেস করা হয়েছে, তখন আমাদের পয়েন্ট অব প্রিভিলেজ অ্যাবাইজ করছে। সুতরাং এটাকে সম্পূর্ণভাবে পড়বার জন্য ওঁকে অনুরোধ করছি।

Mr. Speaker:
কোথায় ডকুমেন্ট? উনি নিজের একটা পারসোনাল নোট নিয়ে এসে পড়ছেন।

Sj. Deben Sen: On a point of privilege Sir,
উনি যেটা পড়ছেন সেটা রেকর্ড করা হোক।

Mr. Speaker:
আপনারা যা বলবেন তাই রেকর্ড হবে।

Sj. Jyoti Basu:
স্পীকার মহোদয়, এটা আপনার বাড়ি নয়, এটা অ্যাসেম্বলি হাউস। আপনি তাঁর বক্তব্যটা একটু শুনুন। উনি যে একটা ডকুমেন্ট এখানে পড়লেন, সেটা তিন বৎসর পূর্বে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে পাঠিয়েছিলেন। সেই ডকুমেন্ট থেকেই উনি পড়ে শোনাচ্ছেন।

Mr. Speaker:
কিন্তু,
"If it is a private document",
তা হ'লে সেটা কি ক'রে হাউসের প্রপার্টি হয়!
"Please show me the ruling".

Sj. Jyoti Basu:
এটা যদি পাবলিক ডকুমেন্ট হয়, তা হ'লে এটাকে আপনি হাউসএর প্রপার্টি করবেন। আপনি এই রুলটা কোথায় পেলেন, আমাকে দেখিয়ে দিন।

Mr. Speaker:
উনিই বলছেন।
If he himself says it is a public document, then it is a different matter.

Dr. Beni Chandra Dutt: Then, railway ticket-frauding and cheating bona fide passengers by replacing short-distance station tickets in exchange

of long-distance tickets. This is carried out by a group of men known as kangalis. These are desperate gangs of people who stop short of nothing in order to attain their objective.

Then there is smuggling of opium and ganja and sale of liquor through unauthorised vendors. Railway wagon breaking and removing articles from dock-yard and timber from Shalimar Timber Yards. Mainly two sets of people directly or indirectly are engaged in the Railway Wagon-breaking crimes. First receiver: he is a monied man; he gets information from the Clerk (goods) concerned, in detail about the valuable articles loaded in the wagon which should be the target of the breakers of the seal, etc., for operation. The receiver then bribes the guard of the train, engine-man, fire-man, who slows the train in the way where military is not posted, till the receiver bribes the patrol constables, R.P., etc. Some of the parties who are engaged in these crimes are very wellknown people holding high positions in society till now. The second group consists of street urchins engaged by these receivers who climb up to the top of a wagon and throw the articles on the roadside. There is another group of men under these receivers who work inside the railway yards and pass on goods over to certain lorries standing near by. Not only are these people very active in Podra Panchpara, in the dark nights they remove articles from Calcutta Dockyard and come to the other side of the river and unload the goods mostly on the bank of Botanic Garden; they also remove the costly timber from Shalimar Timber Yard.

There is practically no counterfeit dens in Howrah but there are some sub-agents who push the same in the town.

Recently one party has been detected here possessing unlicensed guns and ammunitions. Mostly absconders wanted by the Police involved in major cases are possessing these unlicensed guns and revolvers.

Recently another gang has sprung up who have come in possession of firearms during the riot but later formed themselves into groups and are now carrying on various anti-social crimes.

হাওড়াতে আনলাইসেন্সড ট্যাক্সি এ্যান্ড লরিজ সংখ্যাও কম নয়।

There are lots of private motor cars which have been used as taxis and lorries. Most of the car-owners spare their cars at the disposal of criminals who carry sometime stolen articles and are sometimes engaged in highway robbery and dacoity. Some people have got lots of lorries out of which a few are taxed and licensed and the rest ply without tax token and so the Government is deprived of lots of lawful earning.

এই দলটা সম্বন্ধে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় সেদিন বলেছিলেন, এ'দের একজন তাঁর কাছে এসেছিলেন ছাড়া পাবার জন্য। এই দলটি পাঁচ বছর পূর্বে যা ছিল, বর্তমানে তার চেয়ে আরও শক্তিশালী হয়েছে এবং হাওড়ার চতুর্দিকে অরাজকতা সৃষ্টি করছে। (এ ভয়েসঃ পুলিসের সহযোগিতা নিয়ে?)

I am coming to that.

(শ্রীযুক্ত জ্যোতি বসুঃ বেণীবাবু, এই পাঁচ বছর কি হচ্ছিল?)

হাওড়ায় যে অরাজকতা চলছিল, এ বিষয় আমরা সচেতন ছিলাম।

(এ ভয়েসঃ এটা কি পুলিসের সহযোগিতায় হচ্ছিল?)

হাওড়া থেকে এই দল যাতে উচ্ছেদ হয়, সেই উদ্দেশ্য নিয়ে বলছি। মুখ্যমন্ত্রী মহাশয়কে আমি সেই সময় বহু বন্ধুসহকারে যখন ডকুমেন্টগুলি দেখাই, তখন তিনি তাতে লাল-নীল পেন্সিলের দাগ দিয়েছিলেন। এর এক মাস পরে হাওড়ার পুলিস সুপারিনটেনডেন্ট মিঃ ধর, তিনি সেখানে একটি কনফারেন্স ডাকেন এবং সেই কনফারেন্সএ স্থানীয় বিশিষ্ট ব্যক্তিরা এবং হাওড়ার অ্যাডমিনিস্ট্রেটর, তাঁরা হাওড়ার ক্রাইম সিচুয়েশন আমাদের সামনে তুলে ধরেন এবং

তা দমন করবার জন্য তাঁরা কি কি উপায় অবলম্বন করেছেন সেটাও আমাদের জানান। (এ ভয়েসঃ সে তো তিন বছর আগের কথা।) আমি আস্তে আস্তে আসছি।

[3-50—4 p.m.]

এর পরে আমরা দেখেছি, তিনি একটু চেষ্টা করেছেন কিছু কিছু এই সমস্ত দুর্বৃত্তদের সরাবার জন্য; কিন্তু পরিতাপের বিষয় তাঁরই অধীনস্থ কর্মচারীরা তাঁর সে চেষ্টাকে বানচাল করেছে। সেটা কিভাবে হয়েছে, সে লোককে ধরা হয় নি, তার নাম আমার কাগজে রয়েছে। যাকে ধরা উচিত তাকে না ধরে যাকে ধরা হয়েছে তার সংগে ওদের ঝগড়া। আমার কাছে ডকুমেন্ট আছে। তার নাম হচ্ছে তারাশংকর। এই ব্যাপার এস পি, মিঃ ধরকে জানানো হয় এবং তাঁকে বলা হয়, যে লোককে ধরা হয়েছে সে নির্দোষ। যে লোক দোষী তাকে ধরা হ'ল না। এই নিয়ে অনেক বলার পর ম্যাজিস্ট্রেটএর কাছে দরখাস্ত করা হয় যাতে সমস্ত বিষয়টা এনকোয়ারি হয়। ইতিমধ্যে যে লোক সত্যই দোষী সে চলে গেল। এই কথা বলার উদ্দেশ্য, আমার মনে হচ্ছে যে, এতে যেসব লোক মাথার উপরে আছে ত'দের যদি না সরানো যায় তা হ'লে এটা কার্যকরী হবে না। কাজেই আপনারা আজকে আই-জি স্টেটমেন্ট দেবার পর বলছেন যে, হাওড়ায় কংগ্রেসের তরফ থেকে গুণ্ডাদের সাহায্য করা হচ্ছে। সেটা সর্বৈব মিথ্যা। এক্ষণে ১৬টি সিটএর মধ্যে অধিকাংশ সিটই বামপন্থীরা দখল ক'রে আছেন। ইলেকশনএর সময় যদি কেউ গুণ্ডা লাগিয়ে থাকেন তা হ'লে সে বামপন্থীরাই লাগিয়েছেন। কংগ্রেস গুণ্ডা নিয়ে কাজ করে না, কংগ্রেস দাঁড়িয়ে আছে তার অতীত ঐতিহ্য নিয়ে, দাঁড়িয়ে আছে সাধারণের কর্মপদ্ধতি নিয়ে, কংগ্রেস গুণ্ডামি করে না। গুণ্ডাদের যদি কেউ পোষণ ক'রে থাকে তবে সে অপর দলই করেছে। হাওড়ার লোকেরা সেটা জানে। গুণ্ডা কারা পোষণ করে তা দেশবাসীও জানে। সুতরাং নিজেই যদি কাচের ঘরে বসে অন্যলোকের কাচের ঘরে ঢিল মারেন তবে সে ঢিল আপনার ঘরে এসেও পড়বে। আপনারা তেলেঙ্গানায় করেছেন, কাকদ্বীপে করেছেন এবং আপনারাই বলছেন যে, কংগ্রেস গুণ্ডামির বিরুদ্ধে কেন কথা বলে না। চমৎকার কথা। অবশ্য হাওড়ার ব্যাপার নিয়ে বিরুদ্ধ দল একটা মস্ত হ্যান্ডেল পেয়েছেন বিরুদ্ধদলকে আক্রমণ করার জন্য। (শ্রীযুক্ত গণেশ ঘোষঃ তেলেঙ্গানা আগে আপনারা ক'রে আসুন তারপর তার কথা বলবেন।) আমার খুবই জানা আছে যে, এসব গুণ্ডামি কারা করে। আই-জি যখন দেখলেন যে, তার বিরুদ্ধে একটা ব্যূহ রচনা করা হয়েছে এবং জনসাধারণ ও সংবাদপত্র তারা সকলেই সর্বরকমে তাঁকে অ্যাকিউজড্ করছেন তখন সেখানে তিনি অভিমন্যুর মত দাঁড়িয়ে থেকে মার খেতে রাজি হলেন না। তিনি এমন একটা অস্ত্র নিক্ষেপ করলেন যে, তা থেকে তিনি নিজে বেরিয়ে এলেন এবং যা থেকে কংগ্রেসপক্ষকে অ্যাকিউজড্ করবার মস্ত একটা হ্যান্ডেল পেয়ে গেলেন কিন্তু আসল জিনিসটা দূরে সরে গেল এইটাই দুঃখের বিষয়। আজকে হাওড়াকে কিভাবে অরাজকতা থেকে রক্ষা করা যায়, এই গুণ্ডামি কিভাবে নিবারণ করা যায় সেটা আজ আপনারা সকলে ভুলে গেলেন। আজকে আপনারা দেখছেন কংগ্রেসকে এক হাত নিতে পারেন কিনা। কিন্তু সত্য ঘটনা যাঁরা জানেন তাঁরাই বলতে পারেন যে, হাওড়ায় গুণ্ডাদের কোন দলের লোক পোষণ করে। [নয়েজ]

ইলেকশনে গুণ্ডামি কে করে? আমার ওখানে কালীপদ মুখার্জি মহাশয় একটা সভায় সভাপতিত্ব করতে গিয়েছিলেন। সেই সভায় কম্যুনিস্ট পার্টির লোকেরা ইট-পাটকেল ছুঁড়ল, মাইক কেড়ে নিলো এবং সেখানে যে চট ছিল সেই চটগুলি তুলে নিয়ে আমাদের চাপা দেবার চেষ্টা করতে লাগল। এর পরেও কি বলতে হবে গুণ্ডামি কে করে। কংগ্রেস গুণ্ডামি করবার জন্য আসে নি, কংগ্রেস মহাত্মা গান্ধীর নীতি নিয়ে চলেছে, অহিংস নীতি, সেই ঐতিহ্যের উপর কংগ্রেস আছে। এই রকম একটা হ্যান্ডেল পেয়ে যদি আপনারা ভাবেন যে, কংগ্রেসকে হেয় করবেন তা হ'লে আমি বলব যে, আপনারা কাচের ঘরে বাস করছেন, এবং তাই দুর্নীতি আপনারা চচারদিকে দেখছেন ও বলছেন এনকোয়ারি করতে। আই-জির রিপোর্টএ আমি জানি এবং আমি বলেছিলাম যে, হাওড়ায় এই অরাজকতার জন্য অবশ্য পুলিসের খানিকটা নিষ্ক্রিয়তা আছে এবং তাদের সক্রিয় করতে হ'লে তাদের যে পুলিস স্টাফ আছে তা দিয়ে হবে না। সেখানে আমার বক্তব্য হচ্ছে যে, সেখানে স্পেশ্যাল স্টাফ রাখা হোক এবং তার কাজ হবে পুলিসের কার্যকলাপ দেখা, পুলিসের বিরুদ্ধে যে অভিযোগ আছে তা দেখা। এইরকম একটা পোর্টফোলিও থাকা দরকার এবং তাকে সমস্ত পুলিস বিভাগ থেকে তফাত ক'রে রাখা হোক। সম্ভব হ'লে এটা

মুখ্যমন্ত্রীর অধীনে থাকলে ভাল হয়। এবং এটা হ'লে পুলিসের মধ্যে যে নিষ্ক্রিয়তা আছে তার খানিকটা দূর হতে পারে।

Sj. Samar Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, হাওড়ায় যে বিরাট অরাজকতা চলছে, এই ঘটনা থেকে প্রমাণিত হচ্ছে এবং বলা হচ্ছে পুলিসের নিষ্ক্রিয়তার কথা। কিন্তু আমরা জানি, কয়েকদিন আগে হাওড়া স্টেশনে যে রিফিউজি ক্যাম্প ছিল সেই ক্যাম্প থেকে ১৩০টা ফ্যামিলিকে রাত্রি ১টা ১৷৷টার সময় তাদের উৎখাত করবার জন্য ৫০০ থেকে ৭০০ পুলিস সেখানে যায় এবং জবরদস্ত ক'রে বাড়িগুলি ভেঙ্গে দেয়, ট্রাকে ক'রে তাদের নিয়ে গিয়ে সেই সাঁতরাগাছির এক মাঠের মধ্যে তাদের ছেড়ে দেয়। সেখানে পুলিস নিষ্ক্রিয় নয়। তার কিছুদিন আগে হাওড়া ময়দানে বেতিয়া উদ্বাস্তুদের যেখানে খাওয়া বন্ধ ক'রে দেওয়া হয়েছিল সেই খাদ্য নিয়ে একদিন গোলমাল হয়েছিল কিন্তু আমরা জানি সেখানে ৫।৭ শতের উপর আর্মড পুলিস গিয়ে গোটা ময়দান জুড়ে একটা খণ্ডযুদ্ধ আরম্ভ ক'রে দিয়েছিল—সেখানে পুলিস নিষ্ক্রিয় নয়। কিন্তু পুলিস কোথায় নিষ্ক্রিয়, যেখানে মালিকের স্বার্থ রক্ষা করতে হবে, যেখানে বড় বড় বিত্তশালী লোকদের স্বার্থ রক্ষা করতে হবে, যেখানে গুণ্ডারা সাধারণ মানুষকে আক্রমণ করছে—সেখানে পুলিস নিষ্ক্রিয়। এবং সেই নিষ্ক্রিয়তা অত্যন্ত উদ্দেশ্যমূলক। আমি একটা ঘটনা আপনার সামনে উল্লেখ করতে চাই। দু' বৎসর আগে বার্ন মজদুর ইউনিয়নএর সেক্রেটারি নিমাই মিত্রকে ইউনিয়ন অফিসে গিয়ে গুণ্ডারা বম্ব ছুঁড়ে তাকে হত্যা করে। তার নাম—তার নিজের স্বাক্ষরিত চিঠি আছে—সেই নিমাই মিত্র নিহত হয় ২৯-১১-৫৫ তারিখে। আর সেই নিমাই মিত্র গুণ্ডামির অভিযোগে হাওড়ার এস-পিকে চিঠি দিয়েছেন ১১-১০-৫৫ তারিখে। চিঠি দিয়েছিলেন গুণ্ডারা শ্রমিকদের ধরে, কোন কোন গুণ্ডা কিভাবে মারছে—তার সমস্ত বিস্তারিত তথ্য এতে আছে। তেমনি ২-১০-৫৫ তারিখে মদন ধর ব'লে একজন শ্রমিককে হঠাৎ কয়েকজন গুণ্ডা একটা জিপএ ক'রে এসে তাকে জিপ গাড়িতে তুলে নিয়ে তার মুখটা গামছায় বেঁধে তারপর তাকে নিয়ে যায় একটা প্রস কোয়ার্টারএ এবং সেখানে বীভৎসভাবে তাকে মারপিট করে। কোনরকমে সে জিপ থেকে লাফিয়ে পড়ে এবং কোনরকমে বেঁচে যায়। সেই গুণ্ডাদের নাম দিয়ে দিয়ে এই দরখাস্ত আছে নিমাই মিত্রের এই স্বাক্ষরিত দরখাস্তে যাদের নাম দেওয়া হয়েছে তারাই তাকে হত্যা করেছে এবং নিমাই মিত্র নিহত হবার পর পুলিস নিমাই মিত্রের যারা হত্যাকারী, তাদের ধরবার জন্য কোন চেষ্টা করে নি। বার বার ইউনিয়নএর পক্ষ থেকে পুলিসকে বলা হয়েছে শেষ পর্যন্ত ২ মাস পর কয়েকজন লোককে লোকদেখানভাবে ধরে সেই কেসকে হাস-আপ করা হয়েছে। সেখানে এমনকি যে মার্ডার করেছে সে কোথায় বাস করছে, কখন আসে, এই সংবাদ পর্যন্ত পুলিসকে বলা হয়েছে। কিন্তু তাদের পুলিস ধরতে যায় নি। এই হচ্ছে পুলিসের অসল নিষ্ক্রিয়তা। ২ বৎসর আগের আর একটা ঘটনা যেকথা ৮ই মার্চ যুগান্তর কাগজে বেরিয়েছে খুব বিরাট হেড লাইন দিয়ে—সেটা দেখবেন—হাওড়ার ডি-আই-বি অফিসের সম্মুখে ২ বৎসর পূর্বে রহস্যজনক হত্যাকাণ্ড—সাক্ষীদের কথা গভর্নমেন্টের যুক্তিতে ধামাচাপা। পশ্চিমবঙ্গ পুলিসের অকর্মণ্যতার ইতিবৃত্তে একটি নূতন অধ্যায়ের সংযোজন। এটা যুগান্তরের ৮ই মার্চ তারিখে বেরিয়েছে। ঘটনাটা হচ্ছে এই যে, একজন শ্রমিক ইউনিয়নএর সংগঠক অমরনাথ মিত্র—ডি-আই-বি অফিসের সামনে সোস্যালিস্ট পার্টির অফিস থেকে রাত্রে বেরিয়েছেন। বেরুবার পর অফিসের সামনে থেকে কয়েকজন লোক তাঁকে সঙ্গে সঙ্গে ধরে নিয়ে গিয়ে হাওড়া ময়দানের মধ্যে হত্যা করে এবং সেই হত্যাকারীরা ডি-আই-বি অফিসের কাছ দিয়ে পালিয়ে গেল এবং ডি-আই-বি অফিসের যে শান্ত্রী ছিল—তারা বলেছে যে, আমরা দেখেছি তাদের পালিয়ে যেতে এবং কাগজ পড়লে দেখতে পাবেন যে, রহস্যজনক লোক এসে পুলিসের সঙ্গে দরবার করে এবং সমস্ত কেসটাকে তার পরে হাস-আপ ক'রে দেওয়া হয়। এইভাবে কেসগুলিকে ধামাচাপা দেবার ব্যবস্থা হচ্ছে।

[4—4-10 p.m.]

আমি জানি আমার ইলেকশন এজেন্ট শ্রীঅশোক ঘোষ যখন রাত্রি ১২৷৷টার সময় নিমন্ত্রণ খেয়ে একদিন ফিরছিলেন, একটা মোটর ক'রে কয়েকজন গুণ্ডা—আন্দাজ ৭।৮ জন—তাঁকে আক্রমণ করার নর্দমায় ফেলে দেয় এবং বলে, যদি তুমি চিৎকার কর তোমায় হত্যা করব। কিন্তু ভাগ্যবলে আশপাশে বারান্দায় লোক শুয়েছিল, তারা হল্লা শুনে ইতিমধ্যে আসতে সেই গুণ্ডারা

পালিয়ে যায়। এই গুণ্ডারা কংগ্রেসের ইলেকশনের নামকরা সংগঠক এবং চোলাই মদের সঙ্গে যুক্ত। এই নামকরা গুণ্ডাদের সম্বন্ধে নিজে গিয়ে থানায় বলে চলে এসেছি এবং অশোক ঘোষও নিজে তাদের নাম করেছেন, কিন্তু থানা থেকে এসে তাদের গ্রেপ্তার করা হয় নি বা তাদের সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। এ'রা সব শ্রীশৈল মুখার্জির ইলেকশনের নামকরা কর্মী ছিলেন। হাওড়া কটন মিলে একটা লক-আউট হয়েছিল ১৫ই জানুয়ারি থেকে এবং প্রায় দু' মাস চলেছিল সেই লক-আউট। সেখানে শ্রমিকদের দাবি অস্বীকার ক'রে ৫টা ইউনিয়নের সংগঠককে ছাঁটাই করে, সেখানে শ্রমিকদের দমন করবার জন্য হাওড়ার সেই মিলের ভিতর গুণ্ডা রাখা হয়েছিল, সেখানে গুণ্ডারা ভিতর থেকে বোমা ছোঁড়ায়, পিস্তল থেকে গুলী ছোঁড়ায় পুলিস বোমা উদ্ধার করেছে, পিস্তল এবং গুণ্ডাদের গ্রেপ্তার করে একদিন বহু চাপাচাপির পরে। আমি নিজে সেখানে গিয়েছিলাম, কয়েকজন গুণ্ডাকে নামকা-ওয়াস্তে ধরে নিয়ে গিয়েছিল, আবার পরের দিন জামিন দিয়ে খালাস দেয়; এবং তারা তারপর ছোরা নিয়ে শ্রমিকদের আক্রমণ করে। সম্প্রতি খবর পেলাম বেঙ্গল জুট মিলের ভিতর একটা লোহার ছোট ফ্যাক্টরি আছে, সেখানে আয়রন কাস্টিং হয় সেখানে গত ১১ই তারিখ থেকে লক-আউট ডিক্লেয়ার করা হয়েছে আইন হচ্ছে লক-আউটএর সময় মালিক বাহির থেকে লোক এনে কারখানা চালাবার চেষ্টা করবে না, কিন্তু আমি খবর পেলাম পুলিসের প্রহরায়, পুলিসের গাড়িতে ক'রে দালাল এনে সেই কারখানা জবরদস্ত ক'রে চালাবার বন্দোবস্ত করা হয়েছিল; —এই হ'ল গুণ্ডাদের সম্পর্কে পুলিসের নিষ্ক্রিয়তার একটা বড় দৃষ্টান্ত। এই নিষ্ক্রিয়তার উদ্দেশ্য হ'ল মালিকের স্বার্থরক্ষা করার জন্য, ধনী জমিদারের স্বার্থরক্ষা করার জন্য পুলিস একদিকে সহায়তা করে, অপরদিকে ইউনিয়নের যারা সংগঠক, যারা শ্রমিক আন্দোলন দমন করার জন্য মালিকের পক্ষ হয়ে গুণ্ডা লেলিয়ে দেয় পুলিস তাদের রক্ষা করে। এইগুলো হচ্ছে নির্দিষ্ট ঘটনা এবং এরকম উদাহরণের অভাব নাই। তা ছাড়া হাওড়া শহরে চোলাই মদের একটা বিরাট কারখানা রয়েছে। সে একটা আন্ডারগ্রাউন্ড ফ্যাক্টরি মাটির তলায় চোলাই মদ জ্বালায় ক'রে পুঁতে রাখা হয়। চোলাই মদের সঙ্গে পিস্তল, বোমা পাওয়া গেছে, যেসমস্ত রিভলবার পাওয়া গেছে সেগুলি আমেরিকান এবং ·৪৮ বোরএর। সেগুলি খুব উন্নত ধরনের। এই সমস্ত অস্ত্রশস্ত্র নিয়ে চোলাই মদ তৈরি করার সাথে তারা যুক্ত। সুতরাং গুণ্ডারা হ'ল চোলাই মদের ব্যবসাদার, ওয়াগন ভাঙার দল, পুলিস এবং কংগ্রেসের মাতব্বর এরা সকলে মিলে শোনা যায় একটা ইউনাইটেড ফ্রন্ট ক'রে রেখেছে। এই জাতীয় ইউনাইটেড ফ্রন্ট না ভাঙলে হাওড়ার অরাজকতা বন্ধ হ'তে পারে না। সংবাদপত্রে বিভিন্ন খবর বেরিয়েছে যে, পুলিসের অভিযানে তিন হাজার লোককে ধরা হয়েছে এবং তাদের ৯৫ পারসেন্ট লোককে ছেড়ে দেওয়া হয়েছে। এ খবর আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে। সম্প্রতি ১৩ই মার্চ হাওড়া পুলিসের অভিযানের প্রহসনহেতু জনসাধারণ উদ্বিগ্ন হয়েছে। এসব বামপন্থীদের বক্তব্য নয়। আনন্দবাজারের রিপোর্টার সমস্ত তথ্য দিয়ে কি ধরনের ব্যাপার হচ্ছে তা দেখিয়েছেন। এতে পুলিসের ভীষণ বদনাম হয়েছে। সুতরাং থানাওয়ালারা খবর পেয়ে কিছু লোককে গ্রেপ্তার করতে আরম্ভ করেছে, এমনকি বলছে একটা রাত্রি হাজতে রাখলেই যথেষ্ট। তার পরের দিন ছেড়ে দেওয়া যদি হয় তা হ'লেই চলবে। তাই লোক দেখান কিছু ধরে, কিন্তু আমি জানি নামকরা সমস্ত গুণ্ডাদের অনেককে ধরা হয় নি, অনেকে বাহিরে রয়েছে, বিশেষ ক'রে আমার এলাকায়। যে এলাকায় সকল লোক জানে মদের চোলাই কারবারের মস্ত ঘাঁটি, সেই সমস্ত জায়গায় এই গুণ্ডারা প্রশ্রয় পাচ্ছে পুলিসের কাছ থেকে এবং কংগ্রেসের যারা মাতব্বর—বিশেষতঃ যিনি আমার প্রতিদ্বন্দ্বী ছিলেন—শ্রীশৈলকুমার মুখার্জি। আর এক ব্যক্তি হাওড়ার গুণ্ডাদের বিভিন্নভাবে সাহায্য করেন, তাঁর নাম গোটা হাওড়ায় সকলেই জানে—তিনি শ্রীযুক্ত বঙ্কিম কর, যিনি এই আইনসভার সদস্য। তিনি বিভিন্নভাবে গুণ্ডাদের উকিল হিসাবে হউক বা এম-এল-এ হিসাবে হউক বা রাজনৈতিক নেতা হিসাবে হউক—বিভিন্নভাবে তাদের আশ্রয় দেন, তার ফলে গুণ্ডাদের শক্তি বাড়ছে; সেইজন্য আজ এগুলি দমন হতে পারে না। আশা করি, এগুলি সম্বন্ধে কড়া ব্যবস্থা গভর্নমেন্ট থেকে হবে।

Sj. Subodh Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, কংগ্রেসের তরফ থেকে বেণীবাবু বক্তৃতা দিলেন। আমি মনে করি তিনি যা বলেছেন সেইটাই কংগ্রেস ও সরকারের বিরুদ্ধে সবচেয়ে বড় অভিযোগ। কারণ তিনি

কংগ্রেস দলের এবং সরকার পক্ষের একজন নামী সদস্য। তিনি হাওড়ার এম, এল, এ, এবং হাওড়া জেলা কংগ্রেস কমিটির একজন পাণ্ডা। তিনি নিজে বিধানসভায় দাঁড়িয়ে বলেছেন যে, তিনি যদি গুণ্ডাদের নাম করেন তাহলে তাঁকে প্রোটেকশন দেবার কেউ নেই। কংগ্রেস রাজত্ব এমনই চমৎকার রাজত্ব হয়েছে যে এইরকম একটা কথা কংগ্রেস দলের সদস্যেরা বলতে পারেন। এরপর কালীবাবুর ডিপার্টমেন্টের প্রশংসা করার আর কিছু রইল না। ঐটাই তাঁর ডিপার্টমেন্টের সবচেয়ে বড় সার্টিফিকেট। সুতরাং আমাদের বিশেষ কিছু বলার দরকার নেই। কংগ্রেস দলের সদস্যই ঘুরিয়ে কালীবাবুর এবং তার সরকারের বিরুদ্ধে অনস্থা এনেছেন। আশা করি সরকারের তরফ থেকে বেণীবাবু এই যে ইনসিকিউর কন্ডিশন ফিল করছেন এর জবাব দেওয়া হবে এবং এর জন্য তাঁদের দায়িত্ব আছে কিনা তাও বলবেন।

দ্বিতীয় নম্বর বেণীবাবু বলেছেন বামপন্থীরা হাওড়ায় গুণ্ডা পোষে। এ কথা যদি সত্য হয় তাহলেও সরকারের দায়িত্ব কেটে যায় না। বিধানবাবু কয়েকদিন আগে বলেছেন যে, তিনি বিরোধী দলের বহু সদস্যকে জানেন যারা দুর্নীতি করে। তাঁর এই কথা হতে প্রমাণ হয়—ডাঃ বিধানচন্দ্র রায় মুখ্যমন্ত্রী হিসাবে করাপসনএর কথা জানেন, অথচ তা প্রশ্রয় দিচ্ছেন। তাঁর এই কথা তাঁর বিরুদ্ধে তাঁর সরকারের বিরুদ্ধে সবচেয়ে বড় অভিযোগ। আমি কংগ্রেস দলের সদস্যদের এবং মন্ত্রিমণ্ডলীকে জিজ্ঞাসা করি, 'আপনারা যদি জানেন যে বামপন্থী সদস্যেরা গুণ্ডা রেখে থাকে তাহলে আপনাদের সরকার কেন সেইসব সদস্যদের বিরুদ্ধে কোন স্টেপ নেন না? না নিলে সকলে মনে করবে যে সরকারের কননাইভানসএর জন্য আজ দুর্নীতি হচ্ছে, গুণ্ডা পোষণ হচ্ছে। আমি বিরোধী দলের তরফ থেকে বলি

let there be an enquiry.

যদি তাতে প্রমাণ হয় কোন বামপন্থী দলের লোক গুণ্ডা পুষে অসামাজিক কাজ করেন, তাহলে তাকে শাস্তি দিন। আমার এই প্রস্তাব সরকার গ্রহণ করতে রাজী আছেন কি? মন্ত্রীরা কথায় কথায় ইংলন্ডের কথা বলেন, কথায় কথায় লন্ডন মেট্রোপোলিটন পুলিসএর নজীর টানেন, আমি জিজ্ঞাসা করি ইংলন্ডে এই ধরনের ঘটনা ঘটার সম্ভাবনা আছে? এই ধরনের কেন এর ভগ্নাংশের একাংশ নিয়েও যদি কোন ঘটনা ঘটত, তাহলে সেখানে রয়্যাল কমিশন বসত, বার করত কারা দোষী।

[4-10—4-20 p.m.]

গ্রেট বৃটেনের শাসনের প্রশংসা আমরা করি না, গ্রেট বৃটেনের নজির মন্ত্রীরা টানেন। তাদের খারাপটুকু নেব আর ভালটুকু নেব না এ জিনিস হয় না। সুতরাং আমার বক্তব্য, কমিশন নিযুক্ত হোক—নন অফিসিয়াল কমিশন—এবং সেই কমিশনে হাইকোর্টের কোন জজকে চেয়ারম্যান করুন। পুলিসের বিরুদ্ধে সংবাদপত্রে যেসব দুর্নীতির অভিযোগ বেরিয়েছে, সরকারের বিরুদ্ধে অপদার্থতার যে অভিযোগ আনা হয়েছে তা অনুসন্ধান করার জন্য এবং সেই অবস্থার জন্য যারা দায়ী তাঁদের শাস্তিবিধানের জন্য উপযুক্ত ক্ষমতা দিয়ে এক কমিশন নিযুক্ত করা হোক। বিচারে বামপন্থীদলের যদি কেউ দোষী প্রমাণিত হন নিঃসন্দেহে তাঁর সাজা হওয়া উচিত—আমি অন্ততঃ বামপন্থীদের তরফ থেকে এই দাবী করতে চাই। দুর্নীতির সঙ্গে বামপন্থীদের যদি কেউ জড়িত থাকেন তাহলে হি মাস্ট বি সিভিয়ারলি ডেল্ট উইথ আমরা এই দর্শনে বিশ্বাস করি, এই চিন্তাধারা আমাদের আছে। কাজেই এই চ্যালেঞ্জ আমি করছি।

তৃতীয় নম্বর, পুলিস সম্বন্ধে বলতে গিয়ে আমার বক্তব্য নতুন কিছু নেই। পুঁজিবাদী সমাজব্যবস্থা, মালিকের জুলুম, মালিকের স্বার্থ রক্ষা করার জন্য সৈন্যদল, পুলিস পোষা হয়। জনসাধারণ যেখানে মালিকের জুলুমের বিরুদ্ধে রুখে দাঁড়ায়, আন্দোলন করবে বলে সেখানে পুলিস জনসাধারণের বিরুদ্ধে দাঁড়ায়। সে সম্পর্কে একটা নয়, আমি আপনাকে হাজার হাজার উদাহরণ দিতে পারি। উদাহরণ দিচ্ছি, কিভাবে টপ র‍্যাঙ্কিং অফিসাররা কাজ করেন। কুলপী থানায়—হংসবাবুকে জিজ্ঞাসা করলে জানতে পারবেন—চাষী জমি চাষ করলো, চালের গোলা থেকে জমিদার জোতদার চাল কেড়ে নিয়ে চলে গেল জোর করে। লিখলাম এস, পি,কে। এস, পি অফিসার পাঠালেন, সার্কেল ইন্সপেক্টারকে, তাঁর কাছে আমি সব ডকুমেন্ট পেস করলাম। কি ডকুমেন্ট? সার্টিফায়েড কপি তার এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স রেকর্ড। এবং সার্টিফায়েড কপি অব রেকর্ড অব রাইটস, সমস্ত দলিল দেখালাম। সার্কেল অফিসার স্বীকার করে গেলেন

যে 'সুবোধবাবু, এ চাষীর জমি'। আমি বললাম 'হ্যাঁ, চাষীর জমি, তাদের রক্ষা করুন'। উনি বলে গেলেন, 'হ্যাঁ, রক্ষা নিশ্চয়ই করবো'। তারপর যখন মালিক জোর করে ধান কেটে নিয়ে গেল, তখন পুলিসের কাছে যাওয়া হোল সেই সার্কেল ইন্সপেক্টরের কাছে, এস, ডি, পিওর কাছে। তিনি বললেন 'সুবোধবাবু কোন আইন নেই চাষীদের রক্ষা করার'। চমৎকার আইন। এস ডি ও বললেন 'সুবোধবাবু, আপনি উপর থেকে যদি কিছু করাতে পারেন ত হবে।' চাষীদের রক্ষা করার বদলে এস, পি, ২৪-পরগনা ফোর্স পাঠিয়ে দিলেন এবং ফোর্স শান্তি রক্ষার নাম করে প্রোটেকসনে দিল জোতদারকে, সে ধান কেটে নিয়ে চলে গেল। এরজন্য জোতদারের বিচার হ'ল না, উল্টে চাষীদের নামে পুলিস কেস ঝুলিয়ে দিয়েছে। সুন্দরবনে চলুন, আপনাকে হাজার হাজার এই ধরনের ঘটনা দেখাব। দমদম থানার দিকে চলুন, হিন্দুস্থান আয়রণ এ্যান্ড স্টীল কর্পোরেশনের মালিক ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস এ্যাক্টের ধারা একটার পর একটা ভেঙ্গে চলেছেন—লেবার ডিপার্টমেন্টকে বুড়ো আঙ্গুল দেখিয়ে চলেছেন। বিধানবাবুর কাছে বলেছি, সাত্তার সাহেবের কাছে বলেছি, কালীপদবাবুর কাছে বলেছি, মেমরেন্ডাম দিয়েছি, ডেপুটেসনে গিয়েছি। লেবার কমিশনার বলেছেন ঐ মালিককে কিছু বলতে পারব না। এস কে ব্যানার্জী, জয়েন্ট সেক্রেটারী লেবার ডিপার্টমেন্ট, আমাকে বলেছেন, 'সুবোধবাবু আপনি উপর থেকে যদি কিছু করাতে পারেন ত দেখুন'। মালিক মারধোর করেছে শ্রমিকদের। পুলিস ড্যান দিয়ে গুন্ডাদের প্রোটেকসন দেওয়া হোল। চিঠি লিখলাম এস পি,কে আজ ১০-১৫ দিন হয়ে গেল, ইনকোয়ারী নেই, আমরা বলবাম যে, আমাদের সামনে ইনকোয়ারী হোক, জনসাধারণের কাছ থেকে সত্য ঘটনা জানার চেষ্টা করা হোক, কিন্তু তার কোন সাড়াশব্দ নেই। এইভাবে জনসাধারণকে প্রোটেকশান দিচ্ছেন, এইভাবে নিউট্রালিটি মেন্টেন করছেন? চমৎকার নিউট্রালিটি কালীপদবাবুর পুলিসের। নিউট্রালিটি বজায় আছে কোথায়? যখন মালিক চাষী মজুরের গলা টিপে ধরে তখন পুলিস ইজ নিউট্রাল, কিন্তু মালিককে যখন ন্যায়সংগতভাবে জব্দ করার চেষ্টা করা হয় তখন আওয়াজ ওঠে

peace and tranquillity and order of the country

গেল, গেল! সুতরাং আপনাকে গ্রেপ্তার করবো। চমৎকার নিউট্রালিটি। অবাক হবার কিছু নেই। পুঁজিবাদী রাষ্ট্রের পুলিস ত পুঁজিবাদী মালিককেই রক্ষা করবে। সুতরাং এই পুলিসের জন্য টাকা চাইবেন, আর আমরা টাকা দিয়ে দেবো। এটা মোটেই হবে না। এই পুলিসের পেছনে একটা পয়সাও খরচ করা উচিত নয় কারণ আমরা যে কটা পয়সা দেবো সেকটা পয়সা দিয়ে বলবান হয়ে তারা আমাদেরই সর্বনাশ করবে। সাধারণ চাষী মজুর নিম্নমধ্যবিত্ত, এদের সর্বনাশ করবে। আই জির কথা বলুন, আর অন্যান্য অফিসারদের কথা বলুন সমস্ত জায়গায় এইরকম হচ্ছে।

The entire machinery is meant for exploitation, the entire machinery is meant for suppression, the entire machinery is meant for oppression.

কেবল আই, জি, সাহেবকে বলে কিছু লাভ নেই। বিধানবাবু পণ্ডিত নেহেরুকে বলেছিলেন রেলওয়ে এ্যাকসিডেন্টের ব্যাপারে সিকিউরিটি ব্যবস্থায় পশ্চিমবঙ্গের পুলিস দায়ী নয়, কারণ পুলিস নাকি বলেছিল হাওড়া স্টেশনের কনকোর্সের উপর মিটিং যেন না হয়। বিধানবাবু পণ্ডিত নেহেরুকে এই কথা বলেছেন এবং পণ্ডিত নেহেরু বিধানবাবুর কাছ থেকে এ কথা শুনে পার্লামেন্টে এই কথা বলেছেন। বিধানবাবু কোথা থেকে শুনেছেন? আই, জি, সাহেবের কাছ থেকে শুনেছেন। আমি তাঁকে অনুরোধ করবো তিনি ফাইলটা দেখুন। আমার কাছে কিছু কিছু নোট আছে, যদি চান সেই নোট দিতে পারি। আপনি ইনকোয়ারী করুন, মোটেই আই, জি, সাহেব আপত্তি করেন নি বরং রেলওয়ে থেকে তিনটা সাইটের মাজেসান দেওয়া হয় হাওড়া ময়দান এবং আর একটা জায়গা বাতিল করে দেওয়া হয়। সেখানে আই, জি, স্বীকার করে আসেন যে হাওড়া স্টেশন কংফোর্সে মিটিং হবে, আই, জি, নিজে গিয়ে দেখে আসেন যেদিন ইলেকট্রিক ট্রেন ইনঅগুরেট করার জন্য পণ্ডিত নেহেরু আসেন, তা ছাড়া ইন্ডিয়া গভর্নমেন্টের সেক্রেট সার্কুলার আছে ভি, আই, পি, রা যখন আসেন তখন সিকিউরিটি ব্যবস্থাটা ইজ দি পার্সোনাল রেসপনসিবিলিটি অব দি আই, জি। উনি কি নিজে দেখেছিলেন সেখানে গিয়ে, ঐ যে ভীড় হয়েছিল তাকে ঠেকাবার জন্য কোন ব্যবস্থা কি উনি করেছিলেন? কোন ব্যবস্থা করেন নি। উলটে স্টেটসম্যানে দেখলাম একটা ছবি বেরিয়েছে, সেই ছবি প্রকাশিত হয়েছে ১৫-১২-৫৭

তারিখে, একটা লোক জানালা দিয়ে মুখ বাড়িয়ে ভীড় দেখছেন। সেই ছবিটা যখন এনলার্জড্ হয়ে বেরুল তখন দেখা গেল যে তিনি আই, জি, অব পুলিস, শ্রীহীরেন সরকার মহাশয়। সেখানে ইলেকট্রিক ট্রেন চাপা পড়ে লোক মরবে আর তিনি দাঁড়িয়ে ফটো তুলছেন! বিধানবাবুর দোষ দেব না, তাঁর বিশ্বাস আই, জির উপর বেশী থাকবে কারণ, তিনিও আই, জি, এক শ্রেণীর লোক। আই, জি,কে তাই বেশি বিশ্বাস করবেন। জনসাধারণ যে কথাই বলুন না কেন, তাদের কথায় বিশ্বাস রাখতে পারবেন না। সুতরাং আই, জি,র কথাকে বেদবাক্য মনে করে তাঁকে মুক্তি দিয়ে দিলেন।

[4-20—4-30 p.m.]

Sj. Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহোদয়, পুলিস খাতে যে বায়বরাদ্দের দাবী এখানে করা হয়েছে, সেই দাবী আমি সম্পূর্ণভাবে সমর্থন করবার জন্য আমি উঠেছি। এই দাবীর বিরুদ্ধে বিরুদ্ধ পক্ষের নেতা থেকে ছোট নেতারাও যেভাবে বিষ ঢেলে গেছেন তার থেকে একটা জিনিসই তারা দেখাতে চেয়েছেন যে সারা পশ্চিমবঙ্গে বুঝি অরাজকতা এসে গেছে। আমি যেমন নিজে জানি সে ছবি সারা পশ্চিমবঙ্গের ছবি নয়, তাঁরাও যারা বলছেন তারাও জানেন এ ছবি সারা পশ্চিম-বঙ্গের ছবি নয়। কিন্তু রাজনৈতিক দলের এই হচ্ছে ট্যাকটিকস যে সামান্য ঘটনাকে বড় কোরে তুলে ধরে গোটা আকাশকে ছেয়ে দেখান যে এই সেই ঘটনা। এই প্রসঙ্গে তারা যে সমস্ত যুক্তি এখানে উত্থাপন করেছেন, মাননীয় দেবেন সেনের একটা যুক্তির দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এল্গিনের ট্রাম লাইনএর সামনে ভদ্রমহিলা দাঁড়িয়ে আছেন দুইজন গুণ্ডা তারা বেট রাখল কে আগে তুলে নিয়ে লাইনএর ওধারে রেখে আসবে—একজন তুলে নিয়ে চলে গেল। এই ঘটনার তিনি প্রত্যক্ষদর্শী, না, বলব যে ঐ দুইজন গুণ্ডার মধ্যে তিনি একজন। তা না হ'লে আজ যদি, এই ঘটনা প্রকাশ না হয়ে থাকে বিচার না হয়ে থাকে, শাস্তি না হয়ে থাকে তার জন্য দায়ী তিনি না সরকার? আজকে এই বিধানসভার সামনে দাঁড়িয়ে এই ঘটনাকে উল্লেখ করে সরকারী কর্মচারী এবং সরকারকে অপদস্থ করবার তারা যে পথ নিয়েছেন—এ অসত্য উক্তি করার অধিকার আমি জানি না তাদের আছে কি না? কিন্তু তিনি যে পদে অধিষ্ঠিত সেই পদের মর্যাদা রক্ষা করবার জন্য তার সংযত হয়ে কথা বলা উচিত বলে আমি মনে করি। আমি জানি এই বিভাগের কর্মীদের মধ্যে অযোগ্যতা আছে, এ বিভাগের কর্মীদের মধ্যে অসৎ লোক আছে, কিন্তু এ কথা আমি জানি সবাই অযোগ্য নন, সবাই অসৎ নন। পুলিস মানে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ধরে নিই যে যারা দুশো বছর আমাদের দেশকে পরাধীন করে রেখেছিল, সেই বৃটিশ সাম্রাজ্যবাদের তলপীদার যে সমস্ত পুলিস তাদের দেখে আমরা এখনও পুলিসকে সেইরকম মনে করি। আজ তার মধ্যে—স্বাধীনতা আসার পর থেকে আমার দেশে হাজার হাজার ভাল বংশের উপযুক্ত শিক্ষিত, সৎ ছেলে যারা এই বিভাগে কর্মীহিসাবে দেশকে সেবা করবার জন্য এসেছেন বিরুদ্ধপক্ষের বন্ধুরা তাদের সম্বন্ধেও একটু সমীহ করে কথা পর্যন্ত বলেন না—সকলেই চোর এই কথা বলে তাদেরকেও এই দলের মধ্যে জড়ান। হাওড়ায় যে ঘটনা ঘটেছে, তার মধ্যে শাসন বিভাগের যে দুর্বলতা ধরা পড়েছে, আমি এখানে দাঁড়িয়ে তীব্র কণ্ঠে তার প্রতিবাদ করব। আমি বলব সেখানে আজ অন্যায় হয়েছে, গুণ্ডামি হয়েছে, অত্যাচার হয়েছে; প্রত্যেক সরকারে দায়িত্ব সবল হস্তে তাকে দমন কর। যদি না করতে পারা যায় তাহলে অযোগ্যতার পরিচয় দেওয়া হবে। কিন্তু এই বলে আমি এ কথা বলব না যে আজকে সরকার, কংগ্রেসপক্ষ পুলিস যোগসাজস করে হাওড়ায় এই কাণ্ড ঘটিয়েছেন। আমি আপনার সামনে যে ভাবে এ গুণ্ডামি দেশের মধ্যে বিশেষ বিশেষ জায়গায় ঘটে যাচ্ছে তার দুই একটা ঘটনার কথা উল্লেখ করব। আমাকে সময় দিলে আমি পড়ে দেখাতে পারি কিছুদিন আগে বার্ণপুরে এই যে শ্রমিক ধর্মঘট চলছিল তার সংক্রান্ত ব্যাপার নিয়ে সেখানে ল এ্যান্ড অর্ডার কিভাবে এ্যাফেকটেড হচ্ছে। আজ সেখানে শ্রমিক আন্দোলন—যে কারণে হউক তার দিকে আমি যাচ্ছি না, কিন্তু সেখানে শ্রমিক যারা শান্তভাবে কাজ করে যাচ্ছেন, যেখানে কাজ চলছে তাদের জীবন কিভাবে বিপন্ন হচ্ছে সে কথা আমি বলতে চাই। আমার কাছে দিনের পর দিন টেলিগ্রাম আসছে, তার কপি এখানে আমি আপনার সামনে রাখতে চাই, আমি শুধু দুটো ঘটনা উল্লেখ করব। একটা ঘটনা সীতারাম সেখানকার ইউনিয়নের একজন বিশিষ্ট সদস্য সে কাজ থেকে ফিরে যাচ্ছে, দিনদুপুরে তার বাড়ীর পথে তাকে আক্রমণ করে এমনভাবে মার দেওয়া হল—তার দুটো পা

ভেঙ্গে গেছে, মাথা ভেঙ্গে গেছে, আজ সাতদিন সে অচৈতন্য। দুর্গাপুর স্টিল ফ্যাক্টরীর জেনারেল ম্যানেজার বার্ণপুর থেকে ফিরছিলেন। তিনি এই অবস্থা দেখতে পেয়ে গাড়ী থামান তখন গুণ্ডারা পালিয়ে যায় এবং তিনি তাকে গুণ্ডাদের হাত থেকে রক্ষা করে হাসপাতালে পাঠিয়ে দেন। এই গুণ্ডারা বিশিষ্ট দলের সভ্য। তারা এই পথ নিয়েছেন। যেমন করে হোক এখানে যারা শান্তি রক্ষা করছে, কারখানা চালু করছে প্রডাকসন হচ্ছে তা যেন বন্ধ করে দেওয়া হয়।

আর একটা ঘটনা আমি বলবো বি. পি. সিং. তিনি ইউনিয়ান কর্মী, প্রকাশ্য দিবালোকে বিশিষ্ট দলের সদস্য তাকে মেরে রাস্তার মাঝে অচৈতন্য করল। একটির পর একটি ঘটনা এভাবে সেখানে ঘটে চলেছে। আমি একথা সম্পূর্ণ দায়িত্ব নিয়ে এবং সমস্ত ঘটনা হাতে নিয়ে বলছি। এ ঘটনার পেছনে বিশিষ্ট রাজনৈতিক দল আছে এবং তাদেরই চক্রান্তে শান্তি ব্যাহত হচ্ছে। আমি সরকারকে বলবো উপযুক্ত কর্মচারী সেখানে পাঠিয়ে এই বিশিষ্ট দলের বিরুদ্ধে যারা শান্তিকামী জনসাধারণ তাদের প্রটেকসন দিতে হবে। এ ঘটনার পরিপ্রেক্ষিতে আমি সেন রেলের ঘটনার কথা বলছি। আজ শ্রমিক আন্দোলন চলে, সরকার পক্ষের সদস্যরা মালিক পক্ষের সঙ্গে এক হয়ে শ্রমিক আন্দোলন করে এবং শ্রমিকদের ঠকান। আমি সেন রেলের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। সেখানে মালিকপক্ষ এবং কমিউনিস্ট পার্টি চালিত ইউনিয়ন মালিকের সঙ্গে এক সঙ্গে যোগসাজসে শান্তিকামী শ্রমিক যারা সেখানে নিজেদের দাবী পেশ করেছে তাদের মধ্যে আজ পাঁচজনকে নিহত করা হয়েছে এবং তাদেরকে চিঠি দেওয়া হয়েছে তোমরা যদি লড়তে চাও তাহলে কমিউনিস্ট পার্টির ইউনিয়ানএর ভিতর দিয়ে এসো। তা না হলে তোমাদের এ জিনিস আমরা নেব না তোমাদের দাবী আমরা শুনব না। তারা যখন কারখানায় ঢুকতে যাচ্ছে তখন তাদের বোমা মেরে হটিয়ে দিয়েছে। এবং তাদের মেরে অচৈতন্য করে দেওয়া হয়েছে। এসব এক দিনের ঘটনা নয় বারবার এরকম ঘটছে। একটু আগে শ্রীযুত দেবেন সেন মহাশয় অত্যন্ত উচ্চ কণ্ঠে এখানে বললেন আসানসোলের মতিলাল সরকারের মৃত্যু রহস্যের কথা। আমার মনে হল তার মৃত্যু রহস্য বুঝি আজ উদ্ঘাটিত হল। আমি অত্যন্ত আনন্দিত হলুম তিনি বোধ হয় একটা সত্যের সন্ধান পেয়েছেন। তারপর তিনি বললেন আমি এই ঘটনা জানি। আর যদি তিনি জানেন তাহলে সরকারের সেখানে যারা তদন্ত করছিলেন তাদের সামনে তথ্য উদ্ঘাটন করুন। মতিলাল সরকারের নিঃসহায় স্ত্রী, ছেলেমেয়ে আর সকলে জানুক যে মতিলাল সরকারের মৃত্যুর কারণ কি। তিনি যদি যখন সেই ঘটনার তদন্ত চলছিল তখন তাদের সামনে বলতেন তাহলে দায়িত্বপালন করতেন। আর সে কথা উল্লেখ না করে আজ আইনসভার দেওয়ালের মধ্যে দাঁড়িয়ে আজ যদি সে কথা উল্লেখ করেন তাহলে আমি বলবো তিনি সুবিধাবাদী লোক। এই ঘটনা যখন তদন্ত হচ্ছে তখন তার পৃষ্ঠ ছাড়া আর কিছু দেখা যায় নি সেখানে। ঘটনা তদন্ত যখন হয়ে গেছে তাই নিয়ে সরকারের গায়ে কাদা ছুড়বার যে সুযোগ তিনি গ্রহণ করছেন আমি মনে করি যে দায়িত্বপূর্ণ পদে তিনি অধিষ্ঠিত আছেন সে দায়িত্ব তিনি পালন করছেন না। আমি পরিশেষে আর একটা কথা বলে আমার বক্তব্য আমি শেষ করবো। আজ পুলিস বিভাগে কার্যধারা যেভাবে চলা উচিত ঠিক সেইভাবে আজ চলছে কিনা আমারও জায়গায় জায়গায় সন্দেহ আছে। কারণ এ বিভাগের যারা সৎ কর্মচারী তাদের আজকে উপযুক্ত প্রটেকসন দেওয়া চাই। তারা দুই কারণে আজকে ডিসকারেজড হচ্ছেন—আর বিরোধী পক্ষের বন্ধুরা পুলিস মানেই চোর বলছেন, আর এক হচ্ছে যারা সৎ কর্মচারী ঠিকভাবে কাজকর্ম করে উপরওয়ালাদের সুনজরে পড়া অনেক সময় ঠিক হয়ে উঠে না। এই বিভাগে অসৎ লোকও আছে এও আমি জানি। আজকে এমনভাবে বিভাগটাকে সেট-আপ করা হোক, সৎ কর্মচারী ভাল বংশের ছেলে উচ্চ শিক্ষিত তারা যেন ঠিকভাবে কাজ করতে পারে। আমরা যেমন দেশকে সেবা করতে চাই তারাও ঠিক তেমনি দেশকে সেবা করতে চায়। আজ সম্পূর্ণভাবে এক দলে ফেলে সবাইকে এক পর্যায়ে ফেলে তাদের দোষারোপ করে, তাদেরকেও চোরের পর্যায়ে টেনে আনা যেন না হয় এই বলে বক্তব্য শেষ করছি।

[4-30—4-40 p.m.]

Sj. Suhrid Mullick Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, পুলিস খাতে টাকা চাওয়া হয়েছে। কেন তা দেওয়া হবে না সে কথা এক্ষণে আমাদের মাননীয় সদস্যরা আলোচনা করেছেন। আমিও বলি যে পুলিস বিভাগ

আজকে দেশে শান্তি ও শৃঙ্খলা আনতে পারছে না, সেই পুলিস বিভাগকে একটি পয়সাও দেওয়া উচিত নয়। গভর্নরের বক্তৃতার উপর বিতর্ককালে অনেক অভিযোগ আমরা পুলিসমন্ত্রীর বিরুদ্ধে রেখেছিলাম। কিন্তু সেদিন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় নির্বিকার থেকে আমাদের সেই সমস্ত অভিযোগ স্বীকার করে নিয়েছিলেন। সেখানে আমরা উল্লেখ করেছিলাম —আনন্দবাজার, যুগান্তর প্রভৃতি পত্রিকা মারফত দিনের পর দিন যেভাবে দেশের প্রকৃত অবস্থা শান্তি ও শৃঙ্খলা দেশে কিভাবে ব্যাহত হয়েছে, তা তুলে ধরা হয়েছে। কিন্তু পুলিস মন্ত্রী মহাশয় এতদিন তা নির্বাক থেকে স্বীকার করে নিয়েছেন। এবং তারপর নিরপেক্ষ আই, জি, সেই প্রসঙ্গ তুললেন। যখন সেটা এখানে আলোচিত হল, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় সেই বক্তব্যকে বিকৃতভাবে আমাদের কাছে পরিবেশনের চেষ্টা করলেন। দানি বোস বলে একজন পাঁচ বছর পূর্বে নাগরিক হিসেবে তার যে বক্তব্য রেখেছিলেন, সেটা অন্যভাবে চালিত করবার তাঁরা চেষ্টা করলেন। কিন্তু আই, জি,র বক্তব্যের মধ্যে ছিল নির্বাচনের পর থেকে আমাদের এই পশ্চিমবাংলায় এবং বিশেষ করে হাওড়ার কথা বলতে গিয়ে তিনি জানিয়েছেন—কি অবস্থা আজকে হয়েছে। সেই সমস্ত ঘটনার পরিপ্রেক্ষিতে আমাদের দেশে কি করে আইন ও শৃঙ্খলা রক্ষার জন্য ভালভাবে কাজ করা যায়, সেদিকে এদের কারো দৃষ্টি নাই। মোটা মোটা মাইনে এবং তার সঙ্গে দু-একটা ফতোয়া যদি জারী করে আমাদের মন্ত্রিত্বের কাজ শেষ হলো বলে আমরা মনে করি, তাহলে আমি বলবো ভুল করা হল। এই যে অপরাধ যা আমরা দেখতে পাচ্ছি দেশব্যাপী ছড়িয়ে পড়ছে, পুলিস হচ্ছে তার মূল কারণ। তার সঙ্গে জনসাধারণের এক শ্রেণী গুণ্ডা এবং সমাজবিরোধী লোক সহযোগিতা করছে এবং উচ্চ ক্ষমতাসম্পন্ন লোক—তাঁরা চেম্বার অব কমার্সএর লোকই হোন অথবা ধনিকবণিক হোন তাঁরাও আজ যদি তাদের সহযোগিতা করেন, তাদের যদি রোকা না যায়, তাহলে ইন্দোনেশিয়ায় যা ঘটছে সেই ঘটনা ঘটবে পশ্চিমবাংলায়। এই কথা যেন তাঁরা স্মরণ রাখেন। এখানে যদি আমরা লক্ষ্য করি তাহলে দেখতে পাব—এদের পেছনে একটা ব্যাপক ষড়যন্ত্র রয়েছে, যেমন করে গত রায়টএর সময়, যে সময় পাকিস্তান সৃষ্টি হয়েছিল, সেই সময় যেভাবে আমাদের দেশের অবস্থা করা হয়েছিল, আজও এই সমস্ত ধনিক বণিক এবং তার সঙ্গে বিদেশীদের সাহায্য নিয়ে গুণ্ডা শ্রেণীর লোকদের উস্কিয়ে দিয়ে আজকে একদল লোক তাঁরা চেষ্টা করছেন আমাদের দেশের অবস্থাকে একটা অসহনীয় অবস্থার মধ্যে নিয়ে যেতে। সেখানে পুলিসমন্ত্রী মহাশয় যদি নির্বাক থেকে কোন কাজ করেন, তাহলে বলতে হবে তার পেছনে তাঁরও সহযোগিতা রয়েছে। সুতরাং আজকে তারজন্য একটা কমিশন নিয়োগ করতে হবে—তাঁরা দেখবেন এই অপরাধের কারণ কি? কারা এই অপরাধ করছে? কেন এই অপরাধ হচ্ছে? তারজন্য কমিশন বসাতে হবে। যদি এর জন্য কেউ দায়ী হয়, তাকে জনসাধারণের সামনে তুলে ধরতে হবে। আমাদের দেশের বেকারী ও অন্যান্য অবস্থার জন্য যদি এইরকম অবস্থা হয়ে থাকে, তাহলে তারজন্য পরিকল্পনা করতে হবে। এবং যদি দেখা যায় যে কিছু রেকটিফিকেশন করে এই ধরনের লোককে কাউকে কাউকে পরিবর্তন করান যায়, তারজন্য সমস্ত রাজনৈতিক দলকে একত্রিত করে, তারজন্য চেষ্টা করেন, তারজন্য আন্দোলন করেন, সকলের সহযোগিতা কামনা করেন, আমাদের যে সমস্ত পত্রিকা পুলিসের অবিচার, অনাচার ও অত্যাচার প্রকাশ করেছেন, তার জন্য চেষ্টা করা উচিত। পত্রিকারা দেশের যে উপকার করছেন, মুখ্যমন্ত্রী মহাশয় তাদের বক্তব্যকে স্তব্ধ করে দিয়ে দেশের অকল্যাণ করবেন না—এই কথাই আজ আপনাদের কাছে বলবো।

পরিশেষে আমি দুটি ঘটনা বলবো—যে ঘটনার কথা ইতিপূর্বে অনেকে বলে গেছেন। কৃষকদের দমন করবার জন্য পুলিস কিভাবে চেষ্টা করছে। খড়দহের পুলিস ও সিঙ্গুর থানার পুলিস সম্বন্ধে আমার বক্তব্য বলে আমি শেষ করবো। (খড়দহের পুলিস) কুসুমপুর উদ্বাস্তু পল্লী লোকে সেখানে তারা গণতান্ত্রিক পদ্ধতিতে একটা কমিটি তৈরি করেন। কিন্তু দেখা যায় গত নভেম্বর মাসে সেই কমিটির বিরুদ্ধে তার আগে যে কমিটি ছিল—তারা চেষ্টা করে পুলিসের সঙ্গে সহযোগিতা করে তাঁরা করলেন কি? সেখানে তারা খুব হামলা করলেন, এবং তার ফলে দেখা গেল যারা শান্তিপ্রিয় মানুষ, তাদের পুলিস গ্রেপ্তার করলেন। আর যারা অশান্তিপ্রিয় যারা হামলা চালালো, অপরাধ করলো, তাদের পুলিস ছেড়ে দিল, এবং বিচারে এই কথা প্রতিপন্ন হবার পরও আজ পর্যন্ত কেন সেইসব পুলিস অফিসারদের সেখান থেকে অপসারণ করা হল না?

তারপর সিঙ্গুর থানার কৃষক শ্রেণীর উপর হামলা করা হচ্ছে। জোতদারদের সঙ্গে মিলে সেখানে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি করা হয়েছে। আমি পুলিস মন্ত্রী মহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি।

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের দুর্ভাগ্য যে পশ্চিমবাংলায় বারেবারে এমন একজন লোকের হাতে পুলিশের জন্য টাকা তুলে দিতে হবে যিনি এই হাউসে নির্বাচিত পর্যন্ত হতে পারেন নি। সেজন্য আমাদের অবস্থা হচ্ছে যে পুলিস বিভাগ কিভাবে চলবে সেটা আমরা সহজেই বুঝতে পারি। সর্বপ্রথমে মাননীয় বন্ধুবর আনন্দগোপালের কথা উল্লেখ করে আমি বলতে চাই যে তিনি বলছেন যে ছবি বিরোধীপক্ষ এঁকেছেন এ ছবি সারা বাংলাদেশের নয়। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই যে সারা বাংলাদেশে এই একই চেহারা। নদীয়া জেলার বার্ণপুরে সংখ্যালঘু সম্প্রদায়ের শহরালী মণ্ডলের বাড়ীতে ঢুকে সেখানকার এস, আই, সনাতন পরামানিক অন্যায়ভাবে তার স্ত্রীকে এবং তাকে এমনভাবে মারপিট করে যার কথা ডি আই জি এবং পুলিসমন্ত্রী পর্যন্ত পৌঁছয়, কিন্তু আজও তার কোন প্রতিকার হয় নি। এই তো গেল নদীয়া জেলার অন্যতম ঘটনা। বাঁকুড়া জেলার একটা ঘটনা এবার বলব। সেখানে ১৪ই ডিসেম্বর বাঁকুড়া জেলার ধনী মাড়োয়াড়ী শেঠ নন্দলালের বাড়ীতে বেলা ১১টা ১২টার সময় তাঁর গৃহভৃত্যকে খুন করা হল এবং সেখানে যাঁরা প্রত্যক্ষদর্শী ছিলেন তাঁদের কথা অস্বীকার করে পুলিস বললো যে সে ছাদ থেকে পড়ে মারা গিয়েছে। কিন্তু তারপর সেখানকার প্রত্যক্ষদর্শীরা যখন চাঁচামেচি শুরু করলেন, তখন সেই বাড়ীর দু-জন চাকরকে ধরা হ'ল এবং তারপর আরো যখন চাঁচামেচি হলো তখন উক্ত ধনী মারোয়াড়ীকে গ্রেপ্তার করা হল। তারপর ফাইনাল রিপোর্ট দেওয়ার সিদ্ধান্ত হল। কিন্তু সেখানকার পাবলিক প্রসিকিউটার নোট দিলেন যে চার্জসিট দেওয়া হোক। অথচ সেই চার্জসিট না দিয়ে আজও তার তদন্ত হচ্ছে। এই গেল বাঁকুড়া জেলার কথা।

তারপর মেদিনীপুর জেলার নন্দীগ্রাম থানায় গত দুবছরে ৭টি মার্ডার হয়েছে। এর মধ্যে দুটির কেস চলছে ; বাকী পাঁচটির কোন কেস হয় নি এবং সেগুলোকে আত্মহত্যা বলে রিপোর্ট দেওয়া হয়েছে। স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি আরো বলতে চাই, কলিকাতায় একজনকে হত্যা করে তারপরে যখন তাকে আর জি কর হাসপাতালে নিয়ে যাওয়া হলো তখন বলা হলো যে ছাদের সিলিংএ গলায় দড়ি দিয়েছে। যিনি নিয়ে গিয়েছিলেন এ টি মুখার্জী ডাক্তারবাবুরা সেখানে লিখলেন আত্মহত্যা করতে গিয়েছিল। কিন্তু তারপর রিপোর্টে লিখছেন--
no mark of rope or any other such thing around the neck.
তারপর সেই মৃত লোকটি বেঁচে উঠলো। এর স্ত্রী মানিকতলা থানায় জানিয়েছিল ১১৭, রাজা দীনেন্দ্র স্ট্রীটের দেবেন মুখার্জীর বাড়ীতে মারা হয় এবং তারপরে মানিকতলা থানার ইন্সপেক্টর কোন স্টেপ নেন নি। এ বিষয়ে তার স্ত্রী মাননীয় মুখ্যমন্ত্রী ও পুলিস মন্ত্রীর কাছে আকুল আবেদন জানিয়েছেন। কিন্তু কোন ফলই এখন পর্যন্ত ফলে নি। বন্ধুবর আনন্দগোপাল যে কথা বলছিলেন যে বাংলাদেশের প্রকৃত ছবি এটা নয় আমি তাঁকে অনুধাবন করতে বলি যে গত শুক্রবার একটা খুন হয়েছে চণ্ডীতলা থানায় কেষ্টপুরে, সে কথা আমি পুলিস মন্ত্রী মহাশয়কে দেই। কিন্তু পুলিস ইতিমধ্যে তার দালালদের মাধ্যমে প্রচার করছে যে তার ব্লাড প্রেসার হয়েছিল। তার ব্লাড প্রেসার ছিল ; কিন্তু সে যে সাইকেল চড়ে যাচ্ছিল সেই সাইকেলটা কি হল? সেটা কি ব্লাড প্রেসারএ উড়ে গেল? এসব কিছুই বুঝতে পারি না।

তারপর আমি জানাচ্ছি জনাই ইউনিয়ন বোর্ডের সদস্য, যিনি ভাইস প্রেসিডেন্টরূপে কাজ করতেন, তিনি কমুনিস্ট মনোভাবাপন্ন বলে তাঁর বিরুদ্ধে গরু চুরির কেস করা হয়েছিল। তিনি ছাড়া পেয়েছেন। তারপরে জানাই ১৯৫৬ সালে ২৩৫নং মামলায় সেখানে তুষার চাটার্জী তৎকালীন এম পি এবং আমার ইলেকসনের তিন দিন আগে, আমাদের বিরুদ্ধে নন-বেইলেবল ওয়ারেন্ট বার করা হয়।

[4-40—4-50 p.m.]

১৯৫৪ সালের ২৩এ নভেম্বর বড়জোলা গ্রামে কয়েকজন দুর্বৃত্ত কৃষকদের ফসল নষ্ট করে দেয়। এ কথা থানায় জানান হয় কিন্তু কোন স্টেপ নেওয়া হয় না। গত ডিসেম্বর মাসে একুনে

৬৪৮ বস্তা সিমেন্ট আমরা ধরি, থানায় নিয়ে যাওয়া হয়। কংগ্রেস কর্মী শ্রীকৃষ্ণ পাত্র এবং বিভূতি বসু—এসে থানা থেকে সেই সিমেন্ট নিয়ে গেল। ডিলারএর নাম হচ্ছে কৃষ্ণ পাত্র। তা কাছ থেকে টাকা নিয়ে তাঁরা এইভাবে চোরাকারবারে সাহায্য করছেন। তারপর আমি আস বেগমপুরে কংগ্রেসী প্রেসিডেন্ট, ইউনিয়ন বোর্ডএর, তাঁর বাড়ীর ৮ জন লোককে খুন করে তাঁরা যখন থানায় স্টেটমেন্ট করতে এলেন, তা নেওয়া হল না। আমি সেখানে উপস্থিত ছিলাম এবং এইভাবে কংগ্রেসের বিরুদ্ধে, বড়লোকের বিরুদ্ধে এবং যারা চোরাকারবার করে, তাদে বিরুদ্ধে থানায় এইভাবে কেস নেওয়া হয় না। সারা বাংলাদেশে এই জিনিস চলছে। তি আসানসোলএর কথা বলেছিলেন, টেলিগ্রাম দেখিয়েছিলেন। আমি তাঁকে জানাচ্ছি—আসানসোল স্ট্রাইক চলছে। সেখানে কোক ওভেন প্ল্যান্টএ ১০০ গুন্ডাকে লুকিয়ে রাখা হচ্ছে এবং প্রতিদি ওয়ার্কারদের উপর হামলা করা হচ্ছে। গতকাল কাগজে বেরিয়েছে টেলিগ্রাম দেখতে চান—এ রকম টেলিগ্রাম, আরও আছে। এটা আসছে ওয়েস্ট দিনাজপুর থেকে। সেখানে চুরি ডাকা হচ্ছে। এবং চাষীদের গরু নিয়ে পালান হচ্ছে। এবং রিং লিডার হচ্ছে কংগ্রেসের। এবং পুলি সেখানে কিছু করছে না—এই হচ্ছে অবস্থা। সারা বাংলাদেশেরই এই হচ্ছে চেহারা। তারপ মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই—আজকে পুলিস মন্ত্রী মহাশয় আমাদে বলুন—মেডিক্যাল কলেজএর দুধ চুরি ধরেছিলেন মন্ত্রী অনাথবন্ধু রায় মহাশয় এবং নেপা রায়ও তাঁর সঙ্গে ছিলেন। তার কি হল? ট্রাফিক পুলিসএর চুরি—২০ হাজার টাকার চুরি ধ ছিলেন সত্যেন মুখার্জী। তার কি হল—তা জানতে চাই। মেডিক্যাল কলেজএ ব্লাড ব্যাঙ্ক চুরি হয়েছিল, ধরেছিলেন সত্যেন মুখার্জী। বড় বড় অক্ষরে সংবাদপত্রে বেরিয়েছিল—ত কি হল, আমরা জানতে চাই। হাসপাতালের ঔষধ চুরি ঢক্কা নিনাদ করে যে কথা বলা হয়েছি তার কি হল, আমরা জানতে চাই। চোরাই টেলিফোনএ ১১৩ জনকে এ্যারেস্ট করা হয়েছি মুখ্যমন্ত্রী মহাশয় তার প্রশ্নের উত্তরে বলেছিলেন, তার কি হল আজ পর্যন্ত জানতে পারলাম না শুনলাম কেস করা হবে। কবে কেস করা হবে? মুখ্যমন্ত্রী তিনি দীর্ঘায়ু হন কিন্তু যদি তি গতায়ু হন তখন কি কেস হবে? পুলিসমন্ত্রী মহাশয়ের ব্লাড প্রেসার আছে। তিনি গত হলে কি কেস হবে? মাননীয় স্পীকার মহাশয় আমি শেষ কথা বলতে চাই। আমার বন্ধু আনন্দগোপাল বলেছিলেন বাংলাদেশের এই চেহারা নয়। আমি একটি ভয়ংকর কথা এর প জানাচ্ছি। হুগলী জেলাতে সংবাদপত্রে, মাননীয় স্পীকার মহাশয়, আপনি দেখে থাকবেন সা সাত হাজার পাসপোর্ট জাল হয়েছে এবং পুলিস ভেরিফিকেশনএর পর এই সমস্ত পাসপো দেওয়া হয়। যদি পুলিস ডিপার্টমেন্ট থাকতে সাড়ে সাত হাজার পাকিস্তানী যাওয়ার প পোর্ট জাল হয়, তাহলে কি আমরা আজ নির্ভর করতে পারি এই পুলিসের উপর? এই সম ডিপার্টমেন্টটাকেই বিশ্বাসঘাতক করে দেওয়া হয়েছে এবং এই বিশ্বাসঘাতক ডিপার্টমেন্ট আ আমাদের পুলিসমন্ত্রীর জন্য। দেশে যদি কোন যুদ্ধ বাধে তা হলে এই বিশ্বাসঘাতকরা আমা দেশের সর্বনাশ করে দেবে।

পৃথিবীর সমস্ত দেশে নিয়ম আছে পুলিস বরাদ্দ যখন উপস্থিত করা হয় তখন বিভা মন্ত্রী সেই বরাদ্দটা পাশ করে নিয়ে যান। কিন্তু আমরা এখানে লজ্জিত, দুঃখিত এইজন্য যে আমাদের মন্ত্রী পুলিসকে ডিফেন্ড করেন। এই ডিফেন্ড যদি করেন, এটা সভ্যতার বাইরে- এ পার্লিয়ামেন্টারি রীতির বাইরে। এবং এই ডিফেন্ড করলে পুলিসরা সুযোগ পায়। এই বলে আমি আমার বক্তব্য শেষ করব যে মাননীয় পুলিস মন্ত্রী মহাশয় বরাদ্দ সম্পর্কে বলবেন—পুলি সম্পর্কে বলবেন, কিন্তু পুলিসকে ডিফেন্ড করবেন না।

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমি একটা জিনিসের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা খবর পেয়েছি বাইরে ডাঃ সুরেশ বানার্জী, এম, এল, এ, তিনি বাস্তুহারাদের নিয়ে—কয়েক হাজারের মত হবে—তিনি আসছেন ডালহাউসি স্কোয়ারএ। তিনি সত্যাগ্রহ করবেন। আপনি এ বিষয়ে কিছু জানতে পেরেছেন কিনা যে উনি ধরা পড়েছেন। এইটুকু জানতে চাই। যা নিয়ে তিনি সত্যাগ্রহ করছেন—সেটা হচ্ছে জোর করে কোন বাস্তুহারাকে যেন বাংলার বাইরে পাঠান না হয়। এই বলে তিনি সত্যাগ্রহ করছেন। তার মতে আপনারা জোর করছেন। যদি যেতে চায় বাইরে, তবে নিয়ে যেতে পারেন, কিন্তু জোর করে নিয়ে যাবার জন্য তাদের ডোল ইত্যাদি বন্ধ করে দেওয়া

হচ্ছে ছবং বলা হচ্ছে যে তোমরা বিহারে যাও, এইরকমভাবে জোর করায় কোন লাভ হবে না। এইজন্য এখানে আবার বলছি যে শ্রদ্ধেয় বিজয়বাবু বলেছেন জোর করে কাহাকেও বাইরে পাঠান হয় না—এটা কংগ্রেসের নীতি নয়। এটাই আমরা চাই। কিন্তু এর বিরুদ্ধে কাজ হচ্ছে। তাই এখানে সত্যাগ্রহ হচ্ছে এবং অন্যান্য জায়গায়ও হবে। তাই যদি সম্ভব হয় তবে এই হাউস কিছু কালের জন্য এ্যাডজোর্ন করে দিন। আপনিও চলুন—ডালহাউসি স্কোয়ার ত বেশী দূরে নয়—আপনিও ব্যাপারটা ঘুরে দেখে আসতে পারেন—২০ মিনিটের জন্য যদি বন্ধ করেন, তবে আমরা দেখে ফিরে আসতে পারব।

Sj. Deben Sen:

আমরা দণ্ডকারণ্য সম্বন্ধে একটা প্রস্তাব গ্রহণ করেছিলাম। সে প্রস্তাব আজকে সরকারের তরফ থেকে ভঙ্গ করা হচ্ছে। সভাপাল মহাশয়, প্রায় চার-পাঁচ হাজার লোক আজ সত্যাগ্রহ করে তার হয়েছে। এই অবস্থায় আমাদের এখানে চুপ করে বসে থাকা উচিত নয়। আমাদের সেখানে যেতে হবে। আপনিও চলুন। দণ্ডকারণ্য সম্বন্ধে আপনার অভিজ্ঞতা তাদের কাছে বলে আসুন।

Mr. Speaker:

আপনারাই ত যাচ্ছেন—

Dr. Kanailal Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়—আপনার মাধ্যমে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি ঘটনার প্রতি। আজকে সকালে দাসনগর ভারত জুট মিলে লক-আপ ঘোষণা করা হয়েছে। তার দুই হাজার শ্রমিক মিছিল করে ওয়েস্ট গেটএর কাছে অপেক্ষা করছে। মন্ত্রী মহাশয়ের সংগে তারা দেখা করতে চায় এবং একটা স্মারকলিপি পেশ করতে চায়, আমি মন্ত্রী মহাশয়কে তাদের এই সম্বন্ধে কিছু আশ্বাস দেবার জন্য অনুরোধ করছি।

The Hon'ble Abdus Sattar:

মাননীয় সদস্য মহাশয় সেই স্মারকলিপি যদি এনে দেন তাহলে আমি নিতে রাজী আছি।

[4-50—5 p.m.]

Sj. Panchanan Bhattacharjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে নানা ধরনের আলোচনা হয়েছে। তাতে হয়ত আই, জি, ভাবছেন যে মহানাটকের নায়িকার মত নানা লোকে নানা রকম অপকণ্ঠ করে কেবল 'হা বিধে, মম ললাটে, কুলটাপবাদ' শুধু আমরাই এখানে যত বদনাম। যাই হোক আমি বলতে চাই এই যে শুধু হাওড়া শহরেই অরাজকতা চলেছে তা নয়। আমি একটা এলাকার বিবরণ দিচ্ছি ছাপুর। ১৯৫২ সালে নাজেরা সিং বলে একজন মার্ডার হল। ১৯৫৩ সালে পিস্তল নিয়ে লড়াই হল। এবং সেখানে আট-দশ জন আহত হল। ১৯৫৩ সালের ৬ মাস আগাগোড়া বোমা মারামারি হল। ১৯৫৩ সালের জুলাই মাসে নাজেরার সিং বলে একজন নিহত হল। ১৯৫৩ সালের অগাস্ট মাসে মাহন্ত সিং বলে একজন নিহত হল। ১৯৫৪ সালে গুরুবর সিং বলে একজন নিহত হল এবং স্টেসনের উপর আট জন আহত হল। এই চলতে চলতে ১৯৫৭ সালে আসুন, রামাহিত গোয়ালা জানুয়ারিতে নিহত হল—সেই মাসেই একজন মহিলা নিহত হল। জুন মাসে দুল্লী গোয়ালিনী ২-৯-৫৭ তারিখে শিউরুরদ সাহু বলে একজন—তাকে দলবদ্ধভাবে ছুরি মারা হয়। তারপর নভেম্বর মাসে ২৬টি রাইফল চুরি যায়—তার কোন কুলকিনারা হয় নি। এক ভদ্রলোককে ধরা হয়েছে। তার পক্ষের উকিলকে গিয়ে জিজ্ঞাসা করেছিলাম কাল রাত্রে। তিনি বললেন এর বিরুদ্ধে কোন প্রমাণই নেই। তারপর গত বৎসরের শেষের দিকে একজন রিকসাওয়ালার কাটামুণ্ড পাওয়া গেল। ফেব্রুয়ারি মাসে একটি বি, এ, পাশ ছেলেকে একটি বাড়িতে পাওয়া গেল—তার চোখে রড বিধানো অবস্থায় বুকে ছুরি বসান আছে। শেষোক্ত ব্যাপারে জগদীশ মজুমদার বলে একজনকে গ্রেপ্তার করা হয়েছে। এই যে বিশাল কান্ড সেখানে চলে, এর পিছনে বিরাট গ্যাং আছে। কাল আমি খবর নিয়েছি এবং এ সম্বন্ধে আমি আগেও আলোচনা করেছিলাম। এখানেও মাননীয় পুলিসমন্ত্রী মহাশয়কে বলে রাখি যে চোলাইএর সংগে এই ধরনের গুণ্ডাদের অত্যন্ত ঘনিষ্ট সম্পর্ক।

মৃত দেহের কাছে কয়েক জোড়া জুতা আর একটা ব্লাডার পাওয়া যায়। সুতরাং আমার সরকারের কাছে বক্তব্য যে তাঁরা যদি চেষ্টা না করেন তাহলে এইরকম জিনিস বন্ধ হবে না। তবে আমাদের আনন্দবাবু একটা খাঁটি কথা বলে ফেলেছেন যে পুলিস কর্মচারীর ভেতর অনেক সৎ লোক নাই এইরকম কথা আমরা শুনে থাকি। তাঁরাও বলেন এবং আনন্দগোপালবাবুও বলেছেন যে উপরওয়ালারা গুণের কদর জানেন না। অতএব উপরওয়ালারা যে খারাপ এ কথা আনন্দবাবু স্বীকার করে খুব মূল্যবান কথাই বলেছেন।

Sj. Bankim Chandra Kar: Sir, I rise to support the Supplementary Police Budget. Sir, while discussing this matter the foremost thing which has cropped up is the unfortunate situation at Howrah. This matter has been brought to the notice of the public and press through the statement of the Inspector-General of Police on the 27th December, 1957, in the Statesman and over that interested people are spreading blasphemous lies and abominable untruths, for their political ends. (Dr. Hirendra Kumar Chattopadhyay: Sir, is the word "lies" unparliamentary?).

Mr. Speaker: It has been used in an impersonal way.

Sj. Bankim Chandra Kar: Sir, if my words fit anybody I am helpless. In this context the Inspector-General has said that these undesirable elements have been used in the elections. Naturally mud is thrown on those persons who fought the last general election as well as the municipal election. Sir, I can say only this much that in ward No. 6 bombs were thrown on the Congress camp during the last municipal election. I can say, Sir, again that I had to fight candidates like Shri Sibnath Banerjee of P.S.P. and Shri Anadi Das R.C.P.I. and you would be surprised to know that there had been two or three major *marpits* between their followers. In my campaign in the last election there was not even a whisper of breach of peace. Everything ended peacefully. Sir, these are the kinds of peaceful people who attack others.

Then, Sir, it has been said by my friend Shri Samar Mukherjee that—as a lawyer and as M.L.A.—I used some influence by which goondas were patronised. I am a lawyer of some little repute—people in Howrah know that. My friend, Apurba Lal Mazumder, engaged me as a senior lawyer to defend his father in a criminal case. Not only that, Sir, many leaders of the Opposition benches, when they are in difficulties—in murder and dacoity cases had come and sought my advice and engaged me to defend their men. I can give the list of the cases which I defended for them and got them out. Now because I am a lawyer, I have to appear for undesirable people in criminal cases and it is said that I am helping them. So I say, Sir, that these sorts of allegations made by my friend, Shri Samar Mukherjee, ought to have been made with care and caution. Sj. Sailo Mukherjee has been described as a patron of the goondas. But Shri Nando Kishore Sing who has been recently detained under the preventive Detention Act was one of his best admirers and workers and he worked against Shri Sailo Mukherjee. Sir, all these things will clearly show that my friends wanted to throw mud on the Congress MLAs but that did not stick. Sir, so far as Shri Sasti Mondal is concerned that question has also cropped up. My friends are mentioning the case of murder which took place in front of the house of Danu Bose. My friend is questioning who were the persons that have been arrested. I would answer by saying that those who are arrested belong to leftist parties. You will be surprised, to know Sir, that recently about a month ago a young man—a Congress worker who was coming at about 11 at night from a village within the jurisdiction of P.S. Amta, was attacked by some Leftist workers and he would have been done to death but for the intervention of some people who came running there attracted by his shouts. The matter is sub judice,

Mr. Speaker: Not by the police, I think.

Sj. Bankim Chandra Kar: Not the police. That place is about a mile and a half from the police-station. That is the reason, Sir, again I should say one more thing. So far as the question that has arisen, viz., that MLAs have been discussed in the papers and the Press representatives seem to have discussed it in a way that it seems that efforts have been made to throw mud at the M.L.As., who may belong to Congress, or the Forward Bloc or the Communist. But I should say this much that I asked the Hon'ble Minister about it. He definitely said that no name was given by the Inspector-General. I do not think I shall proceed in the matter any further.

Now, I shall discuss, Sir, the crime position in Howrah. I would at once say that the situation in Howrah has become more than normal. In the course of the last six months a large number of men has been arrested—about 3,500—and some of these people have been tried and convicted and others are in jail custody. Those who have been convicted, have been sentenced to various terms of imprisonment up to eight years. The daylight robberies have been stopped in 1958. There is no such occurrence. There has been no dacoity in the town of Howrah for the last four years. Figures would show that the number of dacoities are decreasing. So also burglaries and theft. Of course, there are some reports of petty thefts and burglaries here and there, and sporadic activities of two groups of persons culminated in two murders on a single day, one after another and for which two murder cases were started; a large number of desperadoes of two different groups are involved. They do not belong to Congress but to which party—I do not want to say. They have been arrested and detained in custody. Most of those who have been arrested used to run illicit distilleries and so the attention of the Police and the Excise people was focussed on them and you will be surprised to know, Sir, that on January last alone the Police, with the help of Excise people, organised a raid and 142 cases were started.

[5—5-10 p.m.]

212 gallons of liquor, 891 maunds of fermented wash and 30 sets of apparatus have also been seized. If the police with the help of the excise officers afford to be more active, I think that the goonda element would leave the place because, to me, it seems that these illegal distilleries are the rendezvos of unsocial elements and many crimes are committed by them and through them. Regarding the present position of the town of Howrah, I again say that it has become more than normal as the police have become very active. Only the day before yesterday, we have seen in the papers that one man who was wanted for a long time was arrested on the Belilios Road with a revolver.

Sir, I will now place certain figures regarding crimes in the whole district of Howrah. I would first refer to the true cases of dacoity in the Howrah district. In 1950 there were 58 dacoities, in 1951 73 dacoities, in 1952 34 dacoities, in 1953 22 dacoities, in 1954 19 dacoities, in 1955 15 dacoities, in 1956 7 dacoities and in 1957 11 dacoities. Then I shall refer to the true cases of dacoity in the Howrah town including the rural areas of Bally Police Station. In 1950 there were 14 dacoities, in 1951 11 dacoities, in 1952 4 dacoities, in 1953 2 dacoities and in the four years from 1954 to 1957 there was no case of dacoity in the town of Howrah and the rural areas of Bally Police Station.

I shall now place the crime figures of Howrah town. In 1955, there was no dacoity, 7 cases of robbery, 337 cases of burglary and 1,190 cases of theft. In 1956 there was no dacoity, 6 cases of robbery, 232 cases of

burglary and 1,087 cases of theft. In 1957 there was no dacoity, 7 cases of robbery, 158 cases of burglary and 1,054 cases of theft. In connection with the above 7 cases of robbery, a large number of people have been arrested and placed on trial and most of them have been convicted and sentenced to various terms of imprisonment.

Now, the total number of persons dealt with under the Excise Act in 1957 was 330. The total seizures during the year 1957 were as follows:—Illicit distilled liquor -911¾ gallons 13 oz.; Apparatus—121 sets; Fermented Wash—1373 maunds 29 seers; Bakai —5 seers; Mahua—20 seers and Ganza—1 seer 2½ tolas. One pistol and 12 live cartridges were also seized from the smugglers.

Then, I will come to the names of persons who have been detained under the Preventive Detention Act This will be interesting. Their names are - Bhagloo Sheik, Ram Chandra Manjhi, Biswanath Dubey, Biren Polley, Ananda Karar, Sanat Hazra, Bata Das, Hrishikesh Adak, Nanda Kishore Singh and Gopal Bhattacharjee. In this connection I would mention that during the last general election one of these, viz., Bata Das, worked vehemently against the Congress in the constituency of Sj. Bejoy Bhattacharjee and the other Nanda Kishore Singh worked against Sj Sarla Kumar Mukherji Twenty-two goondas have also been sentenced to various terms of imprisonment ranging up to 8 years. One revolver, three pistols and one pipe-gun were also recovered from the goondas. So, Sir, nobody can honestly say that the police are not doing their duties They have been tackling the situation as best as they can

Sir, in this connection, I want to say a few words more about the administration. I would like to point out that when the thanas were set up in Howrah and the officers were posted at the thanas, the population in the town of Howrah was much less Now, the population has increased to about 6 lakhs. The local thanas are manned by four or five officers and, I am afraid, the number is not sufficient to tackle with the crimes and the criminals. I would suggest to the Hon'ble Home Minister to keep each important thana in charge of an Inspector of Police and also increase the number of Sub-Inspectors in each thana. Howrah is an industrial town and a large number of floating population move about in the town especially because of the fact that Howrah station is the terminus station of the whole of India. If possible, I would suggest that Howrah may be put under a separate Police organisation on the line of the Calcutta Police.

There are certain plague spots in Howrah and the local authorities are in the know of them. I would request the Home Minister to ask the Superintendent of Police, Howrah, at least to start certain outposts in those spots so that the activities of the criminals may be checked.

Then so far as the excise crimes are concerned, I know that there are not as many Excise officers as are required to tackle the excise cases arising out of Excise Act, Opium Act and the Dangerous Drugs Act and their number should be increased.

It has been said that Police are inactive. I say that they have been active; they are active; and they are doing their duties properly.

[After this stage the House was adjourned for fifteen minutes.]

(After adjournment.)

[5-25—5-35 p.m.]

The Hon'ble Kali Pada Mookerjee:

মাননীয় স্পীকার মহোদয়, গভীর মনোনিবেশ সহকারে অতিরিক্ত ব্যয় বরাদ্দ মঞ্জুরী বাবদ যে বিতর্ক চলেছিল, যে বিতর্ক অবলম্বন করে বিতণ্ডার সৃষ্টি হয়েছিল, আমি তা শুনবার চেষ্টা

করেছি। সভাপাল মহাশয়, আপনি অবগত আছেন যে, অতিরিক্ত ব্যয় বরাদ্দ মঞ্জুরীর প্রশ্নে সমালোচনা বা আলোচনার পরিধি অত্যন্ত সংকীর্ণ ও সীমাবদ্ধ। বিরোধী পক্ষের বন্ধুরা এই পুলিসের অতিরিক্ত ব্যয় মঞ্জুরী অবলম্বন করে তারা অনেক বিষয়বস্তুর অবতারণা করেছিলেন যা বাস্তবে সত্য নয়, এক কথায় অবান্তর বা অপ্রাসঙ্গিক বলা চলে। তা যদি বিশ্লেষণ করে দেখা যায়, এই বিতর্ক যদি বিশ্লেষণ করে দেখা যায় তাহলে দেখবো তার মধ্যে আনন্দ আছে, উচ্ছ্বাস আছে, উত্তেজনা আছে, শালীনতা বর্জনের প্রয়াস আছে কিন্তু বিষয়বস্তুর মধ্যে তারা কোন মনোজ্ঞ অভিমত ব্যক্ত করেন নি। যে পুলিস বাজেট সাধারণ বাজেটে প্রায় ৮ কোটি টাকা ব্যয় বরাদ্দ থাকে সেখানে এই অতিরিক্ত ব্যয় বরাদ্দের মঞ্জুরীর আমি যে প্রস্তাব উত্থাপন করেছি তা মাত্র ৪৪ লক্ষ টাকা। তা তারা বিশ্লেষণ করে দেখেন নি কোন্ কোন্ বিষয়ের জন্য এই টাকা প্রার্থনা করা হয়েছে। বিরোধী দলের বন্ধুরা বিশেষতঃ আমার বামপন্থী বন্ধুরা অনেক সময় বলে থাকেন আন্দোলন করেন, আওয়াজ তুলেন যে, নিম্নতন কর্মচারী যারা আছেন তাদের দুর্মূল্য ভাতা বাড়ান হোক। এবং ন্যূনাধিক ২৫ টাকা দুর্মূল্য ভাতা দাবি করেছিলেন, কিন্তু আমাদের অর্থসংগতি না থাকার জন্য সেটা মঞ্জুর করা সম্ভবপর হয় নি। আমরা যে ৫ টাকা দিয়েছি তাতেই ২৫॥ লক্ষ টাকার দাবি এখানে উত্থাপন করেছি। কিন্তু দুঃখের বিষয়, বিরোধী দলের নেতা শ্রীজ্যোতি বসু থেকে আরম্ভ শ্রীযতীন চক্রবর্তী কেউ এই প্রশ্নের দিকে একবারও তাকালেন না। আজ তাঁরা বললেন একটা পয়সাও দেবেন না, তাঁরা জনসাধারণের মধ্যে একটা বিক্ষোভ সৃষ্টির চেষ্টা করছেন। আজ সরকারের তরফ থেকে এই ন্যূনতম চাহিদা মেটাবার যে প্রয়াস চলছে, যে প্রচেষ্টা চলছে তা ব্যর্থ করবার জন্যই তাঁরা চেষ্টা করছেন। দ্বিতীয়তঃ, এর মধ্যে আছে আগ্নেয়াস্ত্র, গোলা বারুদ এরজন্য ৭ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে, কিন্তু একজন মাননীয় সদস্যও সেদিকে তাকালেন না। তৃতীয়তঃ হচ্ছে, পুলিসের যেসমস্ত যানবাহন আছে, মোটর, জীপ, লরি, ওয়্যারলেস ভ্যান, জলযান ইত্যাদি মেরামতের জন্য ৭ লক্ষ টাকার ব্যয় বরাদ্দ মঞ্জুরীর জন্য দাবি উপস্থিত করেছি, কিন্তু একজন বিরোধী বন্ধুও সেদিকে দৃষ্টিপাত করলেন না। ২ লক্ষ টাকা বা ২॥ লক্ষ টাকার আরেকটা যে দাবি সেটা হচ্ছে, পূর্ণিয়ার যে অংশ পশ্চিম বাংলার অন্তর্ভুক্তি সেখানকার গ্রাম্য পুলিস বা চৌকিদারী প্রথা যা ছিল বিহার সরকারের তা চালু রাখতে গিয়ে প্রায় ২ লক্ষ টাকার দাবি উপস্থিত করেছিলাম, কিন্তু মাননীয় সদস্যরা সেদিকে দৃষ্টিপাত করলেন না। তাঁরা তাঁর ভাষায় সরাসরি সমালোচনা করে বললেন যে, একটি পয়সাও মঞ্জুর করবেন না। তাঁরা শুধু সমালোচনাই করেন নি, অনেক সময় কটূক্তিও করেছেন, তাঁরা ভেবেছেন কটূক্তি সুযুক্তির নামান্তর। সভাপাল মহাশয়, এখানে আমার একটা প্রবচনের কথা মনে হ'ল আপনি বোধ হয় সেই প্রবচনটি সম্বন্ধে সম্যক অবগত আছেন। একটা কথা আছে—চায়ের পেয়ালায় ঝটিকা। এই চায়ের পেয়ালায় হঠাৎ ঝটিকাপ্রবাহের প্রকৃষ্ট নিদর্শন হচ্ছে পুলিস বাজেটে বিরোধী বন্ধুদের বক্তৃতা। বিরোধী পক্ষের বন্ধুরা চেয়েছিলেন দুনিয়াকে জানাতে যে, আজ বাংলাদেশে আইন শৃঙ্খলার ক্রমাবনতি ঘটছে। হাওড়া জেলার যে অরাজকতার কাহিনী তাঁরা উত্থাপন করেছিলেন আমি সে সম্বন্ধে পরে বলব। প্রথমে আমি সাধারণভাবে বাংলাদেশের আইন শৃঙ্খলার কথা বিশ্লেষণ করে আপনার সামনে আমার বক্তব্য পেশ করব। আমি একথা বলতে চাই, ক্রমাবনতি ঘটে নি, আইন শৃঙ্খলা অবশ্যই ক্রমোন্নতির পথেই চলেছে। আমাদের বিরোধী পক্ষের বন্ধুগণ যে পরিমাণ বিকৃত তথ্য পরিবেশন করে যতই চেষ্টা করুন না কেন, আমি এখানে প্রকৃত তথ্য পরিবেশন করে সপ্রমাণ করে দেব যে, তাঁদের সমালোচনা শুধু যে অবান্তর তাই নয়, সেটা অলীকও বটে। সভাপতি মহাশয়, আমি এটুকু নিবেদন করব যে, আমাদের আইন শৃঙ্খলার অবস্থা ক্রমোন্নতির পথেই চলেছে; ক্রমাবনতির যে ছবি তাঁরা তুলে ধরবার চেষ্টা করেছেন সেই ছবি তাঁদের কল্পনাপ্রসূত, সেই ছবির সঙ্গে বাস্তবের কোন সংগতি নাই। ১৯৫০ সাল থেকে ১৯৫৭ সাল পর্যন্ত বাংলাদেশে যেসব চুরি, ডাকাতি, হত্যা প্রভৃতি হয়েছে তার পরিসংখ্যান আমি উধৃত করছিঃ—১৯৫০ সালে ১,৬০৯টি, ১৯৫১ সালে ১,৩৫৯, তারপর সেটা কমতে কমতে ১৯৫৭ সালে ৪৯৩টি। তবু আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা বলবেন আইন ও শৃঙ্খলার অবস্থা ক্রমাবনতির দিকে চলেছে। আমি সত্য তথ্য পরিবেশন করলাম, কিন্তু আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা প্রকৃত তথ্য বরদাস্ত করতে পারেন না। ১৯৫০ সালে চুরি, ডাকাতি, রবারি ঘটেছিল ৯৭৫, তারপর সেটা কমতে কমতে ১৯৫৭ সালে এসে

দাঁড়িয়েছে ৭৬৭; বার্গলারি যেখানে ১৯৫০ সালে ১১ হাজার ৮৮৮টি হয়েছিল সেটা কমতে কমতে ১০ হাজারে পরিণত হয়েছে। ১৯৫০ সালে হত্যাকাণ্ড অনুষ্ঠিত হয়েছিল ৬১৬টি; আজ ১৯৫৭ সালে সেটা দাঁড়িয়েছে ৪৬৫। তাই, সামগ্রিক ছবি যদি আপনারা দেখেন তাহলে দেখবেন ক্রমাবনতির যে ছবি ও'রা আমাদের সামনে অঙ্কিত করবার চেষ্টা করেছেন সেটা তাঁদের কল্পনাপ্রসূত, বাস্তবের সঙ্গে তার কোন সংগতি নাই। কোন কোন বন্ধু বলেছেন তাঁদের বক্তৃতার প্রসঙ্গে যে, পুলিসের সঙ্গে জনসাধারণের কোন সংযোগ নাই। সভাপতি মহাশয়, আমি একথা আপনার কাছে নিবেদন করব যে, পুলিস যাঁরা কাজ করেন তাঁরা কেউ দেবদূত নন, তাঁরা কেউ স্বর্গের থেকে আসেন নি। সমাজের প্রতিটি স্তরে আমরা যে ছবি দেখতে পাই তারই প্রতিফলন দেখতে পাই পুলিস বিভাগের মধ্যে।

[5-35—5-45 p.m.]

আজ পুলিস বাহিনীতে বিশ্ববিদ্যালয়ের বহু কৃতী ছাত্র যোগদান করার ফলে, পুলিসের মানসিক চিন্তাধারা পরিবর্তিত হয়েছে। তাঁরা আজকে চাচ্ছেন সমাজকে সেবা করতে। জনসেবকের আদর্শে উদ্বুদ্ধ হয়ে আজ তাঁরা পুলিস বাহিনীতে যোগ দিয়েছেন। কিন্তু রাতারাতি পুলিসের যেসমস্ত পুরাতন অফিসার বা কর্মীরা রয়েছেন, তাঁদের মনোভাবের আমূল পরিবর্তন সম্ভবপর হয় নি। তাঁরাও ক্রমশ জনসেবকের আদর্শে উদ্বুদ্ধ হয়ে সমাজ সেবার কাজে আগুয়ান হবেন। আমি এই প্রসঙ্গে আর একটা বিষয়ের কথা বলতে চাই, সেটা হচ্ছে আমাদের গ্রামরক্ষী-দল। বাংলাদেশে প্রায় ৩৪ হাজার গ্রাম আছে। এই ৩৪ হাজার গ্রামের মধ্যে প্রায় ৪০ হাজার গ্রামরক্ষী-দল প্রতিষ্ঠিত হয়েছে এবং ১৩ লক্ষ লোক এই প্রতিষ্ঠানের অন্তর্ভুক্ত হয়েছে। ১৩ লক্ষ লোক রয়েছে, অথচ আপনারা বললেন জনতার সঙ্গে পুলিসের কোন সংযোগ নেই। আপনাদের বাক্যের সঙ্গে কর্মের কোন সংগতি নেই বলেই, আজ পুলিসের মধ্যে যে বৈপ্লবিক পরিবর্তন এসেছে, তা আপনারা উপলব্ধি করতে পারছেন না।

আমি সঙ্গে সঙ্গে এই কথা বলব পুলিসের মধ্যে যে দুর্নীতি বা অসাধুতা একেবারে নেই, একথা বলি না। কিন্তু দুর্নীতি এবং অসাধুতা যেখানে আমাদের অনুসন্ধানের ফলে দেখতে পাই, তা আমরা কঠোর হস্তে শাস্তি দেবার ব্যবস্থা করে থাকি। আমি একটু পরে আপনার কাছে উপস্থাপিত করব যে, দুষ্কৃতিপরায়ণ, অলসপরায়ণ বা দুর্নীতিপরায়ণ পুলিস কর্মচারীদের শাস্তিবিধানে সরকার কুণ্ঠিত হন নি।

